বাংলা একাডেমী

# পালি-বাংলা অভিধান

# কল্পতরু ধর্মীয় বই পিডিএফ প্রকল্প

কল্পতরু মূলত একটি বৌদ্ধধর্মীয় প্রকাশনা প্রতিষ্ঠান। ২০১৩ সালে "হৃদয়ের দরজা খুলে দিন" বইটি প্রকাশের মধ্য দিয়ে এর যাত্রা শুরু। কল্পতরু ইতিমধ্যে অনেক মূলবান ধর্মীয় বই প্রকাশ করেছে। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে। কল্পতরু প্রতিষ্ঠার বছর খানেক পর "kalpataruboi.org" নামে একটি অবাণিজ্যিক ডাউনলোডিং ওয়েবসাইট চালু করে। এতে মূল ত্রিপিটকসহ অনেক মূল্যবান বৌদ্ধধর্মীয় বই pdf আকারে দেওয়া হয়েছে। সামনের দিনগুলোতে ক্রমান্বয়ে আরো অনেক ধর্মীয় বই pdf আকারে উক্ত ওয়েবসাইটে দেওয়া হবে। যেকেউ এখান থেকে একদম বিনামূল্যে অনেক মূল্যবান ধর্মীয় বই সহজেই ডাউনলোড করতে পারেন। আমাদের একমাত্র উদ্দেশ্য হচ্ছে, বর্তমান আধুনিক প্রযুক্তির যুগে লাখো মানুষের হাতের কাছে নানা ধরনের ধর্মীয় বই পৌঁছে দেওয়া এবং ধর্মজ্ঞান অর্জনে যতটা সম্ভব সহায়তা করা। এতে যদি মুক্তিকামী মানুষের কিছুটা হলেও সহায় ও উপকার হয় তবেই আমাদের সমস্ত শ্রম ও অর্থব্যয় সার্থক হবে।

আসুন ধর্মীয় বই পড়ুন, ধর্মজ্ঞান অর্জন করুন!
জ্ঞানের আলোয় জীবনকে আলোকিত করুন!

This book is scanned by Kbangsha Bhikkhu

বাংলা একাডেমী

# পালি–বাংলা অভিধান


সম্পাদনা

শীলরত্ন ভিক্ষু



বাংলা একাডেমী ঢাকা

বাংলা একাডেমী : পালি-বাংলা অভিধান

প্রথম প্রকাশ
ফাল্গুন ১৪০৮/মার্চ ২০০২

বাএ ৪২১৮
[ ২০০১-২০০২ গসফো : সংকলন ২ ]

মুদ্রণ সংখ্যা : ১২৫০ কপি

পাণ্ডুলিপি
সংকলন উপবিভাগ

প্রকাশক
সেলিনা হোসেন
পরিচালক
গবেষণা, সংকলন ও ফোকলোর বিভাগ
বাংলা একাডেমী ঢাকা ১০০০

মুদ্রক
মোঃ হামিদুর রহমান
ব্যবস্থাপক
বাংলা একাডেমী প্রেস

প্রচ্ছদ
কাইয়ুম চৌধুরী

মূল্য
দুইশত টাকা মাত্র

**BANGLA ACADEMY : PALI-BANGLA DICTIONARY** Edited by Shilarotna Bhikhu. Published by Selina Hossain, Director, Research Compilation and Folklore Division, Bangla Academy, Dhaka 1000, Bangladesh. First Published March 2002. Price Tk. 200.00 only.

**ISBN 984-07-4227-2**

# প্রসঙ্গ কথা

প্রাচীন মগধ ও কোশল জনপদের কথ্য ও লেখ্যভাষা ছিলো পালি। রাষ্ট্রকর্ম, শিক্ষা, সাহিত্য ও ধর্মচর্চা এ ভাষাতেই করা হতো। গৌতম বুদ্ধ তাঁর প্রবর্তিত বৌদ্ধধর্মের বাণীসমূহ সে কালে প্রচলিত এ ভাষাতেই প্রচার করেছিলেন। পরবর্তীকালে পালিতেই সর্বপ্রথম বুদ্ধবচন সংরক্ষিত হয়েছে। এর থেকে পালি ভাষার প্রাচীনত্ব ও ঐতিহাসিক গুরুত্ব অনুধাবন করা যায়।

ধর্মীয় ও সাহিত্যের ভাষা হিসেবে বৌদ্ধযুগে পালি বিপুল সমৃদ্ধি অর্জন করেছিলো। বৌদ্ধধর্মগ্রন্থ 'ত্রিপিটক' পালি ভাষায় লিখিত শ্রেষ্ঠ নিদর্শন। জাতক, অবদান, মহাবংশ, দীপবংশ, চুলবংশ ইত্যাদি মহামূল্যবান গ্রন্থও পালিতে রচিত হয়েছিলো।

পালি প্রাচীন ভারতের বিভিন্ন প্রাকৃত ভাষার সংমিশ্রণে সৃষ্ট একটি সংকর ভাষা। বুদ্ধবাণীর শক্তিশালী বাহক হিসেবে পালি বিশ্বের বৌদ্ধধর্মাবলম্বীদের কাছে একটি পবিত্র ভাষা। শ্রীলঙ্কা, মায়ানমার, থাইল্যান্ড, কম্বোডিয়া, চীন, জাপান, ভিয়েতনাম, কোরিয়া ইত্যাদি বৌদ্ধঅধ্যুষিত দেশে পালিভাষা ও সাহিত্য পঠন-পাঠন, চর্চা ও গবেষণা হচ্ছে ব্যাপকভাবে। প্রাচ্য ও পাশ্চাত্যে দীর্ঘকাল যাবৎ এর চর্চা ও গবেষণা হয়ে আসছে।

প্রাচীন যুগে বাংলাদেশ বৌদ্ধধর্ম ও সংস্কৃতির একটি প্রধান কেন্দ্র ছিলো। ময়নামতি ও পাহাড়পুর আমাদের অতীত গৌরবের নিদর্শন। অপরাপর সংস্কৃতির অভ্যুত্থানের প্রতিক্রিয়ায় তা বিপর্যস্ত হলেও একেবারে নিশ্চিহ্ন হয়নি। দেশের সংস্কৃতিতে তার অস্তিত্ব এখনো বিদ্যমান। বৌদ্ধসম্প্রদায় বাংলাদেশের জনমানুষের একটি উল্লেখযোগ্য অংশ। তাদের ধর্মীয় ভাষা পালি। অনেক বৌদ্ধকৃতবিদ্য বৌদ্ধধর্ম, পালিভাষা ও পালি সাহিত্য সম্বন্ধে অনুবাদ ও গবেষণামূলক গ্রন্থ রচনা করে বাংলাদেশের সংস্কৃতির সমৃদ্ধিসাধনে ভূমিকা রেখেছেন। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পালি শিক্ষার ব্যবস্থা রয়েছে। পালি চর্চার কেন্দ্র হিসেবে বাংলাদেশের অবস্থান উল্লেখ করার মতো। শিক্ষার্থী, গবেষক ও আগ্রহী পাঠকদের চাহিদার দিক লক্ষ্য রেখে বাংলা একাডেমী পালিভাষা ও পালি সাহিত্যের ওপর উল্লেখযোগ্য সংখ্যক গ্রন্থ প্রকাশ করেছে। শীলরত্ন ভিক্ষু সম্পাদিত 'বাংলা একাডেমী : পালি-বাংলা অভিধান' তার মধ্যে একটি বিশিষ্ট প্রকাশনা। অভিধানটিতে পালি শব্দের বাংলা অর্থ এবং কিছু কিছু পালি শব্দের পদনাম ও ব্যুৎপত্তি নির্দেশ করা হয়েছে।

পালি ভাষার একক কোনো বর্ণমালা নেই। একাধিক লিপিতে পালি ভাষার নমুনা রক্ষিত আছে। যেমন শ্রীলঙ্কায় সিনহালা লিপিতে, মায়ানমারে বর্মী লিপিতে পালি ভাষার অনুশীলন হয়ে থাকে। তাই এ অভিধানে বাংলা অক্ষরে পালি শব্দের বানান লিখিত হয়েছে। এতে সংকলিত হয়েছে ১০৪৭৬টি পালিশব্দ। সেগুলো বিন্যস্ত হয়েছে বাংলা বর্ণানুক্রমে।

অভিধানটি প্রকাশের ফলে দেশে পালি চর্চার পথ আরো সুগম হবে বলে আশা করা যায়। বিদ্বৎসমাজ এর ভুল-ভ্রান্তি তুলে ধরলে বাংলা একাডেমী উপকৃত হবে। পরবর্তী সংস্করণে সে ত্রুটিগুলো সংশোধন করা যাবে।

**মনসুর মুসা**<br>
মহাপরিচালক<br>
বাংলা একাডেমী

# ভূমিকা

এটা অনস্বীকার্য যে, পালি ভাষা শিক্ষা তথা সঠিকভাবে পঠন-পাঠনের জন্য পালি-বাংলা অভিধানের প্রয়োজনীয়তা অপরিহার্য। এর অভাব সুধীজন এযাবৎ মর্মে মর্মে উপলব্ধি করে আসছেন। করুণাঘন বুদ্ধের শাসনধ্বজ অগ্রজ পণ্ডিত, প্রাচ্য ও পাশ্চাত্যের হাতে গোণা পণ্ডিতমণ্ডলীর অন্যতম সম্বল গোদাস্থি অগ্‌গারামের অগ্‌গ মহাপণ্ডিত শ্রদ্ধেয় এ. বি. বুদ্ধদত্ত মহাথেরো মহোদয় কর্তৃক কৃত Concise Pali-English Dictionary (সংক্ষিপ্ত পালি-ইংরেজি অভিধান) বাংলা ভাষায় সংকলিত হলে এর অভাব কিছুটা নিরসন হবে বলে আমার দৃঢ় বিশ্বাস। এই গ্রন্থটি অনুসরণ করে আমি বর্তমান অভিধানটি সংকলন ও সম্পাদনা করেছি। দুর্বোধ্য ত্রিপিটক শাস্ত্র অধ্যয়নেচ্ছু সুধীজনও এতে উপকৃত হবেন বলে আমার ধারণা। তাই অতীব যত্ন সহকারে আমি Concise Pali-English Dictionary টি অবলম্বনে পালি-বাংলা অভিধান নামকরণ করে সংকলন কর্মে হাত দিই। আমার দীর্ঘ দেড় বছরের কঠোর সাধনায় এটির পাণ্ডুলিপি এখন সম্পূর্ণ মুদ্রণযোগ্য। পূর্ব জোয়ারা শ্রদ্ধানন্দ বিহারের অধ্যক্ষ শ্রীমান বসুমিত্র ভিক্ষু লিপিটির ভুলত্রুটি সংশোধনের কাজে সহায়তা করায় তাঁকে আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

**শীলরত্ন ভিক্ষু**
বিদর্শনারাম
জামিজুরী, দোহাজারী
চট্টগ্রাম

# বাংলা একাডেমী
# পালি-বাংলা অভিধান

## অ

**অ১**—আদ্যস্বর; বর্ণমালার প্রথম অক্ষর।

**অ২**—দ্বিত্ব ব্যঞ্জন বর্ণের পূর্বের আ হ্রস্ব আকার ধারণ করে, যেমন: আ+কসোতি—অক্কোসতি; বিশেষ্য, বিশেষণ ও কৃদন্তের পূর্বে স্থাপিত নঞর্থকে অ–কার, যেমন: ন+কুসল—অকুসল; অতীত এবং শর্তাধীন কালে কোনো কোনো ধাতুর রূপের আদিতে স্বরবর্ণের আগম হয়, যেমন: অকাসি।

**অংস১** *বি* অংশ; ভাগ।

**অংস২**—অঙ্গপ্রত্যঙ্গ।

**অংসু (অংশু)**—১ কিরণ; রশ্মি; প্রভা। ২ আঁশ; তন্তু।

**অকট, অকত** *বিণ* ১ অকৃত; অনির্মিত; অনিষ্পাদিত; অসমাপ্ত; অননুষ্ঠিত। ২ অকৃত্রিম।

**অকতঞ্ঞু** *বিণ* অকৃতজ্ঞ; যে কৃত উপকার স্মরণ রাখে না; নিমকহারাম।

**অকম্পিয** *বিণ* অকম্প; নিশ্চল; স্থির; অনড়; অটল; অকম্পিত।

**অকরণ** *ক্লীব* ন (নাই) করণ (ক্রিয়াদি মূল ইন্দ্রিয়) যার; ক্রিয়াভাব না করা; নিন্দনীয় কাজ।

**অকরণীয** *ক্রিবিণ* ১ করা উচিত নয় এরূপ; অকর্তব্য। ২ বেঠিক, অনুপযুক্ত বা অনুচিত কাজ।

**অকরোন্ত** *ক্রিবিণ* অকরন্ত; করা বা সম্পন্ন করা হচ্ছে না এমন।

**অকাচ** *বিণ* স্রোতহীন; ধারাবিহীন।

**অকিচ্চকার** *বিণ* যে কর্তব্য সম্পাদন করে না; অকর্মা।

**অকামক** *বিণ* অকাম; কামনা বর্জিত; নিরভিলাষ; ইন্দ্রিয়সুখ প্রবৃত্তি শূন্য; অনিচ্ছুক; গররাজি।

**অকিঞ্চন** *বিণ* ন (নাই) কিঞ্চন (কিছুই) যার; নির্ধন; দরিদ্র; সামান্য; ইতর।

**অকাল** *পুং* অপ্রশস্ত কাল; অযোগ্য সময়; অশুদ্ধ কাল; অপূর্ণ সময়।

**অকাসি**—'করোতি'-এর অতীতকাল; তিনি করলেন; তৈরি করলেন; সম্পন্ন করলেন।

**অকিরিয** *বিণ* (অ+কিরিয়) অক্রিয়; সৎক্রিয়াহীন; কুক্রিয়াসক্ত; নিষ্ক্রিয়।

**অকিরিযবাদ**—যে সূত্রে ক্রিয়ার কোনো প্রতিক্রিয়া নেই।

**অকিলাসু** *বিণ* অক্লিষ্ট; অশ্রান্ত; অকাতর; অদম্য; স্থির; দৃঢ়।

**অকুটিল** *বিণ* অবক্র; সরল; অজটিল।

**অকুটোভয** *বিণ* অকুতোভয়; সম্পূর্ণ নির্ভীক; অসম সাহসিক। ন (নাই) কুতঃ (কোনো কিছু হতে) ভয় যার।

**অকুপ্প** *বিণ* অকুপাত; দৃঢ়; অটল; অবিচলিত; অদম্য; অকুপিত।

**অকুসল** *বিণ* ১ অকুশল; দোষ; ত্রুটি; পাপ। ২ মন্দ ক্রিয়া; অশুভভাগী; অশুভজনক; ন (নাই) কুশল যার বা যা হতে। ৩ অমঙ্গল।

**অকোৱিদ** *বিণ* অনিপুণ; অপণ্ডিত; অজ্ঞানী।

**অক্ক** *পুং* ১ অর্ক ২ সূর্য। ৩ নির্যাস।

**অক্কন্ত** *ক্রিবিণ* ১ আক্রান্ত; 'অক্কমতি'র অতীতকালবোধক কৃদন্ত। ২ পরাভূত; দমিত।

**অক্কন্দতি** *ক্রিবিণ* (আ+কন্দ্+অ) বিলাপ করা; দুঃখ প্রকাশ করা; আর্তনাদ করা, চিৎকার করা; কাঁদা।

**অক্কন্দি। অক্কন্দন** *ক্লীব* ক্রন্দন।

**অক্কমতি** (আ+কম+অ) ১ আক্রমণ করা। ২ অধীন করা; বশে বা আয়ত্তে আনা; শাসনাধিকারে আনা।

**অক্কমিণ, অক্কমন**—আক্রমণ; হামলা; বশীকরণ।

***অক্কুট্ঠ***—'অক্কোসতি'র অক্ (অতীত কৃদন্ত)

**অক্কুল** *বিণ* [আকুল] উৎকণ্ঠিত; বিহ্বল; ব্যাকুল।

**অক্কোচ্ছি**—অক্কোসতি'র *aor*।

**অক্কোস**—আক্রোশ; নিন্দা; তিরস্কার। **অক্কোসক**—নিন্দুক; আক্রোশকারী।

**অক্কোসতি**—(আ+কুস+অ) আক্রোশ করা; নিন্দা করা; তিরস্কার করা। *aor* **অক্কোসি**; *abs* **অক্কোসিত্বা**।

**অক্‌খ**—১ অক্ষ, ইন্দ্রিয়। ২ অক্ষধুরা; চক্রনেমী। ৩ পাশা। ৪ বহেড়া-হরীতকী; এক ভরি ওজন। (অক্ষিকাণ্ড হতে বিসালক্‌খ, সহস্সক্‌খ প্রভৃতি মিশ্রণে অক্ষ)।

**অক্‌খক**—অক্ষকাস্থি; কণ্ঠনিম্নস্থ অস্থিদ্বয়।

**অক্‌খণ**—অক্ষণ; কুক্ষণ, অশুভ সময়। **অক্‌খণা**—বিদ্যুৎ; বিজলি; বজ্র; বাজ। **অক্‌খণ বেধী**—যে তীরন্দাজ বিদ্যুৎবেগে তীর নিক্ষেপ করে অথবা আলতোভাবে আঁচড়িয়ে যাবার জন্য তীর নিক্ষেপ করে।

**অক্‌খত**—অক্ষত; অনাহত; আঁচড়শূন্য; নির্দোষ।

**অক্‌খদস্স**—অক্ষদর্শ; বিচারক; সালিস।

**অক্‌খধুত্ত**—পাশকক্রীড়াদক্ষ; জুয়াড়ি।

**অক্‌খয**—অক্ষয়; শাশ্বত; অবিনশ্বর; চির বর্তমান; অফুরন্ত; নিরবচ্ছিন্ন।

**অক্‌খর**—অক্ষর; বর্ণ **অক্‌খরপ্পভেদো**—শব্দতত্ত্ব। **অক্‌খরসো**—অক্ষরে অক্ষরে। **অক্‌খরফলক**—লেখার জন্য তক্তা বা কাষ্ঠফলক বা স্লেট পাথরের ফলক। **অক্‌খর সমথ**—লেখাপড়ার বিজ্ঞান।

**অক্‌খাত**—বর্ণিত; উল্লিখিত 'অক্‌খাতি'র *pp*।

**অক্‌খাতা**—আখ্যায়িক; কথক; প্রচারক।

**অক্‌খাতি**—(আ+খা+অ) আখ্যা দেওয়া; বর্ণনা করা; উল্লেখ করা। *aor* **অক্‌খাসি**।

**অক্‌খাতু, অক্‌খাযী**—আখ্যায়ী; বর্ণনাকারী; দেশনাকারী; বক্তা।

**অক্‌খান**—আখ্যান; গল্প; কাহিনী।

**অক্‌খি**--চক্ষু; চোখ; নেত্র। **অক্‌খিকূপ** (অক্‌খিছিদ্দ)—অক্ষিকোটর বা অক্ষিকোষ বা চোখের খোল; চোখের গর্ত। **অক্‌খিরোগ**—চক্ষুরোগ। **অক্‌খিতারা**—চোখের তারা। **অক্‌খিদল**—অক্ষি পল্লব; চোখের পাতা; চোখের ঢাকনা।

**অক্‌খিত্ত**—অক্ষিপ্ত; অঘৃণিত; নিক্ষেপ করা হয়নি এমন।

**অক্‌খোভ**—অক্ষোভ; উত্তেজিত হয় না এমন; অচঞ্চল, চিরশান্ত; প্রশান্ত।

**অক্‌খোভিনী, অক্‌খোহিনী**—১ অক্ষৌহিণী। ২ ৪২ শূন্য সমন্বিত সংখ্যা। ৩ ১০৯৩৫০ জন সৈনিক, ৬৫৬১০ জন অশ্বারোহী, ২১৮৭০ জন গজারোহী এবং ২১৮৭০ জন রথারোহী সৈন্যে গঠিত সেনাবাহিনী।

**অখেত্ত**—অক্ষেত্র; অনুপযুক্ত স্থান; বেমানানসই জায়গা; অযোগ্য স্থান।

**অগ**—পর্বত; তরু।

**অগতি**—১ ভুল পথ; গতিহীন; উপায়হীন; নিরুপায়; নিরাশ্রয়। ২ কুসংস্কার।

**অগদ**—ঔষধ; ভেষজদ্রব্য।

**অগরু**—১ অগুরু। ২ ভারী নয় এমন। ৩ বিরক্তিকর নয় এমন; হালকা; ঘৃতকুমারী; মুসব্বর; কৃষ্ণাগুরু নামক চন্দন কাষ্ঠ; অগুরু-চন্দন।

**অগলু**—ঘৃতকুমারী; মুসব্বর।

**অগাধ**—১ অত্যন্ত গভীর; অতলস্পর্শ। ২ অবলম্বনহীন; সমর্থকহীন।

**অগার**—আগার; বাড়ি; বাসস্থান।

**অগারিক, অগারিম**—আগারিক; আগারী; জনসাধারণের; অযাজকীয়; গৃহী।

**অগ্‌গ**—অগ্র; উচ্চতম; সর্বোচ্চ; প্রান্ত; চূড়া। **অগ্‌গতা, অগ্‌গত্ত**—অগ্রতা; অগ্রত্ব; বিশিষ্টতম বা সর্বোৎকৃষ্ট অবস্থা। **অগ্‌গফল**—অগ্রফল; ১ চাষাবাদের প্রথম ফসল। ২ অরহত্ব ফল; অরহত্বের সর্বোচ্চ ফল। **অগ্‌গমগ্‌গ**—অরহত্ব মার্গ; মোক্ষ বা মুক্তির সর্বোচ্চ পথ। **অগ্‌গ মহেসী**—অগ্র মহিষী; পাটরানী।

**অগ্‌গএএএ**—অগ্রণী; উচ্চতম বা সর্বাগ্রগামী বলে পরিচিত।

**অগ্‌গল**—অর্গল; খিল; হুড়কা; গোঁজ।

**অগ্‌গি**—অগ্নি; আগুন। **অগ্‌গিকখন্ধ**—অগ্নিকাণ্ড; বিস্তৃত বৃহৎ অগ্নিপিণ্ড। **অগ্‌গি পরিচরণ**—অগ্নি পূজা। **অগ্‌গি সালা**—অগ্নিশালা; আগ্নেয় কক্ষ। **অগ্‌গিসিখা**—অগ্নিশিখা; আগুনের শিখা। **অগ্‌গি হুত্ত**—অগ্নিহোত্র; অগ্নির জন্য হোত্র (হোম) যাতে।

**অগ্‌ঘ**—অর্ঘ; মূল্য; অতিথিকে সংবর্ধনার উপহার। **অগ্‌ঘ কারক**--অর্ঘকারক; মূল্য নির্ণয়ক; মূল্যাবধারক।

**অগ্‌ঘক, অগ্‌ঘনক**—*cpds* মূল্য প্রাপ্তি।

**অগ্‌ঘতি**—(অগ্‌ঘ+অ); মূল্য হওয়া; যোগ্য হওয়া। *aor* অগ্‌ঘি।

**অগ্‌ঘাপন**—মূল্য নির্ণয়। **অগ্‌ঘাপণক**—মান নির্ধারক। **অগ্‌ঘাপনিয**—মূল্য যা হবে তা।

**অগ্‌ঘিক, অগ্‌ঘিয**—দুই পার্শ্বে মাথায় ঝোলানো মালার দ্বারা পরিশোভিত দণ্ড।

**অঘ**—১ আকাশ। ২ দুঃখ, দুর্দশা; তীব্র শোক; বেদনা। ৩ পাপ; দুর্ভাগ্য।

**অঙ্ক**—১ রেখা; দাগ; চিহ্ন; কলঙ্ক; দোষ; আঁক; গণিতের রাশি। ২ চিত্র নাটকের প্রধান প্রধান পরিচ্ছেদ। ৩ সমীপ; ক্রোড়, কোল।

**অঙ্কিত**—'অঙ্কেতি'র *pp*; লক্ষিত; চিহ্নিত; চিত্রিত; গণিত; খোদিত; বর্ণিত।

**অঙ্কুর**—অচিরাগত উদ্ভিদ; আঁকুর; মুকুল; অর্বুদ; আব।

**অঙ্কুস**—ফলাদি তোলার জন্য অথবা হস্ত চালনার জন্য ব্যবহৃত আকশিযুক্ত দীর্ঘ কাষ্ঠখণ্ড; ডাঙ্গশ।

**অঙ্কেতি**—(অকি+এ) অঙ্কন; আঁকা; চিহ্নকরণ; সংখ্যালিখন; রেখাপাতন। *aor* **অঙ্কোসি**। *abs* **অঙ্কেত্বা**।

**অঙ্গ**—১ মৌলিক অংশ। ২ অবয়ব; শরীর। ৩ স্বভাব; প্রকৃতি। **অঙ্গ পচ্চঙ্গ**—অঙ্গ প্রত্যঙ্গ; অঙ্গের প্রধান অপ্রধান অঙ্গ বা অবয়ব। **অঙ্গ রাগ—কুঙ্কুম**-চন্দনাদি দ্বারা গাত্র বিলেপন; প্রসাধন; লেপনদ্রব্য। **অঙ্গ-বিজ্জা**—অঙ্গবিদ্যা। শারীরিক চিহ্ন হতে হস্তরেখা বিচার ও অন্যান্য ভবিষ্যদ্বাণী বা পূর্বাভাস।

**অঙ্গজাত**—পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গ থেকে উৎপন্ন।

**অঙ্গণ**—১ খোলা-জায়গা; উঠান; চত্বর; আঙ্গন বা আঙ্গিনা। ২ মনের অপরিশুদ্ধতা।

**অঙ্গদ**—বাহুভূষণ; বাজু অনন্ত ইত্যাদি।

**অঙ্গনা**—স্ত্রীলোক।

**অঙ্গার**—কয়লা; জ্বলন্ত অঙ্গার; লাল গরম ছাই; গনগনে ছাই; নিভন্ত আগুন। **অঙ্গার কটাহ, অঙ্গার-কপল্ল**—অঙ্গার বা পুড়ে গিয়েছে কিন্তু ভস্মীভূত হয়নি এমন পদার্থ ধারণের চেটালো পাত্র। **অঙ্গারকাসু**—অঙ্গারপূর্ণ গর্ত; কয়লার খনি। **অঙ্গার মংস**—অঙ্গার মাংস; জ্বলন্ত কয়লায় ঝলসানো বা পোড়ানো মাংস।

**অঙ্গিক**—*cpds* বিভিন্ন অংশে গঠিত; যেমন, **দুরঙ্গিক**—দুই অংশে গঠিত।

**অঙ্গীরস**—দীপ্তোজ্জ্বল; বুদ্ধ।

**অঙ্গুট্‌ঠ**—বৃদ্ধাঙ্গুলি; বৃদ্ধ পদাঙ্গুলি; পায়ের বড় আঙ্গুল।

**অঙ্গুল**—এক ইঞ্চি; অঙ্গুলি পরিমাণ; *cpds* কয়েক ইঞ্চি মাপের আঙুল।

**অঙ্গুলি**—হাতের আঙ্গুল; পায়ের আঙ্গুল; **অঙ্গুলি পব্ব**—অঙ্গুলের গ্রন্থি বা পাব। **অঙ্গুলি মুদ্দা**—অঙ্গুলি মুদ্রা; মোহরাঙ্কিত অঙ্গুরী আংটি।

**অঙ্গুলীযক, অঙ্গু লেয্যক**—হাতের আঙুলের আংটি।

**অচল**—স্থির; চলে না এরূপ; অনড়।

**অচির**—বর্তমান; নূতন; অল্পকালস্থায়ী। **অচিরণ**—অচিরণ; বর্তমানকালে, বহু পূর্বে নয় এমন; অবিলম্বে। **অচিরপ্পভা**—অচিরপ্রভা; অচিরদ্যুতি; অচিরাংশু; ক্ষণপ্রভা; বিদ্যুৎ।

**অচেতন**—অজ্ঞান; নির্জীব; জড়; সংজ্ঞাহীন।

**অচেল**—নগ্ন; বিবস্ত্র; উলঙ্গ সন্ন্যাসী। **অচেলক** (পুং)—উলঙ্গ সন্ন্যাসী।

**অচ্চগা**—('অতি'র *pret*+গম) সে অতিক্রম করল; সে জয় করল; পরাস্ত করল; বশে আনল।

**অচ্চনা**—১ অর্চনা; উৎসর্গ; উৎসর্গীকৃত বস্তু; নৈবেদ্য। ২ শ্রদ্ধা; উচ্চ সম্মান।

**অচ্চন্ত**—সীমাতিক্রম; অত্যন্ত; অসীম; চরম; অনন্ত; অবিরাম। **অচ্চন্তন**—চিরস্থায়ীভাবে; অনন্তকালে; অবিরামভাবে; অত্যধিক পরিমাণে; চরমভাবে।

**অচ্চয**—অত্যয়। ১ দোষ। ২ ত্রুটি-বিচ্যুতি; লোপ বিনাশ; ধ্বংস; ক্ষতি। (**অচ্চেযন**—ত্রুটি-বিচ্যুতি বা ভ্রষ্টতা বা অক্ষমতার পর)

**অচ্চাধায**—সামান্য মাত্রায় পরিবর্তিত অবস্থায় পায়ের ওপর পা রেখে।

**অচ্চাযিক**—জরুরি; ত্বরিত।

**অচ্চাসন্ন**—১ অত্যাসন্ন; অতি নিকটবর্তী। ২ নিকটবর্তী; খুব নিকটবর্তী।

**অচ্চি**—অর্চি; অগ্নিশিখা; জ্বলা; তেজ; কিরণ। **অচ্চিমন্ত** *বিণ* অর্চিষ্মান; প্রজ্বলিত; তেজস্বী।

**অচ্চিত**—('অচ্চেতি'র *pp*); পূজিত, মান্য; দীপ্ত; অর্চিত।

**অচ্চুগ্গত**—অত্যুদ্গত; অতি উচ্চ।

**অচ্চুণ্হ**—অত্যুষ্ণ; অতি গরম।

**অচ্চুত**—অচ্যুত; ন (নাই) চ্যুতি (ভ্রংশ) যার; অবিনশ্বর; অচঞ্চল; স্থির; বিনাশশূন্য।

**অচ্চুস্সন্ন**—অনেক; প্রচুর।

**অচ্চেতি**—(অতি+ই+অ) ১ সময় অতিবাহিত করা; ডিঙিয়ে পার হওয়া; উত্তীর্ণ হওয়া; আরোগ্য লাভ করা; সামলিয়ে বা কাটিয়ে ওঠা। ২ অর্চনা করা; পূজা করা। *aor* **অচ্চেসি**।

**অচ্চোগাল্হ**—অত্যন্ত গভীরে নিমজ্জিত।

**অচ্চোদক**—অত্যুদক; অনেক জল।

**অচ্ছ**—নির্মল স্বচ্ছ, পরিষ্কার; বিশুদ্ধ; ভল্লুক।

**অচ্ছতি**—(আস্+অ; আ হ্রস্ব হলো এবং স পরিবর্তিত হয়ে চ্ছ হলো)। ১ বসা; আসন গ্রহণ করা। ২ থাকা; *aor* **অচ্ছি**।

**অচ্ছম্ভী**—নির্ভয়; নির্ভীক; অভীত; অশঙ্কিত।

**অচ্ছরা**—১ অপ্সরা; পরী। ২ হঠাৎ কট করে আঙুল কামড়ানো; অল্প সময়। **অচ্ছরা সঙ্ঘাত**—হঠাৎ কট করে আঙুল কামড়ানো। **অচ্ছরা সদ্দ**—অপ্সরা শব্দ; হাততালির শব্দ।

**অচ্ছরিয**—আশ্চর্য; বিস্ময়; বিস্ময়কর কিছু; অদ্ভুত; আশ্চর্যজনক।

**অচ্ছাদন**—আচ্ছাদন; পোশাক; আবরণ। **অচ্ছাদনা**—লুকিয়ে বা গুপ্ত রাখা।

**অচ্ছাদেতি**—(আ+ছদ্+এ) বস্ত্র পরিধান; আবরিত

করা। *aor* **অচ্ছাদেসি**। *pp* **অচ্ছাদিত**।

**অচ্ছিভক্ত**—উল্লেখিতের; উক্তের।

**অচ্ছিন্দতি**—(আ+ছিদ্+ণ্‌-অ) ১ লুণ্ঠন করা; ডাকাতি করা; লুটপাট; জোরপূর্ব পরদ্রব্য হরণ করা। ২ বিচ্ছিন্ন বা বিদীর্ণ করা; অবসান করা। *aor* **অচ্ছিন্দি; অচ্ছিন্দিত**। *pp* **অচ্ছিন্ন**।

**অচ্ছেচ্ছি**—('ছিন্দতি'র *aor*) বিদ্রোহ করল; দলত্যাগ করল; পৃথক করল; সর্বনাশ করল।

**অচ্ছেজ্জ**—অচ্ছেদ্য; অবিচ্ছিন্ন; অবিনাশসাধ্য; অধ্বংসসাধ্য।

**অচ্ছের**—'অচ্ছরিয' দেখুন।

**অজ**—ছাগ; ছাগল। **অজপাল**—ছাগপালক। **অজলণ্ডিকা**—অজালণ্ডিকা; ছাগলের নাদি; ছাগলের বিষ্ঠা।

**অজগর**—পাহাড়ি বোড়া সাপ।

**অজঞ্ঞঞ্ঞ**—অবিশুদ্ধ; অপরিষ্কার।

**অজা, অজী**—ছাগী।

**অজানন**—অজ্ঞানতা।

**অজানন্ত, অজানমান**—না জেনে; অজানায়; অজ্ঞ।

**অজানিত্বা, অজানিয**—না জেনে; না জানার দরুন; অনবগত হয়ে।

**অজিন**—চিতা; হরিদ্রা বর্ণের উপর গোল গোল কালো ছাপযুক্ত বাঘবিশেষ; ঐ প্রাণীর চামড়া। **অজিনকখিপ**—চিতার চামড়ায় প্রস্তুত আলখাল্লা বা ছদ্মবেশ। **অজিনপ্পবেণী**—চিতাবাঘের চামড়ায় প্রস্তুত বিছানার চাদর। **অজিন যোনি**—কৃষ্ণসার মৃগ। **অজিন সাতি**—চামড়ায় প্রস্তুত জামা।

**অজিনপত্ত**—বাদুড়।

**অজিনী, 'জিনাতি'র** *aor*—জয় করা।

**অজিম্হ**—সোজা; সরল; বাঁকা নয়; অবক্র।

**অজির**—বাড়ির উঠান; অঙ্গন।

**অজীবক**—অজীর্ণ; বদহজম।

**অজেয্য**—অজয়; দুর্জয়; অজেয়; জয় করা সম্ভবপর নয়।

**অজ্জ**—অদ্য। **অজ্জতগ্গে**—অতঃপর; এখন হতে। **অজ্জ তন**—অধুনা আধুনিক; সাম্প্রতিক; অদ্যপি প্রচলিত; চালু; জীবন্ত।

**অজ্জব**—সততা; সাধুতা; ন্যায়পরায়ণতা।

**অজ্জিত**—অর্জিত; মজুদকৃত; জমাকৃত; সংগৃহীত।

**অজ্জুন**—১ অর্জুন গাছ। ২ এক রাজপুত্রের নাম।

**অজ্ঝগা**—('অধিগচ্ছতি'র *pret*) সে এসেছিল; সে আগমন করেছিল; সে অর্জন করল; সে লাভ করল; সে অভিজ্ঞ হলো; দক্ষ হলো; বিজ্ঞ হলো।

**অজ্ঝত্ত**—অধ্যাত্ম, আত্ম সম্বন্ধীয়; পরমাত্ম বিষয়ক; চিত্তবিষয়ক; শরীর সম্বন্ধীয়। **অজ্ঝত্তন**—ভিতরে; অভ্যন্তরে; হৃদয়ে; অন্তরে। **অজ্ঝত্তিক**—আধ্যাত্মিক; আত্মসংক্রান্ত; আত্মিক।

**অজ্ঝপ্পত্ত**—আক্রান্ত করণ; কারও বিরুদ্ধে বেগে ছোটা; অপ্রত্যাশিতভাবে সমীপবর্তী হওন বা অভিগমন।

**অজ্ঝভাসতি**—(অধি+আ+ভাস্+অ) উদ্দেশ্য করে বলা বা লেখা; ভাষণ দান; বক্তৃতা দান। *aor* **অজ্ঝভাসি**।

**অজ্ঝযন**—অধ্যয়ন; অধ্যাপনা; শিক্ষাগ্রহণ; পাঠ।

**অজ্ঝাচরতি**—(অধি+আ+চর্+অ) আইন; শর্ত; শাস্ত্রীয় নির্দেশ প্রভৃতি ভঙ্গ করা; লঙ্ঘন করা। *aor* **অজ্ঝাচারী**।

**অজ্ঝাচার**—১ আইন; শর্ত; শাস্ত্রীয় নির্দেশ প্রভৃতি ভাঙন; লঙ্ঘন। ২ অন্যায় আচরণ। ৩ মিথ্যা কামাচার।

**অজ্ঝাচিন্ন**--('অজ্ঝাচরতি'র *pp*) ১ বহু অনুশীলিত; পালিত। ২ অভ্যস্ত।

**অজ্ঝাপন**—অধ্যাপন; শিক্ষাদান।

**অজ্ঝাপন্ন**—('অজ্ঝাপজ্জতি'র *pp*) কোনো অপরাধে অপরাধী হওয়া।

**অজ্ঝায**—অধ্যায়।

**অজ্ঝাযক**—অধ্যাপক; শিক্ষাগুরু; শিক্ষক।

**অজ্ঝারুহতি**—(অধি+আ+রুহ্+অ) উপরে ওঠা; আরোহণ করা। *aor* **অজ্ঝারুহি**। **অজ্ঝারুল্হ**—*pp* অধ্যারূঢ়।

**অজ্ঝাবর**—অভ্যর্থী (Candidate); প্রার্থী।

**অজ্ঝাবসতি**—(অধি+আ+বস্+অ) বসবাস করা; স্থায়ীভাবে বসবাস করা। *aor* **অজ্ঝাবাসী**। *abs* **অজ্ঝাবসিত্বা**।

**অজ্ঝাবুত্থ**—('অজ্ঝবসতি'র *pp*) বসবাস করল; স্থায়ীভাবে বসতি স্থাপন করল।

**অজ্ঝাসয**--মতলব; ব্যবস্থা; বিন্যাস। **অজ্ঝাসযতা** (*cpds*) মতলব থাকার প্রকৃত তথ্য।

**অজ্ঝিট্ঠ**—'অজ্ঝেসতি'র *pp*।

**অজ্ঝুপগচ্ছতি**—(অধি+উপ+গম্+অ)। ১ পৌঁছনো; পৌঁছা; পৌঁছানো; উপস্থিত হওয়া। ২ একমত হওয়া; রাজি হওয়া।

**অজ্ঝুপগত**—'অজ্ঝুপগচ্ছতি'র *pp*।

**অজ্ঝুপসমন**—১ উপস্থিতি। ২ চুক্তি; সম্মতি।

**অজ্ঝুপেকখতি**—(অধি+উপ+ইকখ্+অ) অবহেলা বা অযত্ন করতে কৌতূহলশূন্য; যত্নে কৌতূহলী। *aor* **অজ্ঝুপেকখি**।

**অজ্ঝুপেকখন**—*nt* **অজ্ঝুপেকখনা**—উদাসীনতা;

অবহেলা।

**অজ্ঝুপেতি**—(অধি+উপ+ই+অ) নিকটে আসা; সমীপবর্তী হওয়া। *aor* **অজ্ঝুপেসি**। *pp* অজ্ঝুপেত।

**অজ্ঝেসতি**—(অধি+ইসু+অ) অনুরোধ করা; আহ্বান করা। *aor* **অজ্ঝেসসী**।

**অজ্ঝেসনা**—অনুরোধ; আহ্বান।

**অজ্ঝেসিত**—'অজ্ঝেসতি'র *pp*।

**অজ্ঝোকাস**—খোলা বাতাস।

**অজ্ঝোকিরতি**--(অধি+অব+কির্+অ) আড়াআড়িভাবে ছড়ানো।

**অজ্ঝোগাহতি**—(অধি+অব+গাহ্+অ) ঝাঁপ; নিমজ্জন; প্রবেশ করা; চুবানো; ডুবানো। *aor* **অজ্ঝোগাহি**।

**অজ্ঝোগাল্হ**—'অজ্ঝোগাহতি'র *pp*।

**অজ্ঝোত্থট**—('অজ্ঝোত্থরতি'র *pp*) বিশেষ প্রয়োজনে কাজের সময় নির্ধারিত হয়, শিল্পে এমন ব্যবস্থা; নিমজ্জিত অবস্থায়।

**অজ্ঝোত্থরতি**—(অধি+অব+থর্+অ) ডুবানো; অভিভূত করা। *aor* **অজ্ঝোত্থরি**।

**অজ্ঝোসান**--সম্বন্ধ; আসঞ্জন; সংযোজন; আসক্তি; অনুরাগ।

**অজ্ঝোহট**—'অজ্ঝোহরতি'র *pp*।

**অজ্ঝোহরণ**—*nt* গলাধঃকরণ; গিলন; ভোজন। **অজ্ঝোহরণীয**—গলাধঃকরণ বা ভোজনের উপযুক্ত।

**অজ্ঝোহরতি**—(অধি+অব+হর্+অ) গলা। *aor* **অজ্ঝোহরি**।

**অজ্ঝোহার**—গিলন।

**অজ্ঝোহিত**—*ঠেসে* বা গাদাগাদি করে; ভিড় করে; সংঘর্ষ; অর্থ না বুঝে মুখস্থ দ্বারা অধিগত।

**অঞ্জতি**—(অঞ্জ্+অ) ১ প্রধানত আনুষ্ঠানিকভাবে তৈলাদি লেপন করা। ২ সুর্মা, অঞ্জন বা কাজল প্রয়োগ করা। *aor* অঞ্জি।

**অঞ্জন**—চোখের কাজল। **অঞ্জন নালি**—সুর্মা, অঞ্জন ও কাজল ইত্যাদি চোখের মলমের নল; অঞ্জন প্রয়োগের নল; প্রসাধনের বাক্স; পেটিকা; পেটী। **অঞ্জন বণ্ণ**—চোখের মলমের রঙের অর্থাৎ কালো।

**অঞ্জলি**—যুক্তপানি; আঁজলা; যুক্তপানি দ্বারা অর্পিত পূজাসামগ্রী। **অঞ্জলিকম্ম**—আরাধনা; পূজা। **অঞ্জলি করণীয**—আরাধনার বা পূজার যোগ্য। **অঞ্জলিপুট**—করপুট; ঠোঙ্গার আকারে জোড় করা করতল দুটি।

**অঞ্জস**—পথ, রাস্তা।

**অঞ্জিত**—'অঞ্জতি'র বা 'অঞ্জেতি'র *pp*।

**অঞ্জেতি**—(অঞ্জ্+এ) ['অঞ্জতি' দেখুন]।

**অঞ্ঞ**—অন্য; অপর; ভিন্ন।

**অঞ্ঞতম**—অন্যতম; বহুর মধ্যে এক; অজ্ঞাত।

**অঞ্ঞতর**--নিশ্চিত; কোনো; অবশ্যম্ভাবী; অন্যতর।

**অঞ্ঞতিত্থিয**—অন্য ধর্মে অনুগত বা অনুগামী; অন্যতীর্থিয়।

**অঞ্ঞত্থ, অঞ্ঞত্র**—অন্য কোথাও; যে কোথাও; অন্যত্র।

**অঞ্ঞথত্ত**—পরিবর্তন; মনের পরিবর্তন।

**অঞ্ঞথা**—অন্যথা; অন্য প্রকার; নতুবা; বিপরীত।

**অঞ্ঞদত্থু**—১ নিশ্চিতরূপে। ২ যে কোনো মূল্যে। ৩ পক্ষান্তরে।

**অঞ্ঞদা**—অন্যদিন; অন্যসময়ে।

**অঞ্ঞমঞ্ঞ, অঞ্ঞোঞ্ঞ**--অন্যান্য; পরস্পর। **অঞ্ঞং**—পরস্পর; একে অপরের।

**অঞ্ঞবিহিত**—বিক্ষিপ্ত; বিক্ষিপ্ত চিত্ত; বিহ্বল; কিংকর্তব্যবিমূঢ়; বিহিত।

**অঞ্ঞা**—পূর্ণজ্ঞান; অরহত্ব।

**অঞ্ঞাণ**—অজ্ঞান; অজ্ঞানতা।

**অঞ্ঞাত**—১ (আ+ঞাতঃ) জ্ঞাত; জানিত। ২ (ন+ঞাত)—অজ্ঞাত; অজানিত; স্বীকারোক্ত নয়; চিহ্নিত; নিদর্শিত নয়।

**অঞ্ঞাতক**—১ অজ্ঞাতি। ২ অপরিচিত। ৩ সনাক্তযোগ্য নয়। **অঞ্ঞাতক বেস**—ছদ্মবেশ।

**অঞ্ঞাতাবী, অঞ্ঞাতু**—যিনি জানেন বা যাঁর অন্তর্দৃষ্টি আছে। **অঞ্ঞাতুকাম**—জ্ঞানতৃষ্ণ; যিনি জ্ঞানলাভের আগ্রহী।

**অঞ্ঞায**—জেনে।

**অটট**—১ একটি অপ্রধান নরকের নাম। ২ উচ্চ অঙ্কের; উচ্চ সংখ্যার; উচ্চ প্রতীক।

**অটন**—পর্যটন; উদ্দেশ্যহীনভাবে বেড়ানো; পরিক্রমণ; গমন; ভ্রমণ।

**অটনি**—বিছানার কাঠামো; ধনুকের অগ্রভাগ; কোটি।

**অটবি**—কানন; বন। **অটবি মুখ**—বনের সীমান্ত বা প্রান্ত বা উপান্ত। **অটবি সঙ্খোভ**—বন্য উপজাতির আন্দোলন বা উত্তেজনা বা বিক্ষোভ।

**অট্ট**—১ মামলা; মোকদ্দমা। ২ প্রাসাদ; অট্টালিকা। ৩ রাজমজুরদের ভারা ('অট্টিত' হতে)—যন্ত্রণা-প্রাপ্ত, উৎপীড়িত; দুর্দশাগ্রস্ত; দুঃখিত; শোকগ্রস্ত। **অট্টকার**—মোকদ্দমাকারী; মামলারত। **অট্টস্সর**—আর্তস্বর; কাতরধ্বনি।

**অট্টক**—উচ্চ মঞ্চ অথবা প্রহরী বা রাজমজুরদের ভারা।
**অট্টান**—অবগাহনরত বা স্নাতরত লোকের ব্যবহৃত চতুর্ধার খুঁটি।
**অট্টিত**—নিদারুণ বেদনা বা যন্ত্রণাপ্রাপ্ত; চরম দুর্দশাগ্রস্ত; দুঃখিত; শোকাভিভূত; উৎপীড়িত।
**অট্টীযতি**—(অট্ট+ঈ+য); অশান্তিতে বা কষ্টে বা দুর্দশায় পড়া; উৎপীড়িত; জ্বালাতনপ্রাপ্ত; উদ্বিগ্ন। *aor* **অট্টীযি**।
**অট্টীযন, অট্টীযনা**—অপছন্দ; বিরাগ; ঘৃণাসহকারে পরিহার বা পরিহাসের।
**অট্‌ঠ**—আট। **অট্‌ঠম, অট্‌ঠমক**—অষ্টম। **অট্‌ঠমী**—চান্দ্রমাসের অষ্টম দিন।
**অট্‌ঠক**—অষ্টক; আটের দল বা পুঞ্জ বা বর্গ।
**অট্‌ঠকথা**—অর্থকথা; ব্যাখ্যা; অর্থপ্রকাশ; টীকা; মন্তব্য।
**অট্‌ঠঙ্গিক**—অষ্টাঙ্গিক; অষ্ট গঠনতন্ত্র সমন্বিত, অষ্ট অঙ্গ বিশিষ্ট।
**অট্‌ঠপদ**—দাবাখেলার জন্য ছক-কাটা ফলক; অষ্টপাদ (পাৎ) যার; মাকড়সা।
**অট্‌ঠংস**—অষ্টকোণী; অষ্টকোণ।
**অট্‌ঠান**—১ অনুপযোগী স্থান বা স্থান; অস্থান। ২ অসম্ভাবনা।
**অট্‌ঠারস**—আঠার; অষ্টাদশ।
**অট্‌ঠি**—১ অস্থি; হাড় ২ শক্ত বীজ। **অট্‌ঠিকঙ্কল**—নরকঙ্কাল; অস্থিকঙ্কাল। **অট্‌ঠিকল্যাণ**—অস্থিকল্যাণ; দাঁতের সৌন্দর্য। **অট্‌ঠিময**—অস্থিময়; হাড়ের তৈরি। **অট্‌ঠিমিঞ্জা**—অস্থিমজ্জা; হাড় ও মজ্জা; অস্থি ও তার মধ্যগত সারপদার্থ। **অট্‌ঠিসঙ্খলিকা; অট্‌ঠিসঙ্ঘাত**—নরকঙ্কাল।
**অট্‌ঠিত**—অস্থিত; অনবস্থিত; অব্যবস্থিত; অস্থির।
**অট্‌ঠীকত্বা**—অতি মনোযোগে; কৌতূহলী হয়ে; অনুরাগী হয়ে।
**অড্‌ঢ**—অর্ধ; ধনবান; সমৃদ্ধ। **অড্‌ঢতা**—ধনসম্পদ; সমৃদ্ধি।
**অড্‌ঢতিয, অড্‌ঢতেয্য**—আড়াই; দুই এবং অর্ধেক।
**অড্‌ঢদণ্ডক**—অর্ধদণ্ড; লাঠি ভেঙে দুই টুকরো করে অর্ধেক খর্ব বা ছোট লাঠি।
**অড্‌ঢমাস**—মাসার্ধ; এক পক্ষ।
**অড্‌ঢযোগ**—অর্ধযোগ; এক প্রকার গৃহ যাঁর ছাদ ঈগল বা প্রকাণ্ড বাজপাখির ডানার আকার বিশিষ্ট।
**অড্‌ঢরত্ত**—অর্ধরাত্র; মধ্যরাত্র।
**অড্‌ঢুড্‌ঢ**—সাড়ে তিন।
**অণু**—১ অতি ক্ষুদ্র পদার্থ বা কণা বা কণিকা; পরমাণু; অতি ক্ষুদ্র; সূক্ষ্ম; পারমাণবিক। ২ অস্পষ্ট। **অণুমত্ত**—অণুমাত্র; অতি ক্ষুদ্র আকারের; পুঁচকে।
**অণ্ড, অণ্ডক**—১ ডিম; ডিম্ব। ২ অণ্ডকোষ; শুক্রাশয়।
**অণ্ডজ**—১ ডিম্বোৎপন্ন; ডিম্বজাত; যেপ্রাণীর ডিম্ব হতে জন্ম হয়। ২ পাখি। ৩ সাপ; মাছ; কুম্ভীর; কচ্ছপ; সরীসৃপ।
**অণ্ডূপক**—১ কুণ্ডলী; পেঁচ। ২ সংঘর্ষ চাপ বা আঘাত এড়ানোর জন্য অথবা কালি প্রভৃতি তরল বস্তু শোষণার্থ কোমল পদার্থে ভরা; যে কোনো নরম বস্তু।
**অণ্ণ**—অর্ণ; জল।
**অণ্ণব**—অর্ণব; জলধি; সমুদ্র; জলযুক্ত।
**অণ্‌হ**—অহ্ন; দিন; দিনমানের তিনভাগের একভাগ (পুব্বণ্‌হ—পূর্বাহ্ণ)।
**অতচ্ছ**—ভুল; মিথ্যা; অসাধুতা; প্রতারণা; ছলনা।
**অতন্দিত, অতন্দী**—অতন্দ্রিত; অতন্দ্র; তন্দ্রাশূন্য; জাগরিত; অনলস; কার্যে উৎসাহবিশিষ্ট; সতর্ক।
**অতপ্পিয**—অতপণীয়; তৃপ্ত করা যেতে পারে না এরূপ; অপরিতৃপ্ত; অচিরতার্থ; অতোষণীয়।
**অতি**—১ শব্দাগ্রে সংযুক্ত শব্দাংশ; উপসর্গ; পর্যন্ত; উপরে; গত; ছাড়া; বাদে; অতিরিক্ত। ২ অতীত; অধিক; অসঙ্গত, অসীম; উৎকর্ষ; অতিক্রম।
**অতিকর**—অতিমাত্রায় কর্মতৎপরতা।
**অতিক্কন্ত, 'অতিক্কমতি'র** *pp*—অতিক্রান্ত; লঙ্ঘিত।
**অতিক্কম**—অতিক্রম; সীমালঙ্ঘন; উল্লঙ্ঘন।
**অতিক্কমতি**—(অতি+কম+অ), অতিক্রম করা; পার হয়ে যাওয়া; সীমা লঙ্ঘন করা; উল্লঙ্ঘন করা; ছাড়িয়ে যাওয়া। *aor* **অতিক্কমি**।
**অতিকখড্‌ঢতি**—(অতি+খড্‌ঢ+অ) ১ শক্তভাবে টানা; উত্তেজিত বা বিক্ষুব্ধ করা; অস্থির বা অশান্ত করা; যন্ত্রণা দেওয়া। ২ অতিক্ষুব্ধ করা। *aor* **অতিকখড্‌ঢি**।
**অতিখিণ**—১ অতি ক্ষীণ; অতি সূক্ষ্ম; অতি দুর্বল; অতি শীর্ণ। ২ তীর গোলাগুলি বা অন্য অস্ত্রাদি ক্ষেপণ।
**অতিখিপ্পং**—অতিক্ষিপ্র; অতিসত্বর।
**অতিগ**—('অতিগচ্ছতি'র *pp*) অতিক্রামক, অতিক্রম করে গমনকারী; পারগত; উত্তীর্ণ; উৎকৃষ্ট।
**অতিগচ্ছতি**—(অতি+গম+অ) অতিক্রম করে গমন করা; পরিগত হওয়া; উত্তরণ করা।
**অতিগাল্‌হ**—অতিগাঢ়; প্রগাঢ়; তীব্র; প্রচণ্ড; অতি আঁটসাঁট।
**অতিঘোর**—অতি ভয়ঙ্কর; অতি ভয়ানক।

**অতিচরতি**—ভঙ্গ করা; লঙ্ঘন করা; পাশবিক অত্যাচার করা। *aor* **অতিচরি**।

**অতিচরিযা**—১ ভাঙন; লঙ্ঘন। ২ পাশবিক অত্যাচার; ব্যাভিচার।

**অতিচারী**—১ অত্যাচারী; ভঙ্গকারী; লঙ্ঘনকারী। ২ পাশবিক অত্যাচারী; ব্যাভিচারী (অতিচারানি)।

**অতিচ্চ**—অতীত্য; অতিক্রম করত; পরাস্ত করে; জয় করে; বশে এনে।

**অতিছত্ত**—অতিচ্ছত্র; অস্বাভাবিক বা বিস্ময়কর সূর্যছায়া।

**অতিত্ত**—অতৃপ্ত; অসন্তুষ্ট।

**অতিত্থ**—অতীর্থ; অনুপযোগী স্থান; উপায় অথবা আচরণ; আচার।

**অতিথি**—অভ্যাগত; আগন্তুক ব্যক্তি।

**অতিদারুণ**—ভয়ঙ্কর; ভয়ানক; অত্যন্ত নির্মম; অত্যন্ত নির্দয়; অত্যন্ত নিষ্ঠুর; অত্যন্ত নৃশংসে।

**অতিদিৱা**—দিবা অবসানে।

**অতিদিসতি**—(অতি+দিস+অ) উল্লেখ করা; ব্যাখ্যা করা। *aor* **অতিদিসি**।

**অতিদূর**—অত্যন্ত তফাত; অত্যন্ত ব্যবধান।

**অতিদেব**—উচ্চতর দেবতা।

**অতিধমতি**—(অতি+ধম্+অ) খুব ঘন ঘন অথবা খুব উচ্চরবে ঢাক পিটানো বা বাজানো। *aor* **অতিধমি**।

**অতিধাৱতি**—(অতি+ধাব্+অ) অতি ধাবন; অতি দৌড়ানো; সীমা ছাড়িয়ে যাওয়া। *aor* **অতিধাৱি**।

**অতিধোনচারী**—যিনি অত্যধিকভাবে খাদ্য বস্ত্র ইত্যাদিতে ইচ্ছা পূরণ করেন বা অবাধে নিজের ক্ষুধা বা সাধ মিটান।

**অতিনামেতি**—(অতি+নম্+এ) সময়ক্ষেপণ। *aor* **অতিনামিসি**।

**অতিপণ্ডিত**—অতিরিক্ত চতুর বা দক্ষ বা কুশলী।

**অতিপপঞ্চ**—অনেক বিলম্ব।

**অতিপস্সতি**—(অতি+দিস্+অ) পরিষ্কারভাবে বা স্পষ্টভাবে দেখা। *aor* **অতিপস্সি**।

**অতিপাত**—বধ; হত্যা।

**অতিপাতী**—বধী; হত্যাকারী; বধক।

**অতিপাতেতি**—বধ করে; হত্যা করে। *aor* **অতিপাতেসি**।

**অতিপ্পগো**—অতি শীঘ্র।

**অতিবহল**—অতিপুরু; মোটা।

**অতিবাল্হং**—অনেকও।

**অতিবাহেতি**—(অতি+বাহ্+এ) কঠোরভাবে খাটা; টেনে বের করা। *aor* **অতিবাহেসি**।

**অতিভগিনী**—অতি আদরের ভগ্নী।

**অতিভার**—বোঝা অত্যন্ত ভারী এমন। **অতি ভারিয**—খুব ভার; খুব গুরুতর; খুব সঙ্কটজনক।

**অতিভোতি** (অতি+ভূ+অ)—ছাপিয়ে যাওয়া; পরাস্ত করা; জয় করা। *aor* **অতিভৱি**।

**অতিমঞ্ঞতি** (অতি+মন+য)—অবজ্ঞা করা; ঘৃণা করা; ঘৃণার চোখে দেখা। *aor* **অতিমঞ্ঞি**।

**অতিমঞ্ঞনা**—অযথা গর্ব; ঔদ্ধত্য; অবজ্ঞা; ঘৃণা।

**অতিমনাপ**--অতি প্রণয়োদ্দীপক; অতীব ভালোবাসার যোগ্য; অতীব মনোরম; অতীব আনন্দদায়ক; অতীব সুন্দর; অতীব কৌতুককর; অতিশয় প্রিয়; অতি প্রিয়পাত্র; প্রিয়তম।

**অতিমত্ত**—অতিমাত্রা; অত্যন্ত বেশি।

**অতিমহন্ত**—অপরিমেয়; বিশাল; প্রকাণ্ড; প্রচুর; সাঙ্ঘাতিক।

**অতিমান**—অহঙ্কার; অযথা গর্ব; ঔদ্ধত্য। **অতিমানী**—অহঙ্কারী; উদ্ধত; অযথা গর্বিত।

**অতিমুখর**—অত্যন্ত বাচাল।

**অতিমুত্তক**—একজন ভিক্ষুর নাম। *Guertnera racemosa* বৃক্ষ।

**অতিযাচনা**—অতিরিক্ত ভিক্ষায় রত।

**অতিযাতি**—(অতি+যা+অ) আবৃত করা; পরাস্ত করা; জয় করা, দমন করা; বশে আনা; বিপদাদি কাটিয়ে ওঠা; অতিক্রম করা; ছাড়িয়ে যাওয়া। *aor* **অতিযাযি**।

**অতিরিচ্চতি**—(অতি+রিচ্+য) পরে করা হবে বলে পরিত্যক্ত হওয়া; পিছনে পড়ে থাকা; পরিত্যক্ত হয়ে থাকা। *aor* **অতিরিচ্চি**।

**অতিরিত্ত**--('অতিরিচ্চতি'র *pp*) অতিরিক্ত; পরিত্যক্ত, পিছনে পতিত।

**অতিরিৱ**—সীমা ছাড়িয়ে; মাত্রা ছাড়িয়ে; খুব বেশি।

**অতিরেক**—উদ্বৃত্ত; অবশিষ্ট; প্রয়োজনাতিরিক্ত; বাড়তি; ফালতু; ফাউ।

**অতিরোচতি**--(অতি+রুচ্+অ) দীপ্তিতে বা ঔজ্জ্বল্যে ছাপিয়ে যাওয়া; অত্যুৎকর্ষে বা সমারোহে বা জাঁকজমকে অতিক্রম করা।

**অতিলুদ্ধ**—অতিলুব্ধ; অতি লোভযুক্ত; অত্যন্ত লোলুপ; অতিলোভী।

**অতিৱত্ত**—অতিক্রান্ত; জয়ী; বিজেতা।

**অতিৱত্ততি**--(অতি+ৱৎ+অ) অতিক্রম করা; ছাড়িয়ে যাওয়া।

**অতিৱত্তন**—অতিক্রম; ছাড়িয়ে গমন; অতিবর্তন।

**অতিৱত্তেতি**—(অতি+ৱৎ+এ) জয় করা; পরাজিত করা। *aor* **অতিৱত্তেসি**।

**অতিৱস্সতি**—(অতি+ৱস্স+অ) বর্ষণ; বৃষ্টিপাত।

*aor* **অতিৱস্‌সি**। *pp* **অতিৱুট্‌ঠ**।

**অতিৱাক্য**—গালাগালি; নিন্দাবাক্য; দাঁত খিচানো; তীব্র নিন্দা বা ভর্ৎসনা।

**অতিৱাহক**—ভারবাহী; পথ প্রদর্শক; পরিচালক; নিয়ন্ত্রক।

**অতিৱিজ্‌ঝতি**—(অতি+ৱিধ্‌+য) বোঝা; উপলব্ধি করা। *aor* **অতিৱিজ্‌ঝি**।

**অতিৱিয**—অতিশয় বেশি; অনেক বেশি; অত্যন্ত বেশি।

**অতিৱেলং**—দীর্ঘকাল স্থায়ী; বিলম্বিত সময়।

**অতিসয**—অতিশয়; প্রয়োজনাধিক পরিমাণ; পরম প্রাচুর্য; আধিক্য। **অতিসযেন**—অত্যধিক পরিমাণে।

**অতিসরতি**—(অতি+সর্‌+অ) সীমার বাইরে যাওয়া; লঙ্ঘন করা। *aor* **অতিসরি**।

**অতিসাযং**—সায়ংকালে দেরিতে; সন্ধ্যার সময়ে বিলম্বে।

**অতিসার**—১ সীমা ছাড়ানো; সীমা লঙ্ঘন; ২ উদরাময়।

**অতিসুণ**—পাগলা কুত্তা।

**অতিহরতি**—(অতি+হর্‌+অ) ১ জের টানা। ২ আনয়ন করা। *aor* **অতিহরি**।

**অতীত**—বিগত; গত; অতিবাহিত; প্রাক্তন।

**অতীৱ**—অতিশয়; অধিক।

**অতো**—অতএব; একারণে; সুতরাং; কাজেকাজেই।

**অত্ত**—আত্ম; আপন। **অত্ত কাম**—নিজকে ভালোবাসা। **অত্ত কিলমথ**—আত্মদমন কৃচ্ছ্রসাধন; **অত্তগুত্ত**—আত্মগুপ্ত; আত্মরক্ষিত। **অত্তগুত্তি**—আত্মগুপ্তি; আত্মযত্ন; আত্ম সতর্কতা। **অত্তঘঞ্‌ঞ**—আত্মবিনাশ; আত্মধ্বংস; আত্মঘাত; আত্মসর্বনাশ। **অত্ত দত্থ**—কারও নিজের হিত বা হিতসাধন; কারও নিজের মঙ্গল বা মঙ্গল সাধন। **অত্তদন্ত**—আত্মদন্ত; আত্মসংযম; আত্মনিয়ন্ত্রণ। **অত্ত দিট্‌ঠি**—আত্মদৃষ্টি; আত্ম গবেষণা। **অত্তভাব**—আত্মভাব; ব্যক্তিত্ব; ব্যক্তি স্বাতন্ত্র্য; ব্যক্তিগত বৈশিষ্ট্য। **অত্তবাদ**—আত্মবাদ; আত্মা সম্বন্ধে মত বা তত্ত্ব। **অত্তবধ**—আত্মবিনাশ; আত্মহত্যা। **অত্তহিত**—আত্মহিত; আত্মমঙ্গল; আত্মমঙ্গল সাধন।

**অত্তজ**—আত্মজ; নিজ হতে জাত; পুত্র।

**অত্তদীপ**—আত্মদ্বীপ; স্বয়ং বা নিজে নিজে আস্থাসহকারে নির্ভরশীল।

**অত্তনিয**—আত্মীয়; আত্ম সম্বন্ধীয়; আপন; বান্ধব; স্বজন।

**অত্তন্তপ**—আত্মদমন; আত্ম-উৎপীড়ন।

**অত্তপচ্চক্‌খ**—আত্মপ্রত্যক্ষ; নিজের ইন্দ্রিয়গ্রাহ্য।

**অত্তপটিলাভ**—ব্যক্তিত্ব অর্জন; অর্জিত ব্যক্তিত্ব; পরমাত্মজ্ঞান; বিবেক।

**অত্তমন**—পরমানন্দিত। **অত্তমনতা**—পরমানন্দ; উল্লাস; আনন্দের হেতু বা উপলক্ষ।

**অত্তসম্ভৱ**—স্বয়ং বা নিজে নিজে উৎপত্তিশীল।

**অত্তহেতু**—আত্মহেতু; নিজের কারণে; নিজের নিমিত্ত; আত্মনিবন্ধন।

**অত্তাণ**—রক্ষণ ব্যতীত; প্রতিরক্ষা ব্যতীত; অত্রাণ।

**অত্থ**—অর্থ; মঙ্গল; লাভ; অর্জন; সমৃদ্ধি; ধনদৌলত; অভাব; প্রয়োজন; প্রয়োগ; ব্যবহার; উদ্দেশ্য। **অত্থক্‌খাযী**—কোনটি লাভজনক তা দেখানো। **অত্থকার**—অর্থকর সুবিধাজনক; লাভপ্রদ। **অত্থকাম**—অর্থকাম; ধনবিলাসী; হিতাকাঙ্ক্ষী; **অত্থ কুসল**—অর্থকুশল; যা সুবিধাজনক বা লাভজনক তা আবিষ্কার বা খুঁজে বের করতে দক্ষ। **অত্থচর**—অর্থচর; হিতসাধনে রত; পরের স্বার্থপূরণে ব্যস্ত। **অত্থচরিযা**—হিতসাধন। **অত্থদস্‌সী**—সদুদ্দেশ্যে দৃঢ় সঙ্কল্পিত; সদভিপ্রায়ে পরিকল্পিত। **অত্থ ভঞ্জক**—সমৃদ্ধি বিনাশে রত। **অত্থৱাদী**—অর্থবাদী গুণ-কীর্তনকারী; প্রশংসাকারী।

**অত্থ**—অস্ত; হওন। *pl*—**অত্থী**।

**অত্থকথা**—অর্থকথা; ব্যাখ্যামূলক অর্থ।

**অত্থগম**—ভূতলে স্থাপন; (গুণ বা দোষ) আরোপণ।

**অত্থঞ্‌ঞু**—অর্থজ্ঞ; যিনি অর্থ জানেন অর্থাৎ কোনটি ভালো তা জানেন।

**অত্থত**—'অত্থরতি'র *pp*; বিশেষ প্রয়োজনে কাজের সময় নির্ধারিত হয় যার সাথে।

**অত্থর**—কম্বল; গালিচা; কার্পেট।

**অত্থরণ**—আস্তরণ; ঢাকনা; বিছানার চাদর; আবরণ।

**অত্থরক**—যিনি বিশেষ প্রয়োজনে কাজের সময় নির্ধারণ করেন।

**অত্থরতি**—অধিকতর ব্যাপকভাবে বা পাতলাভাবে প্রসারিত করা অথবা হওয়া; বিস্তৃত করা বা হওয়া; সর্বদকে ছড়িয়ে দেওয়া বা ছড়িয়ে পড়া; বিকীর্ণ বা বিস্তৃত করা বা হওয়া; মেলে বা খুলে ধরা অথবা মেলে বা খুলে যাওয়া; বিকশিত করা বা হওয়া; বিন্যস্ত করা; ব্যয় করা; বিনিয়োগ করা; পরিকল্পনা করা; নকশা আঁকা; সমাহিত করার জন্য বন্দোবস্ত করা। *প্রঃ* **অত্থরাপেতি**।

**অত্থৱস**—অর্থবশ; কারণ; নিমিত্ত; হেতু; প্রয়োগ; ব্যবহার।

**অত্থায**—'অত্থ'র সম্প্র.; কারণ; হেতু; নিমিত্ত; নিবন্ধন। **কিমাত্থায**—কিহেতু।

**অত্থার**—বিস্তার। **অত্থরক**—যে বিস্তার করে।

**অত্থি**—অস্তি; হওয়া; অস্তিমান বা বিদ্যমান থাকা।
**অত্থিক, অত্থিয, অত্থী**—আকাঙ্ক্ষী; কামনাকারী; অন্বেষণকারী; প্রার্থী; অর্থী; অভিলাষী।
**অত্থিতা, অত্থিভাব**—অস্তিত্ব; বিদ্যমানতা।
**অত্থু**—('অত্থি'র imper) এরূপ হোক।
**অত্র**—এখানে; এস্থানে।
**অত্রজ**—নিজ হতে জাত; পুত্র। **অত্রজা**—কন্যা।
**অত্রিচ্ছ**—অত্যন্ত আকুল; আকাঙ্ক্ষী; অর্থগৃধ্নু। **অত্রিচ্ছা, অত্রিচ্ছতা**—আকুল আকাঙ্ক্ষা।
**অথ, অথো**—তখন; পরে; অতঃপর; আরও।
**অদক**—খাদক।
**অদতি**—(অদ্+অ); খাওয়া। *aor* **অদি**।
**অদন**—ভক্ষণ; খাদ্য।
**অদদি** (*aor* of দদাতি), **অদা** (*pert* of দদাতি)—তিনি দিলেন; তিনি দিয়েছিলেন।
**অদস্সন**—অদর্শন; অনুপস্থিত; অদৃশ।
**আদিট্ঠ**—অদৃষ্ট; দৃষ্টিবহির্ভূত।
**অদিন্ন**—অদত্ত; দেওয়া হয়নি এরূপ। **অদিন্নাদান**—চুরি।
**অদিস্সমান**—অদৃশ্যমান।
**অদু ('অমু'র)**—অমুক; অনির্দিষ্টনামা বা উদ্দিষ্টনামা (কোনো ব্যক্তি বা বস্তু); ঐ; সে; তিনি।
**অদূভক্ক, অদূভক**—অশিক্ষকণীয়।
**অদ্দ**—আর্দ্র; সবুজ।
**অদ্দক**—আর্দ্রক; সদ্য আদা।
**অদ্দক্খি**—*aor* of **দক্খতি**।
**অদ্দস, অদ্দসা, ('দক্খতি'র** pret**)**—তিনি দেখলেন; তিনি দেখেছিলেন।
**অদ্দি**—পর্বত; গিরি; পাহাড়।
**অদ্দিত**—যন্ত্রণাপ্রাপ্ত; উৎপীড়িত; দুর্দশাগ্রস্ত; অর্দিত; পীড়িত।
**অদ্ধ**—অর্ধ; অর্ধেক। **অদ্ধমাস**—একপক্ষ।
**অদ্ধগত**—যার জীবনের বা পরমায়ুর কিছু সময় তির্যক।
**অদ্ধগূ**—পর্যটক; ভ্রমণকারী; পথিক; পান্থ।
**অদ্ধনিয**—পর্যটনের বা ভ্রমণের উপযুক্ত; দীর্ঘস্থায়ী; বহুদিন স্থায়ী; টেকসই।
**অদ্ধা**[১]—প্রকৃতই; নিশ্চিতরূপে; প্রকৃতপক্ষে; বাস্তবিকপক্ষে; সত্যই; নিঃসন্দেহে।
**অদ্ধা**[২]—১ পথ। ২ সময়।
**অদ্ধান**—একটি দীর্ঘ পথ, সময় অথবা ভ্রমণ।
**অদ্ধিক**—পর্যটক; ভ্রমণকারী; পদব্রজে ভ্রমণকারী; পথচারী; পথিক।
**অদ্ধুব**—অধ্রুব; দৃঢ় বা অটলভাবে স্থিত বা প্রতিষ্ঠিত নয় এমন; অপ্রতিষ্ঠিত; অস্থায়ী; অদৃঢ়; অস্থির।
**অদ্বেজ্ঝ**—অযুগ্ম; দ্বিধাবিভক্ত নয়; অবিরুদ্ধ; স্বীকৃতিমূলক।
**অধম**—হীন; তুচ্ছ; জঘন্য; নীচ; ইতর; হীনজাত।
**অধম্ম**—১ অধর্ম; ধর্মবিরুদ্ধ কর্ম। ২ অন্যায়; পাপ; বিড়ম্বনা। ৩ মিথ্যা মতবাদ।
**অধর**—ঠোঁট; নিচের ঠোঁট; নীচ; নিম্ন।
**অধি**—উপরি; উপরে; উর্ধ্বে; পর্যন্ত; সমীপে।
**অধিক**—বেশি; অতিরিক্ত; উর্ধ্বস্থ; উচ্চতর; উপরিক। **অধিকতর**—আরও বেশি।
**অধিকত**—ক্ষমতা প্রদত্ত; ক্ষমতালব্ধ; ঘটিত; উৎপাদিত।
**অধিকরণ**—বিচারালয়; আধার; মীমাংসা দর্শনের গ্রন্থ বিশেষ। **অধিকরণং**—পরিণামে; কারণে; হেতু; অধিকার; আধিপত্য। **অধিকরণ সমথ**—কলহ, ঝগড়া ইত্যাদি বা মামলা-মকদ্দমার নিষ্পত্তি। **অধিকরণিক**—ধর্মাধিকারী; বিচারকর্তা।
**অধিকরণী**—কামারের নেহাই; নেয়াই; কামারেরা যে লৌহখণ্ডের উপর রেখে গরম লোহায় ঘা দেয়।
**অধিকার**—১ পরিচালনা; শাসন। ২ দপ্তর; অফিস। ৩ ব্যাকুল বাসনা; উচ্চাকাঙ্ক্ষা।
**অধিকোট্টন**—জল্লাদের ফাঁসি কাঠ বা কসাইয়ের মাংসকাটা মুগুর; হাড়িকাঠ; যে কাষ্ঠখণ্ডের বা অন্যবস্তুর উপর রেখে মাংস কাটা শিরশ্ছেদ করা হয়।
**অধিগচ্ছতি**—(অধি+গম্+অ) ১ অভীষ্ট লাভ করা; অর্জন করা; সিদ্ধিলাভ করা; সম্পাদন করা; লক্ষ্যে পৌছানো; ২ বুঝতে পারা; উপলব্ধি করা। *aor* **গচ্ছি**।
**অধিগণ্হাতি**—(অধি+গম্+ণ্হা) অতিক্রম করা; উৎকর্ষাদিতে ছাপিয়ে যাওয়া; ভোগদখল করা; অধিকারী বা মালিক হওয়া; (বলপ্রয়োগে) অধিকার করা; প্রবলতর শক্তি দ্বারা পরাজিত করা বা অভিভূত করা। *aor* **অধিগণ্হি**।
**অধিগত**—'অধিগচ্ছতি'র *pp*; গৃহীত; প্রাপ্ত, জ্ঞাত; বিদিত; অধীত।
**অধিগম**—গ্রহণ; স্বীকার; প্রাপ্তি; আধ্যাত্মিক জ্ঞান; অধ্যয়ন; প্রবেশ।
**অধিগমেতি**—(অধি+গম+এ) 'অধিগচ্ছতি' দেখুন।
**অধিগ্গহিত**—'অধিগণ্হাতি'র *pp*।
**অধিচিত্ত**—১ উচ্চতর ভাবনা; উচ্চতর ধ্যান; উচ্চতর সঙ্কল্প। ২ মনের একই কেন্দ্রীভূত করণ।
**অধিচ্চ**—('অধিযতি'র *abs*) অধীত; পঠিত; আবৃত্ত। **অধিচ্চসমুপ্পন্ন**—অধীত সমুৎপন্ন; স্বাধীন ইচ্ছামূলক;

স্বতোবৃত্ত বা স্বাভাবিক; ভেবে-চিন্তে করা হয়নি এমন; অকষ্টকল্পিত; সহজ; স্বতোজাত; অজ্ঞীবজনি; স্বতঃস্ফূর্ত।

**অধিট্‌ঠাতি, অধিট্‌ঠহতি**—(অধি+ঠা+অ) দৃঢ়ভাবে বা স্থিরভাবে বা অটলভাবে দাঁড়ানো; সঙ্কল্প করা; মনোযোগ স্থাপন করা। *aor* **অধিট্‌ঠাসি, অধিট্‌ঠহি**।

**অধিট্‌ঠাতব্ব**—সঙ্কল্পবদ্ধ হওয়া উচিত।

**অধিট্‌ঠান**—নির্ধারণ; নিষ্পত্তি; সঙ্কল্প; দৃঢ়সঙ্কল্প; অধিষ্ঠান।

**অধিট্‌ঠায**—অধিট্‌ঠতি'র *abs.*

**অধিট্‌ঠাযক**--তত্ত্বাবধানরত; নিয়ন্ত্রণরত; পরিচালনরত; তত্ত্বাবধায়ক; নিয়ন্ত্রক; পরিচালক।

**অধিট্‌ঠিত**—('অধিট্‌ঠাতি'র *pp*) সঙ্কল্পবদ্ধ; পরিগৃহীত; নিরত; দায়ী; অধিষ্ঠিত; অবস্থিত; আবিষ্ট।

**অধিপ, অধিপতি**—কর্তা; স্বামী; অধিকারী; প্রভু; রাজা।

**অধিপঞ্‌ঞা**—অধিপ্রজ্ঞা; উচ্চতর জ্ঞান।

**অধিপতন**—১ আক্রমণ। ২ কারও বিরুদ্ধে ছুটে গমন। ৩ লাফিয়ে লাফিয়ে চলন।

**অধিপন্ন**—যন্ত্রণাপ্রাপ্ত হয়ে; উৎপীড়িত হয়ে; দুর্দশাগ্রস্ত হয়ে; প্রবিষ্ট।

**অধিপাত**—সর্বনাশ; ধ্বংস; বিনাশ; বিলয়; ধ্বংসের কারণ।

**অধিপাতক**—কাপড়-কাটা পোকা; প্রজাপতির ন্যায় রাতের পতঙ্গ বিশেষ; দেয়ালি পোকা; আলোপতঙ্গ; ফড়িং।

**অধিপাতেতি**—(অধি+পত্‌+এ) ধ্বংস করা; বিনাশ করা; ভেঙে ফেলা; চূর্ণ করা।

**অধিপ্পায**—অভিপ্রায়; মতলব।

**অধিপ্পেত**--অভিপ্রেত; অভীপ্সিত, উদ্দিষ্ট; আকাঙ্ক্ষিত; প্রার্থিত; কাম্য।

**অধিভবতি**—(অধি+ভূ+অ), প্রবলতর শক্তি দ্বারা পরাজিত করা বা অভিভূত করা। *aor* **অধিভাবি**। *pp* **অধিভূত**।

**অধিমত্ত**—অধিমাত্র; সীমাতিরিক্ত; মাত্রাতিরিক্ত; ছাপিয়ে যায় এমন; প্রচুর; অত্যন্ত বেশি। **অধিমত্ততা**—মাত্রাধিক্য; সীমাদি অতিক্রম বা লঙ্ঘন।

**অধিমান**—অবাস্তব মূল্যবিচার করা বা গণনা করা বা হিসাব করা।

**অধিমানিক**—যিনি মনে করেন যে তিনি অতিপ্রাকৃত জ্ঞান অর্জন করেছেন; প্রকৃতপক্ষে ঐরূপ নয়।

**অধিমুচ্চতি**—(অধি+মুচ্‌+য) ১ অনুরক্ত করা বা সংযুক্ত করা; সংশ্লিষ্ট করা; ঝোঁকা; আনত হওয়া। ২ প্রতিভার দ্বারা বা কর্মশক্তির দ্বারা অধিকারী বা মালিক হওয়া; বলপ্রয়োগে অধিকার করা; ভোগদখল করা। *aor* **অধিমুচ্চি**।

**অধিমুচ্চনা**—মন সাজানো; মন গঠন করা; উদ্দীপনা বা কর্মশক্তির বলে ভোগদখল বা অধিকার বা মালিকানা।

**অধিমুচ্চিত**--('অধিমুচ্চতি'র *pp*) বুদ্ধিভ্রষ্ট; মোহাচ্ছন্ন।

**অধিমুত্ত**—('অধিমুচ্চতি'র *pp*) দৃঢ় সঙ্কল্পিত; আনত; অনুরক্ত।

**অধিমুত্তি**—অটল বা স্থিরসঙ্কল্প; বিন্যাস; ব্যবস্থা।

**অধিমুত্তিক**—আনত; সংযুক্ত।

**অধিমোক্‌খ**—অধিমোক্ষ; স্থির সিদ্ধান্ত; অটল সঙ্কল্প; স্থির সঙ্কল্প।

**অধিরোহণী**—সোপান; মই।

**অধিবচন**—নাম; অভিধা; সংজ্ঞা।

**অধিবত্ততি**—(অধি+বৎ+অ) প্রবল শক্তি দ্বারা পরাজিত করা বা অভিভূত করা। *aor* **অধিবত্তি**।

**অধিবত্থ**—বসবাসে রত; অধিষ্ঠানে রত; জীবনধারণে রত; জীবনযাপনে রত।

**অধিবসতি**—(অধি+বস্‌+অ) বসবাস করা; অধিষ্ঠান করা; জীবনধারণ করা; জীবনযাপন করা।

**অধিবাসক**—স্থায়ী; টেকসই; সহিষ্ণু; ধৈর্যশীল; দীর্ঘকাল ধরে ভুগছে বা সহ্য করছে এমন; কোনো কিছুর সাথে সঙ্গতিপূর্ণ।

**অধিবাসনা**—সহন; সহিষ্ণুতা; ধৈর্য; টেকসই হওয়া; দীর্ঘস্থায়িত্ব; দীর্ঘকালব্যাপী অনুষ্ঠান।

**অধিবাসেতি**—(অধি+বস্‌+এ) ১ সহ্য করা। ২ অপেক্ষা করা; প্রতীক্ষা করা। *aor* **অধিবাসেসি**।

**অধিবুত্থ**—('আধবসতি'র *pp*)।

**অধিসীল**--অধিশীল; উচ্চতর নৈতিকতা; ন্যায়পরায়ণতা, ধার্মিকতা; সততা; জিতেন্দ্রিয়তা; কর্তব্যপালন নীতি।

**অধিসেতি**—(অধি+সি+এ) অবস্থান করা; থাকা; নির্ভর করা; ভবিষ্যতের জন্য মুলতবি বা স্থগিত থাকা। *aor* **অধিসেসি**। *pp* **অধিসযিথ**।

**অধীন**—নির্ভরশীল; বশবর্তী; আয়ত্ত; বশ; অনুগত; বাধ্য; আজ্ঞাকারী; আশ্রিত।

**অধীযতি**—(অধি+ঈ+য) ; পাঠ; অধ্যয়ন; মুখস্থ করা। *aor* **অধীযি**। *pp* **অধীত**।

**অধুনা**—এখন; বর্তমানে; ইদানীং; সম্প্রতি; এক্ষণে।

**অধো**—অধঃ; নিম্নভাগ, নিম্নদেশ; নিম্নভাগে; নিম্নদেশে। **অধোকত**—অধঃকৃত; নিচু করা হয়েছে এমন। **অধোগম**—অধঃগমন। **অধোভাগ**—অধঃভাগ; দিক; তলদেশ। **অধোমুখ**—নতমুখ;

হেঁটেমুখ; নিম্নদিকে মুখ করে আছে এমন; অপ্রতিভ।

**অনঙ্গণা**—আবেগহীন; ক্রোধহীন; প্রণয় বা আসক্তি-হীন; অনিন্দনীয়; নিখুঁত।

**অনজ্‌ঝিট্‌ঠ**—অকারণে; অহেতুক; অনিমিত্ত; অনভিপ্রায়ে; অনাহূত অবস্থায়।

**অনণ**—অঋণী; ঋণমুক্ত।

**অনত্ত**—অনাত্ম; অহং-শূন্য।

**অনত্তমন**—অসন্তুষ্ট।

**অনত্থ**—১ অনর্থ। ২ অনিষ্ট। ৩ দুর্ভাগ্য; বিপত্তি; অমঙ্গল; অর্থহীন।

**অনধিবর**—পবিত্রকৃত; আশীর্বাদপ্রাপ্ত; স্বর্গসুখে সুখী; পবিত্র বলে খ্যাত; মহিমান্বিত ও সৌভাগ্যবান যিনি।

**অননুচ্ছবিক**—অনুপযুক্ত; অনুচিত; বেমানান; বেঠিক; অশোভন।

**অনন্ত**—শেষ নাই এমন; অসীম; অসংখ্য।

**অনন্তর**—অব্যবহিত; ঠিক পরবর্তী; নিকটবর্তী। **অনন্তরং**—উহার পর; তারপর।

**অনপেক্‌খ**—অনপেক্ষ; ন (নাই) অপেক্ষা যার; নিরপেক্ষ; নির্ভরহীন।

**অনপ্পক**—অনেক পরিমাণ; অসংখ্য; তুচ্ছ নয়; যৎকিঞ্চিৎ নয়; কিঞ্চিন্মাত্র নয়।

*অনভাব—(অনু+অভাব); চরম বা পরম নিবৃত্তি; ক্ষান্তি; বিরতি; সমাপ্তি।

**অনভিরত**—অনাসক্ত; নিরানন্দ; সুখানুভূতিহীন।

**অনভিরতি**—অতৃপ্তি; অসন্তুষ্টি; বিষণ্নতা; বিষাদপূর্ণ; মনমরা ভাব।

**অনমতগ্‌গ**—যাঁর আরম্ভ বা সূত্রপাত বা উদ্ভব অজ্ঞাত।

**অনয**—দুর্ভাগ্য।

**অনরিয**—অনার্য; হীনজাত; ইতর; নীচ; অসম্মানজনক; নিম্নশ্রেণীর জনসম্প্রদায়ের; সাধারণ; অমার্জিত; অভদ্র।

**অনল**—অগ্নি; আগুন।

**অনলঙ্কত**—১ অনলঙ্কৃত।২ অসন্তুষ্ট।৩ অসজ্জিত।

**অনবট্‌ঠিত**—অনবস্থিত; অস্থিরীকৃত; অব্যবস্থিত; অমীমাংসিত, পরিবর্তনশীল।

**অনবয**—অনভাব; পরিপূর্ণ; সম্পূর্ণ।

**অনবরত**—অবিরত; অপরিবর্তনীয়; অবিচলিত; অবিরাম। **অনবরতং**—অবিরতভাবে; অপরিবর্তনীয় অবস্থায়; অবিচলিত হয়ে; বিরামহীনভাবে; পরিপূর্ণভাবে; সম্পূর্ণভাবে।

**অনবসেস**—অনবশেষ; অবশিষ্ট না রেখে; সম্পূর্ণ; পরিপূর্ণ। **অনবসেসং**—পূর্ণমাত্রায়; সম্পূর্ণভাবে।

**অনসন**—অনশন; উপবাস; উপোস।

**অনস্‌সাসিক**—সান্ত্বনাবিহীন; প্রবোধবিহীন।

**অনাকুল**—বিশৃঙ্খল নয়; বিভ্রান্ত নয়; হতবুদ্ধি নয়; কিংকর্তব্যবিমূঢ় নয়; জটিল নয়; ঝামেলা নয়।

**অনাগত**—এখনো আসেনি; ভবিষ্যৎ।

**অনাগমন**—আগমন নয়।

**অনাগামী**—যিনি ফিরে আসেন না অর্থাৎ যে মহাপুরুষ তৃতীয় পথ অর্জন করেছেন।

**অনাচার**—সমাজবিরুদ্ধ শাস্ত্রবিরুদ্ধ বা কুৎসিত আচরণ।

**অনাথ**—রক্ষকহীন; নিরাশ্রয়; সহায়হীন।

**অনাদর**—অযত্ন; অবজ্ঞা; অমনোযোগ; অসম্মান। **অনাদরিয**—উপেক্ষণীয়; অবজ্ঞেয়।

**অনাদা, অনাদায**—(ন+আদাতি); অনাদায়; আদায়ের অভাব; অপ্রাপ্তি; অপরিশোধ।

**অনাদিযিত্বা**—লক্ষ্য না করে; মনোযোগ না দিয়ে; মেনে না নিয়ে; গ্রহণ না করে।

**অনাপুচ্ছা**—জিজ্ঞাসা না করে; অনুমতি না নিয়ে।

**অনাময়**—নীরোগতা; সুস্থ অবস্থা; নীরোগ; সুস্থ।

**অনামসিত, অনামট্‌ঠ**—অস্পর্শিত; অসম্পর্কিত; অসংশ্লিষ্ট।

**অনাযতন**—অনায়তন; অনুপযুক্ত স্থান।

**অনাযাস**—অনায়াস অক্লেশ; অল্প পরিশ্রম; শ্রমবিহীন; সহজসাধ্য। **অনায়াসেন**—সহজে।

**অনাযূহন**—অপ্রচেষ্টা; অপ্রয়াস।

**অনাযূহন্ত**—অপ্রচেষ্টা; অপ্রয়াসী।

**অনারম্ভ**—বিক্ষোভমুক্ত; চাঞ্চল্যমুক্ত; অশান্তিমুক্ত।

**অনালয**—অনালয়; আসক্তিমুক্ত; বিমুখতা; বিরূপতা; বিরোধিতা।

**অনাবত্তী**—অনাবর্তী; যিনি ফিরে আসেন না।

**অনাবুত্থ**—বাস করেননি; বসবাস করেননি; অবস্থান করেননি।

**অনাবরণ**—উন্মুক্ত; খোলা; বাধাহীন; প্রতিবন্ধকহীন।

**অনাবাট**—খোলা; উন্মুক্ত; বন্ধ নয়।

**অনাবিল**—আবিলতাশূন্য; নির্মল।

**অনাসকত্ত**—ধর্মোদ্দেশ্যে উপবাস।

**অনাসব**—মাদকদ্রব্য-মুক্ত; রোষহীন; ক্রোধহীন; প্রচণ্ড আবেগশূন্য।

**অনাল্‌হিক**—দরিদ্র; গরিব; যার সামান্য পরিমাণও খাদ্য নাই।

**অনিক্কসাব**—যে মনের অবিশুদ্ধতা হতে মুক্ত নয়।

**অনিঘ**—অনঘ; দুঃখহীন; নিষ্পাপ; পবিত্র; নির্মল; সুন্দর।

**অনিচ্চ**—অনিত্য; অস্থায়ী; নশ্বর।

**অনিচ্ছন্ত, অনিচ্ছমান**—অনিচ্ছুক।

**অনিচ্ছা**—অপ্রবৃত্তি; আপত্তি; অসম্মতি; ঔদাসীন্য।
**অনিঞ্জন**—গতিহীনতা; নিশ্চলতা; স্থিরতা।
**অনিঞ্জিত**—নড়ানো অসাধ্য এমন; স্থির; নিশ্চল।
**অনিট্ঠ**—অনিষ্ট; অনভিলষিত; অপ্রীতিকর; অশোভনীয়; অস্বীকার্য; অসম্মত।
**অনিট্ঠিত**—অসমাপ্ত; সম্পাদিত হয়নি।
**অনিন্দিত**—অগর্হিত; অদুষ্ট; উত্তম।
**অনিন্দিয**—অনিন্দ্য; অনিন্দনীয়; নিখুঁত; অনবদ্য; উত্তম।
**অনিব্বিসন্ত**—আবিষ্কার নয়; অনুসন্ধান নয়।
**অনিমিস**—অনিমিষ; অনিমেষ; পলকহীন; অপলক।
**অনিযত**—অনিয়ত; অনিয়ন্ত্রিত; অনির্দিষ্ট।
**অনিল**—বায়ু; বাতাস। **অনিলপথ**—আকাশ। **অনিলোদ্ধত**—বায়ু আন্দোলিত; বাতাসের দ্বারা কম্পিত।
**অনিব্বত্তন**—অনিবর্তন; অবিরতি।
**অনিসম্মকারী**—অবিবেচিত কর্ম; অবিবেচনার কাজ; ত্বরিত; দ্রুতগতি; হঠকারী।
**অনিস্সর**—ক্ষমতা; প্রভাব; কর্তৃত্ব না থাকা।
**অনীক**—সিপাহি; যোদ্ধা। **অনীকগ্গ**—সৈনিকের পোশাক। **অনীকট্ঠ**—রাজকীয় দেহরক্ষী।
**অনীঘ**—'অনিঘ' দেখুন।
**অনীতিক**—আঘাত অথবা অনিষ্ট থেকে মুক্ত।
**অনীতিহ**—জনশ্রুতি বা জনরবের উপর ভিত্তি স্থাপিত নয়; স্বয়ং বা নিজে নিজে জ্ঞাত।
**অনুকঙ্খী**—আকুল আকাঙ্ক্ষী; আকুল আকাঙ্ক্ষাপূর্ণ।
**অনুকন্ততি**—(অনু+কন্ত্+অ); (অপরের) কথোপ-কথনের মধ্যে বাধা জন্মানো; কাটা। *aor* **অনুকন্তি**।
**অনুকম্পক, অনুকম্পী**—করুণাময়; করুণাপূর্ণ; সমবেদনা বা দরদ আছে এমন।
**অনুকম্পতি**—(অনু+কম্প্+অ) পরদুঃখ কাতরতা; সমব্যথা; সমবেদনা; দরদ আছে।
**অনুকম্পন, অনুকম্পা**—করুণা; সমবেদনা।
**অনুকম্পিত**—('অনুকম্পতি'র *pp*) অনুকম্পা বা সমবেদনাপ্রাপ্ত।
**অনুকরোতি**—(অনু+কর্+ও) অনুকরণ করা; নকল করা। *aor* **অনুকরী**। *pp* অনুকরত।
**অনুকার**—অনুকরণ।
**অনুকারী**—অনুকরণকারী।
**অনুকিণ্ণ**—('অনুকিরতি'র *pp*) আলগাভাবে বা ঝুরাভাবে (বালি ফুল শস্যবীজ প্রভৃতি) ছড়ানো; (কিছুর উপরে) ছড়িয়ে দেওয়া।
**অনুকুব্বতি**—'অনুকরোতি'র অনুরূপ। **অনু-কুব্বন্ত**—অনুকরণ করা।

**অনুকূল**—সপক্ষ; সহায়; সমর্থক। **অনুকূল ভাব**—সন্তুষ্ট করার জন্য আগ্রহ বা যত্ন; পরম সৌজন্য। **অনুকূল বাত**—অনুকূল বায়ু।
**অনুক্কম**—অনুক্রম; বিন্যাস; ফল; যথাযথ বা স্বাভাবিক অবস্থা; প্রণালি; তন্ত্র; শৃঙ্খলা; আদেশ; পর্যায়; অনুসরণ। **অনুক্কমেন**—ক্রমে ক্রমে; ক্রমশ; যথাকালে; স্বাভাবিক পরম্পরা অনুযায়ী।
**অনুখুদ্দক**—হ্রস্বতর; লঘুতর; গৌণ; অপ্রধান; তুচ্ছ; উপেক্ষণীয়; নিম্নতর; অপেক্ষাকৃত অল্প-বয়স্ক; নাবালক; অপেক্ষাকৃত অল্প গুরুত্বপূর্ণ।
**অনুগ**—অনুযায়ী; নিয়মানুগ; অনুগামী; অনুসরণকারী; অনুচর; সেবক।
**অনুগচ্ছতি**—(অনু+গম্+অ) অনুসরণ করা; অনুগমন করা। *aor* **অনুগচ্ছি**। *ptp* **অনুগন্তব্ব**।
**অনুগত**—মতানুবর্তী; বাধ্য; অনুজীবী; আশ্রিত।
**অনুগতি**—অনুসরণ; সহগমন; মতানুসরণ; সহমরণ; আসঞ্জন; আনুগত্য; অনুষঙ্গ।
**অনুগম, অনুগমন**—অনুসরণ।
**অনুগামিক, অনুগামী**—পশ্চাদ্‌গামী; সহচর; অনুসারী।
**অনুগাহতি**—(অনু+গাহ্+অ) ডোবা বা ডোবানো; সহসা মুশকিলে বা অসুবিধায় ফেলা; ঝাঁপ; নিমজ্জন; আকস্মিক নিক্ষেপ; প্রবেশ করা। *aor* **অনুগাহি**।
**অনুগিজ্ঝতি**—(অনু+গিধ্+অ) ব্যগ্রভাবে কামনা করা বা অন্যায় লালসা করা। *aor* **অনুগিজ্ঝি**।
**অনুগিদ্ধ**—('অনুগিজ্ঝতি'র *pp*) লোলুপ; অর্থ লোলুপ; আকুল আকাঙ্ক্ষা; অর্থগৃধ্নু।
**অনুগ্গণ্হাতি**—(অণু+গহ্+ণ্হা) অনুগ্রহ করা; সাহায্য করা; (কারও প্রতি) সমবেদনা থাকা। *aor* **অনুগ্গণ্হি**।
**অনুগ্গণ্হন, অনুগ্গহ**—অনুগ্রহ; সাহায্য; সহযোগিতা।
**অনুগ্গহিত**—('অনুগ্গণ্হতি'র *pp*) অনুগৃহীত; কৃপাপ্রাপ্ত; উপকৃত।
**অনুগ্গাহক**—অনুগ্রাহক; অনুগ্রহকারী; সাহায্যকারী; সমর্থক; উৎসাহদাতা; পৃষ্ঠপোষক।
**অনুগ্গিরন্ত**—কথা বলে না এমন; শব্দ করে না এমন।
**অনুগ্ঘাটেতি**—(অনু+উ+ঘট্+এ) অনুদ্‌ঘাটন; খোলা; উন্মুক্ত করা; বন্ধন মোচন করা। *aor* **অনুগ্ঘাটেসি**।
**অনুচঙ্কমতি**—(অনু+কম্+অ) অনুচঙ্ক্রমণ করা; পদচারণারতকে অনুসরণ করা। *aor* **অনুচঙ্কমি**।

**অনুচর**—পশ্চাদ্‌গামী; আজ্ঞাবহ; সহচর; সেবক; অনুগামী ব্যক্তি।

**অনুচরতি**—(অনু+চর্+অ) পশ্চাৎ গমন; অনুগমন করা; সেবা করা; আজ্ঞা পালন করা।

**অনুচরণ**—চর্চায় রত; অভ্যাসে রত; কার্যে পরিণত করা; সম্পাদন; পূর্ণ সংসোধন।

**অনুচরিত**—('অনুচরণ'র *pp*) সঙ্গে নিয়ে; পরিব্যাপ্ত হয়ে; অভ্যস্ত হয়ে।

**অনুচিন্ন**--('অনুচরতি'র *pp*) অভ্যস্ত; সিদ্ধ; পরিচিত।

**অনুচিনাতি**—(অনু+চি+না) সংগ্রহ করা বা অভ্যাস করা। *aor* **অনুচিনি**।

**অনুচিত**—(ন+উচিত) অবৈধ; অন্যায্য; অনুপযুক্ত; অনভ্যস্ত।

**অনুচিন্তেতি**—(অনু+চিত্+এ) ভেবে দেখা; বিবেচনা করা। *aor* **অনুচিন্তেসি**।

**অনুচ্চারিত**—অকথিত; যে কথা মুখ হতে বের করা হয়নি।

**অনুচ্চিট্‌ঠ**—অনুচ্ছিষ্ট; যা স্পর্শ করা হয়নি; যা ভুক্তাবশিষ্ট নয়।

**অনুচ্ছবিক**—উপযুক্ত; মানানসই; যথাযোগ্য; পর্যাপ্ত; যথাযথ; শোভন।

**অনুজ**—ভাই; পরে জাত; কনিষ্ঠ ভ্রাতা; ছোট ভাই।

**অনুজা**—ভগ্নী; কনিষ্ঠা; কনিষ্ঠা ভগ্নী; ছোট বোন।

**অনুজাত**—পরে জাত অথবা (এক পিতার) সদৃশ।

**অনুজানাতি**—(অনু+ঞা+না) অনুমতি দেওয়া; অনুমোদন করা। *aor* **অনুজানি**।

**অনুজীবতি**—(অনু+জীব+অ) বিদ্যমান বা অস্তিমান থাকা; বেঁচে থাকা; জীবিত থাকা; চালু থাকা। *aor* **অনুজীবি**।

**অনুজীবী**—মুখাপেক্ষী ব্যক্তি; পোষ্য; নির্ভরশীল; পরাধীন।

**অনুজু**—অঋজু; সোজা নয়; বক্র; বাঁকা।

**অনুঞ্‌ঞা**—অনুজ্ঞা; অনুমতি; সম্মতি।

**অনুঞ্‌ঞাত**—('অনুজানাতি'র *pp*) অনুজ্ঞাত; অনুমতিপ্রাপ্ত; সম্মতিপ্রাপ্ত।

**অনুট্‌ঠহন্ত, অনুট্‌ঠহান, অনুট্‌ঠাতু**—যে নিজেকে জাগায় না; নিষ্ক্রিয় ব্যক্তি; নিষ্ক্রিয়।

**অনুট্‌ঠান**—অনুত্থান; নিষ্ক্রিয়তা; আলস্য।

**অনুট্‌ঠিত**—১ অনুত্থিত। ২ উঠে নাই এমন; অনুদ্যত। ৩ সম্পন্ন করা হয়েছে এমন।

**অনুডহতি**—(অনু+ডহ্+অ) শিখাবিস্তার করে জ্বলে ওঠা; পোড়ায়ে ছাই করা; হজম করা। *aor* **অনুডহি**।

**অনুডহন**—অনুদহন; জ্বালা; দগ্ধকরণ; জ্বলন; দাহ; যন্ত্রণা।

**অনুতপ্পতি**--(অনু+তপ্+য) অনুতাপ করা; অনুশোচনা করা। *aor* **অনুতপ্পি**।

**অনুতাপ**—নিদারুণ মানসিক বা শারীরিক যন্ত্রণা; অনুশোচনা; মনস্তাপ।

**অনুতিট্‌ঠতি**—(অনু+ঠা+অ) ১ খুব নিকটবর্তী দাঁড়ানো; পার্শ্ববর্তী দাঁড়ানো। ২ একমত হওয়া; সম্মত বা রাজি হওয়া; মানানো; খাপ খাওয়া; শোভন হওয়া।

**অনুতীর**—নদীর তীর বা উপকূলের সন্নিহিত পার্শ্ববর্তী বা নিকটবর্তী অঞ্চল। **অনুতীরং**—তীর বা উপকূল বরাবর।

**অনুত্তর**--সর্বশ্রেষ্ঠ; অতুলনীয়; উত্তরহীন। **অনুত্তরিয**—যারপর নাই শ্রেষ্ঠত্ব; উত্তরহীন শ্রেষ্ঠত্ব; পরম কৃতিত্ব; পরমোৎকর্ষ; মহত্ত্ব।

**অনুত্তান**—১ ভাসা-ভাসা নয়; গভীর; অন্ধকারময়। ২ অস্পষ্ট; গুপ্ত; বৈশিষ্ট্যহীন।

**অনুত্থুনন**—বিড়বিড়ানি; বিলাপ; দুঃখ প্রকাশ; আর্তনাদ; শোক।

**অনুত্থুনন্ত**—'অনুত্থুনাতি'র *prp*।

**অনুত্থুনাতি**—(অনু+থু+না) বিলাপ করা; গোঙানো; শোক করা; উচ্চৈঃস্বরে বিলাপ করা।

**অনুত্রাসী**—যিনি ভয় করেন না।

**অনুদদাতি**—(অনু+দা+অ) প্রদান করা; মঞ্জুর করা; সমর্পণ করা; ত্যাগ করা।

**অনুদহতি**—'অনুডহতি' দেখুন।

**অনুদিসা**—মধ্যবর্তী নির্দেশ।

**অনুদ্দযা**—'অনুকম্পা' দেখুন।

**অনুদ্দিট্‌ঠ**—অনুদ্দিষ্ট; অনির্দেশিত; উপদিষ্ট হয়নি যা; অনুক্ত; অনুচ্চারিত।

**অনুদ্ধট**—অবিচ্ছিন্নকৃত; সর্বনাশ করা হয়নি; বিনাশ করা হয়নি।

**অনুদ্ধত**—উদ্ধত নয়; অহঙ্কারী নয়; গর্হিত নয়; গর্ব-স্ফীত নয়।

**অনুদ্ধম্ম**—অনুধর্ম; বিধি বা নিয়ম অনুসারে; ধুতাঙ্গ প্রভৃতি অপেক্ষাকৃত সহজ ধর্ম। এগুলো অভ্যাস করলে শেষে লোকোত্তর ধর্মে, অধিকার জন্মে। বুদ্ধ লোকোত্তর ধর্মের প্রবর্তক।

**অনুধাবতি**—(অনু+ধাব্+অ) ধরবার জন্য ছোটা; পাবার জন্য সাগ্রহ চেষ্টা করা। *aor* **অনুধাবি**।

**অনুনয**—অনুনয়; কাতর প্রার্থনা; মিনতি; বিনীত অনুরোধ; বন্ধুত্ব।

**অনুনাসিক**—নাসিকা সহযোগে উচ্চারণীয় বর্ণ।

**অনুনেতি**—(অনু+নী+এ) শুভেচ্ছা অর্জন করা; মন পাওয়া; শান্ত করা; তৃপ্ত করা; প্রশমিত করা।

**অনুনেতু**—যিনি সমন্বয়সাধন করানো; যিনি মিলনসাধন করান।

**অনুপ**—জলপূর্ণ; জলসিক্ত; জলবৎ; পাতলা; স্বচ্ছ; স্বাদহীন; দুর্বল; নিস্তেজ অনুজ্জ্বল।

**অনুপক্কুট্ঠ**—অনিন্দনীয়; ভর্ৎসনার অযোগ্য; অলজ্জাকর।

**অনুপখজ্জ**—সীমালঙ্ঘন করিয়ে; অনধিকার প্রবেশ করিয়ে।

**অনুপঘাত**—মৈত্রী; মনুষ্যত্ব; অহিংসা।

**অনুপচিত**—অস্তূপীকৃত; অপুঞ্জিত।

**অনুপচ্ছিন্ন**—অবিচ্ছিন্ন; অবিরাম; অবিরত অগ্রগমন।

**অনুপঞ্ঞত্তি**—অনুপ্রজ্ঞপ্তি; অনুপূরক বা সম্পূরক নিয়ম।

**অনুপটিপাটি**—অনুসরণ; উত্তরাধিকার; উত্তর পুরুষ। **অনুপটিপাটিযা**—পরম্পরাগতভাবে; ধারাবাহিক-ভাবে।

**অনুপট্ঠিত**—অনুপস্থিত; হাজির হয়নি এমন; অনাগত।

**অনুপততি**—(অনু+পত্+অ) আক্রমণ করা; ঘটা। *aor* **অনুপতি**।

**অনুপতিত**—('অনুপততি'র *pp*); আক্রান্ত; প্রভাবিত; অনুরক্ত; অভিভূত; পীড়িত।

**অনুপত্তি**—অভীষ্ট লাভ; সিদ্ধি; সফলতা; সাফল্য।

**অনুপদং**—১ কথায় কথায় ২ কাছাকাছি।

**অনুপদ্দব**—অনুপদ্রব; উপদ্রবমুক্ত; বিপদমুক্ত।

**অনুপধারেত্বা**—উপেক্ষা করত; অবজ্ঞা করত; বিবেচনা করে না দেখে।

**অনুপব্বজতি**—(অনু+প+ব্র+অ) অন্যের অনুকরণে সাংসারিক জীবন পরিত্যাগ করা।

**অনুপমেয্য**—অনুপমেয়; অতুলনীয়; নিরুপম; অত্যুৎকৃষ্ট।

**অনুপরিগচ্ছতি**—(অনু+পরি+গম্+অ) বৃত্তাকারে গমন করা। *aor* **অনুপ্রবিগচ্ছি**।

**অনুপরিধাবতি**—(অনু+পরি+ধাব্+অ) ইতস্তত চতুর্দিকে দৌড়াদৌড়ি করা; ছুটাছুটি করা।

**অনুপরিযাতি**—(অনু+পরি+যা+অ) ঘুরে ঘুরে বেড়ানো। *aor* **অনুপরিযাযি**।

**অনুপরিবত্ততি**—(অনু+পরি+বত্+অ) ক্রমাগত ঘুরে ঘুরে চলা; অস্থির রাখা। *aor* **অনুপরিবত্তি**।

**অনুপরিবত্তন**—অনুপরিবর্তন; অনুপ্রকাশ; বিবর্ধন।

**অনুপলিত্ত**—নিষ্কলঙ্ক; লিপ্ত নয় এমন; মর্দিত নয় এরূপ।

**অনুপবজ্জ**—অনিন্দনীয়; নিখুঁত।

**অনুপবত্তেতি**—(অনু+প+বত্+এ) প্রবর্তন চালিয়ে যাওয়া; পরম্পরা অনুসারে ক্ষমতা পরিচালনা করা। *aor* **অনুপবত্তেসি**।

**অনুপবিট্ঠ**—'অনুপবিসতি'র *pp*।

**অনুপবিসতি**—(অনু+প+বিস্+অ) ভিতরে গমন; প্রবেশ করা। *aor* **অনুপবেসি**।

**অনুপসম্পন্ন**—যিনি এখনও পূর্ণ রায় বা আদেশ বা উপসম্পদা লাভ করেননি।

**অনুপস্সক**—পর্যবেক্ষক; যিনি নিবিষ্টভাবে অবলোকন করেন।

**অনুপস্সতি**—(অনু+দিস্+অ) পর্যবেক্ষণ করা; নিবিষ্টভাবে অবলোকন করা। *aor* **অনুপস্সি**।

**অনুপস্সনা**—১ বিবেচনা। ২ গভীর অনুভূতি।

**অনুপস্সী**—'অনুপস্সক' দেখুন।

**অনুপহচ্চ**—(ন+উপ+হন্+য) মর্মাঘাত না দিয়ে; যন্ত্রণা না দিয়ে।

**অনুপহত**—ক্ষতিগ্রস্ত নয় এমন; ধ্বংসপ্রাপ্ত নয় এমন।

**অনুপাত**—বাক্যে আক্রমণ।

**অনুপাতী**—যিনি আক্রমণ বা পশ্চাদনুসরণ করেন।

**অনুপাদা**—আঁকড়ে ধরার জন্য ব্যগ্র নয়; লোলুপ নয়।

**অনুপাদান**—১ অসংলগ্ন; অসংসক্ত; অসংশ্লিষ্ট। ২ ইন্ধনবিহীন।

**অনুপাদিসেস**—কোনো প্রকার নিম্নস্তর ব্যতীত।

**অনুপাপুণাতি**—(অনু+প+অপ্+উনা) পৌঁছা; অর্জন করা। *aor* **অনুপাপুণি**।

**অনুপাপেতি**—(অনু+প+অপ্+এ) পরিচালনা করা; পথ প্রদর্শন করা। *aor* **অনুপাপেসি**।

**অনুপায**—অনুপায়; নিরুপায়; নিরবলম্ব।

**অনুপাযাস**—অনুপায়াস; দুঃখহীন; শান্ত; অচঞ্চল।

**অনুপালক**—পাহারারত; তত্ত্বাবধানরত; প্রতিরক্ষক; অভিভাবক।

**অনুপালন**—প্রতিপালন; ভরণপোষণ; রক্ষণ।

**অনুপালেতি**—(অনু+পাল্+অ) পালন করা; প্রতি-পালন করা; নিরাপদে রক্ষণ; প্রহরা। *aor* **অনুপালেসি**।

**অনুপুচ্ছতি**—(অনু+পুচ্ছ+অ) (স্বাস্থ্য প্রভৃতি সম্বন্ধে) জিজ্ঞাসা করা। *aor* **অনুপুচ্ছি**।

**অনুপুট্ঠ**—('অনুপুচ্ছতি'র *pp*) জিজ্ঞাসিত হয়ে; প্রশ্নিত হয়ে।

**অনুপুব্ব**—অনুপূর্ব; পরম্পরাগত; ধারাবাহিকভাবে; ক্রমশ। **অনুপুব্বং, অনুপুব্বেন**—ক্রমে ক্রমে;

ভবিষ্যতে; কালক্রমে; অচিরে। **অনুপুব্বতা**—স্নাতক উপাধি; অনুসরণ; পরম্পরা আগমন; উত্তরাধিকার।

**অনুপেক্‌খতি**—(অনু+উপ+ইক্‌খ+অ) সাবধানে বিবেচনা করা। *aor* **অনুপেক্‌খি**।

**অনুপেক্‌খনা**—বিবেচনা; সুবিবেচনা।

**অনুপেসেতি**—(অনু+পেস্‌+এ) উৎপাদন করা; বিকীর্ণ করা। *aor* **অনুপেসেসি**।

**অনুপোসিয**—লালিতপালিত হওয়া; পুষ্ট হওয়া।

**অনুপ্পত্ত**—'অনুপাপুণাতি'র *pp*।

**অনুপ্পত্তি**—১ উপস্থিতি; অর্জন। ২ (ন+উপ্পত্তি) পুনর্জন্মের নিবৃত্তি; অনুৎপত্তি।

**অনুপ্পদাতু**—দাতা; প্রদানকারী; যিনি প্রদান করেন।

**অনুপ্পদান**—দান; সমর্পণ।

**অনুপ্পদিন্ন**—'অনুপ্পদাতি'র *pp*।

**অনুপ্পদাতি**—(অনু+প+দা+অ)।

**অনুপ্পদেতি**—(অনু+প+দা+এ) বিতরণ করা; দিয়ে ফেলা।

**অনুপ্পন্ন**—অনুৎপন্ন; জন্ম হয়নি এমন; উদ্ভব হয়নি এমন।

**অনুপ্পবন্ধ, অনুপ্পবন্ধনা**—স্থায়িত্ব; অবিরাম; অনুবৃত্তি।

**অনুপ্‌ফরণ**—পরিব্যাপন; স্ফুরণ; অনুস্ফুরণ; দীপ্তি; প্রকাশ।

**অনুবদ্ধ**—('অনুবন্ধতি'র *pp*) একত্র আবদ্ধ; সংযুক্ত; সম্পর্কযুক্ত; সংশ্লিষ্ট; অনুসৃত।

**অনুবন্ধতি**—(অনু+বধ্‌+ং+অ) ক্রমাগত বিরুদ্ধাচরণ বা ক্ষতিসাধনের চেষ্টা করা; দ্রুত অনুসরণ করা; অনুবন্ধন করা; সংযুক্ত করা। *aor* **অনুবন্ধি**।

**অনুবন্ধন**—১ সংযোগ। ২ পশ্চাদ্ধাবন। ৩ অনুসরণ।

**অনুবল**—সাহায্য; উদ্দীপক; উত্তেজক; প্ররোচক; সেনাবাহিনীর পশ্চাদ্ভাগরক্ষী সৈনিকগণ।

**অনুবুজ্‌ঝতি**—(অনু+বুধ্‌+য) কল্পনা করা; বুঝতে পারা; উপলব্ধি করা। *aor* **অনুবুজ্‌ঝি**।

**অনুবুজ্‌ঝন**—বুঝন; উপলব্ধি করণ; জাগরণ; জেগে উঠছে এমন।

**অনুবুদ্ধ**—('অনুবুজ্‌ঝতি'র *pp*) বুঝেছেন এমন; উপলব্ধি করেছেন এমন; অন্তরে ধারণ করেছেন এমন।

**অনুবেধ**—বোধ; অনুভব; উপলব্ধি; জ্ঞান; বুদ্ধি।

**অনুব্যঞ্জন**—গৌণ আরোপিত অঙ্গ গুণ ধর্ম অংশ ক্রিয়া লক্ষণ প্রভৃতি।

**অনুব্রূহিত**—('অনুব্রূহেতি'র *pp*) উন্নত; শক্তিশালী হয়ে।

**অনুব্রূহেতি**—(অনু+ব্রূ+এ) উন্নতি করা; কার্যকর করা; সম্পাদন করা। *aor* **অনুব্রূহেসি**।

**অনুভবতি**—(অনু+ভূ+অ) ১ অধীন হওয়া। ২ অংশগ্রহণ করা; অংশী হওয়া। ৩ ভোজন করা। ৪ অভিজ্ঞতা লাভ করা; অনুভব করা।

**অনুভবন**—অভিজ্ঞ হওন; ভোগ করণ; ভোজন।

**অনুভবন্ত**—('অনুভবতি'র *pp*)।

**অনুভুত্ত, অনুভূত**—('অনুভবতি'র *pp*) অনুভূত; ভুক্তভোগী; অভিজ্ঞ; অধীন।

**অনুভূযমনি**—অভিজ্ঞ হয়ে।

**অনুভোতি**—'অনুভবতি' দেখুন। *prp* **অনুভবন্ত**।

**অনুমজ্জতি**—(অনু+মজ্‌+অ) আঘাত করণ। *aor* **অনুমজ্জি**।

**অনুমজ্জন**—অনুমর্দন; দলন; পেষণ; পিষ্টকরণ; পীড়ন।

**অনুমঞ্ঞতি**—(অনু+মন্‌+অ) রাজি হওয়া; হ্যাঁ বলা; প্রতিপাদন করা; সমর্থন করা; অনুমোদন করা। *aor* **অনুমঞ্ঞি**।

**অনুমত**—('অনুমঞ্ঞতি'র *pp*) অনুমোদিত; সম্মত; স্বীকৃত; আদিষ্ট।

**অনুমতি**—সম্মতি; অনুমোদন; অনুজ্ঞা; আদেশ।

**অনুমান**—আন্দাজ; ধারণা; কার্য দেখে কারণ জ্ঞান।

**অনুমীযতি**—(অনু+মা+ঈ+য) (কিছু হতে) সিদ্ধান্ত করা; উপসংহার করা; সমাপ্ত করা। *aor* **অনুমীযি**।

**অনুমোদক**—যিনি যথাযথভাবে উপলব্ধি করেন; প্রশংসনীয় বলে বোধ করেন বা ধারণা করেন; ধন্যবাদদাতা; কৃতজ্ঞতা-জ্ঞাপনকারী।

**অনুমোদতি**—(অনু+মুদ্‌+অ) আনন্দিত করা; যথাযথভাবে উপলব্ধি করা; প্রশংসনীয় বলে বোধ করা। *aor* **অনুমোদি**।

**অনুমোদনা**—১ ধন্যবাদ দান; যথাযথ উপলব্ধি; অনুকূল মত প্রকাশ। ২ অন্তর্নিহিত ন্যায়-অন্যায় বা দোষ-গুণের বিষয়ান্তরণ।

**অনুমোদিত**—'অনুমোদতি'র *pp*।

**অনুমোদেতি**—আনন্দিত করানো; যথাযথভাবে উপলব্ধি করানো; প্রশংসনীয় বলে বোধ করানো।

**অনুযন্ত**—১ পোষ্য; অনুচর; নির্ভরশীল; পরাধীন। ২ ভরণপোষণাদির জন্য কারও মুখাপেক্ষী।

**অনুযাত**—('অনুযাতি'র *pp*) অনুসৃত।

**অনুযাতি**—(অনু+যা+অ) অনুসরণ করা। *aor* **অনুযাযি**।

**অনুযাযী**—অনুযায়ী; অনুসরণকারী; অনুগামী; সহগামী।

**অনুযুঞ্জতি**—(অনু+যু+ং+অ) নিযুক্ত করা; অনুসন্ধান

করা; আপত্তি তোলা; নিজকে ছেড়ে দেওয়া। *aor* **অনুযুঞ্জি**।

**অনুযুত্ত**—('অনুযুঞ্জতির *pp*) ১ নিযুক্ত। ২ পরিচারক। ৩ মুখাপেক্ষী বা পোষ্য ব্যক্তি; বেতনভোগী অনুচর; সামন্ত।

**অনুযোগ**—অভিযোগ; গভীর অনুরক্তি; প্রগাঢ় প্রচেষ্টা; জিজ্ঞাসা; অনুসন্ধান।

**অনুযোগী**—যিনি অভ্যাসবশত বা প্রথা অনুযায়ী করণে বা পালনে রত।

**অনুরক্খক**—অনুরক্ষক; প্রতিরক্ষাকারী; প্রতিরক্ষক; সংরক্ষণকারী; সংরক্ষক; অনুরক্ষী।

**অনুরক্খন**—সংরক্ষণ; অনুরক্ষণ; প্রতিরক্ষণ।

**অনুরক্খতি**—(অনু+রখ্+অ) পাহারা দেওয়া; তত্ত্বাবধান করা; রক্ষা করা; বাধা দেওয়া; ঠেকিয়ে রাখা। *aor* **অনুরক্খি**।

**অনুরক্খা**—অনুরক্ষা; পাহারা; তত্ত্বাবধান; রক্ষা; ঠেকা।

**অনুরক্খকী**—'অনুরক্খক' দেখুন।

**অনুরক্খিয**—অনুরক্ষণীয়; প্রতিরক্ষণীয়।

**অনুরঞ্জতি**—(অনু+রঞ্জ+অ) আসক্ত করা; তুষ্টি সম্পাদন করা; আনন্দ দান করা। *aor* **অনুরঞ্জি**।

**অনুরঞ্জিত**—('অনুরঞ্জেতি'র *pp*)।

**অনুরঞ্জেতি**—(অনু+রঞ্জ+এ) উজ্জ্বল করা; আলোকিত করা; স্পষ্ট করা; সুন্দর করা; প্রফুল্ল করা; সৌন্দর্য সাধন করা; শ্রীমণ্ডিত করা; সাজানো। *aor* **অনুরঞ্জেসি**।

**অনুরত্ত**—('অনুরঞ্জতি'র *pp*) অনুরক্ত; আসক্ত; রত; প্রীতিযুক্ত; ভক্ত।

**অনুরব**—প্রতিধ্বনি; কোনো আওয়াজ হলে ঠিক তার অনুরূপ যে শব্দ পাওয়া যায় তা; প্রতিরূপ ধ্বনি।

**অনুরূপ**—সদৃশ; যোগ্য; অনুযায়ী; অনুসারী।

**অনুরোদতি**—(অনু+রুদ্+অ) রোদন করা; ক্রন্দন করা; কাঁদা। *aor* **অনুরোদি**।

**অনুরোধ**—সবিনয় প্রার্থনা; উপরোধ; সুপারিশ।

**অনুলিত্ত**—('অনুলিম্পতি'র *pp*) অনুলিপ্ত; লিপ্ত; অনুরঞ্জিত; রং করা।

**অনুলিম্পতি**—(অনু+লিপ+ং+অ)। **অনুলিম্পেতি**—(অনু+লিপ+ং+এ) লেপন; প্রলেপ; অঙ্গে বা উপরে লেপন করা। *aor* **অনুলিম্পি, অনুলিম্পেসি**।

**অনুলিম্পন**—লেপন; প্রলেপন; অঙ্গে বা উপরে লেপন।

**অনুলোম**—যথাক্রম; অবিরোধী; অ-শত্রুভাবাপন্ন; অনুরূপতা; বশ্যতা; অনুযায়িতা; স্বাভাবিকতা; সহায়; অনুকূল।

**অনুলোমেতি**—(*deno* অনুলোম) যথাক্রমে হওয়া; অনুরূপভাবে হওয়া; অনুযায়ী হওয়া। *aor* **অনুলেম্পেসি**।

**অনুৱত্তক, অনুৱত্তী**—অনুবর্তক; অনুবর্তী; অনুসরণকারী; অনুকারী; অন্যের মতানুযায়ী; অনুযায়ী; সহগামী; বশীভূত; সেবক; ফলস্বরূপ প্রাপ্ত; আগত।

**অনুৱত্ততি**—(অনু+বত্+অ) সহগমন করা; অনুসরণ করা; অনুবর্তন করা; অনুরূপ করা; অন্যের মতানুযায়ী হওন।

**অনুৱত্তন**—অনুবর্তন; অনুসরণ; অনুগমন; সহগমন; বশ্যতা; সেবা।

**অনুৱত্তেতি**—(অনু+ৱত্+অ) আবর্তন চালিয়ে যাওয়া; যথাক্রমে শক্তি নিয়ন্ত্রিত করা। *aor* **অনুৱত্তেসি**।

**অনুৱদতি**—(অনু+ৱদ্+অ) অখ্যাতি করা; নিন্দা করা। *aor* **অনুৱদি**।

**অনুৱস্সং**—বাৎসরিক; প্রত্যেক বর্ষাকালে। **অনুৱস্সিক**—বার্ষিক।

**অনুৱাত**—'বায়ুর অনুকূল; বায়ুর অভিমুখী। **অনুৱাতং**—অনুকূল বাতাস; অনুগত বাত।

**অনুৱাদ**—১ বারংবার বলা; পিছনে বলা; অনুকরণ; অখ্যাতি; নিন্দা; প্রতিকূলতা; বিড়ম্বনা। ২ ভাষান্তরিতকরণ; তরজমা।

**অনুৱাসনা**—সুরভিতকরণ; ধূপন।

**অনুৱাসেতি**—(অনু+ৱস্+এ) সুরভিত করা; সুগন্ধ দিয়ে পরিপূর্ণ বা পরিব্যাপ্ত বা উচ্ছ্বসিত করা। *aor* **অনুৱাসেসি**।

**অনুৱিচরতি**—(অনু+ৱি+চর্+অ) ইতস্তত বিচরণ করা; উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো বা পরিভ্রমণ করা। *aor* **অনুৱিচরি**।

**অনুৱিচরিত**—('অনুবিচরতি'র *pp*) ভাবিত; চিন্তিত; প্রতিবিম্বিত; গভীরভাবে বিবেচিত।

**অনুৱিচরণ**—ইতস্তত বা উদ্দেশ্যহীনভাবে বিচরণ বা পরিভ্রমণ বা ঘুরে বেড়ানো, ভবঘুরের ন্যায় ঘুরে বেড়ানো বা ফেরি করে বেড়ানো; ধীরে-সুস্থে হেঁটে বেড়ানো।

**অনুৱিচিনাতি**—(অনু+ৱি+চি+না) বিবেচনা করা; বিচার করা; চিন্তার দ্বারা নিরূপণ করা; ভেবে দেখা; পরীক্ষা করা। *aor* **অনুৱিচিনি**।

**অনুৱিচ্চ**—(অনুৱিচিনাতি'র *abs*) জ্ঞাত হয়ে; আবিষ্কার করে; দেখতে পেয়ে। **অনুৱিকার**—

অনুসন্ধান; তদন্ত; সুবিবেচিত ক্রিয়া।
**অনুবিজ্জক**—অনুবিদ্যক; পরীক্ষক; অনুসন্ধানী।
**অনুবিজ্জতি**—(অনু+বিদ্+য) অনুসন্ধান করা; পুঙ্খানুপুঙ্খরূপে জানা। *aor* **অনুবিজ্জি**।
**অনুবিজ্ঝতি**—(অনু+বিধ্+য) বিদ্ধ করা; ভেদ করা; বিঁধা; বেঁধা; ছিদ্র করা; পুঙ্খানুপুঙ্খরূপে বোঝা। *aor* **অনুবিজ্ঝি**।
**অনুবিতক্কেতি**—(অনু+বি+তক্ক্+এ) বিতর্ক করা; বিচার করা; গভীরভাবে বিবেচনা করা; ভেবে দেখা; প্রতিবিম্বিত করা। *aor* **অনুবিতক্কেসি**।
**অনুবিদিত**—জ্ঞাত; যা জানা গিয়েছে; স্বীকৃত।
**অনুবিদ্ধ**—('অনুবিজ্ঝতি'র *pp*)।
**অনুবিধীযতি**—(অনু+বি+ধা+ঈ+য) অনুসারে কাজ করা। *aor* **অনুবিধীযি**।
**অনুবিলোকেতি**—(অনু+বি+লোক+এ) অমনোযোগ ভরে বা হেলাফেলার সাথে পরীক্ষা করা বা পরিদর্শন করা; দেখেও না দেখা; উপেক্ষা করা। *aor* **অনুবিলোকেসি**।
**অনুবুত্থ**—বাস করল; বসবাস করল; অবস্থান করল।
**অনুব্যঞ্জন**—'অনুব্যঞ্জন' দেখুন।
**অনুসক্কতি**—(অনু+সক্ক্+অ) পশ্চাৎ বা পার্শ্ব পরিবর্তন করা। *aor* **অনুসক্কি**।
**অনুসংবচ্ছরং**—বাৎসরিক।
**অনুসঞ্চরতি**—(অনু+সং+চর্+অ) সঞ্চরণ করা; বিচরণ করা; চলা; কাঁপা। *aor* **অনুসঞ্চরি**।
**অনুসঞ্চরিত**—('অনুসঞ্চরতি'র *pp*) ঘন ঘন গত; মিলিত-মিশ্রিত।
**অনুসঞ্চরণ**—ইতস্তত বিচরণ; ক্রমাগত স্থান হতে স্থানান্তরে ভ্রমণ বা বিচরণ।
**অনুসত**—('অনুসরতি'র *pp*) অনুসৃত; ছিটানো; ছড়ানো।
**অনুসন্দতি**—(অনু+সন্দ্+অ) একটানা প্রবাহিত হওয়া; একটানা ভেসে চলা; সংযুক্ত হওয়া। *aor* **অনুসন্দি**।
**অনুসন্ধি**—সম্বন্ধ; মিলন; সংযোগ; সিদ্ধান্ত।
**অনুসয**—অনুশয়; স্বাভাবিক প্রবণতা বা ঝোঁক; অক্রিয় স্বভাব; অচেতন প্রবণতা; অনুতাপ; পূর্বশত্রুতা।
**অনুসযতি**—অচেতন থাকা।
**অনসযিত**—('অনুসযতি'র *pp*)।
**অনুসরতি**—(অনু+সর্+অ) অনুসরণ করা; অনুগমন করা। *aor* **অনুসরি**। *pp* **অনুসট**।
**অনুসবতি**—(অনু+সু+অ) অনবরত প্রবাহিত হওয়া; ফোঁটায় ফোঁটায় ঝরা। *aor* **অনুসবি**।
**অনু (অণু) সহগত**—অবশেষ বা অবশিষ্ট নিয়ে।
**অনুসাযিক**—সহজাত; জন্মগত; দীর্ঘস্থায়ী; বহু পুরানো।
**অনুসার**—পশ্চাদ্গমন; সদৃশীকরণ।
**অনুসারী**—অনুগামী; অনুরূপ।
**অনুসাবক**—যিনি ঘোষণা করেন বা জ্ঞাপন করেন; যিনি জনসাধারণ্যে বা ব্যাপকভাবে প্রচার করেন।
**অনুসাবন, অনুসাবনা**—ঘোষণা; প্রচার; বিজ্ঞপ্তি।
**অনুসাবিত**—('অনুসাবেতি'র *pp*)।
**অনুসাবেতি**—(অনু+সু+এ) ঘোষণা করা; জ্ঞাপন করা; প্রচার করা। *aor* **অনুসাবেসি**।
**অনুসাসক**—অনুশাসক; উপদেষ্টা; যে অপরকে সর্বদা সতর্ক হয়ে চলতে উপদেশ দেয়।
**অনুসাসতি**—(অনু+সাস্+অ) উপদেশ দেওয়া; সতর্ক করা; বিশেষভাবে উপদেশ দেওয়া; অনুশাসন করা; মৃদু ভর্ৎসনা করা। *aor* **অনুসাসি**।
**অনুসাসন, অনুসাসনী, অনুসাসনা**—অনুশাসন; শিক্ষাদান; শিক্ষা; নির্দেশ-আদেশ; উপদেশ।
**অনুসিক্খতি**—(অনু+সিক্খ+অ) শিক্ষা করা; কারও আদর্শ অনুসরণ করা।
**অনুসিক্খণ**—অনুশিক্ষণ; শিক্ষাগ্রহণ; শিক্ষাদান; অধ্যয়ন; অধ্যাপনা।
**অনুসিট্ঠ**—(অনুসাসতি'র *pp*)।
**অনুসিট্ঠি**—সতর্ক; বিশেষভাবে উপদেশ; ভর্ৎসনা; উপদেশ।
**অনুসূযক**—অপরশ্রীকাতর; ঈর্ষান্বিত নয় এমন।
**অনুসেতি**—'অনুসযতি' দেখুন।
**অনুসোচতি**—(অনু+সুচ্+অ) অনুশোচনা করা; উচ্চৈঃস্বরে বিলাপ; পশ্চাৎ দুঃখ প্রকাশ করা। *aor* **অনুসোচি**।
**অনুসোচন**—অনুশোচন; পশ্চাৎ দুঃখ প্রকাশ; উচ্চৈঃস্বরে বিলাপ; অনুতাপ।
**অনুসোত**—অনুস্রোত; নিম্নস্রোত। **অনুসোতং**—স্রোত বরাবর। **অনুসোতগামী**—যে বা যা স্রোতকে বা প্রবাহকে বা ধারাকে অনুসরণ করে।
**অনুস্সতি**—অনুস্মৃতি; অনুচিন্তন; সর্বদা চিন্তন; পরবর্তীকালে স্মরণ।
**অনুস্সরতি**—(অনু+সর+অ) অনুস্মরণ করা; অনুচিন্তন করা; পরবর্তীকালে স্মরণ করা। *aor* **অনুস্সরি**। *pp* **অনুস্সরি**।
**অনুস্সরিতু**—যিনি স্মরণ করেন।

**অনুস্‌সব**—অনুশ্রব; ঐতিহ্য; পুরুষানুক্রমিক প্রথা।

**অনুস্‌সুক**—অনুৎসুক; বীরত্ব বা শৌর্যহীন; নিস্তেজ।

**অনুস্‌সুত**—অনুশ্রুত; শোনা হয়েছে এমন; বিখ্যাত; প্রসিদ্ধ।

**অনুহীরমান**—যা গোপনে রাখা; সরিয়ে রাখা হচ্ছে এমন; সহ্য; নিশ্চল; নিবৃত্তি হচ্ছে এমন।

**অনূন**—অন্যূন; অল্প নয়; নীচ নয়; ক্ষুদ্র নয়; কম নয় এরূপ; প্রায়; সমগ্র; সম্পূর্ণ; অন্তত। **অনূনতা**—পরিপূর্ণতা।

**অনূপম**—অনুপম; তুলনাহীন; নিরুপম; অত্যুত্তম।

**অনূহত**—অনির্মূলিত।

**অনেক**—বহু; অনেক সংখ্যক; বহু রকম। **অনেকপ্পকার, অনেকবিধ**—বহু রকম; নানা; বিভিন্ন; কতিপয়।

**অনেজ**—কামলালসামুক্ত; কামশূন্য; যৌনসঙ্গ কামনাহীন; আকুল আকাঙ্ক্ষামুক্ত।

**অনেধ**—ইন্ধনশূন্য; জ্বালানিহীন।

**অনেসনা**—আয়ের খারাপ পন্থা।

**অনেল, অনেলক**—ক্রটিহীন; নিখুঁত; নির্দোষ; খাঁটি।

**অনেলগল**—নিষ্ঠীবন বা থুথু বা মুখলালা ফোঁটায় ফোঁটায় ঝরানো বা ঝরা হতে মুক্ত।

**অনোক**—১ গৃহহীন। ২ বন্ধনমুক্ত।

**অনোকাস**—অনবকাশ; অনবসর; অব্যবধান; অব্যবহিত; ঘনসন্নিবিষ্ট।

**অনোজা**—গোলাপি রঙের পুষ্পযুক্ত উদ্ভিদ।

**অনোতত্ত**—হিমালয়ের অনোপতপ্ত হ্রদ; যেখান থেকে কয়েকটি নদী প্রবাহিত হয়েছে।

**অনোত্তপ্প**—অনোত্তপ্প; বেপরোয়াভাব। **অনোত্তাপী**—পাপকর্মে নির্ভয়; বেপরোয়া।

**অনোদক**—জলশূন্য; শুকনা।

**অনোদিস্‌সক**—১ অবাধ; অবারিত। ২ সর্বজনীন-ভাবে; সচরাচর। ৩ ব্যক্তিগত পরামর্শ ব্যতীত।

**অনোনমন্ত**—আনমিত না হয়ে।

**অনোম**—স্বভাব, অবস্থান, পদমর্যাদায় বা উৎকর্ষে উচ্চতর; উপরিক। **অনোমদস্‌সী**—যাঁর সর্বোচ্চ জ্ঞান আছে।

**অনোবস্‌সক**—বৃষ্টি হতে আশ্রয়-প্রদত্ত।

**অনোসক্কনা**—তেজ; তীব্রতা; উৎসাহ।

**অন্ত**—শেষ; লক্ষ্য; শীর্ষ; চূড়া, অন্দ্র। **অন্তকর**—অবসান। **অন্তকিরিযা**—সমাপন; ত্রাণ। **অন্তগমন**—অন্তগমন; উন্মূলন; সমূলে উৎপাটন; বিতাড়ন; ধ্বংস সাধন। **অন্তগুণ**—(Small intestine) ছোট আঁতড়ি। **অন্তবট্টি**—পাকস্থলীর নিম্ন থেকে মলদ্বার পর্যন্ত যন্ত্র।

**অন্তক**—যম; নাশক; মৃত্যুরাজ।

**অন্তমসো**—অন্তত।

**অন্তর**—পার্থক্য; অন্তরতর; মধ্যে। **অন্তরে**—দুইয়ের মধ্যস্থলে বা মধ্যবর্তীকালে। **অন্তরকপ্প**—অন্তরকল্প; মধ্যবর্তী কল্প। **অন্তর ঘর**—অধিকতর অন্তর্বর্তী গ্রাম বা গৃহ। **অন্তরসাটক**—ভিতরের জামা।

**অন্তরট্‌ঠক**—অন্তরষ্টক; শীতকালে সবচেয়ে ঠাণ্ডা আট দিন; যখন (ভারতে) বরফ পড়ে।

**অন্তরন্তরা**—কখনো কখনো; মাঝে মাঝে।

**অন্তরধান, অন্তরধ্যান**—অন্তর্ধান; তিরোধান; ব্যবধান।

**অন্তরধাযতি**—(অন্তর+ধে+অ) অদৃশ্য হওয়া। **অন্তরধাযি**।

**অন্তরধাপেতি**—('অন্তরধাযতি'র *caus*) অদৃশ্য করা।

**অন্তরবাসক**—ভিতরের জামা; ভিতরের পোশাক।

**অন্তরহিত**—অন্তর্হিত ('অন্তরধাযতি'র *pp*)।

**অন্তরংস**—দুই বাহুর মধ্যবর্তী স্থান।

**অন্তরা**—দুইয়ের মধ্যে; পরস্পরের মধ্যে, অন্তর্বর্তী-কাল; মধ্যকাল; অন্তর্বর্তীকালে; ইতোমধ্যে। **অন্তরামগগ**—গন্তব্যস্থলাদির অভিমুখে গমনরত; ঘটনাদি সংঘটনে উদ্যত; ভ্রমণরত; পথিমধ্যে।

**অন্তরাপণ**—যে উন্মুক্ত স্থানে হাট বসে।

**অন্তরায**—অন্তরায়; বিপদ; বাধা।

**অন্তরাযিক**—বাধা সৃজনকর; অন্তরায়কর।

**অন্তরাল**—আড়াল; ব্যবধান; অভ্যন্তর।

**অন্তরিক**—(দুইয়ের) মধ্যবর্তী; অনন্তর; তৎপর। **অন্তরিকা**—মধ্যবর্তী সময় বা স্থান; বিরামকাল; ঘনসন্নিবিষ্ট বস্তুসমূহের মধ্যবর্তী সামান্য ফাঁক।

**অন্তবন্ত**—সমাপ্তিতে; অবসানে; প্রান্তে; সীমায়; প্রান্ত সীমায়; পরিণামে।

**অন্তিক**—শেষ হয়ে; সমাপ্ত হয়ে; নিঃশেষিত হয়ে; নিকটে; কাছাকাছি; প্রায়; সন্নিহিত পার্শ্ববর্তী বা নিকটবর্তী নৈকট্য।

**অন্তিম**—শেষ; চরম; মৃত্যুকালীন।

**অন্তলিক্‌খ**—অন্তরীক্ষ; আকাশ; গগন।

**অন্তেপুর**—১ অন্তঃপুর; অন্তঃস্থিত-পুর; অন্দরমহল। ২ স্ত্রীমহল; হারেম। **অন্তেপুরিকা**—অন্দরমহল বা হারেম সংশ্লিষ্ট।

**অন্তেবাসিক, অন্তেবাসী**—যে প্রভুর সাথে বাস করে; ছাত্র; শিষ্য; ভৃত্য; চেলা।

**অন্তো**—ভিতর; অন্দর; অন্তঃপুর; অভ্যন্তর; মধ্য; অন্তরতর। **অন্তোকুচ্ছি**—অন্তঃকুক্ষি; জরায়ু;

গর্ভাশয়; গর্ভ। **অন্তোগত, অন্তোগধ**—অন্তর্গত; অন্তর্ভূত; মধ্যবর্তী; অন্তর্ভুক্ত। **অন্তোগব্ভ**—অন্তর্গর্ভ; অভ্যন্তর স্থান। **অন্তোগাম**—অন্তঃগ্রাম; অভ্যন্তর পাড়া। **অন্তোঘর**--অন্তঃঘর; অভ্যন্তর গৃহ। **অন্তোজন**--অন্তঃজন; পরিবারস্থ লোক। **অন্তোজাত**—অন্তঃজাত; ঘরে জাত বা জন্ম; ক্রীতদাস; কেনা গোলাম। **অন্তোবস্স**—অন্তঃবর্ষ; বর্ষাকাল। **অন্তোবুত্থ**—অভ্যন্তরে রক্ষিত; ভিতরে যা রাখা হয়েছে।

**অন্দু, অন্দুক**—পায়েরবেড়ি; বন্ধক; প্রতিবন্ধক। **অন্দুঘর**—কারাগার।

**অন্ধ**—১ দৃষ্টিহীন। ২ অজ্ঞান; মূর্খ; হিতাহিত-জ্ঞানশূন্য। **অন্ধকরণ**—কানা করণ; বিভ্রান্ত বা কিংকর্তব্যবিমূঢ় করণ; হতবুদ্ধি করণ। **অন্ধবাল**—নির্বোধ; হাবাগবা; বোকাটে; নিরীহ; মূর্খ। **অন্ধভূত**—মানসিক অন্ধ; মনে মনে অন্ধ; মনোগতভাবে অন্ধ; অজ্ঞান; অজ্ঞানতাপূর্ণ; অবিদিত।

**অন্ধক**—গো-মাছি; অন্ধ্রদেশের অধিবাসী।

**অন্ধকার**—আঁধার; জীবনের যে অবস্থায় একজন নিজেকে নিঃসঙ্গ মনে করে।

**অন্ধতম**—গাঢ় অন্ধকার।

**অন্ন**—খাদ্য; ভাত। **অন্নদা**—যিনি খাদ্য দান করেন। **অন্নপান**—খাদ্য ও পানীয়।

**অন্বগা**—তিনি অনুগমন করলেন।

**অন্বগূ**—তাঁরা অনুগমন করলেন।

**অন্বদ্ধমাসং**—মাসিক বা মাসে দুইবার; পাক্ষিক।

**অন্বত্থ**—চেতনা অনুসারে; বোধশক্তি অনুযায়ী।

**অন্বদেব**—পশ্চাৎ অনুসরণে।

**অন্বয**—অন্বয়; ধারা; পরস্পর সম্বন্ধ বাক্য বা পদের শ্রেণীবিন্যাস; সংস্রব; সম্বন্ধ; অনুবৃত্তি; বিদ্যমানতা।

**অন্বহং**—আহ্নিক; দৈনিক; দিন সম্বন্ধীয়।

**অন্বাগত**—১ সমৃদ্ধ; অভিজ্ঞ; জ্ঞাত; অর্জিত। ২ অনুসরণ।

**অন্বায**—অভিজ্ঞ হয়ে; অভিজ্ঞতা লাভ করে অথবা অর্জন করে; জ্ঞাত হয়ে।

**অন্বাযিক**—অনুগামী; পশ্চাৎবর্তী।

**অন্বাবিসতি**—(অনু+আ+বিস্+অ) ভোগদখল করা; অধিকার করা। *aor* **অন্বাবিট্‌ঠ**।

**অন্বাহত**—আহত, আঘাতপ্রাপ্ত; প্রহৃত; প্রহারপ্রাপ্ত।

**অন্বাহিণ্ডতি**—(অনু+আ+হিদ্+ং-অ) উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো। *aor* **অন্বাহিণ্ডি**।

**অন্বেতি**—(অনু+ই+অ) অনুসরণ করা; অনুগমন করা; সমীপবর্তী হওয়া; অভিগমন করা।

**অন্বেসক**—অন্বেষক; অন্বেষণকারী।

**অন্বেসতি**—(অনু+এস্+অ) অন্বেষণ করা; খোঁজা; তল্লাস করা; সন্ধান করা। *aor* **অন্বেসি**।

**অন্বেসনা**—অন্বেষণ; সন্ধান; গবেষণা; খোঁজ; তল্লাস।

**অন্বেসী**—অন্বেষী; অন্বেষণকারী; অন্বেষ্টা; আকাঙ্ক্ষাকারী।

**অপকড়্‌ঢতি**—(অপ+কড়্‌ঢ+অ) টেনে নেওয়া; টেনে বের করা; অপসৃত করা; খুলে ফেলা; অনুকরণ করা। *aor* **অপকড়্‌ঢি**।

**অপকড়্‌ঢন**—টেনে নেওয়া; টেনে বের করণ; অপসৃত করণ; খুলে ফেলন; অনুকরণ।

**অপকত**—('অপকরোতি'র *pp*) অপকৃত; অপকার করা হয়েছে এমন; ক্ষতিগ্রস্ত।

**অপকরোতি**—(অপ+কর+অ) অমঙ্গল করা; অনিষ্ট করা; হানি করা; ক্ষতি করা। *aor* **অপকারী**।

**অপকস্স**—অপকর্ষ; অপকৃষ্টতা; হীনতা; অপ্রাধান্য; নীচতা; নিম্নাকর্ষণ; হ্রস্বীকরণ।

**অপকস্সতি**—(অপ+কস্+অ) অপকর্ষণ করা; অপসারণ করা; নিম্নাকর্ষণ করা। *aor* **অপকস্সী**।

**অপকস্সনা**—অপকর্ষণ; অপসারণ; মোচন; অপহরণ।

**অপকার**—অমঙ্গল; অনিষ্ট; হানি; ক্ষতি।

**অপক্কম**—অপসারণ; প্রস্থান।

**অপক্কমতি**—(অপ+কম+অ) প্রস্থান করা; চলে যাওয়া। *aor* **অপকামী**। *pp* **অপক্কন্ত**।

**অপক্কম্ম**—('অপক্কমতি'র *abs*)।

**অপগচ্ছতি**—(অপ+গম্+অ) চলে যাওয়া; দূর হওয়া; অন্যপথে সরা; তিরোভাব; প্রস্থান করা। *aor* **অপগচ্ছি**।

**অপগত**—দূরীভূত; পলায়িত; মৃত; নষ্ট; অন্তর্হিত।

**অপগব্ভ**—১ (অপ+গব্ভ) অপর পুনর্জন্ম অনির্দিষ্ট বা অনির্ধারিত বা ধার্য করা হয়নি এমন। ২ (অ+পগব্ভ)—অপ্রগল্ভ; অনুদ্ধত; বিনীত; সরল; অগর্বিত।

**অপগম**—অপগমন; তিরোভাব; প্রস্থান; পলায়ন; নাশ; ধ্বংস।

**অপগম্ম**—অপগম্য; অপসারিত করে; নাশ করে; ধ্বংস করে।

**অপচয**—অপচয়; ক্ষতি; ক্ষয়; বৃথা ব্যয়। **অপগামী**—পুনর্জন্মগ্রহণ না করার জন্য প্রস্তুতিকারী।

**অপচাযক, অপচাযী**—পূজারী; উপাসক; শ্রদ্ধা নিবেদক; সশ্রদ্ধ; অনুগত।

**অপচাযতি**—(অপ+চায্+অ) সম্মান করা; শ্রদ্ধা করা; উন্নীত বা মহিমান্বিত করা। *aor* **অপচাযি**।

**অপচাযন, অপচাযনা**—শ্রদ্ধা; পূজা; অর্চনা; উপাসনা; ধর্মানুষ্ঠান; শ্রদ্ধা নিবেদন।
**অপচাযিত**—('অপচাযতি'র *pp*)।
**অপচিনাতি**—(অপ+চি+না) দূরীভূত করা; হ্রাস করা। *aor* **অপচিনি**।
**অপচিতি**—শ্রদ্ধা; পূর্ণপ্রায়শ্চিত্ত।
**অপচিনন**—সর্বনাশ; ধ্বংস; বিনাশ; বিলয়; প্রায়শ্চিত্ত।
**অপচ্চ**—অপত্য; সন্তান; পুত্র বা কন্যা।
**অপচ্চকখ**—অপ্রত্যক্ষ; জ্ঞানাতীত; অতীন্দ্রিয়; প্রত্যক্ষ জ্ঞানাভাব।
**অপজিত**—১ পরাজয়; হার। ২ পরাজিত; পরাভূত।
**অপন্নক**—সত্য; নির্ভুল; ত্রুটিহীন; ধ্রুবসত্য।
**অপত্থট**—অবিস্তৃত; অপ্রসারিত; অবিকশিত; ছড়ানো হয়নি যা।
**অপত্থদ্ধ**—অগর্বিত; অনুদ্ধত।
**অপত্থিয়**—যা আকাঙ্ক্ষিত বা অভিলষিত হওয়া উচিত নয়।
**অপথ**—ভুল পথ; অন্যায় পথ বা উপায়।
**অপদ**—পদহীন। **অপদতা**—পদহীনতা।
**অপদান**—জীবনী; উপকথা; রূপকথা; উল্লেখযোগ্য কার্য; মহৎ কার্য; প্রশংসনীয় কার্য ইত্যাদি।
**অপদিস**—সাক্ষ্য; সাক্ষী; প্রামাণিক সাক্ষ্য।
**অপদিসতি**—(অপ+দিস্+অ) সাক্ষ্য দিতে ডাকা; উল্লেখ করা; উদ্ধৃত করা। *aor* **অপদিসি**।
**অপদিসন**—উল্লেখ করণ; উদ্ধৃত করণ; নির্দেশ করণ।
**অপদেস**—হেতু; কারণ; বিবৃতি; আনুপূর্বিক বর্ণনা।
**অপধারণ**—পাত্রাদির ঢাকনা।
**অপনামন**—অপসারণ; স্থানান্তরণ; স্থানচ্যুতি; স্থান-পরিবর্তন; বের করা।
**অপনামেতি**—(অপ+নাম+এ) নির্বাসিত করা; বিতাড়িত করা; অপসারণ করা; স্থানচ্যুত করা। *aor* **অপনামেসি**।
**অপনিদহতি**—(অপ+নি+দহ্+অ) লুকানো; গোপন করা; লুকিয়ে রাখা। *aor* **অপনিদহি**।
**অপনিহিত**—('অপনিদহতি'র *pp*)।
**অপনীত**—('অপনেতি'র *pp*)।
**অপনুদতি**—(অপ+নুদ্+অ) তাড়িয়ে দেওয়া; দূরীভূত করা। *aor* **অপনুদি**।
**অপনুদন**—অপসারণ; বিতাড়ন; খেদানো; দূরীকরণ; নিরাকরণ।
**অপনুদিতু**—দৃষ্টির আড়ালকারক; অদৃশ্যকারক; দূরীকরণকারী।
**অপনেতি**—(অপ+নি+অ) সরিয়ে নিয়ে যাওয়া; অপসারণ করা। *aor* **অপনেসি**।
**অপমার**—মৃগীরোগ; সন্ন্যাসরোগ; ভ্রামর।
**অপর**—১ অন্য; ভিন্ন। ২ পাশ্চাত্য; পর; পশ্চাৎবর্তী; অতিরিক্ত। **অপরভাগে**—পরবর্তীকালে; ভবিষ্যতে; পরে।
**অপরজ্জু**—পরদিবস; পরকালে।
**অপরজ্ঝতি**—(অপ+রধ্+য) ক্ষতি করা; বিরুদ্ধে ক্রোধোৎপাদন করা; অসৎ কর্ম করা; অন্যায় কাজ করা। *aor* **অপরজ্ঝি**।
**অপরদ্ধ**—('অপরজ্ঝতি'র *pp*) ১ দোষী; অপরাধী। ২ অকৃতকার্য।
**অপরন্ত**—১ শেষ সীমা; প্রান্তসীমা। ২ ভবিষ্যৎ। ৩ পশ্চিম ভারতীয় রাজ্য।
**অপরন্ন**—খাদ্যশস্য ব্যতীত শিম্বী জাতীয় বীজ (যেমন: মটর)।
**অপরপচ্চয**—অপরপ্রত্যয়; অপর-অনির্ভরশীল।
**অপরাজিত**—অপরাভূত; অপরাস্ত।
**অপরাধ**—দোষ; ত্রুটি; পাপ; বে-আইনি কাজ; নিয়ম লঙ্ঘন।
**অপরাধিক, অপরাধী**—দোষী, পাপী; নিয়মভঙ্গকারী।
**অপরাপরিয**—অন্যান্য; আর আর; অপর ও অপর; পরম্পরাগত; ধারাবাহিক।
**অপরিগ্গহিত**—অপরিগৃহীত; দখলে বা অধিকারে রাখা হয়নি এমন; অস্বীকৃত।
**অপরিচ্ছিন্ন**—অপৃথককৃত; অসীমাবদ্ধ; অনির্ধারিত; অনির্ণীত।
**অপরিমাণ**—সীমাহীন; অসীম; ওজন করে শেষ করা যায় না এমন।
**অপরিমিত**—অসংখ্য; অসীম; ওজনের শেষ নেই এমন; মাপা যায় না এমন।
**অপলাযী**—পলায়নপর নয়; অভীরু।
**অপলালেতি**—(অপ+লাল+এ) স্নেহভরে স্পর্শ করা বা হাত বুলানো; আদর বা সোহাগ করা; হাত বুলিয়ে আদর করা; আদর করা।
**অপলিবুদ্ধ**—অব্যাহত; মুক্ত; স্বাধীন।
**অপলিখতি**—(অপ+লিখ+অ) ঘষা; আঁচড়ানো; চেঁছে ফেলা; চাটা; লেহন করা; লেপন করা।
**অপলিখন**—ঘর্ষণ; আঁচড়; চেটে তুলে ফেলা।
**অপলোকন**—বিদায়; ছুটি; অবকাশ; সম্মতি; অনুমতি।
**অপলোকিত**—('অপলোকেতি'র *pp*)।
**অপলোকেতি**—(অপ+লোক+এ) সন্ধান করা বা খোঁজা; তাকানো; গণ্য করা; অনুমতি লাভ করা বা অর্জন করা; ঘোষণা করা; বিজ্ঞপ্তি দান। *aor*

অপলোকেসি।

**অপৱগ্গ**—অপবর্গ; সর্বশেষ অর্পণ; সর্বশেষ বিলি; সর্বশেষ প্রসব; সমাপ্তি; মোক্ষ; মুক্তি; নিষ্পত্তি।

**অপৱদতি**—(অপ+বদ্+অ) অপবাদ করা; নিন্দা করা; কুৎসা করা; বদনাম করা; দোষারোপ করা। *aor* **অপৱদি**।

**অপৱাদ**—নিন্দা; কুৎসা; বদনাম; দোষারোপ।

**অপৱিদ্ধ**—প্রত্যাখ্যাত; পরিত্যক্ত; ক্ষিপ্ত; প্রেরিত; চূর্ণিত। ('অপবিজ্‌ঝতি'র *pp*)।

**অপসক্কতি**—((অপ+সক্ক+অ) পথ ছেড়ে দেওয়া; নড়া। *aor* **অপসক্কি**। *pp* **অপসক্কিত**।

**অপসক্কন**—পথ ছাড়ন; নড়ন।

**অপসব্য**—দক্ষিণ পার্শ্ব; ডান পার্শ্ব; ঠিক পথ; ন্যায়পথ।

**অপসাদন**—অপ্রসন্নতা সম্পাদন; হীনতর কিছুর সাথে তুলনা করে অসম্মান; যোগ্য মর্যাদা না দেওয়া।

**অপসাদিত**—('অপসাদেতি'র *pp*)।

**অপসাদেতি**—(অপ+সদ্+এ) বিরুদ্ধে মত প্রকাশ করা বা অনুমোদন না করা; প্রত্যাখ্যান করা; অবজ্ঞা করা। *aor* **অপসাদেসি**।

**অপস্মার**—'অপমার' দেখুন।

**অপস্‌সয**—১ আলম্বন; সমর্থন; সহায়তা। ২ কোলবালিশ; পাশবালিশ; তাকিয়া।

**অপস্‌সিত**—('অপস্‌সেতি'র ও 'অপস্‌সযতি'র *pp*) বিরুদ্ধে ঝোঁক; নির্ভরশীল।

**অপস্‌সেতি, অপস্‌সযতি**—(অপ+সি+অ অথবা অয) ঝোঁকা, হেলান দেওয়া; ঠেস দেওয়া; ঝোঁকানো। *aor* **অপস্‌সযি**।

**অপস্‌সেন**—ফলক; কোল বালিশ-ফলক; পাশবালিক-ফলক।

**অপহত্তু**—যে সরে যায় বা চলে যায়; যে অপসারিত করে; যে স্থানচ্যুত করে।

**অপহরতি**—(অপ+হর+অ) অপহরণ করা; নিয়ে যাওয়া; লুঠ করা। *aor* **অপহরি**। *pp* **অপহট**।

**অপহরণ**—চুরি; কেড়ে নেওয়া; দত্তদ্রব্যের পুনঃগ্রহণ।

**অপহার**—চুরি; ক্ষতি; দূরীকরণ; সংগোপন; অযথা অর্থব্যয়।

**অপাঙ্গ**—চোখের কোণ; কটাক্ষ।

**অপাকট**—অপ্রকট; অপ্রকাশ; অব্যক্ত।

**অপাচী**—অপ্রাচী; দক্ষিণ দিক।

**অপাচীন**—পাশ্চাত্য।

**অপাদ, অপাদক**—পদহীন; সরীসৃপ।

**অপাণ**—অপ্রাণ; নির্জীব; জড়।

**অপাদান**—বিচ্ছেদ; অপাদান কারক; যা হতে কিছু হয়।

**অপাপুরণ, অৱাপ**—চাবি; ঘাট; সমাধান; প্রধান নীতি।

**অপাপুরতি, অৱা**—(অপ+আ+পুর্‌+অ) উন্মুক্ত করা; খোলা।

**অপায**—অপায়; নরক, মৃত্যুজনিত ক্ষয় বা বিচ্ছেদ ও দুঃখ-দুর্দশার অবস্থা, ভ্রষ্টতা; ক্ষয়-বিচ্ছেদ। **অপাযগামী**—দুর্দশায় গমনশীল বা বাহিত অবস্থায়। **অপাযমুখ**—ধ্বংসের কারণ। **অপাযসহায**—অপব্যয়ী বা অমিতব্যয়ী সহায়।

**অপার**—পারহীন; অকূল; অসীম; অগাধ; দূরপার; অধিক। **অপারনেয্য**—অপর তীরে নেওয়ার (নেবার) মতো নয়; সফলকাম হবার নয়; অভীষ্ট লাভ করার নয়; সিদ্ধিলাভ করার নয়।

**অপারুত**—উন্মুক্ত; খোলা; অবারিত; অনিবারিত; বাধাশূন্য; অনবরুদ্ধ।

**অপালম্ব**—(গাড়ির) ঝোঁক-মঞ্চ।

**অপি**—এবং; ও; এমনকি; এবং তারপর। **অপিচ**—কিন্তু; অধিকন্তু। **অপিনু**—প্রশ্নবোধকে ব্যবহৃত। **অপিনাম**—(আমরা) যদি পারি। **অপিস্‌সু**—এতদূর।

**অপিধান**—আবরণ; ঢাকনা।

**অপিলাপন**—অভাসন্ত; অভাসমান।

**অপিহ, অপিহালু**—অনাকূল আকাঙ্ক্ষী; অর্থগৃধ্নু নয়।

**অপেক্‌খ, অপেক্‌খক, অপেক্‌খী**—অপেক্ষক; অপেক্ষী; অপেক্ষমাণ; প্রতীক্ষিত; অনুরুদ্ধ; আকাঙ্ক্ষিত; পর্যালোচিত; পর্যবেক্ষিত; দৃষ্ট; পরস্পর সম্বদ্ধ; জিজ্ঞাসিত; আদৃত; অপেক্ষিত।

**অপেক্‌খতি**—(অপ+ইক্‌খ+অ) অপেক্ষা করা; প্রত্যাশা করা। *aor* **অপেক্‌খি**।

**অপেক্‌খন, অপেক্‌খা**—আশা; আকাঙ্ক্ষা; প্রত্যাশা।

**অপেক্‌খিত**—('অপেক্‌খতি'র *pp*)।

**অপেত**—('অপেতি'র *pp*) গত; প্রস্থিত; দায়মুক্ত; ভারমুক্ত; নির্গত; বর্জিত; আবরণহীন। **অপেত্ত**—অনুপস্থিতি।

**অপেতি**—(অপ+ই+অ) প্রস্থান করা; অদৃশ্য হওয়া। *aor* **অপেসি**।

**অপেত্তেয্যতা**—পিতার বিরুদ্ধে অশ্রদ্ধা।

**অপেয্য**—অপেয়; পানের অযোগ্য; যা পান করা অনুচিত।

**অপ্প, অপ্পক**—অল্প; ছোট; কম; সামান্য; তুচ্ছ; কিঞ্চিৎ। **অপ্পকসিরেন**—সামান্য অসুবিধার দরুণ। **অপ্পকিচ্চ**—অল্প কৃত্য; কতিপয় দায়িত্ব নিয়ে।

**অপ্পকিণ্ন**—অজনাকীর্ণ; ভিড়ে পূর্ণ নয় এমন; ঘন-সন্নিবিষ্ট নয় এমন; শান্ত; নিরুপদ্রব; নির্ঝঞ্ঝাট।

**অপ্পগব্ভ**—অপ্রগল্‌ভ; অহঙ্কারী অথবা উদ্ধত নয়; অচঞ্চল।

**অপ্পগ্‌ঘ**—অল্পার্ঘ; অল্প মূল্যের।

**অপ্পচ্চয**—অপ্রত্যয়; অভিমান; গোমড়া-মুখো ভাব; অকারণ।

**অপ্পটিঘ**—অপ্রতিঘ; অপ্রতিবন্ধ; অপ্রতিকূল; অবিরুদ্ধ; অক্রোধ।

**অপ্পটিনিস্‌সগ্‌গ**—অপরিত্যাগ করে।

**অপ্পটিপুগ্‌গল**—অপ্রতিদ্বন্দ্বী ব্যক্তি।

**অপ্পটিবদ্ধ**—অপ্রতিবদ্ধ; অব্যাহত; অবাধিত।

**অপ্পটিভাণ**--হতভম্ব; হতবুদ্ধি; বিভ্রান্ত; অপ্রতিভান।

**অপ্পটিম**—অপ্রতিম; তুলনাহীন; অনুপম।

**অপ্পটিবত্তিম**—অনাবর্তনীয়; অপরিবর্তনীয়।

**অপ্পটিবান**—(বিরক্তি, লজ্জা, ভয় প্রভৃতির দরুণ) অপশ্চাৎপদ হওয়া বা কোনো কার্য সম্পাদন করতে অনিচ্ছা প্রকাশ না করণ। **অপ্পটিবাণী**—উদ্দীপনাপূর্ণ ব্যক্তি; ঐকান্তিক সমর্থনের-ফলে সক্রিয় ব্যক্তি; যিনি একান্ত অনুরক্ত বা আসক্ত।

**অপ্পটিবিদ্ধ**—অর্জিত নয় এমন; উপলব্ধ নয় এমন।

**অপটিসন্ধিক**--১ পুনর্জন্মের অযোগ্য। ২ উন্নতিসাধন; অপ্রয়োজন।

**অপ্পণা**—অর্পণা; স্মৃতিকে একটি বিষয়ে নিবদ্ধ করণ; সমাধি অর্জন।

**অপ্পণিহিত**—অপ্রণিহিত; অনর্পিত; অনভিনিবিষ্ট; অসমাহিত।

**অপ্পতিকুট্‌ঠ**—যা অবজ্ঞাত নয়; যা ঘৃণার চোখে দেখা হয়নি; যা ঘৃণিত নয়।

**অপ্পতিট্‌ঠ**—অপ্রতিষ্ঠ; প্রতিষ্ঠাহীন; প্রতিষ্ঠিত হয়নি এমন; স্থিতিরহিত; স্থিতিশীল বা টেকসই নয় এমন; অনির্ণীত।

**অপ্পতিস্‌স, অপ্পতিস্‌সব**—সহজে বশ মানে না এমন; অবাধ্য; বিদ্রোহীসুলভ; বিদ্রোহোন্মুখ।

**অপ্পতি(টি)হত**—অপ্রতিহত; অবাধ; অব্যাহত; অপরাজিত।

**অপ্পতীত**—অপ্রতীত; অজ্ঞাত; অসন্তুষ্ট; অজ্ঞানবান।

**অপ্পদুট্‌ঠ**—অরুষ্ট; অক্রুদ্ধ; অদূষিত; অকলুষিত।

**অপ্পধংসিয**—অবমাননাকর নয়; অপব্যবহার্য নয়; অমান্যকর নয়।

**অপ্পমঞ্ঞা**—অশেষতা; অসীমতা; অন্তহীনতা; অক্ষয়তা; অগণ্যতা; অপ্রমেয়তা; মনের চার গুণ বিষয়ক প্রযুক্তি-পরিভাষা, যথা: মৈত্রী, করুণা, মুদিতা এবং উপেক্ষা।

**অপ্পমত্ত**—(অ+পমত্ত) অপ্রমত্ত; প্রমাদশূন্য; ধীর; সাবধান; অবহিত; মাতাল নয় এমন; জাগ্রতাবস্থা; সতর্ক। **অপ্পমত্তক**—তুচ্ছ বা কিঞ্চিন্মাত্র পরিমাণ; তুচ্ছ বা প্রায় মূল্যহীন।

**অপ্পমাণ**—অপ্রমাণ; অবাধ; সীমাহীন।

**অপ্পমাদ**—অবধান; প্রমাদশূন্য; অপ্রমাদ; অপ্রমত্ত; অবহিত; সতর্ক প্রহরা; আন্তরিকতা; সাগ্রহ।

**অপ্পমেয্য**—অপ্রমেয়; অগণনীয়; অজ্ঞেয়; প্রমাণ করা যায় না এমন।

**অপ্পবত্তি**—অস্থায়িত্ব; অনবিরাম; অননুবৃত্তি; অনস্তিত্ব; অবিদ্যমানতা।

**অপ্পসাদ**—অসন্তোষ; ঈষৎ ক্রোধ; অপছন্দ; বিরাগ; অপ্রসন্নতা।

**অপ্পসত্থ**—১ (অপ্প+সত্থ) নিরাপত্তার জন্য একত্র ভ্রমণকারী মরু যাত্রীদল; অল্পসংখ্যক সঙ্গীর সহিত। ২ (অ+পসত্থ)—প্রশংসিত না হয়ে।

**অপ্পসন্ন**—অপ্রসন্ন; অসন্তুষ্ট; বিরক্ত; ক্ষুব্ধ; দুঃখিত; ম্লান; আস্থাহীন।

**অপ্পসমারম্ভ**—সামান্য কষ্টের।

**অপ্পস্‌সক**—অল্পের অধিকারী; গরিব।

**অপ্পসাদ**—অপ্রসাদ; সামান্য ভোগী; অপ্রসন্নতা।

**অপ্পহীন**—অপ্রহীন; অপসারিত বা বিনষ্ট নয় এমন।

**অপ্পাণক**—১ রুদ্ধ শ্বাস; শ্বাস-প্রশ্বাসহীন। ২ কীট-পতঙ্গধারী নয়।

**অপ্পাতঙ্ক**—ব্যাধিমুক্ত।

**অপ্পিচ্ছ**—সহজে সন্তুষ্ট বা পরিতুষ্ট; অল্প ইচ্ছুক। **অপিচ্ছতা**—তৃপ্তি; সন্তোষ।

**অপ্পিত**—('অপ্পেতি'র *pp*) অর্পিত; প্রদত্ত, রক্ষিত; গচ্ছিত।

**অপ্পিয**—অপ্রিয়; অসম্মত; বিরোধী; বিসদৃশ; বেসুরো; বেতালা।

**অপ্পেকদা**—(অপি+একদা) কোনো সময়ে; এক সময়ে।

**অপ্পেতি**—(অপ্‌+এ) প্রয়োগ করা; স্থির করে দেওয়া। *aor* অপ্পেসি।

**অপ্পেব, অপ্পেব নাম**--তা ভালো; যদি।

**অপ্পেসক্ক**—সামান্য প্রভাবের।

**অপ্পোস্‌সুক্ক**—অকর্মণ্য।

**অপ্পহুট**—অপরিব্যাপ্ত।

**অপ্‌ফোটিত**—('অপ্‌ফোটেতি'র *pp*) হাততালি-কৃত; হাতের তালি।

**অপ্‌ফোটেতি**—(আ+ফুট্‌+এ) আঙ্গুলে ফট ফট প্রভৃতি তীক্ষ্ণ শব্দ করা; করতালি দেওয়া।

**অফল**—ফলহীন; বিফল; অপ্রয়োজনীয়।

**অফস্‌সিত**—অস্পর্শিত; যা স্পর্শ করা হয়নি।

**অফাসু**—অস্বচ্ছন্দ; অশান্ত; অস্বস্তিপূর্ণ; আরামহীন; কঠিন; বিরক্তি করা। **অফাসুক**—ব্যাধি।

**অবদ্ধ, অবন্ধন**—বন্ধনহীন; মুক্ত; অনিয়ন্ত্রিত; অসীমাবদ্ধ; অপরিবেষ্টিত।

**অবব**—বিশোধক; অবাঞ্ছিত পদার্থ বা ব্যক্তিবর্গ হতে বিমোচক; অভিযোগমোচনকর; প্রায়শ্চিত্তমূলক; সাময়িক যন্ত্রণাভোগ।

**অবল**—দুর্বল; নিস্তেজ। **অবলা**—স্ত্রীলোক।

**অবাধ**—বাধাহীন; প্রতিবন্ধকশূন্য; পীড়াশূন্য; নির্বিঘ্ন।

**অব্বণ**—অব্রণ; ক্ষতশূন্য; ঘা শূন্য; ফোড়াশূন্য; ফুসকুড়িহীন।

**অব্বত**—অব্রত; অধর্মকার্য; অসৎকর্ম; অসংযম।

**অব্বুদ**—১ অর্বুদ। ২ আব। ৩ গর্ভ সঞ্চারের দ্বিতীয় মাসে স্ত্রী গর্ভস্থিত শুক্র শোণিতাত্মক পদার্থ। ৪ অনৈক্য বা অসংযোগের কারণ। ৫ একটি বিশোধকের নাম।

**অব্বূহতি**—(আ+ব্রি+উহ্+অ) সরে যাওয়া; পিছিয়ে যাওয়া; সরিয়ে দেওয়া; বিচ্ছিন্ন করে নেওয়া; অব্যাঘাত; নির্বিঘ্নতা; পবিত্রাণ; নিষ্কৃতি। *aor* **অব্বুহি**।

**অব্বূল্হ**—('অব্বূহতি'র *pp*)।

**অব্বোকিণ্ণ**—অবাধ; অব্যাহত; অপরিবর্তনীয়; ভিড়ে পূর্ণ নয়; জনাকীর্ণ নয় এমন।

**অব্বোচ্ছিন্ন**—অবাধ; অব্যাহত।

**অব্বোহারিক**—উপেক্ষণীয়; তুচ্ছ।

**অব্ভ**—আকাশ; মেঘ। **অব্ভকূট**—ঝটিকা মেঘের সর্বোচ্চ মাত্রা। **অব্ভপটল**—মেঘপুঞ্জ; মেঘসমূহ।

**অব্ভক**—কৃষ্ণসীস নামক ধাতু; কৃষ্ণসীস।

**অব্ভক্খাতি**—(অভি+আ+খা+অ) মিথ্যা কলঙ্ক বা অপবাদ দেওয়া অথবা রটানো; বিরুদ্ধে কথা বলা। *aor* **অব্ভক্খাসি**।

**অব্ভক্খান**—অভিযোগ; নালিশ; মিথ্যা কলঙ্ক বা অপবাদ।

**অব্ভঞ্জতি**—(অভি+অঞ্জ+অ) (আনুষ্ঠানিকভাবে) তৈলাদি লেপন করা; মসৃণ বা পিচ্ছিল করা। *aor* **অব্ভঞ্জি**।

**অব্ভঞ্জন**—১ তৈলাদি লেপন। ২ মলম; অনুলেপন।

**অব্ভতীত**—অতিবাহিত; পরিচালিত; অতিক্রান্ত; বিগত; গত; সমাপিত; অবসিত।

**অব্ভনুমোদনা**—মহানুমোদন; পুরস্কারযোগ্য বা প্রশংসনীয় উৎকর্ষ অথবা গুণে আনন্দিত হওয়া।

**অব্ভন্তর**—অভ্যন্তর; ভিতর; মধ্য; অন্তর্গত।

**অব্ভাগত**—অভ্যাগত; অতিথি; নিমন্ত্রিত গৃহাগত ব্যক্তি।

**অব্ভাগমন**—অভ্যাগম; নিকটে বা সম্মুখে আগমন; অভ্যুত্থান।

**অব্ভাচিক্খতি**—(অভি+আ+চিক্খ+অ) অভিযুক্ত করা; দোষারোপ করা; তুঙ্গী হওয়া; সর্বোচ্চ সীমায় বা বিন্দুতে পৌঁছানো। *aor* **অব্ভাচিক্খি**।

**অব্ভাচিক্খন**—অভিযোগ করণ; মিথ্যা অপবাদ বা কলঙ্ক।

**অব্ভাহত**—('অবভাহনতি'র *pp*) আক্রান্ত; যন্ত্রণাপ্রাপ্ত; উৎপীড়িত; দুর্দশাগ্রস্ত।

**অব্ভুকিরণ**—মুখ খোলানো; সিঞ্চন; (ইতস্তত) ছিটা; ছিটাফোঁটা।

**অব্ভুকিরতি**—(অভি+উ+কির্+অ) সিঞ্চন করা; ক্ষুদ্র ক্ষুদ্র ফোঁটায় বা কণিকায় ছড়িয়ে দেওয়া অথবা ছড়িয়ে পড়া; ছিটিয়ে দেওয়া বা পড়া। **অব্ভুকিরি**।

**অব্ভুগচ্ছতি**—(অভি+উ+গম+অ) উপরে ওঠা; পরিব্যাপ্ত হওয়া; বিকীর্ণ হওয়া; বিস্তৃত হওয়া। *aor* **অব্ভুগচ্ছি**।

**অব্ভুগত**—('অব্ভুগচ্ছতি'র *pp*)।

**অব্ভুগ্গমন**—উত্থান; বিদ্রোহ; উপরের দিকে গমন।

**অব্ভুগ্গিরতি**—(অভি+উ+গির্+অ) উত্তোলন করা; (অস্ত্রাদি) আন্দোলিত করা; ভাঁজা; ঘোরানো। *aor* **অব্ভুগ্গিরি**।

**অব্ভুগ্গিরণ**—উত্তোলন; (অস্ত্রাদি) আন্দোলন; ভাঁজন; ঘোরানো।

**অব্ভুট্ঠান**—অভ্যুত্থান; উদ্যম; উন্নতি; বিদ্রোহ, প্রতিকূলে অস্ত্রধারণ; সুখ্যাতি; প্রত্যুদ্‌গমন।

**অব্ভুত**—অদ্ভুত; বিস্ময়; বিস্ময়জনক; আশ্চর্যরূপ; অপরূপ; আকস্মিক।

**অব্ভুদেতি**—(অভি+উদি+এ) উত্থান; উদ্ভব; উৎপত্তি। *aor* **অব্ভুদেসি**।

**অব্ভুন্নত**—উন্নত; উচ্চ।

**অব্ভুম্মে**—হায়! হায়রে!

**অব্ভুয্যাতি**—(অভি+উ+যা+অ) দৃঢ়ভাবে বা দুর্বারভাবে অগ্রসর হওয়া; *pp* **অব্ভুয্যাত**।

**অব্ভোকাস**—আশ্রয়হীন স্থান; খোলা বাতাস। **অব্ভোকাসিক**—যিনি খোলা বাতাসে অবস্থান করেন।

**অব্ভোকিণ্ণ**—জনাকীর্ণ; ভিড়ে পূর্ণ; ঘনসন্নিবিষ্ট।

**অব্ভোকিরণ**—১ সিঞ্চন; ইতস্তত ছিটা; ইতস্তত ছিটাফোঁটা। ২ নর্তকের চলন বা গতি।

**অব্ভোকিরতি**—(অভি+অৱ+কির্+অ) সিঞ্চন করা; ইতস্তত ছিটানো। *aor* **অব্ভোকিরি**।

**অভব্ব**—অভব্য; অসমর্থ; অদক্ষ; অকুশলী। **অভব্বতা**--অসমর্থতা; অসামর্থ্য; অসাধ্যতা; অসম্ভবতা।

**অভয**—অভয়; ভয়হীন; নির্ভয়; নিরাপদ।

**অভযা**—অভয়া; হরিদ্রাবর্ণ বা হলদে বা পীতবর্ণ হরীতকী।

**অভাব**--অন্তর্ধান; অনুপস্থিতি; না থাকা; অবিদ্যমানতা।

**অভাবিত**—ভাবিত হয়নি; অচিন্তিত; অপ্রত্যাশিত; অবিকশিত; অননুশীলিত; অ-চর্চিত।

**অভিকঙ্খতি**--(অভি+কখ্+ং+অ) সাগ্রহে আকাঙ্ক্ষা করা; অভিলাষ হওয়া; কামনা করা। *aor* **অভিকঙ্খি**। *pp* **অভিকঙ্খিত**।

**অভিকঙ্খন, অভিকঙ্খিত**—আশা; আকাঙ্ক্ষা; অভিলাষ।

**অভিকঙ্খী**—আকাঙ্ক্ষী; অভিলাষী।

**অভিকিণ্ণ**—('অভিকিবতি'র *pp*) বিক্ষিপ্ত; বিস্তৃত; নিক্ষিপ্ত; ছড়ানো।

**অভিকিরণ**--নিক্ষেপ; বিক্ষেপ; ছড়ানো।

**অভিকিরতি**—(অভি+কির্+অ) নিক্ষেপ করা; বিক্ষেপ করা; ছড়ানো; ছিটিয়ে দেওয়া।

**অভিকূজতি**—(অভি+কুজ্+অ) কম্পিতকণ্ঠে বা মধুর স্বরে গান গাওয়া; (পাখির) গান করা। *aor* **অভিকূজি**।

**অভিকূজন**—অব্যক্ত শব্দ; পাখির শব্দ।

**অভিকূজিত**—(পাখির শব্দের সহিত) প্রতিধ্বনিত।

**অভিক্কন্ত**—('অভিক্কমতি'র *pp*) ১ অগ্রসৃত; প্রাক্তন। ২ অতি মনোরম; অগ্রগ; অগ্রগামী; পুরোগামী।

**অভিক্কম**—অভিক্রম; যাত্রা; আরম্ভ; আক্রমণ।

**অভিক্কমতি**—(অভি+কম্+অ) অগ্রসর হওয়া; যাত্রা করা। *aor* **অভিক্কমি**।

**অভিক্খণ**--স্থির; দৃঢ়; অবিচলিত; অবিরত; অবিরাম।

**অভিক্খণতি**—(অভি+খ+অ) খনন করা; খোঁড়া। *aor* **অভিক্খণি**।

**অভিক্খণন**—খনন; গর্ত বা খাত প্রস্তুতকরণ; খোঁড়া।

**অভিগজ্জতি**--(অভি+গদ্+য) গর্জন করা; বজ্রপাত। *aor* **অভিগজ্জি**।

**অভিগজ্জন**—গর্জন; বজ্রধ্বনি।

**অভিগিজ্ঝতি**—(অভি+গিধ্+য) সনির্বন্ধভাবে প্রার্থনা করা; মিনতি করা; আকুলভাবে কামনা করা। *aor* **অভিগিজ্ঝি**।

**অভিগিজ্ঝন**—সনির্বন্ধ প্রার্থনা; মিনতি; আকুল কামনা; আকুল আকাঙ্ক্ষা; অর্থগৃধ্নুতা।

**অভিগীত**—('অভিগাযতি'র *pp*) গাওয়া হয়েছে এমন; কীর্তিত; কথিত; বর্ণিত।

**অভিঘাত**—১ দৃঢ়ভাবে একত্রে ঠাসা; আঘাত; সংঘর্ষ; ফল বা প্রভাব; ছোঁয়াচ; সাক্ষাৎ; সংসর্গ; সম্পর্ক; বিদ্যুৎ প্রবাহের গতিপথ। ২ হত্যা; পীড়ন।

**অভিঘাতন**—হত্যা; বধ; নাশন; হনন।

**অভিঘাতী**—শত্রু; নাশক; আঘাতকারী।

**অভিজপ্পতি**—(অভি+জপ্+অ) মনে মনে অর্থ ভাবনাপূর্বক পুনঃপুন উচ্চারণ বা আবৃত্তিকরণ; অস্পষ্টভাবে বলা। *aor* **অভিজপ্পি**।

**অভিজপ্পন, অভিজপ্পিত**—১ অস্পষ্টভাবে কথন; জপকরণ। ২ অভিলাষ; আকাঙ্ক্ষা; কামনা। ৩ উচ্চারণ; কথন।

**অভিজাত**—সদ্বংশজাত; কুলীন।

**অভিজাতি**—১ পুনর্জন্ম। ২ বংশ; গোষ্ঠী; বর্গ; কুল; প্রজাতি; শ্রেণী; রকম; প্রকার।

**অভিজানন**--প্রত্যভিজ্ঞা; নিদর্শন; স্মারক; অনুস্মরণ।

**অভিজানাতি**—(অভি+ঞা+না) সম্পূর্ণ জানা; অভিজ্ঞতায় জানা; সচেতন হওয়া। *aor* **অভিজানি**।

**অভিজাযতি**—(অভি+জন+য) সদ্ভাবে জন্মগ্রহণ বা উদ্ভব হওয়া।

**অভিজিগিংসতি**—(অভি+হর্+স) অতিক্রম করতে ইচ্ছা করা। *aor* **অভিজিগিংসি**।

**অভিজ্জনক, অভিজ্জমান**--অভঙ্গুর; অভগ্ন; অভিন্ন; অপৃথক; অবিদারিত।

**অভিজ্ঝা**—অভিধ্যা; লোলুপতা; অর্থলোলুপতা। **অভিজ্ঝালু**—লোলুপ; অর্থ-লোলুপ।

**অভিজ্ঝাযতি**—(অভি+ঝে+অ) কামনা করা; ব্যগ্রভাবে কামনা করা; অন্যায় লালসা করা। *aor* **অভিজ্ঝাযি**। *pp* **অভিজ্ঝিত**।

**অভিঞ্ঞা**—অভিজ্ঞা; বিশেষ জ্ঞান; লোকোত্তর ক্ষমতা; প্রথম লব্ধ জ্ঞান; অলৌকিক জ্ঞান বা ক্ষমতা; বিভূতি।

**অভিঞ্ঞায**—সম্পূর্ণরূপে বিদিত; অনুসন্ধান দ্বারা জ্ঞাত; অভিজ্ঞা।

**অভিঞ্ঞান**—স্মারক চিহ্ন; স্মরণের অনুষঙ্গ; পরিচায়ক বস্তু; অভিজ্ঞান।

**অভিঞ্ঞাত**—('অভিজানাতি'র *pp*) সম্পূর্ণরূপে বিদিত; স্বীকৃত; মনোনীত; অভিজ্ঞাত।

**অভিঞ্ঞেয্য**—সম্পূর্ণরূপে বিদিত হওয়া উচিত

এমন; অভিজ্ঞেয়।

**অভিণ্হ**—অভিন্ন; অপৃথক; অবিচ্ছিন্ন; অবিচ্ছেদ্য; একটানা; অভ্যাসগত; রীতিমত। **অভিণ্হং**—ঘন ঘন; প্রায়ই; বারংবার।

**অভিণ্হসো**—সর্বদা; চিরকাল; বারংবার।

**অভিতত্ত**—('অভিতপতি'র *pp*) অভিতপ্ত; তাপপীড়িত; তপ্ত।

**অভিতপতি**—(অভি+তপ+অ) আলো দেওয়া; আলো বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া। *aor* **অভিতপি**।

**অভিতাপ**—অতি প্রচণ্ড তাপ।

**অভিতালিত**—('অভিতালেতি'র *pp*) প্রহৃত; অভিতাড়িত; তাড়িত।

**অভিতালেতি**—(অভি+তাল+এ) আঘাত করা; প্রহার; পিটানো; ঢাক বাজানো। *aor* **অভিতালেসি**।

**অভিতুণ্ণ**—('অভিতুদতি'র *pp.*) চাপা; আবৃত; আচ্ছন্ন; সম্পূর্ণ নিমজ্জিত; অসহায়; ভাবে অভিভূত।

**অভিতুদতি**—(অভি+তুদ্+অ) বিদ্ধ করা; ভেদ করা; ঢোকানো; প্রবেশ করানো; খোঁচা দেওয়া; ছিদ্র করা; সক্রিয় করা; উত্তেজিত করা; উদ্দীপ্ত করা। *aor* **অভিতুদি**।

**অভিতো**—ঠিক উল্টা দিকে; প্রায়; কাছাকাছি।

**অভিতোসেতি**—(অভি+তুস্+এ) সম্পূর্ণরূপে তুষ্ট করা; পুরাদস্তুরমতো খুশি করা। **অভিতোসেসি**।

**অভিত্থনতি**—(অভি+থন+অ) বজ্রধ্বনি করা; তীব্র নিন্দা করা; অভিযোগ করা। *aor* **অভিত্থনি**। *pp.* **অভিত্থনিত**।

**অভিত্থরতি**—(অভি+থর+অ) ত্বরান্বিত করা; তাড়াতাড়ি করা; তাড়াতাড়ি চলা। **অভিত্থরি**।

**অভিত্থবতি**—(অভি+থু+অ) প্রশংসা করা; মহিমাকীর্তন করা; স্তব করা। *aor* **অভিত্থবি**।

**অভিত্থবন**—প্রশংসা; মহিমাকীর্তন; অভিস্তব।

**অভিত্থুত**—('অভিত্থবতি'র *pp*) অভিস্তুত।

**অভিত্থুনাতি**—(অভি+থু+না) প্রশংসা করা; মহিমাকীর্তন করা; স্তব করা। *aor* **অভিত্থুনি**।

**অভিদোস**—গত সন্ধ্যা। **অভিদোসিক**—গত সন্ধ্যার; সংশ্লিষ্ট হয়ে।

**অভিধমতি**—(অভি+ধম্+অ) পুষ্পিত হওয়া; মুকুলিত হওয়া; ফোটা; প্রবাহিত হওয়া। *aor* **অভিধমি**।

**অভিধম্ম**—বৌদ্ধ শাসনের বৈশ্লেষিক মতবাদ; অভিধর্ম। **অভিধম্মিক**—যিনি অভিধর্ম শিক্ষাদান করেন।

**অভিধা, অভিধান**—নাম; আখ্যা; খেতাব; পদবি।

**অভিধাবতি**—(অভি+ধাব+অ) ধাবিত হওয়া; ত্বরান্বিত করানো বা হওয়া; দ্রুত অগ্রসর করানো বা হওয়া। দ্রুত চালানো বা চলা। *aor* **অভিধাবি**।

**অভিধেয্য**—নাম নিয়ে; অর্থবোধক।

**অভিনত**—('অভিনমতি'র *pp*) অবনত; আনত; নত; প্রণত।

**অভিনন্দিত**—(অভি+নন্দ্+অ) আনন্দিত করা; আনন্দিত হওয়া; আনন্দ করা; আনন্দোৎসব পালন করা। *aor* **অভিনন্দি**।

**অভিনন্দন**—আনন্দোৎসবাদি পালন; পরমানন্দ ব্যক্তি; পরমানন্দ বস্তু; পরমানন্দ বিষয়; প্রশংসা দ্বারা সম্মানন।

**অভিনন্দিত**—('অভিনন্দতি'র *pp*) আনন্দের বিষয়; পুলকের লক্ষ্যবস্তু।

**অভিনন্দী**—যিনি আনন্দোৎসব করেন; আনন্দোৎসব পালনকারী।

**অভিনমতি**—(অভি+নম্+অ) অবনত হওয়া; অবনত করানো; নমিত হওয়া; নমিত করানো; অভিমুখী হওয়া; অভিমুখী করানো। *aor* **অভিনমি**।

**অভিনযন**—১ মূর্ছা ভাঙানো; থামা; থামানো। ২ জিজ্ঞাসা; অনুসন্ধান; তদন্ত।

**অভিনব**—নূতন; সদ্য; টাটকা; তাজা।

**অভিনাদিত**—প্রতিধ্বনিত করে; প্রতিধ্বনিত হয়ে; অনুরণিত করে; অনুরণিত হয়ে।

**অভিনিকূজিত**—পাখির প্রতিধ্বনিত গান; পাখির অনুরণিত গান বা শব্দ।

**অভিনিক্খমতি**—(অভি+নি+কম্+অ) অভি-নিষ্ক্রমণ করা; বহির্গমন করা; সংসার ত্যাগ। *aor* **অভিনিক্খমি**। *pp* **অভিনিকখন্ত**। *abs* **অভিনিক্খম্ম**।

**অভিনিক্খমন**—অভিনিষ্ক্রমণ; আত্মোৎসর্গ; আত্মত্যাগ; গৃহী জীবন হতে অবসর গ্রহণ।

**অভিনিক্খিপতি**—(অভি+নি+খিপ+অ) অভিনিক্ষেপ করা; স্থাপন করা; পরিত্যাগ করা; ছেড়ে দেওয়া। *aor* **অভিনিক্খিপি**। *pp* **অভিনিক্খিত**।

**অভিনিক্খিপন**—অভিনিক্ষেপণ; আরোপণ; অতিক্রমণ।

**অভিনিপজ্জতি**—(অভি+নি+পদ্+য) শোয়া; শয়ন করা। *aor* **অভিনিপজ্জি**। *pp* **অভিজিপন্ন**।

**অভিনিপততি**—(অভি+নি+পত্+অ) নিপতিত হওয়া; তীরবেগে ছুটে যাওয়া; সবলে বহির্গত করানো; তাড়াহুড়া করে কর্মে প্রবৃত্ত করানো। *aor*

অভিনিপতি।
**অভিনিপাত, অভিনিপাতন**—পতন; অধঃপতন; নিপাতন; ঝাঁপিয়ে পড়া; বিনাশ; উচ্ছেদ; উন্মূলন; প্রক্ষেপণ; ফেলে দেওয়া। **অভিনিপাতী**—যে নিপাত করে; অধঃপাতন করে এমন; ফেলে দেয় এমন; বিনাশ করে এমন।
**অভিনিপ্পীলেতি**—(অভি+নি+পীল্+এ) নিপীড়ন করা; উচ্ছেদ করা; সর্বনাশ করা; চূর্ণ-বিচূর্ণ করা; দলিত করা; মর্দিত করা।
**অভিনিপ্ফজ্জতি**—(অভি+নি+পদ্+য) সাংস্কৃতিক গুণসম্পন্ন হওয়া; মার্জিতরুচি হওয়া। *aor* **অভিনিপ্ফজ্জি**। *pp* **অভিনিপ্ফন্ন**।
**অভিনিপ্ফত্তি**—ফলের উৎপত্তি; উৎপত্তি; সত্য হওয়া; ফলন; ফলা; ঘটন; সাংস্কৃতিক গুণ; মার্জিত রুচি।
**অভিনিপ্ফাদিত**—('অভিনিপ্ফাদেতি'র *pp*) উৎপন্ন; ফলিত; সাংস্কৃতিক গুণসম্পন্ন; মার্জিত রুচি।
**অভিনিপ্ফাদেতি**—(অভি+নি+পদ্+এ) উৎপন্ন করা; ফলাও করা; বিদ্যমান করা। *aor* **অভিনিপ্ফাদেসি**।
**অভিনিব্বত্ত**—('অভিনিব্বত্ততি'র *pp*) নিবর্তিত; প্রত্যাবৃত; পুনরুৎপাদিত; পুনরুৎপন্ন; পুনর্জাত; পুনরুদ্ভূত।
**অভিনিব্বত্তি**—জন্ম; জাতি; উৎপত্তি; বিকাশ; প্রকাশ।
**অভিনিব্বত্তেতি**—(অভি+নি+বৎ+এ) পুনরুৎপাদন করা; পুনর্গঠন করা; বিদ্যমানতায় আনা। *aor* **অভিনিব্বত্তেসি**।
**অভিনিব্বিদা**—সংসারের প্রতি বিরাগ; নিখিল জগতের প্রতি বিরাগ।
**অভিনিব্বুত**—পূর্ণমাত্রায় বা পূর্ণাঙ্গভাবে শান্ত, প্রশান্ত, নিবৃত; অভিনিবৃত।
**অভিনিম্মিত**—('অভিনিম্মিণাতি'র *pp.*)।
**অভিনিম্মিণাতি**—(অভি+নি+মা+ণা) নির্মাণ করা; উৎপন্ন করা; উৎপাদন করা; তৈরি করা। *aor* **অভিনিম্মিণি**।
**অভিনিরোপন**—স্থির করণ; বন্দোবস্ত করণ; বাসস্থান জোগাড় করণ; প্রয়োগ; আরোপণ; নিয়োগ; উপযোজন; নিরূপণ; নির্ণয়।
**অভিনিরোপেতি**—(অভি+নি+রুপ্+এ) (কিছুর) ভিতরে স্থাপন করা; ঢোকানো; রোপণ করা। *aor* **অভিনিরোপেসি**। *pp* **অভিনিরোপিত**।
**অভিনিৱিট্‌ঠ**—('অভিনিৱিসতি'র *pp*) অনুরক্ত; সংযুক্ত; অভিনিবিষ্ট; দৃঢ়ভাবে আসক্ত।
**অভিনিৱিসতি**—(অভি+নি+ৱিস্+অ) দৃঢ়ভাবে আসক্ত থাকা; দৃঢ়ভাবে অনুরক্ত থাকা; এঁটে লেগে থাকা; আসঞ্জিত হওয়া; অনুগত থাকা। *aor* **অভিনিৱিসি**।
**অভিনিৱিসেস**—অভিনিবেশ; মনোনিবেশ; প্রণিধান; একাগ্রতা; সবিশেষ যত্ন; আগ্রহ; আবেশ; অনুরাগ; দৃঢ়সঙ্কল্প।
**অভিনিসীদতি**—(অভি+নি+সদ্+অ) নিকটে উপবেশন। *aor* **অভিনিসীদি**। *pp* **অভিনিসিন্ন**।
**অভিনিস্সত**—('অভিনিস্সরতি'র *pp*) অভিনিষ্কৃত; মুক্ত; উদ্ধারপ্রাপ্ত।
**অভিনীত**—('অভিনেতি'র *pp*) আনীত; গৃহীত; রীতি; আচরণ।
**অভিনীহট**—('অভিনীহরতি'র *pp*) ভিতর থেকে অপসৃত; নিষ্কাশিত; সংগৃহীত; গৃহীত।
**অভিনীহরতি**—(অভি+নি+হর+অ) ভিতর থেকে অপসারণ করা; নিষ্কাশন করা; সংগ্রহ করা; পরিচালনা করা; আকুলভাবে কামনা করা; উচ্চাভিলাষী হওয়া। *aor* **অভিনীহরি**।
**অভিনীহার**—ভিতর অপসারণ; নিষ্কাশন; সংগ্রহ; পরিচালনা; আকুল কামনা; উচ্চাভিলাষ।
**অভিপত্থিত**—('অভিপত্থেতি'র *pp*)।
**অভিপত্থেতি**—(অভি+পত্থ্+এ) সাগ্রহে আকাঙ্ক্ষা করা; প্রত্যাশা করা; আশা করা; কামনা করা।
**অভিপালেতি**—(অভি+পাল্+এ) রক্ষা করা; প্রতিরক্ষা করা; নিরাপদ করা; নিরাপদ রাখা; সংরক্ষিত রাখা; অক্ষুণ্ণ রাখা। *aor* **অভিপালি**। *pp* **অভিপালিত**।
**অভিপীলেতি**—(অভি+পীল্+এ) পীড়ন করা; অত্যাচার করা; নিষ্পেষণ করা; নিঙড়ানো; মোচড়ানো। *aor* **অভিপীলেসি**। *pp* **অভিপীলিত**।
**অভিপূরতি**—(অভি+পূর্+অ) পূর্ণ হওয়া; পরিপূর্ণ হওয়া। *aor* **অভিপূরি**। *pp* **অভিপূরিত**।
**অভিপ্পকিণ্ণ**—('অভিপ্পকিরতি'র *pp*) অভিপ্রকীর্ণ; বিক্ষিপ্ত; ছড়ানো; নানাপ্রকার; মিশ্রিত; বিস্তৃত; প্রকাশিত; অসংবদ্ধ; উচ্ছৃঙ্খল।
**অভিপ্পমোদতি**—(অভি+প+মুদ্+অ) আনন্দ করা; অমোদ করা; হৃষ্ট করা। *aor* **অভিপ্পমোদি**। *pp* **অভিপ্পমোদিত**।
**অভিপ্পসন্ন**—('পসীদতি'র *pp*) অভিপ্রসন্ন; প্রসন্ন।
**অভিপ্পসাদ**—প্রসাদ; প্রসন্নতা; বিশ্বাস; আস্থা; ভরসা;

আরাধনা; ভজন।

**অভিপ্পসারেতি**—(অভি+প+সর্+এ) প্রসার করণ; বিস্তার করণ। *aor* **অভিপ্পসারেসি।**

**অভিপ্পসীদতি**—(অভি+প+সদ্+অ) বিশ্বাস থাকা; আস্থা থাকা; ভরসা থাকা; আরাধনা করা; ভজন করা। *aor* **অভিপ্পসীদি।**

**অভিভবতি**—(অভি+ভূ+অ) অভিভূত করা; পরাভূত করা; আক্রমণ করা; আবৃত করা; বিহ্বল করা; ভাবাবিষ্ট করা; আয়ত্ত করা। *aor* **অভিভবি।**

**অভিভবন**—পরাভব; আক্রমণ; ভাবাবেশ; পরাভূত করণ।

**অভিভাবনীয**—অভিভূত করণীয়; পরাভূত করণীয়।

**অভিভূ**—জয়ী; বিজয়ী; অধিরাজ।

**অভিভূত**—('অভিভবতি'র *pp*) পরাভূত; পরাস্ত; আবৃত; বিহ্বল; ভাবাবিষ্ট; আয়ত্ত।

**অভিমঙ্গল**—ভাগ্যবান; পবিত্র; শুভ; হিত; কল্যাণ; মঙ্গল।

**অভিমত**—('অভিমঞ্ঞতি'র *pp*) সম্মত; অনুমোদিত; মনোনীত; অভিলষিত।

**অভিমদ্দতি**—(অভি+মদ্দ্+অ) মর্দন করা; দমন করা; দলন করা; পিষ্টকরণ। *aor* **অভিমদ্দি।** *pp* **অভিমদ্দিত।**

**অভিমদ্দন**—মর্দন; দমন; দলন; পেষণ।

**অভিমন্থতি**—(অভি+মন্থ্+অ) **অভিমন্থেতি** (অভি+মন্থ্+এ) পেষণ, পিষ্ট করা; ভগ্ন করা; চূর্ণ করা; লাট করা; মন্থন করা; প্রচণ্ডভাবে আলোড়িত করা। *aor* **অভিমন্থি, অভিমন্থেসি।** *pp* **অভিমন্থিত, অভিমথিত।**

**অভিমান**—অহঙ্কার; অপমানবোধ।

**অভিমুখ**—সম্মুখবর্তী; উদ্দেশে ধাবমান; উদ্যত; অনুকূল; সদয়; ঊর্ধ্বমুখ। **অভিমুখং**—অভিগামী; আসন্ন।

**অভিযাচতি**—(অভি+যাচ্+অ) যাচ্ঞা করা; যাচনা করা; প্রার্থনা করা; সনির্বন্ধ অনুরোধ করা। *aor* **অভিযাচি।**

**অভিযাচন, অভিযাচনা**—যাচন; প্রার্থনা; সনির্বন্ধ অনুরোধ।

**অভিযাচিত**—('অভিযাচতি'র *pp*) যাচিত; প্রার্থিত; অনুরুদ্ধ।

**অভিযাতি**—(অভি+যা+অ) বিরুদ্ধ গমন; বিরুদ্ধাচরণ। *aor* **অভিযাযি।** *pp* **অভিযাত।**

**অভিযুঞ্জতি**—(অভি+যু+ং+অ) নালিশ করা; অপকার ইচ্ছায় আক্রমণ করা; যুদ্ধার্থ আহ্বান করা; শপথ করা; ভর্ৎসনা করা; দোষারোপ করা। *aor* **অভিযুঞ্জি।** *pp* **অভিযুত্ত।**

**অভিযুঞ্জন**—মকদ্দমা বিচার; ক্ষতি করার প্রচেষ্টা চালিয়ে যাওয়া; আইন, নিয়ম, পর্ব, রীতিনীতি প্রভৃতি পালন বা উদ্‌যাপন।

**অভিযোগ**—আইন, নিয়ম, পর্ব, রীতিনীতি প্রভৃতি পালন বা উদ্‌যাপন।

**অভিযোগী**—আইন, নিয়ম, পর্ব, রীতিনীতি প্রভৃতি পালনকারী বা উদ্‌যাপনকারী অথবা ক্ষতি করার প্রচেষ্টাকারী।

**অভিরক্খতি**—(অভি+রক্খ+অ) রক্ষা করা; নষ্ট হতে না দেওয়া; বিপন্ন হতে না দেওয়া; সংরক্ষণ। *aor* **অভিরক্খি।**

**অভিরক্খন, অভিরক্খা**—রক্ষণ; রক্ষা; সংরক্ষণ।

**অভিরত**—('অভিরমতি'র *pp*) অনুরক্ত; তুষ্ট; নিযুক্ত; মনোযোগী।

**অভিরতি**—আসক্তি; সুখ; আনন্দ; উদ্যোগ।

**অভিরদ্ধ**—সন্তুষ্ট; সুখ; আনন্দ; উদ্যোগ।

**অভিরদ্ধি**—সন্তুষ্টি, তুষ্ট; অনুকূল; প্রসন্ন; শান্ত।

**অভিরমতি**—(অভি+রম+অ) উপভোগ করা; ভোগ করা; আনন্দ পাওয়া। *aor* **অভিরমি।**

**অভিরমন**—উপভোগ; ভোগ; আনন্দ; আমোদ-প্রমোদ; অবসর-বিনোদন।

**অভিরমাপেতি**—(অভি+রম+আপে) একজনকে উপভোগ করানো; একজনকে ভোগ করানো; একজনকে আনন্দ পাওয়ানো। *aor* **অভিরমাপেসি।**

**অভিরাম**—আনন্দদায়ক; মনোরম; প্রশংসনীয়; শোভন; উপযোগী; মনোহর; তৃপ্তিদায়ক।

**অভিরুচি**—ইচ্ছা; অভিলাষ; অনুরাগ; দীপ্তি।

**অভিরুচিত**—ইচ্ছিত; অভিলষিত; দীপ্ত; নির্বাচিত।

**অভিরুচির**—বড়ই আনন্দদায়ক; বড়ই আনন্দময়; অত্যন্ত মনোরম; খুব সুন্দর।

**অভিরুয্হ**—('অভিরুহতি'র *abs*) আরোহণ করে; উপরে উঠে; অধিষ্ঠিত হয়ে; উদিত হয়ে।

**অভিরূপ**—মনোহর; প্রিয়; অনুরূপ।

**অভিরুহতি, অভিরূহতি**—(অভি+রুহ্+অ) আরোহণ করা; উপরে ওঠা; অধিষ্ঠিত হওয়া। অভিরুহি।

**অভিরুহন**—আরোহণ; আরোহ; চড়া।

**অভিরূল্হ**—('অভিরুহতি'র *pp*) আরূঢ়, অধিরূঢ়; আরোহণ করেছে এরূপ।

**অভিরোচেতি**—(অভি+রুচ+এ) ইচ্ছা করা; পছন্দ করা; পরমানন্দ অনুভব করা।

**অভিলক্খিত**—('অভিলক্খেতি'র *pp*) দৃষ্ট; উদ্দিষ্ট; অনুভূত; নিশানা করা হয়েছে এমন; লক্ষিত;

পরিলক্ষিত।

**অভিলকখেতি**—(অভি+লকখ+এ) লক্ষ্য করা; দেখা; নিশানা করা। *aor* **অভিলকখেসি**।

**অভিলাপ**—আলাপ; কথোপকথন; কথাবার্তা; পরিচয়।

**অভিলাস**—অভিলাষ; ইচ্ছা; অনুরাগ; স্পৃহা; লোভ।

**অভিৱট্ঠ, অভিৱট্ঠ**—('অভিৱসসতি'র *pp*) অভিবর্ষিত; বর্ষিত।

**অভিৱড্ঢতি**—(অভি+ৱড্ঢ+অ) অভিবর্ধন করা; বর্ধন করা; বৃদ্ধি করা; অভিবৃদ্ধি করা; অধিকতর বৃদ্ধি লাভ করা; উদ্ভূত হওয়া। *aor* **অভিৱড্ঢি**। *pp* **অভিবড্ঢিত**।

**অভিৱড্ঢন, অভিৱড্ঢি**—বর্ধন; বৃদ্ধি; অভিবর্ধন; অভিবৃদ্ধি।

**অভিৱণ্ণিত**—('অভিবণ্ণেতি'র *pp*)।

**অভিৱণ্ণেতি**—(অভি+ৱণ্ণ+এ) বর্ণনা করা; প্রশংসা করা; সম্প্রসারণ করা; ব্যাখ্যা করা। *aor* **অভিৱণ্ণেসি**।

**অভিৱদতি**—(অভি+ৱদ+অ) কথন; বলা; ঘোষণা করা।

**অভিৱন্দতি**—(অভি+ৱন্দ+অ) অভিবাদন করা; বন্দনা করা; প্রণাম করা। *aor* **অভিৱন্দি**। *pp* **অভিৱন্দিত**।

**অভিৱন্দিয**--অভিবাদন করা যায় এরূপ; অভিবাদনযোগ্য; অভিবাদ্য; বন্দ্য; বন্দনীয়।

**অভিৱসসতি**—(অভি+ৱসস+অ) বর্ষণ করে; উপর হতে ছড়িয়ে দেওয়া। *aor* **অভিৱসসি**।

**অভিৱাদন, অভিৱাদনা**—প্রণাম; নমস্কার; বন্দনা; অভ্যর্থনা; অভিনন্দন।

**অভিৱাদেতি**—(অভি+ৱদ+এ) প্রণাম করা; নমস্কার করা; বন্দনা করা; অভ্যর্থনা করা; অভিনন্দন করা। *aor* **অভিৱাদেসি**। *pp* **অভিৱাদিত**।

**অভিৱাদেতব্ব**—অভিবাদনযোগ্য; প্রণামের যোগ্য; অভিবাদ্য; বন্দনীয়; অভিনন্দনীয়।

**অভিৱাযতি**—(অভি+ৱা+অ) বায়ুপ্রবাহ দ্বারা চালিত করা; বাতাস করা। *aor* **অভিৱাযি**।

**অভিৱিজিনাতি**—(অভি+ৱি+জি+না) জয় করা; পরাজিত করা; জয়ী হওয়া; বিজয়ী হওয়া। *aor* **অভিজিনি**। *pp* **অভিৱিজিত**। *abs* **অভিৱিজয**।

**অভিৱিতরণ**—বিতরণ; বণ্টন; বিলানো; ভাগ করে বহুলোককে দান।

**অভিৱিসিট্ঠ**—অভিবিশিষ্ট; বিশিষ্ট; পরমোৎকৃষ্ট।

**অভিৱুট্ঠ**—'অভিৱট্ঠ' দেখুন। অভিবর্ষিত।

**অভিৱুদ্ধি**—'অভিৱড্ঢি' দেখুন। অভিবৃদ্ধি।

**অভিসঙ্খত**—('সঙ্খরতি'র *pp*) অভিসংস্কৃত; কৃষ্টি; সংস্কৃত; উপযোগীকৃত; সুবিন্যস্ত; সজ্জিত; পুনরুদ্ধৃত; পুনরধিষ্ঠিত।

**অভিসঙ্খরণ**—অভিসংস্করণ; সংস্করণ; সুবিন্যাস; সজ্জিতকরণ; পুনরুদ্ধার।

**অভিসঙ্খরোতি**—(অভি+সং+কর+ও) অভিসংস্কার করা; সংস্কার করা; সুবিন্যাস করা; সজ্জিত করা; পুনরুদ্ধার করা। *aor* **অভিসঙ্খরি**।

**অভিসঙ্খার**—অভিসংস্কার; সংস্কার; পুঞ্জীভবন; পুঞ্জিত রাশি; উপযোগীকরণ; প্রস্তুতি।

**অভিসঙ্ঘ**—সঙ্গ; মিলন; সংসর্গ; আসক্তি।

**অভিসজ্জতি**--(অভি+সদ+য) ফেটে যাওয়া; রাগান্বিত হওয়া; উত্তেজিত হওয়া; ক্রুদ্ধ হওয়া; আসঞ্জিত হওয়া; সংযুক্ত হওয়া। *aor* **অভিসজ্জি**।

**অভিসজ্জন**—ক্রোধ।

**অভিসঞ্চেতযিত**—উদ্ভাবিত; চিন্তাশক্তি দ্বারা সমাপ্ত; অভিপ্রেত; অভীপ্সিত; উদ্দিষ্ট।

**অভিসঞ্চেতেতি**—(অভি+সং+চিৎ+এ) উদ্ভাবন করা; চিন্তাশক্তি দ্বারা সমাধা করা বা সমাপন করা। *aor* **অভিসঞ্চেতেসি**।

**অভিসট**—('অভিসরতি'র *pp*) পরিদর্শিত; অভিগত; উপগত; নিকটবর্তী; সঙ্গমরত।

**অভিসত্ত**--('অভিসপতি'র *pp*) অভিশপ্ত; অভিশাপগ্রস্ত।

**অভিসদ্দহতি**—(অভি+সং+দহ+অ) বিশ্বাস করা; আস্থা রাখা; বিবেচনা করা। *aor* **অভিসদ্দহি**।

**অভিসন্দ**—নির্গমন; বহির্দিকে প্রবহন; বহির্মুখ প্রবাহ; ফল; পরিণাম; অভিষ্যন্দ; আধিক্য; অতিশয় উন্নতি; অতিস্ফীততা।

**অভিসন্দন**—বহির্মুখ প্রবাহমান; অভিষ্যন্দন; অতিশয় উন্নয়নশীল।

**অভিসন্দতি**—(অভি+সন্দ+অ) প্রবাহিত হওয়া; বয়ে চলা; অবাধে বহিয়া চলা; প্রচুর পরিমাণে নির্গত হওয়া; ধীরে ধীরে প্রবাহিত হওয়া; ধীরে ধীরে ঝরা; ফোঁটায় ফোঁটায় ঝরা। *aor* **অভিসন্দি**।

**অভিসন্দহতি**—(অভি+সন+দহ+অ) মিলিত করানো; মিলিত হওয়া; সংহত করা; একত্র করা। *aor* **অভিসন্দহি**।

**অভিসপতি**—(অভি+সপ+অ) অভিশাপ দেওয়া; অভিসম্পাত দেওয়া; তীব্র কটূক্তি করা; (আনুষ্ঠানিকভাবে) শপথ গ্রহণ করা।

**অভিসপন**—শপথ; অভিশাপ; অভিসম্পাত; শাপ; তীব্র কটূক্তি।

**অভিসময**—অভিসময়; গভীরভাবে অনুভব; সম্যকভাবে উপলব্ধি; স্পষ্টভাবে উপলব্ধি; আদায়; তীক্ষ্ণতা।
**অভিসমাচারিক**—উত্তম আচরণধারী; শিষ্টাচারী।
**অভিসমেচ্চ**—('অভিসমেতি'র *abs*) সম্যক উপলব্ধি লাভ করে।
**অভিসমেত, অভিসমিত**—('অভিসমেতি'র *pp*) স্পষ্টভাবে উপলব্ধ; সম্যক উপলব্ধ।
**অভিসমেতাবী**—যিনি সম্যক অন্তর্দৃষ্টি ধারণ করেন।
**অভিসমেতি**—(অভি+সং+ই+অ) অর্জন করা; অনুভব করা; উপলব্ধি করা। *aor* **অভিসমেসি**।
**অভিসম্পরায**—ভবিষ্যৎ পুনর্জন্ম; পরলোক।
**অভিসম্বুজ্ঝতি**—(অভি+সং+বুধ্+য) সর্বোচ্চ জ্ঞান লাভ করা; পরমার্থ জ্ঞান অর্জন করা। *aor* **অভিসম্বুজ্ঝি**।
**অভিসম্বুদ্ধ**—('অভিসম্বুজ্ঝতি'র *pp*)।
**অভিসম্বোধি**—সম্বোধি; সর্বোচ্চ আলোকসম্পাত; সর্বোচ্চ আলোকপ্রাপ্ত অবস্থা।
**অভিসম্ভুনাতি**—(অভি+সম্ভ্+উনা) সমর্থ হওয়া; অর্জন করা। *aor* **অভিসম্ভুনি**।
**অভিসম্মতি**—(অভি+সম+য) নিবৃত্ত হওয়া; ক্ষান্ত হওয়া; সমাপ্ত হওয়া; শান্ত করা। *aor* **অভিসম্মি**।
**অভিসাপ**—অভিশাপ; শাপ; অভিসম্পাত।
**অভিসারিকা**—রাজসভায় যে বারাঙ্গনা থাকে; সভাসুন্দরী; রাজনর্তকী; বেশ্যা; অভিসারিণী; অভিমুখে গমনকারিণী।
**অভিসিঞ্চতি**—(অভি+সিচ্+ব্+অ) সিঞ্চন করা; ছিটিয়ে দেওয়া; পবিত্র করা; উৎসর্গ করা। *aor* **অভিসিঞ্চি**।
**অভিসিত্ত**—('অভিসিঞ্চতি'র *pp*)।
**অভিসেক, অভিসিঞ্চন**—সেচন; অভিষেক; অভিসিঞ্চন; স্নান; যথাবিধি মন্ত্র উচ্চারণ করে পবিত্র জল ইত্যাদি দ্বারা স্নান; রাজ্যাধিকারের জন্য অভিষেচন।
**অভিসেচেতি**—('অভিসিঞ্চতি'র *cause*)।
**অভিহট**—('অভিহরতি'র *pp*)।
**অভিহটঠুং**(—অভিহরিতুং) কাছে আনয়ন করতে।
**অভিহত**—('অভিহনতি'র *pp*)।
**অভিহনতি**—(অভি+হন+অ) জ্বালাতন করা; আঘাত করা। *aor* **অভিহনি**।
**অভিহরতি**—(অভি+হর্+অ) কাছে আনয়ন করা; অর্পণ করা; উৎসর্গ করা। *aor* **অভিহরি**।
**অভিহার**—নিকটে আনায়ন; অর্পণ; উৎসর্গ।
**অভিহিত**—('অভিধাতি'র *pp*) কথিত; নির্দিষ্ট; উল্লিখিত; নামযুক্ত।
**অভীত, অভীরু, অভীরুক**—ভয়শূন্য; ভীতিহীন; সাহসী।
**অভূত**—প্রকৃত নয় এমন; মিথ্যা; অজাত; অবিদ্যমান। প্রতারণা; অসাধুতা। **অভূত অক্খান**—ইচ্ছাকৃত মিথ্যাভাষণ। **অভূতবাদী**—মিথ্যাবাদী।
**অভেজ্জ**—অভেদ্য; ভেদ করতে পারা যায় না এরূপ; ভাগ করা যায় না এমন।
**অভোজ্জি**—অভোজ্য; খাওয়ার অযোগ্য; অখাদ্য। (অভোজ্জ)।
**অমচ্চ**—১ অমাত্য। ২ সহচর।
**অমজ্জ**--অমদ্য; প্রমত্ততাদায়ক নয় এমন। **অমজ্জপ**—যে মদ্যপান করে না বা নেশাপান করে না এমন; মাদকদ্রব্য পান বিরত।
**অমত**—অমৃত; দেবতাদের খাদ্য ও পানীয়; মৃত্যুহীন অবস্থা। **অমতন্দদ**—মৃত্যুহীন অবস্থা আনয়নরত। **অমতপদ**—মৃত্যুহীনতা রক্ষণাবেক্ষণার্থ সঙ্গে গমন। **অমতমগ্গ**—অমৃত পথ; মরণহীন পথ, অমৃতমার্গ।
**অমতা**—(*Embolic myrobalan*) হরীতকী; অমৃতা; গুড়ুচি; দুর্বা; আমলকী, তুলসী; পিপ্পলী। ['আমলক' দেখুন]।
**অমত্ত**—মত্ত নয়; নেশাগ্রস্ত নয়; ছোট মাটির পাত্র; ক্ষুদ্র মৃৎপাত্র।
**অমত্তঞ্ঞ্**—অমাত্রাজ্ঞ; সীমাতিরিক্ত; অত্যধিক; অমিত; অবাধ। **অমত্তঞ্ঞুতা**—অমাত্রাজ্ঞতা; সীমাতিরিক্ততা; অবাধ্যতা।
**অমত্তেয্য**—মাতাকে অমান্যকারী। **অমত্তেয্যতা**—মাতার প্রতি অমান্যতা।
**অমনুস্স**—১ অমনুষ্য; অপদেবতা; দৈত্য; পিশাচ; ভূত; প্রেত; ২ দেবতা বা দেবী।
**অমম**—অস্বার্থপর; আকুল আকাঙ্ক্ষামুক্ত।
**অমর**—অবিনশ্বর; অবিস্মরণীয়; চিরস্থায়ী; মৃত্যুহীন; দেবতা।
**অমরা**—বানমাছ; পাঁকাল মাছ; যে ব্যক্তি এড়িয়ে চলতে দক্ষ; যাকে সহজে ধরা যায় না। **অমরা বিক্খেপ**—বানের সংগ্রাম।
**অমল**—নির্মল; পরিষ্কার; নিষ্কলঙ্ক; নির্ভুল; নিখুঁত।
**অমাতাপিতিক**—মাতৃপিতৃহীন; অনাথ।
**অমানুস, অমানুসিক**—অমানুষ; অমানুষিক।
**অমাবসী**—নতুন চন্দ্রের দিন।
**অমামক**—'অমম' দেখুন।
**অমিত**—অপরিমিত; অসীম। **অমিত আভ**—(অমিতাভ) অমিত আভা যাঁর; বুদ্ধ।
**অমিত্ত**—অমিত্র; শত্রু।

**অমিলাত**—অবিবর্ণ; অশুষ্ক; অবিনষ্ট; অক্ষত।

**অমিলাতা**—ভেষজ বা ভৈষজ্য উদ্ভিদ; ঘৃতকুমারী।

**অমিস্স**—অমিত্র; বিশুদ্ধ, খাঁটি; পৃথক।

**অমু**—অমুক; অমুক অমুক।

**অমুচ্ছিত**—অমূর্ছিত; অমোহগ্রস্ত; সচেতন; সজ্ঞান; অপ্রতিফলিত।

**অমুত্ত**—অমুক্ত; অমোক্ষপ্রাপ্ত; অপরিত্যক্ত।

**অমুত্র**—অমুক অমুক স্থানে।

**অমোঘ**—শূন্যগর্ভ নয়; খালি নয়; ব্যর্থ নয়; তুচ্ছ নয়।

**অমোহ**—জ্ঞান; বিদ্যা; চৈতন্য; অভ্রান্তি; অমূর্ছা।

**অম্ব**—আম্র বৃক্ষ; আমগাছ; আমফল। **অম্ব-অঙ্কুর**—আমের মুকুল। **অম্বপক্ক**—পাকা আম। **অম্ব পান**—আমের রসে তৈরি পানীয়। **অম্ব-পিণ্ডী**—আমের থোকা। **অম্ববন, অম্বসণ্ড**—আম্রবন। **অম্ব লট্ঠিকা**—আমগাছ।

**অম্বর**—১ বস্ত্র; কাপড়। ২ আকাশ।

**অম্বা**—মাতা; মা।

**অম্বিল**—অম্বল; অম্ল স্বাদ; অ্যাসিড; আমানি বা অম্লজল (Vineger)।

**অম্বু**—জল। **অম্বুচারী**—মৎস্য; মাছ। **অম্বুজ**—জলজ; পদ্ম পঙ্কজ; মীন। **অম্বুদ, অম্বুধর**—জলধর; মেঘ।

**অম্বুজিনী**—পদ্মপুকুর।

**অম্ভো**—অহো ! আহা ! ওহে ! (সহানুভূতি প্রকাশক শব্দ ও সম্বোধনসূচক শব্দ বা আহ্বান ধ্বনি)।

**অম্মণ**—শস্য ওজন দেবার একটি পরিমাপ।

**অম্মা**—মাতা; মা (বালিকা বা কন্যাকে ডাকার সময় কখন কখন এরূপ সম্বোধন করা হয়)।

**অম্হ**—(উত্তম পুরুষ) আমি; আমরা।

**অম্হি**—(উত্তম পুরুষ এক বচন) আমি হই।

**অম্হ, অম্হা**—(উত্তম পুরুষ বহুবচন) আমরা হই।

**অয**—আয়; উপার্জন; লৌহ। **অযকপাল**—লোহার তৈরি ঢাকনা; লোহার তৈরি চেটালো পাত্র।

**অযং**—('ইম'র কর্তায় এক বচনে) এই ব্যক্তি; এই লোক।

**অযথা**—মিথ্যা। **অযথাভাব**—অবাস্তব বস্তু।

**অযন**—পথ; রাস্তা; গতিপথ।

**অযস**—অযশ; আরোপিত চারিত্রিক অগুণ; অপমান; মর্যাদাহানি; লজ্জার কারণ।

**অযির, অযিরক**—'অয্য', 'অয্যক' দেখুন।

**অযুত্ত**—অযুক্ত; যথাযথ নয় এমন; বেমানান; অবিচার।

**অযো**—(একত্রকরণে 'অয' 'অয়ো' হয়); **অযোকূট**—লোহার হাতুড়ি। **অযোগুল**—লোহার গোলক। **অযোঘন**—লোহার মুগুর। **অযোময**—লোহার তৈরি। **অযোসঙ্কু**—লোহার বড় পেরেক।

**অযোগ্গ**—অযোগ্য; অনুপযুক্ত; অসুবিধাজনক।

**অযোজ্ঝ**—অযোধ্য; অজেয়।

**অযোনিসো**—অনুচিতভাবে; অবিচক্ষণতার সহিত।

**অয্য**—আর্য; ভদ্রলোক; প্রভু; কর্তা; মহান চরিত্র; সদাশয়। **অয্যপুত্ত**—আর্যপুত্র; মনিবপুত্র।

**অয্যক**—পিতামহ।

**অয্যকা, অয্যিকা**—পিতামহী বা মাতামহী।

**অয্যা**—প্রভুপত্নী; কর্ত্রী।

**অর**—চক্রের পাখি; চাকার অর।

**অরক্খিয**—অরক্ষ্য; অরক্ষণীয়; রক্ষা করা অপ্রয়োজনীয়।

**অরজ**—অরজাঃ; ধূলিশূন্য; নির্মল; অরজঃ।

**অরঞ্জর**—বড় বয়াম; খল।

**অরঞ্ঞ**—অরণ্য; বন; জঙ্গল। **অরঞ্ঞক**—অরণ্যবাসী; অরণ্য বিহারী। **অরঞ্ঞগত**—যিনি অরণ্যে গমন করেছেন। **অরঞ্ঞবাস**—অরণ্যে বাস। **অরঞ্ঞবিহার**—অরণ্য বিহার; অরণ্যাশ্রম। **অরঞ্ঞআযতন**—অরণ্যায়তন; অরণ্যের যে স্থানে বারংবার যাতায়াত করা যায়।

**অরঞ্ঞানী**—বৃহৎ বন; বড় জঙ্গল।

**অরণ**—শান্তিপূর্ণ; আবেগশূন্য; নিরাবেগ।

**অরণি**—ঘর্ষণের দ্বারা আগুন জ্বালাবার কাঠ। **অরণিমন্থন**—আগুন জ্বালবার জন্য দুটি কাঠির ঘর্ষণ। **অরণি সহিত**—সংঘর্ষণের জন্য উপরের কাঠি; উত্তবারণি (নিচের কাষ্ঠখণ্ডকে অধবারণি বলে)।

**অরতি**—১ অসম্বন্ধ; অনাসঞ্জন; অসংযোজন; অনাসক্তি; অননুরাগ; বিমুখতা; বিরূপতা; বিরোধ ভাব। ২ মারকন্যা বিশেষ।

**অরবিন্দ**—পদ্ম।

**অরহ**—উপযুক্ত; দাবিদার; সুযোগ্য; উপযোগী; যোগ্যতাসম্পন্ন। **অরহদ্ধজ**—ভিক্ষুর গৈরিক বসন; চীবর।

**অরহতি**—(অরহ্+অ) উপযুক্ত হওয়া; দাবিদার হয়া; যোগ্যতাসম্পন্ন হওয়া। **অরহত্ত**—অরহত্বের অবস্থা; **শেষ বন্ধন**—মুক্তি বা শৃঙ্খল মোচন। **অরহত্তিমগ্গ**—শেষ বন্ধন মুক্তির বা শৃঙ্খল মোচনের মার্গ বা পথ।

**অরহন্ত**—যিনি সর্বাধিক মঙ্গল অর্জন করেছেন।

**অরি**—শত্রু। **অরিন্দম**—শত্রু দমনকারী; বিজেতা।

**অরিঞ্চমান**—পরিত্যাগকারী নয়; আন্তরিকতার সহিত পশ্চানুসরণকারী।

**অরিট্ঠ**—১ অরিষ্ট; নিষ্ঠুর; অশুভ অদৃষ্ট। ২ কাক।

৩ নিমগাছ ৪ সোপ-বেরি (Soap-berry) গাছ; আয়ুর্বেদীয় আরক বিশেষ।

**অরিত্ত**—নৌকা জাহাজ প্রভৃতির হাল; কর্ণ; খালি নয়; অকার্যকর নয়; অব্যর্থ; অতুচ্ছ।

**অরিয**—আর্য; উচ্চবংশজাত; অভিজাত; সম্ভ্রান্ত; উন্নত চরিত্র; মহান চরিত্র; সদাশয়; উদার; বিশিষ্ট; স্বতন্ত্র; সম্মানিত; পবিত্র পুরুষ; যিনি উচ্চতর জ্ঞান অর্জন করেছেন। **অরিযকন্ত**—আর্য শোভন; আর্যোপযোগী; আর্যসম্মত। **অরিযকা**—ঠাকুরমা (পিতামহী বা মাতামহী)। **অরিযধন**—আর্যদের সর্বোৎকৃষ্ট ধনদৌলত। **অরিযধম্ম**—আর্যধর্ম; বিশিষ্ট চর্চা। **অরিয পুগ্গল**—আর্য পুদগল; যিনি উচ্চতর জ্ঞানী। **অরিযমগ্গ**—আর্যমার্গ; আর্যপথ; উচ্চতর জ্ঞান অর্জন করার পথ। **অরিয সচ্চ**—আর্যসত্য; প্রতিষ্ঠিত তথ্য; মহান সত্য। **অরিয সাবক**—আর্যশ্রাবক; আর্যগণের শিষ্য। **অরিযুপবাদ**—সাধুসন্তকে অমর্যাদা করণ; অপমান করণ।

**অরিস**—অর্শ।

**অরু, অরুকা**—পুরাতন ঘা; পুরানো মর্মাঘাত; ক্ষতস্থান; মর্মযন্ত্রণা। **অরুকায**--ক্ষতস্তূপ। **অরুপক্ক**--ক্ষতের দ্বারা ক্ষয়িষ্ণু; মর্মযন্ত্রণায় ক্ষয়শীল।

**অরুণ**—১ উষা; ভোর; নবোদিত সূর্য। ২ রক্তিমাভ; লালবর্ণ। **অরুণবণ্ণ**—লাল বর্ণের। **অরুণুগ্গমন**—সূর্যোদয়ের পূর্বে রক্তিমাভার আবির্ভাব।

**অরূপ**—রূপহীন; আকৃতিশূন্য। **অরূপকাযিক**—অরূপকায়িক; রূপহীনসত্ত্ব; আকৃতিশূন্য প্রাণী। **অরূপভব**—রূপহীন অস্তিত্ব; আকৃতিশূন্য অস্তিত্ব। **অরূপলোক**—রূপহীন জগৎ; আকৃতিশূন্য জগৎ। **অরূপাবচর**—অরূপরাজ্যের অধিবাসী; আকৃতিহীন এলাকার বাসিন্দা।

**অরূপী**—রূপহীন বা আকৃতিশূন্য প্রাণী।

**অরে**—অহে! ওহে! হে! আমি বলি! শোনো!

**অরোগ**—স্বাস্থ্যবান; রোগহীন; অসুস্থতাশূন্য। **অরোগ্যভাব**—সুস্বাস্থ্য; সুস্থতা; রোগহীনভাব।

**অল**—পশুপক্ষীর তীক্ষ্ণ ও বক্র নখর; কাঁকড়া চিংড়িমাছ প্রভৃতির সাঁড়াশি সদৃশ দাড়া।

**অলক্ক**—পাগল কুত্তা; পাগলা কুকুর।

**অলক্খিক**—দুরদৃষ্ট; দুর্ভাগা; হতভাগ্য।

**অলক্খী**—দুর্ভাগ্য; কু-অদৃষ্ট; হতভাগ্য; মন্দ বরাত।

**অলগদ্দ**—সর্প; সাপ।

**অলগ্গ**—আলগা, অসংশ্লিষ্ট; অসংযুক্ত।

**অলগ্গন**—অলগ্ন; অসংশ্লিষ্ট; অসংযুক্ত।

**অলঙ্কত**—('অলঙ্করোতি'র *pp*) অলঙ্কৃত; সজ্জিত; ভূষিত; শোভিত।

**অলঙ্করণ**—১ ভূষিতকরণ; নকশা কাটা; প্রসাধন; অতিরঞ্জন; ভূষণ; আভরণ। ২ সজ্জিতকরণ; সাজানো।

**অলঙ্করোতি**—(অলং+কর্‌+ও) সাজানো; ভূষিত করণ; অলঙ্কৃত করণ।

**অলঙ্কার**—সজ্জা; গহনা।

**অলজ্জী**—লজ্জাহীন; পাপে ভয়হীন।

**অলত্তক**—লক্ষ; লাখ। **অলত্তককত**—(প্রধানত লাক্ষা ও অ্যালকোহলে প্রস্তুত) সোনালি কলাই বা বার্নিশ দিয়ে কলাই করা।

**অলস**—আলস; আলস্যযুক্ত; শ্রমবিমুখ; উৎসাহশূন্য; নিরুদ্যম। **অলসতা**—কুঁড়েমি; আলস্য; ঢিলেমি।

**অলসক**—অজীর্ণ; বদহজম।

**অলং**—যথেষ্ট! কাজ ছাড়ো! কাজ ত্যাগ করো! থামো!; সমর্থ; উপযুক্ত। **অলং কম্মনীয**—উদ্দেশ্য উপযোগী। **অলং পতেয্যা**—বিবাহযোগ্য বয়সের মহিলা। **অলং বচনীয**—১ অন্যেরা কি বলে, যে মহিলা তা বোঝে। ২ (inexhortable) বিশেষভাবে অননুদ্বুদ্ধকরণীয় বা অপ্রণোদিতকরণযোগ্য; বিশেষভাবে উদ্বুদ্ধ বা প্রণোদিত করণ অযোগ্য।

**অলাত**—জ্বলন্ত কাষ্ঠখণ্ড; যে ব্যক্তি লড়াই বাধায় বা উত্তেজনার সৃষ্টি করে।

**অলাপু, অলাবু**—লম্বা সাদা লাউ।

**অলাভ**—ক্ষতি; অপ্রাপ্তি; লোকসান; নাশ।

**অলি**—ভ্রমর; মৌমাছি; বৃশ্চিক; বিছা।

**অলিক**—অলীক; মিথ্যা; অমূলক; অপ্রামাণিক।

**অলীন**—আলস্যপরায়ণ নয় এমন; অমন্থর; কর্মঠ; লয়প্রাপ্ত নয়; অলুপ্ত; অসংলগ্ন।

**অলোভ**—লোভশূন্য; নির্লোভ; লোভহীনতা; পাবার ইচ্ছা না থাকা।

**অলোল, অলোলুপ**—অর্থ লোলুপ নয়; আকাঙ্ক্ষা দ্বারা বিহ্বল বা কিংকর্তব্যবিমূঢ় নয়।

**অল্ল**—ঈষৎ ভিজা; ভিজা-ভিজা; স্যাঁতসেঁতে; আর্দ্র; সিক্ত; সবুজ; সতেজ; কাঁচা; টাটকা। **অল্লদারু**—কাঁচা কাঠ।

**অল্লাপ**—আলাপ; কথোপকথন; পরিচয়।

**অল্লীন**—('অল্লীযতি'র *pp*) বিদ্ধ; গ্রন্থিত; জড়িত; আসক্ত; অনুরক্ত; লীন।

**অল্লীযতি**—(আ+লী+য) এঁটে ধরা; জড়িয়ে থাকা; দৃঢ়ভাবে আসক্ত বা অনুরক্ত থাকা; বিশ্বস্ত থাকা; অনুগত থাকা; লীন হয়ে থাকা।

**অল্লীযন**—জড়ানো; আসক্তি; অনুরক্তি; আনুগত্য।

**অবকড্‌ঢতি**—(অব+কড্‌ঢ্‌+অ) আকর্ষণ করা; হঠে

আসা; পিছিয়ে আসা; টেনে ফেরানো; টেনে সরানো। *aor* **অৱকড়্ঢি**।

**অৱকড়্ঢন**—বিদূরণ; হঠন, পশ্চাৎ আগমন; টেনে ফেরানো; টেনে সরানো।

**অৱকড়্ঢিত**—আকর্ষিত; টেনে নামানো হয়েছে এমন; টেনে নামিয়ে বিচ্ছিন্ন করা হয়েছে এমন; ধ্বংসিত; চূর্ণীত।

**অৱকস্সতি**—'অৱকড়্ঢতি' দেখুন।

**অৱকারকং**—চতুর্দিকে নিক্ষেপণ; চতুর্দিকে ছড়ানো; চারিদিকে ছড়িয়ে পড়া।

**অৱকাস**—অবকাশ; সুযোগ; অবসরকাল; ছুটি; দুই ঘটনার মধ্যবর্তী সময়; যথাস্থান।

**অৱকিরতি**—(অৱ+কির্+অ) স্রোতের ন্যায় প্রবাহিত হওয়া বা করানো বা নির্গত হওয়া বা করানো; বহা বা বহানো; ঢেলে পড়া বা ঢালা; বর্ষণ করা; প্রবল বৃষ্টিপাত হওয়া।

**অৱকিরিয**—('অৱকিরতি'র *abs*) স্রোতের ন্যায় প্রবাহিত বা নির্গত; বাহিত; বর্ষিত; পতিত।

**অৱকুজ্জ**—নিম্নাভিমুখ; মোহনাভিমুখ; আনমিত; কুঞ্চিত; প্রবণ; ঝোঁক।

**অৱক্কন্ত**—('অৱক্কমতি'র *pp*) অবরুদ্ধ; পরিবেষ্টিত; আক্রান্ত; বিজড়িত; আচ্ছন্ন; নিমজ্জিত; অভিভূত।

**অৱক্কন্তি**—প্রবেশ; প্রবেশপথ; প্রবেশাধিকার; প্রবেশ-ক্ষমতা; লিপিবদ্ধকরণ।

**অৱক্কমতি**—(অব+কম্+অ) প্রবেশ করা; লিপিবদ্ধ হওয়া; নিমজ্জন। *aor* **অৱক্কমি**।

**অৱক্কম্ম**—('অৱক্কমতি'র *abs*) প্রবেশ লাভ করে; অবির্ভূত হয়ে।

**অৱক্কার**—১ বর্জন করে। ২ প্রত্যাখ্যান করে; অরাজি হয়ে। **অবক্কার পাতি**—তরল আবর্জনা গামলা।

**অৱক্খিত্ত**—('অবক্খিপতি'র *pp*) অবক্ষিপ্ত; ভূপাতিত; নিক্ষিপ্ত; হতাশ; নিরাশ।

**অৱক্খিপতি**—বিক্ষেপ করা; ভূপাতিত করা; নিক্ষেপ করা; হতাশ করা। *aor* **অৱক্খিপি**।

**অৱক্খিপন**—দমন; প্রশমন; অবনমিতকরণ; লিখন; আরোপণ; অতিক্রমণ।

**অৱগচ্ছতি**—(অৱ+গম+অ) অর্জন করা; লাভ করা; বোঝা। *aor* **অবগচ্ছি**।

**অৱগণ্ডকার**—খাদ্যে গণ্ডপূর্ণকরণ; খাদ্যে গাল পূরণ।

**অৱগত**—('অৱগচ্ছতি'র *pp*)।

**অৱগাহতি**—(অৱ+গাহ্+অ) ছুড়ে ফেলা; ঝাঁপ দেওয়া; ডোবা; ডোবানো; প্রবেশ করা। *aor* **অৱগাহি**। *pp* **অৱগাল্হ**।

**অৱগাহ, অৱগাহন**—নিক্ষেপ; ঝাঁপ; নিমজ্জন; প্রবেশ; ভর্তি।

**অৱচ**—অবচন; অবাক্য; অকথা; নিকৃষ্ট। (কেবল 'উচ্চাবচ' সংযুক্তকরণে)।

**অৱচ, অৱোচ**—('ৱচ'-এর উত্তম পুরুষ একবচন, *aor*) তিনি বললেন।

**অৱচনীয**—অবাচ্য; অবচনীয়; কথন অযোগ্য; সতর্কিত; বিশেষভাবে উপদিষ্ট; ভর্ৎসিত; নিন্দিত; তিরস্কৃত।

**অৱচর**—বিচরণকারী; গমনশীল; বারংবার বা ঘনঘন গমনাগমনকারী।

**অৱচরক**—গুপ্তচর; গোয়েন্দা; অসৎ চরিত্র।

**অৱচরণ**—আচরণ; বৃত্তি; পেশা; কাজ; উপজীবিকা; ব্যবহার।

**অৱজাত**—জারজাত; বেজন্মা।

**অৱজানন**—ঘৃণা; অবজ্ঞা; ঘৃণার্হ; অবজ্ঞেয়।

**অৱজানাতি**—(অৱ+ঞা+না) ঘৃণা করা; অবজ্ঞা করা। *aor* **অৱজানি**।

**অৱজিত**—('অৱ+জি+না) পরাজিত করা; পরাস্ত করা; জয় করা; জয়ী হওয়া। *aor* **অৱজিনি**।

**অৱজীযতি**—(অৱ+জি+য) হ্রাস করা; হ্রাস পাওয়া; পণ্ড হওয়া।

**অৱজ্জ**—অবদ্য; অনিন্দনীয়; নির্ভুল; নিখুঁত; ত্রুটিহীন; নির্দোষ।

**অৱজ্ঝ**—অবধ্য; অদণ্ডনীয়।

**অৱঞ্ঞা**—অবজ্ঞা; ঘৃণা; অবহেলা; উপেক্ষা; অনাদর; তাচ্ছিল্য।

**অৱঞ্ঞাত**—('অৱজানাতি'র *pp*)।

**অৱট্ঠান, অৱট্ঠিতি**—অবস্থান; অবস্থিতি; স্থিতি; দশা; অবস্থা; আবাস; হালচাল।

**অৱড্ঢি**—অবৃদ্ধি; ক্ষতি; ক্ষয়; নাশ; পতন; অধঃপতন।

**অৱণ্ণ**—অবর্ণ; নিন্দা; অপবাদ; অখ্যাতি; দুর্নাম; খ্যাতিহানি।

**অৱতরণ, অৱতার**—নিচে নামানো; উৎপত্তি; আবির্ভাব; প্রাদুর্ভাব; অবরোহণ; ঝাঁপ; ঝম্প।

**অৱতরতি**—(অৱ+তর্+অ) নামা; উৎপন্ন হওয়া; আবির্ভূত হওয়া; অবরোহণ করা; ঝাঁপ দেওয়া। *aor* **অৱতরি**।

**অৱতংস**—ভূষণ; কর্ণভূষণ; শিরোভূষণ; কিরীট; হার।

**অৱতিণ্ণ**—('অৱতরতি'র *pp*) অবতীর্ণ; আবির্ভূত; অবরূঢ়; প্রবিষ্ট; অতিক্রান্ত; অবগাঢ়।

**অৱত্থট**—('অৱত্থরতি'র *pp*)।

**অৱত্থরণ**—১ বিন্যাস; পোশাক। ২ আবরণ। ৩

অতীব শক্তিমান; মাত্রাধিক; অদম্য।

**অৱথরতি**—(অৱ+থর্‌+অ) আবৃত করা; প্রবলতর শক্তি দ্বারা পরাজিত করা; প্রবলতর শক্তি দ্বারা অভিভূত করা। *aor* **অৱথরি**।

**অৱদাত**—শুভ্র; সাদা; পরিষ্কার; বিশুদ্ধ; নির্মল; মনোজ্ঞ।

**অৱধারণ**—নিরূপম; স্থিরীকরণ; নির্ধারণ; পরিমাণ নির্ণয়।

**অৱধারিত**—('অৱধারেতি'র *pp*)।

**অৱধারেতি**—(অৱ+ধর্‌+এ) নিরূপণ করা; স্থির করা; নির্ধারণ করা। *aor* **অবধারেসি**।

**অৱধি**—সীমা; অন্ত; অবধারণ; নিয়ম।

**অৱনতি**—অনুমতি; অধোচাতি; অধোগমন; নমন; প্রণতি।

**অৱনি**—অবনী; পৃথিবী।

**অৱবুজ্‌ঝতি**—(অৱ+বুধ্‌+য) বোঝা। *aor* **অৱবুজ্‌ঝি**।

**অৱবোধ, অৱবুজ্‌ঝন**—জ্ঞান; বিবেক; তত্ত্বজ্ঞান; অনুভব; জাগরণ; শিক্ষা; উপদেশ।

**অৱবোধেতি**—(অৱ+বুধ্‌+এ) জ্ঞাপন; জানানো; শিখানো।

**অৱভাস**—আলো; জ্যোতি; প্রকাশ; স্ফূরণ; ছল; সাক্ষাৎকার; অধ্যাস।

**অৱভাসতি**—('অৱ+ভাস্‌+অ) আলো দেওয়া; আলো বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া। *aor* অৱভাসি। *pp* **অৱসিত**—উজ্জ্বলভাবে দীপ্তিশীল; জাঁকালোরকম উজ্জ্বল বা চমৎকার; আলোকিত।

**অৱমঙ্গল**—দুর্ভাগ্য; অশুভ লক্ষণ; অশুভ পূর্বাভাস; দুরদৃষ্ট।

**অৱমঞ্‌ঞতি**—(অব+মন+য) অবমাননা করা; অবজ্ঞা করা; উপেক্ষা করা; ঘৃণা করা; ঘৃণার চোখে দেখা। *aor* **অৱমঞ্‌ঞি**।

**অৱমঞ্‌ঞনা, অৱমান, অৱমানন**—অবমাননা; অবজ্ঞা; উপেক্ষা; ঘৃণা; অপমান; অপমান করা; অনাদর করা।

**অৱমানেতি**—(অব+মন+এ) অবজ্ঞা করা; ঘৃণা করা; ঘৃণার চোখে দেখা; অপমান করা। *aor* **অবমানেসি**। *pp* **অৱমত, অৱমানিত**।

**অৱযৱ**—অঙ্গ; অংশ; মূর্তি; আকৃতি; আদল; উপকরণ।

**অৱরুদ্ধ**—('অৱরুদ্ধতি'র *pp*)।

**অৱরুদ্ধতি**—(অৱ+রুধ্‌+ব্‌+অ) টেনে রাখা; ধরে রাখা; আটকে রাখা; অবরোধ করা; ঘেরাও করা; কারারুদ্ধ করা; অবরুদ্ধ করা। *aor* **অৱরুদ্ধি**।

**অৱরোধক**—অবরোধকারী; অন্তঃপুর রক্ষক; বেড়া; বাধাদানকারী; প্রতিবন্ধক।

**অৱরোধন**—অবরোধকরণ; বাধাদান।

**অৱলক্‌খণ**—অলক্ষণ; কুলক্ষণ; লক্ষণহীন; শুভচিহ্ন বর্জিত; কুলক্ষণাক্রান্ত; অশুভচিহ্ন; দুর্ভাগ্য।

**অৱলম্বতি**—(অব+লব্‌+ং+অ) নির্ভর করা; ঝুলে থাকা; আশ্রয় নেওয়া। *aor* **অৱলম্বি**। *pp* **অৱলম্বিত**।

**অৱলম্বন**—১ অধিষ্ঠান; নির্ভর; আশ্রয়; জীবিকা; বৃত্তি। ২ সাহায্য।

**অৱলিখতি**—(অৱ+লিখ্‌+অ) ঘষে তুলে ফেলা; ফালি ফালি করে কাটা। *aor* **অৱলিখি**।

**অৱলিত্ত**—অবলিপ্ত ('অৱলিম্পতি'র *pp*)।

**অৱলিম্পতি**—(অৱ+লিপ্‌+ং+অ) আঠালো বা তৈলাক্ত পদার্থের প্রলেপ দেওয়া অথবা উক্ত পদার্থ মর্দন করা; লেপন করা; প্রলিপ্ত করা। *aor* **অৱলিম্পি**।

**অৱলেখন**—ঘষে তুলে ফেলন। **অবলেখনকট্‌ঠ**—ঘষে তুলে ফেলার জন্য বাঁশের বেত্রাঘাত।

**অৱলেপন**—মর্দন; লেপন; প্রলেপন; মাখানো।

**অৱলেহন**—জিহ্বা দ্বারা আস্বাদন; চাটা।

**অৱসর**—অবকাশ; ফুরসুত; ছুটি; ফাঁক; ক্ষণ।

**অৱসরতি**—(অৱ+সর+অ) নেমে যাওয়া; অস্তমিত হওয়া; ডুবে যাওয়া; উপনীত হওয়া; লাভ করা। *aor* **অৱসরি**। *pp* **অৱসট**।

**অৱসান**—সমাপ্ত; উপসংহার; নিবৃত্তি; অন্ত; শেষ।

**অৱসিঞ্চতি**—(অব+সিচ্‌+ং+অ) সিঞ্চন করা; সেচন করা; ছিটিয়ে দেওন। *aor* **অবসিঞ্চি**।

**অৱসিট্‌ঠ**—('অৱসিস্‌সতি'র *pp*) অবশিষ্ট; পরিশিষ্ট; বাকি; উদ্বৃত্ত।

**অৱসিত্ত**—('অৱসিঞ্চতি'র *pp*) অবসিক্ত।

**অৱসিস্‌সতি**—(অৱ+সিস্‌+য) অবশিষ্ট থাকা; পরিশিষ্ট থাকা; বাকি থাকা। *aor* **অৱসিস্‌সি**।

**অৱসুস্‌সতি**—(অৱ+সুস্‌+য) শুষ্ক করা; শুকানো; শুকিয়ে যাওয়া। *aor* **অৱসুস্‌সি**।

**অৱসুস্‌সন**—অবশুষ্কন; শুষ্কন; শুকিয়ে নেওয়া; শুকিয়ে যাওয়া।

**অৱসেস**—অবশেষ; বাকি; অবশিষ্ট।

**অৱসেসক**—অবশেষক; যা অবশিষ্ট আছে।

**অৱস্‌সং**—অবশ্যই; অপরিহার্যভাবে।

**অৱস্‌সয**—আলম্বন; অবলম্বন; সাহায্য।

**অৱস্‌সযতি**—'অবস্‌সেতি' দেখুন।

**অৱস্‌সিক**—নতুনভাবে বিন্যস্ত; নতুনভাবে সাজানো; নিযুক্ত; প্রতিষ্ঠিত; অবার্ষিক; কারও সাজানোর পর

গণনার জন্য কোনো বছর না থাকা।

**অরস্‌সিত**—('অরস্‌সেতি'র *pp*)।

**অরস্‌সুত**—কাম-লালসাসম্পন্ন; যৌনসঙ্গকামী; কামুক; যৌন; কাম-লালসাপূর্ণ।

**অরস্‌সেতি**—(অব+সি+এ) ঠেস দেওয়া; হেলান দেওয়া; নির্ভর করা; মুখাপেক্ষী। *aor* **অরস্‌সযি**।

**অরহট**—('অরহরতি'র *pp*)।

**অরহরণ, অরহার**—চুরি; অপহরণ; অপহার; সংগোপন; দূরীকরণ।

**অরহরতি**—(অব+হর্‌+অ) চুরি করা; অপহরণ করা; নিয়ে পলায়ন করা; সংগোপন করা। *aor* **অবহরি**।

**অবহসতি**—(অব+হস্‌+অ) উপহাস করা; উচ্চহাস্য করা; সশব্দে হাসা। *aor* **অরহসি**।

**অরহীযতি**—'ওহীযতি' দেখুন।

**অরাপুরণ**—চাবি; ঘাট; সমাধান; প্রধান নীতি।

**অরাপুরতি**—(অব+আ+পুর্‌+অ) খোলা; উন্মুক্ত করা। *aor* **অবাপুরি**।

**অরিকম্পী**—স্থির; শান্ত; প্রশান্ত; অটল; দৃঢ়; অবিচলিত; অকম্পিত।

**অরিক্‌খেপ**—নিবাত অবস্থা; প্রশান্তি; মনের ভারসাম্য; মনের সমতা; অবিক্ষেপ।

**অরিগ্গহ**—অবিগ্রহ; দেহহীন; যুদ্ধরহিত; প্রিয়-দেবতা।

**অরিজ্জমান**—অবিদ্যমান; অবর্তমান; অনুপস্থিত; সত্তাশূন্য।

**অরিজ্জা**—অবিদ্যা; অজ্ঞান। **অবিজ্জোঘ**—অবিদ্যাপ্রবাহ; অজ্ঞানধারা।

**অরিঞ্ঞাণক**—অচেতন; অজ্ঞান; শুভবুদ্ধিহীন; সুবুদ্ধিহীন; অর্থহীন।

**অরিঞ্ঞাত**—অজ্ঞাত; অজানিত; অজানা; অপরিচিত।

**অরিদিত**—অজ্ঞাত; অপরিচিত।

**অরিদূর**—নিকট; দূর নয়; প্রতিবেশিত্ব; প্রতিবেশীগণ; সন্নিহিত পার্শ্ববর্তী অঞ্চল; নিকটবর্তী অঞ্চল; পাড়া; নৈকট্য।

**অরিদ্দসু**—মূর্খ ব্যক্তি; নির্বোধ ব্যক্তি; বিদূষক; ভাঁড়।

**অরিনিব্‌ভোগ**—অস্পষ্ট; ক্ষীণ; পৃথক করা যায় না এমন।

**অরিনীত**—শিক্ষা পায়নি এমন; অশিক্ষিত।

**অরিপ্পবাস**—উপস্থিতি; সন্নিধি; সান্নিধ্য; সকাশ; মনোযোগ; সৌজন্য; অবিচ্ছেদ।

**অরিভূত**—অস্বচ্ছ; নিখুঁত নয়; অস্পষ্ট; অস্বতন্ত্র; অনিশ্চিত।

**অরিরুদ্ধ**—যা বিরুদ্ধ নয় এরূপ; যা বিপরীত নয়; যা অসঙ্গত নয়; অনুযায়ী; অনুকূল; সঙ্গত; ন্যায্য; বন্ধুত্বপূর্ণ।

**অরিরূল্‌হ**—১ অবৃদ্ধিপ্রাপ্ত; অপরিণত; অপ্রসারিত। ২ অজাত; অনুৎপাদিত; অবিস্তৃত; অবিকশিত। **অরিরূল্‌হি**—অজাতি; পুনর্জন্মের নিবৃত্তি।

**অবিরোধ**—বাধাদানের অভাব; প্রতিদ্বন্দ্বিতা অবর্তমান; প্রতিবাদশূন্য; সম্মতি; সমন্বয়।

**অরিলম্বিতং**—শীঘ্র; তাড়াতাড়ি; সত্বর; আশু; ক্ষিপ্র; অবিলম্বে; বিলম্ব না করে; দেরি না করে।

**অরিরয্হ**—১ বহন করা কঠিন। ২ বিবাহিত হওয়ার অযোগ্য অর্থাৎ বিবাহের অযোগ্য।

**অরিসংবাদ**—সত্য; বিরোধহীনতা; মিলন। **অবিসংবাদী**—যিনি সত্য বলেন।

**অরিহিত**—অবৈধ; নিষিদ্ধ; অন্যায্য; অশাস্ত্রীয়; অনুচিত; অকৃত।

**অরিহিংসা**—মনুষ্যপ্রকৃতি; মনুষ্যধর্ম; দয়া সমবেদনা প্রভৃতি মনুষ্যোচিত গুণাবলি; মনুষ্যত্ব; মানবতা; নির্মমতা; নির্দয়তা; নিষ্ঠুরতা ও নৃশংসতার অনুপস্থিতি।

**অরিহেঠক**—বেদনা বা যন্ত্রণা প্রদান অকরণ; আহত বা ক্ষত অকরণ; ক্ষতিসাধন অকরণ; হয়রান বা নাকাল অকরণ।

**অরিহেঠন**—অবেদনা বা অযন্ত্রণা প্রদান; অনাহত বা অক্ষতকরণ; অক্ষতিকরণ।

**অরীচি**—নিস্তরঙ্গ; তরঙ্গহীন; অন্যতম প্রধান নরক।

**অরীত**—মুক্ত নয়; বিমুক্ত নয়।

**অরীতিক্কম**—(আইন শর্ত শাস্ত্রীয় নির্দেশ প্রভৃতি) অভাঙন; অলঙ্ঘন; অপাপকর্ম; অপাপ; অব্যতিক্রম।

**অরুট্‌ঠিক**—অনাবৃষ্টি; বৃষ্টিশূন্য।

**অরেক্‌খতি**—(অব+ইক্‌খ+অ) অবলোকন করা; তাকানো; দেখা; মনোযোগের সহিত ভাবা; বিবেচনা করা। *aor* **অরেক্‌খি**। *pp* **অরেক্‌খিত**।

**অরেক্‌খন**—অবলোকন; তাকানো; দর্শন; মনোযোগের সহিত ভাবনা; বিবেচনা করণ।

**অরেচ্চ**—জেনে; জ্ঞাত হয়ে। **অবেচ্চপসাদ**—পূর্ণবিশ্বাস।

**অরেভঙ্গিয**—বিভাজন বা বণ্টন করে দেওয়ার নয়; পরিবেশন করার নয়।

**অরের**—বন্ধুতুল্য; বন্ধুত্বপূর্ণ; আপসপূর্ণ; অনুকূল; প্রীতিপূর্ণ; অবৈর; শত্রুতাহীন; বৈরিতাশূন্য।

**অরেরী**—অবৈরী; শত্রুতামুক্ত।

**অৱেলা**—অসময়; দিনের শেষ।

**অৱ্যত্ত**—১ স্পষ্টত অপ্রতীয়মান; অস্পষ্ট। ২ পাণ্ডিত্যপূর্ণ নয়; অশিক্ষিত; অপণ্ডিত; অবিদ্বান; অবিশেষজ্ঞ।

**অৱ্যয**—অব্যয়; লিঙ্গ বিভক্তি ও বচনে একরূপ শব্দ; ব্যয়শূন্য; কৃপণ; অক্ষয়; অপরিচ্ছন্ন; নির্বিকার। **অৱ্যযেন**—কোনো ব্যয় না করে। **অৱ্যযীভাৱ**—অব্যয়ীভাব; যে সমাসে অনব্যয় শব্দ অব্যয় হয় সেই সমাস; ব্যয়হীনতা; চিরবিদ্যমানতা।

**অৱ্যাকত**—অব্যাকৃত; অনাখ্যাত।

**অৱ্যাপজ্ঝ**—পীড়নমুক্ত; অত্যাচারমুক্ত; দুর্দশামুক্ত; শাস্তি যন্ত্রণা প্রভৃতি ভোগমুক্ত।

**অৱ্যাপাদ**—অশুভ কামনা বা অপকারের ইচ্ছা; বিদ্বেষ থেকে মুক্তি।

**অৱ্যাবট**—অনধিকৃত; উদ্বেগপূর্ণ নয়; ঝামেলাপূর্ণ নয়; জ্বালাতন করে এমন নয়।

**অৱ্হয**—অভিহিত; নামক; নামে।

**অৱ্হযতি**—(আ+ৱ্হে+অ) অভিহিত হওয়া; নাম ধারণ করে।

**অৱ্হাতি**—(আ+ৱ্হা+অ) ডাকা; অভিহিত করা; নাম দেওয়া; উদ্দেশ করে বলা বা লেখা; ডেকে আনা। *aor* **অৱ্হযি**।

**অৱ্হাত**--('অৱ্হাতি'র *pp*) অভিহিত; নামোল্লেখিত।

**অৱ্হান**—আহ্বান; ডাকা; নিমন্ত্রণ; সম্বোধন।

**অৱ্হেতি**—'অৱ্হাতি' দেখুন।

**অসংবাস**—মিলিত বা একত্র হওয়ার অযোগ্য; সহকর্মী বা অংশীদার হওয়া অনুপযুক্ত।

**অসংবুত**—অসংবৃত; অনাবৃত; সম্প্রসারিত; অবাধ; অবারিত।

**অসংসট্‌ঠ**—অমিশ্রিত; অবিমিশ্র; ভেজালহীন; বিশুদ্ধ; খাঁটি।

**অসংহারিম**--অনড়; নিশ্চল; স্থির; অটল; অপরিবর্তনীয়।

**অসংহীর**—অকম্পেয়; অজেয়।

**অসকিং**—একবারের বেশি।

**অসক্ক, অসক্কুনেয্য, অসক্কোন্ত**—অসক্ষম; অসমর্থ; অক্ষম; অসম্ভব; অসাধ্য।

**অসঙ্কিণ্ণ**—অমিশ্রিত; অবিমিশ্র; ভেজালহীন; বিশুদ্ধ; খাঁটি; অজনাকীর্ণ।

**অসঙ্কিলিট্‌ঠ**—অবিবর্ণ; অরঞ্জিত; অকলঙ্কিত।

**অসঙ্খত**--অসংস্কৃত; শর্তাধীন নহে এমন; স্বতঃস্ফূর্ত; অপ্রস্তুত। **অসঙ্খত ধাতু**—শর্তাধীন নয় এমন অবস্থা; স্বতঃস্ফূর্ত অবস্থা।

**অসঙ্খেয্য**—অসংখ্য; অগণনীয়; ১৪১টি শূন্য দ্বারা লিখিত সর্বোচ্চ সখ্যাসূচক।

**অসঙ্গ**—অমিলন; অসংসর্গ; অনাসক্তি।

**অসচ্চ**—অসত্য; মিথ্যা; অসাধুতা; প্রতারণা; ছলনা; ছদ্মবেশ; মিথ্যা ভাষণ।

**অসজ্জমান**—অস্পর্শমান; অমর্মস্পর্শী; অশোচনীয়; অনাসক্ত; অননুরক্ত।

**অসঞ্ঞ, অসঞ্ঞী**—চেতনাহীন; অচেতন; মূর্ছিত; অজ্ঞান। **অসঞ্ঞভৱ**—অচেতন মণ্ডল; চেতনাহীন এলাকা।

**অসঞ্ঞত**—(= ন+সংযত) অ-সীমাবদ্ধ; অসীম; অত্যধিক; মাত্রাধিক।

**অসঠ**—অশঠ; সাধু; সৎ; সরল; ন্যায়বান; সচ্চরিত্র; প্রতারক নয়; জুয়াচোর নয়।

**অসণ্ঠিত**--অসংস্থিত; অসন্নিবিষ্ট; অবিন্যস্ত; অব্যবস্থাপিত; অসজ্জিত।

**অসতি**—(অস+অ) খাওয়া; আহার করা। *aor* **অসেসি**। *pp* **অসিত**।

**অসতি**—অনুপস্থিতিতে।

**অসতিযা**—অনিচ্ছা সত্ত্বেও।

**অসত্ত**—অসংযুক্ত; অসংশ্লিষ্ট; অনাসক্ত।

**অসদিস**—অসদৃশ; বিসদৃশ; অযোগ্য; অনুচিত; ভিন্ন প্রকার; অনুপম; তুলনাহীন।

**অসদ্ধম্ম**—১ অসদ্ধর্ম। ২ মন্দ স্বভাব; অসৎ আচরণ। ৩ পাপ; ব্যভিচার; যৌন সম্মেলন।

**অসন**—১ অশন। ২ ভোজন; ব্যাপন। ৩ ভক্ষ্যবস্তু। ৪ তীর; *Pentaptera tomentosa* গাছ।

**অসনি**—অশনি; বজ্র; বিদ্যুৎ; উল্কা; বজ্রপাত।

**অসন্ত**—অনস্তিমান; অবিদ্যমান; অশান্ত; দুর্দান্ত; দুর্বৃত্ত।

**অসন্তসন্ত, অসন্তাসী**—অসন্ত্রস্ত; অভীত; নির্ভয়; অনুদ্বিগ্ন; নির্ভীক; দুঃসাহসী; সাহসী।

**অসন্তুট্‌ঠ**--অসন্তুষ্ট; অসন্তোষযুক্ত; অতুষ্ট; লাভালাভ বা সুখদুঃখে অপ্রসন্নচিত্ত।

**অসন্তুট্‌ঠি**—অসন্তুষ্টি; অসন্তোষ; ঈষৎ ক্রোধ; অতৃপ্তি।

**অসপত্ত**—ঘৃণা ব্যতীত; শত্রুতা ছাড়া; বিরাগ ব্যতিরেকে; শান্তিপূর্ণ।

**অসপ্পায**—অসৎপ্রায়; সুবিধাজনক নয়; লাভজনক নয়; মনোরম নয়; শোভন নয়; উপযোগী নয়; স্বীকার্য নয়; অসম্মত।

**অসপ্পুরিস**—অসৎ পুরুষ; দুর্নীতিপরায়ণ বা দুর্বৃত্ত ব্যক্তি; পাপী বা পাপপূর্ণ লোক।

**অসবল**—বেদাগ; নিষ্কলঙ্ক; বিশুদ্ধ; নিদাঘ।

**অসবৃভ**—অসভ্য; অশিষ্ট; অভদ্র; অশ্লীল; বন্য।
**অসবৃভী**—দুর্বৃত্ত; দুর্নীতিপরায়ণ; ইতর; অভদ্র; অমার্জিত।
**অসম**—অনুপম; বিষম; অযুগ্ম; বেজোড়; অসমকক্ষ; তুলনাহীন। **অসমসম**—অপ্রতিদ্বন্দ্বীর সমকক্ষ।
**অসমান**—অসদৃশ; বিজাতীয়; অসমোচ্চ।
**অসমাহিত**—অস্থির; অশান্ত; গোটানো হয়নি এমন; অসম্পাদিত; অমীমাংসিত; অনবহিত; অনভিনিবিষ্ট; অধ্যানমগ্ন।
**অসমেক্খকারী**—ত্বরিত ব্যক্তি; দ্রুতগতি-লোক; হঠকারী; অসমীক্ষ্যকারী; অবিমৃষ্যকারী; অপরিণামদর্শী; মূর্খ।
**অসম্পকম্পিয**—অকম্পিত; অনড়; অনস্খলিতপদ।
**অসম্পত্ত**—অসম্প্রাপ্ত; অসম্যক লব্ধ বা প্রাপ্ত; অনাগত; অনুপস্থিত।
**অসম্মূল্হ**—অসম্মূঢ়; বুদ্ধিমান; জ্ঞানী; অমোহিত; বিশৃঙ্খল নয়; বিভ্রান্ত নয়; হতবুদ্ধি নয়; কিংকর্তব্যবিমূঢ় নয়।
**অসম্মোস, অসম্মোহ**—শৃঙ্খলা; অভ্রান্তি; অমোহ; চরম লাভ।
**অসযংবসী**—অস্বয়ংবেশী; কারও নিজের বশে বা আয়ত্তে নয়।
**অসয্হ**—অসহ্য; অসহনীয়; দুঃসহ।
**অসরণ**—অশরণ; অসহায়।
**অসহন**—অসহিষ্ণুতা; সহনাভাব।
**অসহমান**—অসহিষ্ণু; অধীর।
**অসহায**—অসহায়; একাকী; বন্ধুহীন।
**অসাত**—বিসদৃশ; বেসুরো; বেতালা; অসম্মত; বিরোধী; বিবদমান; বেদনা; যন্ত্রণা; শাস্তি ভোগ; যন্ত্রণা ভোগ; অসুখ, অমঙ্গল।
**অসাদিস**—'অসদিস' দেখুন।
**অসাদু**—বিস্বাদ; বিসদৃশ; বেসুরো; বেতালা; ভুল কাজকর্ম।
**অসাধারণ**—অসামান্য; বিশেষ; অতুল্য।
**অসার**—মূল্যহীন; নীরস; দুর্বল; অকর্মণ্য; অপদার্থ; তুচ্ছ; বাজে; জঘন্য; মিথ্যা; বিফল।
**অসারদ্ধ**—উত্তেজিত নয়; ঠাণ্ডা; শীতল।
**অসাহস**—যৎপরোনাস্তি জোরালো; তীব্র বা উগ্র নয়; প্রচণ্ড নয়; হিংস্র নয়; হিংসাত্মক নয়; নম্র; ভদ্র।
**অসি**—তরবারি। **অসিগ্গাহক**—(রাজার) তরবারিবাহক। **অসিচম্ম**—ঢাল-তরোয়াল। **অসিধারা**—তরোয়ালের কানা বা ধার বা কিনারা। **অসি পণ্ড**—তরোয়ালের ফলা।
**অসিত**—১ খাদ্য; আহার। ২ কাস্তে; ('অসতি' অথবা অস্নাতি'র *pp*); খাদিত; ভুক্ত।
**অসিত**—(ন+সিত) কৃষ্ণবর্ণ; কালো।
**অসিথিল**—অশিথিল; অশ্লথ; দৃঢ়; গাঢ়; ঘনিষ্ঠ; অনলস।
**অসীতি**—অশীতি; আশি। **অসীতিতম, অশীতিতম**—অশীতিসংখ্যার পূরক।
**অসু, অসুক**—অমুক অমুক ব্যক্তি প্রাণী বা বস্তু।
**অসুচি**—অশুচি; অপবিত্র; কপট; নোংরা পদার্থ; ধুলা; পশুবিষ্ঠা; গোবর; শুক্র; বীর্য।
**অসুদ্ধ**—অপবিত্র; অশুদ্ধ; অনির্মল।
**অসুভ**—অশুভ; অকল্যাণ; অসাধু; বিশ্রী।
**অসুর**—দেববিরোধী ব্যক্তি; দৈত্য; ময়দানবের পুত্র। **অসুর কায**—জাতি অথবা অসুরগণের সভা বা পরিষদ। **অসুরিন্দ**—অসুরেন্দ্র; অসুরগণের রাজা।
**অসূর**—ভীরু; কাপুরুষোচিত; স্বভাবত কুঁড়ে; আলস্য পরায়ণ; মন্থর।
**অসেখ, অসেক্খ**—অশৈক্ষ্য; যাঁর অধিকতর শিক্ষার প্রয়োজন নেই; অরহত।
**অসেচনক**—ইহা স্বয়ং (নিজেই) পরিপূর্ণ এবং অতিশয় তৃপ্তিকর বা সুস্বাদু।
**অসেরনা**—অমিলন; অসম্বন্ধ বা অযোগ; অননুষঙ্গ; অসঙ্গ; অসজ্ঘ।
**অসেস**—অশেষ; সম্পূর্ণ; সকল; সব; অসীম। **অসেসং**—পরিপূর্ণভাবে; অখণ্ড অবস্থায়।
**অসোক**—অশোক; শোক-দুঃখশূন্য; অশোক গাছ; বকুল গাছ।
**অসোভন**—অশোভন; কুৎসিত; জঘন্য; বেঠিক; অনুপযুক্ত।
**অসনাতি**—(অস্+না) খাওয়া; আহার করা।
**অস্মা**—প্রস্তর; পাথর; শিলা; নুড়ি।
**অস্মি**—('অস'র উত্তম পুরুষ এক বচন) আমি হই। **অস্মিমান**—নিজের অহং ভাব; ঘন ঘন 'আমি'র ব্যবহার; অস্মিতা; নিজের সম্বন্ধে খুব বেশি কথন বা চিন্তন; আত্মপ্রাধান্য; আত্মশ্লাঘা; আত্ম-জাহির; আত্ম-সংক্রান্ত ব্যাপারের বর্ণনা।
**অস্স**—১ ঘোড়া। ২ কোণ। **অস্সখলুঙ্ক**—নিকৃষ্টতর ঘোড়া। **অসস গোপক**—অশ্বপাল; সহিস। **অস্সতর**—খচ্চর। **অস্সত্থর**—ঘোড়ার জন্য আবরণ বা আচ্ছাদন। **অস্স ধম্ম**—যে ঘোড়াকে শিক্ষা দেওয়া দরকার। **অস্স দমক**—ঘোড়াকে শিক্ষাদানকারী। **অস্সপোতক**—অশ্ব শাবক; গর্দভ-শাবক। **অসস বন্ধ**—অশ্বপাল; সহিস। **অসস**

**ভণ্ডক**—ঘোড়ার কারুকার্যময় সাজপোশাক, আভরণ প্রভৃতি। **অস্‌স মণ্ডল**—ঘোড়দৌড়ের মাঠ। **অস্‌সমেধ**—অশ্ববলি। **অস্‌স রথ**—ঘোড়ার গাড়ি। **অস্‌স বাণিজ**—অশ্ব ব্যবসায়ী। **অস্‌স সেন**—অশ্বারোহী সৈনিকগণ বা সেনাবাহিনী। **অস্‌স সাজানীয**—ভালো জাতের ঘোড়া।

**অস্‌স**—(অধম পুরুষ একবচন সম্ভাবনাসূচক) হতে পারে; (সম্প্রদান ও সম্বন্ধপদ একবচন 'ইম'র) একে; ইহার; এর।

**অস্‌সক**—কপর্দকশূন্য; অতিদরিদ্র।

**অস্‌সকণ্ণ**—১ শালগাছ। ২ একটি পর্বতের নাম।

**অস্‌সত্থ**—অশ্বত্থ; পবিত্র ডুমুর গাছ; *Ficus religiosa*।

**অস্‌সত্থ**—('অস্‌সাদেতি'র *pp*) যন্ত্রণা বা দুর্দশামুক্ত; সান্ত্বনিত; প্রফুল্ল; চাঙ্গা; উৎসাহিত।

**অস্‌সদ্ধ**—অশ্রদ্ধ; শ্রদ্ধারহিত; বীতশ্রদ্ধ; বিশ্বাসহীন; আস্থাশূন্য। **অস্‌সদ্ধিয**—অশ্রদ্ধেয়; অশ্রদ্ধাযোগ্য; অনাদরণীয়; বিশ্বাসের অযোগ্য।

**অস্‌সম**—আশ্রম; আশ্রয় স্থল; সন্ন্যাসীর আশ্রয়স্থল; নির্জন আবাস।

**অস্সমণ**—অশ্রমণ; মিথ্যা (বাজে, জাল, মেকি) ভিক্ষু; যে ভিক্ষুত্ব থেকে চ্যুত হয়েছে।

**অস্‌সযুজ**—একটি মাসের নাম; অক্টোবর-নভেম্বর।

**অস্‌সব**—বিশ্বস্ত; রাজভক্ত; প্রেমনিষ্ঠ বা কর্তব্যনিষ্ঠ; স্রোত; প্রবাহ; ধারা।

**অস্‌সবণতা**—অমনোযোগ; অযত্ন; তাচ্ছল্য; অশ্রবণতা।

**অস্‌সবণীয**—অশ্রবণীয়; শুনতে আনন্দদায়ক নয়।

**অস্‌সসতি**—(আ+স্‌স+অ) শ্বাস গ্রহণ করা।

**অস্‌সা**—ঘোটকী; (সম্প্রদান ও সম্বন্ধ কারক 'ইম'র একবচন) তাকে; তার।

**অস্‌সাদ, অস্‌সাদনা**—আস্বাদ; আস্বাদন; আনন্দ; সুখ; উপভোগ; ভোগ; পরিতোষ; পরিতৃপ্তি; সন্তোষ।

**অস্‌সাদেতি**—(আ+সদ্‌+এ) আস্বাদন করা; উপভোগ করা; ভোগ করা; আনন্দ পাওয়া; পরিতৃপ্ত হওয়া। *aor* **অস্‌সাদেসি**।

**অস্‌সাস**—১ আশ্বাস; শ্বাস গ্রহণ। ২ আশাদান; সান্ত্বনা; উৎসাহদান; বিশ্বাস।

**অস্‌সাসক**—আশ্বাসক; আশ্বাসদায়ক; সান্ত্বনা-দাতা।

**অস্‌সাসেতি**—সান্ত্বনা দান; প্রবোধ দান; উৎসাহ দেওয়া; প্রফুল্ল বা চাঙ্গা করা। *aor* **অস্‌সাসেসি**।

**অস্‌সু**—অশ্রু; চোখের জল। **অস্‌সুধারা**—অশ্রুধারা; অশ্রুপ্রবাহ; অশ্রুর অবিশ্রান্ত পতন। **অস্‌সু মুখ**—অশ্রুমুখ; অশ্রুপূর্ণমুখ। **অস্‌স মোচন**—অশ্রুমোচন; অশ্রুবিসর্জন; চোখের জল ফেলা।

**অস্‌সু**—জোরালো ঘ্রাণেন্দ্রিয়ে ব্যবহৃত অতি ক্ষুদ্র পদার্থ বা কণা বা কণিকা; (সম্ভাবনাসূচক প্রথম পুরুষ বহুবচন) হতে পারে।

**অস্‌সুত**—অশ্রুত; যা শোনা যায়নি। **অস্‌সুত বত্থু**—অবিদিত; অশ্রুতবস্তু; জানা নেই এমন।

**অহ**—দিন; দিবস; মিশ্রণে অপর একটি শব্দ দ্বারা অনুসৃত; এটি 'অহো'কে এরূপ গঠন করে অহোরত্ত।

**অহত**—নূতন; নষ্ট করা হয়নি।

**অহহ**—দুঃখ-দুর্দশার চিৎকার উক্তি; একটি বিশাল বা অপরিমেয় সংখ্যা। প্রায়শ্চিত্তমূলক নয়।

**অহং**—('অম্‌হ'র কর্তৃকারক একবচন) আমি। **অহংকার**—অহঙ্কার; অস্মিতা; ঘন ঘন 'আমি'-র ব্যবহার; নিজের সম্বন্ধে খুব বেশি কথন বা চিন্তন; আত্মপ্রাধান্য; আত্মশ্লাঘা; আত্ম-জাহির; আত্ম-সংক্রান্ত ব্যাপারের বর্ণনা; অযথা গর্ব; ঔদ্ধত্য।

**অহারিয**—স্থাবর; নাড়ানোর অসাধ্য; অনড়; গতিহীন; নিশ্চল; স্থির; অটল।

**অহি**—সর্প; সাপ; বিশ্বাসঘাতক বা বিদ্বেষপূর্ণ ব্যক্তি। **অহিগুণ্ঠিক**—অহিতুণ্ডিক; সর্পধারক; সাপুড়ে। **অহিচ্ছত্তক**—অহিচ্ছত্রক; ভুঁইফোড়। **অহিতুণ্ডিক**—অহিগুণ্ঠিক। **অহিফেন**—আফিম; সর্পফেন; সাপের গরল।

**অহিত**—ক্ষতি; নৈতিক ক্ষতি; মনুষ্যোচিত স্নেহমায়াদি বর্জন; নির্দয়া; অনিষ্ট।

**অহিরিক**—অহ্রী; অলজ্জা; অলজ্জ; দুর্বিনীত; অবিনয়ী; লজ্জাহীন; বেহায়া।

**অহিবাতকরোগ**—যে প্লেগরোগে গ্রন্থিস্ফীতি দেখা দেয়; যে প্লেগরোগ অতি দ্রুত ছড়িয়ে পড়ে।

**অহিংসা**—কায়মনোবাক্যে পরপীড়া বর্জন; কারও অনিষ্ট না করা; হিংসা শূন্য।

**অহীনিন্দ্রিয**—কোনো জ্ঞানেন্দ্রিয় যার অপূর্ণ বা ত্রুটিপূর্ণ বা দোষযুক্ত নয়।

**অহুগালিয**—কোলাহলপূর্ণ বা জাঁকালো অট্টহাসি বা উচ্চহাসি।

**অহেতুক**—অকারণ; অনর্থক; আকস্মিক।

**অহো**—সম্বোধন, নিন্দা, দয়া, অনুতাপ, শোক, বিষাদ, প্রশংসা, শ্রান্তি, আশ্চর্য, দ্বৈধ, বিতর্ক অতএব অসূয়া, পাদপূরণ ইত্যাদি বাচক শব্দ।

**অহোরত্ত**—অহোরাত্র; দিন-রাত; দিবারাত্র।

**অহোসি**--('হোতি'র *aor*) তিনি ছিলেন। **অহোস্কিম্ম**—অহোসিকর্ম; যে মানসিক কর্মের কোনোপ্রকার কার্যকর ক্ষমতা নেই; নিষ্ফল কর্ম।

# আ

**আ**—পর্যন্ত; হতে; দিকে।

**আকঙ্খতি**—(আ+কখ্+ং+অ) ইচ্ছা; (পাবার) ইচ্ছা করা; কামনা করা। *aor* **আকঙ্খি**।

**আকঙ্খন, আকঙ্খা**—পাবার ইচ্ছায় উদ্বেগ; কামনা; বাসনা; ইচ্ছা; অভিলাষ।

**আকঙ্খমান**--ইচ্ছুক; অভিলাষী; জিজ্ঞাসু; আকাঙ্ক্ষামাণ।

**আকড্ঢতি**— (আ+কড্ঢ+অ) আকর্ষণ করা; উৎপাটন করা; উন্মূলিত করা; টেনে তোলা বা তুলে ফেলা; টেনে চালানো। *aor* **আকড্ঢি**। *pp* **আকড্ঢিত; আকর্ষিত**।

**আকড্ঢণ**—আকর্ষণ; উৎপাটন; উন্মূলন; টেনে তুলন; টেনে ফেলন; টেনে চালানো।

**আকপ্প**—আকল্প; বেশ; ভূষা; উৎকর্ষসাধন; আচরণ; কল্প পর্যন্ত। **আকপ্প সমপন্ন**—সদাচার সম্পন্ন।

**আকম্পিত**—আন্দোলিত; স্খলিতপদ; কম্পিত।

**আকর**—খনি; উৎপত্তিস্থান।

**আকস্‌সতি**—(আ+কস্‌স্+অ) আকর্ষণ করা; টেনে চালানো; টানা; টেনে তোলা; উৎপাটন করা; উন্মূলিত করা।

**আকার**—আকৃতি; মূর্তি; শরীর; অবস্থা; হালচাল; চেহারা; বাহ্য অবস্থা; রূপ।

**আকাস**—আকাশ; গগন; ব্যোম। **আকাসগঙ্গা**—আকাশগঙ্গা; স্বর্গ গঙ্গা; মন্দাকিনী; ছায়াপথ; আকাশবাহিনী গঙ্গা। **আকাসচারী**—আকাশে বিচরণকারী। **আকাসট্ঠ**—আকাশস্থ; আকাশে অবস্থিত বা আকাশবাসী। **আকাশতল**--আকাশতল; দালানের চেপটা ছাদ। **আকাশধাতু**—আকাশ-ধাতু; শূন্যের ধাতু অর্থাৎ ইথার।

**আকিঞ্চন**—কিছু নাই; শূন্য আর শূন্য; নাই কিছু যার।

**আকিণ্ণ**—('আকিবতি'র *pp*) আকীর্ণ; বিস্তীর্ণ; বিক্ষিপ্ত।

**আকিরতি**—(আ+কির্+অ) বিস্তার করা; বিক্ষেপ; ছড়ানো। *aor* **অকিরি**।

**আকুল, আকুলীভূত**—জড়িত; আটক; বিভ্রান্ত; হতবুদ্ধি; কিংকর্তব্যবিমূঢ়।

**আকোটন**—ধাক্কা দেওয়া; নেড়ে শব্দ করণ; প্রেরণা; উত্তেজনা; প্ররোচনা; আকুতি-ব্যাকুতি; ভাব-ভঙ্গি দ্বারা মনের ভাব প্রকাশ; ঠার বা ইঙ্গিতে বলা।

**আকোটিত**—('আকোটেতি'র *pp*) একত্র ঠেসে রাখা হয়েছে এমন; চাপ দিয়ে ছোট করা হয়েছে এমন; চাপ দিয়ে পাতলা করা হয়েছে এমন।

**আকোটেতি**—আকুতিব্যাকুতি করা; ভাবভঙ্গি দ্বারা মনের ভাব প্রকাশ করা; ঠার বা ইঙ্গিতে বলা; ধাক্কা দেওয়া; নেড়ে শব্দ করা; চাপ দিয়ে ছোট বা পাতলা করা।

**আখু**—ধেড়ে ইঁদুর; নেংটি ইঁদুর।

**আখ্যা**—নাম; সংজ্ঞা; উক্তি; কথন। **আখ্যাযিকা**—আখ্যায়িকা; গল্প।

**আখ্যাত**—বর্ণিত; কথিত; নির্দিষ্ট; ব্যাখ্যাত; প্রসিদ্ধ; প্রকাশিত; সূচিত; বিধেয়; একটি ক্রিয়া।

**আগচ্ছতি**—(আ+গম+অ) আসা; আগমন করা; সমীপবর্তী হওয়া। *aor* **অগিচ্ছি; আগমি**।

**আগচ্ছন্ত**—('আগচ্ছতি'র *prp*) আগমনরত; অভিগমনরত; প্রায় আগত; প্রায় উপস্থিত।

**আগত**—('আগচ্ছতি'র *pp*) উপস্থিত।

**আগন্ত**—আসছেন এমন; অভিগমন করছেন এমন।

**আগন্তুক**—অতিথি; নবাগত; অচিন্তিতপূর্ব।

**আগম**—১ আগমন; অভিগমন। ২ ধর্মবিশেষ; শাস্ত্রবিশেষ; উপার্জন; আয়। ৩ একটি সন্নিবেশিত ব্যঞ্জনবর্ণ বিশেষ।

**আগমন**—আসা; উপস্থিত হওয়া।

**আগমযমান**—অপেক্ষমাণ; অপেক্ষায়; প্রত্যাশায়।

**আগমেতি**—(আ+গম্+এ) অপেক্ষা করা; প্রত্যাশা করা। *aor* **আগমেসি**।

**আগম্ম**—('আগচ্ছতি'র *abs*) আগমন করে; কারণে; দরুণ; ফলস্বরূপ।

**আগামী**—ভবিষ্যৎ; ভাবী; অব্যবহিত; পরবর্তী। **আগামীকাল**—ভবিষ্যৎ।

**আগাল্হ**—দৃঢ়; শক্ত; কর্কশ; রূঢ়; অমার্জিত; কঠোর।

**আগারিক**--যার গৃহ আছে; গৃহী; সংসারী।

**আগিলাযতি**—(আ+গিলা+য) পরিশ্রান্ত হওয়া; ক্লান্ত হওয়া; দীর্ঘস্থায়ী; অবিরাম বেদনা ভোগ করা। *aor* **আগিলাযি**।

**আগু**—দোষ; অপরাধ; পাপ; ক্ষতি। **আগুচারী**—অপরাধী; অপরাধপূর্ণ; অপরাধমূলক; অতি দুর্বৃত্তলোক; দুর্জন; পাজি লোক।

**আঘাত**—১ ক্রোধ; ঘৃণা। ২ প্রবল ধাক্কা; সংঘর্ষ; বিরোধ।

**আঘাতন**—ঘাতাগার; কসাইখানা; কার্যনির্বহন ঘর।

**আচমন**—বন্দনাদির আগে হাত দিয়ে মুখ তিনবার জল দিয়ে ওষ্ঠ, নাক, চোখ, কান প্রভৃতি আটটি অঙ্গে হাত স্পর্শ করা; আঁচানো। **আচমনকুম্ভি**—আচমনে ব্যবহারের জন্য কলসি।

**আচমেতি**—(আ+চম্+এ) আচমন করা; আঁচানো।

**আচয**—পুঞ্জীভবন; পুঞ্জিত রাশি।

**আচরতি**—(আ+চর্+অ) আচরণ করা; প্রভাবিত করা; অভিনয় করা; ভান করা; কার্যে প্রয়োগ করা; কার্যকর করা; চালু করা; সম্পাদন করা; অনুশীলন করান; চর্চা করানো; অভ্যাস করানো। *aor* **আচরেসি**।

**আচরিয**—আচার্য; শিক্ষক; শিক্ষাগুরু। **আচরিযকুল**—শিক্ষকের পরিবার বা বাসস্থান বা আবাস। **আচরিয ধন**—শিক্ষকের পারিশ্রমিক; শিক্ষকের বেতন; শিক্ষকের পাওনা। **আচরিয মুট্‌ঠি**—আচার্যমুষ্টি; শিক্ষকের বিশেষ জ্ঞান। **আচরিযবাদ**—আচার্যবাদ; বংশগত শিক্ষা; বংশগত মত।

**আচরিযানী**—আচার্যাণী; শিক্ষিকা; শিক্ষাদায়িনী; আচার্যপত্নী।

**আচাম**—যে ময়লাদি উপরিভাগে ফেনিয়ে ওঠে; গাঁজলা।

**আচার**—আচরণ; ব্যবহার; চালচলন; শিষ্টাচার; রীতি; চরিত্র; অভ্যাস। **আচার কুসল**—আচার কুশল; আচারনিষ্ঠ; সদাচার পরায়ণ; শাস্ত্রবিহিত আচারে শ্রদ্ধাবান।

**আচিক্‌খক, আচিক্‌খিতু**—যিনি বলেন বা জ্ঞাপন করেন এমন।

**আচিক্‌খতি**—(আ+চিক্‌খ+অ) বলা; বর্ণনা করা; জ্ঞাপন করা; জানানো। *aor* **আচিক্‌খি**। *pp* **আচিক্‌খিত**।

**আচিনত্ত**—স্তূপাকার বা পুঞ্জীভূত করণ অথবা হওন।

**আচিণ্ণ**—('আচিনাতি'র *pp*) অভ্যস্ত; অনুশীলিত; চর্চাকৃত। **আচিণ্ণ কপ্প**—অভ্যাসগত চর্চা; রীতিগত অনুশীলন; প্রথানুযায়ী অভ্যাস।

**আচিত**—('আচিনাতি'র *pp*)।

**আচিনাতি**—(আ+চি+না) স্তূপাকার বা পুঞ্জীভূত করা অথবা হওয়া। *aor* **আচিনি**।

**আচিযতি**—('আচিনতি'র *pass*) স্তূপীকৃতে বা পুঞ্জীভূতে প্রত্যাশিত হওয়া বা আশ্বস্ত হওয়া। *aor* **আচিযি**।

**আচের**—শিক্ষক; শিক্ষাদাতা।

**আজঞ্‌ঞ**—ভালো জাতি; সদ্বংশ জাত।

**আজানন**—জ্ঞান; বিদ্যা।

**আজানাতি**—(আ+ঞা+না) জানা; বুঝা। *aor* **আজানি**।

**আজানীয**—'আজঞ্‌ঞ' দেখুন। উৎকৃষ্ট বংশজাত (অশ্ব সম্বন্ধে); 'Thoroughbred' or 'goodbred'।

**আজীব**—জীবিকা; জীবনযাপন; প্রাণধারণ; জীবনধারণ।

**আজীবক, আজীবিক**—এক শ্রেণীর অবৌদ্ধ সন্ন্যাসী।

**আণত্ত**—('আণাপেতি'র *pp*) আদিষ্ট হয়ে।

**আণত্তি**—দায়িত্বাদি অর্পণ; ভারার্পণ; প্রশংসা; সুপারিশ; আদেশ; হুকুম। **আণত্তিক**—আদেশের সঙ্গে সম্পর্কিত।

**আণা**—আদেশ। **আণাসম্পন্ন**—কর্তৃত্বব্যঞ্জক; কর্তৃত্বপূর্ণ; অধিকারপূর্ণ; প্রভাববিশিষ্ট; ক্ষমতাশালী।

**আণাপক**—যিনি কর্তৃত্ব করেন; যিনি সুপারিশ করেন; যিনি আদেশ জারি করেন।

**আণাপন**—কর্তৃত্বের কর্মানুষ্ঠান; আইন; অধিনিয়ম।

**আণাপেতি**—(আ+ঞা+আপে) দায়িত্বাদি অর্পণ করা; ভারার্পণ করা; প্রশংসা করা; সুপারিশ করা; আদেশ করা। *aor* **আণাপেসি**। *pp* **আণত্ত**।

**আণি**—নখ; পশুপক্ষীর নখর; চাকা অক্ষধুরার সহিত আবদ্ধ রাখবার জন্য লৌহনির্মিত খিল।

**আতঙ্ক**—অসুস্থতা; রোগ; ব্যাধি; ভয়; পীড়া; যাতনা।

**আতত**—একমুখী বাদ্য; মুরজবাদ্য; আরোপিত; প্রসারিত; বিস্তৃত। **আততবিতত**—সবদিকে চামড়া দ্বারা আবৃত বাদ্য।

**আতত্ত**—('আতপতি'র *pp*) আতপ্ত; তপ্ত করা হয়েছে যা; ঈষৎ দগ্ধ হয়েছে যা; দুঃখ তাপপীড়িত হয়েছে এমন।

**আতপ**—রৌদ্র।

**আতপতি**—(আ+তপ্+অ) আলো দেওয়া; আলো বিকীর্ণ করা। *aor* **আতপি**।

**আতপত্ত**—চন্দ্রাতপ; ছাতা।

**আতপ্প**—দারুণ উত্তাপ; কামনার বা উদ্বেগের তীব্রতা; প্রচেষ্টা; প্রয়াস।

**আতাপ**—প্রখর দীপ্তি; ঔজ্জ্বল্য; তাপ; উত্তাপ; কামোত্তেজনা।

**আতাপনা**—মনস্তাপ; যন্ত্রণা; বিরাগ; বিরক্তি; যৎপরোনাস্তি দৈহিক বা মানসিক যন্ত্রণা।

**আতাপী**—অতিশয় আকুল; অত্যুৎসাহী; তেজপূর্ণ; তীব্র।

**আতাপেতি**—(আ+তপ্+এ) ঈষৎ দগ্ধ করা বা হওয়া; দুঃসহ তাপপীড়িত করা বা হওয়া; পীড়ন করা;

নিদারুণ যন্ত্রণা দেওয়া। *aor* **আতাপেসি**।

**আতুম**—'অত্ত' দেখুন।

**আতুর**—কাতর; অধীর; রোগী; পীড়িত; অসুস্থ।

**আদর**—স্নেহ; প্রীতি; প্রণয়; সম্মান; ভক্তি; আস্থা; আসক্তি।

**আদা, আদায়**—('আদাতি'র *abs*) আদায়; গ্রহণ; সংগ্রহ; পরিশোধ।

**আদাতব্ব**—গ্রহণযোগ্য; আদায়-কর্তব্য।

**আদদাতি**—(আ+দা+অ) লওয়া; আঁকড়িয়ে ধরা; উপলব্ধি করা। *aor* **আদিযি**।

**আদান**—গ্রহণ; লওয়া; স্বীকার; অঙ্গীকরণ; আঁকড়ানো; উপলব্ধি।

**আদাযী**—যিনি গ্রহণ করেন।

**আদাস**—আয়না; আরশি; মুকুর; দর্পণ। **আদাস-তলা**—আয়নার বহির্ভাগ পৃষ্ঠ বা উপরের স্তর।

**আদি**—প্রথম; প্রারম্ভ; উৎপত্তি-স্থান; নিদান; হেতু; সামীপ্য; অবয়ব; আদ্য; প্রথমত এবং এরূপ সমস্ত। **আদিকামণিক**—আদিকর্মী; আরম্ভকারী; প্রবর্তক। **আদিকল্যাণ**—প্রারম্ভে সুন্দর। **আদিম**—প্রথম; আদ্য; অতি প্রাচীন; সকলের পূর্বে।

আদিক—এবং এরূপ সমস্ত।

**আদিচ্চ**—আদিত্য; সূর্য। **আদিচ্চ পথ**—আদিত্য পথ; আকাশ। **আদিচ্চ বন্ধু**—আদিত্যবন্ধু; সূর্যের জ্ঞাতি; সূর্যের আত্মীয়; সৌরগোত্র; সূর্যবংশ।

**আদিতো**—আদিতে; আদি হতে; প্রথমে; প্রথম হতে।

**আদিত্ত**—('আদাতি'র *pp*) অদীপ্ত; শিখা বিস্তারপূর্বক আলোকিত; জ্বলন্ত।

**আদিন্ন**—('আদাতি'র *pp*) গৃহীত; আঁকড়িয়ে ধরা; উপলব্ধ।

**আদিয, আদিযিতা**—('আদিযতি'র abs) গ্রহণ ক'রে।

**আদিযতি**—(আ+দা+ই+য) উত্তোলন করা; তোলা; আঁকড়িয়ে ধরা। *aor* **আদিযি**।

**আদিসতি**—(আ+দিস্+অ) নির্দেশিত করা; সূচিত করা; উল্লেখ করা; বলা; জ্ঞাপন করা; ঘোষণা করা। *aor* **আদিসি**।

**আদিস্স**—('আদিসতি'র *abs*) নির্দেশিত করার পর; সূচিত করার পর; উল্লেখ ক'রে; ঘোষণা ক'রে; নিন্দার্হ; সূচিত হওয়ার যোগ্য।

**আদীনব**—অনভিনন্দনযোগ্য আকার; বহু কারণ ভাবযুক্ত; অসুবিধা।

**আদীপিত**—('আদীপেতি'র *pp*) প্রজ্বলিত করা; প্রজ্বলিত হওয়া; উত্তেজিত বা উদ্দীপ্ত করা বা হওয়া; জ্বলন্ত; বহ্নিমান; চকচকে; উত্তেজিত।

**আদু**—অথবা; কিন্তু।

**আদেয্য**—উত্তোলিত হওয়ার যোগ্য; গ্রহণযোগ্য।

**আদেব, আদেবনা**—বিলাপ; ক্রন্দন; পরিতাপ; খেদ; পরিদেবন; রোদন; আর্তনাদ।

**আদেস**—১ নির্দেশ; মনোযোগ আকর্ষণ; সূচিত করণ। ২ ব্যাকরণে বদলি বা প্রতিফল হিসাবে স্থাপন।

**আদেসনা, আদিসনা**—ভাববাণী বলা; ভাববাদীর ন্যায় বলা; ভবিষ্যৎ-বাণী করা; ধারণ; অনুমানন; ইঙ্গিত করণ।

**আধান**—১ আস্তৃত করণ; ঢাকা; প্রয়োগ করণ; প্রশমিত করণ; মন্ত্রাদির দ্বারা ঝাড়ানো; কিছু রাখার জন্য পাত্র; স্থান বা জায়গা। ২ আধার; পাত্র; স্থালী। ৩ প্রতিবন্ধক; নির্বাহকরণ; সাধন; গ্রহণ; রক্ষা; ধারণ; প্রাপ্তি; শাস্ত্রবিধিমত অগ্নিরক্ষা।

**আধার**—বাঁধ; স্থান; পাত্র; ধারণকারী; গ্রহণ; আশ্রয়; জলধারণ; স্থাপন; পক্ষি শাবকের খাদ্য। **আধারক**—বসার টুল; চৌকি; মলত্যাগ করতে বসার জন্য আসন বিশেষ; মঞ্চ।

**আধাবতি**—(আ+ধাব+অ) ধাওয়া; দৌড়ানো।

**আধাবন**—বেগে সম্মুখে ধাবন।

**আধিপচ্চ, আধিপতেয্য**—আধিপত্য; প্রভুত্ব; কর্তৃত্ব; ঐশ্বর্য; শ্রেষ্ঠত্ব; প্রজাপালন।

**আধুনাতি**—(আ+ধু+না) ঝাঁকুনি খাওয়া বা দেওয়া; আন্দোলিত করা বা হওয়া; নড়া বা নড়ানো; কম্পিত বা স্খলিত হওয়া বা করানো; নড়বড় বা দ্বিধাগ্রস্ত হওয়া বা করানো; উত্তেজিত বা বিক্ষুব্ধ করা বা হওয়া। *aor* **আধুনি**। *pp* **আধুত**।

**আধেয্য**—ধারণীয়; গ্রহণীয়; জ্ঞেয়।

**আন, আণ**—শ্বাস; নিশ্বাস; শ্বাস গ্রহণ; শ্বসন।

**আনক**—বাদ্যযন্ত্রবিশেষ; নাকাড়া।

**আনণ্য**—ঋণমুক্ত।

**আনন**—মুখমণ্ডল; বদন; মুখ।

**আনন্তরিক**—সরাসরি; প্রত্যক্ষ; অবিলম্বে; পরবর্তী।

**আনন্দ**—হর্ষ; সন্তোষ।

**আনন্দী**—আনন্দদায়ক; সানন্দ; আনন্দপূর্ণ।

**আনযতি**—'আনেতি' দেখুন।

**আনাপান বা আণাপাণ**—নিঃশ্বাস গ্রহণ ও প্রশ্বাস ত্যাগ।

**আনিসংস**—লাভ; গুণ; মূল্য; ভালো ফল; সুফল।

**আনিসদ**—নিতম্ব; পাছা।

**আনীত**—('আনেতি'র *pp*) আনা হয়েছে।

**আনীযমান**—আনীত হচ্ছে এমন; গিয়ে আনীত হচ্ছে এমন।

**আনুপুব্বী**—আনুপূর্বিক; যথাক্রম; অনুক্রম;

পরিপাটি; পরম্পরা। **আনুপুব্বীকথা**—মাত্রাঙ্কিত ধর্মোপদেশ; অংশাঙ্কিত ধর্মোপদেশ।
**আনুভাৱ**—শক্তি; উজ্জ্বলদীপ্তি; অত্যুৎকর্ষ; সমারোহ; জাঁকজমক।
**আনেঞ্জ**—স্থিতিবিদ্যা-সংক্রান্ত; স্থৈতিক; স্থিতীয়; স্থির; নিশ্চল; ভারসাম্য-সংক্রান্ত।
**আনেতি**—(আ+নি+অ) আনয়ন করা; গিয়ে আনয়ন করা। *ptp* **আনেতব্ব**।
**আপ**—জল; তরল পদার্থ (কোন কোন মিশ্রণে এটি আপ হয়)।
**আপাগা**—নদী।
**আপজ্জতি**—(আ+পদ+য) ঢোকা; আবিষ্ট হওয়া; অধীন হওয়া; ভোগ করা; সহ্য করা; অভিজ্ঞতা লাভ করা; মিলিত হওয়া।
**আপণ**—দোকান; হাট; বাজার।
**আপণিক**—দোকানদার; ব্যবসায়ী।
**আপততি**—(আ+পত্+অ) পতন হওয়া; পড়ে যাওয়া; পতিত হওয়া; অতি তাড়াতাড়ি ছুটে যাওয়া; সবলে স্থানচ্যুত বা কাজে লাগানো। *aor* **আপতি**। *pp* **আপতিত**।
**আপতন**—চলন; স্খলন; ভ্রংশ; নাশ; অবনতি; পতিতা।
**আপত্তি**—বাধা-দান; তর্ক; বিরুদ্ধ যুক্তি প্রদর্শন; যাজক-সংক্রান্ত অপরাধ।
**আপদ**—আপৎ; বিপদ; দুর্যোগ; দুর্ঘটনা; বিরক্তিকর ব্যক্তি বা বিষয়।
**আপন্ন**—('আপজ্জতি'র *pp*) আরম্ভ করলেন; নিযুক্ত হলেন; পতিত হলেন। **আপন্ন সত্ত**—অন্তঃসত্ত্বা; গর্ভবতী; সন্তানসম্ভবা।
**আপাণ**—শ্বাস; প্রশ্বাস। **আপাণ কোটিক**—জীবনের সমাপ্তি দ্বারা সীমাবদ্ধ।
**আপাদক**—যিনি শিশুর তত্ত্বাবধান করেন; অভিভাবক।
**আপাদিকা**—স্তন্যদাত্রী ধাত্রী; পরিষেবিকা; ধাত্রী-জননী; ধাই-মা।
**আপাদি**—('আপজ্জতি'র *aor*)।
**আপদেতি**—(আ+পদ্+এ) লালন-পালন করা; উৎপাদন করা; উৎপন্ন করা। *aor* **আপসেসি**।
**আপাদেতু**—যিনি লালন-পালন করেন; যিনি শিক্ষাদান করেন।
**আপাথ**—গোলক; মণ্ডল; এলাকা; গ্রহ বা উপগ্রহ; সারি বা নির্দিষ্ট ক্রমবিন্যাস; শ্রেণীবিন্যস্ত বস্তু; গোচর; গোচারণভূমি; শ্রেণীবিন্যস্ত জ্ঞানেন্দ্রিয়।
**আপান**—পানের ঘর। **আপান ভূমি, আপান মণ্ডল**—ভোজন ভূমি; ভোজন মণ্ডল; ভোজন ঘর; খাবার ঘর।
**আপানীযকংস**—পানপাত্র; পানের বাটি; চষক।
**আপাযিক**—যৎপরোনাস্তি দুঃখপূর্ণ অবস্থায় জাত বা অন্তর্ভুক্ত।
**আপুচ্ছতি**—(আ+পুচ্ছ+অ) জিজ্ঞাসা করা; অনুমতি প্রার্থনা করা। *aor* **আপুচ্ছি**। *pp* **আপুচ্ছিত**।
**আপুচ্ছা, আপুচ্ছিয**—('আপুচ্ছতি'র abs) অনুমতি প্রার্থনা ক'রে; অবকাশ প্রার্থনা করে।
**আপুচ্ছিতব্ব**—জিজ্ঞাসিত বা অনুসন্ধিত হওয়া।
**আপূরতি**—(আ+পূর+অ) পরিপূর্ণ হওয়া; বৃদ্ধিলাভ করা। *aor* **আপূরি**।
**আপূরণ**—পূর্ণ করণ; পূরণ; পরিপূর্ণ হওয়া।
**আপোধাতু**—জলত্ব বা সংযোগশক্তি বা প্রবন্ধনগুণ-যুক্ত ধাতু।
**আফুসতি**—(আ+ফুস্+অ) অনুভব করা; স্পর্শ দ্বারা অনুভব করা; স্পর্শ দ্বারা উপলব্ধি করা; স্পর্শ করে দেখা; কিছুর সম্বন্ধে সচেতন হওয়া; লক্ষ্যে পৌঁছানো।
**আবদ্ধ**—('আবন্ধতি'র *pp*)।
**আবন্ধক**—বন্ধক; গচ্ছিত বস্তু; বন্ধন; সংযোজন; সংযোগ; গ্রথন।
**আবন্ধতি**—(আ+বন্ধ+অ) বন্ধন করা; বাঁধা; সংযুক্ত করা; গাঁথা। *aor* **আবন্ধি**।
**আবাধ**—অসুখ; ব্যাধি; পীড়া; রোগ; নিদারুণ যন্ত্রণা; উৎপীড়ন; দুর্দশা।
**আবাধিক**—অসুস্থ; পীড়িত; ব্যাধিগ্রস্ত; রোগী।
**আবাধিত**--('আবাধেতি'র *pp*) নিদারুণ যন্ত্রণাভিভূত; উৎপীড়িত; দুর্দশাগ্রস্ত।
**আবাধেতি**—(আ+বধ্+এ) উৎপীড়ন করা; হয়রান করা; নাকাল করা। *aor* **আবাধেসি**।
**আভত**—আহরিত; আহৃত; সংগৃহীত; আনীত; সঙ্কলিত; সঞ্চিত; পরিবাহিত।
**আভরণ**—অলঙ্কার; গহনা; অলঙ্করণ; সজ্জা।
**আভস্সর**—দীপ্তিমান; উজ্জ্বল।
**আভা, আভাস**—প্রভা; কান্তি; আলো; দীপ্তি; শোভা; ঔজ্জ্বল্য; দ্যুতি।
**আভাতি**—(আ+ভা+অ) আলো দেওয়া; আলো বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া; চকচক করা; রশ্মি বিকীর্ণ করা। *aor* **আভাসি**।
**আভিদোসিক**—বিগত সন্ধ্যায় অন্তর্ভূত।
**আভিধাম্মিক**—অভিধর্ম বিশারদ।
**আভিসেকিক**—পবিত্র কাজে নিযুক্ত; উৎসর্গ।
**আভুজতি**—(আ+ভুজ্+অ) বক্র করা বা হওয়া;

বাঁকা করা বা হওয়া; কুঞ্চিত করা বা হওয়া; সঙ্কুচিত করা বা হওয়া। *aor* **আভুজি**।

**আভুজন**—বক্র করণ; বাঁকানো; কুঞ্চন; সঙ্কোচন; নোংরা করণ।

**আভোগ**—কল্পনা; ধারণা।

**আম**—হাঁ।

**আম, আমক**—অসিদ্ধ; অপরিণত; কাঁচা; টাটকা; অপক্ব। **আমগন্ধ**—কীটমূষিকাদিতেপূর্ণ গন্ধ; কীটমূষিকাদিজনিত গন্ধ; মাংস। **আমকসুসান**—আমকশ্মশান মৃতদেহ দগ্ধ ও কবরস্থ না করে ফেলে রেখে আসবার কুঞ্জবন।

**আমট্‌ঠ**—('আমসতি'র *pp*) স্পর্শিত; পরিচালিত; আচরিত।

**আমত্তিক**—মৃণ্ময় পাত্র; মাটির পাত্র; মাটির বাসন-কোসন।

**আমদ্দন**—মর্দন; দমন; চাপন।

**আমন্তন**—আমন্ত্রণ; আহ্বান; নিমন্ত্রণ; অভিনন্দন।

**আমন্তিত**—('আমন্তেতি'র *pp*)।

**আমন্তেতি**—(আ+মন্ত্‌+এ) আমন্ত্রণ করা; আহ্বান করা; নিমন্ত্রণ করা; অভিনন্দন করা। *aor* **আমন্তেসি**।

**আময**—অসুস্থতা; রোগ।

**আমলক, আমলকী**—*Emblic myrobalan* ['অমতা' দেখুন]।

**আমসতি**—(অ+মস্‌+অ) স্পর্শ করা; করতলাদি দ্বারা মৃদু আঘাত করা; ঘর্ষণ করা; মাজা; পালিশ করা। *aor* **আমসি**। *pp* **আমসিত, আমট্‌ঠ**।

**আমসন**—স্পর্শন; ঘর্ষণ; মাজন।

**আমা**—ক্রীতদাসী।

**আমাসয়**—আমাশয়; পাকস্থলী।

**আমিস**—আমিষ; খাদ্য; আহার; মাছ-মাংস; বড়শির টোপ; প্রলোভন লাভ; মুনাফা; ঘুষ; রূপাদি বিষয়। **আমিসদান**—চতুর্প্রত্যয়ের অনুদান অর্থাৎ খাদ্য-বস্ত্র-বাসস্থান-ওষুধ দান।

**আমুঞ্চতি**—(আ+মুচ্‌+ং+অ) পোশাক পরানো; সাজানো; অঙ্গে ধারণ করা। *aor* **আমুঞ্চি**।

**আমুত্ত**—('আমুঞ্চতি'র *pp*) পরিহিত; সজ্জিত।

**আমেণ্ডিত**—চিৎকার করে কথন; চিৎকারোক্তি; বিস্ময়াদির যতিচিহ্ন।

**আমো**—'আম' দেখুন।

**আমোদ**—১ হর্ষ; উৎসব; কৌতুক। ২ অতি দূরগামী গন্ধ; অতি সুগন্ধ।

**আমোদতি**—(আ+মুদ্‌+অ) আনন্দিত করানো; আনন্দিত হওয়া; আনন্দ করা। *aor* **আমোদি**। *pp* **আমোদিত**।

**আমোদনা**—আনন্দপূর্ণ; সন্তুষ্ট; খুশি; সানন্দ; আনন্দদায়ক।

**আমোদেতি**—(*caus* আ+মুদ্‌+এ) আনন্দপূর্ণ করা; সন্তুষ্ট করা; খুশি করা। *aor* **আমোদেসি**।

**আয**—আয়; উপার্জন; লাভ। **আযকম্মিক**—আয় সংগ্রাহক। **আয কোসল্ল**—আয় বাড়ানোর কৌশল। **আযমুখ**—অন্তঃপ্রবাহ; যা আয় এনে দেয়।

**আযত**—দীর্ঘ; লম্বা; প্রসারিত; বিস্তৃত।

**আযতন**—গোলক; বর্তুল; মণ্ডল; অধিকার; এলাকা; অঞ্চল; আয়তন; জ্ঞানেন্দ্রিয়; অবস্থান। **আযতসিক**—আঞ্চলিক; অবস্থিত; এলাকাস্থ।

**আযতি**—ভবিষ্যৎ। **আযতিক**—ভবিতব্য।

**আযতিকা**—নল; জলের নল।

**আযত্ত**—আয়ত্ত; বশগত; অধীন; বশতাপন্ন।

**আযস**—আয়স; লৌহনির্মিত; লৌহ সম্বন্ধীয়।

**আযস্মন্ত**—আয়স্মন্ত; শ্রদ্ধেয়; পূজনীয়।

**আযাচক**—যাচক; আবেদনকারী; আবেদক; উমেদার।

**আযাচতি**—(আ+যাচ্‌+অ) যাচা; যাচ্‌ঞা করা; যাচনা করা; প্রার্থনা করা; অনুরোধ করা; সনির্বন্ধ অনুরোধ করা; মিনতি করা। *aor* **আযাচি**। *pp* **আযাচিত**।

**আযাচনা, আযাচন**—অনুরোধ; আবেদন; উমেদারি; প্রার্থনা; মানত।

**আযাচমান**—অনুরোধমান; মিনতিপূর্ণ।

**আযাচিকা**—যে স্ত্রীলোক অনুরোধ করেন।

**আযাত**—('আযাতি'র *pp*)।

**আযাতি**—(আ+যা+অ) আসা; আগমন করা; উপনীত হওয়া; সমীপবর্তী হওয়া।

**আযাম**—দৈর্ঘ্য; দৈর্ঘ্যের।

**আয়াস**—ক্লেশ; শ্রান্তি; পরিশ্রম; দৈহিক শ্রমজনিত দুর্বলতা; প্রয়াস; অতিযত্ন; ব্যায়াম।

**আযু**—আয়ু; পরমায়ু; বয়স; স্থিতিকাল। **আযুক**—আয়ুক; পরমায়ু নিয়া। **আযুকপ্প**—আয়ুকল্প; জীবনকাল। **আযুক্খয**—আয়ু ক্ষয়; পরমায়ু নাশ। **আযু সঙ্খয**—জীবনের নিঃশেষিত অবস্থা; জীবনের নিদারুণ শ্রান্তি। **আযু সঙ্খার**—আয়ু সংস্কার।

**আযুত্ত**—('আযুঞ্জতি'র *pp*) সংযুক্ত; জোতিত; নিযুক্ত; সম্পর্কিত; উৎসর্গীকৃত; একান্তভাবে নিয়োজিত বা অনুরক্ত; সংলগ্ন, একত্র মিলিত; রত; ব্যাপৃত।

**আযুত্তক**—নিযুক্তক; নিমিত্ত; অনুমোদিতপ্রতিনিধি; দালাল; বিশ্বস্ত; বিশ্বাসী; নির্ভরযোগ্য; আস্থা স্থাপনের যোগ্য।

**আযুধ**—আয়ুধ; অস্ত্র-শস্ত্র; প্রহরণ।

**আয়ুধক**—কর্মঠ; সংগ্রামী; কঠোরভাবে বা সাগ্রহে সচেষ্ট; যিনি কঠোরভাবে চেষ্টা করেন।

**আয়ূহন**—১ সংগ্রাম করণ; সক্রিয়তা; কর্মতৎপরতা; ক্রিয়াকলাপ। ২ পুঞ্জীভবন।

**আয়ূহতি**—(আ+যূহ্+অ) ১ সংগ্রাম করা; কঠোরভাবে বা সাগ্রহে চেষ্টা করা। ২ পুঞ্জীভূত হওয়া। ৩ সন্তরণ করা; সাঁতার কাটা। *aor* **আয়ূহি**। *pp* **আয়ূহিত**।

**আযোগ**—১ উৎসর্জন; আরাধনা; ভজন; গভীর অনুরক্তি। ২ প্রগাঢ় প্রচেষ্টা; পরম বিশ্বস্তভাবে সেবা; প্রার্থনা; সচেষ্ট; প্রয়াস। ৩ বন্ধনের উপকরণ; বন্ধনী।

**আর**—সূচ। **আরগ্গ**—সুচের বিন্দু; সূচ-বিশেষের বিন্দু। **আরপথ**—সুচের পথ।

**আরকত্ত**—সম্পূর্ণ ভিন্ন হবার অবস্থা; মোটেই না হবার অবস্থা।

**আরকা**—দূরে; নাগালের বাইরে; লক্ষ্যের বাইরে; বহু দূরবর্তী; বহু দূরে।

**আরকূট**—পিত্তল; ধৃষ্টতা; নির্লজ্জতা।

**আরক্খক**—রক্ষক; রক্ষাকর্তা; তত্ত্বাবধায়ক।

**আরক্খা**—১ রক্ষা; যত্ন; পাহারা। ২ তত্ত্বাবধান; পরিত্রাণ; উদ্ধার।

**আরঞ্ঞক, আরাঞ্ঞিক**—আরণ্যক; বনজাত; অরণ্যবাসী; বিহারস্থান।

**আরঞ্ঞকত্ত**—অরণ্যবাসের অবস্থা বা হাল বা হালচাল।

**অরঞ্জিত**—কুঞ্চিত; ক্ষতবিক্ষত; আঁচড়িত; ক্ষতচিহ্ন; ঘায়ের দাগ।

**আরত**—('আরমতি'র *pp*) দূরে সরে থাকন; দূরে সরিয়ে রাখন; বিরত থাকন; পরিহার করে চলন।

**আরতি**—পরিহার; পরিত্যাগ; বিরতি; দূরে অবস্থান; উপরম।

**আরদ্ধ**—('আরভতি'র *pp*) আরব্ধ; যা আরম্ভ করা হয়েছে; যা শুরু হলো; স্থির সঙ্কল্প। **আরদ্ধ চিত্ত**—শুভেচ্ছা অর্জন করে'। **আরদ্ধ বিরিয**—আরব্ধ বীর্য; তেজঃপূর্ণ; তীব্র; উৎসাহী।

**আরদ্ধা**—('আরভতি'র *abs*) আরম্ভ করে; শুরু করে; যাত্রা করে।

**আরভতি**—(আ+রভ্+অ) ১ আরম্ভ করা; শুরু করা; চালু করা। ২ বধ করা; শাস্তিরূপে অসহ্য যন্ত্রণাদান। *aor* **আরভি**।

**আরভন**—শুরু করে; উপক্রম করে।

**আরম্ভ**—১ শুরু; উপক্রম। ২ প্রথম প্রচেষ্টা; প্রস্তাবনা।

**আরম্মণ**—আলম্বন; অবলম্বন।

**আরা**—দূরে; দূরবর্তী; যথেষ্ট ব্যবধান। **আরাচারী**—দূরবর্তী অবস্থানরত এমন।

**আরা**—(প্রধানত মুচিদের) সুচবিশেষ।

**আরাধক**—আরাধনাকারী; উপাসক; সেবক।

**আরাধনা**—তুষ্টিসাধন; শুশ্রূষা; উপাসনা; বন্দন; সাধ; অভ্যাস।

**আরাধেতি**—(আ+রাধ্+এ) তুষ্টিসাধন করা; আরাধনা করা; শুশ্রূষা করা; উপাসনা করা; বন্দনা করা; সাধ করা; অভ্যাস করা। *aor* **আরাধেসি**। *pp* **আরাধিত**।

**আরাম**—১ পুলক; আনন্দ; সুখানুভব; ইন্দ্রিয়ের বা মনের পরিতোষ; কামনাতৃপ্তি; ভোগসুখ; স্বাচ্ছন্দ্য; নীরোগতা। ২ প্রমোদোদ্যান। ৩ সন্ন্যাসীদের মঠ; বিহার। **আরামপাল**—প্রমোদোদ্যান রক্ষক। **আরাম রোপ**—প্রবর্তক। **আরামবত্থু**—উদ্যানের জন্য স্থান।

**আরামিক**—বিহার পরিচারক; বিহারের আবাসিক।

**আরামতা**—সম্বন্ধ; আসঞ্জন; সংযোজন; আসক্তি; অনুরাগ।

**আরাব**—নিনাদ; চিৎকার; আর্তনাদ; ক্রন্দন; বিলাপ; হৈ-চৈ; ধ্বনি।

**আরূপ্য**—অশরীরী বা বিদেহী বা আধ্যাত্মিক সত্তা; অরূপ্য।

**আরুয্হ**—('আরুয্হতি'র *abs*)।

**আরুহতি**—(আ+রুহ্+অ) আরোহণ করা; উপরে ওঠা; চড়া। *aor* **আরুহি**।

**আরুহন**—আরোহণ; উপরে ওঠন; চড়ন।

**আরুহন্ত**—('আরুহন'র *prp*) আরোহণরত; উঠন্ত; চড়ন্ত।

**আরূল্হ**—আরূঢ়; আরোহণ করেছে এরূপ; অধিরূঢ়।

**আরোগ্য**—স্বাস্থ্য; পীড়ামুক্তি; রোগহীনতা। **আরোগ্য মদ**—স্বাস্থ্যের গর্ব। **আরোগ্য সালা**—আরোগ্যশালা; চিকিৎসালয়; স্বাস্থ্যনিবাস।

**আরোচনা**—ঘোষণা; বিজ্ঞপ্তি; প্রচার; সর্বসাধারণকে জ্ঞাপন; আলোচনা।

**আরোচাপন**—অনুমোদিত প্রতিনিধির সাহায্যে ঘোষণা বা জ্ঞাপন।

**আরোচাপেতি**—('আরোচেতি'র *caus*)।

**আরোচিত**—('আরোচেতি'র *pp*) ব্যক্ত; কথিত; জ্ঞাত।

**আরোচেতি**—(আ+রুচ+এ) বলা; জানানো; ঘোষণা করা। *aor* **আরোচেসি**।

**আরুদনা**—রোদন; ক্রন্দন; কান্না; শোকার্ত বিলাপ; চিৎকার; আর্তনাদ।

**আরোপন**—আরোপণ; সংস্থাপন; আরোপ করণ; আহরণ করানো; সমুখাপন; ধনুক প্রভৃতিতে ছিলা

ইত্যাদির সংযোজন; শস্যাদির রোপণ।
**আরোপিত**—('আরোপেতি'র *pp*)।
**আরোপেতি**—(আ+রুপ+এ) সংস্থাপন করা; আরোপ করা; আহার করানো; সংযোজন করা; রোপণ করা; দোষারোপ করা; অভিযুক্ত করা; প্রস্তুত হওয়া। *aor* **আরোপেসি**। *ptp* **আরোপেতব্ব**।
**আরোহ**—আরোহণ; বৃদ্ধি; উচ্চতা; চড়বার জন্য সজ্জিত ঘোড়া।
**আরোহক**—আরোহী।
**আরোহতি**—'আরুহতি' দেখুন।
**আরোহণ**—'আরুহন' দেখুন।
**আলগ্গিত**—('আলগ্গেতি'র *pp*)।
**আলগ্গেতি**—(আ+লগ্+এ) এঁটে থাকা; নাছোড়-বান্দার মতো পিছনে লেগে থাকা; বিলম্ব করা; প্রতীক্ষা করা; নির্ভর করা। *aor* **আলগ্গেসি**।
**আলাপতি**—(আ+লপ্+অ) আলাপ করা; কথোপকথন করা; সম্বোধন করা। *aor* **আলপি**।
**আলাপন**—স্বস্তিবাচন; পরস্পর কথোপকথন; সম্বোধনাত্মক কারক। **আলাপনা**—সনির্বন্ধ অনুরোধ; প্রার্থনা।
**আলম্ব**—১ অবলম্বন। ২ সহায়; আধার। ৩ যে কোনো জিনিস এঁটে থাকা।
**আলম্বতি**—(আ+লব+ব্=অ) কিছুতে এঁটে থাকা; নাছোড়বান্দার মতো কিছুতে লেগে থাকা; বিলম্ব করা; প্রতীক্ষা করা; নির্ভর করা। *aor* **আলম্বি**। *pp* **আলম্বিত**।
**আলম্বন**—আরম্মণ। ১ জ্ঞানের বিষয়। ২ কিছুতে নির্ভরশীল। ৩ অবলম্বন।
**আলম্বর**—এক প্রকার ঢাক; ঢাক বিশেষ।
**আলয**—আলয়; গৃহ; আধার। ১ বাসস্থান; আবাস; অবস্থান। ২ বাসনা; আসক্তি; অনুরাগ। ৩ ছুতা; ছলনা।
**আলসিয, আলসয**—আলস্য; কুঁড়েমি; ঢিলেমি।
**আলান, আলান**—গোঁজ; খুঁটি; শূল; স্তম্ভ; থাম (যেখানে হাতি বেঁধে রাখা হয়)।
**আলাপ**—১ কথোপকথন; পরিচয়; উচ্চারণ; গানের সুর ভাঁজা। ২ শব্দ।
**আলি**—ভূমির বাঁধ; ক্ষেতের আল; পরিখা; খাত; খানা।
**আলিখতি**—(আ+লিখ্+অ) নকশাদির দ্বারা দেখানো বা বর্ণনা করা; (চিত্রানুগভাবে) বর্ণনা করা; চেহারা, আকৃতি, গঠন ইত্যাদি আঁকা। *aor* **আলিখি**। *pp* **আখিত**।
**আলিঙ্গতি**—(আ+লিঙ্গ্+অ) প্রীতিপূর্বক পরস্পর আশ্লেষ করা; অঙ্গমিল করা; কোলাকুলি করা। *aor* **আলিঙ্গি**।
**আলিঙ্গন**—প্রীতিপূর্বক পরস্পর আশ্লেষ; অঙ্গমিলন; কোলাকুলি।
**আলিঙ্গিয**—আলিঙ্গন করে; পরস্পর আশ্লেষ করে; কোলাকুলি করে।
**আলিত্ত**—('আলিম্পতি'র বা 'আলিম্পেতি'র *pp*) অঙ্গে বা উপরে লিপ্ত; রঞ্জিত; কলঙ্কিত; চর্চিত; আলিপ্ত; আলপনা দেওয়া।
**আলিন্দ**—অলিন্দ, দ্বারের বহিঃস্থিত রক, চাতাল; বারান্দা।
**আলিম্পন**—১ অঙ্গে বা উপরে লেপন; রঞ্জন; দূষিত করণ। ২ প্রদহন; পোড়ানো।
**আলিম্পিত**—('আলিম্পেতি'র *pp*)।
**আলিম্পেতি**—(আ+লিপ্+এ) ১ আঠালো বা তৈলাক্ত পদার্থ মর্দন করা বা উক্ত পদার্থের প্রলেপ দেওয়া; লেপন করা। ২ প্রজ্বলিত করা; অগ্নি সংযোগ করা। *aor* **আলিম্পেসি**।
**আলু**—স্বনামখ্যাত মূল বা কাণ্ড; মিঠে আলু; রাঙা আলু।
**আলুলিত**—('আলুলেতি'র *pp*)।
**আলুলেতি**—(আ+লুল+এ) আলোড়িত করা; উত্তেজিত করা; বিক্ষুব্ধ করা; তালগোল পাকিয়ে ফেলা; বিভ্রান্ত বা কিংকর্তব্যবিমূঢ় করা; বিস্মিত করা। *aor* **আলুলেসি**।
**আলেপ**—মলম; প্রলেপ।
**আলেপন**—তৈলাদি লেপন; ক্ষতাদিতে বাঁধার জন্য আঠালো প্রলেপ মাখানো; ডাক্তারি পটিবিশেষ লাগানো; প্রাচীরাদিতে লেপনার্থ চুন, বালি, গঁদ প্রভৃতির মিশ্র, পোঁচড়া লেপন।
**আলোক**—আলো; দীপ্তি; দর্শন; দৃষ্টি; প্রকাশ।
**আলোকন**—১ জানালা। ২ দর্শন; দেখা; প্রদর্শন।
**আলোকসন্ধি**—জানালা; বাতায়ন; গবাক্ষ।
**আলোকিত**—('আলোকেতি'র *pp*) নিরীক্ষিত; অবলোকিত; আলোকময়; উজ্জ্বল।
**আলোকেতি**—(আ+লোক+এ) নিরীক্ষণ করা; অবলোকন করা; আলোকময় করা; উজ্জ্বল করা। *aor* **আলোকেসি**।
**আলোপ**—এক কামড় বা গ্রাস; এক টুকরা খাবার; যৎকিঞ্চিৎ খাদ্য; ক্ষুদ্র টুকরা। **আলোপিক**—কামড় বা গ্রাসের দ্বারা গঠিত।
**আলোল**—আলোড়ন; বিক্ষোভ; তালগোল পাকানো অবস্থা; বিশৃঙ্খলা; গোলমাল; বিভ্রান্তি; কিংকর্তব্য-

বিমূঢ়।

**আলোলেতি**—(আ+লুল্+এ) আলোড়ন করা; বিক্ষোভ করা; বিশৃঙ্খলা করা; তালগোল পাকিয়ে একত্র মেশানো বা মেশা অথবা একত্র চালানো বা চলা; মিশ্রিত করা। *aor* **আলোলেসি**।

**আবজ্জতি**—(আ+বজ্জ্+অ) ১ প্রতিবিম্বিত বা প্রতিফলিত করা অথবা হওয়া। ২ উল্টিয়ে ফেলা। *aor* **আবজ্জি**।

**আবজ্জিত**—('আবজ্জেতি'র *pp*) ১ বিবেচিত। ২ উল্টানো (অধোমুখী)।

**আবজ্জেতি**—(আ+বজ্জ্+এ) ১ মনে মনে আলোচনা করা। ২ গভীরভাবে চিন্তা করা; ধ্যান করা; লক্ষ করা। ৩ উল্টিয়ে ফেলা। *aor* **অবজ্জেসি**।

**আবট**—('আবরতি'র *pp*) আবৃত; আবরিত; অবগুণ্ঠিত; নিষিদ্ধ।

**আবট্ট**—১ পরিধি; পরিধি রেখা। ২ নেমি; জলঘূর্ণি; ঘূর্ণিস্রোত। ৩ ঘূর্ণন; আবর্তন।

**আবট্টতি**—(আ+বট্ট্+অ) সামনে পেছনে ঘোরা বা পাক খাওয়া বা ঘুরপাক খাওয়া; চক্রাকারে আবর্তিত করানো বা হওয়া। *aor* **আবট্টি**।

**আবট্টন**—১ আবর্তন; ঘূর্ণন; বার বার অনুষ্ঠান; পরিভ্রমণ। ২ প্রলুব্ধ করণ; প্রলোভন। ৩ আলোড়ন; আওটানো। **আবট্টনী**—প্রলোভনীয়; বিপথে চালায় এমন।

**আবট্টেতি**—(আ+বট্ট+এ) ১ আবর্তন করা; বার বার অনুষ্ঠান করা; পরিভ্রমণ করা। ২ প্রলুব্ধ করা; আলোড়ন করা; আওতায় আনা; বিপথে চালানো।

**আবট্ট**—('আবট্টতি'র *pp*) পশ্চাতে পতিত; ফেরানো; ঘোরানো; মোচড়ানো; পাকানো; কুণ্ডলীকৃত; বক্র।

**আবত্তক, আবত্তী**—ফিরে আসছে এমন; ফিরে আসে এমন; আবর্তক।

**আবত্ততি**—(আ+বত্+অ) আবর্তন করে; পিছনে যাওয়া; চতুর্দিকে ঘোরা। *aor* **আবত্তি**। *pp* **আবত্তিত**।

**আবত্তন**—ঘোরণ; ঘূর্ণন; আবর্তন; ফিরন; আলোড়ন।

**আবত্তিয**—আবর্তীয়; আবর্তনীয়; প্রত্যাবর্তনীয়।

**আবত্তেতি**—'আবট্টেতি' দেখুন।

**আবত্থিক**—উপযুক্ত; উপযোগী; মূল; মূলগত।

**আবরণ**—ঢাকনা; ঢাকনি; আচ্ছাদন; ঢাকা; অবরোধ; আবৃত করণ; পর্দা।

**আবরণীয**—আবরণীয়; আবৃতকরণীয়; আচ্ছাদনীয়; অবরোধ্য।

**আবরতি**—(আ+বর+অ) আবৃত করা; আচ্ছাদন করা; অবরোধ করা।

**আবরিত**—('আবরতি'র *pp*) আবৃত; ঢাকা; আচ্ছাদিত; অবরুদ্ধ। *aor* **আবরি**।

**আবরিয**—অবরুদ্ধ করে'।

**আবলী**—আবলি; শ্রেণী; পঙ্‌ক্তি; সারি; সমূহ; তার।

**আবসতি**—(আ+বস্+অ) বসবাস করা; অবস্থান করা; বসতি করা। *aor* **আবসি**।

**আবসথ**—সন্ন্যাসীদের মঠ; বিহার; আরাম; বসতবাটি; বিশ্রামাগার।

**আবহ, আবহলক**—আনয়ন; বহন; উৎপাদন; একস্থান হতে বহন করে নিয়ে অন্যস্থানে সঞ্চারিত করে এমন।

**আবহতি**—(আ+বহ্+অ) আনয়ন করা; বহন করা; উৎপাদন করা; ঘটানো; (ঘটনাদির) সংঘটনে সাহায্য করা। *aor* **আবহি**।

**আবহন**—আনয়ন; বাহন; জ্ঞাপন।

**আবাট**—গর্ত; খনির খাদ; খনি; কবর।

**আবাপ**—(কারখানাদির) বৃহৎ অগ্নিকুণ্ড; কঠোর পরীক্ষা; চুল্লি; তন্দুর।

**আবাস**—বাসভবন; স্বগৃহ; বাসা; বাসস্থান।

**আবাসিক**—বাসকারী; বসবাসকারী।

**আবাহ, আবাহন**—বিবাহের উদ্দেশ্যে আনয়ন; বিবাহ; পরিণয়; বিবাহোৎসব।

**আবি**—খোলাখুলিভাবে; সুস্পষ্টভাবে; চোখের সামনে।

**আবিজ্ঝতি**—(আ+বিধ্+অ) ১ (বৃত্তাকারে) পরিবেষ্টন করা; সোজাপথ ছেড়ে ঘুরপথে যাওয়া; বেগে চতুর্দিকে ঘূর্ণিত হওয়া বা করা। ২ (কিছুর মধ্যে) সবলে পথ করে নেওয়া; বিদ্ধ করানো বা করা; ভেদ করানো বা করা। *aor* **আবিজ্ঝি**।

**আবিজ্ঝন**—ঘুরপথে গমন; বেগে চতুর্দিকে ঘূর্ণিত হওন বা করণ।

**আবিঞ্জতি**—(আ+বিজ্+ব্-অ) ১ দুধ দোহনের ন্যায় টানা; মন্থন করা; প্রচণ্ডভাবে আলোড়িত করা। ২ উত্তেজিত বা বিক্ষুব্ধ করা। *aor* **আবিঞ্জি**।

**আবিঞ্জনক**—১ চতুর্দিকে দোলন বা ঝুলন। ২ ঢিলাভাবে টাঙানো। ৩ টানায় ব্যবহৃত। **আবিঞ্জক রজ্জু**—১ দরজার তালা বা ছিটকিনি বা হুড়কা বাইরে থেকে খোলার দড়ি। ২ দুগ্ধ মন্থনের জন্য ব্যবহৃত দড়ি। **আবিনট্‌ঠান**—যে দড়ির সাহায্যে ভিতরের তালা বা ছিটকিনি বা হুড়কা তোলা হয় সেই দড়ি যে জায়গায় টাঙানো থাকে, সেই জায়গা।

**আবিট্‌ঠ**—('আবিসতি'র *pp*)।

**আবিদ্ধ**—('আবিজ্ঝতি'র *pp*)।

**আবিল**—১ আলোড়িত; উত্তেজিত; বিক্ষুব্ধ। ২ নোংরা; মলিন; অশ্লীল; জঘন্য; হীন।

**আবিলত্ত**—আলোড়িত বা উত্তেজিত হওয়ার অবস্থা;

নোংরা বা জঘন্য হবার অবস্থা।

**আরিসতি**—(আ+রিস্+অ) ১ প্রবেশ করা; সমীপবর্তী হওয়া; অভিগমন করা। ২ ভূতাদি কর্তৃক অধিকৃত হওয়া। *aor* **আরিসি**।

**আবুণাতি**—(আ+বু+না) ১ মালায় বা মালিকা আকারে গাঁথা; দড়ি সুতা তার জ্যা প্রভৃতি পরানো বা জোগানো; ২ বেছে দেওয়া; স্থির করে দেওয়া। *aor* **আবুণি**।

**আবুত**—('আবুণাতি'র এবং 'আররতি'র *pp*) ১ মালাকারে গ্রথিত; অভিগত। ২ আবৃত। ৩ ব্যাহত; রুদ্ধ।

**আবুথ**—('আরসতি'র *pp*) অধিষ্ঠিত; অধিকৃত।

**আবুধ**—আয়ুধ; অস্ত্রশস্ত্র; প্রহরণ।

**আবুসো**—[সম্বোধনাত্মক কারক] বন্ধু! বন্ধো! ভাই! (ভিক্ষুগণের নম্রভাবে সম্বোধন করার রীতি।]

**আরেঠন**—চতুর্দিকের বাতাস লাগানো; বিজড়িত করণ; জট ছাড়ানো।

**আরেঠেতি**—(আ+রেঠ্+এ) পাক দেওয়া বা পাক খাওয়া; গোটানো বা ভাজ করা; জড়ানো বা মোড়া। *aor* **আরেঠেসি**। *pp* **আরেঠিত**।

**আরেণিক**—বিশিষ্ট; আলাদা।

**আরেলা**—মস্তকের জন্য মালা।

**আরেল্লিত**—বক্র; বাঁকানো; কুঞ্চিত; পাকানো।

**আরেসন**—১ আবেশন; প্রবেশ। ২ শিল্পাগার; সূর্যাদির পরিধি।

**আসঙ্কতি**—(আ+সক্+ং-অ) সন্দেহ করা; অবিশ্বাস করা। *aor* **আসঙ্কি**।

**আসঙ্কা**—সন্দেহ; বিচিকিৎসা; আশঙ্কা; সঙ্কোচ; বিতর্ক।

**আসঙ্কিত**—('আসঙ্কতি'র *pp*) আশঙ্কিত; সন্দিগ্ধ; সঙ্কোচিত; বিতর্কিত; ভীত।

**আসঙ্কী**—'আসঙ্কিত' দেখুন। সংশয়কারী; ভীরু।

**আসজ্জ**—('আসাদেতি'র *abs*) সমীপবর্তী হয়ে; অভিগত হয়ে; সদৃশ বা সমকক্ষ হয়ে; অমর্যাদা বা অপমান লাভ করে; অপ্রত্যাশিতভাবে বা হঠাৎ সাক্ষাৎ পেয়ে।

**আসজ্জতি**—(আ+সদ্+য) অপ্রত্যাশিতভাবে কারও সাক্ষাৎ পাওয়া; হঠাৎ কারও দেখা পাওয়া; রাগান্বিত হওয়া; অনুরাগযুক্ত হওয়া; ক্রোধযুক্ত হওয়া; ক্রুদ্ধ হওয়া। *aor* **আসজ্জি**।

**আসজ্জন**—১ অপ্রত্যাশিতভাবে বা হঠাৎ কারও সাক্ষাৎ লাভ। ২ অমর্যাদা; অপমান। ৩ অনুরাগ; আসক্তি; সম্বন্ধ; সংযোজন।

**আসতি**—(আস্+অ) বসা; উপবেশন করা। *aor* **আসি**।

**আসত্ত**—('আসজ্জতি'র *pp*) ১ আসক্ত। ২ অনুরক্ত; জড়িত। ৩ অভিশপ্ত; দুর্ভাগা; জঘন্য।

**আসন**—বসবার স্থান; পিঁড়ি; চৌকি; উপবেশন। **আসন সালা**—আসনশালা; বসবার ব্যবস্থাসহ বড় ঘর।

**আসন্দি**—লম্বা কাষ্ঠাসন বা কেদারা; ডেক চেয়ার।

**আসন্ন**—নিকট; সন্নিহিত; সমীপ; উপস্থিত; নিকটবর্তী; কাছাকাছি।

**আসপ্পতি**—(আ+সপ্+অ) মুশকিল বা প্রতিকূল অবস্থার মধ্যে কঠোরভাবে চেষ্টা করা; শ্রমসহকারে সংগ্রাম করা; শ্রমসহকারে প্রতিদ্বন্দ্বিতা করা; কষ্টসহকারে টলতে টলতে চলা। *aor* **আসপ্পি**।

**আসভ**—ষণ্ড বা ষাঁড় জাতীয় অর্থাৎ বলিষ্ঠ এবং বিশিষ্ট গুণ সমন্বিত। **আসভট্‌ঠান**—বিশিষ্ট বা স্বতন্ত্র বা সম্মানিত মর্যাদা। **আস ভী**—('আসভ'র স্ত্রী লিঙ্গ) কর্তৃত্বব্যঞ্জক; প্রবলভাবে আরোপ করার স্বভাববিশিষ্ট; মনোরম; সম্ভাব্য; প্রতারণাপূর্ণ; সাহসী; ধৃষ্ট।

**আসয**—বাসস্থান; আবাস; অবস্থান; স্থাপিত বা গচ্ছিত বস্তু; যে স্থানে বারংবার যাতায়াত করা হয়; নতি; অনুরাগ; আনুকূল্য; আশয়।

**আসব**—যা প্রবাহিত হয় এমন; উদ্দীপনা; উৎসাহ; মর্মযন্ত্রণা হতে মুক্তি; যে ধারণা মনকে প্রমত্ত করে। **আসবক্‌খয**—উদ্বেলিত বা উৎসাহিত করে এমন কিছুর সর্বনাশ বা ধ্বংস বা বিনাশ।

**আসবতি**—(আ+সু+অ) প্রবাহিত হওয়া। *aor* **আসবি**।

**আসবন**—নিম্নদিকে প্রবহমান।

**আসসান**—ইচ্ছু; ইচ্ছুক; ইচ্ছাশীল।

**আসা**—আশা; দীর্ঘাকাঙ্ক্ষা; অতিতৃষ্ণা; ইচ্ছা। **আসাভঙ্গ**—নৈরাশ্য; আশাভঙ্গ।

**আসাটিকা**—মাছির ডিম; মক্ষিকার ডিম্ব।

**আসাদেতি**—(আ+সদ্+এ) অসন্তুষ্ট করা; রাগানো; চটানো; ক্ষতি করা; মর্মাহত করা; আক্রমণ করা; অভিভূত করা; জর্জরিত কর; অমর্যাদা বা অপমান করা। *aor* **আসাদেসি**।

**আসাসমান**—দীর্ঘকাল রত; দীর্ঘদিন চালু; দীর্ঘদিন বিদ্যমান।

**আসাল্‌হ**—একটি মাসের নাম; আষাঢ়। **আসাল্‌হী**—আষাঢ় গ্রহ প্রভাব বা গ্রহদৃষ্টি সম্পর্কিত।

**আসি**—('অস'র অধম এক বচনে *aor*) সে ছিল।

**আসিং**—('অস'র উত্তম পুরুষ একবচনের *aor*) আমি ছিলাম।

**আসিংসক**—ইচ্ছুক; আকুল আকাঙ্ক্ষিত; উমেদার; প্রার্থী; পদপ্রার্থী।

**আসিংসতি**—(আ+সিংস্+অ) আশা করা; ইচ্ছা করা; আকাঙ্ক্ষা করা। *aor* **আসিংসি**।

**আসিংসনা**—ইচ্ছা; আশা; আকাঙ্ক্ষা।

**আসিঞ্চতি**—(আ+সিচ্+ং-অ) সেচন করা; সিঞ্চন; জল ছিটানো। *aor* **আসিঞ্চি**।

**আসিট্ঠ**—('আসিংসতি'র *pp*) ১ ইচ্ছিত; ঈপ্সিত; আকুল আকাঙ্ক্ষিত। ২ মহিমান্বিত; আশীর্বাদ-প্রাপ্ত।

**আসিত্ত**—('আসিঞ্চতি'র *pp*) সিক্ত; সিঞ্চিত।

**আসিত্তক**—গুঁড়া-মসলা; আচার; চাটনি; কাসুন্দি। **আসিত্ত কূপধান**—গুঁড়া-মসলা আচার চাটনি কাসুন্দি প্রভৃতি রাখার আধার বা পাত্র।

**আসী**—আশীর্বাদ; সর্পদন্ত; সাপের বিষ; আশিস।

**আসীতিক**—আশি বছর বয়স্ক।

**আসীন**—('আসতি'র *pp*) উপবিষ্ট অবস্থিত; অনুদ্যোগী।

**আসীৱিস**—আশীবিষ; সর্প; আশীতে (বিষদন্তে) বিষ যার।

**আসু**—আশু; শীঘ্র; তাড়াতাড়ি।

**আসুং**—('অস'র অধম পুরুষ বহুবচন) তারা বা ওরা ছিল।

**আসুম্ভতি**—(আ+সুভ্+ব্-অ) কোনো তরল পদার্থ লম্বাভাবে ফেলে দেওয়া।

**আসেৱতি**—(আ+সেৱ+অ) সঙ্গী বা অনুষঙ্গী হওয়া; সেবা করা; কার্যকর করা; সম্পাদন করা; ঘন ঘন যাওয়া; মেলামেশা করা। *aor* **আসেৱি**। *pp* **আসেৱিত**।

**আসেৱনা**—অনুশীলন; চর্চা।

**আহ**—(অতীতকালের অধম পুরুষ একবচন) তিনি বললেন বা বলেন।

**আহচ্চ**—১ অপসারণীয়; আহর্ত্য। ২ ('আহনতি'র *abs*); আঘাত করে; আঘাত করে; প্রভাবিত করে; পরিবর্তিত করে। **আহচ্চপাদক**—অপসারণী পা নিয়ে।

**আহট**—('আহরতি'র *pp*) আহৃত; আহরিত; সংগৃহীত; সংকলিত; সঞ্চিত।

**আহত**—('আহনতি'র *pp*) আঘাতপ্রাপ্ত; তাড়িত; মর্দিত; গুণিত আক্রান্ত; যন্ত্রণাপ্রাপ্ত; উৎপীড়িত; দুর্দশাগ্রস্ত।

**আহনতি**—(আ+হন+অ) প্রহার করা; বারংবার আঘাত করা; প্রভাবিত করা। *aor* **আহনি**।

**আহনন**—প্রহার করণ; বারংবার আঘাত করণ; প্রভাবিত করণ।

**আহরণ**—সংগ্রহ; সঙ্কলন; একস্থান অন্যস্থানে আনয়ন।

**আহরতি**—(আ+হর্+অ) আনয়ন করা; সংগ্রহ করা; সঙ্কলন করা; গিয়ে আনয়ন করা; সম্মুখে আনা; বের করে আনা। *aor* **আহরি**। *prp* **আহরমান**। *abs* **আহরিত্বা**।

**আহার**—ভোজন; পুষ্টিকর পদার্থ; খাদ্য ভক্ষ্যবস্তু। **আহারট্ঠিতিকা**—খাদ্যের ওপর বিদ্যমান বা অস্তিমান; খাদ্যের ওপর বাচন বা জীবনধারণ।

**আহারেতি**—(আ+হর্+এ) আহার করা; ভোজন করা; খাওয়া; খাদ্য; গ্রহণ করা। *aor* **আহারেসি**।

**আহিণ্ডতি**—(আ+হিড্+ং-এ) উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো; উদ্দেশ্যহীনভাবে পরিভ্রমণ করা। *aor* **আহিণ্ডি**। abs **অহিণ্ডিত্বা**।

**আহিত**—১ আহুত। ২ স্থাপিত; ভিতরে স্থাপিত; নির্বাসিত। ৩ প্রজ্জ্বলিত; উদ্দীপ্ত; উত্তেজিত।

**আহু**—'আহ'র বহুবচন।

**আহুতি**—উৎসর্গ; উৎসর্গীকৃত বস্তু; নৈবেদ্য; অর্ঘ্য; অর্পণ।

**আহুণ**—ভক্তি; শ্রদ্ধা; পূজা; উৎসর্গ; নৈবেদ্য। **আহুণেয্য**—ভক্তি, শ্রদ্ধা, পূজা উৎসর্গ ও নৈবেদ্য লাভের যোগ্য।

**আহুদারিক**—ভিড়ে পূর্ণ; জনাকীর্ণ; ঘনসন্নিবিষ্ট; বেষ্টিত; আবদ্ধ।

**আলাহন**—শ্মশান; শবদাহস্থান। **আলাহন কিচ্চ**—শবদাহ; শবদাহকৃত্য। **আলাহনট্ঠান**—শবদাহস্থান; শ্মশান।

# ই

**ইক্খন**—বীক্ষণ; বিশেষভাবে দর্শন; নিরীক্ষণ।

**ইক্খণিক**—জ্যোতিষী; গণক; দৈবজ্ঞ; গণৎকার। **ইক্খণিকা**—দৈবজ্ঞা; গণৎকার।

**ইক্খতি**—(ইক্খ্+অ) বীক্ষণ করা; বিশেষভাবে দর্শন করা; নিরীক্ষণ করা।

**ইঙ্গিত**—ইশারা; সঙ্কেত; ব্যঞ্জনা।

**ইঙ্ঘ**—আস ! দেখ !।

**ইচ্ছ**—অভিলাষ; আকাঙ্ক্ষা; কামনা; অভিলষিত; আকাঙ্ক্ষিত; কাম্য।

**ইচ্ছক**—ইচ্ছু; ইচ্ছুক, ইচ্ছাশীল; যিনি আকাঙ্ক্ষা করেন।

**ইচ্ছতি**—(ইস+অ) ইচ্ছা করা; আকাঙ্ক্ষা করা; পেতে কামনা করা; আকুল আকাঙ্ক্ষা করা। *aor* **ইচ্ছি**। *prp* **ইচ্ছন্ত**।

**ইচ্ছন, ইচ্ছা**—আকুল আকাঙ্ক্ষা; বাসনা; অভিলাষ; কামনা। **ইচ্ছারচর**—ইচ্ছাচর; বাসনান্তর্গত; ইচ্ছানুরূপ আচরণশীল।

**ইচ্ছিত**—('ইচ্চতি'র *pp*)।

**ইজ্ঝতি**—(ইধ্+য) সতেজ হয়ে ওঠা; উন্নতি লাভ করা; সমৃদ্ধ হওয়া; প্রতিষ্ঠা লাভ করা; সাফল্য লাভ করা। *aor* **ইজ্ঝি**। *prp* **ইজ্ঝমান**।

**ইজ্ঝন, ইজ্ঝনা**—সাফল্য; উন্নতি; সমৃদ্ধি; প্রতিষ্ঠা।

**ইজ্ঝিত**—('ইজ্ঝতি'র *pp*) সমৃদ্ধ, সফল; প্রতিষ্ঠা।

**ইঞ্জতি**—(ইঞ্জ্+অ) অবস্থান ভঙ্গি স্থান বা বাসস্থান পরিবর্তন করানো বা করা; নড়া বা নড়ানো। *aor* **ইঞ্জি**।

**ইঞ্জিত**—('ইঞ্জতি'র *pp*) পরিবর্তিত; আন্দোলিত; আলোড়িত; আন্দোলন; আলোড়ন; ইতস্তত; দ্বিধাগ্রস্ত; অস্থির; টলায়মান।

**ইট্ঠ**—ইষ্ট; অভিপ্রেত; স্বীকার্য; সম্মত; তৃপ্তি; আনন্দ; সুখানুভব।

**ইট্ঠকা, ইট্ঠিকা**—টালি; ইট। (**চযনিট্ঠক**—ইট; **ছদনিট্ঠক**—টালি)।

**ইণ**—ঋণ; ধার; কর্জ। **ইনট্ঠ**—যে ঋণগ্রস্ত; ঋণী। **ইণপণ্ণ**—প্রত্যর্থ-পত্র; তমসুক; ঋণের দলিল। **ইণমোকখ**—ঋণমোক্ষ; ঋণমুক্তি। **ইনসামিক**—উত্তমর্ণ; পাওনাদার। **ইণসোধন**—ঋণশোধন; ঋণমুক্তি।

**ইণাযিক**—ঋণী; দেনাদার; অধমর্ণ।

**ইতর**—অপর; অন্য; ভিন্ন।

**ইতরীতর**—যা কিছু; যে-কোনোটি; সব কয়টি; কিছু বা সবটা; কোনোটি; যে-কেও; কিছুটা; যা কিছু।

**ইতি**—এতদনুসারে (উল্লিখিত বা আসন্ন-উল্লিখিত কিছু নির্দেশ করার জন্য এবং বাক্যটি যে সমাপ্ত হয় তা দেখানোর জন্য ব্যবহৃত) প্রায়ক্ষেত্রে এর প্রথমোক্ত **ই** অনুচ্চারিত এবং কেবলমাত্র **তি** থাকে। **ইতিকির**—আমি এরূপ শুনেছি।

**ইতিবুত্তক**—প্রারম্ভে 'এরূপ কথিত হয়েছে' উক্তির সাথে 'সূত্র' গ্রন্থ।

**ইতিহাস**—প্রাচীন কথা; ইতিবৃত্ত; পুরাবৃত্ত; পূর্ববৃত্ত-বর্ণন-গ্রন্থ।

**ইতো**—এ হতে; এখন হতে; এ সময় হতে; এ নিমিত্ত; এ কারণে। **ইতোপট্ঠায**—অতঃপর।

**ইত্তর**—অল্পকাল-জীবী; স্বল্পকালস্থায়ী; অল্পক্ষণ স্থায়ী; অতি ক্ষুদ্র বা অল্প সংখ্যক। **ইত্তরকাল**—অল্পকাল; কম সময়।

**ইত্থং**—এতদনুসারে; এরূপে। **ইত্থংনাম**—এ নামে; তথাকথিত। **ইত্থংভূত**—এ ধরনের; এ রকমের।

**ইত্থত্ত**—১ (ইত্থং+ত্ত) বর্তমান অবস্থা বা হালচাল; এ জীবন। ২ (ইত্থি+ত্ত) নারীত্ব; নারী-বৈশিষ্ট্য।

**ইত্থাগার**—১ হারেম; অন্তঃপুর; জেনানামহল। ২ হারেমবাসিনী মহিলাগণ।

**ইত্থি, ইত্থী, ইত্থিকা**—স্ত্রীলোক; নারী; স্ত্রী জাতীয়। **ইত্থিধুত্ত**—স্ত্রী ধূর্ত, যে নারীতে ইচ্ছাপূরণ করে। **ইত্থি লিঙ্গ**—স্ত্রী-লিঙ্গ; স্ত্রীজাতীয় স্বাভাবিক ও সহজাত বৈশিষ্ট্যমূলক গুণ বা ধর্ম। **ইত্থি নিমিত্ত**—স্ত্রী-নিমিত; স্ত্রী-ইন্দ্রিয়।

**ইদং**—(কর্তায় ও কর্মে 'ইম'র এক বচন) এ বস্তু; এ বিষয়।

**ইদপ্পচ্চযতা**—এর ওপর ভিত্তি স্থাপন করে, অর্থাৎ কারণে বা নিমিত্তে সম্পর্কিত।

**ইদানি**—এখন; বর্তমানে।

**ইদ্ধ**—('ইজ্ঝতি'র *pp*) উন্নতিশীল; সাফল্যপূর্ণ; শুভ; সমৃদ্ধ, কৃতকার্য।

**ইদ্ধি**—ঋদ্ধি, শক্তি, শক্তিশালিতা; কার্যকরতা; মনোগত-শক্তি; আধ্যাত্মিক শক্তি; সমৃদ্ধি। **ইদ্ধিপাদ**—আধ্যাত্মিক শক্তির ভিত্তি বা বুনিয়াদ। **ইদ্ধিবল**—ঋদ্ধিবল; অলৌকিক শক্তি। **ইদ্ধিমন্ত**—ঋদ্ধিমন্ত; আধ্যাত্মিক শক্তির অধিকারী। **ইদ্ধিবিসয**—আধ্যাত্মিক শক্তির প্রসার বা বিস্তার।

**ইধ**—এখানে; এ পৃথিবীতে অথবা এ অস্তিত্বে।

**ইধুম**—ইন্ধন; জ্বালানিকাষ্ঠ।

**ইন্দ**—ইন্দ্র; শাসক; বৈদিক দেবতা ইন্দ্র; দেবরাজ। **ইন্দগজ্জিত**—ইন্দ্র-গর্জিত; বজ্র; অশনি। **ইন্দগোপক**—যে লাল রঙের কীট মাটির ভিতর থেকে বৃষ্টিপাতের পর বেরিয়ে আসে। **ইন্দগগি**—বিদ্যুৎ। **ইন্দজাল**—ইন্দ্রজাল; ভোজবাজি। **ইন্দজালিকা**—জাদুকর; ইন্দ্রজালিক; ভোজ-বাজিকর। **ইন্দধনু**—ইন্দ্রধনু; রংধনু।

**ইন্দখীল**—বাড়ির দরজার সামনে সিঁড়ির ধাপ; বাড়ির দরজায় চৌকাটের নিম্নাংশ; গোবরাট; নগরের ফটকের সম্মুখে শক্ত খুঁটি।

**ইন্দনীল**—ইন্দ্রনীল; নীলকান্তমণি।

**ইন্দবারুণি**—ইন্দ্রবারুণি; শশা; শশাগাছ।
**ইন্দসাল**—ইন্দ্রশাল; *Vetaria acuminata* গাছ।
**ইন্দীবর**—নীলপদ্ম; নীল জলপথ।
**ইন্দ্রিয়**—ইন্দ্রিয়; নিয়ন্ত্রণ-প্রধান; কর্মশক্তি; কর্মক্ষমতা; জ্ঞানেন্দ্রিয়; চেতনা বা বোধ। **ইন্দ্রিয়গুত্তি**—ইন্দ্রিয়; চেতনার ওপর নজর রাখা। **ইন্দ্রিয়ধম্ম**—ইন্দ্রিয় ধর্ম। **ইন্দ্রিয়সংবর**—চেতনবোধকে আয়ত্তে আনয়ন বা শাসনাধিকারে আনয়ন।
**ইন্ধন**—জ্বল্যানিকাষ্ঠ; জ্বালানি।
**ইভ**—হস্তী। **ইভ পিপ্‌ফলী**—একটি বড় জাতের লম্বা পিপুল বা গোলমরিচ।
**ইরিন**—অরণ্য; মহাবন; মরুভূমি; ঊষর মৃত্তিকা; অনুর্বর মাটি।
**ইরিযতি**—(ইরিয্+অ) চালানো বা চলা; নড়ানো বা নড়া; আচরণ করা।
**ইরিযা, ইরিযনা**—দেহের চলন; দেহের গতি; অঙ্গবিন্যাস; দেহভঙ্গি; হালচাল। **ইরিযাপথ**—আচরণ; চার অঙ্গবিন্যাস, যথা: পদচারণা, দণ্ডায়মান, উপবেশন ও শয়ন।
**ইল্লী**—খর্বাকৃতি তরোয়াল; ছোট তরবারি।
**ইব**—যেন; যত তত; যে সে; যেমন তেমন; যেহেতু; কারণ।
**ইসি**—ঋষি; মুনি; দর্শী। **ইসিপব্বজ্জা**—ঋষিপ্রব্রজ্যা; সন্ন্যাসী বা বৈরাগী হবার জন্য গৃহত্যাগ। **ইসিপতন**—একটি স্থানের নাম, বেনারসের নিকটে বর্তমান সারনাথ।
**ইস্স**—ঋক্ষ; ভল্লুক।
**ইস্সতি**—(ইস্স্+অ) ঈর্ষা করা; (কাকেও কিছু) পেতে দিতে নারাজ হওয়া।
**ইস্সত্থ**—ধনুর্বিদ্যা; তীরন্দাজের দল; তীরন্দাজ; ধানুকী; ধনুর্ধর।
**ইস্সর**—১ ঈশ্বর। ২ প্রভু; পরমেশ্বর; ভগবান। ৩ সৃষ্টিকর্তা। **ইস্সজন**—ঐশ্বর্যবান; ধনবান; প্রভাবশালী ব্যক্তি; ক্ষমতাবান লোক। **ইস্সর নিম্মাণ**--সৃজন। **ইস্সর নিম্মাণবাদী**--যে সৃষ্টিকর্তায় বিশ্বাসী।
**ইস্সরিয**—ঐশ্বর্য; মহত্ত্ব; কর্তৃত্ব; সমৃদ্ধি; ধনদৌলত; সম্পত্তি। **ইস্সরিমদ**—সম্পদ অথবা প্রভুত্ব জন্য অহঙ্কার।
**ইস্সরিযতা**—কর্তৃত্ব।
**ইস্সা**—ঈর্ষা; সহ্য না করার স্বভাব; পরশ্রীকাতরতা।
**ইস্সাস**—ধনুক; ধানুকী; তীরন্দাজ।
**ইস্সুকী**—ঈর্ষান্বিত; পরশ্রীকাতর; ঈর্ষী; ঈর্ষাপরায়ণ।
**ইহ**—এখানে; এ স্থানে। **ইহলোক**—এ জগৎ; বর্তমান অস্তিত্ব।

# ঈ

**ঈখ**—নিদারুণ বেদনা বা যন্ত্রণা; চরম দুর্দশা; বিপদ; ঝুঁকি।
**ঈতি**—চরম দুর্দশা বা দুঃখ।
**ঈদিস**—ঈদৃশ; এরূপ; এতাদৃশ।
**ঈরতি**—(ঈর্+অ) চালানো বা চলা; নড়ানো বা নড়া। *aor* **ঈরি**। *pp* **ঈরিত**।
**ঈরেতি**—(ঈর+) উচ্চারণ করা; ধ্বনিত করা; কথা বলা। *aor* **ঈরেসি**। *pp* **ঈরিত**।
**ঈস**—ঈশ; ঈশ্বর; শাসক; কর্তা। **ঈসাধর**—একটি পর্বতের নাম।
**ঈসক**--ঈষৎ; অল্প; কিছু। **ঈসকং**--অল্প কয়েকটি; অল্প কিছু একটু; কিঞ্চিৎ; সামান্য মাত্রায়।
**ঈসা**—ঈষ; একজোড়া গরু বা ঘোড়াকে জুতবার উপযোগী দণ্ড। **ঈসাদন্ত**—ঈষের সমান দীর্ঘ দন্তধারী অর্থাৎ হাতি।
**ঈহতি**—(ঈহ্+অ) পেতে চেষ্টা করা; আয়ত্ত করতে চেষ্টা করা; সংগ্রাম করা; কঠোরভাবে বা সাগ্রহে চেষ্টা করা।
**ঈহা, ঈহন**—প্রচেষ্টা; প্রয়াস।

# উ

**উক্কংস**--পরম কৃতিত্ব; পরমোৎকর্ষ; মহত্ত্ব; মহামহিম। **উক্কংসক**—প্রশংসনীয়; মহিমান্বিত।
**উক্কংসনা**—উচ্চপ্রশংসনীয়; প্রশংসনীয়।
**উক্কংসেতি**—(উ+কস্+এ) উচ্চে স্থাপন করা; উন্নত বা উন্নীত করা; প্রশংসা করা; মহৎ বা মহিমান্বিত করা। *aor* **উক্কংসেসি**।
**উক্কট্‌ঠ**—১ উন্নত; বিশিষ্ট; উৎকৃষ্ট। ২ পরমোৎকৃষ্ট। ৩ বিশেষজ্ঞ। **উক্কট্‌ঠতা**—উপকারিতা; উচ্চাসন।
**উক্কট্‌ঠিতা**—উর্থলিত; উচ্ছলিত; উদ্বেলিত; উচ্ছ্বসিত; পরিপ্লাবিত।

**উক্কণ্ঠতি**—(উ+কঠ্‌+ং-অ) উৎকণ্ঠ হওয়া; উদ্‌গ্রীব হওয়া; উদ্বিগ্ন হওয়া। *aor* **উক্কণ্ঠি**।

**উক্কণ্ঠনা**—উৎকণ্ঠা; উদ্বেগ; ব্যাকুলতা; অসন্তোষ; অতৃপ্তি; বিক্ষোভ; উত্তেজনা।

**উক্কণ্ঠিত**—(উক্কণ্ঠতি'র *pp*) উৎকণ্ঠিত; উদ্বিগ্ন; উন্মনা; উৎসুক; অসন্তুষ্ট; অতৃপ্ত; বিক্ষুব্ধ।

**উক্কণ্ণ**—কান-খাড়া; শ্রবণোৎসুক; উৎকর্ণ; উন্নসিত কর্ণ যার।

**উক্কন্ততি**—(উ+কত্‌+ং-অ) কর্তন করা; বিচ্ছিন্ন করা; ছিন্ন করা; ছিঁড়ে বা ফেঁড়ে ফেলা; বিদীর্ণ করা। *aor* **উক্কন্তি**। *pp* **উক্কন্তিত**।

**উক্কা**—১ মশাল। ২ উল্কা। ৩ কামারের হাপর।

**উক্কার**—গোবর; পশুবিষ্ঠা। **উক্কারভূমি**—গোবর-গাদা; অপরিষ্কার জায়গা।

**উক্কাসতি**—(উ+কস্‌+অ) কাশা; কারও গলা বা কণ্ঠ পরিষ্কার করা। *aor* **উক্কাসি**।

**উক্কাসিত**—('উক্কাসতি'র *pp*) কাশিত; কাশির শব্দ; কারও গলা বা কণ্ঠ পরিষ্কার করণ।

**উক্কুজ্জ**—বিন্যাস; বুনন; উপরদিকে উল্টানো।

**উক্কুজ্জেতি**—(উ+কুজ্জ্‌+এ) আবির্ভূত হওয়া বা উপস্থিত হওয়া; প্রবণ হওয়া; অভিমুখ হওয়া। *aor* **উক্কুজ্জি**। *pp* **উক্কুজ্জিত**।

**উক্কুজ্জন**—আবির্ভূত হওন; উপস্থিত হওন।

**উক্কুটিক**—উৎকুটিক, আসন-পিঁড়ি; উবু। **উক্কুটিকং**—আসন-পিঁড়ি; উবু হয়ে।

**উক্কুট্‌ঠি**—উচ্চ প্রশংসাধ্বনি; জয়ধ্বনি; সংবর্ধনা।

**উক্কুস**—সামুদ্র ঈগল; বকপাখি।

**উক্কুল**—দুরারোহ; দুরারোহভাবে ঢালু বা খাড়া।

**উক্কোটন**—উৎকোচ প্রভৃতি গ্রহণ করে ন্যায়ের পথ হতে ভ্রষ্ট করণ; উৎকোচন।

**উক্কোটেতি**—(উ+কুট্‌+এ) যা সাব্যস্ত করা হয়েছে ঐরূপ বৈধ প্রশ্ন সম্পূর্ণরূপে পুনঃপ্রকাশিত করা। *aor* **উক্কোটেসি**। *pp* **উক্কুটিত**।

**উক্‌খলি**—উখলি; উখল; মুষল দ্বারা ধান প্রভৃতি কুটিবার কাঠের তৈরি পাত্র। **উক্‌খলিকা**—ছোট পাত্র।

**উক্‌খিত্ত**—('উক্‌খিপতি'র *pp*) ১ উৎক্ষিপ্ত; ঊর্ধ্বে ক্ষিপ্ত; উৎপাটিত। ২ সাময়িকভাবে স্থগিত বা মুলতুবি রক্ষিত। **উক্‌খিত্তক**—সাময়িকভাবে বরখাস্ত।

**উক্‌খিপতি**—(উ+খিপ্‌+অ) ১ ঊর্ধ্বে ক্ষেপণ করা; উৎক্ষেপণ; উত্তোলন করা; ঊর্ধ্বে ওঠানো অথবা তোলা। ২ স্থগিত বা মুলতবি রাখা।

**উক্‌খিপন, উক্‌খেপন, উক্‌খেপ**—১ উৎক্ষেপ; উৎক্ষেপণ; ঊর্ধ্বে ক্ষেপণ; উত্তোলন। ২ নিলম্বন।

**উক্‌খেপক**—উৎক্ষেপক; ঊর্ধ্বে ক্ষেপণ করে বা নিলম্ব করে এমন।

**উক্লাপ**—নোংরা পদার্থ; আবর্জনা; মলিন; অশ্লীল; জঘন্য; হীন; অপরিষ্কার।

**উগ্‌গ**—১ উগ্র; কোপন। ২ প্রচণ্ড। ৩ প্রবল ক্ষমতাবান বা শক্তিমান। ৪ প্রখর।

**উগ্‌গচ্ছতি**—(উ+গম+অ) উদ্গাম; উত্থান; উদ্গমন। *aor* **উগ্‌গচ্ছি**।

**উগ্‌গজ্জতি**—(উ+গজ্জ্‌+অ) গর্জন করা; উচ্চ গম্ভীর আওয়াজ করা। *aor* **উগ্‌গজ্জি**।

**উগ্‌গণ্‌হন**—শিক্ষা; অধ্যয়ন।

**উগ্‌গণ্‌হাতি**—(উ+গহ্‌+ণ্‌হা) শিক্ষা করা; গ্রহণ করা। *aor* **উগ্‌গণ্‌হি**। *pp* **উগ্‌গহিত**।

**উগ্‌গণ্‌হাপেতি**—('উগ্‌গণ্‌হাতি'র *caus*) শিক্ষাদান করা; শিখানো; গ্রহণ করানো। *aor* **উগ্‌গণ্‌হাপেসি**।

**উগ্‌গণ্‌হিম, উগ্‌গণ্‌হিত্বা**—জ্ঞাত হয়ে; গৃহীত হয়ে।

**উগ্‌গত**—('উগ্‌গচ্ছতি'র *pp*) উদ্গত; উচ্চ; উচ্চে অবস্থিত।

**উগ্‌গম, উগ্‌গমন**—১ উদ্গাম; উদ্গমন; উদয়; উত্থান। ২ বৃদ্ধি।

**উগ্‌গয্‌হ**—শিক্ষালাভ করে; গ্রহণ করে।

**উগ্‌গহ, উগ্‌গহণ**—১ শিক্ষাগ্রহণ; অধ্যয়ন। ২ গ্রহণ।

**উগ্‌গহিত**—('উগ্‌গণ্‌হাতি'র *pp*) ১ শিক্ষাগত। ২ উত্থাপিত। ৩ উদ্গৃহীত বা অন্যায়ভাবে গৃহীত।

**উগ্‌গহেতু**—যে শিক্ষা করে অথবা গ্রহণ করে।

**উগ্‌গহেত্বা**—শিক্ষা করে অথবা গ্রহণ করে।

**উগ্‌গার**—উদ্গার; ঢেঁকুর; পাকস্থলী থেকে বায়ু নির্গমন; উচ্চারণ; বমন; নিঃসারণ।

**উগ্‌গাহক**—যে শিক্ষাগ্রহণ করছে।

**উগ্‌গিরতি**—(উ+গির+অ) ১ ঊর্ধ্বে নিক্ষেপ করা। ২ ভাঁজা বা ঘোরানো। ৩ উচ্চারণ করা। ৪ ঢেঁকুর তোলা। *aor* **উগ্‌গিরি**।

**উগ্‌গিরণ**—১ উচ্চারণ বা কথন ২ (অস্ত্রাদির) ভাঁজা বা ঘোরানো।

**উগ্‌গিলতি**—(উ+গিল্‌+অ) উদ্‌গিরণ করা; বমন করা। *aor* **উগ্‌গিলি**।

**উগ্‌ঘংসেতি**—(উ+ঘংস্‌+এ) ঘষা। *aor* **উগ্‌ঘংসেসি**।

**উগ্‌ঘটিত**—উদ্ঘাটিত; ব্যগ্র; সাগ্রহ; কঠোরভাবে সচেষ্ট।

**উগ্‌ঘরতি**—(উ+ঘর্‌+অ) ধীরে প্রবাহিত হওয়া; ধীরে ধীরে বা ফোঁটায় ফোঁটায় ঝরা। *aor* **উগ্‌ঘরি**।

**উগ্‌ঘাটন**—১ উদ্ঘাটন; উন্মোচন; বন্ধন মোচন। ২ যা অপসারিত করা যায় এমন। ৩ জল উত্তোলনের যন্ত্র।
**উগ্‌ঘাটিত**—উদ্ঘাটিত ('উগ্‌ঘাটেতি'র *pp*)।
**উগ্‌ঘাটেতি**—(উ+ঘাত্‌+এ) খোলা; উন্মোচন করা; অপসারিত করা; লোপ করা। *aor* **উগ্‌ঘাটেসি**।
**উগ্‌ঘাত**—হেঁচকা; আকস্মিক ঝাঁকি বা ঝিঁকা; প্রতিঘাত; ঠোক্কর।
**উগ্‌ঘাতিত**—('উগ্‌ঘাতেতি'র *pp*)।
**উগ্‌ঘাতেতি**—(উ+ঘাত্‌+এ) আকস্মিক ঝাঁকি বা ঝিঁকা দেওয়া। *aor* **উগ্‌ঘাতেসি**।
**উগ্‌ঘোস, উগ্‌ঘোসন**—উদ্ঘোষ; উচ্চশব্দ; উদ্‌ঘোষণা।
**উগ্‌ঘোসিত**—('উগ্‌ঘোসেতি'র *pp*)।
**উগ্‌ঘোসেতি**—(উ+ঘুস্‌+এ) উচ্চশব্দ করা; উদ্‌ঘোষণা করা। *aor* **উগ্‌ঘোসেসি**। *pp* **উগ্‌ঘোসিত**।
**উচ্চ**—১ উচু; উন্নত। ২ মহৎ।
**উচ্চয**—পুঞ্জীভবন; পুঞ্জিত রাশি।
**উচ্চাকুলিন**—উচ্চবংশ জাতের; অভিজাত বংশের।
**উচ্চার**—গোবর; পশুবিষ্ঠা; মল; বিষ্ঠা; গাদ; শিটা বা শিঠা।
**উচ্চারণ, উচ্চারণা**—১ উত্তোলন। ২ কথন; বাক্য দ্বারা ব্যক্ত করণ; উদ্‌ঘোষণ।
**উচ্চারিত**—('উচ্চারেতি'র *pp*)।
**উচ্চারেতি**—(উ+চর্‌+এ) ১ উচ্চারণ করা; মুখ দ্বারা শব্দ নির্গত করা; উদ্‌ঘোষণা করা। ২ উত্তোলন করা। *aor* **উচ্চারেসি**।
**উচ্চালিঙ্গ**—গর্তপোকা; শুঁয়াপোকা; উচ্চিংড়া; উচ্চিংড়ে; পতঙ্গ।
**উচ্চারচ**—উচ্চ-নীচ; বিভিন্ন; প্রধান ও অপ্রধান।
**উচ্চাসদ্দ**—উচ্চশব্দ; চিৎকারধ্বনি; উচ্চরোল।
**উচ্চাসযন**—উচ্চ শয্যা।
**উচ্চিনাতি**—(উ+চি+না) বেছে নেওয়া; পছন্দ করা; মনোনীত করা। *aor* **উচ্চিনি**। *abs* **উচ্চিনিত্বা**।
**উচ্ছঙ্গ**—উৎসঙ্গ; কোল; ক্রোড়; নিতম্ব; পাছা।
**উচ্ছাদন**—উৎসাদন; উন্মূলন; শরীর মাজন।
**উচ্ছাদেতি**—(উ+ছদ্‌+এ) (স্নানে অথবা সুগন্ধি মালিশে) গা মাজা। *aor* **উচ্ছাদেসি**।
**উচ্ছিট্‌ঠ**—উচ্ছিষ্ট; পরিত্যক্ত খাদ্য বা পানীয়; অপবিত্র; এঁটো।
**উচ্ছিজ্জতি**—(উ+ছিদ্‌+য 'উচ্ছিন্দতি'র *pass*) নিবৃত্ত-হওয়া; ক্ষান্ত হওয়া; বিলুপ্ত হওয়া। *aor* **উচ্ছিজ্জি**।
**উচ্ছিন্দতি**—(উ+ছিদ্‌+ং-অ) উচ্ছেদ করা; বিচ্ছিন্ন করা; বিদীর্ণ করা; বিনাশ করা। *aor* **উচ্ছিন্দি**।
**উচ্ছিন্ন**—('উচ্ছিন্দতি'র *pp*)।
**উচ্ছু**—ইক্ষু; আখ। **উচ্ছুযন্ত**—ইক্ষুযন্ত্র; আখের কল।
**উচ্ছুরস**—গুড়; আখের রস।
**উচ্ছেদ**—উৎপাটন; উঠিয়ে দেওয়া; বিনাশ; বিচ্ছিন্ন করণ; বিলয়; পূর্ণধ্বংস। **উচ্ছেদদিট্‌ঠি**—উচ্ছেদ দৃষ্টি; আত্মার পূর্ণধ্বংস-বিশ্বাস। **উচ্ছেদবাদী**—আত্মার পূর্ণধ্বংস-বাদী।
**উজু, উজুক**—ঋজু; সোজা; সিধা। **উজুগত, উজুভূত**—সরল; অকপট; সৎ, জীবন। **উজুতা**—সততা; ন্যায়পরায়ণতা; সরলতা।
**উজুং**—সৎভাবে; সরলভাবে। সোজাভাবে।
**উজ্জগ্‌ঘতি**—(উ+জগ্‌ঘ+অ) উচ্চহাস্য করা। *aor* **উজ্জগ্‌ঘি**।
**উজ্জগ্‌ঘিকা**—উচ্চহাস্যকারী।
**উজ্জঙ্গল**—অনুর্বর; উষর; বালিপূর্ণ।
**উজ্জল**—উজ্জ্বল; দীপ্তিমান; আলোকময়।
**উজ্জলতি**—(উ+জল্‌+অ) আলো বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া; শিখা বিস্তার করে জ্বলে ওঠা। *aor* **উজ্জলি**। *pp* **উজ্জলিত**।
**উজ্জবতি**—(উ+জু+অ) স্রোতের প্রতিকূলে যাওয়া; উজানে যাওয়া। *aor* **উজ্জবি**।
**উজ্জবনিকা**—স্রোতের প্রতিকূলে গমনশীল পাত্র।
**উজ্জহতি**—(উ+হা+অ) পরিত্যাগ করা। *aor* **উজ্জহি**।
**উজ্জোত**—আলোক; দীপ্তি; দ্যুতি।
**উজ্জোতিত**—('উজ্জোতেতি'র *pp*)।
**উজ্জোতেতি**—(উ+জুত্‌+এ) আলোকিত করা। *aor* **উজ্জোতেসি**।
**উজ্‌ঝতি**—(উজ্‌ঝ+অ) পরিত্যাগ করা; ফেলে যাওয়া; বিরত হওয়া। *aor* **উজ্‌ঝি**। *abs* **উজ্‌ঝিয, উজ্‌ঝিত্বা**।
**উজ্‌ঝান**—অপরাধ নিয়ে; অভিযোগ করে।
**উজ্‌ঝানসঞ্ঞী**—দোষ দিতে ইচ্ছুক।
**উজ্‌ঝাপন**—জ্বালাতনকর।
**উজ্‌ঝাপেতি**—(উ+ঝে+আপে) উত্তেজিত করা; অভিযোগ করানো। *aor* **এসি**।
**উজ্‌ঝাযতি**—(উ+ঝে+অ) অসন্তোষ ভরে বিড় বিড় করা। *aor* **উজ্‌ঝাযি**।
**উজ্‌ঝিত**—('উজ্‌ঝতি'র *pp*) পরিত্যক্ত, বর্জিত; বহিষ্কৃত।
**উঞ্ছতি**—(উচ্‌+ং-অ) ভিক্ষা চাওয়া; অপরে যা উপেক্ষাভরে ফেলে গিয়েছে তা একটু একটু করে কুড়ানো। *aor* **উঞ্ছি**। *pp* **উঞ্ছিত**।
**উঞ্ছা**—খাদ্যের উদ্দেশ্যে কিছু জমানো। **উঞ্ছাচরিযা**—

অতিকষ্টে জীবিকানির্বাহ।

**উঞ্ঞাতবব**—ঘৃণ্য; অবজ্ঞেয়; জঘন্য।

**উট্‌ঠহতি, উট্‌ঠাতি**—(উ+ঠা+অ) উঠে দাঁড়ানো; ওঠা; সক্রিয় হওয়া। *aor* **উট্‌ঠাসি, উট্‌ঠহি**। *pp* **উট্‌ঠিত**।

**উট্‌ঠহিত্বা, উট্‌ঠায**—('উট্‌ঠহতি'র বা 'উট্‌ঠতি'র *abs*) জাগ্রত হয়ে' অথবা উঠে'।

**উট্‌ঠাতু**—নিজেকে উঠায় বা জাগায় বা সক্রিয় করায় এমন।

**উট্‌ঠান**—উত্থান; উত্থিতি; উন্নতি; উৎপত্তি; কর্মশক্তি; শ্রমশীলতা; অধ্যবসায়; ফলাফল। **উট্‌ঠানক**—উন্নতিকারক; উৎপাদন কারক। **উট্‌ঠানরত্ত**—উৎসাহী।

**উট্‌ঠাপেতি**—('উট্‌ঠাতি'র *caus*) উন্নতি করানো; উত্থিত হওয়া; বিতাড়িত করা। *aor* **উট্‌ঠাপেসি**।

**উট্‌ঠাযক, উট্‌ঠাযিকা**—কর্মঠ; অধ্যবসায়ী; পরিশ্রমী।

**উট্‌ঠিত**—('উট্‌ঠতি'র *pp*) উত্থিত; উত্থাপিত; উৎপাদিত।

**উড্‌ডয্হতি**—('উড্ডহতি'র *pass*)।

**উড্‌ডহতি**—(উ+দহ্+অ) পোড়ায়ে ছাই করা; পোড়ায়ে ধ্বংস করা। *aor* **উড্‌ডহি**।

**উড্‌ডিত**—('উড্‌ডেতি'র *pp*)।

**উড্‌ডেতি**—(উ+ডী+এ) ওড়া; ঝোলানো; পড়তে না দেওয়া; ওড়ানো। *aor* **উড্‌ডেসি**।

**উণ্ণ, উণ্ণা**—পশম; মানুষের মাথার পশমবৎ কুঞ্চিত ও কর্কশ চুল; (তথাগত বুদ্ধকে উল্লেখ করে') ভ্রূ-মধ্যস্থ একটি কেশ। **উণ্ণনাভি**—মাকড়সা।

**উণ্হ**—উষ্ণ; গরম; উষ্ণতা।

**উন্হীস**—উষ্ণীষ; পাগড়ি।

**উতু**—ঋতু; আবহাওয়া; স্ত্রীলোকের মাসিক শোণিত স্রাব। **উতুকাল**—যে কয়দিন স্ত্রীলোকের রজঃপ্রবাহ থাকে সেই সময়। **উতুপরিস্সয**—ঋতুর সম্ভাব্য বিপদ বা ঝুঁকি। **উতু সপ্পায**—ঋতু-সৎপ্রায়, মনোরম বা উপযোগী ঋতু বা জলবায়ু।

**উতুনী**—ঋতুমতী; যে স্ত্রীর ঋতু হয়েছে এরূপ; রজস্বলা।

**উত্ত**—(বুত্ত), 'বদতি'র *pp* উক্ত; কথিত; উচ্চারিত; উক্তি।

**উত্তণ্ডুল**—ত্রুটিপূর্ণভাবে রান্না ভাত যার কিছু অপক্ব দানা।

**উত্তম**—সর্বোচ্চ; সর্বোৎকৃষ্ট; মহান চরিত্র; পরমোৎকৃষ্ট।

**উত্তমঙ্গ**—সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ অংশ অর্থাৎ মস্তক। **উত্তমঙ্গরুহ**—চুল। **উত্তমত্থ**—সর্বোৎকৃষ্ট লাভ। **উত্তমপোরিস**—মহত্তম ব্যক্তি।

**উত্তর**—উচ্চতর; আরও উত্তর দিক; উপরে; উর্ধ্বে; শ্রেষ্ঠ; জবাব; প্রত্যুত্তর। **উত্তরত্থরণ**—বহিরাবরণ। **উত্তরচ্ছদ**—চাঁদোয়া; শামিয়ানা; চন্দ্রাতপা। **উত্তরসবে**—আগামীকালের পরদিন; আগামী পরশু বা পরশ্ব।

**উত্তরণ**—পার হওয়া; অতিক্রমণ; মুক্তি; উদ্ধার; প্রসব; (পরীক্ষা) উত্তীর্ণ হওয়া।

**উত্তরতি**—(উ+তর্+অ) জলের ভিতর হতে আসা; জলের বাইরে আসা; পরীক্ষা করা; পরিদর্শন করা; জয় করা; অতিক্রম করা। *aor* **উত্তরি**।

**উত্তরা**—উত্তর দিকে। **উত্তরাসঙ্গ**—উপরের গায়ের কাপড় অথবা বহির্বাস।

**উত্তরি, উত্তরিং**—উপরে; উর্ধ্বে; বহু দূরে; অতিক্রম করে; ছাড়িয়ে; আরও; অধিকন্তু; অতিরিক্ত। **উত্তরিকরণীয**—অতিরিক্ত কর্তব্য। **উত্তরিভঙ্গ**—অতিরিক্ত গ্রাস; কিছুটা; সুস্বাদু গ্রাস। **উত্তরি-মনুস্সধম্ম**—অস্বাভাবিক বা বিস্ময়কর অবস্থা; অলৌকিক আদর্শ; অতিপ্রাকৃত আদর্শ। **উত্তরি-সাটক**—উপরের জামা।

**উত্তরিতর**—অধিকতর উর্ধ্বতন বা শ্রদ্ধাভাজন ব্যক্তি।

**উত্তরীয**—উত্তরীয়; উত্তরাসঙ্গ; (উপরের) আবরণ।

**উত্তসতি**—(উ+তস্+অ) ভীত বা শঙ্কিত হওয়া; আতঙ্কিত হওয়া; ত্রস্ত হওয়া। *aor* **উত্তসি**।

**উত্তসন**—ত্রাস; ভয়; শঙ্কা; আতঙ্ক।

**উত্তসত, উত্রস্ত**—('উত্তসতি'র *pp*) ত্রস্ত; ভীত; শঙ্কিত; আতঙ্কিত।

**উত্তান, উত্তানক**—আরাম করে হেলান দিয়ে এমন; চিত হয়ে শয়ান; অলস; কুঁড়ে; স্পষ্টত প্রতীয়মান; স্পষ্ট; অগভীর; চেটালো। **উত্তান সেয্যক**—শিশু। **উত্তানীকম্ম, উত্তানীকরণ**—অর্থ প্রকাশ; প্রকাশ প্রদর্শন।

**উত্তানীকরোতি**—(উত্তান+ই+কর্+র) স্বচ্ছ করা; স্পষ্ট করা। *aor* **উত্তানীকরি**।

**উত্তাপেতি**—(উ+তপ্+এ) তাপ দেওয়া; পীড়ন করা; নিদারুণ যন্ত্রণা দেওয়া। *aor* **উত্তাপেসি**।

**উত্তারিত**—('উত্তারেতি'র *pp*)।

**উত্তারেতি**—(উ+তর্+এ) পার হতে দেওয়া; উত্তরণ করা; রক্ষা করা বা উদ্ধার করা; সহযোগিতা করা। *aor* **উত্তারেসি**।

**উত্তাস**—ত্রাস; ভয়; শঙ্কা; আতঙ্ক।

**উত্তাসন**—ত্রাসন; অবরোধ।
**উত্তাসিত**—('উত্তাসেতি'র *pp*) ত্রাসিত।
**উত্তাসেতি**—(উ+তস্+এ) অবরুদ্ধ করা ('উত্তসতি'র *caus*); আতঙ্কিত করা; হঠাৎ ভয় পাওয়ান। *aor* **উত্তাসেসি**।
**উত্তিট্ঠতি**—(উ+ঠা+অ) ওঠা; উঠে দাঁড়ানো; সংগ্রাম করা।
**উত্তিণ**—তৃণশূন্য।
**উত্তিণ্ণ**—('উত্তরতি'র *pp*) উত্তীর্ণ; পার হয়েছে এমন; অতিক্রান্ত; বহির্গত; পরিত্রাণপ্রাপ্ত; সফল; কৃতকার্য।
**উত্রাস**—ত্রাস; সন্ত্রাস; আতঙ্ক। **উত্রাসী**—ভীরু; ভয়ঙ্কর।
**উদ**—বা; অথবা; কিংবা।
**উদক**—জল। **উদককাক**—ছোট জাতের লিপ্তপাদ সামুদ্রিক পক্ষিবিশেষ। **উদকধারা**—তীব্রস্রোত; খরস্রোত; প্রবল বৃষ্টিপাত। **উদকফুসিত, উদক বিন্দু**—এক ফোটা জল। **উদক মণিক**—জল রাখবার বড় মটকা বা জালা। **উদক সাটিকা**—স্নানের আবরণ।
**উদকাযতিকা**—জলের নল।
**উদককুম্ভ**—জলের পাত্র।
**উদক ডুণ্ডুভ**—ঢোঁড়া সাপ।
**উদকোঘ**—জলের বন্যা।
**উদগ্গ**—উদগ্র; পরমোল্লসিত বা গর্বিত; মহা উল্লসিত; বিজয়ী; আনন্দপূর্ণ।
**উদঙ্কন**—মটকা হতে জল তুলে নেবার জন্য ব্যবহৃত হাতলওয়ালা ছোট পাত্র; বালতি। **উদঙ্কনি**—ছোট বালতি।
**উদধি**—জলধি; মহাসমুদ্র।
**উদপাদি**—('উদপজ্জতি'র *aor*) উদিত হলো; উৎপন্ন হলো।
**উদপান**—কূপ; কূয়া।
**উদয**—উদয়; উত্থান; উৎপত্তি; বৃদ্ধি; ক্রমবৃদ্ধি; উন্নতি; আয়; (অর্থের) সুদ। **উদযত্থগম**—উদয়াস্ত; উত্থান-পতন। **উদযব্বয**—উদয়-ব্যয়; ওঠা-নামা; বৃদ্ধি-ক্ষয়; জন্ম-মৃত্যু।
**উদযন্ত**—('উদযতি'র *prp*) উদয়ন্ত; উদিত হচ্ছে এমন; বাড়ন্ত; ক্রমে বৃদ্ধি পাচ্ছে এমন।
**উদযতি**—'উদেতি' দেখুন।
**উদযন**—উদয়ন; উত্থান; উদয়।
**উদর**—পেট; পাকস্থলী; ভিতরের অংশ। **উদর অগ্গি**—উদরাগ্নি; পরিপাকশক্তি। **উদর পটল**—পাকস্থলীর শ্লৈষ্মিক ঝিল্লি। **উদর দেহকং**—যথাশক্তি পাকস্থলী পূরণ।
**উদরিয**—পাকস্থলীতে অপরিপক্ব খাদ্য।
**উদহারক**—জল বাহক। (স্ত্রী **উদাহারিকা**)।
**উদহারিয**—জলবহনের কাজ।
**উদান**—আবেগোক্তি; অনুভূতি-উচ্চারণ।
**উদানেতি**—(উ+আ+নী+এ) তীব্র আবেগ ভরে কিছু উচ্চারণ করা।
**উদার**—মহৎ চরিত্র; সদাশয়; পরমোৎকৃষ্ট; মহৎ; মহিমান্বিত।
**উদাসীন**—নিরপেক্ষ; অনাসক্ত।
**উদাহট**—('উদাহরতি'র *pp*)।
**উদাহরণ**—দৃষ্টান্ত; নজির।
**উদাহরতি**—(উ+আ+হর্+অ) বলা; উচ্চারণ করা; ধ্বনিত করা; আবৃত্তি করা। *aor* **উদাহরি**।
**উদাহার**—কথন; উচ্চারণ; ধ্বনিতকরণ; উক্তি; বক্তৃতা।
**উদাহু**—বা; অথবা; কিংবা।
**উদিক্খতি**—(উ+ইক্খ্+অ) তাকানো; সাধারণভাবে দেখা; ব্যাপকভাবে নিরীক্ষণ করা; পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা। *aor* **উদিক্খি**। *pp* **উদিক্খিত**।
**উদিক্খিতু**—তাকায় এমন।
**উদিক্খিয**—('উদিক্খতি'র *abs*) দেখে' অথবা তাকিয়ে।
**উদিচ্চ**—উদীচ্য; মহৎ; উত্তরদেশীয়।
**উদিত**—('উদেতি'র *pp*) উত্থিত; উন্নত; উন্নীত।
**উদীরণ**—কথন; উচ্চারণ; উল্লেখ।
**উদীরিত**—('উদীরেতি'র *pp*)।
**উদীরেতি**—(উ+ঈর্+এ) বলা; উচ্চারণ করা; কথা বলা। *aor* **উদীরেসি**।
**উদুক্খল**—খল; উখলি।
**উদুম্বর**—উডুম্বর; ডুমুর।
**উদেতি**—(উ+ই+অ) ওঠা; প্রকাশিত হওয়া; বৃদ্ধি পাওয়া। *aor* **উদেসি**।
**উদ্দ**—অপরজন; অপরটি।
**উদ্দস্সেতি**—(উ+দিস্+এ) প্রদর্শন করানো; প্রকাশ করা। *aor* **উদ্দস্সেসি**।
**উদ্দান**—১ তালিকা; ফর্দ; আধেয় ফলক; পুস্তকাদির সূচিফলক। ২ ঝাড়; স্তবক; গুচ্ছ।
**উদ্দাপ**—বুরুজ; আত্মরক্ষার্থে নির্মিত প্রাচীরাদি; দুর্গপ্রাচীরের বহির্গত অংশ।
**উদ্দাম**—দুর্দমনীয়; উচ্ছৃঙ্খল; বন্ধনরহিত; স্বেচ্ছাচারী।
**উদ্দালক**—*Cassia fistula* গাছ (নিরেস ধরনের দারুচিনি)।
**উদ্দালন**—সতেজে চলন; বলপূর্বক সম্পাদন।

**উদ্দালেতি**—(উ+দাল্+এ) বিচ্ছিন্ন করা; বিদীর্ণ করা। **উদ্দালেসি**।

**উদ্দিট্ঠ**—('উদ্দিসতি'র *pp*)।

**উদ্দিসতি**—(উ+দিস্+অ) নির্দেশিত করা; ধার্য বা নির্দিষ্ট করা; ন্যস্ত করা; বর্ণনা করা। *aor* **উদ্দিসি**।

**উদ্দিসাপেতি**—('উদ্দিসতি'র *caus*) বর্ণনা করানো; ন্যস্ত করানো।

**উদ্দিস্স**—(উদ্দিসিয্য) 'উদ্দিসতি'র *abs*; প্রসঙ্গে; কারণে; দরুণ; জন্য। **উদ্দিস্সকত**—উদ্দেশ্যকৃত; ন্যস্ত; নির্দিষ্ট।

**উদ্দীপনা**—১ ব্যাখ্যা; কৈফিয়ত। ২ উচ্চধ্বনি; অনুপ্রেরণা; উত্তেজনা।

**উদ্দেক, উদ্রেক**—১ ঢেকুর; উদ্গার; উদ্গিরণ। ২ তীব্রবেগে নির্গমন; নলাকারে নির্গমন; নিঃসারণ।

**উদ্দেস, উদ্দেশ**—১ নির্দেশ; প্রদর্শন। ২ উপস্থাপন; উল্লেখ। ৩ আবৃত্তি। **উদ্দেসক**—উদ্দেশক; উদ্দেশ-কারী; প্রদর্শনকারী; আবৃত্তিকারী। **উদ্দেসিকা**—নির্দেশিকা; উল্লেখন; স্মারকলিপি; (বস্স' যোগে)-র বয়সের।

**উদ্দেহকং**—বুদ্বুদাকারে উত্থিত হয়ে; ফেনায়িত করছে বা হচ্ছে এমন।

**উদ্ধ**—উর্ধ্ব; উচ্চতর; উর্ধ্বতর; নিচু হতে উপরদিকে; উপরের অংশে। উর্ধ্বদেশ। **উদ্ধঅগ্গ**—প্রান্ত বা ডগা উপরদিকে ঘোরানো এমন; লক্ষণীয়; সুবিধাজনক; লাভপ্রদ। **উদ্ধঅগ্গিকা**—আধ্যাত্মিক কল্যাণোদ্যক্তক।

**উদ্ধচ্চ**—ঔদ্ধত্য; বিক্ষেপ; বিক্ষোভ; গর্ব; অহঙ্কার; অবিনয়; অশিষ্টতা।

**উদ্ধট**—('উদ্ধরতি'র *pp*) উদ্ধৃত।

**উদ্ধত**—বিক্ষুব্ধ; উত্তেজিত; গর্বিত; অবিনীত; দুর্দান্ত; গোঁয়ার।

**উদ্ধন**—উনান; চুল্লি; তন্দুর।

**উদ্ধপাদ**—উর্ধ্বপাদ; পা উপর দিকে রেখে।

**উদ্ধম্ম**—মিথ্যা মতবাদ।

**উদ্ধরণ**—উত্তোলন; উন্মূলন; উৎপাটন; পরিত্রাণ।

**উদ্ধরতি**—(উ+হর্+অ) উত্তোলন করা; উন্মূলন করা; উৎপাটন করা; অপসারণ করা; পরিত্রাণ করা। *aor* **উদ্ধরি**।

**উদ্ধং**—উচ্চ সামাজিক মর্যাদাসম্পন্ন; সম্ভ্রান্ত; উপরে; উর্ধ্বদিকে; এ স্থান হতে। **উদ্ধংভাগিয**—উর্ধ্বভাগে অবস্থিত। **উদ্ধংবিরেচন**—বমি; বমনোদ্রেককর ক্রিয়া। **উদ্ধংস্রোত**—জীবন স্রোতে উর্ধ্বে গমন।

**উদ্ধংসেতি**—(উ+ধংস্+এ) ধ্বংস করা; নাশ করা; সর্বনাশনে আনয়ন। *aor* **উদ্ধংসেসি**।

**উদ্ধার**—প্রত্যাহরণ; অপসারণ; বিপর্যয়ের হাত হতে রক্ষা করণ।

**উদ্ধুমাত, উদ্ধুমাতক**—স্ফীত; ফুলে বা ফেঁপে উঠেছে এমন।

**উদ্ধুমাযতি**—(উ+ধুম+য) স্ফীত হওয়া বা করা; ফুঁ দিয়ে মুখ হতে ধোঁয়া বা বাতাস ছাড়া। *aor* **উদ্ধুমাযি**। *pp* **উদ্ধুমাযিত**।

**উদ্রয, উদ্দয**—উৎপাদক; রোধক।

**উদ্রীযতি, উদ্দীযতি**—(উ+দর+ঈ+য) ভেঙে টুকরা টুকরা হওয়া; পড়ে খণ্ড খণ্ড হওয়া। *aor* **উদ্রীযি**।

**উদ্রীযন**—বিস্ফারণ; নিম্নে পতন।

**উন্দুর, উন্দূর**—ইঁদুর।

**উন্নত**—('উন্নমতি'র *pp*) উচ্চ; উত্তোলিত; অত্যুচ্চ; মহিমান্বিত।

**উন্নতি**—অভ্যুদয়; সমৃদ্ধি; শ্রীবৃদ্ধি; বৃদ্ধি; অগ্রগতি।

**উন্নদতি**—(উ+নদ্+অ) চিৎকার করা; চিৎকার করে বলা; গর্জন করা; প্রতিধ্বনিত করা বা হওয়া। *aor* **উন্নদি**। *pp* **উন্নদিত**।

**উন্নম**—উত্তোলন; উচ্চতা; উচ্চ স্থান; মর্যাদা।

**উন্নমতি**—(উ+নম+অ) উত্তোলন করা; উন্নতি করা; উচ্চে নত করা; সৌভাগ্যশালী বা সুখী করা; কৃতকার্য হওয়া। *aor* **উন্নমি**।

**উন্নল, উন্নল** *(বিণ)* উদ্ধত; রূঢ়; অপমানজনক।

**উন্নাদ** *(পুং)* উচ্চ চিৎকার; আনন্দসূচক উচ্চধ্বনি; ডাক। **উন্নাদী**—গোলমালপূর্ণ; প্রচণ্ড; কোলাহলময়; কোলাহলপূর্ণ। (স্ত্রী **উন্নাদিনী**)।

**উন্নাদেতি**—(উন্নাদতির নিজন্ত) প্রতিধ্বনি করানো; যশ বিস্তার করানো; গুণ কীর্তন করানো; প্রতিধ্বনি হওয়ানো; উচ্চধ্বনি হওয়ানো।

**উপক**—(উপগ) নিকটে আসছে এমন; তুল্য হচ্ছে এমন; নিকটে বলা হচ্ছে এমন; প্রায় সাক্ষাৎ করা হচ্ছে এমন।

**উপকচ্ছ, উপকচ্ছক** *(ক্লীব)* বগল।

**উপকট্ঠ** *(বিণ)* নিকটস্থ; নিকটে; অনতিদূরে; নিকটে আগমনরত।

**উপকড্ঢতি**—(উপ+কড্ঢ্+অ) জোর করে টানা; মাটির ওপর দিয়ে টানা বা আকৃষ্ট হওয়া; টেনে টেনে চলা; নিকটে আকর্ষণ করা; বলপূর্বক নিকটে টেনে আনা। *aor* **উপকড্ঢি**। *pp* **উপকড্ঢিত**।

**উপকণ্ণক** *(ক্লীব)* যেখানে কেউ অন্য লোকের ফিসফিস করে কথা বলা বা চুপি চুপি কথা বলা শুনতে সক্ষম হয় সেরূপ স্থান। **উপকণ্ণকে** *(বিণ)*—গোপনে; গোপনীয়ভাবে।

**উপকপ্পতি**—(উপ+কপ্‌প+অ) নিকটে আসা; হিতকর হওয়া; সুবিধাজনক হওয়া; লাভজনক হওয়া।

**উপকপ্পন** *(ক্লীব)*, **উপকপ্পনা** (স্ত্রী)—নিকটে আগমন; পথ; প্রবেশ পথ; উপকার; সুবিধা; লাভ।

**উপকরণ**—উপকরণ; যন্ত্র; অস্ত্র; উপায়; পাত্র; বাসন; আবশ্যক দ্রব্য; সাহায্য; বন্দোবস্ত; ব্যবস্থা।

**উপকরোতি**—(উপ+কর্‌+ও) সাহায্য করা; সমর্থন করা; উপকার করা; সেবা করা। *aor* **উপকরি**।

**উপকার** *(পুং)* সাহায্য; সমর্থন; অনুগ্রহ। **উপকারক** *(বিণ)* সাহায্যকারী; ক্ষমতাশালী; ফলোৎপাদক; যে ব্যক্তি সাহায্য করে।

**উপকারিকা** *(স্ত্রী)* ১ উপকারিণী; পৃষ্ঠপোষিকা। ২ অবলম্বন; দেয়ালের ঠেস; ঠেকনা।

**উপকারী**—উপকারী; সহায়; সাহায্যকারী ব্যক্তি।

**উপকূজতি**—(উপ+কূজ+অ) গাওয়া; গান গাওয়া; কিচকিচ শব্দ করা; কিচমিচ করে তাড়ানো। *aor* **উপকূজি**।

**উপকূজিত**—(উপকূজতি'র *pp*) পাখির গানের শব্দে প্রতিধ্বনি করে বা কিচমিচ করে।

**উপকূলিত**—(*pp*) কুঞ্চিত; কোঁচকানো; গাহিত (গীত); ঝলসানো।

**উপক্কম** *(পুং)* পথ; রাস্তা; উপায়; প্রণালি; সঙ্গতি; প্রবেশ পথ; আক্রমণ।

**উপক্কমতি**—(উপ+কম্‌+অ) কঠোর চেষ্টা করা; প্রতিযোগিতা করা; সম্পন্ন করার জন্য উপায় অবলম্বন করা; চেষ্টা করা; আরম্ভ করা; আক্রমণ করা। *aor* **উপক্কমি**।

**উপক্কমন**—আক্রমণ; নিকটে আগমন।

**উপক্কীতক** *(পুং)* ক্রীতদাস; কেনা গোলাম।

**উপক্কিলীট্‌ঠ** *(বিণ)* উপক্লিষ্ট; মলিন; কলঙ্কিত; রঞ্জিত; নিন্দিত।

**উপক্কিলেস** *(পুং)* উপক্লেশ; অপবিত্রতা; অবিশুদ্ধতা; মালিন্য; ভ্রষ্টতা; যে কোনো বস্তু যা নষ্ট করে বা বাধা দেয় এমন।

**উপক্কুট্‌ঠ**—('উপক্কোসতি'র *pp*)।

**উপক্কোস**—মানহানি; অখ্যাতি; কলঙ্ক; তীব্র নিন্দা, ভর্ৎসনা।

**উপক্কোসতি**—(উপ+কুস্‌+অ) মানহানি করা; অখ্যাতি করা; কলঙ্ক করা; নিন্দা বা দোষারোপ করা; উচ্চকণ্ঠে গাল পাড়া, তিরস্কার করা বা ভর্ৎসনা করা। *aor* **উপক্কোসি**।

**উপকখট**—প্রস্তুত; শাসিত; পরিচালিত; নিকটে আনীত।

**উপকখলন**—উপস্খলন; প্রতিবন্ধক; ক্ষুদ্র ও লঘু পদক্ষেপ; ছোট ছোট লাফ দিয়ে দ্রুত চলন; তিড়িং তিড়িং করে ছোটন।

**উপগ**—গমন করে; পৌঁছে; ভিতরে এসে; সম্মুখে এনে।

**উপগচ্ছতি**—(উপ+গম+অ) সমীপবর্তী হওয়া; অভিগমন করা; (কিছুর) অধীন হওয়া; ভোগ করা; সহ্য করা; দায়িত্বভার গ্রহণ করা; হাতে নেওয়া; নিরত হওয়া। *aor* **উপগচ্ছি**।

**উপগত**—('উপগচ্ছতি'র *pp*)।

**উপগমন**—সমীপবর্তী হওন; অভিগমন; দায়িত্বভার গ্রহণ।

**উপগম্ম**—('উপগচ্ছতি'র *abs*) সমীপবর্তী হয়ে।

**উপগূহতি**—(উপ+গূহ্‌+অ) আলিঙ্গন করা। *aor* **উপগূহি**। *pp* **উপগূহিত**।

**উপগূহন**—আলিঙ্গন।

**উপগ্‌ঘাত**—আকস্মিক ঝাঁকি বা ঝিঁকা; হেঁচকা।

**উপঘাত, উপঘাতন**—আকস্মিক আঘাত; ধাক্কা দিয়ে শব্দ; কড়া নেড়ে শব্দ; ক্ষত; ক্ষতি; বধ।

**উপঘাতক, উপঘাতী**—ক্ষতিসাধনকারী; (কথাদির মধ্যে) বাধা-দাতা; সংক্ষেপকারী; বিনাশক; যে আহত বা বিনাশ করে এমন।

**উপচয**—পুঞ্জীভবন; পুঞ্জিত রাশি।

**উপচরতি**—(উপ+চর্‌+অ) আচরণ করা; প্রস্তুত হওয়া। *aor* **উপচরি**।

**উপচরিত**—('উপচরতি'র *pp*) আচরিত; চর্চিত; অনুশীলিত; পূজিত।

**উপচার**—নৈকট্য; প্রস্তুতি; প্রাথমিক বা প্রারম্ভিক ক্রিয়া।

**উপচিকা**—কাষ্ঠধ্বংসকারী ঘুণজাতীয় পোকাবিশেষ; উইপোকা।

**উপচিন্ন**—('উপচিনাতি'র *pp*) আচরিত; চর্চিত; বারংবার ঘটিত; পুঞ্জীভূত।

**উপচিত**—('উপচিনাতি'র *pp*)।

**উপচিনাতি**—(উপ+চি+না) একত্র করা; পুঞ্জীভূত করা; নির্মাণ করা। *aor* **উপচিনি**।

**উপচ্চগা**—(উপ+অতি+গম+অ অধম পুং একবচন অতীতকাল) সে নিষ্কৃতি পেল; অতিক্রম করল; (বিপদাদি) কাটিয়ে উঠল।

**উপচ্ছিন্দতি**—(উপ+ছিদ্‌+ং-অ) বিচ্ছিন্ন করা; বিদীর্ণ করা; ছিন্ন বা বিভক্ত করা; বিনাশ করা। *aor* **উপচ্ছিন্দি**।

**উপচ্ছিন্ন**—('উপচ্ছিন্দতি'র *pp*)।

**উপচ্ছেদ**—বিরতি; প্রতিবন্ধক; বিনাশ; বিলয়; অবসান। **উপচ্ছেদক**—বিনাশক; নিশ্চল কারক।

**উপজীৱতি**—(উপ+জীৱ+অ) কিছুর উপর জীবিত থাকা; কিছুর উপর নির্ভর করা বা কিছুর সাপেক্ষ হওয়া। *aor* **উপজীৱি**।

**উপজীৱী**—জীবিকাবলম্বী; জীবিকানির্বাহী; যে নির্ভরশীল এমন।

**উপজ্ঝ, উপজ্ঝায়**—উপাধ্যক্ষ; উপাধ্যায়; আধ্যাত্মিক শিক্ষক; গুরু; কর্মবিধানদাতা।

**উপঞ্ঞাত**—('উপজানাতি'র *pp*) উপজ্ঞাত; আবিষ্কৃত; দৃষ্ট; জ্ঞাত; অবগত।

**উপট্ঠপেতি**—(উপ+ঠা+এ) যোগান; সরবরাহ করা; প্ররোচিত করা; রাজি করানো; প্রস্তাব করা; উপস্থিত ঘটানো অথবা অপেক্ষা করানো। *aor* **উপট্ঠাপেসি**।

**উপট্ঠহতি, উপট্ঠাতি**—(উপ+ঠা+অ) অপেক্ষা করা অথবা উপস্থিত থাকা; যত্ন করা; শুশ্রূষা করা; সেবা করা; পরিচর্যা করা। উপলব্ধি করা। *aor* **উপট্ঠাহি, উপট্ঠাসি**।

**উপট্ঠহিত্বা, উপট্ঠিত্বা, উপট্ঠিয**—('উপট্ঠহতি' ও 'উপট্ঠাতি'র abs) পরিচর্যা করে'; উপস্থিত থেকে'।

**উপট্ঠাক**—পরিচারক; ধাত্রী; অনুসারী; অনুগামী; পরিচারিকার প্রণয়ী।

**উপট্ঠান**—অপেক্ষমাণ; তত্ত্বাবধানরত; সন্ধানরত; চাকরি; পরিচর্যা; পূজা; উপলব্ধি। **উপট্ঠান-সালা**—পরিচর্যার বা সমাবেশের জন্য বড় ঘর; যে কারখানায় বড় যন্ত্রাদির বিভিন্ন অংশ জোড়া দেওয়া হয়।

**উপট্ঠিত**—('উপট্ঠাতি'র *pp*) উপস্থিত; প্রস্তুত; হাজির; আগত; বিদ্যমান; পূজিত।

**উপডয্হতি**—(উপ+দহ্+য); দগ্ধ হওয়া। *aor* **উপডয্হি**।

**উপড্ঢ**—অর্ধ; অর্ধেক; আধা।

**উপতপ্পতি**—(উপ+তপ্+অ) হয়রান হওয়া; বিক্ষুব্ধ হওয়া; নিদারুণ পীড়িত হওয়া। *aor* **উপতপ্পি**।

**উপতাপ, উপতাপন**—জ্বালাতন; অশান্তি; যন্ত্রণা; মনস্তাপ।

**উপতাপক**—যন্ত্রণা বা মনস্তাপ দায়ক।

**উপতাপেতি**—(উপ+তপ্+এ) যন্ত্রণা দেওয়া; নিদারুণ পীড়া দেওয়া; হয়রান বা নাকাল করা। *aor* **উপতাপেসি**। *pp* **উপতাপিত**।

**উপতিট্ঠতি**—(উপ+ঠা+অ) সমর্থন করা; অনুরক্ত থাকা; মেনে চলা; তত্ত্বাবধান করা। *aor* **উপতিট্ঠাসি**।

**উপত্থদ্ধ**—অনমনীয়; কিছুর অবলম্বনে।

**উপত্থম্ভ, উপত্থম্ভন**—উপস্তম্ভ; অবলম্বন; উৎসাহদান; উৎসাহ; ঠেকনো, খুঁটি; প্রতিপালক বা সমর্থক। **উপত্থম্ভক**—সমর্থক; প্রতিপাদক; ভারবাহক।

**উপত্থম্ভেতি**—(উপ+থম্ভ্+এ) দৃঢ় বা অটল করানো; সমর্থন করা; ঠেকনো দেওয়া; ভার রক্ষা করা বা ভার বহন করা; তুলে ধরা। *aor* **উপত্থম্ভেসি**। *pp* **উপত্থম্ভিত**।

**উপত্থর**—গালিচা; কম্বল; আবরণ।

**উপদস্সেতি**—(উপ+দিস্+এ) প্রতীয়মান করানো; প্রদর্শন করা। *aor* **উপদস্সেসি**। *pp* **উপদস্সিত**।

**উপদহতি**—(উপ+দহ্+অ) সরবরাহ করা; দেওয়া; প্রদান করা; ঘটানো। *aor* **উপদহি**।

**উপদিট্ঠ**—('উপদিসতি'র *pp*) উপদৃষ্ট; নির্দেশিত; উপস্থাপিত; বিশেষভাবে বা স্বতন্ত্ররূপে উল্লেখিত।

**উপদিসতি**—(উপ+দিস্+অ) নির্দেশিত করা; পরামর্শ দেওয়া; উপদেশ দেওয়া; প্রদর্শন করা। *aor* **উপদিসি**।

**উপদিস্সন**—নির্দেশ করণ; পরামর্শ; উপদেশ।

**উপদিস্সতি**—('উপদিস্সন'র *pass*) (কিছুর) অবলম্বন হওয়া; প্রদর্শিত হওয়া।

**উপদেস**—উপদেশ; অনুশাসন; ইঙ্গিত; আভাস; শিক্ষা।

**উপদ্দৱ**—উপদ্রব; অমঙ্গলসূচক ঘটনা; চরম দুর্দশা; বিপদ।

**উপদ্দৱেতি**—(উপ+দব+এ) উপদ্রব করা; জ্বালাতন বা বিরক্ত করা; যন্ত্রণা দেওয়া। *aor* **উপদ্দৱেসি**।

**উপদ্দুত**—('উপদ্দৱেতি'র *pp*)।

**উপধান**—বালিশ; ঘটনাপূর্ণ; প্রতারণাপূর্ণ।

**উপধারণ**—আধার; হাতলওয়ালা দুধের বালতি বা কেঁড়ে। **উপধারণা**—গণনা; হিসাব; বিচার-বিবেচনা।

**উপধারিত**—('উপধারেতি'র *pp*)।

**উপধারেতি**—(উপ+ধর্+এ) সন্দেহ করা; অনুমান করা; আন্দাজ করা; সতর্ক পাহারা দেওয়া; বিচার-বিবেচনা করা; সিদ্ধান্ত করা। *aor* **উপধারেসি**।

**উপধাৱতি**—(উপ+ধাৱ্+অ) তাড়াহুড়া করে নির্মাণ করা; ধরবার জন্য ছোটা; পাবার জন্য সাগ্রহ চেষ্টা কর। *aor* **উপধাৱি**।

**উপধাৱন**—ধরবার জন্য ছুটোছুটি বা দৌড়াদৌড়ি; পাবার জন্য সাগ্রহ চেষ্টা।

**উপধি**—পুনর্জন্মের উপস্তর; আসক্তি। **উপধিক**—পুনর্জন্মের দিকে আসক্তি প্রদর্শক।

**উপনত**—('উপনমতি'র *pp*)।

**উপনদ্ধ**—('উপনদ্ধতি'র *pp*)।

**উপনদ্ধতি**—(উপ+নহ্+য) (কারও) অভিমুখে শত্রুতা বয়ে আনা; (কিছু)-তে অসন্তোষভরে বিড়বিড় করা। *aor* উপনদ্ধি।

**উপনমতি**—(উপ+নম্+অ) আনমিত হওয়া; নিকটে আগমন করা; উপস্থিত হওয়া; বিদ্যমান হওয়া। *aor* **উপনমি**।

**উপনমন**—আনমিত হওন; নিকটে আনয়ন।

**উপনয়ন**—১ উপনয়ন। ২ নিকটে আনয়ন। ৩ অন্তর্ভুক্তি।

**উপনয়্হনা**—১। প্রতিকূলতা; শত্রুতা। ২। বিজড়িত হওন।

**উপনামিত**—('উপনামেতি'র *pp*)।

**উপনামেতি**—(উপ+নম+এ) নিকটে আনয়ন করা; অর্পণ করা। *aor* **উপনামেসি**।

**উপনায়িক**—সমীপবর্তী হয়ে; বয়ে নিয়ে গিয়ে; স্থাপন করে; প্রদান করে।

**উপনাহ**—প্রতিকূলতা; শত্রুতা। **উপনাহী**—প্রতিকূলতা বয়ে আনে এমন; দোষান্বেষণকারী।

**উপনিক্খিত্ত**—('উপনিক্খিপাত'র *pp*) কোনো স্থানে রক্ষিত বা স্থাপিত; পরিত্যক্ত; নিক্ষিপ্ত।

**উপনিক্খিপতি**—(উপ+নি+খিপ্+অ) গচ্ছিত রাখা; জমা রাখা; সঞ্চিত রাখা। *aor* **উপনিক্খিপি**।

**উপনিক্খিপন, উপানিক্খেপ**—আরোপ করণ; সঞ্চয়ন।

**উপনিঘংসেতি**—(উপ+নি+ঘংস্+অ) পালিশ করা; স্মৃতি ঝালিয়ে তোলা; সর্বনাশ করা। **উপনিঘংসি**।

**উপনিজ্ঝান**—বিবেচনা; বিচার-বিবেচনা; ভাবনা-চিন্তা।

**উপনিজ্ঝায়তি**—(উপ+নি+ঝা+য) গভীরভাবে বিবেচনা করা; ধ্যান করা; বিচার-বিবেচনা করা; ভাবনা-চিন্তা করা। *aor* **উপনিজ্ঝায়ি**।

**উপনিধা, উপনিধি**—তুলনা; তুলনাসাধ্যতা; তুলনামূলক বিচার; জামানত; বন্ধক; বন্ধকীদ্রব্য।

**উপনিধায়**—সমতুল; তুলনীয়।

**উপনিপজ্জতি**—(উপ+নি+পদ+য) কাছাকাছি শোয়া। *aor* **উপনিপজ্জি**। *pp* উপনিপন্ন।

**উপনিবন্ধ**—নিকট সম্বন্ধ; নির্ভরশীল; সম্পর্কযুক্ত; সংশ্লিষ্ট।

**উপনিবদ্ধ**—('উপনিবন্ধতি'র *pp*)।

**উপনিবন্ধতি**—(উপ+নি+বধ্+ং-অ) কাছাকাছি বন্ধন করা; মিলিত করানো; সনির্বন্ধ অনুরোধ করা। *aor* **উপনিবন্ধি**।

**উপনিবন্ধন**—১ নিকট সম্বন্ধ। ২ বিরক্তিকর কাকুতি-মিনতি; নাছোড়বান্দা; অনুরোধ; অতি জরুরি ভাব।

**উপনিসা**—উৎপাদক; সংঘটক; কারণ; নিমিত্ত; যুক্তি; হেতু; উদ্দেশ্য; পক্ষ; ব্যাপার; ঘটনা; মামলা; মকদ্দমা; সাদৃশ্য; মিল; চেহারা; প্রতিমূর্তি।

**উপনিসীদতি**—(উপ+নি+সদ্+অ) নিকটে উপবিষ্ট হওয়া; কাছে বসা। *aor* **উপনিসীদি**। *pp* **উপনিসিন্ন**।

**উপনিসেবতি**—(উপ+নি+সি+অ) ঘনিষ্ঠভাবে মিলিত বা একত্র হওয়া; ঘনিষ্ঠভাবে মিলিত বা একত্র করা।

**উপনিস্সয**—উপনিশ্র; আলম্বন;. অবলম্বন; সমর্থন; সহায়; যথাযোগ্য অবস্থা।

**উপনিস্সায**—নির্ভর করে; আস্থা স্থাপন করে; ভরসা করে উপায়ে; নিকটে; কাছাকাছি; প্রায়; ঘেঁষাঘেঁষি-ভাবে; গোপনে।

**উপনিস্সিত**—('উপনিস্সযতি'র *pp*) নির্ভরশীল; সাপেক্ষ; মুখাপেক্ষী; পরাধীন; সম্পর্কযুক্ত; সংশ্লিষ্ট।

**উপনিস্সযতি**—(উপ+নি+সি+অ) ঘনিষ্ঠভাবে মিলিত বা একত্র হওয়া বা করা; নির্ভর করা; আস্থা স্থাপন করা; ভরসা করা। *aor* **উপনিস্সযি**।

**উপনীত**—('উপনেতি'র *pp*) সমীপে আনীত; আনীত; দাখিল করা হয়েছে এমন; উপস্থাপিত।

**উপনীয**—('উপনেতি'র *abs*) নিকটে আনীত পেয়ে; অভিযুক্ত করে; দোষারোপ করে।

**উপনীযতি**—('উপনেতি'র *pass*) (কোথাও) আনীত হওয়া; আত্মহারা।

**উপনেতি**—(উপ+নী+এ) পেশ বা দাখিল করা; (ঘটনাদির) সংঘটনে সাহায্য করা; উপস্থাপন করা; প্রদান করা। *aor* **উপনেসি**।

**উপন্তিক**—নিকটবর্তী; প্রতিবেশীগণ।

**উপপজ্জতি**—(উপ+পদ্+য) পুনর্জাত; পুনরুদ্ভূত হওয়া; জীবন ফিরে পাওয়া। *aor* **উপপজ্জি**।

**উপপত্তি**—জন্ম; পুনর্জন্ম; অভিগমন; সান্নিধ্য।

**উপপন্ন**—('উপপজ্জতি'র *pp*) উৎপন্ন; অধিকারী; আচ্ছন্ন; আবিষ্ট; অবগত; ভূতাবিষ্ট; পুনর্জাত; পুনরুদ্ভূত।

**উপপরিক্খন, উপপরিক্খা**—সযত্নে পরীক্ষা-করণ; অনুসন্ধান করণ; পরীক্ষণ।

**উপপরিক্খতি**—(উপ+পরি+ইক্খ) সযত্নে পরীক্ষা করা; পরীক্ষা করা। *aor* **উপপরিক্খি**।

**উপপারমী**—অপ্রধান পূর্ণাঙ্গ রূপ; চর্যায় নিম্নস্তরের পূর্ণতাপ্রাপ্তি।

**উপপীলক**—উপপীড়ক; পীড়াদায়ক; পীড়নকারী। **উপপীলা**—উপপীড়া; পীড়িকা; পীড়ন; পীড়াদান। **উপপীলেতি**—('পীলেতি' দেখুন)। **উপব্বূলহ**—ভিড়ে পূর্ণ; জনাকীর্ণ; ঘন সন্নিবিষ্ট; পুরাদমে চালু অবস্থায়। **উপব্রূহন**—বৃদ্ধি; বর্ধন; প্রসার। **উপব্রূহেতি**—(উপ+ব্রূ+এ) বৃদ্ধি করা; প্রসার করা। *aor* **উপব্রূহেসি**। *pp* **উপব্রূহিত**। **উপভূঞ্জক**—যে ভোজন করে; উপভোগ করে; ভোগ করে। **উপভোগ**—ভোগ; সম্ভোগ; ভোজন; লাভ; উপভোগ্য; মনোরম। **উপভোগী**—'উপভূঞ্জক' দেখুন। **উপম**—সদৃশ; তুল্য; (কিছুর) গুণাবলি সমন্বিত। **উপমা, উপমান**—সাদৃশ্য; তুল্যতা; মতাদির ব্যাখ্যাপূর্ণ বা নীতিগর্ভ রূপকাহিনী। **উপমিত**—('উপমেতি'র *pp*)। **উপমেতি**—(উপ+মা+এ) তুলনা করা। *aor* **উপমেসি**। **উপমেয্য**—কোনো কিছুর সঙ্গে যার তুলনা করা হয় এমন; উপমেয়। **উপয**—আসক্তি। **উপযাচতি**—(উপ+যাচ্+অ) যাচঞা করা; প্রার্থনা করা; যাচনা করা। *aor* **উপযাচি**। **উপযাতি**—(উপ+যা+অ) সমীপবর্তী হওয়া; সমীপাগমন করা। **উপযুঞ্জতি**—(উপ+যুজ্+ং-অ) একত্র বাঁধা বা সংযুক্ত করা; সম্বন্ধ করা; যোজন; যোজনা; কার্যকর করা; অনুশীলন করা; চর্চা করা। *aor* **উপযুঞ্জি**। *pp* **উপযুত্ত**। **উপযোগ**—সম্বন্ধ; সম্পর্ক; সংসর্গ; সংস্রব; কর্ম; চাকরি; প্রয়োগ; আরোপ; নিয়োগ; উপযোজন; আবেদন; আবেদনপত্র। **উপরজ্জ**—উপরাজ্য। **উপরত**—('উপরমতি'র *pp*) নিবৃত্ত; মৃত; বিগত; বিরত। **উপরতি, উপরমন**—বিরতি; নিবৃত্তি; সমাপ্তি; নিয়ন্ত্রণ; দমন। **উপরমতি**—(উপ+রম্+অ) বিরত হওয়া; নিবৃত হওয়া; সমাপ্ত করা; নিয়ন্ত্রণ করা; দমন করা। *aor* **উপরমি**। **উপরাজ**—রাজপ্রতিনিধি; উপমিত রাজার সহিত। **উপরি**—ঊর্ধ্বে; উপরে; পরে; অপ্রত্যাশিত; অতিরিক্ত। **উপরিট্ঠ**—উপরিস্থ; সর্বোচ্চ; উপরে স্থিত। **উপরিপাসাদ**—অতি বৃহৎ ও চমৎকার অট্টালিকার উপরের তলা। **উপরিভাগ**—উপরেরর অংশ। **উপরিমুখ**—উপরদিকে মুখ। **উপরিম**—সর্বোচ্চ; মনে সর্বাগ্রে উদিত হয় এমন। **উপরুজ্ঝতি**—(উপ+রুধ্+য) উপরুদ্ধ করা; বদ্ধ করা; অনুরুদ্ধ করা; উপরুদ্ধ হওয়া; অনুরুদ্ধ হওয়া; নিবৃত্ত হওয়া। *aor* **উপরুজ্ঝি**। *pp* **উপরুদ্ধ**। **উপরুন্ধতি**—(উপ+রুধ্+ং-অ) মুখ সংযত করা; থামা; থামানো; দেওয়া। *aor* **উপরুন্ধি**। *pp* **উপরুদ্ধ**। **উপল**—পাথর; শিলা; নুড়ি; রত্ন; বহুমূল্য প্রস্তর। **উপলক্খণা**—পার্থক্য; প্রভেদ; বাছাই; পক্ষপাত। **উপলক্খিত**—('উপলক্খেতি'র *pp*)। **উপলক্খেতি**—(উপ+লক্খ্+এ) চিহ্নিত বা স্বতন্ত্র বা পৃথক করা; নির্ণয় করা; পক্ষপাত করা। *aor* **উপলক্খেসি**। **উপলদ্ধ**—('উপলব্ভতি'র *pp*) উপলব্ধ; জ্ঞাত; অনুভূত; প্রাপ্ত। **উপলদ্ধি**—উপলব্ধি; বোধ; জ্ঞান; লাভ; প্রত্যক্ষাদি জ্ঞান। **উপলব্ভতি**—('উপলভতি'র *pass*) আবিষ্কৃত হওয়া; প্রতিষ্ঠিত হওয়া; প্রবর্তিত হওয়া; অস্তিমান থাকা; বিদ্যমান থাকা; খুঁজে বের করা। *aor* **উপলব্ভি**। **উপলাপন**—বিশ্বাস বা প্রত্যয় উৎপাদন; প্ররোচনা; ধর্মমত, দৃঢ় প্রত্যয়; দৃঢ়বিশ্বাস; দমবাজি; ভান; দমবাজ। **উপলাপেতি**—(উপ+লপ্+এ) বিশ্বাস উৎপাদন করা; প্রত্যয় উৎপাদন করা; প্ররোচিত করা; মিথ্যা কথায় ভুলান; প্রলুব্ধ করা। *aor* **উপলাপেসি**। *pp* **উপলাপিত**। **উপলালেতি**—(উপ+লল্+এ) স্নেহভরে স্পর্শ করা; স্নেহভরে হাত বুলানো; আদর করা; সোহাগ করা; হাত বুলিয়ে আদর করা। *aor* **উপলালেসি**। *pp* **উপলালিত**। **উপলিত্ত**—('উপলিম্পতি'র *pp*)। **উপলিম্পতি**—(উপ+লিপ+ং-এ) লেপন করা; মর্দন করা; সারি বেঁধে যাওয়া; দূষণীয় কোনো কিছুতে জড়িত করা; কলঙ্কিত করা; সংক্রামিত বা বিকৃত করা অথবা হওয়া। *aor* **উপলিম্পি**। **উপলেপ, উপলিম্পন**—অন্য বস্তু দ্বারা লেপন; উপরের লেপ; অতিরিক্ত অঙ্গের সৃষ্টি বা বৃদ্ধি; বিকৃতি; কলুষ; কলঙ্ক।

**উপরজ্জ**—নিন্দার্হ; নিন্দনীয়।
**উপবত্তন**—উপবর্তন; জনপদ; দেশ; অবস্থান; উপস্থিতি।
**উপবদতি**—(উপ+বদ্+অ) অপবাদ করা; নিন্দা করা; অমর্যাদা করা; অপমান করা। *aor* **উপবদি**।
**উপবন**—নিকটস্থ বন; কৃত্রিম বন।
**উপবসতি**—(উপ+বস্+অ) কোথাও বাস করা বা থাকা; লক্ষ্য করা; পালন করা; মেনে চলা। *aor* **উপবসি**। *pp* **উপবত্থু**।
**উপবাদ**—অপবাদ; নিন্দা; কুৎসা; বদনাম; দোষারোপ।
**উপবাদক**—অপবাদকারী; নিন্দুক।
**উপবাদী**—নিন্দা করে বা দোষ অন্বেষণ করে এমন।
**উপবায়তি**—(উপ+বা+অ) প্রবাহিত হওয়া; বায়ুপ্রবাহ দ্বারা চালিত করা। *aor* **উপবাযি**।
**উপবাস**—অনাহার; অনশন; না খাওয়া; উপভোগ হতে বিরতি।
**উপবাসন**—সুরভিত করণ।
**উপবাসেতি**—(উপ+বস্+এ) সুরভিত করা; সুবাসিত করা। *aor* **উপবাসেসি**।
**উপবিসতি**—(উপ+বিস্+অ) নিকটে আসা; উপবেশন করা। *aor* **উপবিসি**। *pp* **উপবিট্ঠ**।
**উপবীণ**—বীণার গ্রীবা।
**উপবীত**—('উপবীযতি'র *pp*)।
**উপবীযতি**—(উপ+বা+ঈ+য) বুনিত হওয়া; পরস্পর বিজড়িত হওয়া। *aor* **উপবীযি**।
**উপবুত্ত**—('উপবদতি'র *pp*) নিন্দিত হয়ে; নিন্দার্হ হয়ে।
**উপবুত্থ**—('উপবসতি'র *pp*) অবস্থিত; উপবিষ্ট; আসীন।
**উপসংহরণ, সংহার**—১ সংগ্রহ; বস্তু সংক্ষেপ; চয়ন; ভাঁজন; আলিঙ্গন। ২ তুলনা, তুলনামূলক বিচার।
**উপসংহরতি**—(উপ+সং+হর্+অ) একত্র করা; সংগ্রহ করা; সংহত করা; জমানো; আদায় করা; কেন্দ্রীভূত করা বা করানো অথবা হওয়া; তুলনা করা; তুলনামূলক বিচার করা। *aor* **উপসংহরি**। *pp* **উপসংহট**।
**উপসঙ্কমতি**—(উপ+সং+কম্+অ) সমীপবর্তী হওয়া; অভিগমন করা; সদৃশ বা সমকক্ষ হওয়া। *aor* **উপসঙ্কমি**। *pp* **উপসঙ্কন্ত**।
**উপসঙ্কমন**—সমীপবর্তী হওন; অভিগমন; নিকটে আগমন।
**উপসঙ্কম, উপসঙ্কমিত্বা**—সমীপবর্তী হয়ে; অভিগমন করে; নিকটে আগমন করে।
**উপসগ্গ**—১ ভূকম্পনাদি উৎপাত; উপদ্রব; প্রতিবন্ধক; বিঘ্ন; রোগ; রোগলক্ষণ। ২ উপসর্গ।
**উপসন্ত**—('উপসম্মতি'র *pp*) উপশান্ত; নিবৃত্ত; উপশম হয়েছে এরূপ; সংযত; তেজোহীন; বিগত।
**উপসম, উপসমন**—উপশম; উপশান্তি, নিবৃত্তি; প্রশান্তি।
**উপসমেতি**—(উপ+সম্+এ) প্রশমিত করা; উপশম করা; উপশান্ত করা; নিবৃত্ত করা। *aor* **উপসমেসি**। *pp* **উপসমিত**।
**উপসম্পজ্জ**—'উপসম্পজ্জতি'র abs।
**উপসম্পজ্জতি**—(উপ+সং+পদ্+য) সফলকাম হওয়া; অভীষ্ট লাভ করা; সিদ্ধিলাভ করা; অর্জন করা; সম্পাদন করা; লক্ষ্যে পৌঁছানো; আরম্ভ করা; নিযুক্ত হওয়া। *aor* **উপসম্পজ্জি**।
**উপসম্পদা**—অর্জন; অর্জিতদ্রব্য; ভিক্ষুত্বে স্থাপন; বৌদ্ধ সন্ন্যাসীর রায় বা আদেশ দান।
**উপসম্পন্ন**—অর্জিত; ভিক্ষুত্ব-অর্জিত; রায় বা আদেশপ্রাপ্ত; নিযুক্ত।
**উপসম্পাদেতি**—('উপসম্পজ্জতি'র *caus*) জন্মানো; সৃষ্টি করা; উৎপাদন করা; ভিক্ষুরূপে সাজিয়ে রাখা বা স্থাপন করা অথবা প্রতিষ্ঠিত করা; ভিক্ষু বলে রায় বা আদেশ দেওয়া। *aor* **উপসম্পাদেসি**। *pp* **উপসম্পাদিত**।
**উপসম্মতি**—(উপ+সম্+য) উপশান্ত হওয়া; নিবৃত্ত হওয়া; প্রশমিত হওয়া।
**উপসিঙ্ঘতি**—(উপ+সিঙ্ঘ্+অ) নাক সিটকানো। *aor* **উপসিঙ্ঘি**।
**উপসিঙ্ঘন**—নাক সিটকানো; সিটকানো।
**উপসুস্সতি**—(উপ+সুস্+য) শুষ্ক হওয়া। *aor* **উপসুস্সি**।
**উপসুস্সন**—শুষ্ক হওন।
**উপসেচন**—খাদ্য উপভোগ করার জন্য স্বাদু গন্ধ ছড়ানো; জলসেক; ভিজিয়ে দেওয়া।
**উপসেবতি**—(উপ+সেব্+অ) অনুশীলন করা; চর্চা করা; অভ্যাস করা; ঘন ঘন যাওয়া; মেলামেশা করা; একত্র করা বা হওয়া। *aor* **উপসেবি**।
**উপসেবনা**—অনুশীলন; চর্চা; অভ্যাস; মেলামেশা; সম্মেলন।
**উপসেবিত**—('উপসেবতি'র *pp*)।
**উপসেবী**—যে সম্মিলিত হয় বা অভ্যাস করে বা মেলামেশা করে।
**উপসোভতি**—(উপ+সুভ্+অ) শোভাময় দৃষ্টিগোচর হওয়া বা প্রকাশিত হওয়া বা প্রতীয়মান হওয়া। *aor* **উপসোভি**।

**উপসোভিত**—('উপসোভতি'র *pp*) সুন্দর ও সৌষ্ঠবপূর্ণ; শ্রীমণ্ডিত; সজ্জিত; শোভিত; ভূষিত; অলঙ্কৃত।

**উপসোভেতি**—('উপসোভতি'র *caus*) সুশোভিত করা; শ্রীমণ্ডিত করা; সুন্দর করা। *aor* **উপসোভেসি**।

**উপসোসেতি**—(উপ+সুস্+এ) শুকিয়ে দেওয়া; বিবর্ণ করা। *aor* **উপসোসেসি**। *pp* **উপসোসিত**।

**উপস্সট্‌ঠ**—উৎপীড়িত; নিপীড়িত; অত্যাচারিত; দুর্দশাগ্রস্ত।

**উপস্‌সয**—উপশ্রয়; বাসস্থান; আবাস; বাস; অবস্থান।

**উপস্‌সুতি**—উপশ্রুতি; শোনা; কিংবদন্তী। **উপস্সুক**—ঘরের ছাঁচে বা জানালার ধাড়ির কাছে দাঁড়িয়ে আড়ি পেতে শ্রবণকারী।

**উপহচ্চ**—('উপহনতি'র *abs*) স্পৃষ্ট করে; আহত করে; নষ্ট করে।

**উপহঞ্ঞতি**—('উপহনতি'র *pass*) নষ্ট বা ক্ষতিগ্রস্ত অথবা আহত হওয়া। *aor* **উপহঞ্ঞি**।

**উপহত**—('উপহনতি'র *pp*)।

**উপহত্তু**—যে আনয়ন করে বা বহন করে নিয়ে যায় বা নিয়ে গিয়ে দেয়।

**উপহনতি**—(উপ+হন্+অ) আহত করা; ক্ষতিসাধন করা; সর্বনাশ করা। *aor* **উপহনি**।

**উপহার**—সমর্পণ; প্রদান; উপঢৌকন, প্রীতির সহিত প্রদত্ত দ্রব্য।

**উপাগত**—('উপগচ্ছতি'র *pp*) উপস্থিত; অধিগত; প্রাপ্ত।

**উপাদান**—আঁকড়ে ধরার জন্য ব্যগ্র; (ধন সম্পদের প্রতি) লোলুপ; আসক্তি; ইন্ধন। **উপাদানক্‌খন্ধ**—ভবের প্রতি দৃঢ় আসক্তির হেতু। **উপাদানক্‌খয**—আসক্তির নির্বাপণ বা লোপ বা ধ্বংস।

**উপাদানিয**—আসক্তি-সংশ্লিষ্ট।

**উপাদায**—('উপাদাতি'র *abs*) আঁকড়ে ধরে; আসক্ত হয়ে; সমতুল বা তুলনীয় হয়ে; পূর্বাপর সম্পর্ক রেখে।

**উপাদি**—জীবনের বা প্রাণের ইন্ধন। **উপাদিসেস**—প্রাণের বা জীবনের কিছু ইন্ধন অবশিষ্ট রেখে; এখনও ভবের ওপর নির্ভরশীল।

**উপাদিন্ন**—('উপাদিযতি'র *pp*)।

**উপাদিযতি**—(উপ+আ+দা+ই+য) আঁকড়ে ধরা; উপলব্ধি করা। *aor* **উপাদিযি**।

**উপাধি**—পদবী।

**উপায**—উপায়; পথ; পন্থা; সংস্থান; সঙ্গতি। **উপাযকুসল**—উপায় কৌশল; সংস্থানে দক্ষ। **উপাযকুসল্ল**—উপায়-কৌশল্য; সঙ্গতি-দক্ষতা।

**উপাযন**—অধীনতার নিদর্শনস্বরূপ কর; উপহার; ঘুষ।

**উপাযাস**—উপায়াস; কঠোর দুর্দশা; মানসিক যন্ত্রণা; তীব্র শোক।

**উপারম্ভ**—তিরস্কার; ভর্ৎসনা; দোষারোপ; নিন্দা; বিরুদ্ধ মত বা বিচার।

**উপাৱিসি**—('উপবিসতি'র *aor*)—(সে) উপবেশন করল।

**উপাসক**—জনসাধারণের সেবক; অযাজকীয় সেবক; উপাসনাকারী; চাটুকার। **উপাসকত্ত**—উপস্বত্ব; সেবকের ধনসম্পত্তি।

**উপাসতি**—(উপ+আস্+অ) পরিচর্যা করা; সেবা করা। *pp* **উপাসিত**।

**উপাসন**—সেবা; আরাধনা; পূজা; উপকার-প্রত্যাশায় অন্যের অনুবৃত্তি; ধনুর্বিদ্যা; (কোনো চারুকলা সম্পর্কে) হাতে কলমে শিক্ষা।

**উপাসিকা**—(উপাসকের স্ত্রীলিঙ্গ)।

**উপাহন**—চটি; জুতা; পাদুকা।

**উপেক্‌খক**—উপেক্ষক; উপেক্ষাকারী; উদাসীন; অবহেলাকারী।

**উপেক্‌খতি**—(উপ+ইক্‌খ+অ) উদাসীন হওয়া; উপেক্ষা করা। *aor* **উপেক্‌খি**।

**উপেক্‌খনা, উপেক্‌খা, উপেখা**—নিরপেক্ষতা; মনের বা মেজাজের সমতা বা ধীরতা; উদাসীনতা।

**উপেক্‌খিয, উপেক্‌খিত্বা**—নিরপেক্ষ হয়ে; উদাসীন হয়ে।

**উপেত**—('উপেতি'র *pp*) সমৃদ্ধ; অভিগত।

**উপেতি**—(উপ+ই+অ) সমীপবর্তী হওয়া; অভিগমন করে; সদৃশ বা সমকক্ষ হওয়া; অর্জন করা; লাভ করা। *aor* **উপেসি**।

**উপেত্বা, উপেচ্চ**—('উপেতি'র *abs*) সমীপবর্তী হয়ে, অভিগমন করে।

**উপোসথ**—সববথ্ দিবস; অষ্টাঙ্গ শীল পালন; বিনয় নিয়মের 'বৌদ্ধ ভিক্ষু পরিচ্ছেদের' পাক্ষিক আবৃত্তি। **উপোসথকম্ম**—উপোসথ পালন। **উপোসথাগার**—সীমাঘর।

**উপোসথিক**—যিনি অষ্টাঙ্গশীল পালন করেন।

**উপ্পক্ক**—প্রসারিত; স্ফীত; ফোলা; ঈষৎ দগ্ধ; দুঃসহ তাপপীড়িত।

**উপ্পজ্জতি**—(উ+পদ+য) উৎপন্ন হওয়া; উদ্ভূত হওয়া। *aor* **উপ্পজ্জি**।

**উপ্পজ্জন**—উদ্ভূত হওন; জন্মধারণ। **উপ্পজ্জনক**—জন্মধারণকারী; অস্তিত্বে আগমনকারী বা আগন্তুক।

**উপ্পজ্জমান**—(*prp*) 'উপ্পজ্জনক' দেখুন।
**উপ্পজ্জিতব্ব**—জন্মধারণ বা উৎপন্ন হওয়ার যোগ্য।
**উপ্পটিপাটি**—আদেশের অভাব; অনিয়মানুবর্তিতা।
**উপ্পাটপাটিযা**—আদেশের বিরুদ্ধে।
**উপ্পণ্ডনা**—উপহাস; ব্যঙ্গ; বিদ্রূপ; ঠাট্টা; ভান; ছলনা।
**উপ্পণ্ডুকজাত**—ফ্যাকাশে হওয়ায়; ম্লান হওয়ায়; বিবর্ণ হওয়ায়।
**উপ্পণ্ডেতি**—(উ+পণ্ড্+এ) উপহাস করা; ব্যক্ত করা; বিদ্রূপ করা; ঠাট্টা করা। *aor* **উপ্পণ্ডেসি**। *pp* **উপ্পণ্ডিত**।
**উপ্পততি**—(উ+পত্+অ) ওড়া; ঠিকরিয়ে বা ছিটকে ওঠা; সহসা উঁচু বা স্ফীত হওয়া। *aor* **উপ্পতি**।
**উপ্পতন**—উড়ন; ওপরে উঠন; লম্ফন।
**উপ্পতমান**—উড়ন্ত; উঠন্ত; লম্ফমান।
**উপ্পতিত**—('উপ্পততি'র *pp*)।
**উপ্পতিত্বা**—উড়ে গিয়ে; উড়ে উড়ে; লম্ফ প্রদান করে।
**উপ্পত্তি**—উৎপত্তি; পুনর্জন্ম; আবির্ভাব; উদ্ভব।
**উপ্পথ**—ভ্রান্ত পথ; মিথ্যা আচরণ।
**উপ্পন্ন**—('উপ্পজ্জতি'র *pp*) উদ্ভূত; জাত; উত্থিত; উৎপন্ন।
**উপ্পব্বজতি**—(উ+প+বজ্+অ) শাসন বর্জন করা। *aor* **উপ্পব্বজি**। *abs* **উপ্পব্বজিত্বা**।
**উপ্পব্বজিত**—('উপ্পব্বজতি'র *pp*) যে সম্প্রদায় বা গোষ্ঠী বা দল পরিত্যাগ করেছে এমন।
**উপ্পব্বাজেতি**—('উপ্পব্বজিত'র *caus*) শাসন হতে বহিষ্কৃত করা। *aor* **উপ্পব্বাজেসি**। *pp* **উপ্পব্বাজিত**। *abs* **উপ্পব্বাজেত্বা**।
**উপ্পল**—উৎপল; জলপদ্ম; নীল বা রক্তপদ্ম।
**উপ্পলিনী**—পদ্মে পরিপূর্ণ পুষ্করিণী অথবা হ্রদ।
**উপ্পাটন**—উৎপাটন; উন্মূলন; উত্তোলন; উপড়ানো।
**উপ্পাটনক**—উন্মূলক অথবা উত্তোলক; উৎপাদনকারী।
**উপ্পাটিত**—('উপ্পাটেতি'র *pp*)।
**উপ্পাটেতি**—(উ+পট্+এ) ছিঁড়ে টুকরা হয়ে যাওয়া বা টুকরা করা; নির্মূল করা; চামড়া, ছাল, খোসা বা বাকল ছাড়ানো; উৎপাটন করা। *abs* **উপ্পাটেত্বা**।
**উপ্পাত**—উৎপাত; উচ্চাকাঙ্ক্ষী; উল্কা; অসাধারণ ঘটনা।
**উপ্পাদ**—উদয়; উৎপত্তি; জন্ম। **উপ্পাদক**—উৎপাদক; উৎপাদনকারী; জনক; প্রযোজক।
**উপ্পাদন**—উৎপাদন; পালন; জন্মানো।
**উপ্পাদেতি**—(উ+পদ্+এ) উৎপাদন করা; উৎপন্ন করা; নির্মাণ করা; উঠতে দেওয়া। *aor* **উপ্পাদেহি**। *pp* **উপ্পাদিত**। *abs* **উপ্পাদেত্বা**।
**উপ্পাদেতু**—উৎপাদনকারী; জন্মদাতা; উৎপাদক।
**উপ্পাদেতুং**—উৎপাদনার্থ; জন্মদানের জন্য।
**উপ্পীলন**—উৎপীড়ন; নিপীড়ন; অত্যাচার।
**উপ্পীলিত**—উৎপীড়িত; নিপীড়িত; অত্যাচারিত। ('উপ্পীলেতি'র *pp*)।
**উপ্পীলেতি**—(উ+পীল্+এ) চাপ দেওয়া; হয়রান করা; চাপের ফলে ভগ্ন বা চূর্ণ করা; সর্বনাশ করা; অত্যাচার করা; উৎপীড়ন করা; নিপীড়ন করা। *aor* **উপ্পীলেসি**। *abs* **উপ্পীলেত্বা**।
**উপ্পোঠন**—ধূলিপূর্ণ; প্রহার; পিটা।
**উপ্পোঠেতি**—(উ+পোঠ্+এ) প্রহার করা; পিটানো; ধূলিপূর্ণ করা। *aor* **উপ্পোঠেসি**। *pp* **উপ্পোঠিত**।
**উপ্লবন**—প্লবন; সন্তরণ; ভেসে থাকা; লম্ফন; প্লাবন।
**উপ্লবতি**—(উ+প্লব্+অ) ভাসা; পৃষ্ঠদেশে ওঠা; লাফ দেওয়া; প্লাবিত করা। *aor* **উপ্লবি**।
**উব্বট্টন**—(স্নানের সময়ে) কারও দেহ ঘর্ষণ; (অঙ্গ) সংবাহন; (প্রধানত মাথার চুল) ধুয়ে মালিশ; শ্যাম্পু।
**উব্বট্টিত**—('উব্বট্টেতি'র *pp*)।
**উব্বট্টেতি**—(উ+বট+এ) মালিশ করা; ঘর্ষণ করা; সংবাহন করা; শ্যাম্পু করা। *aor* **উব্বট্টেসি**।
**উব্বত্তেতি**—(উ+বত্+এ) ছিন্ন করা; ছিঁড়ে ফেলা; ফেঁড়ে ফেলা; বিদীর্ণ করা; উঠানো; প্রসারিত করা বা হওয়া; সত্য পথ হতে প্রত্যাবৃত্ত করানো বা হওয়া। *aor* **উব্বত্তেসি**। *pp* **উব্বত্তিত**।
**উব্বন্ধতি**—(উ+বন্ধ্+অ) উদ্বন্ধন; মরবার জন্য গলায় দড়ি দেওয়া; গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করা; গলা বা টুঁটি টিপে মারা; শ্বাসরোধ করা। *aor* **উব্বন্ধি**।
**উব্বন্ধন**—গলা বা টুঁটি টিপা; শ্বাসরোধ করণ; মরবার জন্য গলায় দড়ি দেওন; গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করণ।
**উব্বহতি**—(উ+বহ্+অ) বিচ্ছিন্ন করে নেওয়া; সরিয়ে নিয়ে যাওয়া; ছাড়িয়ে নিয়ে যাওয়া; তুলে ধরা; উঁচু করা; উত্তোলন করা। *aor* **উব্বহি**।
**উব্বহন**—তুলে ধরণ; উঁচু করণ; উত্তোলন; বহন; বিচ্ছিন্ন করণ; সরানো; ছাড়ানো।
**উব্বাল্হ**—অস্থির; উত্তেজিত বিক্ষুব্ধ; বিরক্ত; হয়রান; নাকাল।
**উব্বিগ্গ**—('উব্বিজ্জতি'র *pp*)।
**উব্বিজ্জতি**—(উ+বিজ্+অ) উত্তেজিত হওয়া; বিক্ষুব্ধ হওয়া; আতঙ্কিত হওয়া; ভয়তাড়িত হওয়া। *aor* **উব্বিজ্জি**।

**উব্বিজ্জনা**—উত্তেজনা; বিক্ষোভ; অস্বস্তি।
**উব্বিল্লারিতত্ত**—পরমানন্দ; চরম উল্লাস।
**উব্বেগ**—উদ্বেগ; চাঞ্চল্য; ভয়।
**উব্বেজতি**—('উব্বিজ্জতি'র *caus*) উত্তেজিত করানো; বিক্ষুব্ধ করানো; আতঙ্কিত করানো; ভয়তাড়িত করানো। *aor* **উব্বেজেসি**। *pp* **উব্বেজিত**।
**উব্বেধ**—উচ্চতা।
**উব্ভট্‌ঠক**—সম্পূর্ণ খাড়াভাবে বা সিধাভাবে বা ঋজুভাবে দণ্ডায়মান।
**উব্ভত**—অপসৃত; প্রত্যাহৃত; বিচ্ছিন্ন।
**উব্ভব**—উদ্ভব; জন্ম; উৎপত্তি।
**উব্ভিজ্জ**—('উব্ভিজ্জতি'র *abs*) যা ভূমি ভেদ করে জন্মে তা; উদ্ভিজ্জ; তরুলতা গুল্মাদি; উদ্ভিদ হতে উৎপন্ন; বৃক্ষলতাদি জাত।
**উব্ভিজ্জতি**—(উ+ভিদ+য) ভূমি ভেদ করে আবির্ভূত হওয়া বা নির্গত হওয়া; পল্লবিত বা মঞ্জরিত হওয়া অথবা করানো। *aor* **উব্ভিজ্জি**। *pp* **উব্ভিন্ন**।
**উব্ভিদ**—উদ্ভিদ; রান্নাঘরের লবণ; গাছপালা; গুল্মাদি এবং ঐ সমুদায়ের অঙ্কুর; যারা ভূমি ভেদ করে ঊর্ধ্বদিকে ওঠে তারা; বিস্ময়াদি সহকারে চিৎকার করে বলে ওঠে; প্রবলভাবে বলতে আরম্ভ করে।
**উব্ভুজতি**—ওপরে তুলে ধরা; একজনের অন্তর্বাস উত্তোলন করা। *aor* **উব্ভুজি**।
**উভ, উভয়**—উভয়; দুই; দুইজন।
**উভতো**—উভয় উপায়ে; উভয়দিকে; উভয় পার্শ্বে; দ্বিধাবিভক্ত; দ্বিগুণ; দ্বিধাবিভক্তভাবে; দ্বিগুণ করে বা হয়ে।
**উভো**—উভয়; দুইজনই; উভয়ত; ইহাও (পালিতে দ্বৈত আকৃতির কোনো কিছুর অবশিষ্ট যৎসামান্য পরিমাণ, টুকরা বা সংখ্যা)।
**উম্মগ্‌গ**—মানুষের তৈরি মাটির নিচের সুড়ঙ্গ; উন্মার্গ; অসৎ পথ; গর্হিত আচরণ; উৎকৃষ্ট মার্গ; পরিত্যক্ত মার্গ।
**উম্মত্ত**—উন্মত্ত; পাগল; আত্মবিস্মৃত। **উম্মত্তক**—উন্মাদ; হিতাহিত বিবেচনাহীন।
**উম্মা**—মসিনা; তিসি; শণগাছ; তিসি গাছ; মসিনা গাছ।
**উম্মাদ**—উন্মাদ; পাগলামি। **উম্মাদন**—উন্মত্ত করণ; উন্মত্তকারক।
**উম্মার**—প্রবেশ স্থল; আরম্ভ; সূত্রপাত।
**উম্মি**—ঊর্মি; তরঙ্গ; ঢেউ।
**উম্মিসতি**—(উ+মিস্‌+অ) উন্মেষ করা; কারও চক্ষু উন্মীলন করা; কারও চোখ খোলা। *aor* **উম্মিসেসি**।
**উম্মিহতি**—(উ+মিহ্‌+অ) প্রস্রাব করা। *aor* **উম্মিহি**।
**উম্মিলন**—উন্মীলন; বিকাশ; উন্মেষ; উদ্ঘাটন; চোখ মেলে চাওয়া।
**উম্মিলেতি**—(উ+মিল্‌+এ) কারও চোখ মেলে তাকানো। *aor* **উম্মিলেসি**।
**উম্মুক**—আগুন জ্বালানোর জন্য অর্ধদগ্ধ কাষ্ঠখণ্ড।
**উম্মুক্‌খ**—(কর্তব্য কর্মাদিতে) ব্যর্থকাম; উন্মুখ।
**উম্মুখ**—১ ঊর্ধ্বমুখ। ২ অমনোযোগী; অসতর্ক।
**উম্মুজ্জতি**—(উ+মুজ্জ্‌+অ) উত্থিত হওয়া; নির্গত হওয়া; উন্মজ্জনা; জল হতে ওঠা। *aor* **উম্মুজ্জি**।
**উম্মুজ্জন**—উত্থান; নির্গমন। **উম্মুজ্জনিমুজ্জা**—জল হতে ওঠা এবং ডুবে যাওয়া। **উম্মুজ্জমান**—উত্থানরত।
**উম্মূল, উম্মূলিত**—সমূলে উৎপাটিত; উন্মূল; উন্মূলিত। **উম্মূলন**—সমূলে উৎপাটন, উপড়ানো।
**উম্মূলেতি**—(উ+মূল+এ) উন্মূলিত করা; উপড়ানো; সমূলে উৎপাটন করা; বিনাশ করা। *aor* **উম্মূলেসি**।
**উয্যান**—উদ্যান; বাগান, উপবন; প্রমোদোদ্যান; প্রমোদকুঞ্জ। **উয্যানকীলা**--উদ্যান-ক্রীড়া; প্রমোদোদ্যানের আনন্দ। **উয্যানপাল**--প্রমোদোদ্যানের রক্ষক; উদ্যানপাল; মালী। **উয্যানভূমি**—উদ্যান ভূমি; আনন্দ ভূমি বা মাঠ।
**উয্যাম**—উদ্যাম; প্রয়াস; প্রচেষ্টা; কঠোর প্রচেষ্টা; উৎসাহ; উদ্যোগ।
**উয্যুঞ্জতি**—(উ+যুজ্‌+ং-অ) বিরোধিতা করা; সংগ্রাম করা; কঠোরভাবে বা সাগ্রহে চেষ্টা করা; কর্মব্যস্ত হওয়া। *aor* **উয্যুঞ্জি**।
**উয্যুঞ্জন**—সক্রিয়তা; কর্মতৎপরতা। **উয্যুঞ্জন্ত**—সক্রিয়; কর্মতৎপর, ব্যস্ত।
**উয্যুত্ত**—('উয্যুঞ্জতি'র *pp*) ১ কর্মচঞ্চল; তেজোপূর্ণ। ২ সাড়ম্বর-প্রদর্শক; জাহির কারক; জাঁক কারক।
**উয্যোগ**—'উয্যাম' দেখুন।
**উয্যোজন**—প্ররোচনা; দূরে প্রেরণ; বরখাস্ত করণ।
**উয্যোজিত**—('উয্যোজেতি'র *pp*)।
**উয্যোজেতি**—(উ+যু+এ) উত্তেজিত করা; প্ররোচিত করা; বিদায় দেওয়া; বাদ দেওয়া; বরখাস্ত করা; যাত্রাস্থলে বিদায়-সম্ভাষণ জানান। *aor* **উয্যোজেসি**।
**উয্যোধিক**—(সৈনিকের) ধোঁকা বা ফাঁকি যুদ্ধ; জাল বা নকল যুদ্ধ।
**উর**—উরঃ, বক্ষ, বুক, বক্ষঃস্থল; বক্ষঃপুট, হৃদয়। **উরচক্ক**—উরশ্চক্র, যার পর নাই দৈহিক ও মানসিক

যন্ত্রণা দেওয়ার জন্য লোহার চাকা (যন্ত্রের ন্যায় বুকে পরানো হয় ইহার তীক্ষ্ণ ধারে দেহ ক্ষতবিক্ষত হয়)। **উরচ্ছদ**—বুকের চাকতি। **উরত্তালিং**—কারও নিজের বুকে আঘাত করণ।

**উরগ**—সর্প; সাপ; সরীসৃপ।

**উরব্ভ**—(পুং) মেষ; ভেড়া।

**উরু**—বৃহৎ; বড়, প্রকাণ্ড; চওড়া; মহান, বিশিষ্ট।

**উল্লঙ্ঘন, উল্লঙ্ঘনা**—ডিঙিয়ে গমন; অতিক্রম; পালন না করণ; অবহেলা বা অগ্রাহ্য বা অমান্য করণ; লঙ্ঘন।

**উল্লঙ্ঘেতি**—(উ+লঘ্‌+এ) ডিঙিয়ে যাওয়া; অতিক্রম করা; পালন না করা; অবহেলা বা অগ্রাহ্য বা অমান্য করা; লঙ্ঘন করা।

**উল্লঙ্ঘিয্য, উল্লঙ্ঘেত্বা**—('উল্লঙ্ঘেতি'র *abs*)।

**উল্লপতি**—(উ+লপ্‌+অ) উচ্চ প্রশংসা করা; প্রশংসাপূর্ণ উক্তিতে বা সপ্রশংস উক্তিতে কথা বলা। *aor* **উল্লপি**।

**উল্লপনা**—প্রলোভন; উচ্চ প্রশংসা।

**উল্লিখতি**—(উ+লিখ্‌+অ) আঁচড়ানো; নখরাদি দ্বারা খোঁড়া। *aor* **উল্লিখি**। *pp* **উল্লিখিত**।

**উল্লিখন**—আঁচড়; খোঁড়ন।

**উল্লিত্ত**—('উল্লিম্পেতি'র *pp*) উৎলিপ্ত; লেপা বা মাখানো হয়েছে এমন; সংশ্লিষ্ট; জড়িত, ব্যাপৃত; প্রলিপ্ত।

**উল্লুম্পতি**—(উ+লুপ+ং-অ) মহত্তর করা; মহীয়ান করা; সাহায্য করা। *aor* **উল্লুম্পি**।

**উল্লুম্পন**—মহত্তর করণ; মহীয়ান করণ; সঞ্চয়ন।

**উল্লোকক**—দৃষ্টিনিক্ষেপক; দর্শক।

**উল্লোকন**—১ অবলোকন। ২ দৃষ্টিনিক্ষেপ; দর্শন। ৩ গবাক্ষ; জানালা।

**উল্লোকেতি**—(উ+লোক্‌+এ) চোখ তুলে তাকানো; গণ্য করা; সন্ধান করা বা খোঁজা; সাহস সংগ্রহ করা; উন্নতি লাভ করা; ভালোর দিকে যাওয়া; দর্শনার্থ আসা। *aor* **উল্লোকেসি**।

**উল্লোল**—১ প্রচণ্ড গতি বা আন্দোলন; উত্তেজনা; বিক্ষোভ; হইচই। ২ বড় ঢেউ।

**উল্লোলেতি**—(উ+লুল্‌+এ) প্রচণ্ডভাবে আলোড়িত করা; উত্তেজিত করা; বিক্ষুব্ধ করা; বিক্ষোভ সৃষ্টি করা; হইচই করা। *aor* **উল্লোলেসি**। *pp* **উল্লোলিত**।

**উসভ**—ঋষভ; বৃষভ; বলীবর্দ; ষণ্ড; ষাঁড়; মহান চরিত্র ব্যক্তি; সদাশয় ব্যক্তি; উদার ব্যক্তি; সম্ভ্রান্ত লোক; যার দৈর্ঘ্য ১৪০ হাত।

**উসীর**—বীরণমূল; উশীর; বেণার মূল; খশখশ *Andropogon muricantum*'র সুগন্ধ বা সুরভিত মূল।

**উসু**—ইষু; বাণ; তীর। **উসুকার**—ইষুকার; বাণপ্রস্তুতকারী; তীর প্রস্তুতকারী।

**উস্‌য়ক**—ঈর্ষুক; ঈর্ষাকারী; ঈর্ষাপরায়ণ; ঈর্ষী; প্রতিহিংসাপরায়ণ।

**উস্‌য়তি**—(উস্‌য্‌+অ) ঈর্ষাপরায়ণ হওয়া; প্রতিহিংসাপরায়ণ হওয়া; ঈর্ষা করা; প্রতিহিংসা করা। *aor* **উসূয়ি**।

**উসূয়না, উসূয়া**—ঈর্ষা; প্রতিহিংসা।

**উস্‌মা**—উষ্ম; উষ্মা; উত্তাপ।

**উস্‌সঙ্কী**—আস্থাহীন; অবিশ্বাসী; সন্দিহান; সন্দিগ্ধ; ভয় পরিপূর্ণ।

**উস্‌সদ, উস্‌সন্ন**—প্রচুর; অত্যধিক; অপরিমিতি; পরিপূর্ণ।

**উস্‌সন্নতা**—প্রাচুর্য; অত্যধিক্য; অপরিমিতি; পরিপূর্ণতা।

**উস্‌সব**—উৎসব; পর্ব; আনন্দোৎসব; অনুষ্ঠান।

**উস্‌সহতি**—(উ+সহ্‌+অ) চেষ্টা করা; সংগ্রাম করা; যথাসাধ্য চেষ্টা করা। *aor* **উস্‌সহি**।

**উস্‌সহন**—বিরোধিতা; সংগ্রাম; কঠোর প্রচেষ্টা।

**উস্‌সাপন**—উত্তোলন; উঁচুতে স্থাপন; উচ্চতর ও মহত্তর করণ; মহীয়ান করণ।

**উস্‌সাপিত**—('উস্‌সাপেতি'র *pp*)।

**উস্‌সাপেতি**—(উ+সি+আপে) উত্তোলন করা; উর্ধ্বে তোলা; উর্ধ্বে টাঙানো। *aor* **উস্‌সাপেসি**। *abs* **উস্‌সাপেত্বা**।

**উস্‌সারণা**—প্রবল আলোড়ন বা বিক্ষোভ; দাঙ্গা; ভিড়ের তীব্রভাবে বা অস্থিরভাবে সামনে ছুটন।

**উস্‌সারিত**—('উস্‌সারেতি'র *pp*)।

**উস্‌সারেতি**—(উ+সর+এ) ধাক্কা দিয়ে একপার্শ্বে ঠেলে দেওয়া। *aor* **উস্‌সারেসি**।

**উস্‌সাব**—শিশির; নীহার। **উস্‌সাব বিন্দু**—শিশিরবিন্দু; নীহারবিন্দু।

**উস্‌সাহ**—উৎসাহ; প্রচেষ্টা; শক্তিপ্রয়োগ; কঠোর প্রচেষ্টা। **উস্‌সাহবন্ত**—কর্মশক্তিপূর্ণ; প্রবলভাবে সক্রিয়; কর্মচঞ্চল; তেজোময়; কর্মঠ।

**উস্‌সাহিত**—('উস্‌সাহেতি'র *pp*)।

**উস্‌সাহেতি**—('উস্‌সহতি'র *caus*) সাহস বা আশা দেওয়া; উৎসাহিত করা; অনুপ্রাণিত করা; পৃষ্ঠপোষকতা করা; সক্রিয় করা; উদ্দীপ্ত করা। *aor* **উস্‌সাহেসি**। *abs* **উস্‌সাহেত্বা**।

**উস্‌সিঞ্চতি**—(উ+সিচ্‌+ং-অ) (হাতমুখ) ধোয়ানো বা ধোয়া; স্নান করানো বা করা; (নদ্যাদি সম্বন্ধে) বয়ে যাওয়া; গাঁইট বাঁধা; বস্তাবন্দী করা; জল ওঠানো।

*aor* উস্‌সিঞ্চি।

**উস্‌সিঞ্চন**—গাঁইট বাঁধন; বস্তাবন্দী করণ; জল ওঠানো।

**উস্‌সিত**—উত্তোলিত; উত্থাপিত; উৎক্ষিপ্ত।

**উস্‌সীসক**—যে পার্শ্বে মাথা শোয়ানো হয়েছে এমন; মাথার পাশ; বালিশ; উপাধান।

**উস্‌সুক**—ঔৎসুক্য; গভীর অনুভূতি বা ভাবাবেগ; প্রবল আগ্রহ; প্রবল উৎসাহ বা উদ্দীপনা; কর্মশক্তি; প্রবল সক্রিয়তা; কর্মচাঞ্চল্য; তেজ।

**উস্‌সুকতি**—(উ+সুক্‌+অ) যথাসাধ্য চেষ্টা করা; প্রবলভাবে চেষ্টা করা; চেষ্টিত হওয়া। *aor* **উস্‌সুক্কি**।

**উস্‌সুকাপেতি**—('উস্‌সুকতি'র *caus*) প্রলোভিত করা; বিপথে চালিত করা; জাগানো বা জাগা; সক্রিয় করা বা হওয়া। *aor* **উস্‌সুকাসেসি**।

**উস্‌সুস্‌সতি**—(উ+সুস্‌+য) সম্পূর্ণ শুষ্ক করা বা হওয়া; সম্পূর্ণ শুকানো; বাষ্পীভূত হয়ে উবে যাওয়া; অদৃশ্য বা বিলুপ্ত হওয়া। *aor* **উস্‌সুস্‌সি**।

**উস্‌সূর**—সূর্যোদয় (উস্‌সূরে—সূর্য যখন ওপরে)। **উস্‌সূরসেয্য**—সূর্যোদয়ের পর ঘুম।

**উস্সোলি**—প্রচেষ্টা; প্রয়াস।

**উলার**—অত্যুচ্চ; অতি উন্নত বা মহিমান্বিত; অহঙ্কারী; দাম্ভিক; সম্ভ্রান্ত, উন্নত চরিত্র; মহান চরিত্র; মহান; বিশিষ্ট। **উলারতা, উলারত্ত**—মহত্ত্ব; বৈশিষ্ট্য; বিশালতা; গুরুত্ব।

**উলু**—নক্ষত্র; তারকা; তারা; নক্ষত্রপুঞ্জ। **উলু রাজ**—চন্দ্র; চাঁদ।

**উলুঙ্ক**—হাতা (বড় চামচ)।

**উলুম্প**—ইতর উচ্ছৃঙ্খল বা দুর্বৃত্ত জনসাধারণ; দাগি দুর্বৃত্ত; ভাসন্ত অবস্থা; তরঙ্গ।

**উলূক**—পেচক; পেঁচা। **উলূক পক্‌খিক**—পেচকের পালক দিয়ে তৈরি পোশাক নিয়ে।

# ঊ

**ঊকা**—উকুন; এঁটেল-পোকা প্রভৃতি উকুন সদৃশ কীট।

**ঊন**—কম; অল্প; হীন; অসম্পূর্ণ; হীনবল।

**ঊনত্ত, ঊনতা**—উনত্ব; অভাব; অসম্পূর্ণতা; ত্রুটি; খুঁত।

**ঊর্মি**—ঊর্মি; তরঙ্গ; স্রোত।

**ঊরট্‌ঠি**—ঊর্বস্থি।

**ঊরু**—জানুর উপরিভাগ; উরত। **ঊরু পব্ব**—হাঁটুর সন্ধি বা গ্রন্থি বা গাঁট।

**ঊসা**—লবণাক্ত পদার্থ; লোনা বস্তু।

**ঊসর**—ঊষর; লবণাক্ত; লোনা; লাবণ।

**ঊহচ্চ**—('ঊহনতি'র *abs*) বিচ্ছিন্ন করে নিয়ে; অপসারিত করে নিয়ে।

**ঊহদতি**—(উ+হদ্‌+অ) মুক্ত করা; ভারমুক্ত করা; শিটা বা গাদ হতে বিমুক্ত করা; শোধন করা; মলত্যাগ করা। *aor* **ঊহদি**।

**ঊহসতি**—(উ+হস্‌+অ) উপহাস করা; হাসা; বিদ্রূপ করা; ঠাট্টা করা।

**ঊহন**—চিন্তা; বিবেচনা; গুরুত্ব; উদ্দেশ্য বা হেতু, পুঞ্জীভবন; পুঞ্জিত রাশি।

**ঊহনতি**—(উ+হন্‌+অ) বিচ্ছিন্ন করা; অপসারিত করা। *aor* **ঊহনি**।

**ঊহা**—চিন্তা; বিবেচনা; গুরুত্ব; উদ্দেশ্য; হেতু।

# এ

**এক**—অনুরূপ; সদৃশ; অজ্ঞাত (অনির্দিষ্ট বস্তু বা বিষয়বস্তুর জন্য ব্যবহৃত) বহুবচনে এর অর্থ 'কতেক বা কতগুলো'। **একঘন**—নিরেট। **একচর, একচারি**—যে একা বাস করে। **এক দেস**—অংশ; হিস্যা; কিছু অংশ। **এক পট্ট**—একটি মাত্র সারি করে নিয়ে। **একভত্তিক**—দৈনিক একবার মাত্র আহার করে। **এক বারং**—একবার মাত্র; আগে কোনো এক সময়ে; একদা।

**একক**—একাকী; কেবলমাত্র; অসহায়।

**একক্‌খী**—একাক্ষ; এক অক্ষি বা চোখ যার।

**একগ্গ**—একাগ্র; স্থির; শান্ত। **একগ্গতা**—একাগ্রতা; একমাত্র বিষয়ে মনঃসংযোগ; তন্ময়তা।

**একচ্চ, একচ্চিয**—কেউ; কেউ-কেউ; কেউ না কেউ; কতিপয় বা কিছুটা; কয়েকজন; কয়েকটি; কিছু সংখ্যক; কিছু পরিমাণ; কোনো; অল্প কয়েকজন।

**একজ্ঝং**—এই স্থানে; একই সময়ে; যুগপৎ; একত্র; মিলেমিশে।

**একতো**—যুগপৎ একইপার্শ্বে।

**একত্ত**—১ একত্ব। ২ ঐক্য; অভেদ; সাম্য। ৩ নির্জনতা; স্বাতন্ত্র্য; ঐকান্তিকতা। ৪ সম্মতি; মিল; চুক্তি; সন্ধি।

**একদা**—এক সময়ে; যুগপৎ; কোনো সময়ে।

**একন্ত**—একান্ত; অবধারিত; এক হয়েছে অন্ত (নিশ্চয়) যাতে; নিশ্চিত; অব্যর্থ; অফুরান; অক্ষয়; চিরস্থায়ী; শেষ; চূড়ান্ত; চরম; পরম। **একন্তং, একন্তেন**—একান্তভাবে; একান্তরূপে; নিশ্চিতরূপে; নির্ভুলভাবে; নিঃসন্দেহে; সন্দেহাতীতভাবে; অবশ্যম্ভাবীরূপে।

**একন্তরিক**—পর্যায়ক্রমে; পালা-অনুসারে; দুটির মধ্যে একটির পর অন্যটি।

**একপটলিক**—রেখা দ্বারা চিহ্নিতকরণে একটিমাত্র চামড়া নিয়ে।

**একপদিক-মগ্গ**—পদব্রজে গমনকারীদের জন্য পথ; হাঁটাপথ; সঙ্কীর্ণ পথ।

**একমন্তং**—একান্তে; একপাশে; পৃথকভাবে।

**একমেক, একেক**—এক এক জন; এক এক করে; প্রত্যেক; প্রত্যেকে।

**একবিধ**—এক রকম; সমজাতীয়।

**একসো**—একজনের পর একজন করে; একাকী; এককভাবে; নিজে নিজে; পরের সাহায্য না নিয়ে।

**একংস, একংসিক**—১ যথাযথ; নিশ্চিত। ২ এক বাহুর অধিকারভুক্ত হয়ে বা সম্পর্কযুক্ত হয়ে।

**একাকী**—নিঃসঙ্গ; অসহায়; একাকিনী।

**একাযন**—একমাত্র উপায়; একমাত্র গতি; একমাত্র আশ্রয়।

**একাসনিক**—যে দৈনিক একবার মাত্র আহার করে।

**একাহ**—একদিন। **একাহিক**—একদিনের জন্য অস্তিমান বা বিদ্যমান।

**একিকা**—নিঃসঙ্গ স্ত্রীলোক।

**একীভাব**—এক সংখ্যকতা; ঐক্য; স্বাতন্ত্র্য; নিঃসঙ্গতা; নির্জনতা।

**একীভূত**—একত্র; যুক্ত; সংযুক্ত; পুঞ্জীভূত।

**একূন**—এক কম। **একূন চত্তালীসতি**—উনচল্লিশ। **একূনতিংসতি**—উনত্রিশ। **একূপঞ্ঞাস**—উনপঞ্চাশ। **একূনবীসতি**—উনিশ। **একূনসট্‌ঠি**—উনষাট। **একূনসত্ততি**—উনসত্তর। **একূননবুতি**—উননব্বই। **একূনসত**—নিরানব্বই। **একূনাসীতি**—উনআশি।

**একোদিভাবো**—একটি নির্দিষ্ট বিষয়বস্তু; একটি নির্দিষ্ট লক্ষ্য; একই কেন্দ্রীভূত উদ্দেশ্য বা বিষয়।

**এজা**—সনির্বন্ধ প্রার্থনা; মিনতি; আকুল কামনা; ইশারা; ভঙ্গি, অনুভূতি; আবেগ।

**এট্‌ঠি**—অনুসন্ধান; তল্লাস।

**এণিমিগ, এণেয্য**—হরিণ জাতীয় প্রাণীবিশেষ; কৃষ্ণসার মৃগ।

**এণেয্যক**—এক যৎপরোনাস্তি দৈহিক বা মানসিক যন্ত্রণা।

**এত**—ঐ; এই; (পুং একবচনে) এসো; (স্ত্রী) এসা।

**এতরহি**—এখন; বর্তমানে; বর্তমান সময়ে।

**এতাদিস**—এতাদৃশ; এরূপ; ঈদৃশ।

**এতি**—(ই+অ) আসা; আগমন করা।

**এত্তক**—এতটুকু; এই পরিমাণ; এতখানি; এতটা; এত পরিমাণ।

**এত্তাবন্ত, এত্তাবতা**—ততদূর বা এতদূর; তত বা এত পরিমাণে অথবা মাত্রায় ঐ পর্যন্ত; এতটুকু মাত্র।

**এত্তো**—এই হতে; এখানে; এ স্থানের বাইরে।

**এত্থ**—এখানে।

**এদিসা, এদিসকা**—ঐ জাতীয়; অনুরূপ; একই জাতীয়; ঐরূপ।

**এধ**—জ্বালানি দ্রব্য; ইন্ধন; জ্বালানি কাঠ।

**এধতি**—(এধ্+অ) লাভ করা; অর্জন করা; সমৃদ্ধ হওয়া; উন্নতি লাভ করা; সিদ্ধি লাভ করা; সফল হওয়া। *aor* এধি।

**এন, এত**—কোনো কোনো অবস্থায় এরূপ আকার ধারণ করে।

**এন্ত**—('এতি'র *prp*) আগমনরত।

**এরক**—শয্যাচ্ছাদনী বা শুজনি তৈরি করার জন্য এক প্রকার ঘাস। **এরকদুস্‌স**—এরক ঘাস বা আঁশ দ্বারা তৈরি জামা বিশেষ।

**এরণ্ড**—*Palma christi* বৃক্ষ, যার বীজ হতে রেড়ির তৈল বের করা হয়।

**এরাবণ**—ইন্দ্রের হস্তীর নাম।

**এরাবত**—ক্ষুদ্র কমলালেবু বিশেষ।

**এরিত**—('এরেতি'র *pp*)।

**এরেতি**—(ইর্+এ) আন্দোলিত হওয়া বা করানো; নড়া বা নড়ানো; গতিশীল অবস্থায় রাখা। *aor* এরেসি।

**এলা**—১ নিষ্ঠীবন; থুথু; মুখ-লালা; লালা। ২ এলাচ বীজ বা গাছ।

**এব**—জোরালো অব্যয়।

**এবরূপ**—ঐ জাতীয়; অনুরূপ; একই জাতীয়; ঐরূপ; ঐরূপের হতে; যেরূপের হতে।

**এবং**—এই ধরনে; ঐ ধরনে; এতদনুসারে; এইভাবে, এই উপায়ে; (উত্তর দানে) হাঁ। **এবংবিধ**—ঐরূপ বা অনুরূপ বা ঐ জাতীয় (ব্যক্তি প্রাণী বস্তু)।

**এস**—('এসো'র মধুর ধ্বনিপূর্ণ রূপ) ঐ ব্যক্তি।

**এসতি**—(এস্+অ) খোঁজা; সন্ধান করা; তালাশ করা; চাওয়া; তদন্ত করা; তন্নতন্ন করা। *aor* **এসেসি**। *abs* **এসিত্বা**।

**এসনা**—সন্ধানরত; আকুল আকাঙ্ক্ষা; আকুল আকাঙ্ক্ষী; আকুল আকাঙ্ক্ষাপূর্ণ।
**এসন্ত, এসমান**—অনুসন্ধানরত অবস্থায়।
**এসিকা, এসিকাখম্ভ**—নগর দ্বারে দৃঢ় স্তম্ভ।
**এসিত**—('এসতি'র *pp*)।
**এসিতব্ব**—চাহিদা আছে এমন হওয়া; সঙ্গ চায় এমন হওয়া।
**এসী**—অনুসন্ধানকারী; তদন্তকারী। **এসিনী**।
**এহিপস্সিক**—যা প্রত্যেক ব্যক্তিকে এসে দেখবার জন্য আহ্বান জানায় এমন; সকলের জন্য উন্মুক্ত।
**এহিভিক্খু**—(বুদ্ধ শাসনে প্রবেশের প্রাচীনতম অনুমোদিত বিধি) এস, ভিক্ষু।
**এলক**—বন ছাগ; বন-ছাগল।
**এলগল**—ঝরন্ত থুথু নিয়ে ক্ষারন্ত লালার সহিত।
**এলগলা**—*Cassia tora* গাছ (নিরেস ধরনের দারুচিনি)।
**এলা**—থুথু; মুখলালা; লালা; নিষ্ঠীবন।
**এলালুক**—শশা; শশাগাছ।

---

# ও

---

**ওক**—১ উদক; জল; অপ; বারি; সলিল; অম্বু; নীর। ২ অবস্থিত; বাস; বাসস্থান; বাসা।
**ওকপ্পনিয্য**—বিশ্বস্ত; আস্থা স্থাপনের যোগ্য; বিশ্বাসী; নির্ভরযোগ্য।
**ওকার**—বিনয়; হীনাবস্থা; পদমর্যাদা; সম্মান; মূল্য।
**ওকাস**—অবকাশ; অবসর; স্থান; জায়গা; খালি জায়গা; সুযোগ; অনুমতি।
**ওকিণ্ন**—('ওকিরতি'র *pp*) অবকীর্ণ; চূর্ণিত; ধ্বস্ত, চারদিকে ছড়ানো।
**ওকিরণ**—ছড়ানো; ছড়িয়ে পড়ে; ছড়ায়ে; নিক্ষেপ করে; ছুড়ে।
**ওকিরতি**—(অব+কির্+অ) ছড়ানো; ছড়া; নিক্ষেপ করা; ছোড়া; ঢালা। *aor* **ওকিরি**। *prp* **ওকিরন্ত**।
**ওক্কন্ত**—('ওক্কমতি'র *pp*)।
**ওক্কন্তি**—প্রবেশ; প্রবেশপথ; হওয়ায় (হওনে) আগমন; প্রতিসন্ধি; উপস্থিতি; প্রকাশ; জন্ম বা আবির্ভাব।
**ওক্কন্তিক**—পৌনঃপুনিক।
**ওক্কমতি**—(অব+কম্+অ) প্রবেশ করা; ভিতরে পড়ে যাওয়া; দ্রুত এগিয়ে আসা; দ্রুত আরম্ভ করা। *aor* **ওক্কমি**। *abs* **ওক্কমিত্বা**।
**ওক্কমন**—প্রবেশ; প্রবেশপথ; ভিতরে পতন; দ্রুত আগমন।
**ওক্কমন্ত, ওক্কমমান**—প্রবেশমান; ভিতরে পতনমান; দ্রুত আগমনরত।
**ওক্কম্ম**—(কোনো কিছু হতে) একপাশে গত হয়ে; স্বগতোক্তিতে।
**ওক্খিত্ত**—('ওক্খিপাত'র *pp*) উৎক্ষিপ্ত।
**ওক্খিপতি**—(অব+খিপ্+অ) নিক্ষেপ করা; হতাশ করা; পড়া; ফেলে দেওয়া; নামা; নামানো। *aor* **ওক্খিপি**।
**ওগচ্ছতি**—(অব+গম+অ) নেমে যাওয়া; অস্তমিত হওয়া; হ্রাস পাওয়া ডুবে যাওয়া। *aor* **ওগচ্ছি**। *pp* **ওগন্ত**—অবগত।
**ওগধ**—অন্তর্ভুক্ত; বিজড়িত।
**ওগয্হ, ওগাহিয্য**—('ওগাহতি'র *abs*) নিক্ষেপিত হয়ে; নিমজ্জিত হয়ে; আত্মভূত হয়ে; নিবিষ্ট হয়ে।
**ওগাহ, ওগাহন**—অবগাহ; অবগাহন; জলে নেমে স্নান; জলমধ্যে প্রবেশ; মজ্জন।
**ওগাহতি**—(অব+গাহ্+অ) অবগাহন করা; জলে নেমে স্নান করা; জলমধ্যে প্রবেশ করা; আত্মভূত হওয়া; নিবিষ্ট হওয়া। *aor* **ওগাহি**।
**ওগাহমান**—অবগাহমান; জলে নেমে স্নানরত; জলমধ্যে প্রবেশমান।
**ওগাল্হ**—('ওগাহতি'র *pp*)।
**ওগিলতি**—(অব+গিল্+অ) গলাধঃকরণ করা; গেলা; হজম করে নেওয়া। *aor* **ওগিলি**।
**ওগুণ্ঠেতি**—(অব+গুণ্ঠ্+এ) ঢাকা; ঢাকনা দেওয়া; পর্দা বা ঘোমটা দিয়ে ঢাকা; আবৃত করা; গোপন করা; লুকানো; ছদ্মবেশ পরানো। *aor* **ওগুণ্ঠেস**। *pp* **ওগুণ্ঠিত**—অবগুণ্ঠিত।
**ওঘ**—সমূহ; স্রোত; তরঙ্গ। **ওঘতিণ্ন**—ওঘ উত্তীর্ণ হয়েছে এমন।
**ওচরক**—অনুসন্ধানকারী; তদন্তকারী; সংবাদদাতা; সন্ধানদাতা; অভদ্র-আচরণ ব্যক্তি; নিম্ন স্বভাবের লোক।
**ওচিণ্ন, ওচিত**—('ওচিনাতি'র *pp*)।
**ওচিনন**—সংগ্রহ; সমাবেশ; সংগ্রহ করণ; সমাবেশ করণ; চয়ন।
**ওচিনন্ত**—('ওচিনাতি'র *pp*)।
**ওচিনাতি**—(অব+চি+না) সংগ্রহ করা; সমাবেশ করা বা হওয়া; চয়ন করা; একত্র করা; কুড়ানো। *aor* **ওচিনি**। abs. **ওচিনিত্বা**।
**ওজ, ওজা**—পুষ্টিসাধক; পুষ্টি সংক্রান্ত; সত্তা; সারাংশ; নির্যাস; রস। **ওজবন্ত**—প্রাণরসে সমৃদ্ধ; রস-সমৃদ্ধ;

প্রাণশক্তিতে সমৃদ্ধ, পুষ্টিকর; অতিশয় তৃপ্তিকর বা সুস্বাদু।

**ওট্‌ঠ**—১ উষ্ট্র; উট। ২ ওষ্ঠ বা অধর; ঠোঁট।

**ওড্ডেতি**—(উড্‌+এ) জাল, ফাঁদ; পাশ স্থাপন করা বা রাখা বা পাতা; প্রলোভন দেওয়া; টাঙ্গানো। *aor* **ওড্ডেসি**। *pp* **ওড্ডিত**।

**ওতরণ**—অবতরণ; অবরোহণ; উতরাই; বংশধররূপে উদ্ভব; উৎপত্তি।

**ওতরতি**—(অব+তর্‌+অ) অবতরণ করা; অবরোহন করা; উত্তরণ করা; উৎপন্ন হওয়া; উদ্ভব হওয়া। *aor* **ওতরি**। *prp* **ওতরন্ত**। *abs* **ওতরিত্বা**।

**ওতাপেতি**—(অব+ওপ+এ) উত্তপ্ত করা; সূর্যের প্রভাবাধীন করা। *aor* **ওতাপেসি**। *pp* **ওতাপিত**।

**ওতার**—পুরুষ বা বংশ পর্যায়; বংশধরগণ; বংশ; গোষ্ঠী; সমীপে গমন; অভিগমন; প্রবেশ; আপতন; দৈবঘটনা; স্তরচ্যুতি। **ওতারগবেসি**—সুযোগ সন্ধানী। **ওতারাপেক্‌খ**—দৈবঘটনার প্রতি সতর্ক দৃষ্টি রক্ষণকারী।

**ওতারণ**—অবতারণ; নিচে নামানো; প্রস্তাবন; অর্চনা।

**ওতারেতি**—(অব+তর্‌+এ) অবতারণা; নিচে নামানো; প্রস্তাব করা; অর্চনা করা। *aor* **ওতারেসি**। *pp* **ওতারিত**।

**ওতিণ্ণ**—('ওতরতি'র *pp*) অবতীর্ণ; আবির্ভূত; অবরূঢ়; প্রবিষ্ট; অতিক্রান্ত।

**ওত্তপ্প**—(বিরাক্ত লজ্জা ভয় প্রভৃতির দরুন) অন্যায় কিছু করতে পশ্চাৎপদ হওন; অন্যায় কাজে অনিচ্ছা প্রকাশ করণ।

**ওত্তপ্পতি**—(অব+তপ্‌+য) অপরাধ বা পাপ বিষয়ে সচেতন হওয়া; অশুভ বা অমঙ্গল সম্বন্ধে ভীত থাকা। *aor* **ওত্তপ্পি**।

**ওত্তপ্পী, ওত্তাপী**—অন্যায় কর্মে ভীত; দ্বিধাগ্রস্ত; বিবেকী; সতর্ক।

**ওত্থট**—('ওত্থরতি'র *pp*)।

**ওত্থরণ**—বিশেষ প্রয়োজনে কাজের সময় নির্ধারণ, শিল্পে এমন ব্যবস্থা; জলাদি তরলপদার্থে নিমজ্জন; দারিদ্র্য ও দুর্দশায় সম্পূর্ণ নিমজ্জন।

**ওত্থরতি**—(অব+থর্‌+অ) বিশেষ প্রয়োজনে সময় নির্ধারিত করা, শিল্পে এমন ব্যবস্থা; জলাদি তরল পদার্থে নিমজ্জিত হওয়া বা করা। *aor* **ওত্থরি**। *prp* **ওত্থরমান**। *abs* **ওত্থারিত্বা**।

**ওদকন্তিক**—জলের নৈকট্য; জলকে শেষ অভিষেক বা অভিসিঞ্চনরূপে গ্রহণ করে।

**ওদন**—অন্ন; ভাত।

**ওদনিক**—পাচক।

**ওদহতি**—(অব+দহ্‌+অ) দমন করা; প্রশমিত করা; অবনমিত করা; গণ্য করা; আরোপ করা; সন্নিবেশিত করা; মনোনিবেশ করা। *aor* **ওদহি**। *abs* **ওদহিত্বা**।

**ওদহন**—দমন; প্রশমন; অবনমন; গণ্য; আরোপণ; সন্নিবেশ; মনোযোগ।

**ওদাত**—শ্বেত; সাদা; নির্মল; শ্বেতবর্ণ। **ওদাত-কসিন**—শ্বেত কৃৎস্ন; যে ধ্যানের বিষয়বস্তু শ্বেত। **ওদাতবসন**—সাদায় আবৃত।

**ওদিস্‌স**—যথাযথভাবে নির্ধারিত করে; যথাযথভাবে বিচ্ছিন্ন করে।

**ওদিস্‌সক**—স্পষ্ট; যথাযথ; নির্দিষ্ট; বিশেষ।

**ওধি**—অবধি; সীমা; চৌহদ্দি; সীমারেখা। **ওধিসো**—সীমাবদ্ধভাবে; নিয়ন্ত্রিত অবস্থায়; সসীমভাবে; টুকরা-টুকরা করে বা হয়ে; টুকরা-টুকরাভাবে; একটু একটু করে।

**ওধুনাতি**—(অব+ধু+না) সকল সম্পর্ক ত্যাগ করা। *aor* **ওধিনি**।

**ওধূত**—('ওধুনাতি'র *pp*)।

**ওনদ্ধ**—('ওনদ্ধতি'র *pp*)।

**ওনদ্ধতি**—(অব+নধ্‌+ং-অ) বন্ধন করা; একত্র বন্ধন করা; ঢাকা দেওয়া; লুকায়ে ফেলা; জড়ান; মোড়া; আলিঙ্গন করা। *aor* **ওনদ্ধি**।

**ওনত**—('ওনমতি'র *pp*) অবনত।

**ওনমতি**—(অব+নম্‌+অ) আনমিত করানো বা হওয়া; সম্মুখের দিকে দেহ আনত করা; ঝোঁকা। *aor* **ওনমি**। *prp* **ওনমন্ত**। *abs* **ওনমিত্বা**।

**ওনমন**—অবনমন; নোয়ানো; দমন; হীন অবস্থায় আনয়ন।

**ওনয্‌হতি**—(অব+নহ্‌+য) মুড়ে ফেলা; ঢেকে ফেলা; লুকিয়ে ফেলা; বন্ধন করা। *aor* **ওনয্‌হি**।

**ওনহন**—ঢাকনা; আবরণ; আচ্ছাদন; পরদা; ছায়া।

**ওনীত**—অপসারিত; ছাড়ানো; স্থানান্তরিত।

**ওনোজন**—বিভাজন; বন্টন; উপস্থাপন; প্রদর্শন; উপহার।

**ওনোজেতি**—(অব+নুজ্‌+এ) উৎসর্গ করে দেওয়া; একান্তভাবে নিয়োগ করা; বন্টন করা। *aor* **ওনেজেসি**। *pp* **ওনোজিত**।

**ওপক্কমিক**—কোনো কৌশলে উৎপাদিত; কোনো পরিকল্পনায় সঙ্ঘটিত; কোনো আবিষ্কারে উৎপাদিত।

**ওপনযিক**—উপনয়নকারক; পরিচালক; পথপ্রদর্শক; নিকটে আনয়নকারী।

**ওপপাতিক, ওপপাতী**—দৃশ্যমান কারণ ব্যতীত

উদ্ভূত; স্বাভাবিকভাবে জন্মধারণকারী স্বতঃস্ফূর্ত হয়ে জন্মগ্রহণকারী।

**ওপম্ম**—উপমা; তুলনা; তুলনামূলক বিচার।

**ওপরজ্জ**—রাজপ্রতিনিধিত্ব।

**ওপব্বয্হ**—অশ্বারোহণযোগ্য।

**ওপাত**—আবৃত গর্ত; চোরা গর্তের ফাঁদ; গুপ্ত বিপদ।

**ওপাতেতি**—(অব+পত্+এ) ফেলানো; পতিত করা; মধ্যপথে বাধা দেওয়া। *aor* **ওপাতেসি**। *pp* **ওপাতিত**।

**ওপান**—কূপ; কূয়া; যেখানে বিনামূল্যে জল সরবরাহ হয় এমন স্থান।

**ওপাযিক**—উপযুক্ত; মানানসই।

**ওপিয**—স্থাপিত করে; ভিতরে স্থাপন করে।

**ওপিলাপিত**—(ওপিলাপেতি'র বা ওপিলাবেতি'র *pp*)।

**ওপিলাপেতি, ওপিলাবেতি**—(অব+প্লব্+এ) চুবানো; ডোবানো; ভাসানো; ভেসে যাওয়ানো। *aor* **ওপিলাপেসি**।

**ওপুণাতি**—(অব+পু+ণা) বাতাস দেওয়া; (শস্য) ঝাড়া; গভীরভাবে পরীক্ষা করা; পৃথক করা; চালা; আলাদা করা। *aor* **ওপুণি**। *abs* **ওপুণিত্বা**।

**ওভগ্গ**—ভগ্ন; ভাঙ্গা, হেঁচড়িয়ে নিক্ষিপ্ত।

**ওভাস**—('অবভাস' দেখুন) আলো; জ্যোতি; প্রকাশ; স্ফুরণ।

**ওভাসতি**—(অব+ভাস্+অ) আলো দেওয়া; আলো বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া। *aor* **ওভাসি**।

**ওভাসন**—আলোকন; আলো বিকীরণ; উজ্জ্বলন।

**ওভাসিত**—('ওভাসেতি'র *pp*)।

**ওভাসেতি**—('ওভাসেতি'র *caus*) দীপ্তিশীল করা; উজ্জ্বল করা; আনন্দাদিতে উদ্ভাসিত করা; রশ্মি বিকিরণ করা। *aor* **ওভাসেসি**। *abs* **ওভাসেত্বা**।

**ওভাসেন্ত**—সযমান ('ওভাসেতি'র *prp*) দীপ্তিশীল; দীপ্তিমান; উজ্জ্বল; আনন্দাদিতে উদ্ভাসিত।

**ওম, ওমক**—নিম্নতর; হীনতর।

**ওমট্ঠ**—('ওমসতি'র *pp*) অপরিষ্কৃত; অবিশুদ্ধ।

**ওমদ্দতি**—(অব+মদ্দ+অ) মর্দন করা; ঘষা; ঘর্ষণ দ্বারা পালিশ করা; চাপ দেওয়া; অত্যাচার করা; নিপীড়ন করা। *aor* **ওমদ্দি**।

**ওমসতি**—(অব+মস্+অ) স্পর্শ করা; হাত লাগানো; পরিচালনা করা। *aor* **ওমসি**।

**ওমসনা, ওমসবাদ**—অমর্যাদা; অপমান; ভর্ৎসনা; অখ্যাতি; মানহানি; কলঙ্ক।

**ওমুক্ক**—('ওমুঞ্চতি'র *pp*) প্রত্যাখ্যাত; পরিত্যক্ত; বর্জিত; নগ্ন; উলঙ্গ।

**ওমুঞ্চতি**—(অব+মুচ্+ং-অ) অপসৃত করা; খুলে ফেলা; নগ্ন করা। *aor* **ওমুঞ্চি**।

**ওমুঞ্চিত্বা**—('ওমুঞ্চতি'র *abs*) কোনো রকমের পোশাক অপসৃত করা বা খুলে ফেলা।

**ওমুত্তেতি**—(অব+মুত্ত+এ) মূত্র ত্যাগ করা; প্রস্রাব করা। *aor* **ওমুত্তেসি**।

**ওর**—নিকটস্থ তীর বা উপকূল বা সৈকত বা বেলা; এই পৃথিবী; হীনতর বা নিম্নতর। **ওরপার**—নিম্নদেশ ও উর্ধ্ব বা আকাশ; নিকটবর্তী ও দূরবর্তী উপকূল। **ওরমত্তক**—তুচ্ছ; কিঞ্চিন্মাত্র; অকিঞ্চিৎকর। **ওরম্ভাগিয**—নিম্ন লোকভূমির সত্ত্ব। **ওরং, ওরেন**—তলদেশে; নিচে; নিম্নে; অভ্যন্তরে; মধ্যে; ভিতরে; নিম্নদেশে; নিম্নাভিমুখে; নিম্নতলে; এই পার্শ্বের ওপরে।

**ওরক**—নিম্নতর; হীনতর; নিকৃষ্টতর; অনুন্নত; নিচু; অনুচ্চ।

**ওরব্ভিক**—ব্যবসায়ী; দোকানদার; কসাই।

**ওরস**—বৈধ; উপযুক্ত; ন্যায়সঙ্গত; অকৃত্রিম; খাঁটি; স্বার্থ উৎপাদিত।

**ওরিম**—নিম্নতম; এই পার্শ্বে; নিকটস্থ বেলাভূমি।

**অরুদ্ধ**—('ওরুন্ধতি'র *pp*)।

**ওরুন্ধতি**—(অব+রুধি+ং-অ) বাধা দেওয়া; আটক করা; অবরোধ করা; কারারুদ্ধ করা। *aor* **ওরুন্ধি**।

**ওরুয্হ**—('ওরুহতি'র *abs*)।

**ওরুহতি**—(অব+রুহ্+অ) অবরোহণ করা; অবতরণ করা; নেমে আসা। *aor* **ওরোহি**। *prp* **ওরুহন্ত**।

**ওরোহণ**—অবরোহণ; অবতরণ।

**ওরূল্হ**—('ওরুহতি'র *pp*) অবরূঢ়; অধিরূঢ়; অবরোহণ করেছে এরূপ।

**ওরোধ**—১ অন্তঃপুর; হারেম; জেনানা-মহল। ২ অবরোধবাসিনী স্ত্রীলোকগণ।

**ওরোপন**—অবরোপণ; নামানো; অপসারণ; উৎপাটন।

**ওরোপিত**—('ওরোপেতি'র *pp*)।

**ওরোপেতি**—(অব+রুপ্+অ) অবরোপণ করা; নামানো; অপসারণ করা; উৎপাটন করা। *aor* **ওরোপেসি**। *prp* **ওরোপেন্ত, ওরোপযমান**।

**ওরোপেত্বা, ওরোপিয**—('ওরোপেতি'র abs) অবরোপণ করত; নামিয়ে; অপসারণ করে; উৎপাটন করে।

**ওরোহন**—('ওরুহন' দেখুন)।

**ওরোহতি**—('ওরুহতি' দেখুন)।

**ওলগ্গেতি**—(অব+লগ্+এ); অবলগ করা; সংলগ্ন

করা; আটকানো; এঁটে দেওয়া। *aor* **ওলগ্গেসি**। *pp* **ওলগ্গিত**।

**ওলম্ব, ওলম্বক**—অবলগ্ন; সংলগ্ন; আটকানো; আলম্বন; অবলম্বন; ওলনদড়ি।

**ওলম্বতি**—(অৱ+লব্+ং-অ) অবলম্বন করা; বিশ্রাম নিতে থাকা; সাময়িকভাবে স্থগিত বা মুলতবি রাখা; বিলম্বিত করানো। *aor* **ওলম্বি**। *pp* **ওলম্বিত**।

**ওলম্বন**—নিরলম্বন; বিলম্ব।

**ওলম্বমান**—নিরলম্বমান; বিলম্বমান।

**ওলম্বিয, ওলম্বিত্বা**—নিরলম্বন কারো; বিলম্ব করে।

**ওলিখতি**—(অৱ+লিখ্+অ) চুল আঁচড়ানো; চুল পরিষ্কার করা; আঁচড় কাটা। *aor* **ওলিখি**।

**ওলিখিয, ওলিখিত্বা**—চুল আঁচড়িয়ে; চুল পরিষ্কার করে; আঁচড় কেটে।

**ওলিগল্ল**—খাসা; মলকুণ্ড; জঘন্য স্থান।

**ওলীন**—('ওলিযতি'র *pp*) স্বভাবত কুঁড়ে; আলস্যপরায়ণ; মন্থর; অকর্মণ্য।

**ওলীযতি**—(অৱ+লী+য) অকর্মণ্য হওয়া; স্বভাবত কুঁড়ে হওয়া; নিশ্চল হওয়া বা থাকা; পিছিয়ে পড়া। *aor* **ওলীযি**।

**ওলীযনা**—কুঁড়েমি; আলস্যপরায়ণতা; ভারী শরীর; বুদ্ধিভ্রংশ; মোহাচ্ছন্নতা।

**ওলীযমান**—পিছিয়ে পতনমান।

**ওলুগ্গ**—('ওলুজ্জতি'র *pp*) বিখণ্ডিত অবস্থায় পতিত; পচমান।

**ওলুব্ভ**—হেলানো; ঝোঁকে; নির্ভরশীল।

**ওলোকন**—অবলোকন; দৃষ্টি; দর্শন। **ওলোক**—জানালা; বাতায়ন; গবাক্ষ।

**ওলোকিয, ওলোকেত্বা**—('ওলোকেতি'র *abs*)।

**ওলোকেতি**—(অৱ+লোক্+এ) অবলোকন করা; তাকানো; দৃষ্টিপাত করা; চাওয়া; পরিদর্শন করা। *aor* **ওলোকেসি**। *pp* **ওলোকিত**।

**ওলোকেতং**—অবলোকন করণ; তাকানো; দৃষ্টিপাত করণ।

**ওলোকেন্ত, ওলোকথমান**—অবলোকনরত।

**ওৱজ্জমান**—সতর্ক হয়ে; বিশেষভাবে উপদিষ্ট হয়ে; ভর্ৎসিত হয়ে; তিরস্কৃত হয়ে।

**ওৱট্টিকা**—কটিবন্ধনী; কোমরবন্ধনী।

**ওৱদতি**—(অৱ+ৱদ্+অ) উপদেশ দেওয়া; সতর্ক করা; মৃদু ভর্ৎসনা করা। *aor* **ওবদি**। *pp* **ওবদিত**।

**ওৱদন**—মৃদু ভর্ৎসনা।

**ওৱদন্ত, ওৱদমান**—মিনতিকারী; উপদেশপূর্ণ।

**ওৱদিতব্ব**—উপদেশদানযোগ্য; মৃদু ভর্ৎসনার যোগ্য।

**ওৱদিত্বা, ওৱদিয**—উপদেশ প্রদান করে; সতর্ক হতে বলে; মৃদু ভর্ৎসনা করে।

**ওৱরক**—ভিতরের ঘর; ভিতরের কক্ষ; ভিতরের কামরা।

**ওৱরিয, ওৱরিযান**—('ওবরতি'র *abs*) ইতস্তত করে; প্রতিরোধ করে।

**ওৱস্সতি**—(অব+বস্+অ) বৃষ্টিপাত করানো; বর্ষণ করানো। *aor* **ওবস্সি**। *pp* **ওবট্ঠ**।

**ওৱস্সাপেতি**—('ওৱস্সতি'র *caus*) বৃষ্টিপাতের যোগে সিক্ত করা। *aor* **ওবস্সাপেসি**।

**ওৱাদ**—উপদেশ; মিনতি; পরামর্শ; প্রেরণাদান; শিক্ষা; শিক্ষাদান; নির্দেশ। **ওবাদক, ওবাদাযক**—উপদেষ্টা; অনুরোধকারী; পরামর্শদাতা; শিক্ষক; নির্দেশক। **ওবাদক্খম**—উপদেশ প্রদান বা ভর্ৎসনা করা সহজ।

**ওসক্কতি**—(অৱ+সক্ক+অ) পিছনে টানা; পিছিয়ে পড়া; হঠে যাওয়া; পশ্চাদপসরণ করা। *aor* **ওসক্কি**।

**ওসক্কনা**—পিছনে টেনে; পিছিয়ে পড়ে; হঠে গিয়ে; পশ্চাদপসরণ করে।

**ওসক্কিত**—('ওসক্কতি'র *pp*)।

**ওসক্কিত্বা, ওসক্কিথ**—পশ্চাদপসরণ করে; একপাশে সরে গিয়ে।

**ওসট**—('ওসবতি'র *pp*)।

**ওসধ**—ওষুধ; ঔষধ।

**ওসধী**—ভেষজ বা ভৈষজ্য উদ্ভিদ; অতিশয় উজ্জ্বল বা দীপ্তিমান তারকা বিশেষ।

**ওসরণ**—প্রবেশ; সমাবেশ; সভা।

**ওসরতি**—(অৱ+সর্+অ) উত্তরাধিকারসূত্রে পাওয়া; পুনরায় প্রবেশ করা; পুনরায় ঢোকানো; একত্র করা বা একত্র হওয়া; জড় করা বা জড় হওয়া। *aor* **ওসরি**।

**ওসান**—অবসান; শেষ; সমাপ্তি; উপসংহার; নিবৃত্তি।

**ওসারণা**—১ পুনপ্রতিষ্ঠা। ২ ভিড় করানো; জনাকীর্ণ করণ।

**ওসারেতি**—(অৱ+সর্+এ) পুনঃপ্রতিষ্ঠা করা; ব্যাখ্যা বা অর্থপ্রকাশ করা। *aor* **ওসারেসি**। *pp* **ওসারিত**। *abs* **ওসারেত্বা**।

**ওসিঞ্চতি**—(অৱ+সিচ্+ং-অ) সিঞ্চন করা; সেচন করা; ছিটিয়ে দেওয়া। *aor* **ওসিঞ্চি**। *prp* **ওসিঞ্চন্ত**।

**ওসিঞ্চিয, ওসিঞ্চিত্বা**—সিঞ্চন করে; সেচন করে; ছিটিয়ে দিয়ে।

**ওসিত্ত**—('ওসিঞ্চতি'র *pp*)।

**ওসীদতি**—(অৱ+সিদ্+অ) ডোবা; ডোবানো। *aor* **ওসীদি**। *prp* **ওসীদমান**।

**ওসীদন**—ডুবন্ত।
**ওসীদাপন্ন**—চুবানো; ডুবানো; বিসর্জন।
**ওসীদাপেতি**—('ওসীদতি'র *caus*) চুবানো; ডুবানো। *aor* **ওসীদাপেসি**। *pp* **ওসীদাপিত**। abs **ওসীদাপেত্বা**।
**ওস্‌সজতি**—(অব+সজ্‌+অ) ঢিলা করানো; আলগা করানো; বিসর্জন করা; শিথিল করানো; পরিত্যাগ করা; ছেড়ে দেওয়া; মুক্তি দেওয়া। *aor* **ওস্‌সজি**।
**ওস্‌সজন**—বিসর্জন; মুক্তি; প্রেরণ।
**ওস্‌সজ্জ, ওস্‌সজ্জিত্বা**—পরিত্যাগ ক'রে; মুক্তি প্রদানে।
**ওস্‌সট্‌ঠ**—('ওস্‌সজতি'র *pp*)।
**ওহরতি**—(অব+হর+অ) অপসৃত করা; খুলে ফেলা; অনুকরণ করা; ভেঙে ফেলা; গলাধঃকরণ করা। *aor* **ওহরি**। *pp* **ওহট**।
**ওহায**—('ওজহতি'র *abs*) পরিত্যক্ত করে; বিসর্জিত করে।
**ওহারণ**—১ অপসারণ; স্থানান্তরণ। ২ মুণ্ডন; কামানো।
**ওহিত**—('ওহরতি'র *pp*) অপসৃত; শায়িত; আস্তৃত; লুক্কায়িত।
**ওহীযক**—পিছনে পড়ে থাকে এমন; পরিত্যক্ত হয়ে থাকে এমন।
**ওহীযতি**—(অব+হি+য) পিছনে পড়ে থাকা; পিছনে থাকা। *aor* **ওহীযি**। *abs* **ওহীযিত্বা**।
**ওহীযন**—পিছনে থাক।
**ওহীযমান**—পিছিয়ে পতন।
**ওলারিক**—স্থূল; মোটা; প্রশস্ত; বিস্তৃত।

# ক

**ক**—('কিং'প্রশ্নবোধক সর্বনাম হতে) কে; কি; কোনটি; কোন।
**ককচ**—করাত।
**ককন্টক**—গিরগিটি; বহুরূপী।
**ককু**—ককুদ; গিঁট; গ্রন্থি; মৈত্রী বন্ধন; জট; শীর্ষ; শিখর; চূড়া; অভিক্ষেপণ-কোণ; কুঁজ; ককুৎ।
**ককুধ**—(বৃষের) ককুৎ বা ককুদ বা কুঁজ; (মোরগের) ঝুঁটি; *Terminalia arjuna* বৃক্ষ। **ককুধভণ্ড**—রাজকীয় প্রতীক-চিহ্ন। পঞ্চ রাজকীয় অধিকার ও ক্ষমতা—মুকুট; উষ্ণীষ; চন্দ্রাতপ; চটী; চমরী মৃগের লেজ।
**কক্ক**—নরম আঠালো পিণ্ড; তৈলাক্ত পদার্থের জমানো গাদ।
**কক্কট, কক্কটক**—কর্কট; কাঁকড়া। **কক্কটযন্ত**—দেয়ালে আটকানোর মই, যার এক প্রান্তে বড়শি লাগানো।
**কক্কস**—কর্কশ; এবড়ো-খেবড়ো; রূঢ়; কঠোর।
**কক্কারী**—শসা; ক্ষীরিকা।
**কক্খল**—কর্কশ; এবড়ো-খেবড়ো, রূঢ়, কঠোর; শক্ত। **কক্খলট**—রূঢ়তা; কঠোরতা; অনমনীয়তা; অদমনীয়তা; কঠোর নিয়মানুবর্তিতা।
**কঙ্ক**—সারস জাতীয় পক্ষিবিশেষ।
**কঙ্কণ**—কাঁকন; বলয়; কটক।
**কঙ্খতি**—(কখ্‌+ং-অ) আশঙ্কা করা; সন্দেহ করা; অনিশ্চিত হওয়া। *aor* **কঙ্খি**।
**কঙ্খনা, কঙ্খা, কঙ্খাযনা**—আশঙ্কা; শঙ্কা; সন্দেহ; অনিশ্চয়তা।
**কঙ্খমান, কঙ্খী**—যিনি সন্দেহ করেন বা বিশৃঙ্খল করতে শুরু করেন; দ্বিধাগ্রস্থ।
**কঙ্খীনীয, কঙ্খিতব্ব**--আশঙ্কনীয়; আশঙ্কাযোগ্য।
**কঙ্খিত**—('কঙ্খতি'র *pp*)।
**কঙ্খিয, কঙ্খিত্বা**—আশঙ্কা করে; সংশয়াপন্ন হয়ে; দ্বিধাগ্রস্ত হয়ে; অনিশ্চিত হয়ে।
**কঙ্গু**—জোয়ার (বীজ); ভুট্টা (বীজ)।
**কচবর**—ঝেটিয়ে ফেলা জঞ্জাল; আবর্জনা।
**কচ্চি**—সন্দেহ প্রকাশক অসমাপিকা প্রশ্নবোধক অব্যয় (কখন কখন ইহার পরে নু, নু খো ইত্যাদি উপসর্গ যোগ হয়)।
**কচ্ছ**—১ জলাভূমি। ২ কুক্ষি; বগল। **কচ্ছন্তর**—বগলের নিচে; রাজপ্রাসাদের ভিতর। **কচ্ছপুট**—ফেরিওয়ালা; কাঁধে গাঁইট ঝোলানো এমন।
**কচ্ছক**—এক প্রকার ডুমুর গাছ।
**কচ্ছপ**—কাছিম; কেঠো; দুর।
**কচ্ছা**—কটির পোশাক; কোমরের পোশাক; হাতির জন্য কটিবন্ধ বা কোমরবন্ধ। **কচ্ছাবন্ধন**—কোমরবন্ধ অথবা কোমরের কাপড় দিয়ে বন্ধন।
**কচ্ছু**—খোস; পাঁচড়া; চুলকানি; ফলগাত্রে আবরণ পড়ার রোগ বিশেষ; ঘতের উপরে যে মামড়ি পড়ে; যার ফল চামড়ায় পড়লে চুলকানি জন্মায় এমন গাছ।
**কজ্জল**—ভুসা; ঝুল।
**কঞ্চন**—কাঞ্চন; স্বর্ণ; সোনা। **কঞ্চনবণ্ণ**—স্বর্ণবর্ণের; সোনার রঙের।
**কঞ্চুক**—কোট; খাটো জামা; পশুচর্ম; খোসা; বর্ম;

সাপের পরিত্যক্ত খোলস; জ্যাকেট।
**কঞ্জিক, কঞ্জিয**—ভাতের মণ্ড।
**কঞ্ঞা**—কন্যা; বালিকা; কুমারী।
**কট**—মাদুর; গণ্ড; গাল; কপোল। **কটসার**—সরু দণ্ড দ্বারা তৈরি মাদুর।
**কট**—(কত), 'করোতি'র *pp*; কৃত।
**কটক**—১ কঙ্কণ; কাঁকন; বলয়। ২ প্রস্তর—গুহা।
**কটচ্ছু**—চামচ। **কটচ্ছুমত্ত**—চামচপূর্ণ।
**কটসার**—মাদুর।
**কটসি**—কবরখানা।
**কটাহ**—কড়া; ভাজনা; আধার; কড়াই; খোলা।
**কটি**—নিতম্ব; পাছা; কটি; কোমর।
**কটুক**—কটু; শাণিত; ধারালো; তীক্ষ্ণ; তীব্র; কঠোর; নিদারুণ পীড়নকর; বেদনাদায়ক; যন্ত্রণাদায়ক; তীক্ষ্ণতা; তীব্রতা; কঠোরতা। **কটুকত্ত**—তীক্ষ্ণতা; তীব্রতা। **কটুক বন্ধ**—মসলা। **কটুকপ্ফল**—কঠোর ফল হয় এমন; কতেক সুগন্ধি উদ্ভিদের বীজ। **কটুক বিপাক**—তিক্ত ফল প্রদায়ক।
**কটুৰিযকত**—অবিশুদ্ধ কৃত; অপরিশুদ্ধ করা হয়েছে এমন।
**কট্ঠ**—কাষ্ঠ; কাঠ; গাছের টুকরো। **কট্ঠত্থর**—তক্তার শয়নাসন; পল্লব বা ফেঁকড়ি দ্বারা তৈরি মাদুর। **কট্ঠময়**—গাছের তৈরি।
**কট্ঠক**—বংশ; বাঁশ।
**কট্ঠিস্স**—মূল্যবান বস্তুর সাহায্যে সূচিশিল্পে পরিশোভিত রেশমি শুজনি।
**কঠল**—ভাঙা মাটির পাত্রের টুকরা; চাঁড়া।
**কঠিন**—কর্কশ; শক্ত; ভিক্ষুর চীবর তৈরি করার জন্য বাৎসরিক বস্ত্রদান। **কঠিনত্থার**—কঠিনে পরিণত করার উদ্দেশ্যে দান। **কঠিনুদ্ধার**—কঠিন চীবর উদ্ধরণ বা উত্তোলন।
**কড্ঢতি**—(কড্ঢ+অ) হেঁচড়িয়ে নিয়ে যাওয়া; উৎপাটন করা; টেনে তুলে ফেলা। *aor* **কড্ঢি**। *pp* **কড্ঢিত**।
**কড্ঢন**—হেঁচড়ানো; উৎপাটন; উন্মূলন; শোষণ।
**কণ**—রেণু; গুঁড়া; অতি সূক্ষ্ম ধান্যাংশ বস্তুর অত্যল্প অংশ; ভাঙা চাউল।
**কণয**—এক প্রকার বর্শা বা বল্লম; খাটো বর্শা বা ভল্ল।
**কণাধর**—করবীজাতীয় চিরহরিৎ বৃক্ষবিশেষ।
**কণাজক**—(ফুটন্ত জলে চাউল গুলে তৈরি) পুডিং বিশেষ; পরিজ।
**কণিকার**—*Petrospermum acerifolium*, যার সোনার রঙের ফুল।
**কণিট্ঠ, কণিয**—সকলের ছোট; সর্বানুজ; বয়সে সকলের ছোট। **কণিট্ঠক**—ছোট ভাই।
**কণিট্ঠা, কণিট্ঠিকা, কণিট্ঠী**—ছোট ভগ্নি; ছোট বোন।
**কণেরু**—হস্তী; হস্তিনী। 'করেণু' দেখুন।
**কণ্টক**—কাঁটা; অস্থি; ধারালো আগাবিশিষ্ট যে কোনো অস্ত্র। **কণ্টক অপস্সয**—যার নিম্নদিকে লোহার পেরেক অথবা কাঁটা আছে, এমন প্রসারিত চামড়া দ্বারা প্রস্তুত শয়নাসন। **কণ্টক আধান**—কণ্টকময় প্রতিবন্ধক।
**কণ্ঠ**—গলা; গলদেশ; কণ্ঠনালি। **কণ্ঠজ**—কণ্ঠনালিতে উৎপন্ন; কণ্ঠপথে উচ্চারিত; কণ্ঠ্য। **কণ্ঠনাল**—কণ্ঠনালি।
**কণ্ড**—১ খণ্ড; অধ্যায় বা পরিচ্ছেদ। ২ বাণ; তীর; শর; দণ্ড।
**কণ্ডরা**—যে শিরাগুচ্ছ দ্বারা হাড় বা অন্য অঙ্গের সহিত মাংসপেশি আবদ্ধ থাকে।
**কণ্ডু, কণ্ডুতি**—গাত্রঘর্ষণ; চুলকানি; খোস; পাঁচড়া।
**কণ্ডুযন, কণ্ডুবন**—চুলকানো; সুড়সুড় করা; নখরাদি দ্বারা খোঁড়া বা আঁচড়ানো।
**কণ্ডুরতি**—('কণ্ডু' হতে *deno*) চুলকানো; জ্বালাতনপ্রাপ্ত হওয়া; চুলকানি হতে কষ্টভোগ করা। *aor* **কণ্ডুরি**।
**কণ্ন**—কর্ণ; কান; কোণ; কোনা; জামার কিনারা। **কণ্ন কটুক**—শুনতে অসম্মত। **কণ্ন গূথ, কণ্নমল**—কর্ণমল; কানের খোল; কানের খইল। **কণ্নচ্ছিদ্দ**—কর্ণরন্ধ্র। **কণ্নচ্ছিন্ন**—কান কাটা হয়েছে এমন। **কণ্নজপ্পক**—ফিসফিস করে অথবা গোপনে চুপি চুপি অথবা কানে-কানে বলে এমন। **কণ্নজপ্পন**—ফিসফিস করে অথবা গোপনে চুপি চুপি অথবা কানে কানে বলন। **কণ্নজলুকা**—বৃশ্চিক, কেন্নো প্রভৃতি বহুপদী ছোট জাতের সরীসৃপ। **কণ্নবিল**—কর্ণরন্ধ্র। **কণ্নভূসা**—মাকড়ি; কানের অলঙ্কার। **কণ্নমূল**—কানের গোড়া। **কণ্ন বল্লি**—কানের লতি। **কণ্ন-বিজ্ঝন**—কর্ণবিধন; কান-ছিদ্রাবলি। **কণ্ন বেঠন**—কানের একপ্রকার অলঙ্কার। **কণ্নসক্খলিকা**—কানের বহিরাংশ। **কণ্নসুখ**—কানের আনন্দদায়ক। **কণ্নসূল**—কানের বেদনা।
**কণ্নধার**—কর্ণধার; জাহাজের (জলযানের) নাবিক; কাণ্ডারি।
**কণ্নিকা**—কর্ণিকা; কানতড়কা; কর্ণভূষণ; (প্রধানত শস্যের) আঁটি; গৃহচূড়া; বাড়ির ছাদ। **কণ্নিকা-মণ্ডল**—ছাদের চূড়া যেখানে ছাদের ঢালু বরগা বা

ঘরের চালের আড়া মিলিত হয়। **কন্নিকাবদ্ধ**—আঁটিবদ্ধ।

**কণ্হ**—কৃষ্ণ; কালো; অন্ধকার; পাপ; অমঙ্গল; কালো রং; বিষ্ণু দেবতা। **কণ্হপক্খ**—মাসের অর্ধান্ধকার। **কণ্হবত্তনী**—অগ্নি; আগুন। **কণ্হবিপাক**—অশুভ ফললাভ করে। **কণ্হসপ্প**—কৃষ্ণসর্প; কৃষ্ণবর্ণ বিষাক্ত সর্প।

**কত**—('করোতি'র *pp*) কৃত; করা হয়েছে যা; প্রস্তুত; সম্পাদিত; পরিপূরিত। **কতকম্ম**—অভ্যস্ত; অনুশীলিত; পটু; দক্ষ; কৃতকর্ম, যাদের নিজের কাজ করা হয়েছে এমন। **কতকল্যাণ** *বিণ*—কৃতকল্যাণ; ভালো কাজ করেছে এমন। **কতকিচ্চ** *বিণ*—কৃতকৃত্য; সফলকাম; চরিতার্থ; বিদ্বান। **কত অঞ্জলি**—যে হাত জোড় করেছে; জোড়া হাত। **কত পটিসন্থার** *বিণ*—সাদরে গৃহীত। **কত পরিচয** *বিণ* কৃত পরিচয়; প্রত্যক্ষ পরিচয়ে বা জ্ঞানে অভ্যস্ত বা নির্মিত। **কত পাতরাস** *বিণ* প্রাতরাশ বা প্রাতকালীন ভোজন শেষ করে। **কতপুঞ্ঞ** *বিণ* কৃতপুণ্য; প্রশংসনীয় বা গুণসম্পন্ন কাজ যিনি করেছেন। **কত পুঞ্ঞ** *বিণ* কৃতপুণ্য; প্রশংসনীয় বা গুণসম্পন্ন কাজ যিনি করেছেন। **কত পুঞ্ঞতা** *স্ত্রী* সম্মানার্হ বা প্রশংসনীয় হবার প্রকৃত বিষয়। **কত পুব্ব** *বিণ* কৃতপূর্ব; যা পূর্বে করা হয়েছে। **কত ভত্তকিচ্চ** *বিণ* যে খাওয়া শেষ করেছে। **কত ভাব** *পুং* কৃত ভাব; প্রকৃত বিষয় সম্পান করে। **কতবেদী** *বিণ* কৃতজ্ঞ; যে উপকার স্বীকার করে। **কতবেদিতা** *স্ত্রী* কৃতজ্ঞতা। **কত সক্কার, কত সংগহ** *বিণ* কৃত সৎকার; কৃত সংগ্রহ; যে ব্যক্তি অতিথি সৎকার গ্রহণ করেছে। **কত সংকেত** *ক্লীব* পূর্বেই নির্মিত নিয়োগ বা নিদর্শন। **কতসিক্খ** *বিণ* যে অভ্যাস করেছে; যে অনুশীলন করেছে। **কত অনুংগহ** *বিণ* কৃত অনুগ্রহ; যার সাহায্য লাভ করা হয়েছে; যার দ্বারা অনুগ্রহ করা হয়েছে। **কত অধিকার, কত অভিনীহার, কত অভিনিবেস** *বিণ* সিদ্ধান্ত বা উচ্চাকাঙ্ক্ষা যিনি গঠন করেছেন। **কত অপরাধ** *বিণ* কৃত অপরাধ; দোষী; অপরাধী; পাপী। **কত অভিসেক** *বিণ* কৃত অভিষেক; অভিষিক্ত; উৎসর্গকৃত; পবিত্রকৃত; পূত।

**কতঞ্ঞ** *বিণ* কৃতজ্ঞ। **কতঞ্ঞুতা** *স্ত্রী* কৃতজ্ঞতা।

**কতত্ত** *ক্লীব* যার সম্পাদন ক্রিয়া চলছে; যে সত্য বিষয় করা হচ্ছে।

**কতর** *বিণ* যা; যে; যেটি; যেগুলি।

**কতমত্তে**—(অধিকরণ কারক) কিছু করার সঙ্গে সঙ্গে।

**কতব** *বিণ* যেটি (দু'টির বা উভয়ের)।

**কতি**—কয়টি। **কতি বস্স** *বিণ* কয় বৎসর লাভ করে; বয়স কয় বছর। **কতবিধ** *বিণ* কত রকম?

**কতিকা** *স্ত্রী* আলাপ; কথা বলা; কথোপকথন; যুক্তি।

**কতিপয** *বিণ* কতিপয়; কতেক; কতকগুলো।

**কতিপাহ** *ক্লীব* কয়েকদিন; অল্প কয়দিন। **কতিপাহং**—অল্পদিনের জন্য।

**কতূপকার**—কৃত্যুপকার; সাহায্যপ্রাপ্ত; যে কোনো ব্যক্তিকে প্রদত্ত সাহায্য।

**কতুপাসন**—ধনুর্বিদ্যায় দক্ষ; চতুর।

**কতোকাস**—অনুমতি প্রাপ্ত হয়ে; অনুমতি প্রদত্ত।

**কত্তব্ব**—কর্তব্য; করার উপযুক্ত; বাধ্যবাধকতা। **কত্তব্বযুত্তক**—করার বা সম্পন্ন হবার উপযোগী। **কতব্বতা**—সম্পন্ন হবার উপযোগিতা।

**কত্তর**—খুব ছোট। **কত্তর দণ্ড, কত্তর যট্‌ঠি**—হাঁটার লাঠি, যষ্টি। **কত্তর সুপ্প**—ঝাড়বার ছোট ঝুরি।

**কত্তরি, কত্তরিকা**—কাঁচি; বড় কাঁচির ন্যায় যন্ত্র।

**কত্তিকমাস**—কার্তিক মাস; অক্টোবর-নভেম্বর।

**কত্তিকা**—কৃত্তিকা নামক নক্ষত্রপুঞ্জ।

**কত্তু**—নির্মাতা; কারক; প্রণেতা; প্রস্তুতকারক; একটি বিজ্ঞানের বিষয়। **কত্তুকাম**—করতে ইচ্ছুক। **কত্তুকামতা, কত্তুকম্যতা**—করতে আকাঙ্ক্ষা।

**কত্তুং**—করা।

**কত্থ**—কোথায়?

**কত্থচি**—কোনো একস্থানে; কোথাও।

**কত্থতি**—(কথ্+অ) দম্ভ করা; সদম্ভে বলা। *aor* **কত্থি**। *pp* **কত্থিত**।

**কত্থনা**—দম্ভ; সদম্ভে কথন; দম্ভোক্তি; আত্মম্ভরিতাসূচক উক্তি; বড়াই; অহঙ্কার; দর্প; আস্ফালন; ধার্মিকতার ভান।

**কত্থী**—দম্ভকারী; আস্ফালনকারী; ধার্মিকভাবে ভানকারী; প্রবঞ্চক দম্ভী।

**কত্বা**—('করোতি'র abs) করে; সম্পাদন করে।

**কথং**—কিরূপে? কিভাবে? **কথংকথা**—সন্দেহ; সংশয়; অনিশ্চয়তা। **কথংকথী**—যে সন্দিহান; সন্দিগ্ধ এমন; সংশয়িত এমন। **কথংকর**—কেমনতর; অপরূপ; অদ্ভুত; কিরকম। **কথংভূত**—কি রকমের? কি ধরনের? **কথংবিধ, কথংপকার**—কি বিধ? কি প্রকার? **কথং সীল**—কি স্বভাব?

**কথন**—কথা; উক্তি; বলা; কথোপকথন; আলাপ-আলোচনা।

**কথা**—উক্তি; উচ্চারণ; গল্প; কথাবার্তা। **কথাপাভত**—কথোপকথনের বিষয়। **কথামগ্গ**—কথামার্গ;

বর্ণনাকর; বর্ণনামূলক; গল্প; কাহিনী; আখ্যান। **কথাৱথু**—কথাবস্তু; বিতর্কের বিষয়; আলোচনার বিষয়; অভিধর্মের গ্রন্থ। **কথাসল্লাপ**—বন্ধুত্ব আলাপ।

**কথাপেতি**—('কথেতি'র *caus*) বলানো; সংবাদ প্রেরণ। *aor* কথাপেসি।

**কথিত**—('কথেতি'র *pp*)।

**কথেতি**—(কথ্+এ) বলা; কহা; কথা বলা; বর্ণনা করা। *aor* **কথেসি**। prp **কথেন্ত**।

**কথেত্বা**—বলে; কয়ে; কথা বলে।

**কদন্ন**—নষ্ট অন্ন; খারাপ খাদ্য।

**কদম্ব**—*Nauclea cordifolia* বৃক্ষ।

**কদরিয**—কদর্য; কুৎসিত; খারাপ; কৃপণবৎ; কিপটে; কৃপণস্বভাব; ব্যয়কুণ্ঠ; কার্পণ্যপূর্ণ; ধনলোভ; অর্থ-লিপ্সা; কার্পণ্য; বদমেজাজ। **কদরিযতা**—ব্যয়কুণ্ঠা; দানকুণ্ঠা।

**কদলি**—কদলী; কলাগাছ; পতাকা; নিশান। **কদলিফল**—কলা। **কদলিমিগ**—কদলি-মৃগ; মৃগী; এক জাতীয় হরিণ, যার চামড়া অতীব মূল্যবান।

**কদা**—কখন? কোন সময়?

**কদাচি**—কখনো কখনো; সময়ে সময়ে; মধ্যে মধ্যে, কদাচিৎ; কদাচ।

**কদ্দম**—কর্দম; কাদা; পঙ্ক; পাঁক। **কদ্দমবহুল**—কর্দমবহুল; কাদাপূর্ণ। **কদ্দমোদক**—কাদাটে জল; ঘোলাটে জল।

**কনক**—স্বর্ণ; সোনা। **কনকচ্ছবি, কনকত্তচ**—সোনালি রূপের; সোনালি চেহারার। **কনকপ্পভা**—কনকপ্রভা; সোনার বর্ণ। **কনকৱিমান**—কনকবিমান; সোনার বিমান; স্বর্ণ প্রাসাদ।

**কনীনিকা**—চোখের মণি; চোখের তারা।

**কন্ত**—কান্ত; মনোরম; প্রিয়; কমনীয়; শোভন; স্বামী।

**কন্ততি**—(কন্ত্+অ) সুতা কাটা; প্রসারিত বা বিলম্বিত করানো অথবা হওয়া; কাটা বা ছাঁটা; বিভক্ত করা; ফেড়ে ফেলা; কেটে ক্ষত করা; চেরা। *aor* **কন্তি**। *prp* **কন্তন্ত**।

**কন্তন**—কাটন; চেরন।

**কন্তা**—কান্তা; স্ত্রীলোক; ভার্যা; স্ত্রী।

**কন্তার**—কান্তার; দুর্গমপথ; পথহীন ও জলহীন স্থান; ঊষর ও নির্জন প্রান্তর। **কন্তার নিত্থরণ**—মরুভূমির মধ্য দিয়ে অতিক্রমণ।

**কন্তিত**—('কন্ততি'র *pp*)।

**কন্দ**—গোলাকার স্ফীত; মুলা; আলু; মিঠে আলু; রাঙ্গা আলু।

**কন্দতি**—(কন্দ্+অ) ক্রন্দন করা; কাঁদা; বিলাপ করা; আর্তনাদ করা; শোক করা। *aor* **কন্দি**। *pp* **কন্দিত**।

**কন্দন্ত**—('কন্দতি'র *prp*)।

**কন্দন, কন্দিত**—ক্রন্দন; কাঁদন; বিলাপ; আর্তনাদ; শোক।

**কন্দর, কন্দরী**—পর্বতের ঢালে গহ্বর; পর্বতের ঢালুস্থানে গুহা।

**কন্দুক**—(খেলায় ব্যবহৃত) গোলক; বর্তুল; ডেলা; দলা; যে কোনো গোল বস্তু।

**কপণ**—১ দরিদ্র; গরীব; অর্থহীন; দুর্দশাগ্রস্ত; দুঃখী। ২ ভিখারি।

**কপল্ল, কপল্লক**—খাপড়া ভাজবার চাটু সস্প্যান; ভাজার চেটালো পাত্র; পাত্রাদির ভাঙা টুকরা। **কপল্লপূৱ**—ডিম ময়দা চিনি ও দুধ মিশিয়ে প্রস্তুত পিঠাবিশেষ।

**কপাল, কপালক**—১ (যেমন কচ্ছপের) শক্ত বহিরাবরণ; খোল; খোলক। ২ ভাজার পাত্র; পাত্র। ৩ ভিখারির পাত্র। **কপালসীস**—মাথার খুলি।

**কপি**—বানর। **কপিকচ্ছু**—*Mucana pruritus* উদ্ভিদ।

**কপিঞ্জল**—তিত্তির জাতীয় পক্ষিবিশেষ; চাতক।

**কপিত্থ**—বন-আপেল; কয়েতবেল; কয়েতবেলের গাছ।

**কপিল**—পিঙ্গল বর্ণ; পিঙ্গলবর্ণযুক্ত; পীতের আভাযুক্ত কৃষ্ণবর্ণ; একজন মুনির নাম।

**কপিলৱথু**—যে নগরে কুমার সিদ্ধার্থের জন্ম; কুমার সিদ্ধার্থের জন্মভূমি।

**কপিসীস**—দরজার চৌকাট।

**কপোত**—পারাবত; পায়রা; ঘুঘু।

**কপোল**—গণ্ডদেশ; গাল।

**কপ্প**—১ কল্প; সংসারচক্র; যুগ; মহাকালের শক্তি। ২ চিন্তা; কল্পনা; সঙ্কল্প; মন। **কপ্পট্‌ঠাযী, কপ্পট্‌ঠিতিক**—কল্পস্থায়ী; সংসারচক্রের স্থায়িত্ব। **কপ্পরুক্খ**—কল্পবৃক্ষ; কল্পতরু; সকল বাসনা পূর্ণ করার স্বর্গীয় বা স্বর্গস্থ বা দিব্য তরু বা বৃক্ষ। **কপ্পৱিনাস**—কল্পবিনাশ; কল্পধ্বংস; প্রলয়। **কপ্পৱিনাসক**—যুগান্তকারক; প্রলয়ঙ্করী।

**কপ্প**—উপযুক্ত; যথাযোগ্য; যথাযথ; সদৃশ।

**কপ্পক**—১ নাপিত। ২ রাজসংসারের সরকার; বিশিষ্ট অমাত্যের সংসারের সরকার।

**কপ্পট**—পুরাতন নেকড়া; ছেঁড়া জামা।

**কপ্পতি**—(কপ্প্+অ) উপযুক্ত হওয়া; যোগ্য হওয়া; আপাতদৃষ্টিতে প্রতীয়মান হওয়া; যথাযথ হওয়া।

**কপ্পন, কপ্পনা**—১ আরোপ; রচনা। ২ সাজ পরানো; বর্মভূষিত করণ; জিন পরানো। ৩ যা নেই তা আছে বলে মনে করা; মনগড়া বিষয়। ৪ চিন্তন; মনন;

জীবনধারণ (জীবিতের দ্বারা গুরুত্ব আরোপ)।

**কপ্পবিন্দু**—ভিক্ষুর চীবরে প্রস্তুত ক্ষুদ্র কাল বিন্দু।

**কপ্পর**—কনুই।

**কপ্পাস**—কার্পাস; কাপাস গাছ। **কপ্পাস পটল**—কার্পাসের স্তর। **কপ্পাসময, কপ্পাসসিক**—কার্পাসময়; কার্পাসে তৈরি। **কপ্পাসপাসী**—কার্পাস গাছ।

**কপ্পিক**—সংসারচক্র সংশ্লিষ্ট।

**কপ্পিত**—('কপ্পেতি'র *pp*)।

**কপ্পিয**—কল্পীয়; যথাযথ; যথোচিত; আইনসঙ্গত; যথাযোগ্য। **কপ্পিযকারক**—ভিক্ষুর সেবক; যে যথোচিত জিনিস যোগায়। **কপ্পিয ভণ্ড**—যে জিনিস ভিক্ষুর পক্ষে স্বীকৃত বা উপযুক্ত।

**কপ্পূর**—কর্পূর; স্বনামপ্রসিদ্ধ সাদা গন্ধদ্রব্য বিশেষ।

**কপ্পেতি**—(কপ্প্+এ) প্রস্তুত করা; উপযোগী করা; সাজ পরানো; বর্মভূষিত করা; সাজানো; সুবিন্যস্ত করা; সাজিয়ে রাখা; মনোযোগের সহিত ভাবা বা বিবেচনা করা; নির্মাণ করা; জীবনযাপন করা। *aor* **কপ্পেসি**। *prp* **কপ্পেন্ত**।

**কপ্পেত্বা**—বর্মভূষিত করে; সাজিয়ে; সুবিন্যস্ত করে; উপযোগী করে।

**কবর**—কলঙ্কিত; চিহ্নিত; কর্বুরিত; কর্বুর।

**কবল**—গ্রাস; কুলকুচা; পিণ্ড; দলা; ডেলা; একগ্রাস। **কবলিঙ্কার**—ডেলা পাকায়ে। **কবলিঙ্কারাহার**—আধিভৌতিক খাদ্য।

**কব্ব**—কাব্য; পদ্যে বা গদ্যে কবি প্রণীত গ্রন্থবিশেষ; কবিতা; পদ্যে রচনা।

**কম**—বিন্যাস; প্রণালি; ঢং; আচার-আচরণ; অভ্যাস; প্রথা; রীতিনীতি; আচরণ; ধরন।

**কমতি**—(কম্+অ) গমন করা; অংশগ্রহণ করা; যোগদান করা। *aor* **কমি**। *pp* **কন্ত**।

**কমণ্ডলু**—জলপাত্র।

**কমনীয**—মনোহর; স্পৃহণীয়; কাম্য; সুন্দর।

**কমল**—পদ্ম। **কমলদল**—পদ্মের পাপড়ি।

**কমলাসন**—ব্রহ্মা; সৃষ্টিকর্তা।

**কমলিনী**—পদ্মপুকুর অথবা পদ্মের হ্রদ।

**কমুক**—সুপারি গাছ।

**কম্পক**—যে কম্পিত হয় বা কম্পিত করায়।

**কম্পতি**—(কম্প্+অ) কাঁপা বা কাঁপানো; আন্দোলিত হওয়া; কম্পমান হওয়া; বিচলিত হওয়া। *aor* **কম্পি**। *prp* **কম্পমান, কম্পন্ত**।

**কম্পন, কম্পা**—কাঁপানো; আন্দোলন।

**কম্পিত**—(কম্পেতি'র এবং 'কম্পতি'র *pp*) আন্দোলিত; নড়ানো; আলোড়িত।

**কম্পিয**—পরিবর্তনশীল; অস্থির; অস্থাবর; কম্পনীয়।

**কম্পেতি**—('কম্পতি'র *caus*) উপরে-নিচে বা এদিকে-ওদিকে দ্রুত ঝাঁকানি খাওয়া অথবা ঝাঁকানি দেওয়া; আন্দোলিত হওয়া বা করানো; নড়া বা নড়ানো; কাঁপানো। *aor* **কম্পেসি**। *prp* **কম্পেন্ত**।

**কম্পেত্বা, কম্পিয**—ঝাঁকানি দিয়ে বা খেয়ে; আন্দোলিত হয়ে বা করে; নড়ে বা নাড়িয়ে; কেঁপে বা কাঁপিয়ে।

**কম্বল**—পশমি কাপড়; লোমরচিত আসন। **কম্বলী**—যার পোশাকে পশমি জামা আছে এমন। **কম্বলীয**—পশমি জামা।

**কম্বু**—স্বর্ণ; সোনা; শঙ্খের খোল; শঙ্খ; শাঁখ; শামুক। **কম্বুগীব**—শঙ্খের ন্যায় রেখাযুক্ত গ্রীবা; কম্বুসদৃশ কণ্ঠ; শঙ্খবৎ গ্রীবা বিশিষ্ট; কম্বুসদৃশ কণ্ঠ যার।

**কম্বোজ**—একটি দেশের নাম।

**কম্ম**—কর্ম, কার্য; চাকরি; কাজ; ক্রিয়া। **কম্মকর, কম্মকার**—শ্রমজীবী; শ্রমিক; কারিগর; দক্ষ কারিগর। **কম্মকরণ**—পরিশ্রম; কাজ; কর্ম; চাকরি; সেবা; ক্রিয়া; কার্য। **কম্মকারণ**—দেহগত বা দৈহিক বা কায়িক শাস্তি। **কম্ম কারক**—কর্মকারক। **কম্মক্খয**—পূর্বকর্মের নিষ্পত্তি এবং উহার ফল; পূর্বকর্মের পরমোৎকর্ষতা এবং তার ফল। **কম্মজ**—কর্ম দ্বারা জাত বা উৎপাদিত। **কম্ম জাত**—নানাপ্রকার কর্ম বা চাকরি। **কম্ম দাযাদ**—আপন কর্মই পরিণতি বা ফলের জন্য দায়ী; কর্মের পরিণতি বা ফলের জন্য দায়ী নিজের কর্ম। **কম্ম নানত্ত**—কর্মের নানাবিধ অবস্থা। **কম্মনিব্বত্ত**—কর্মনিবর্ত, কর্মযোগে উৎপাদিত। **কম্মপথ**—কর্মপথ; কর্মপন্থা। **কম্মপচ্চয**—কর্মপ্রত্যয়; কর্মকে ভিত্তি বা বনিয়াদ করে; কর্মহেতু। **কম্মবন্ধু**—কর্মকে বন্ধু বা আত্মীয় করে। **কম্মবল**—কর্মের শক্তি; কর্মবল। **কম্মযোনি**—কর্মকে আদিকারণ বা উৎস হিসাবে গ্রহণ করে। **কম্মবাদ**—কর্ম অভীষ্ট ফলদানে সক্ষম এই অভিমত। **কম্মবাদী**—কর্মফলে বিশ্বাসী। **কম্মবিপাক**—কর্মবিপাক; কর্মের ফল বা পরিণাম। **কম্মবেগ**—কর্মবেগ; কর্মপ্রেরণা। **কম্মসমুট্ঠান**—কর্মসমুত্থান; কর্মের সম্যক উত্থান, কর্মের অভ্যুদয়। **কম্মসম্ভব**—কর্মসম্ভব; কর্ম দ্বারা উৎপাদিত। **কম্মসারিক্খক**—কর্মের ফল কর্মের অনুরূপ; যেমন কর্ম তেমন ফল। **কম্মসক**—কর্মই ব্যক্তিবিশেষের সম্পত্তি; একজনের ধর্ম বা গুণ তার কর্ম। **কম্মাযূহনন**—কর্মসমূহ জড়করণ; কর্মসমূহকে জমান। **কম্মউপচয**—কর্ম-উপচয়;

কর্মের পুঞ্জীভবন বা পুঞ্জিত রাশি।

**কম্মজ-ৱাত**—শিশু ভূমিষ্ঠ হবার তীব্র আকস্মিক বেদনা বা যন্ত্রণা; প্রসব-যন্ত্রণা।

**কম্মঞ্ঞ, কম্মনিয**—কাজের উপযুক্ত; প্রস্তুত; সহজে ব্যবহার করা যায় এমন; সহজে পরিচালনা করার যোগ্য। **কম্মঞ্ঞতা, কম্মঞ্ঞভাব**—দ্রুত সাধনযোগ্যতা; দ্রুত সম্পাদনের জন্য প্রস্তুতি; কাজে প্রয়োজন; কার্যকরতা; যোগ্যতা।

**কম্মট্‌ঠান**—ধ্যানের বিষয়; ভাবনার অধিষ্ঠান; শিল্পের শাখা বিশেষ। **কম্মট্‌ঠানিক**—কর্মস্থানিক; ধ্যানে রত এমন; ভাবনায় রত আছে এমন।

**কম্মধারয**—কর্মধারয়; সমাস বিশেষ; (সাধারণত) সমান বিভক্তিযুক্ত বিশেষণ ও বিশেষ্য পদে ঘটিত সমাস।

**কম্মন্ত**—কর্মান্ত; বৃত্তি; পেশা; চাকরি; ব্যবসায়; কর্ম; ক্ষেত্র। **কমন্তট্‌ঠান**—যেখানে কর্ম সম্পাদন করা হয়; ব্যবসায় কেন্দ্র। **কম্মন্তিক**—শ্রমিক; শ্রমজীবী; মজুর; কারিগর; শিল্পী; মিস্ত্রি।

**কম্মপ্পত্ত**—পুরোহিতের কর্মানুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য যারা একত্র হয়েছে।

**কম্মৱাচা**—আধিকারিকী নিয়মের মূল বিষয়বস্তু; কর্মবাচ্য।

**কম্মস্‌সামী**—কর্মস্বামী; ব্যবসায়ের মালিক।

**কম্মাধিট্‌ঠাযক**—কর্মাধিষ্ঠায়ক; কর্মের তত্ত্বাবধায়ক বা নিয়ন্ত্রক বা পরিচালক।

**কম্মানুরূপ**—একজনের কর্মের উপযোগী বা যথাযোগ্য; কর্মানুরূপ।

**কম্মার**—কামার; কর্মকার; লৌহকার; লৌহকারক। **কম্মারসালা**—কামারের কর্মস্থল; কামারের কারখানা।

**কম্মারম্ভ**—কর্মারম্ভ; দায়িত্বগ্রহণ; কর্মভার গ্রহণ।

**কম্মারহ**—অংশগ্রহণ করার অধিকারী; অংশগ্রহণে হকদার।

**কম্মারাম**—সক্রিয়তায় বা কর্মতৎপরতায় বা ক্রিয়াকলাপে আনন্দিত। **কম্মারমতা**—সাংসারিক কর্মে সুখানুভব করণ।

**কম্মাস**—১ চিহ্নিত; ভূষিত; কলঙ্কিত। ২ অসঙ্গত; সম্বন্ধহীন; অনুপযোগী; বেমানান।

**কম্মিক, কম্মী**—কর্মী; কর্মকারী; লক্ষ রাখে এমন।

**কয**—ক্রয়। **কযৱিক্কয**—বিক্রয়; বাণিজ্য; ক্রয়-বিক্রয়; কেনাবেচা। **কযৱিক্কযী**—বিক্রয়কারী; কারবারী; মুদি।

**কর**—১ হস্ত; হাত। ২ রশ্মি; কিরণ। ৩ খাজনা; শুল্ক। ৪ হাতির শুঁড়; কারক; জনক। **করগ্গ**—হাতের ডগা বা প্রান্ত বা আগা। **করজ**—(হাতের) নখ। **করতল**—হাতের পাতা। **করপুট**—জোড়হাত; বিনয়, সৌজন্য, সম্মান প্রভৃতি দেখানোর নিমিত্ত সংযুক্ত দুই কর। **করভূসা**—হাতের জন্য যে কোনো রকমের অলঙ্কার; করভূষা; বলয়; বালা; কঙ্কণ।

**করক**—১ পানপাত্র। ২ দাড়িম্ব ফলের গাছ; ডালিম গাছ।

**করকা**—মেঘজাত শিলা; শিল। **করকাৱস্স**—করকাবর্ষ; শিলাবৃষ্টি।

**করজকায**—(অপবিত্রতার মধ্য দিয়ে জাত এমন) শরীর।

**করঞ্জ**—*Pongamiya glabra* গাছ; করঞ্জক; করমচা গাছ; এক প্রকার টকফলের গাছ ও তার ফল।

**করণ**—১ সাধন; কার্য। ২ কার্যের উৎপাদন। **করণত্থ**—যান্ত্রিকতার অনুভূতি বা বোধশক্তি; করণ-অর্থ। **করণৱিভত্তি**—করণবিভক্তি; করণ কারক।

**করণীয**—করণীয়; করণযোগ্য; কর্তব্য; নৈতিক বা আইনগত বাধ্যবাধকতা; (পরি) বশ্যতা; অনুগ্রহ। **করণীযতা**—সত্যই কিছু করবার আছে।

**করণ্ড, করণ্ডক**—ঝাঁপি; সাজি; ঝুড়ি; কৌটা; মধুচক্র।

**করভ**—১ উষ্ট্র; উট। ২ মণিবন্ধ হতে কনিষ্ঠাঙ্গুলি পর্যন্ত হস্তের বহির্ভাগ।

**করমন্দ**—*Carissa carandas* বৃক্ষ; করমর্দন; করঞ্জ বৃক্ষ।

**করমরাণীত**—যুদ্ধে বন্দী হয়েছে এমন যে ব্যক্তি।

**করৱীক**—কোকিল; পিক। **করৱীকভাণী**—সুস্বরপূর্ণ বা সুতানপূর্ণ বা সুস্রাব্য বাক্যে।

**করৱীর**—স্বনামধন্য পুষ্পবৃক্ষ; করবী জাতীয় চিরহরিৎ পুষ্পবৃক্ষবিশেষ।

**করিত্বা**—('করোতি'র *abs*) সম্পাদন করে; সম্পন্ন করে।

**করী**—হস্তী; হাতি।

**করীযতি**—('করোতি'র *pass*) কর্তব্য; করা উচিত। *aor* **করীযি**।

**করীযমান, কযিরমান**—('করীযতি'র *prp*) করা হচ্ছে।

**করীস**—করীষ; শুষ্ক গোময়; শুকনো গোবর; পশুবিষ্ঠা; জমির বর্গমাপ (যা প্রায় এক একরের সমান); ধান্যাদি মাপার এক প্রকার পাত্র। **করীসমগ্গ**—গুহ্য; পায়ু; মলদ্বার; পোঁদ।

**করুণা**—তুচ্ছভাবে; সমবেদনার যোগ্যভাবে।

**করুণা**—সমবেদনা। **করুণাযনা**—করুণাময়তা; করুণাপূর্ণতা।

**করুণাযতি**—('করুণা' হতে *deno*); (কারও জন্য) সমব্যথা অনুভব করা। *aor* **করুণায়ি**।

**করেণু, করেণুকা**—হস্তিনী।

**করেরি**—অতি সুগন্ধ গোলাপবিশেষের গাছ।

**করোতি**—(কর্+ও) করা; আচরণ করা; তৈরি করা; প্রস্তুত করা। *aor* **করি**। *abs* **কত্বা**।

**করোন্ত**—ক'রে।

**কল**—মধুর অস্ফুট ধ্বনি। **কল কল**—মধুরাস্ফুট ধ্বনি; জন্ম নির্গমনের শব্দ।

**কলত্ত**—কলত্র; ভার্যা; স্ত্রী।

**কলন্দক**—কাঠ বিড়াল। **কলন্দক নিবাপ**—যে স্থানে কাঠবিড়ালসমূহকে আহার করানো হয়।

**কলভ**—বাচ্চা হাতি।

**কলল**—কাদা; কর্দম; পাঁক। **কললমক্খিত**—কাদা দ্বারা প্রলিপ্ত বা মর্দিত বা কলুষিত। **কলল রূপ**—ভ্রূণ গঠনের প্রাথমিক স্তর।

**কলস**—ক্ষুদ্র জলপাত্র।

**কলহ**—ঝগড়া; বিবাদ; যুদ্ধ। **কলহ কারক**—যে ঝগড়া করে। **কলহ কারণ**—বিবাদের বিষয়। **কলহ সদ্দ**—উচ্চ শব্দে ঝগড়া; হৈচৈ পূর্ণ কলহ বা ঝগড়া।

**কলঙ্ক**—দাগ; চিহ্ন; অখ্যাতি।

**কলা**—সম্পূর্ণের ভগ্নাংশ; ব্যবহারিক বিদ্যা; কৌশল।

**কলাপ**—১ রাশি; আঁটি। ২ তূণীর (শর)। ৩ মৌলিক পদার্থের অতি ক্ষুদ্র কণিকা সমষ্টি।

**কলাপী**—১ ময়ূর। ২ যার তূণীর বা শর আছে এমন।

**কলি**—১ ব্যর্থতা; সর্বনাশ; ধ্বংস। ২ দুর্ভাগ্য। ৩ পাপ। ৪ চরম দুর্দশা। **কলিগ্গহ**—পরাজয়; ব্যর্থতা; অশুভ পরিণতি। **কলিযুগ**—অনৈতিকতা ও যৎপরোনাস্তি দুঃখপূর্ণ দরিদ্র হীন বা অবজ্ঞাত অবস্থার কালা চার মহাকালের শক্তির চতুর্থ কাল।

**কলিঙ্গর**—কাঠের বা গাছের গুঁড়ি; গাছের পচা টুকরা; আবর্জনা।

**কলীর**—তালগাছ বা তৎসদৃশ বৃক্ষের কাণ্ডের অগ্রভাগের নরম অংশ।

**কলুস**—কলুষ। ১ পাপ। ২ আবিলতা ৩ অপবিত্র। ৪ মলিন।

**কলেবর**—অঙ্গ; দেহ; শরীর।

**কল্যাণ**—১ অতীব মনোহর বা সুন্দর। ২ নীতিগতভাবে উত্তম। ৩ মঙ্গল; পুরস্কারযোগ্য বা প্রশংসনীয় উৎকর্ষ অথবা গুণ; নৈতিক উৎকর্ষ। **কল্যাণকাম**—মঙ্গলাকাঙ্ক্ষী। **কল্যাণকারী**—যে ভালো কিছু করে; সদগুণসম্পন্ন; নির্দোষ; নিষ্পাপ; সুনীতিসম্পন্ন। **কল্যাণদস্সন**—সুদর্শন; মনোরম। **কল্যাণধম্ম**—সদগুণসম্পন্ন; নির্দোষ; নিষ্পাপ; সুনীতিসম্পন্ন; ধার্মিক; সচ্চরিত্র; সৎমতাবলম্বী। **কল্যাণ পটিভান**—সত্যই বোধশক্তিসম্পন্ন। **কল্যাণমিত্ত**—কল্যাণমিত্র; উত্তম সহচর; সৎবন্ধু। **কল্যাণ অজ্ঝাসয**—কল্যাণ অধ্যাশয়; ভালো অভিপ্রায়সম্পন্ন।

**কল্যাণত্ত**—সততা; সৌন্দর্য।

**কল্যাণী**—১ সুন্দরী স্ত্রীলোক। ২ শ্রীলঙ্কায় একটি নদী ও একটি শহরের নাম।

**কল্ল**—১ চতুর; দক্ষ; কুশলী; সমর্থ। ২ স্বাস্থ্যবান; সুস্থ; অটুট। ৩ প্রস্তুত। ৪ উপযুক্ত। **কল্লতা**—সামর্থ্য; দ্রুত সম্পাদনের জন্য প্রস্তুতি। **কল্ল সরীর**—অটুট দেহধারী।

**কল্লহার**—সাদা জলপদ্ম।

**কল্লোল**—কলরব; জলস্রোতের শব্দ; মহাতরঙ্গ; উল্লাস।

**কবচ**—মন্ত্রবিশেষ; তাবিজ; মাদুলি; সাঁজোয়া।

**কবন্ধ**—কন্ধকাটা; মস্তকহীন দেহ।

**কবাট**—জানালা; কপাট; জানালার খড়খড়ি।

**কবি**—কবিতালেখক; কাব্যরচনাকারী; পদ্যলেখক। **কবিতা, কবিত্ত**—কাব্য; ছন্দোবদ্ধ রচনা; শ্লোক।

**কবিট্‌ঠ (কপিট্‌ঠ)**—হস্তী-অ্যাপেল বৃক্ষ।

**কসট**—আবর্জনা; তলানি; গাদ; নিকৃষ্ট অংশ; অতিশয় কটু স্বাদ; কদর্য; অপদার্থ।

**কসতি**—(কস্+অ) লাঙ্গল দেওয়া; কর্ষণ করা; চাষ দেওয়া। *aor* **কসি**। *pp* **কসিত, কট্‌ঠ**।

**কসন**—কর্ষণ; চাষ।

**কসন্ত, কসমান**—কর্ষণরত; কর্ষমান; চাষ দিচ্ছে এমন।

**কসম্বু**—নোংরা বস্তু; ময়লা; আবর্জনা; বাজে বস্তু। **কসম্বুজাত**—অপবিত্র; অসচ্চরিত্র।

**কসা**—কষা; কশা; চাবুক; কোড়া; লাগাম। **কসাহত**—চাবুক দ্বারা প্রহৃত।

**কসায**—কষায়; কষারস; ক্বাথ; নির্যাস।

**কসাব**—১ অতিশয় কটু স্বাদ। ২ কমলা রঙের কাপড়। ৩ কমলা রঙের।

**কসি**—কৃষি; কৃষিকাজ; চাষবাস। **কসিকম্ম**—কৃষিকর্ম; চাষ; কৃষিকার্য। **কসি ভণ্ড**—কৃষি যন্ত্রপাতি।

**কসিণ**—অক্ষত; অভগ্ন; অচূর্ণিত; অটুট; সম্পূর্ণ; পুরা; অখণ্ড; কৃৎস্ন; ধ্যানের একটি বিষয়বস্তু। **কসিণপরিকম্ম**—ধ্যানের পূর্ব করণীয় কর্ম।

**কসিণমণ্ডল**—ধ্যানের একটি বিষয়বস্তু হিসাবে গোলাকার থালার ন্যায় বস্তু বা চাকতি।
**কসিতট্‌ঠান**—কর্ষিত স্থান; কর্ষিত ভূমি।
**কসিত্বা**—কর্ষণ করে; লাঙল দিয়ে।
**কসির**—দুর্দশাগ্রস্ত; কঠিন; দুর্দশা; অশান্তি; যন্ত্রণা; বাধা; প্রতিবন্ধক। **কসিরেণ**—বাধার মধ্য দিয়ে; প্রতিবন্ধকের ভিতর দিয়ে।
**কস্মীর**—কাশ্মীর; উত্তর ভারতের একটি রাজ্যের নাম।
**কস্‌সক**—কৃষক; চাষি।
**কস্‌সতি**—(কস্‌স+অ) কর্ষণ করা; চাষ দেওয়া; হেঁচড়িয়ে টেনে নেওয়া। *aor* **কস্‌সি**। ('কড্‌ঢতি' দেখুন)
**কহং**—কোথায়?
**কহাপণ**—কাহন; প্রাচীন ভারতীয় মুদ্রা। **কহাপণক**—স্বীকারোক্তি আদায়ের জন্য বা শাস্তিরূপে ক্ষুদ্র মাংসের টুকরা কাটা।
**কাক**—বায়স। **কাকপাদ**—কাকের পা; আড়াআড়ি চিহ্ন। **কাকপেয্য**—কানায় কানায় ভর্তি। **কাকবণ্ণ**—কাকের রঙের অর্থাৎ কালো; শ্রীলংকার এক রাজার নাম।
**কাকচ্ছতি**—(কস্‌+ছ); ['ক' দ্বিত্ব হয়েছে এবং 'স' পরিবর্তিত হয়ে 'চ' হয়েছে। প্রথম 'ক'-এর স্বর দীর্ঘায়িত হয়েছে।] নাক ডেকে ডেকে সময় (সময়) যাপন করা বা নাক ডাকতে ডাকতে বলা। *aor* **কাকচ্ছি**। *prp* **কাকচ্ছনমান**।
**কাকণিকা**—অত্যন্ত কম মানের মুদ্রা ২০ কপর্দক।
**কাকস্সর**—কাকের গভীর শব্দ; উচ্চরব।
**কাকসূর**—কাকের ন্যায় চতুর; নির্লজ্জ ব্যক্তি।
**কাকী**—স্ত্রী-কাক।
**কাকোল**—দাঁড়কাক।
**কাচ**—গ্লাস; স্ফটিক; চক্ষুর ছানি। **কাচতুম্ব**—কাচের বোতল। **কাচমণি**—স্ফটিক। **কাচময**—কাচের তৈরি।
**কাজ**—Pingo (পিঙ্গো?); গোলাকার দীর্ঘ বহন-দণ্ড। **কাজ হারক**—পিঙ্গো-বাহক।
**কাট**—পুরুষাঙ্গ।
**কাণ**—কানা; একচক্ষুহীন; একচোখ-কানা ব্যক্তি।
**কাতব্ব**—কর্তব্য; যা করা উচিত।
**কাতর**—দরিদ্র; ব্যাকুল; দুঃখিত; দুর্দশাগ্রস্ত; দুঃখী।
**কাতবে, কাতুং**—করা।
**কাতুকাম**—করতে আগ্রহী। **কাতুকামতা, কাতুকম্যতা**—করতে বা সম্পাদন করতে আগ্রহ।
**কাদম্ব**—ধূসর (ছাই-রঙা) পাখাযুক্ত এক জাতীয় হাঁস।
**কানন**—বন; কুঞ্জবন; তরুবীথিকা।
**কাপিলবত্থব**—কপিলাবস্তুর অধিবাসী।
**কাপুরিস**—নগণ্য বা তুচ্ছ বা জঘন্য ব্যক্তি; ঘৃণ্য ব্যক্তি; অবজ্ঞেয় ব্যক্তি।
**কাপোতক**—নিষ্প্রভ শ্বেতবর্ণের। **কাপোতিকা**—(লালচে বর্ণের) এক প্রকার মদ্য।
**কাম**—পুলক; আনন্দ; সুখানুভব; ইন্দ্রিয়ের বা মনের পরিতোষ; কামনাতৃপ্তি; কামলালসা; আকুল আকাঙ্ক্ষা; উপভোগ; ভোগ; আমোদ-প্রমোদ; ইন্দ্রিয় সুখের বিষয়বস্তু। **কামগিদ্ধ**—ইন্দ্রিয় সুখানুভূতির আকুল আকাঙ্ক্ষী। **কামগুণ**—ইন্দ্রিয় সুখানুভব। **কামগেধ**—স্পর্শেন্দ্রিয়-সুখানুভূতি। **কামচ্ছন্দ**—ইন্দ্রিয় সুখানুভূতির উত্তেজনা। **কামতণ্হা**—ইন্দ্রিয় সুখানুভূতির তৃষ্ণা। **কামদা, কামদদ**—যা কাম্য বা আকাঙ্ক্ষিত তা দান। **কামধাতু**—কামলোক বা কামজগৎ। **কামপঙ্ক**—কামলালসার পাঁক। **কামপরিলাহ**—কামোচ্ছ্বাসজনিত উত্তেজনা। **কাম ভব**—কামজগত। **কাম ভোগী**—ইন্দ্রিয়ের সুখোপভোগী। **কামুচ্ছা**—ভোগবাসনা চরিতার্থ করণে বিস্ময়বিমুগ্ধ অবস্থা। **কামরতি**—প্রণয়োদ্দীপক উপভোগ। **কামরাগ**—ইন্দ্রিয়ের উত্তেজনা। **কামলোক**—সুখানুভবের জগৎ। **কামবিতক্ক**—সুখানুভব সম্বন্ধে বাদানুবাদ। **কামসঙ্কপ্প**—সুখানুভবের ব্যাকুল বাসনা। **কাম সঞ্‌ঞোজন**—সুখানুভবের দ্বারা গঠিত বাধা। **কামসুখ**—ইন্দ্রিয় সুখানুভব হতে উত্থিত তৃপ্তি। **কাম সেবনা**—যৌনসহবাসে অসংযম।
**কামতা**—আকুল আকাঙ্ক্ষা; আকুল আকাঙ্ক্ষী; আকুল আকাঙ্ক্ষাপূর্ণ; ইচ্ছা।
**কামী**—কামুক; অভিলাষী।
**কামুক**—কামলালসাসম্পন্ন; যৌনসঙ্গকামী; যৌন; অসচ্চরিত্র।
**কামেতি**—(কাম+এ) সনির্বন্ধ প্রার্থনা করা; মিনতি করা; আকুলভাবে কামনা করা; আকুল আকাঙ্ক্ষা করা। *aor* **কামেসি**। *pp* **কামিত**।
**কামেতব্ব**—কাম্য; অনুমোদনযোগ্য; মনোহর।
**কায**—কায়; পুঞ্জ; স্তূপ; সমাবেশ; দেহ। **কাযকম্ম**—দেহগত কর্ম; দৈহিক ক্রিয়া। **কায কম্মঞ্‌ঞতা**—দেহের শাসন বা পরিচালন বা নিয়ন্ত্রণ। **কাযগত**—দেহ সম্বন্ধীয়; দেহ সম্পর্কিত। **কাযগন্থ**—কায়গ্রন্থ; দৈহিক বা দেহগত প্রতিবন্ধক। **কাযগুত্ত**—কায়গুপ্ত;

একজনের নিজের দেহরক্ষা; দৈহিক ক্রিয়ায় শান্ত। **কাযডাহ**—জ্বর; উত্তেজনা; দেহের দাহ্যতা; দৈহিক উদ্দীপন। **কাযদরথ**—নিদারুণ দৈহিক বেদনা বা যন্ত্রণা। **কাযদুচ্চরিত**—ব্যভিচার। **কাযদরথ**—নিদারুণ দৈহিক বেদনা বা যন্ত্রণা। **কাযদুচ্চরিত**—ব্যভিচার। **কাযদরথ**—দৈহিক ইন্দ্রিয়সমূহের নির্গমপথ বা দ্বার। **কাযধাতু**—সংস্পর্শের কর্মশক্তি; স্পর্শের কর্মক্ষমতা। **কাযপ্পকোপ**—অন্যায় বা অশোভন আচরণ। **কাযচালকং**—দেহ আন্দোলন; দেহশাসন। **কাযপটিবদ্ধ**—দেহের সহিত সম্বন্ধ-যুক্ত; দেহের সহিত সংযুক্ত। **কাযপযোগ**—কার্যাদি সাধনে দেহের যন্ত্রতুল্য সাহায্য; দেহের উপায়ভূত হওন। **কাযপরিহারিক**—দেহের পরিচর্যাকারী। **কাযপ্পসাদ**—স্পর্শানুভূতি। **কাযপস্সদ্ধি**—কার্যপ্রশব্ধি; কায়প্রশান্তি; ইন্দ্রিয়ের প্রশান্তি। **কাযপাগব্ভিয**—দুর্বিনীত ভাব; অশোভনতা; অশ্লীল আচরণ। **কাযবন্ধন**—কোমরবন্ধ। **কাযবল**—দেহের শক্তি। **কাযমুদুতা**—কায়মৃদুতা; ইন্দ্রিয়সমূহের নমনীয়তা। **কার্যলহুতা**—কায়লঘুতা; ইন্দ্রিয়সমূহের প্রফুল্লতা; ইন্দ্রিয়সমূহের প্রাণবন্তভাব। **কাযবঙ্ক**—কর্মেবিকৃতি। **কাযবিকার**—অঙ্গভঙ্গি; ইশারা। **কায-বিঞ্ঞত্তি**—কার্যবিজ্ঞপ্তি-দেহের সাহায্যে জ্ঞাপন বা ইঙ্গিত; অঙ্গভঙ্গি; ইশারা। **কাযবিঞ্ঞাণ**—স্পর্শের দ্বারা সচেতনতা। **কার্যবিঞ্ঞেয্য**—স্পর্শেন্দ্রিয় দ্বারা উপলভ্য। **কায বিবেক**—দেহের নিঃসঙ্গতা বা নির্জনতা। **কাযবেয্যাবচ্চ**—দাস্যপূর্ণ কর্তব্যসমূহ; চাকরবাকরের কাজ। **কায সংসগ্গ**—কার্যসংসর্গ; দৈহিক সম্পর্ক। **কাযসকখী**—কায়সাক্ষী; (দেহগত) এমন যিনি পরম সত্য উপলব্ধি করেছেন। **কাযসংখার**—কায়সংস্কার; দেহ পতিত অবস্থা। **কার্যসমাচার**—ভাল স্বভাব। **কাযসম্ফস্স**—কায়সংস্পর্শ; স্পর্শজ্ঞান। **কায-সুচরিত**—কর্মে ভাল স্বভাব। **কার্য সোচেয্য**—কায়শুচিতা; দৈহিক পবিত্রতা।

**কাযিক**—কায়িক; দৈহিক; দেহগত; শারীরিক। **কাযিকদুক্খ**—শারীরিক কষ্ট।

**কাযুজ্জুকতা**—কায়ঋজুতা; দেহের সোজাভাব।

**কাযূপগ**—দেহসংযুক্ত; নবজন্মের সূচনা।

**কাযূর**—উপরের বাহুতে পরিহিত কব্জির অলঙ্কার বিশেষ; ব্রেসলেট।

**কার**—কৃতিত্ব; অবদান; সেবা; সেবাকার্য; যেমন : **রথকার**—প্রস্তুত কারক।

**কারক**—সম্পাদনকারী; ব্যাকরণসম্মতভাবে বাক্য গঠন বা পদবিন্যাস।

**কারণ**—নিমিত্ত; হেতু। **কারণা**—উপায়ে; সাহায্যে; দ্বারা; দিয়ে; কর্তৃক। **কিং কারণা**—কেন? কি কারণে? কিজন্য?

**কারণা**—স্বীকারোক্তি আদায়ের জন্য বা শাস্তিরূপে অসহ্য যন্ত্রণাদান; শারীরিক শাস্তিদান। **কারণিক**—শাস্তিদাতা; যন্ত্রণাদাতা।

**কারা, কারাঘর**—বন্দিনিবাস; গারদ; জেলখানা।

**কারাপক**—পরিকল্পনা বা নকশা রচয়িতা; যিনি কোনো কিছু করার জন্য আদেশ করেন। **কারাপিক**।

**কারাপন**—করানো; আদেশ দান।

**কারাপেতি**—'করোতি'র *caus* । *aor* **কারাপেসি**। *pp* **কারাপিত**।

**কারাভেদক**—যে বন্দিনিবাসের সমস্ত বাধাবিপত্তি উত্তীর্ণ হয়েছে।

**কারিকা**—টীকা; মন্তব্য।

**কারিয**—কর্তব্য; কর্ম; কার্য; যা সম্পাদন করা উচিত।

**কারী**—কর্ম সম্পাদক; যে করে; যথা : সাতাচ্চকারী।

**কারুঞ্ঞ**—করুণা; সমবেদনা।

**কারুণিক**—দয়ালু; সমবেদনাপরায়ণ।

**কারেতি**—('করোতি'র *caus*) করানো; সম্পাদন করানো; প্রস্তুত করানো; নির্মাণ করানো। *aor* **কারেসি**। *abs* **কারেত্বা**। *prp* **কারেন্ত**। *pp* **কারিত**।

**কাল**—সময়। **কালস্সের**—শীঘ্র; (হাতে) সময় থাকতে বা সময় রেখে; যথাসময়ের পূর্বে। **কালেন**—যথাসময়ে। **কালং**—সময়ে সময়ে; মাঝে মাঝে। **কালকরোতি**—কালপ্রাপ্ত হওয়া; মরে যাওয়া। **কালকত**—মৃত। **কালকিরিয়া**—কালক্রিয়া; মৃত্যু। **কালকণ্ণী**—হতভাগ্য ব্যক্তি; লক্ষ্মীছাড়া; দুর্ভাগা। **কালপবেদন**—সময় ঘোষণা। **কালবাদী**—যথোচিত সময়ে কথন।

**কালঞ্ঞূ**—কালজ্ঞ; যে উচিত সময় জ্ঞাত।

**কালন্তর**—মধ্যবর্তী সময়; বিরামকাল; নির্দিষ্ট সময় বা কাল; যুগ বা কল্প; কালবিভাগ।

**কালিক**—সময়গত; ইহজীবনকালীন।

**কালিঙ্গ**—পূর্ব ভারতের একটি রাজ্য।

**কালুসিয**—নোংরা পদার্থ; দুর্বোধ্যতা; কলুষ; মলিনতা।

**কাবেয্য**—কাব্য; কবিতা; পদ্য।

**কাস**—১ নল; খাগড়া; বেণু—বাঁশ। ২ যা ব্যবহার করে ফুরিয়ে ফেলা হয়েছে।

**কাসায, কাসাৱ**—গৈরিক বসন।
**কাসি**—কাশী একটি রাজ্যের নাম (যার রাজধানী ছিল বারাণসী বা বর্তমান বেনারস)। **কাসিক**—কাশীর অধিবাসী অথবা কাশীতে প্রস্তুত।
**কাসু**—মাটির গহ্বর; গর্ত।
**কাল**—কালোবর্ণ; অন্ধকার; কৃষ্ণবর্ণ। **কালকূট**—হিমালয়ে একটি পর্বতের নাম। **কালকস**—কালকেশ; কাল চুল যার অর্থাৎ তরুণ বা অল্প বয়স্ক। **কালতিপু**—কৃষ্ণসীস। **কালপকখ**—কৃষ্ণপক্ষ; পূর্ণিমার পর অমাবস্যা পর্যন্ত সময়। **কাললোণ**—কাল লবণ। **কালসীহ**—কালসিংহ; এক জাতীয় সিংহ। **কালসুত্ত**—কাঠের মিস্ত্রির মাপনী রেখা। **কাল হংস**—কাল হাঁস।
**কালক**—কৃষ্ণ; কালোদাগ; কালো রং; ভাতে কালো কণা।
**কালাযস**—(কাল) লোহা।
**কালারক**—এক জাতীয় হস্তী।
**কিকী**—সুন্দর পালকওয়ালা পক্ষিবিশেষ; সুন্দর পালকওয়ালা পক্ষিবিশেষের স্ত্রী জাতি।
**কিঙ্কর**—ভৃত্য; সেবক।
**কিঙ্কিণী**—ছোট ঘণ্টা; ঘুঙুর; কটিভূষণ।
**কিঙ্কিণিকাজল**—টুংটাং শব্দ করানর ঘণ্টাসমূহের জাল।
**কিচ্চ**—কৃত্য; কার্য; কাজ; চাকরি; যা করা প্রয়োজন।
**কিচ্চাকিচ্চ**—কৃত্যাকৃত্য; যা করা কর্তব্য এবং যা করা কর্তব্য নয়।
**কিচ্ছ**—কৃচ্ছ্র; কঠিন; শারীরিক ক্লেশ; কষ্টসাধ্য; দুঃসাধ্য।
**কিচ্ছতি**—(কিত্+ছ) কষ্টভোগ করা; পরিশ্রান্ত বা ক্লান্ত হওয়া। *aor* **কিচ্ছি**।
**কিঞ্চন**—কিছু; কিছুটা; তুচ্ছ; কিঞ্চিন্মাত্র; জাগতিক সম্বন্ধ; সংযোজন; আসক্তি; অনুরাগ; দুঃস্বদুর্দশা।
**কিঞ্চাপি**—যা-কিছু; যা-হোক; যা-হোক না কেন; তৎসত্ত্বেও; তথাপি।
**কিঞ্চি**—কিঞ্চিৎ; কিছু।
**কিঞ্চিকখ**—তুচ্ছ; কিঞ্চিন্মাত্র।
**কিঞ্জকখ**—পুংদণ্ড; পরাগ।
**কিট্ঠ**—শস্য-উৎপাদন। **কিট্ঠাদ**—শস্য খাদক। **কিট্ঠসম্বাধ-সময**—ফসল কাটার সময়; ফসল যখন সম্পূর্ণ পুষ্ট হয়।
**কিণন্ত**—('কিণাতি'র *prp*)।
**কিণাতি**—(কি+ণা) কেনা; ক্রয় করা। *aor* **কিণি**। *abs* **কিণিত্বা, কিত্বা**। inf **কেতুং, কিণিতুং**।
**কিণ্ণ**—('কিরতি'র *pp*) নিক্ষিপ্ত; ছড়ানো; শস্যাদির চোলাই কার্যে ব্যবহৃত পদার্থ বিশেষ।
**কিতৱ**—প্রতারক; জুয়াচোর।
**কিত্তক?**—কি পরিমাণ; কতখানি; কতদূর; কয়টি; কতগুলো।
**কিত্তন**—কীর্তন; প্রশংসা; বর্ণন; কথন; গুণ-কথন।
**কিত্তাৱতা**—কতদূর; কি বিষয়ে; কি ব্যাপারে।
**কিত্তি**—কীর্তি; যশঃ; খ্যাতি। **কিত্তিঘোস, কিত্তিসদ্দ**—সুনাম; সুখ্যাতি; সুযশঃ। **কিত্তিমন্ত**—কীর্তিমান; বিখ্যাত।
**কিত্তিম**—কৃত্রিম; জাল; নকল।
**কিত্তেতি**—(কিত্+এ) প্রশংসা করা; উচ্চপ্রশংসা করা; বর্ণনা করা; বলা; ঘোষণা করা। *aor* **কিত্তেসি**। *pp* **কিত্তিক**। *prp* **কিত্তেন্ত**।
**কিন্নর**—কিম্পুরুষ; পক্ষিবিশেষ যার মস্তক মানুষের; বনমানুষ। **কিন্নরী**—স্ত্রী কিন্নর।
**কিপিল্লিকা**—পিপীলিকা; পিঁপড়া।
**কিব্বিস**—অনিষ্ট; অপরাধ; অন্যায়। **কিব্বিসকারী**—অনিষ্টকারী; অন্যায়কারী; অপরাধী।
**কিমি**—ক্রিমি; কীটমূষিকাদি; জঘন্য লোক। **কিমিকুল**—ক্রিমির গাদা; একজাতীয় ক্রিমি।
**কিমকখাযী**—ধর্মোপদেশ দান কিসের?
**কিমখং**—কিসের জন্য। **কিমখিয**—কি উদ্দেশ্যে? কি অভিপ্রায় করে?
**কিম্পক্ক**—ফল; আমের আকৃতি বিশিষ্ট বিষাক্ত ফল।
**কিম্পুরিস**—'কিন্নর' দেখুন।
**কির**—বাস্তবিকই; প্রকৃতপক্ষে; সত্য সত্যই; যথাযথভাবে (জনশ্রুতি বা জনরব দ্বারা প্রতিবেদন সম্বন্ধ রাখে)।
**কিরণ**—রশ্মি; রশ্মিরেখা; অত্যুজ্জ্বল আলো।
**কিরতি**—(কির্+অ) ছড়ানো; ছড়িয়ে পড়া। *aor* **কিরি**। *pp* **কিণ্ণ**।
**কিরাত**—চণ্ডালজাতি বিশেষ; জংলি জাতিবিশেষ।
**কিরিয, ক্রিয়া, কিরিযা**—কর্ম; কার্য; প্রয়োগ; অনুষ্ঠান। **কিরিযবাদ**—কর্মফলে বিশ্বাস। **কিরিযৱাদী**—যিনি ক্রিয়া মতবাদ জনসাধারণ্যে ঘোষণা করেন।
**কিরীট**—মুকুট; উষ্ণীষ; শিরবেষ্টন।
**কিলঞ্জ**—নলখাগড়ার মাদুর।
**কিলন্ত**—('কিলমতি'র *pp*) শ্রান্ত; পরিশ্রান্ত; ক্লান্ত; নিঃশেষিত।
**কিলমতি**—(কিলম্+অ) পরিশ্রান্ত হওয়া; অবসন্ন

হওয়া। *aor* **কিলমি**। *abs* **কিলমিত্বা**।

**কিলমথ**—পরিশ্রম; ক্লান্তি; শ্রান্তি।

**কিলমন্ত**—('কিলমতি'র *prp*) পরিশ্রান্ত বা ক্লান্ত হতে যাচ্ছে।

**কিলমিত**—('কিলমেতি'র *pp*)।

**কিলমীযতি**—(কিলমেতি'র *pass*) পরিশ্রান্ত বা ক্লান্ত করা হবে। *aor* **কিলমীযি**।

**কিলমিযমান**—('কিলমীযতি'র *prp*) পরিশ্রান্ত বা ক্লান্ত করা হচ্ছে।

**কিলমেতি**—('কিলমতি'র *caus*) পরিশ্রান্ত বা ক্লান্ত করানো। *aor* **কিলমেসি**। *prp* **কিলমেন্ত**। *abs* **কিলমেত্বা**।

**কিলাস**—ত্বক সংক্রান্ত বা অন্তস্ত্বক সংক্রান্ত ব্যাধি; চর্মরোগ।

**কিলিট্‌ঠ**—('কিলিসতি'র *pp*) ক্লিষ্ট।

**কিলিন্ন**—('কিলিজ্জতি'র *pp*) ক্লিন্ন; আর্দ্র; ভিজা; ক্লেদযুক্ত।

**কিলিস্‌সতি**—(কিলিস্+য) ক্লেদযুক্ত হওয়া; বিবর্ণ হওয়া; কলঙ্কিত হওয়া; অপবিত্র হওয়া। *aor* **কিলিস্‌সি**। *prp* **কিলিস্‌সন্ত**।

**কিলিস্‌সন**—ক্লেদযুক্ত হচ্ছে; বিবর্ণ হতে চলেছে; কলঙ্কিত হচ্ছে।

**কিলেস**—ক্লেশ; দুঃখ; কাম; নৈতিক বিচ্যুতি; লম্পট; অপবিত্রতা। **কিলেসকাম**—ক্লেশকাম; কামলালসা; আকুল আকাঙ্ক্ষা। **কিলেসক্খয**—ক্লেশক্ষয় দুঃখ বিনাশ করণ; দুঃখ ধ্বংস। **কিলেসপ্পহাণ**—ক্লেশ প্রহাণ; জাগতিক দুঃখ পরিত্যাগ। **কিলেসবত্থু**—জাগতিক অনুরাগের বিষয়।

**কিলেসেতি**—(কিলিস+এ) ক্লেদযুক্ত করানো বা হওয়ানো; মলিন বা নোংরা করানো। *aor* **কিলেসেসি**। *pp* **কিলেসিত**।

**কিলোমক**—ক্লোম; ফুসফুস ও বক্ষ-গহ্বরের আরক-ঝিল্লি; (পরি) ফুসফুস-ধর কলা।

**কিস**—কৃশ; রোগা; চক্ষু বসে গেছে এমন; ক্ষয়প্রাপ্ত।

**কিং**—কি? (পুং **কো**—কে? স্ত্রী **কা**—কোন্ মহিলা? ক্লীব **কং**—কি জিনিশ?) **কিং কারণা**—কিসের কারণে? কি কারণে? কি হেতু। **কিংবাদী**—কি দৃশ্য ধারণ করে? কি অভিপ্রায় নিয়ে।

**কিংসুক**—কিংশুক; *Butea frondosa* বৃক্ষ; পলাশ বৃক্ষ; পলাশ পুষ্প।

**কীট, কীটক**—ক্রিমি; পোকা; পতঙ্গবিশেষ।

**কীত**—('কিণাতি'র *pp*) ক্রীত; কেনা।

**কীদিসা**—কি ধরনের; কিরূপ।

**কীরা**—শুকজাতীয় পক্ষিবিশেষ; তোতাপাখি; টিয়া।

**কীল**—দণ্ড; গোঁজ; খুঁটি।

**কীব**—কি পরিমাণ; কতদূর। **কীবতক**—কয়টি; কতটি; কতখানি।

**কীলতি**—(কীল+অ) খেলা করা; ক্রীড়া করা; খেলাধুলা করা; কৌতুক করা। *aor* **কীলি**। *prp* **কীলন্ত; কীলমান**। *abs* **কীলিত্বা**।

**কীলনক**—ক্রীড়নক; খেলনা; খেলা।

**কীলনা, কেলী**—খেলাধুলা; আমোদপ্রমোদ; কৌতুক।

**কীলা**—ক্রীড়া; খেলা; খেলাধুলা। **কীলাগোলক**—ক্রীড়াগোলক; খেলার বর্তুল বা গোলাকার বস্তু। **কীলাপসুত**—ক্রীড়াপ্রসৃত; খেলায় আনমিত। **কীলাভণ্ডক**—খেলার সামগ্রী; খেলনা। **কীলামণ্ডল**—খেলার মাঠ।

**কীলাপনক**—যে খেলা প্রস্তুত করে এমন।

**কীলাপেতি**—('কীলতি'র *caus*) খেলান। *aor* কীলাপেসি। *prp* কীলাপেন্ত। *abs* কীলাপেত্বা।

**কীলিত**—('কীলতি'র *pp*) ক্রীড়িত; খেলা; খেলাধুলা; ক্রীড়াকৌতুক।

**কুকুত্থক**—একজাতীয় পক্ষী।

**কুক্কু**—একহাত পরিমিত মাপ।

**কুক্কুচ্চ**—অনুতাপ; অনুশোচনা; মনস্তাপ; সন্দেহ; সংকোচ; দ্বিধা; উদ্বেগ; ঝামেলা; জ্বালাতন। **কক্কুচ্চক**—সন্দিগ্ধ; দ্বিধাগ্রস্ত।

**কুক্কুচ্চাযতি**—(*deno* **কুক্কুচ্চ**) অনুশোচনা অনুভব করা।

**কুক্কুট**—মোরগ।

**কুক্কুটী**—মুরগি।

**কুক্কুর**—কুকুর। **কুক্কুরবতিকা**—(উগ্রতায়) কুকুরের অনুকরণে; কুকুরের ন্যায়।

**কুক্কুল**—উষ্ণ ভস্ম; গরম ছাই; একটি নরকের নাম।

**কুঙ্কুম**—জাফরান; কুসুমফুল।

**কুচ্ছি**—কুক্ষি; গর্ভ; কোঁক; উদরের পার্শ্ব; অভ্যন্তর স্থান। **কুচ্ছিট্‌ঠ**—গর্ভে গচ্ছিত। **কুচ্ছিদাহ**—পাকস্থলীর প্রদাহ।

**কুচ্ছিত**—কুৎসিত; ঘৃণ্য; অবজ্ঞেয়; নীচ; ইতর; জঘন্য।

**কুজ**—১ গাছ। ২ মঙ্গলগ্রহ।

**কুজ্‌ঝতি**—(কুধ্+য) রাগান্বিত হওয়া। *aor* **কুজ্‌ঝি**। *pp* **কুদ্ধ**। *prp* **কুজ্‌ঝন্ত, কুজ্‌ঝমান**।

**কুজ্ঝন, কুজ্ঝনা**—ক্রোধ; দ্বেষ; কোপ; রোষ; রাগ।

**কুজ্ঝিত্বা, কুজ্ঝিয**—ক্রোধান্বিত হয়ে।

**কুঞ্চনাদ**—গজনিনাদ; হাতির গর্জন।

**কুঞ্চিকা**—চাবি। **কুঞ্চিকাবিবর**—চাবির গর্ত; চাবির মুখ।

**কুঞ্চিত**—('কুঞ্চতি'র *pp*) বক্রীকৃত; বাঁকানো; কোঁকড়ানো; পাকানো।

**কুঞ্জ**—নদীযুক্ত সঙ্কীর্ণ উপত্যকা; গভীর খাত বা ক্ষুদ্র উপত্যকা।

**কুঞ্জর**—হস্তী।

**কুট**—জলপাত্র।

**কুটজ**—এক জাতীয় ভেষজ লতা।

**কুটি, কুটিকা**—কুটির; কুঁড়েঘর।

**কুটিল**—বাঁকানো; পাকানো; ক্রূর; শঠ। **কুটিলতা**—বক্রতা; ক্রূরতা; শঠতা।

**কুটুম্ব**—পরিবার; জ্ঞাতি।

**কুটুম্বিক, কুটিম্বিক**—পরিবারের কর্তা; গৃহস্বামী।

**কুটুম্বী**—সম্পন্ন গৃহস্থ; ভূম্যধিকারী।

**কুট্‌ঠ**—১ কুষ্ঠরোগ। ২ এক প্রকার সুগন্ধ উদ্ভিদ।

**কুট্‌ঠী**—কুষ্ঠরোগী।

**কুঠারী**—কুঠারিকা; কুঠার; কুড়ালি; ক্ষুদ্র কুঠার।

**কুড়ুমল**—উন্মুক্ত মুকুল।

**কুড্ড**—দেয়াল; প্রাচীর।

**কুণপ**—মানুষের শব; মৃতদেহ; শব; লাশ; জঘন্য বস্তু। **কুণপগন্ধ**—মৃতদেহের বা শবদেহের পচাগন্ধ।

**কুণাল**—ভারতীয় কোকিল।

**কুণী**—খঞ্জ; খোঁড়া।

**কুণ্ঠ**—ভোঁতা; নীরস; স্থূলবুদ্ধি।

**কুণ্ঠেতি**—(কুণ্ঠ্+এ) ভোঁতা করা; নীরস করা; আনমিত বা একান্ত অনুরক্ত করা; পঙ্গু করা। *aor* **কুণ্ঠেসি**। *pp* **কুণ্ঠিত**।

**কুণ্ডক**—কুঁড়া; কুঁড়ো; তুষকণা; তুষের ক্ষুদ্রাংশ। **কুণ্ডকপূব**—কুঁড়ার পিষ্টক।

**কুণ্ডল**—কর্ণভূষা; বলয়; চুলের থোকা। **কুণ্ডলকেস**—পাকানো চুল। **কুণ্ডলআবত্ত**—(ঘড়ির স্প্রিং-এর ন্যায়) চারদিকে ঘুরানো; কুণ্ডল আবর্ত।

**কুণ্ডলী**—কুণ্ডলধারী; কুণ্ডলবিশিষ্ট।

**কুণ্ডিকা, কুণ্ডী**—বড় কলসি; জলের জগ (গাড়ু)।

**কুতুহল**—কৌতূহল; কুতূহল; ঔৎসুক্য; অভিলাষ।

**কুতো**—যেখান হতে; কোথা হতে; যা হতে; কি হতে; কি হতে; তা হতে।

**কুত্ত**—আচরণ; স্বভাব; ছিনালি; ভ্রষ্টা নারীর চাতুরী বা হাবভাব।

**কুত্তক**—বারোজন স্ত্রীলোকের নৃত্য করার জন্য যথেষ্ট বড় গালিচা।

**কুত্থ, কুত্র**—কোথায়; কোথা।

**কুথিত**—ফুটন্ত; উত্তাপে টগবগ করে ফোটা; উত্তাপে টগবগ করে ফুটছে এমন; অত্যন্ত উত্তপ্ত।

**কুদস্‌সু**—কখন; কোন সময়।

**কুদাচন, কুদাচনং**—কখনও কখনও; সময়ে সময়ে; মধ্যে মধ্যে; যে কোনো সময়ে; কদাচ।

**কুদ্দাল**—কোদাল; আঁচড়া।

**কুদ্ধ**—('কুজ্ঝতি'র *pp*) ক্রুদ্ধ; উত্তেজিত; ক্ষিপ্ত।

**কুদ্রূসক**—এক প্রকার শস্য; শস্যকণা।

**কুন্ত**—১ রাজকীয় বর্শা বা বল্লম বা ভল্ল। ২ একজাতীয় পক্ষী।

**কুন্তনী**—জলাভূমির দীর্ঘচঞ্চু পক্ষিবিশেষ।

**কুন্তল**—কেশপাশ; চুল।

**কুন্থ**—এক শ্রেণীর পিপীলিকা।

**কুন্দ**—জুঁই জাতীয় পুষ্পবিশেষ।

**কুন্নদী**—ক্ষুদ্র নদী।

**কুপথ**—ভুল পথ; অসৎ পথ।

**কুপিত**—('কুপ্পতি'র *pp*) ক্রুদ্ধ; রাগান্বিত; মর্মাহত।

**কুপুরিস**—কুপুরুষ; কুৎসিত পুরুষ।

**কুপ্প**—কুপ্য; টলায়মান; অস্থির।

**কুপ্পতি**—(কুপ্+য) ক্রুদ্ধ হওয়া; বিক্ষুব্ধ হওয়া; উত্তেজিত হওয়া; পরিবর্তিত হওয়া। **কুপ্পি**। *prp* **কুপ্পমান**।

**কুপ্পন**—বিক্ষোভ; উত্তেজনা; ক্রোধ; বিশৃঙ্খলা; অশান্তি; গোলমাল।

**কুব্বতি**—করোতি (দেখুন)।

**কুব্বনক**—ক্ষুদ্র বন; ছোট ঝোপ; ভাঙ্গা বা ছাঁটা ডালপালা।

**কুব্বন্ত, কুব্বমান**—('কুব্বতি'র *pp*) করমান; কারক; সম্পাদক; সম্পাদনরত।

**কুব্বর**—গোলাকার দীর্ঘ দণ্ড বা খুঁটি; একজোড়া ঘোড়াকে জোতার উপযোগী দণ্ড।

**কুমতি**—মিথ্যা দৃষ্টি; দুষ্ট বুদ্ধি; অসৎ বুদ্ধি; দুষ্ট-

বুদ্ধিসম্পন্ন।

**কুমার, কুমারক**—বালক; ছেলেমানুষ। **কুমারকীলা**—বালকের আমোদপ্রমোদ।

**কুমারিকা, কুমারী**—বালিকা; সতী।

**কুমিন**—মাছধরার কৌশল।

**কুমুদ**—শ্বেত জলপদ্ম। **কুমুদনাল**—শ্বেত জলপদ্মের বৃন্ত। **কুমুদৱন্ন**—শ্বেতপদ্মবর্ণ।

**কুম্ভ**—জলের কলস বা কলসী। **কুম্ভকার**—কুমার। **কুম্ভকারসালা**—কুম্ভকারশালা; কুমারশালা। **কুম্ভদাসী**—জল আনয়নের বালিকাদাসী।

**কুম্ভক**—(পোতাদির) মাস্তুল।

**কুম্ভণ্ড**—কুমড়া; স্বর্গীয় সত্তা; দেবযোনি বিশেষ।

**কুম্ভী**—কলসী; পাত্র।

**কুম্ভীল**—কুম্ভীর; কুমির।

**কুম্ম**—কূর্ম; কচ্ছপ; কাছিম।

**কুম্মগ্গ**—কূর্মগ্র; ভুলপথ; মিথ্যাপথ।

**কুম্মাস**—মিঠাই বা সুস্বাদু খাবার; বনভোজন; চড়ুই-ভাতি।

**কুর**—সিদ্ধ চাল।

**কুরণ্ডক**—পুষ্পবৃক্ষ বিশেষ; অমরনাথের একটি প্রজাতি।

**কুরর**—মৎস্য শিকারি বৃহদাকার পক্ষিবিশেষ; সমুদ্র ঈগল; বকপাখি।

**কুরুঙ্গ**—একজাতীয় কৃষ্ণসারমৃগ; কুরঙ্গ; কুরঙ্গক; কুরঙ্গম।

**কুরুমান**—('করোতি'র *prp*) কারী; করণে রত।

**কুরুরট্‌ঠ**—কুরুরাষ্ট্র; কুরুরাজ্য (উত্তর ভারতে)।

**কুরূর**—নির্মম; নির্দয়; নিষ্ঠুর; নৃশংস; প্রচণ্ড।

**কুল**—পরিবার; পরিজনবর্গ; বংশ; গোষ্ঠী; জাত। **কুলগেহ**—কুলগৃহ; পরিবারের গৃহ; পিতৃপুরুষের বাড়ি। **কুলতন্তি**—কুলতন্ত্রী; বংশাদির পরম্পরা; পারিবারিক পদ্ধতি; ঐতিহ্য। **কুলদূসক**—কুলদূষক; কুলকলঙ্ক; কুলাঙ্গার। **কুলধীত**—সম্ভ্রান্ত পরিবারের কন্যা। **কুলপুত্ত**—কুলপুত্র; সদ্বংশজাত পুত্র; ভালো পরিবারের যুবক; ভদ্রলোকের ছেলে। **কুলৱংস**—কুল; বংশ; সন্তান; বংশধরগণ।

**কুলঙ্গার**—কুলাঙ্গার; পরিবার বা বংশকে ধ্বংসের দিকে নিয়ে যায় এমন।

**কুলত্থ**—(গবাদি পশুর খাদ্যরূপে ব্যবহৃত) কলাই ও তজ্জাতীয় গাছসমূহ।

**কুলল**—শ্যেন; বাজ।

**কুলাল**—কুম্ভকার। **কুলালচক্ক**—কুম্ভকারের চাকা।

**কুলাৱক**—কুলায়; পাখির বাসা; নীড়।

**কুলিস**—কুলিশ; বজ্র; আসাসোটা; আয়ুধ।

**কুলীন**—সৎকুলোৎপন্ন।

**কুলীর**—কুলীরক; কর্কট; কর্কট রাশি। **কুলীর-পাদ**—কর্কটের আকারের পদযুক্ত শিষ্যা।

**কুলূপগ**—ঘন ঘন পরিবারে যাওয়া-আসা করেন এমন; যিনি গৃহে নিয়ত ভিক্ষা করতে আসেন এবং সকলকে ধর্মোপদেশ দেন।

**কুল্ল**—ভেলা।

**কুৱলয**—কুবলয়; পদ্ম।

**কুবের**—যিনি উত্তর দিক শাসক করেন সেই দেবতার নাম; যক্ষগণের রাজা।

**কুস**—কুশ; একপ্রকার সুগন্ধ তৃণ; প্রসিদ্ধ তৃণ। **কুসঅগ্গ**—কুশাগ্র; কুশের অগ্রভাগ। **কুসচির**—কুশ তৃণ দ্বারা প্রস্তুত জামা। **কুসপাত**—লটারি দ্বারা ভাগ্য পরীক্ষা করা।

**কুসল**—কুশল; কল্যাণ; যোগ্যতা; গুণ; মঙ্গল; পুণ্যধর্ম; চতুর। **কুসলকম্ম**—প্রশংসনীয় কাজ; সদাচার। **কুসল চেতনা**—সঠিক নির্বাচন। **কুসলধম্ম**—কুশল ধর্ম; ন্যায়পরায়ণতার বৈশিষ্ট্য। **কুসলৱিপাক**—কুশল বিপাক; সৎকর্মের ফল বা পরিণাম।

**কুসলতা**—কুশলতা; দক্ষতা; চাতুর্য; নিপুণতা; সংসাধন; সাংস্কৃতিক গুণাবলি।

**কুসিনারা**—মল্লদের প্রধান শহর।

**কুসীত**—শ্রমবিমুখ; অলস। **কুসীতা, কুসীত্ত**—শ্রমবিমুখতা; আলস্য।

**কুসুম**—পুষ্পবিশেষ; একপ্রকার ফুল।

**কুসুমিত**—ফুলে ভরা; পুষ্পিত; বিকাশোন্মুখ; প্রস্ফুটিত; ফুল্ল।

**কুসুব্ভ**—ছোট গর্ত।

**কুসুম্ভ**—কুসুমফুল (Saf-flower) [লাল রং করার জন্য ব্যবহৃত হয়]।

**কুসূল**—শস্যগোলা।

**কুহ, কুহক**—প্রতারণাপূর্ণ; প্রতারক; জুয়াচোর; ঠক; প্রবঞ্চক।

**কুহনা**—প্রতারণা; প্রবঞ্চনা; জুয়াচুরি; ভণ্ডামি; কপটতা।

**কুহর**—গর্ত; কোটর; গুহা; গহ্বর।

**কুহিং**—কোথায়।

**কুহেতি**—(কুহ্+এ) প্রতারণা করা; প্রবঞ্চনা করা। *aor* **কুহেসি**।

**কূজতি**—(কূ+অ) কিচিরমিচির করা; কিচিরমিচির করে বলা। *aor* **কূজি**। *pp* **কূজিত**।

**কূজন**—পাখির কিচিরমিচির শব্দ।

**কূজন্ত, কূজমান**—কিচিরমিচির শব্দ করে।

**কূজিত**—পাখির গানে; পাখির গানে মুখরিত।

**কূট**[১]—মিথ্যা; প্রতারণাপূর্ণ; জুয়াচুরিপূর্ণ; অদমিত। **কূটগোণ**—অদমিত ষাঁড়। **কূট অট্টকারক**—মিথ্যা অভিযোক্তা; মিথ্যা মকদ্দমা দায়েরকারী। **কূট জটিল**—প্রতারকযোগী। **কূট বাণিজ**—অসৎ ব্যবসায়ী।

**কূট**[২]—পর্বতের শৃঙ্গ; অভিক্ষিপ্তাবস্থা; লক্ষণীয়তা; বৈশিষ্ট্য; শীর্ষ; সর্বোচ্চ চূড়া; শৈলশিরা; শৈলশ্রেণী; সর্বোচ্চ সীমা; হাতুড়ি; বন্দুকাদির ঘোড়া; অসাধুতা; প্রতারণা; প্রবঞ্চনা।

**কূটাগার**—চূড়াযুক্ত দালান অথবা ঐ ধরনের অস্থায়ী নির্মাণ; (গির্জায়) ধর্মমন্দিরে শবাধার স্থাপনের নিমিত্ত নির্মিত মঞ্চ।

**কূপ**—কূয়া; গহ্বর।

**কূপক**—(পোতাদির) মাস্তুল।

**কূল**—নদীর কূল; নদীর তীর; বাঁধ।

**কেকর**—টেরা বা তির্যক চক্ষুবিশিষ্ট লোক।

**কেকা**—কোকিলের চিৎকার।

**কেতকী**—কেয়াফুলের গাছ; কেয়াফুল।

**কেতু**—পতাকা; নিশান। **কেতুকম্যতা**—অসার আত্মশ্লাঘা বা দম্ভ; অভিক্ষিপ্তাবস্থা বা বৈশিষ্ট্য লাভের আকুল আকাঙ্ক্ষা। **কেতুমন্ত**—পতাকা দিয়ে সজ্জিত।

**কেতুং**—ক্রয় করা।

**কেদার**—কর্ষণোপযোগী জমি; মাঠ। **কেদারপালি**—বাঁধ; আইল; আলি।

**কেনিপাত**—নৌকা জাহাজ প্রভৃতির হাল বা কর্ণ।

**কেযূর**—উপরের বাহুর জন্য কব্জির অলঙ্কারবিশেষ।

**কেয্য**—ক্রেয়; ক্রয় করা যায় এমন বস্তু; ক্রয় করার উপযুক্ত।

**কেরাটিক**—প্রতারণাপূর্ণ; কপটাচারী; ভণ্ডামিপূর্ণ; অসাধু লোক।

**কেরাটিয**—প্রতারণা; প্রবঞ্চনা; জুয়াচুরি।

**কেলাস**—কৈলাস; হিমালয়ে একটি পর্বতের নাম।

**কেবট্ট**—কৈবর্ত; ধীবর; জেলে।

**কেবল**—একমাত্র; অবিমিশ্র; সম্পূর্ণ; পুরা। **কেবলকপ্প**—প্রায় সম্পূর্ণ। **কেবল পরিপুণ্ণ**—ইহার সম্পূর্ণ বা অখণ্ড অবস্থায় সমাধা করা হয়েছে এমন। **কেবলং**—মাত্র।

**কেস**—চুল। **কেস কম্বল**—পশমে প্রস্তুত কম্বল। **কেসকম্বলী**—যার পশমে প্রস্তুত কম্বল আছে এমন। **কেসকলাপ**—কেশকলাপ; কেশসমূহ; বেণী। **কেস কল্যাণ**—চুলের সৌন্দর্য। **কেস ধাতু**—চুলের ধ্বংসাবশেষ।

**কেসর**—কেশর; ফুলের পাপড়ির মাঝখানে কেশের মতো যে সূক্ষ্ম পদার্থ থাকে তা; ফুলের রেণু; অশ্ব, সিংহ প্রভৃতির কেশর। **কেসরসীহ**—কেশরধারী সিংহ।

**কেসরী**—কেশরী; সিংহ।

**কেসব**—১ কেশব। ২ কেশে ভরা। ৩ বিষ্ণুদেব।

**কেসোরোপন**—মস্তক মুণ্ডন; চুল চাঁছন।

**কেসোহারক**—ক্ষৌরকার; নাপিত।

**কো**—('কিং'-এর একবচন) কে; কোন ব্যক্তি।

**কোক**—নেকড়ে।

**কোকনদ**—লাল পদ্ম।

**কোকিল**—বসন্তসখা; পিক।

**কোচি**—কেহ; যে কেহ।

**কোচ্ছ**—১ ঝাড়ু; বুরুশ; চিত্রকরের তুলি; কুঁচি। ২ র‍্যাটন কেদারা (Ratton Chair)।

**কোজব**—গালিচা; গালচে।

**কোঞ্চ**—ক্রৌঞ্চ; কোঁচ বক; বক; সারস জাতীয় পক্ষিবিশেষ। **কোঞ্চনাদ** ('কুঞ্চনাদ' দেখুন)।

**কোটচিকা**—স্ত্রী চিহ্ন; যোনি।

**কোটি**—শীর্ষ; চূড়া; শিখর; বিন্দু; প্রান্ত; সংখ্যামানবিশেষ। **কোটিপ্পকোটি**—১০,০০০,০০০,০০০,০০০,০০০,০০০,০০০ (কোটি-কোটি-কোটি)। **কোটিপ্পত্ত**—কোটিপ্রাপ্ত; প্রান্তসীমায় এসে; সম্পূর্ণ উপলব্ধি করে'।

**কোটিল্ল**—কৌটিল্য; কুটিলতা; ক্রূরতা; অসাধুতা।

**কোটিসিম্বলী, কূট**—কাঁটাযুক্ত লাল কার্পাসগাছ।

**কোট্টন**—কুট্টন; কাটা; খোঁড়া; কুটে ফেলা।

**কোট্টিত**—('কোট্টেতি'র *pp*)।

**কোট্টেতি**—(কুট্ট+এ) কুটানো; ছোট ছোট করে কাটানো; তুষবিহীন করানো; চূর্ণ করানো; কুটে ফেলা। *aor* **কোট্টেসি**। *prp* **কোট্টেন্ত**। *abs* **কোট্টেত্বা**।

**কোট্ঠ**—কোষ্ঠ; উদর; কুক্ষি; কক্ষ; গোলা। **কোট্ঠআগার**—শস্যাগার; ধনাগার; গুদাম; ভাণ্ডার; গোলাবাড়ি। **কোট্ঠআসয**—উদরে বিদ্যমানতা।

**কোট্ঠক**—১ শক্তির কেন্দ্র। ২ প্রবেশ পথ। ৩ লুকিয়ে রাখার স্থান। ৪ নিভৃত কক্ষ; পায়খানা।

**কোট্ঠাস**—অংশ; (পরি) সংবিভাগ; বণ্টিত অংশ; হিস্যা।

**কোণ**—গুপ্ত বা নিভৃত স্থান; গৃহাদির একপার্শ্ব; কোটি; সূক্ষ্ম প্রান্ত; ধনুক।
**কোতুহল**—কুতূহল; কৌতূহল; ঔৎসুক্য; অভিলাষ।
**কোত্থু, কোত্থুক**—শিয়াল; যে ব্যক্তি পরের ক্লান্তিকর কাজ করে দেয়।
**কোদণ্ড**—ধনুক।
**কোধ**—ক্রোধ; দ্বেষ; কোপ।
**কোধন**—বিকৃত বুদ্ধি; স্বেচ্ছাচারী; অবাধ্য; খিটখিটে; ক্রোধী; ক্রোধন।
**কোন্ত**—(কুন্ত' দেখুন)।
**কোপ**—ক্রোধ; দ্বেষ; অসন্তোষ; বিরক্তি। **কোপনেয্য**—ক্রোধ জাগানো-প্রবণ।
**কোপী**—ক্রুদ্ধ; বদমেজাজি।
**কোপীন**—কৌপীন; ল্যাঙোট; কপনি; পুরুষলিঙ্গ; গুহ্যদেশ; পাপ।
**কোপেতি**—('কুপ্পতির *caus*) ক্রুদ্ধ করানো; রাগান্বিত করানো; বিশৃঙ্খল করা; নষ্ট করা; বাধা দেওয়া; নড়ান; বিক্ষুব্ধ করা; আইন লঙ্ঘন করা। *aor* **কোপেসি**। *pp* **কোপিত**। *abs* **কোপেত্বা**।
**কোমল**—নরম; অকঠিন; মৃদু; শান্ত; উগ্র নয় এমন; মধুর; ললিত।
**কোমার**—কুমার; তরুণ; অল্পবয়স্ক; শাস্ত্রানুযায়ী শিশু-চিকিৎসা; রাজপুত্র কর্তৃক পালিত। **কোমার ব্রহ্মচরিযা**—শিশুকাল হতে কৌমার্যব্রত।
**কোমুদী**—কৌমুদী; জ্যোৎস্না; কার্তিকী পূর্ণিমা।
**কোরক**—মুকুল; মৃণাল।
**কোরব্য, কোরব্ব্য**—কুরুবংশ; কুরুরাজ্যবাসী।
**কোল**—কুল; বদরী ফল; বদরীফলের কাঁটাওয়ালা গুল্ম।
**কোলক**—গোলমরিচ; পিপুল।
**কোলট্ঠি**—কুলের বা বদরীফলের বীজ।
**কোলম্ব**—বড় বয়ম।
**কোলাপ**—মৃত অথবা ফাঁপ বৃক্ষ।
**কোলিয**—কোলিয়; শাক্যবংশের এক গোষ্ঠী।
**কোলেয্যক**—(বলা হয় কুকুরের) একটি ভালো জাত; সৎকুলজাত; pedigree dog; thoroughbred dog।
**কোবিদ**—জ্ঞানী; পণ্ডিত; নিপুণ।
**কোস**—কোষ; ধনাগার; আবরণ; খড়্গাদির খাপ; রেশম-গুটি।
**কোসক**—পেয়ালা; পান করার জন্য পাত্র; খাপ; আধার।
**কোসজ্জ**—আলস্য; শ্রমবিমুখতা।
**কোসল্ল**—কুশলতা; দক্ষতা।
**কোসাতকী**—এক প্রকার লতাগাছ যার ফল খাওয়া হয়; *Luffa aculangula* লতা।
**কোসফল**—জায়ফল।
**কোসম্বী**—কোশম্বী; বৎস রাজ্যের রাজধানী।
**কোসল**—বুদ্ধের সময়ে একটি বিশিষ্ট রাজ্য।
**কোসারক্খ**—কোষাধ্যক্ষ; ধনাগার-রক্ষক।
**কোসিক**—উলূক; পেচক; পেচা।
**কোসিনারক**—কুশীনারার অধিবাসী।
**কোসী**—কোষ; খাপ।
**কোসেয্য**—রেশম; রেশমি কাপড়; রেশমি বস্ত্র।
**কোসোহিত**—কোষাবদ্ধ।
**কোহঞ্ঞ**—ভণ্ডামি; কপটতা; প্রতারণা; প্রবঞ্চনা; কুহনা।
**ক্রিয়া**—'কিরিযা' দেখুন।
**ক্ব**—কোথায়? **ক্বচি**—কোন একস্থানে; কোথাও।

## খ

**খ**—শূন্য; আকাশ।
**খগ**—পক্ষী; পাখি।
**খগ্গ**--খড়্গ; তরবারি; তরোয়াল; অসি। **খগ্গকোস**—তরবারির জন্য কোষ; তরোয়ালের খাপ। **খগ্গগাহক**—অসিবাহক। **খগ্গতল**—তরবারির ফলা। **খগ্গধর**—তরোয়াল ধারণকারী। **খগ্গবিসান**—খড়গবিশান; গণ্ডার; যার খড়্গের ন্যায় শিং আছে।
**খচতি**—(খচ্+অ) ভিতরে স্থাপন করা; খচিত করা। *aor* **খচি**। *pp* **খচিত**।
**খজ্জ**—খাদ্য অথবা পানীয়; কঠিন বা ঘন খাদ্য; মিঠাই। **খজ্জক**—মিঠাই। **খজ্জকন্তর**—বহুরকম মিষ্ট বা মধুর বস্তু; মিঠাই।
**খজ্জতি**—[(খজ্+য) 'খাদতি'র *pass*]। ১ খাদিত বা ভক্ষিত হওয়া। ২ চুলকানির জ্বালাপ্রাপ্ত হওয়া। ৩ শেষ হয়ে যাওয়া; ব্যবহৃত হয়ে ফুরিয়ে যাওয়া।
**খজ্জু**—খোস; পাঁচড়া; চুলকানি।
**খজ্জুরী**—খর্জূর; খেজুর ফল বা গাছ।
**খজ্জোপনক**—জোনাকি; খদ্যোত।
**খঞ্জ**—খোঁড়া।
**খঞ্জতি**—(খজ্+ং-অ) খুঁড়িয়ে খুঁড়িয়ে বা জবুথবুভাবে চলা। *aor* **খঞ্জি**।

**খঞ্জন**—খুঁড়িয়ে খুঁড়িয়ে বা জবুথবুভাবে চলন; দোয়েল বা খঞ্জনা।

**খণ**—ক্ষণ; কালের অংশ বিশেষ; মুহূর্ত; অল্পকাল; সুযোগ। **খণেন**—মুহূর্তের মধ্যে। **খণাতীত**—সুযোগ হারিয়ে।

**খণতি**—(খন+অ) খনন করা; খোঁড়া; উন্মূলন করা। *aor* **খণি**। *pp* **খত্ত**। *prp* **খণন্ত**। *abs* **খণিত্বা**।

**খণন**—খনন; গর্ত বা খাত প্রস্তুত করা; খোঁড়া।

**খণিক**—ক্ষণিক; ক্ষণমাত্র স্থায়ী; অচিরস্থায়ী; পরিবর্তনীয়।

**খণিত্তী**—শাবল; গাঁইতি খন্তা বা অনুরূপ কোনো যন্ত্র।

**খণ্ড**—ক্ষুদ্র টুকরা; অংশ; ভাগ; ভাঙা অংশ; মিছরি; ভগ্ন। **খণ্ডদন্ত**—দাঁতভাঙ্গা। **খণ্ডফুল্ল**—(দালানের) ভগ্ন এবং ধ্বংসপ্রাপ্ত অংশে।

**খণ্ডন**—ছেদন; কর্তন; যুক্তি বলে মিথ্যা বা ভ্রান্ত বলে প্রমাণ করা।

**খণ্ডাখণ্ডং, খণ্ডাখণ্ডিকং**—ভেঙে টুকরা টুকরা করণ।

**খাণ্ডিকা**—টুকরা; ভাঙা টুকরা।

**খণ্ডিচ্চ**—খণ্ডিত্য; ভেঙে যাওয়ার অবস্থা (দন্ত বিষয়ে বলা)।

**খণ্ডিত**—('খণ্ডেতি'র *pp*)।

**খণ্ডেতি**—(খণ্ড্+এ) ভেঙে খণ্ড খণ্ড করা; ভঙ্গ করা; লঙ্ঘন করা। *aor* **খণ্ডেসি**। *abs* **খণ্ডেত্বা**।

**খত**—('খণতি'র *pp*) খনিত হয়েছে যা; খোঁড়া হয়েছে এমন; উন্মূলিত; ক্ষত; গুণহীন।

**খত্ত**—ক্ষত্র; রাষ্ট্রবিজ্ঞান; যা ক্ষত্রিয়ের কাছে থাকে।

**খত্তিয**—ক্ষত্রিয়; যুদ্ধব্যবসায়ী জাতিবিশেষ; ক্ষত্রিয় বংশের। **খত্তিযকঞ্ঞা**—ক্ষত্রিয় জাতির কন্যা। **খত্তিযকুল**—ক্ষত্রিয় কুল; যোদ্ধাজাতি। **খত্তিয মহাসাল**—ক্ষত্রিয় মহাশাল; ক্ষত্রিয় উপজাতির মহাধনবান ব্যক্তি। **খত্তিযমাযা**—ক্ষত্রিয় মায়া; ক্ষত্রিয়গণের বিশেষ জ্ঞান। **খত্তিয সুখুমাল**—ক্ষত্রিয় সুকুমার; রাজকুমারের ন্যায় কোমল ও কমনীয়।

**খত্তিযা, খত্তিযানী**—ক্ষত্রিয় বংশের মহিলা।

**খত্তু**—সারথি; রথারোহী; রথী; রাজার পরিচারক—মন্ত্রী।

**খদির**—বাবলাগোত্রীয় গাছ। **খদিরঅঙ্গার**—বাবলাগোত্রী গাছের জ্বলন্ত অঙ্গার।

**খন্তি**—ক্ষন্তি; ক্ষমা; সহিষ্ণুতা; নিবৃত্তি; থামা। **খন্তিবল**—ক্ষান্তির শক্তি। **খন্তিমন্তি**—সহিষ্ণু; ক্ষমাশীল।

**খন্তিক**—অমুক অমুক বিশ্বাসের। **অঞ্ঞখন্তিক**—অন্যতর বিশ্বাস।

**খন্ত**—যে সহ্য করে এমন; শান্ত; প্রশান্ত।

**খন্ধ**—১ বপু বা আয়তন। ২ দেহের বা বৃক্ষের কাণ্ড। ৩ পিণ্ড; দলা; স্তূপ। ৪ পরিচ্ছেদ বা অধ্যায়। ৫ স্কন্ধ বা মস্তিষ্ক সংবেদন একত্র হয়, যা যে কোনো মূর্তিতে প্রয়োজনীয় বাহ্য অবস্থা রূপায়িত করে। **খন্ধপঞ্চক**—স্কন্ধ বা সংবেদজ পাঁচটি, যথা : রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান।

**খন্ধক**—বিভাগ বা পরিচ্ছেদ বা অধ্যায়।

**খন্ধাবার**—শিবির।

**খমা**—ক্ষমা; মার্জনা; সহিষ্ণুতা; শান্তি; নিবৃত্তি।

**খমতি**—(খম্+অ) সহিষ্ণু হওয়া; ধৈর্যশীল হওয়া; দৃঢ়ভাবে সহ্য করা; ক্ষমা করা; মার্জনা করা। *aor* **খমি**। *pp* **খন্ত**। *prp* **খমন্ত, খমমান**।

**খমন, খমা**—সহ্য বা বরদাস্ত করার ক্ষমতা স্বভাব অথবা ইচ্ছা; সহিষ্ণুতা; ধৈর্য; সহন।

**খমাপন**—মার্জনা; ক্ষমাপত্র।

**খমাপেতি**—(খম্+আপে) কারও ক্ষমা প্রার্থনা করা; সদুঃখে অপরাধ স্বীকার করা; কৈফিয়ত দেওয়া। *aor* **খমাপেসি**। *prp* **খমাপেন্ত**। *pp* **খমাপিত**। *abs* **খমাপেত্বা**।

**খমিতব্ব**—ক্ষমা বা মার্জনা করণীয়।

**খমিত্বা**—ক্ষমা বা মার্জনা করে; দৃঢ়ভাবে সহ্য করে।

**খম্ভকত**—কারও পাছায় বা কোমরে দুই হাত দিয়ে।

**খয**—ক্ষয়; অপচয়; অপব্যয়; সর্বনাশ; ধ্বংস; বিনাশ; সম্পূর্ণতা দান; নিষ্পন্ন; পরমোৎকর্ষ দান। **খয অনুপস্সনা**—পতন বা অধঃপতনের প্রকৃত অবস্থার জ্ঞান।

**খর**—রূঢ়; কর্কশ; কঠোর; শক্ত; ধারালো; তীক্ষ্ণ; তীব্র; বেদনাদায়ক; যন্ত্রণাদায়ক। **খরত্ত, খরতা**—রূঢ়তা; কঠোরতা।

**খল**—শস্য মাড়াইয়েব মেঝে; ঔষধাদি পেষণের পাত্রবিশেষ। **খলঅগ্গ**—শস্য মাড়াইয়ের সূত্রপাত। **খলমণ্ডল**—শস্য মাড়াইয়ের মেঝে।

**খলতি**—(খল্+অ) হোঁচট খাওয়া; পতনোন্মুখ হওয়া; স্খলিত হওয়া।

**খলিত**—স্খলিত; ভুল বা ত্রুটি; হোঁচট; পদস্খলন।

**খলীন**—(ঘোড়ার) কামড়।

**খলু**—বাস্তবিকপক্ষে; প্রকৃতপক্ষে; সত্য সত্যই; সন্দেহাতীতভাবে।

**খলুঙ্ক**—যে নিকৃষ্ট ঘোড়াকে শিক্ষা দেওয়া শক্ত।

**খল্লাট**—কেশহীন; টেকো; লোমহীন। **খল্লাট সীস**—খল্লাট শীর্ষ; খল্লাটশির টেকো মাথা। **খল্লাটিয**—কেশশূন্যতা; লোমহীনতা।

**খলোপী**—এক রকমের পাত্র বিশেষ।

**খল**—রূঢ়; কর্কশ; কঠোর; শঠলোক; বদমাশ; পাজিলোক; বাজেলোক; ইতরলোক; নীচলোক; জঘন্য লোক; দুশ্চরিত্র লোক।

**খাণু**—কর্তিত বা পতিত বৃক্ষের গোড়ার যে অংশ মাটির মধ্যে থেকে যায় (সচরাচর খাড়াভাবে স্থাপিত) খুঁটি বা স্তম্ভ।

**খাত**—('খণতি'র *pp*) খনিত; খোঁড়া হয়েছে এমন।

**খাদক**—যে আহার করে এমন; বেঁচে রয়েছে এমন।

**খাদতি**—(খাদ্+অ) খাওয়া; আহার করা; চর্বণ করা; দাঁত দিয়ে কামড়ানো; দাঁত দিয়ে কামড়ায়ে ধরা; (দাঁত) কড়মড় করা। *aor* **খাদি**। *prp* **খাদন্ত, খাদমান**।

**খাদন**—খাওয়া-কর্ম।

**খাদনীয**—খাওয়ার উপযুক্ত; ভোজনযোগ্য; কঠিন খাদ্য; মিঠাই।

**খাদাপন**—খাওয়ান-কর্ম; ভোজন করানো।

**খাদাপেতি**—('খাদতি'র *caus.*) খাওয়ানো; কামড় দেওয়ানো। *aor* **খাদাপেসি**। *pp* **খাদাপিত**। *prp* **খাদাপেন্ত**। *abs* **খাদাপেত্বা**।

**খাদিত**—('খাদতি'র *pp*); ভুক্ত; দংশিত; ব্যবহৃত; ক্ষয়িত।

**খাদিতব্ব**—ভক্ষণীয়; ভক্ষ্য।

**খাদিতুং**—খাবার জন্য; ভক্ষণের জন্য।

**খাযতি**—(খা+য) মনে হওয়া; বোধ হওয়া; ধারণা হওয়া; অনুরূপ দৃষ্টিগোচর হওয়া। *aor* **খাযি**।

**খাযিত**—খাদিত; ভক্ষিত।

**খার**—ক্ষার; লবণরস; ছাই। **খারক**—১ অম্লজানের সহিত কোনো ধাতুর সংযোগে উৎপন্ন পদার্থ। ২ সদ্য মুকুল। **খারিক**—লবণরস।

**খারী**—ষোল আধরতি অর্থাৎ আট রতি; ঝুরি Pingo (পিঙ্গো) হতে পড়তে না দিয়ে (ঝোলানো অবস্থায়)। **খারীখাজা, খারীবিধ**—পিঙ্গো ঝুরি এবং পিঙ্গো।

**খালেতি**—(খাল+এ) ধৌত করা; জল দিয়ে আলতোভাবে ধোয়া; আলতোভাবে প্রক্ষালন (আলতোভাবে—অতি সন্তর্পণে অর্থাৎপ্রায় না ছুঁয়ে)। *aor* **খালেসি**। *pp* **খালিত**। *abs* **খালেত্বা**।

**খিড্ডা**—ক্রীড়া; খেলা; খেলাধুলা। **খিড্ডাদসক**—ক্রীড়া দশক; খেলার পর পর দশ বছর। **খিড্ডারতি**—খেলাধুলা উপভোগ।

**খিত্ত**—('খিপতি'র *pp*) ক্ষিপ্ত; নিক্ষিপ্ত; ভূপাতিত; অপচিত (যা অপচয় করা হয়েছে); উল্টানো। **খিত্তচিত্ত**—যার মন বিশৃঙ্খল হয়েছে; বিকৃত মস্তিষ্ক এমন; উন্মাদগ্রস্ত।

**খিপ**—ক্ষেপ; বিন্যাস; নিক্ষেপ; পাত; ফাঁদ বিশেষ; জাল; পাশ; ছল।

**খিপতি**—(খিপ্+অ) নিক্ষেপ করা; ছোড়া; ছুড়ে ফেলা; হাঁচি দেওয়া। *aor* **খিপি**। *prp* **খিপন্ত, খিপমান**। *abs* **খিপিত্বা**।

**খিপন**—ক্ষেপণ; নিক্ষেপণ।

**খিপিত**—('খিপতি'র *pp*) ছুড়ে ফেলা হয়েছে এমন; হাঁচি। **খিপিতসদ্দ**—হাঁচির শব্দ।

**খিপ্প**—ক্ষিপ্র; ত্বরিত। **খিপ্পতরং**—অতি দ্রুত; খুব তাড়াতাড়ি। **খিপ্পং**—তাড়াতাড়ি; দ্রুত।

**খিল**—চর্মের কাঠিন্য; কড়া; কাঠিন্য; দৃঢ়তা।

**খীণ**—('খীযতি'র *pp*) ক্ষীণ; নিঃশেষ করে ফেলা হয়েছে এমন; ক্ষয় হয়েছে এমন; জীর্ণ; কৃশ; শীর্ণ; অতি অল্প। **খীণত্ত, খীণতা**—কৃশতা; দৌর্বল্য; সূক্ষ্মতা; ক্ষীণত্ব; ক্ষীণতা। **খীণ মচ্ছ**—ক্ষীণমৎস্য; মৎস্য ব্যতীত। **খীণ বীজ**—যে অস্তিত্বের শূন্যবীজ হয়েছে অর্থাৎ যার পুনর্জন্মের বীজ ক্ষীণ হয়েছে। **খীণ আসব**—যার মন মানসিকবদ্ধ সংস্কারযুক্ত; যার মন আবেশমুক্ত।

**খীযতি**—(খী+য) নিঃশেষিত হওয়া; ক্ষয়িত হওয়া; শুকিয়ে যাওয়া; জীর্ণ হওয়া; নিরানন্দ হওয়া; মনমরা হওয়া। *aor* **খীযি**। *prp* **খীযিমান**। *abs* **খীযিত্বা**।

**খীযন**—১ নিঃশেষিত অবস্থা; নিদারুণ শ্রান্তি। ২ নিন্দার পাত্র; নিন্দার বিষয়।

**খীর**—ক্ষীর; দুগ্ধ; দুধ। **খীরঅণ্ণব**—শ্বেত সমুদ্র; ক্ষীর-অর্ণব। **খীরপক**—দুগ্ধশোষণ। **খীরওদন**—দুধ-ভাত।

**খীরিকা**—*Buchanania latifolia* গাছ।

**খীল**—গোঁজ; খোঁটা; কীলক; খুঁটি; স্তম্ভ।

**খুজ্জ**—কুঁজো (ব্যক্তি); কুব্জ।

**খুদা**—ক্ষুধা; ভোজনেচ্ছা।

**খুদ্দ, খুদ্দক**—ছোট; নিম্নতর; হীনতর; অকিঞ্চিৎকর; তুচ্ছ; অধম; এক প্রকার ছোট মৌমাছির তৈরি মধু। **খুদ্দকণিকায**—আনুশাসনিক গ্রন্থ সংগ্রহের নাম। **খুদ্দকপাঠ**—খদ্দক বর্গের প্রথম গ্রন্থ।

**খুদ্দা**—একজাতীয় ক্ষুদ্র মৌমাছি।

**খুদ্দানুখুদ্দক**—ক্ষুদ্রতর বা ন্যূনতর বা হীনতর এবং হ্রস্বতর বা লঘুতর বা নিম্নতর (কর্তব্য ও কর্মবিধি বা ধর্মানুশাসন বা নীতি)।

**খুপ্পিপাসা**—ক্ষুৎপিপাসা; ক্ষুধা ও তৃষ্ণা।

**খুভতি**—(খুভ্+অ) ক্ষুব্ধ হওয়া; বিক্ষুব্ধ হওয়া। *aor*

**খুভি**। *pp* **খুভিত**।

**খুর**—১ ক্ষুর। ২ কামাবার অস্ত্র বিশেষ। ৩ পশুদের পায়ের খুর। **খুরঅগ্গ**—কেশকর্তন বা মস্তক মুণ্ডনের বড় কক্ষ। **খুরকোস**—ক্ষুর কোষ; ক্ষুর রাখার খাপ। **খুর চক্ক**—ক্ষুরের ন্যায় ধারাল চাকা; ক্ষুর-চক্র। **খুর ধার**—ক্ষুরধার; ক্ষুরের ফলা। **খুর ভণ্ড**—নাপিতের পূর্ণ সাজসজ্জা; ক্ষুরভণ্ড। **খুর মুণ্ড**—অতি অল্পের জন্য অব্যাহতি বা পরিত্রাণ প্রাপ্ত।

**খুরপ্প**—এক প্রকার তীর বা শর বা বর্শা।

**খেট, খেটক**—ঢাল; আত্মরক্ষার্থ আবরণ বা কর্ম।

**খেত্ত**—ক্ষেত্র; ভূমি; ক্ষুদ্র জমিখণ্ড; সুবিধাজনক স্থান; যে স্থানে কিছু উৎপাদন করা হয় অথবা আবিষ্কার করা হয়; ক্ষেত। **খেত্তকম্ম**—ক্ষেত্রকর্ম; কৃষিকাজ; কৃষি; চাষবাস। **খেত্তগোপক**—ক্ষেত্রগোপক; ক্ষেত্র-চৌকিদার। **খেত্তসামিক**—ক্ষেত্রস্বামী; ক্ষেত্রের মালিক। **খত্তআজীব**—কৃষক; চাষি; জোতদার। **খেত্তুপম**—ক্ষেত্রের অনুরূপ হওয়া।

**খেদ**—অনুতাপ; আক্ষেপ; চরম দুর্দশা; মর্মপীড়া; নিদারুণ যন্ত্রণা।

**খেপ**—ক্ষেপ; নিক্ষেপ; বিন্যাস; (মনের) ক্ষতি বা হানি।

**খেপন**—ক্ষেপণ; (সময়) যাপন; বিধ্বংসন; বিলয়; পূর্ণধ্বংস।

**খেপিত**—('খেপেতি'র *pp*)।

**খেপেতি**—(খিপ্+এ) (সময় বা অর্থ) ব্যয় করা; বিধ্বস্ত করানো। *aor* **খেপেসি**। *prp* **খেপেন্ত**। *abs* **খেপেত্বা**।

**খেম**—ক্ষেম; বিপন্মুক্ত; নিরাপদ; স্থির; শান্ত; প্রশান্ত; শান্তিতে পরিপূর্ণ। **খেমট্ঠান**—ক্ষেমস্থান; নিরাপদ স্থান; আশ্রয় স্থল। **খেমপ্পত্ত**—ক্ষেমপ্রাপ্ত; শান্তি বা স্থৈর্য-অর্জিত। **খেমভূমি**—ক্ষেমভূমি; শান্তিপূর্ণ স্থান।

**খেমী**—ক্ষেমী; নিরাপত্তা উপভোগ করে এমন।

**খেল**—নিষ্ঠীবন; থুথু; লালা। **খেল মল্লক**—পিকদানি; থুকদানি।

**খেলাসিকা**—Phelm-cater ফেম-খাদক; একটি গালিগালাজ বাক্য।

**খো**—বাস্তবিকপক্ষে; প্রকৃতপক্ষে; সত্যই।

**খোভ**—ক্ষোভ; আঘাত; অভিঘাত; মনস্তাপ; চাঞ্চল্য; বিলোড়ন।

**খোম**—ক্ষৌম; পট্টবস্ত্র; রেশমি কাপড়; শণে তৈরি। **খোমদুস্স**—পাটবস্ত্র; শাক্যরাজ্যে একটি গ্রামের নাম।

# গ

**গগ্গ**—গগন; আকাশ। **গগ্গগামী**—গগনচারী; খেচর।

**গগ্গরা**—গর্গরা; একটি হ্রদের নাম।

**গগ্গরায়তি**—('গগ্গরা' হতে *deno*) গর্জন করা বা গর্জন করে বলা; গুরুগম্ভীর গর্জন করা।

**গগ্গরী**—হাপর; ভস্ত্রা (কামারের)।

**গঙ্গা**—গঙ্গানদী। **গঙ্গাতীর**—নদীর তীর; নদীর কূল। **গঙ্গাদ্বার**—নদীর মোহনা। **গঙ্গাধার**—নদীর অববাহিকা। **গঙ্গাপার**—নদীর অপর পার। **গঙ্গাসোত**—গঙ্গাস্রোত; নদীর স্রোত; তীব্র স্রোত; খরস্রোত।

**গঙ্গেয্য**—গঙ্গানদী সম্পর্কীয়।

**গচ্ছ**—গাছ; উদ্ভিদ; গুল্ম বা ঝোপ।

**গচ্ছতি**—(গম্+অ) গমন করা; যাওয়া; নড়া; চলা; হাঁটা। *aor* **গচ্ছি**। *prp* **গচ্ছন্ত, গচ্ছমান**। *pp* **গত**।

**গজ**—হস্তী। **গজকুম্ভ**—হাতির মাথায় কুম্ভবৎ মাংসপিণ্ড; করীপিণ্ড। **গজপোতক**—হস্তি শাবক।

**গজ্জতি**—(গজ্জ+অ) গুরুগম্ভীর গর্জন করা; বজ্রনির্ঘোষ; উচ্চনাদ। *aor* **গজ্জি**। *prp* **গজ্জন্ত, গজ্জমান**। *abs* **গজ্জিত্বা**।

**গজ্জনা**—গর্জন; গুরুগম্ভীর গর্জন।

**গজ্জিত**—('গজ্জতি'র *pp*) গর্জি; বজ্রনির্ঘোষিত; নাদিত।

**গজ্জিতু**—গর্জন করে এমন; উচ্চরব করে এমন।

**গণ**—সমূহ; সমষ্টি; যাজকসঙ্ঘ; ধর্মসম্প্রদায়; ভিক্ষু সম্পদায় প্রজাতন্ত্র। **গণপূরক**—যার দ্বারা গণপূরণ হয় অর্থাৎ সভার সিদ্ধতার জন্য ন্যূনপক্ষে যে কয়জন ব্যক্তি বা সদস্যের উপস্থিতি প্রয়োজন তা পূর্ণ করা হয়। **গণপূরণ**—(quorum) ন্যূনতম উপস্থিতির প্রয়োজনীয়তা পূর্ণ করণ। **গণবন্ধন**—সহযোগিতা। **গণ সঙ্গণিকা**—ভিড় বা গাদা করার আকাঙ্ক্ষা। **গণ আচারিয**—গণাচার্য; গণশিক্ষক; বহুজনের শিক্ষক; বহু ভক্ত আছে এমন। **গণ আরামতা**—ভিড় বা গাদা করার আকাঙ্ক্ষা।

**গণক**—গাণনিক; গণৎকার; গণনাকারী; দৈবজ্ঞ; অঙ্কশাস্ত্রে পারদর্শী এমন।

**গণন পথাতীত**—হিসাব ছাড়িয়ে গেছে এমন; কারণ নির্ণয়ের অসাধ্য।

**গণনা**—সংখ্যা; সংখ্যাকরণ; গণন; পাটিগণিত।

**গণিকা**—বেশ্যা; বারাঙ্গনা।

**গণিত**—('গণেতি'র *pp*) গণনা করা হয়েছে এমন;

গণনা দ্বারা নির্ধারিত; অঙ্কশাস্ত্র।

**গণী**—যার অনুগামীবৃন্দ বা সমর্থকবৃন্দ আছে এমন।

**গণেতি**—(গণ্+এ) গণনা করা; সংখ্যা নিরূপণ করা; হিসাব করা। *aor* **গণেসি**। *prp* **গণেন্ত**। *abs* **গণেত্বা**। *pp* **গণেতব্ব**।

**গণ্ঠি, গণ্ঠিকা**—গ্রন্থি; গাঁট; গিরা; অঙ্গের সন্ধিস্থল; কাষ্ঠের ফলক। **গণ্ঠিট্ঠান**—যাতায়াতের জন্য কঠিন এবং অন্ধকারময় সংকীর্ণ গলি। **গণ্ঠিপদ**—দুষ্পাঠ্য শব্দ; কোনো পুস্তকের শব্দকোষ।

**গণ্ড**—আব, বড় ফোড়া; আঘাতজনিত স্ফীতি; উদ্গম; স্ফীতি।

**গণ্ডক**—গণ্ডার।

**গণ্ডিকা**—খোঁদানো কাষ্ঠখণ্ড যা ঘন্টা অথবা ধাতুনির্মিত চ্যাপটা ঘণ্টার কাজ করে।

**গণ্ডী**—ধাতু নির্মিত চেপ্টা ঘণ্টা; সরকারি ঘাতক বা জল্লাদের ফাঁসিকাঠ; ফোড়া বা বিস্ফোটকধারী।

**গণ্ডুপ্পাদ**—গণ্ডুপদ; কেঁচো।

**গণ্ডুস**—গণ্ডুষ; একমুখ বা এক কোষ জল।

**গণ্হন্ত**—(গণ্হতি'র *prp*) নিয়ে; ধারণ করে; রেখে।

**গণ্হাতি**—(গহ্+ণ্হা) গ্রহণ করা; নেওয়া; রাখা; ধরে রাখা; বাজেয়াপ্ত করা; অধিকার করা; দখল করা। *aor* **গণ্হি**। *pp* **গহিত**। *abs* **গহেত্বা, গণ্হিত্বা**।

**গণ্হাপেতি**—('গণ্হাতি'র *caus*); গ্রহণ করা; নেওয়ানো; অধিকার করানো; বাজেয়াপ্ত করানো। *aor* **গণ্হাপেসি**। *pp* **গণ্হাপিত, গাহাপিত**। *abs* **পেত্বা**।

**গণ্হিতুং**—নেবার জন্য; গ্রহণ করার জন্য।

**গণ্হিয**—('গণ্হাতি'র *abs*) নিয়ে; গ্রহণ করে।

**গত**—('গচ্ছতি'র *pp*) বিগত; চলে গিয়েছে বা হয়ে গিয়েছে এমন; প্রস্থিত; সমাপ্ত; অতীত। **গতট্ঠান**—যেখানে জনৈক ব্যক্তি চলে গিয়েছে এমন স্থান; গতস্থান। **গতত্ত**—গতত্ব; চলে গিয়েছে—এ সত্য ঘটনা। **গতদ্ধ, গতদ্ধী**—যে তার ভ্রমণ শেষ করেছে এমন। গতভাব, ('গতত্ত, গতযোব্বন' দেখুন) যৌবন অতীত হয়েছে এমন।

**গতি**—গমন; জীবনের (বিশেষত কর্মজীবনের) ধারা বা অগ্রগতি বা উন্নতি; পথ; অন্যতর অস্তিত্বে অগ্রসরমাণ; যাত্রা; নিয়তি; ভাগ্য; অদৃষ্ট; আচরণ; স্বভাব; ধর্ম। **গতিমন্ত**—যথাযথ আচরণের বা ধর্মের।

**গত্ত**—গাত্র; শরীর; দেহ।

**গথিত**—গ্রথিত; বাঁধানো; বেড়ি-পরিহিত; আকুল আকাঙ্ক্ষায়।

**গদ**—ব্যাধি; শব্দ; বাক্য।

**গদতি**—(গদ+অ) বলা; কথা বলা। *aor* **গদি**। *pp* **গদিত**।

**গদা**—এক প্রকার অস্ত্র; লোহার ডাণ্ডা।

**গদ্দুল**—বাজপাখি বা শিখারি কুকুরকে বন্ধন করার জন্য চর্মরজ্জু; চামড়ার সরু ফালি; চামড়ার চাবুক।

**গদ্দুহন**—গো-দোহন। **গদ্দুহন মত্তং**—গোদোহনমাত্র; গরুর স্তন বা দুধের বাট একবার মাত্র টেনে তুলতে যে সময় লাগে ঐরূপ অল্প সময়।

**গদ্রভ**—গর্দভ; গাধা।

**গধিত**—'গথিত' দেখুন।

**গন্তব্ব**—গন্তব্য; যাওয়ার উপযুক্ত বা যোগ্য।

**গন্তু**—গমনকারী; যে যায় এমন।

**গন্তুং**—যাওয়ার জন্য।

**গন্ত্বা**—'গচ্ছতি'র *abs*; গিয়ে; যেয়ে।

**গন্থ**—গ্রন্থ; বন্ধনী; বন্ধক বা প্রতিবন্ধক; বই; পুঁথি; গ্রন্থাদির মূল পাঠ। গন্থকার—গ্রন্থকার; স্রষ্টা বা উদ্ভাবক; বইয়ের সঙ্কলয়িতা। গন্থধুর—ধর্মশাস্ত্র-অধ্যয়ন-বোঝা; গ্রন্থধুর। **গন্থপ্পমোচন**—গ্রন্থপ্রমোচন; বন্ধন-মুক্তি; প্রতিবন্ধকমুক্তি।

**গন্থন**—গ্রন্থন; গাঁথন; বয়ন; বুনন; পাক দেওয়ান; পাক খাওয়ানো; পাকিয়ে প্রস্তুত করণ; রচনা; রচনা-কৌশল; গঠন।

**গন্থিত**--('গন্থেতি'র *pp*)।

**গন্থেতি**—(গন্থ্+এ) বন্ধন করা; বাঁধাই করা; দৃঢ়ভাবে আবদ্ধ করা; দৃঢ় করা; সংলগ্ন করা; বয়ন করা; বুনন করা। অওর গন্থেসি। *prp* **গন্থেন্ত**। *abs* **গন্থেত্বা**।

**গন্ধ**—স্বাদগন্ধ; ঘ্রাণ; আভাস; সৌরভ; সুবাস। গন্ধকর**ণ্ডক**—সুরভি ভাণ্ডার; **গন্ধকুটি**—সুরভি-কক্ষ; যে কক্ষে বুদ্ধ অবস্থান করতেন। **গন্ধচুন্ন**—গন্ধচূর্ণ; সুরভি-চূর্ণ। **গন্ধজাত**—সুরভিসমূহ। **গন্ধতেল**—সুগন্ধ তৈল। **গন্ধ পঞ্চঙ্গুলিক**—সুগন্ধি মলমে ডুবানোর পর পাঁচ আঙুলের তৈরি চিহ্ন বা ছাপ। **গন্ধসার**—চন্দন গাছ। **গন্ধআপণ**—সুগন্ধ দ্রব্যের দোকান।

**গন্ধব্ব**—১ গন্ধর্ব; সঙ্গীতবিৎ; গায়ক; স্বর্গীয় উপদেবতা (দেবতুল্য ব্যক্তি, কিন্তু দেবতা নয়) গায়ক। ২ যে সত্তা নবজন্ম পরিগ্রহ করার জন্য প্রস্তুত হয়েছে।

**গন্ধমাদন**—হিমালয়ে একটি পর্বতের নাম।

**গন্ধার**—একটি রাজ্য (বর্তমান নাম কন্দাহার) গান্ধার।

**গন্ধারী**—গান্ধারদেশীয়; গান্ধারী (একটি ঐন্দ্রজালিক জাদু মোহিনী মায়া)।

**গন্ধিক, গন্ধী**—সুন্দর গন্ধ বা সুরভি বা সৌরভ আছে এমন।

**গন্ধোদক**—সুবাসিত জল।

**গব্বিত**—গর্বিত; অহঙ্কারী; উদ্ধত।

**গব্ভ**—গর্ভ; অভ্যন্তর; গর্ভাশয়; অধিকতর অন্তরবর্তী বা অন্তরতর কক্ষ। গব্ভগত—গর্ভাশয়ে গিয়েছে এমন; অন্তঃসত্ত্বা। **গব্ভপরিহরণ**—অসময়ে বা অস্বাভাবিকভাবে ভ্রূণের গর্ভচ্যুতি বা গর্ভস্রাব বা ভ্রূণহত্যার প্রস্তুতি। **গব্ভবুট্‌ঠান**—সন্তানের জন্ম; প্রসব। গব্**ভসেয্যক**—যে জরায়ু বা জঠরে জন্মগ্রহণ করে এমন; জরায়ুজ। গব্**ভসেয্যা**—গর্ভাশয়ে গমনকল্প। **গব্ভঅবক্কন্তি**—গর্ভ-অবক্রান্তি; গর্ভাবস্থা।

**গব্ভর**—গহ্বর; গুহা; গর্ত।

**গব্ভাসয**—গর্ভাশয়; জরায়ু; জঠর।

**গব্ভিণী**—অন্তঃসত্ত্বা স্ত্রীলোক।

**গম্ভীর**—গভীর; গভীর স্থান।

**গমন**—যাওন; চলন; গতি; ভ্রমণ; অনুসরণ; পরিচালন; বহন-সঞ্চারণ। গমন **অন্তরায**—অন্যের প্রস্থানে প্রতিবন্ধক। **গমনা আগমন**—যাওন-আসন; আসা-যাওয়া। গ**মনকারণ**—যাওয়ার কারণ বা হেতু।

**গমণীয**—যাওয়া উচিত; গমন কর্তব্য।

**গমিক**—গমনরত; ভ্রমণরত; পর্যটক। গ**মিকবত্ত**—ভ্রমণ প্রস্তুতি।

**গমেতি**—(গম্‌+এ) গমন করানো; যাওয়ানো; পাঠানো; জানা। অওর **গমেসি**।

**গম্ভীর**—গভীর; অন্তর্নিহিত; প্রগাঢ়; উপলব্ধি করা শক্ত। গম্ভীরতা—গভীর স্থান; গভীরতা। গ**ম্ভীর অব্ভাস**—গভীরতার আবির্ভাবে; নিগূঢ়তার আবির্ভাবে।

**গম্ম**—গ্রাম্য; মামুলি; ইতর; অমার্জিত; অভদ্র; গম্য; বোধ্য; প্রাপ্য।

**গয্হ**—গ্রাহ্য; গ্রহণযোগ্য; বাজেয়াপ্ত করার যোগ্য; আঁকড়িয়ে ধরার যোগ্য; কারো উপলব্ধিতে আসে এমন।

**গয্হতি**—(গহ্‌+য) গৃহীত হওয়া; অধিকৃত হওয়া। *aor* **গয্হি**। *prp* **গয্হমান**।

**গরহতি**—(গরহ্‌+অ) দাঁত খিচানো; তীব্র নিন্দা করা; ভর্ৎসনা করা দোষ দেওয়া; উচ্চকণ্ঠে গাল পাড়া; তিরস্কার করা। অওর **গরহি**। *pp* **গরহিত**। *prp* **গরহন্ত, গরহমান**।

**গরহন, গরহা**—তীব্র নিন্দা; ভর্ৎসনা; তিরস্কার; দোষারোপ; নিন্দা।

**গরহিত্বা, গরহিয**—তীব্র নিন্দা করে বা ভর্ৎসনা করে বা তিরস্কার করে।

**গরহী**—যে নিন্দা করে; যে ভর্ৎসনা করে।

**গরু**—গুরু; গুরুতর; গুরুত্বপূর্ণ; গম্ভীর; শ্রদ্ধেয়; প্রাচীন; প্রবীণ; সম্মানিত; শিক্ষক; শিক্ষাদাতা। গরুকাতব্ব—শ্রদ্ধা লাভের উপযুক্ত; সম্মানপ্রাপ্তির যোগ্য। **গরুকার**—গুরুকর; শ্রদ্ধা; উচ্চ সম্মান; শ্রদ্ধা-নিবেদন। গরু**গব্ভা**—গুরুগর্ভা; অন্তঃসত্ত্বা বা গর্ভবতী স্ত্রীলোক। গ**রুট্‌ঠানিয**—গুরুস্থানীয়; শিক্ষকের সম্মান গ্রহণ করেন এমন; শ্রদ্ধেয়; সম্মানার্হ।

**গরুক**—ভারী; গুরুত্বপূর্ণ; গম্ভীর।

**গরুকরোতি**—(গরু+করোতি) সম্মান করা; শ্রদ্ধা করা; পবিত্র বা মহিমান্বিত বলে জ্ঞান করা। *aor* **গরু করি**। *pp* **গরু কত**। *prp* **গরুকরোন্ত**।

**গরুত্ত, গরুতা**—গুরুত্ব; গুরুতা; ভার; সম্মান; মান।

**গরুল**—গরুড়; পৌরাণিক বা অতিকথামূলক বা অবাস্তব পক্ষী; পৌরাণিক দানবী বিশেষ, এর দেহের অর্ধাংশে নারীর ন্যায় এবং অপরার্ধ পক্ষীর ন্যায়।

**গল**—গলা; কণ্ঠ; কণ্ঠনালি। গল**গ্গাহ**—গ্রীবায় গ্রহণ; গিলন; গলাধঃকরণ। **গলনালি**—বাকযন্ত্র; স্বরযন্ত্র। গ**লপ্পমাণ**—গলা পর্যন্ত গমন। **গলৱাটক**—কণ্ঠনালির তলদেশ।

**গলতি**—(গল্‌+অ) ফোঁটায় ফোঁটায় ঝরা বা ঝরানো; প্রবাহিত হওয়া; বয়ে যাওয়া; ফোঁটায় ফোঁটায় নির্গত হওয়া বা করানো; গলে যাওয়া; গলানো। অওর গলি। *prp* **গলন্ত, গলমান**। *pp* **গলিত**। *abs* **গলিত্বা**।

**গৱ**—('গো'র মিশ্রিত অবস্থার রূপ) যেমন পুঙ্গ।

**গৱজ, গৱয**—গয়াল; গৃহপালিত পশু বিশেষ।

**গৱেসক**—গবেষক; গবেষণাকারী; সন্ধানকারী; যিনি খুঁজে বেড়ান।

**গৱেসতি**—(গৱেস+অ) খুঁজে বেড়ানো; তন্ন তন্ন করে দেখা; তত্ত্বানুসন্ধান করা। *aor* **গৱেসি**। *pp* **গৱেসিত**। *prp* **গৱেসন্ত, গৱেসমান**। *abs* **গৱেসিত্বা; গৱেসিয**।

**গৱেসন, গবেসনা**—তন্ন তন্ন খুঁজে বেড়ানো; তদন্ত; অনুসন্ধান।

**গৱেসী**—যে গবেষণা করে এমন; যে পেতে চেষ্টা করে এমন; যে জানতে চেষ্টা করে এমন।

**গহ**—১ গ্রাহক; ধারণ করে বা দখল করে এমন। ২ গ্রহ; জ্যোতিষ্ক।

**গহ**—গৃহ। **গহকারক**—গৃহকারক। **গহকূট**—গৃহের শীর্ষ বা চূড়া বা উপরিভাগ। **গহট্‌ঠ**—গৃহস্থ; অদক্ষ বা অবিশেষজ্ঞ লোক। **গহপতানী**—গৃহপত্নী; গৃহপতির স্ত্রী। **গহপতি**—গৃহপতি; গৃহপতি; গৃহকর্তা।

গহপতিমহাসাল—অতীব ধনাঢ্য গৃহকর্তা।

**গহণ**—গ্রহণ; লওন; অধিকার করণ; অর্জন; ধারণ; দৃঢ়মুষ্টিতে ধারণ; উপলব্ধি।

**গহণিক**—ভালো হজম হয় এমন।

**গহণী**—গ্রহণী; গ্রহণি; উদরাময়মূলক রোগবিশেষ; গর্ভে ধারণ; হজম।

**গহন**—নিবিড়; গভীর; দুর্গম; জঙ্গল; বন; অভেদ্য বা অপ্রবেশ্য স্থান; অভেদ্য। **গহনট্‌ঠান**—বনের অভেদ্য বা অপ্রবেশ্য স্থান।

**গহিত**—('গণ্হাতি'র *pp*) গৃহীত; অধিকৃত; উপলব্ধ; দৃঢ়মুক্তি। **গহিতভাব**—গৃহীত হবার অবস্থা; অধিকৃত হবার অবস্থা।

**গলগলাযতি**—('গলগল'-এর *deno* রূপ) গভীর গর্গর শব্দে বৃষ্টি বর্ষণ; গর্জন করা। *aor* **গলগলাযি**।

**গলোচি**—গুলঞ্চ; ভেষজ লতা *Tinospora cordifolia*।

**গাথা**—কবিতার চরণ; পদ্য; কবিতার স্তবক; পদ্যাংশ; পদ্যের পঙ্‌ক্তি। **গাথাপদ**—পদ্যাংশের পঙ্‌ক্তি। **গাথা অভিগীত**—কবিতার চরণ আবৃতি দ্বারা লব্ধ।

**গাধ**—গভীর; গভীরতা; নিরাপদ স্থান; পা রাখার জায়গা।

**গাধতি**—(গাধ্+অ) অটল বা অবিচলিত থাকা; দৃঢ় অবস্থান থাকা। *aor* **গাধি**।

**গান**—কণ্ঠ সঙ্গীত; সুমধুর ধ্বনি; গান করা।

**গাম**—গ্রাম; পল্লি; পাড়াগাঁ। **গামক**—ছোট গাঁ। **গামঘাত**—গ্রাম লুণ্ঠন বা হরণ। **গামঘাতক**— গ্রাম লুঠ করে এমন; ডাকাত। **গামজন**—গ্রামবাসী। **গামজেট্‌ঠ**—গ্রাম প্রধান। **গামট্‌ঠান**—ধ্বংসপ্রাপ্ত গ্রাম। **গামদারক**—গ্রামের তরুণ বয়স্ক ব্যক্তি বা পুরুষ; তেজি তরুণ; শিশু; বালক বা বালিকা। **গামদারিকা**—গ্রামের তরুণী কুমারী। **গামদ্বার**—গ্রামের প্রবেশপথ। **গামধম্ম**—বাজে, ইতর, নীচ, জঘন্য আচরণ; যৌন সহবাস। **গামভোজক**—গ্রামের প্রধান ব্যক্তি। **গামবাসী**—গ্রামের অধিবাসী। **গামসীমা**—যাজকপল্লি সীমা; শাসনকার্যার্থ জেলার বিভাগ সীমা।

**গামনী**—গ্রামের কর্তা।

**গামিক**—গ্রামের অধিবাসী; গ্রামের অধিকারী। গ্রামিক।

**গামী**—যে যায় এমন; গমনকারী; যে গমন করে এমন; (কিছুর প্রতি) ঝোঁকে এমন।

**গাযক**—গায়ক; সঙ্গীতকারী; যে গান করে।

**গাযতি**—(গে+অ) গান করা; আবৃত্তি করা। *aor* **গাযি**। *prp* **গাযন্ত, গাযমান**। *pp* **গাযিত, গীত**। *abs* **গাযিত্বা**।

**গাযন**—গাওয়া; গান করণ।

**গাযিকা**—গায়িকা; গান করে এমন স্ত্রীলোক।

**গারয্হ**—ঘৃণ্য; অবজ্ঞেয়; নীচ।

**গারব**—গৌরব; শ্রদ্ধা; শ্রদ্ধা নিবেদন; উচ্চমূল্যাবধারণ। গাবতা—শ্রদ্ধা-নিবেদন।

**গাবী**—গরু।

**গাবুত**—মৈত্রী; সন্ধি; সঙ্ঘ; লীগ (দূরত্বের মাপবিশেষ=সাড়ে তিন মাইল/মতান্তরে দুই মাইলের কম)। **গাবুতিক**—লীগের সীমায় পৌঁছা।

**গাবো**—গবাদিপশু।

**গাহ**—১ অধিকার; দখল; দৃঢ়মুষ্টিগত করার কায়দা বা উপায়। ২ বদ্ধ-সংস্কার; আবেশ। ৩ ধারণা; ভাব; অভিমত।

**গাহক**—গ্রাহক; গ্রহণকারী; ধারণকারী; অধিকারী; বাহক।

**গাহতি**—(গাহ্+অ) চুবানো; ডোবানো; বলপূর্বক ঢুকানো; ঝাঁপ দেওয়া।

**গাহন**—নিমজ্জন; ঝম্প; ঝাঁপ।

**গাহাপক**—যে গ্রহণ করায় বা লওয়ায়; যে ধারণ করায়।

**গাহাপেতি**—('গণ্হাতি'র *caus*) গ্রহণ করানো; লওয়ানো; অধিকার করানো; দখল করানো। *aor* **গাহাপেসি**। *pp* **গাহাপিত**। *prp* **গাহাপেন্ত**। *abs* **গাহাপেত্বা**।

**গাহী**—'গাহক' দেখুন।

**গাহেতি**—('গণ্হতি'র *caus*) 'গাহাপেতি' দেখুন। *pp* **গাহিত**। *abs* **গাহেত্বা, গাহিয**।

**গাল্হ**—গাঢ়; প্রবল ঘন; নিবিড়ভাবে পূর্ণ; আঁটসাট; ঐকান্তিক। গালুহং—আঁটসাট অবস্থায়; প্রবলভাবে।

**গিজ্ঝ**—গৃধ্র; শকুনি। **গিজ্ঝকূট**—গৃধ্রকূট; রাজগৃহের সন্নিকটে গৃধ্রকূট (শকুনি-চূড়া)।

**গিজ্ঝতি**—(গিধ্+য) সাগ্রহে আকাঙ্ক্ষা করা; অত্যন্ত কামনা করা। *aor* **গিজ্ঝি**। *prp* **গিজ্ঝমান**।

**গিঞ্জকা**—ইষ্টক; ইট। **গিঞ্জকাআবসথ**—ইষ্টক নির্মিত বাটি; ইটের দালান।

**গিদ্ধ**—('গিজ্ঝতি'র *pp*) গৃধ্র; অর্থগৃধ্নু; আকুল আকাঙ্ক্ষী।

**গিদ্ধি**—আকুল আকাঙ্ক্ষা; অর্থগৃধ্নুতা; আসক্তি; অনুরাগ।

**গিদ্ধী**—আকুল আকাঙ্ক্ষিত; গৃধ্নী; লোভপরবশ; লোলুপী।

**গিনি**—অগ্নি; আগুন।

**গিম্হ**—গ্রীষ্ম; গরম; গ্রীষ্মঋতু।
**গিম্হান**—গ্রীষ্মকাল।
**গিম্হিকা**—গ্রীষ্মকালীন।
**গিরা**—শব্দ; রূঢ় কথার আদানপ্রদান; উক্তি; বাণী।
**গিরি**—পর্বত। **গিরিকন্নিকা**—*Clitoria ternatea* বৃক্ষ। **গিরিব্বজ**—গিরিব্রজ; মগধের পূর্বেকার রাজধানী। **গিরিরাজ**—মেরুপর্বত। **গিরিসিখর**—গিরিশিখর; পর্বত চূড়া; পর্বতের উপরিভাগ। **গিরি গব্বর, গিরিগুহা**—পর্বতখাত বা গুহ।
**গিলতি**—(গিল্+অ) গলাধঃকরণ করা; গেলা; গোগ্রাসে গেলা; খেয়ে ফেলা। অওর **গিলি**। *pp* **গিলিত**। *prp* **গিলন্ত**। *abs* **গিলিত্বা**।
**গিলন**—গলাধঃকরণ।
**গিলান, গিলানক**—অসুস্থ; অস্বাস্থ্য; অসুখ; গ্লান; গ্লানি; অসুস্থ ব্যক্তি। **গিলানপচ্চয**—গ্লান-প্রত্যয়; রোগীর অবলম্বন বা সহায়। **গিলানভত্ত**—অসুস্থের খাদ্য। **গিলানসালা**—গ্লানশালা; চিকিৎসালয়। **গিলানআলয**—গ্লানালয়; অসুখের ভান; রোগের ছলনা; ব্যাধির ছুতা। **গিলানউপট্ঠাক**—যে পীড়িত ব্যক্তিকে পরিচর্যা করে এমন। **গিলানউপট্ঠান**—পীড়িত ব্যক্তির পরিচর্যা; রোগীর শুশ্রূষা।
**গিহী**—গৃহী; পেশাবহির্ভূত সাধারণ লোক; অপেশাদার লোক; অদক্ষ বা অবিশেষজ্ঞ লোক; গৃহস্থ; সংসারী লোক। **গিহীবন্ধন**—গৃহীবন্ধন; গৃহস্থ বা সংসারী লোকের প্রতিবন্ধক। **গিহীভোগ**—সংসারজীবন উপভোগ। **গিহীব্যঞ্জন**—গৃহী বৈশিষ্ট্য; সংসারধর্ম। **গিহীসংসগ্গ**—গৃহী সংসর্গ; সংসারী লোকের সাথে মেলামেশা।
**গীত**—গান; কথিত; কীর্তিত; গাওয়া হয়েছে এমন ('গাযতি'র পপ)। **গীতরব, গীতসদ্দ**—গীতরব; গীতশব্দ; গানের শব্দ।
**গীতিকা**—গান; ছোট গীতি; গাথা; কবিতা।
**গীবা**—গ্রীবা; গলদেশ; ঘাড়।
**গীবেয্যক**—গলার জন্য একপ্রকার অলঙ্কার।
**গুগ্গুল**—ভেষজ রজন বা জতু; বৃক্ষবিশেষের সুগন্ধ নির্যাস; গুগ্গুলু।
**গুঞ্জা**—ভেষজ লতাবিশেষ; *Abrus precatorius* লতা।
**গুণ**—প্রকৃতি; ধর্ম; সদগুণ; দড়ি; সরু দড়ি; ধনুকের জ্যা (সংখ্যাসূচক দ্বারা : দ্বিগুণ; দুইগুণ)। **গুণ-কথা**—প্রশংসা। **গুণকিত্তন**—গুণকীর্তন; যশোগান; গুণের প্রচার। **গুণগণ**—সদগুণের পুঞ্জিত রাশি। **গুণবন্ত**—সদগুণসম্পন্ন। **গুণপেত**—সদগুণ-সমৃদ্ধ; সদগুণভূষিত। **গুণহীন**—মূল্যহীন; যার সদগুণ নেই।
**গুণী**—গুণসম্পন্ন; গুণবান; যার সদগুণ আছে এমন।
**গুণ্ঠিকা**—দড়ি বা তারের গুলি।
**গুণ্ঠিত**—('গুণ্ঠেতি'র *pp*)।
**গুণ্ঠেতি**—(গুণ্ঠ্+এ) জড়ান; মোড়া; আবৃত করা; লুকান। অওর **গুণ্ঠেসি**।
**গুত্ত**—('গোপেতি'র *pp*) রক্ষিত; সংরক্ষিত; সুরক্ষিত; জাগ্রত; বিনিদ্র। **গুত্তদ্বার**—ইন্দ্রিয়সমূহ যার সুসংযত। **গুত্তদ্বারতা**—কারও ইন্দ্রিয়সমূহে সুসংযম। **গুত্তইন্দ্রিয**—সুসংযত ইন্দ্রিয় যার আছে এমন।
**গুত্তি**—গুপ্তি; প্রতিরক্ষা; পাহারা; পর্যবেক্ষণ বা সতর্ক প্রহরা। **গুত্তিক**—অভিভাবক।
**গুদ**—গুহ্য; পায়ু; মলদ্বার; পোঁদ।
**গুন্দা**—কন্দতুল্য ঘাস—*Cyperus rotundus* ঘাস।
**গুম্ব**—গুল্ম; ঝাড়; ঝোপ; ক্ষুদ্র জঙ্গল; ঘন ঝোপ; সঞ্চরণরত কীটপতঙ্গ পাখি সৈনিক মানুষ প্রভৃতির দল। **গুম্বঅন্তর**—ঝোপের মধ্যস্থল।
**গুয্হ**—গুহ্য; লুকানোযোগ্য; গোপন করা বা গোপনে থাকা উচিত যা; গোপনীয়; লুকানো প্রয়োজন এমন। **গুয্হভণ্ডক**—পুং বা স্ত্রীলিঙ্গ; স্ত্রী বা পুরুষাঙ্গ।
**গুরু**—শিক্ষক; ভারী; শ্রদ্ধেয়। (গরু দেখুন)। **গুরুদক্খিণা**—শিক্ষকের পারিশ্রমিক বা পাওনা।
**গুহা**—গহ্বর; পর্বত কন্দর; গভীর গিরিগুহা বা খাদ।
**গুল**—চিনি; মিষ্টরস হতে প্রস্তুত খাদ্যবিশেষ; পিণ্ড; গোলক। **গুলকীলা**—গুলি বা মার্বেল দিয়ে খেলা।
**গুলা**—এক জাতীয় পক্ষী যার বাসা অত্যন্ত জটপাকানো।
**গুলিকা**—ওষুধের বড়ি বা বটিকা।
**গূথ**—মল; বিষ্ঠা; শিঠা; পশুর মল; গোবর; গাছ। **গূথকটাহ**—মলত্যাগ করার পাত্র। **গূথকূপ**—পায়খানার গর্ত। **গূথগত**—গোবরের স্তূপ। **গূথ-পাণক**—বিষ্ঠা খেয়ে বাঁচে এমন কীট। **গূথভক্খ**—বিষ্ঠা বা গোবর খাওয়ানো। **গূথভাণ**—অশ্লীল বাক্য।
**গূহতি**—(গুহ্+অ) লুকানো; গোপন করা। *aor* **গূহি**। *prp* **গূহমান**। *abs* **গূহিত্বা**।
**গূহন**—গোপন; লুকানো।
**গূহিত, গূলহ**—('গূহতি'র *pp*) লুকানো; গুপ্ত; প্রচ্ছন্ন; গোপনে রক্ষিত; গোপনীয়।
**গেয্য**—গেয়; গান করবার যোগ্য; গাওয়া হয় বা হবে এমন; কবিতা; সাহিত্যের একটি রীতি।
**গেরুক**—রং করার জন্য লাল খড়িমাটি।
**গেলঞঞ**—অসুস্থতা; পীড়া; ব্যাধি।

**গেহ**—গৃহ; বাড়ি; বসতবাটি; বাসস্থান। **গেহঅঙ্গন**—আঙ্গন; আঙ্গিনা; চত্বর; উঠান। গেহ**জন**—পরিবারের সদস্যবৃন্দ। **গেহট্‌ঠান**—যে জায়গা জুড়ে বাড়ি রয়েছে। **গেহদ্বার**—গৃহের তোরণ বা ফটক। **গেহ-নিস্সিত**—পারিবারিক জীবনের সাথে সম্পর্কিত। **গেহপ্পবেসন**—নবনির্মিত বাসগৃহে প্রবেশ (উপলক্ষে অনুষ্ঠান)। **গেহসিত** ('নিস্সিত' দেখুন)।

**গো**—ষাঁড়; গবাদি পশু। **গোকণ্টক**—গরুর ক্ষুর বা খুর; কাঁটাযুক্ত ভেষজ উদ্ভিদ : *Ruellia longifolia*। **গোকুল**—গোয়ালঘর; গোশালা। **গোগণ**—গরুর পাল। **গোঘাতক**—কসাই।

**গোকণ্ন**—হরিণবিশেষ।

**গোচর**—গোচারণভূমি; পশুচারণভূমি; গবাদি পশুর চারণ উপযোগী তৃণ ও লতাপাতা; গবাদি পশুর জাব; ইন্দ্রিয় বিষয়বস্তু; সুবিধাজনক স্থান। **গোচরগাম**—যে গ্রাম হতে ভিক্ষু তাঁর খাদ্যভোজ্য লাভ করেন।

**গোচ্ছক**—গুচ্ছ; স্তবক; ঝাড়; থোকা; তোড়া; আঁটি; তাড়া; গোছা।

**গোট্‌ঠ**—গোশালা; গোয়ালঘর।

**গোণ**—ষণ্ড; ষাঁড়।

**গোণক**—মেষের লম্বা সলোম চর্মসহ পশমের গালিচা।

**গোতম**—গৌতম গোত্র সম্ভূত।

**গোতমী**—গৌতম গোত্র সম্ভূত রমণী।

**গোত্ত**—গোত্র; গোষ্ঠী; বংশ।

**গোত্রভূ**—সাধনপ্রভাবে প্রাকৃতমনের গোত্র বা স্তর অতিক্রম করে চিত্তের যে রূপান্তর ঘটে; প্রাকৃতজনের গোত্র বা রীতি-ধর্ম উৎসাদন করে আর্যজনোচিত নীতিধর্মে উন্নীত ব্যক্তি।

**গোধা**—গোসাপ জাতীয় বৃক্ষচর সরীসৃপবিশেষ।

**গোধুম**—গম।

**গোনস**—গ্রেট ব্রিটেনের একমাত্র বিষধর সর্প।

**গোপক**—অভিভাবক; প্রহরী।

**গোপখুম**—বকনা-বাছুরের ন্যায় যার অক্ষিপক্ষ আছে এমন।

**গোপন, গোপনা**—প্রতিরক্ষা; নিরাপদ; যত্ন; প্রহরা।

**গোপানসী**—চালের কাঠামো সহায়ক বাঁকা কড়িকাঠ। **গোপানসীবঙ্ক**—গোপানসীর তুল্য বক্র বা অসরল।

**গোপাল**—রাখাল; গোরক্ষক।

**গোপিত**—('গোপেতি'র *pp*)।

**গোপী**—গোপিনী; গোপিকা; গোয়ালিনী; গোপবধূ।

**গোপুর**—তোরণ; প্রবেশপথ।

**গোপেতি**—(গুপ্‌+এ) পাহারা দেওয়া; প্রতিরক্ষা করা; তত্ত্বাবধান করা; সতর্ক দৃষ্টি রাখা। *aor* **গোপেসি**। *prp* **গোপেন্ত**। *abs* **গোপেত্বা, গোপিয**। *ptp* **গোপেতব্ব**।

**গোপেতু**—প্রতিরক্ষাকারী; প্রতিরক্ষক; অভিভাবক।

**গোপ্ফক**—গুল্‌ফ; গোড়ালির গাঁট।

**গোময**—গোময়; গোবর।

**গোমিক, গোমী**—গরুর মালিক বা স্বত্বাধিকারী।

**গোমুত্ত**—গোমূত্র।

**গোযূথ**—গরুর পাল।

**গোরক্‌খা**—গোরক্ষা; গরু চরানো।

**গোলোমী**—গন্ধদ্রব্য প্রস্তুতের জন্য একপ্রকার পুষ্পবৃক্ষের শুষ্ক মূল।

**গোবিন্দ**—কৃষ্ণের আখ্যাবিশেষ।

**গোসীস**—গোশীর্ষ; পীতবর্ণ চন্দন কাষ্ঠ।

**গোল, গোলক**—পিণ্ড; দলা; ডেলা; বর্তুল।

---

# ঘ

---

**ঘট**—জলের পাত্র।

**ঘটক**—১ ছোট বয়ম। ২ স্তম্ভশীর্ষ; কাণ্ঠের গিরা।

**ঘটতি**—(ঘট্‌+অ) চেষ্টা করা; কঠোরভাবে বা সাগ্রহে চেষ্টা করা; নিজের ক্ষমতা কাজে লাগানো; নিজের ক্ষমতা জাহির করা; সচেষ্ট হওয়া। *aor* **ঘটি**। *pp* **ঘটিত**। *prp* **ঘটমান**।

**ঘটন, ঘটনা**—স্থাপন; সংযোজন।

**ঘটা**—ভিড়; দল; ঝাঁক; জনতা।

**ঘটিকা**—ছোট বাটি; গামলা; পানপাত্র; গিঁট বা গ্রন্থি; ঘণ্টা; পিণ্ড; দলা; ডেলা; লাঠির খেলা। ঘটকাযন্ত—বড় ঘড়ি; সময় মাপার কৌশল বা উদ্ভাবন।

**ঘটী**—জলের পাত্র। **ঘটীকার**—কুমার; কুম্ভকার। **ঘটীযন্ত**—জল ওঠাবার কৌশল বা উদ্ভাবন।

**ঘটীযতি**—('ঘটতি'র Pass) সংযুক্ত বা মিলিত হওয়া; একত্র আবদ্ধ বা সংশ্লিষ্ট হওয়া। *aor* **ঘটীযি**।

**ঘটেতি**—(ঘট্‌+এ) একত্র আবদ্ধ করা; সংশ্লিষ্ট করা; সংযুক্ত করা; একতাবদ্ধ করা; সংগ্রাম করা। *aor* **ঘটেসি**। *prp* **ঘটেন্ত**। *pp* **ঘটিত**। *abs* **ঘটেত্বা**।

**ঘট্টন**—আঘাত; বিরুদ্ধ-ধাক্কা; অপমান।

**ঘট্টিত**—('ঘট্টেতি'র *pp*)।

**ঘট্টেতি**—(ঘট্ট+এ) আঘাত করা; বিরুদ্ধে ধাক্কা দেওয়া; অসন্তুষ্ট করা; চটানো। *aor* **ঘট্টেসি**। *prp* **ঘট্টেন্ত**। *abs* **ঘট্টেত্বা**।

**ঘন্টা**—ধাতুনির্মিত বাদ্যযন্ত্রবিশেষ।

**ঘত**—ঘৃত; ঘি; পরিশোধিত মাখন। **ঘতসিত্ত**—ঘৃতসিক্ত; ঘি দ্বারা সিক্ত; ঘি দিয়ে ভিজানো।

**ঘন**—ঠাসা; জমাট; নিরেট; নিবিড়; দুর্গম; গাঢ়; মোটা; গভীর; গদাই; মুগুর; হাতুড়ি; বন্দুকাদির ঘোড়া; বাদ্যযন্ত্র; যা বাজানো হয়; মেঘ। **ঘনতম**—খুব গভীর; খুব নিবিড়; অত্যন্ত গাঢ়; গাঢ় অন্ধকার। **ঘনপুপ্ফ**—পুষ্পে সূচিশিল্প দ্বারা পরিশোভিত পশমি শয্যাচ্ছাদনী বা শুজনি।

**ঘনসার**—কর্পূর।

**ঘনোপল**—শিলাবৃষ্টি।

**ঘম্ম**—ঘর্ম; ঘাম; তাপ; গ্রীষ্মঋতু। **ঘম্মজালা**—ঘর্মজ্বালা; ঘর্মাক্ত অবস্থা; ছটফটানিপূর্ণ উদ্বিগ্নতা; ঘামে অস্থিরতা। **ঘম্মাভিভূত, ঘম্মাভিতত্ত**—ঘর্মাভিভূত; মাত্রাধিক তাপে আকুল।

**ঘর**—গৃহ। **ঘরগোলিকা**—টিকটিকি। **ঘরদ্বার**—গৃহদ্বার; ঘরের দরজা; ফটক; তোরণ। **ঘরবন্ধন**—বিবাহ বিধিবদ্ধকরণ। **ঘরমানুস**—বাড়ির সদস্যবৃন্দ। **ঘরসপ্প**—ঘর সর্প; ইঁদুর-সর্প। **ঘর আজির**—ঘরের উঠান। **ঘর-আবাস**—গার্হস্থ জীবন; সংসারজীবন।

**ঘরণী**—ঘরনি; গৃহিণী; সংসারের; স্ত্রী; পত্নী।

**ঘস**—যে আহার করে এমন।

**ঘসতি**—(ঘস্+অ) আহার করা; হজম করা। *aor* **ঘসি**। *prp* **ঘসন্ত, ঘসমান**। *abs* **ঘসিত্বা**।

**ঘংসেতি**—(ঘংস্+এ) ঘর্ষণ করা; ঘষা; রগড়ানো; মাজা। *aor* **ঘংসেসি**। *pp* **ঘংসেসিত**।

**ঘাত, ঘাতন**—হত্যা; বধ; প্রাণনাশ; প্রাণবধ; অপহরণ; রাহাজানি।

**ঘাতক, ঘাতী**—যে হত্যা করে; যে অপহরণ করে; যে বিনাশ বা খতম করে।

**ঘাতাপেতি**—('ঘাতেতি'র *caus*) হত্যা করানো; অপহরণ করানো; বিনাশ করানো।

**ঘাতিত**—('ঘাতেতি'র *pp*)।

**ঘাতেতি**—(হন্+এ) হত্যা করা; হনন করা; বধ করা; বিনাশ করা। *aor* **ঘাতেসি**। *prp* **ঘাতেন্ত**। *abs* **ঘাতেত্বা, ঘাতিয**। *ptp.* **ঘাতেতব্ব**।

**ঘাণ**—ঘ্রাণ; নাসিকা; নাক। **ঘাণবিঞ্ঞাণ**—ঘ্রাণবিজ্ঞান; গন্ধ উপলব্ধিকরণ। **ঘাণ ইন্দ্রিয**—ঘ্রাণ-ইন্দ্রিয়; গন্ধের বা ঘ্রাণের বোধশক্তি।

**ঘাযতি**—(ঘা+য) গন্ধ বা ঘ্রাণ নেওয়া; শোঁকা। *aor* **ঘাযি**। *prp* **ঘাযন্ত, ঘাযমান**। *abs* **ঘাযিত্বা**।

**ঘাযিত**—('ঘাযতি'র *pp*) ঘ্রাণ; গন্ধ; ঘ্রাণেন্দ্রিয়; ঘ্রাণশক্তি।

**ঘাস**—খাদ্য; পশুখাদ্য; দূর্বা; তৃণ। **ঘাসচ্ছাদন**—গ্রাসাচ্ছাদন; খাদ্য ও বস্ত্র। **ঘাসহারক**—ঘাস আহরক; যে পশু খাদ্য আহরণ করে; যে দূর্বা তৃণ ইত্যাদি পশুখাদ্য আহরণ করে।

**ঘুট্ঠ**—('ঘোসেতি'র *pp*) ঘোষিত; প্রচারিত; বিঘোষিত।

**ঘোটক**—বন্য ঘোড়া।

**ঘোর**—ভয়ঙ্কর; ভীষণ; দোর্দণ্ড; বীভৎস। **ঘোরতর**—অধিকতর ভয়ঙ্কর।

**ঘোস**—শব্দ; রব; চিৎকার; কথন; উচ্চারণ; উক্তি। ঘোসক—ঘোষক; যে চিৎকার করে বলে; যে ঘোষণা করে।

**ঘোসনা**—ঘোষণা; চিৎকার করে বলা।

**ঘোসাপেতি**—('ঘোসেতি'র *caus*) ঘোষণা করানো।

**ঘোসেতি**—(ঘুস্+এ) চিৎকার করে বলা; প্রচার করা; ঘোষণা করা। *aor* **ঘোসেসি**। *pp* **ঘোসিত, ঘুট্ঠ**। *prp* **ঘোসেন্ত**। *abs* **ঘোসেত্বা**।

# চ

**চ**—(সংযোজক ও বিয়োজক অব্যয়) এবং; তখন; তারপর; এখন; বর্তমানে।

**চকিত**—চমকিত; কম্পিত; ত্রস্ত; ভয়-চঞ্চল।

**চকোর**—তিত্তিরজাতীয় পক্ষীবিশেষ। (জ্যোৎস্না পান করে তৃপ্ত হয় বলে কথিত) পক্ষীবিশেষ।

**চক্ক**—চক্র; চাকা; বৃত্ত; চাকতি; যুগাবর্ত; কালচক্র; যুগ; আদেশ; কর্তৃত্ব; নিয়ন্ত্রণ; শাসন। **চক্ক-অঙ্কিত**—যার চক্রচিহ্ন আছে এমন। **চক্কপাণী**—বিষ্ণুদেব (যাঁর হস্তে চাকতি রয়েছে)। **চক্কযুগ**—চক্রজোড়া। **চক্করতন**—বিশ্বরাজের রত্নচক্র। **চক্কবত্তী**—চক্রবর্তী বিশ্বরাজ। **চক্কসমারূল্হ**—চক্রসমারূঢ়; (যে কোন জরুরি অবস্থায়) তাদের যানবাহনে আরোহণ করে।

**চক্কবাক**—রক্তিমাভ (লালবর্ণ) হংস; হংসজাতীয় পক্ষীবিশেষ।

**চক্কবাল**—জাগতিক চক্র; সৌরজগৎ। **চক্কবাল-গব্ভ**—চক্রবালের ভিতরের অংশ। **চক্কবাল-পব্বত**—(গোলাকৃতি) প্রস্তর পৃথিবীর চতুর্দিকে বেষ্টন

করে আছে বলে অনুমিত হয়।

**চক্খু**—চক্ষু; চোখ। **চক্খুক**—চক্ষু আছে এমন। **চক্খুদ, চক্কুদদ**—চক্ষু দান করে এমন (বিশ্বাস)। **চক্খুধাতু**—দর্শন বা দর্শনশক্তি বা দৃষ্টির উপাদান। **চক্খুপথ**—দৃষ্টির নির্দিষ্ট ক্রমবিন্যাস। **চক্খুভূত**—প্রকৃত বোধশক্তির অধিকারী। **চক্খুমন্ত**—চক্ষু দ্বারা সমৃদ্ধ। **চক্খুলোল**—চক্ষু লোলুপ; বহু কিছু দেখার জন্য লোলুপ। **চক্খুবিঞ্ঞাণ**—চক্ষু বিজ্ঞান; দৃষ্টির পূর্বজ্ঞান; দর্শনে অবধারণ; চক্ষু ইন্দ্রিয় ও দৃশ্যমান রূপের সংযোগে যে চিত্তোৎপত্তি হয়; চক্ষু ও দৃশ্যের প্রত্যয়ে যে বোধশক্তি উৎপন্ন হয়। **চক্খুবিঞ্ঞেয্য**—দর্শন ইন্দ্রিয়ের সাহায্যে আত্মদর্শন লাভ করা। **চক্খুসম্ফস্স**—চক্ষু সংস্পর্শ; দৃষ্টির সহিত সংসর্গ।

**চক্খুস্স**—চক্ষুর উপকারী।

**চঙ্কম, চঙ্কমন**—চত্বরযুক্ত পদচারণা; সারিবদ্ধ হাঁটা; উঁচু-নিচুভাবে পদচারণা।

**চঙ্কমতি**—(কম্+ং-অ কম্ দ্বিত্ব এবং পূর্বের ক, চ-এ পরিবর্তিত, কম্+কমতি=চঙ্কমতি) উপর-নীচ পদচারণা করা; উদয়-বিলয় পদচারণা। *aor* **চঙ্কমি**। *prp* **চঙ্কমন্ত**। *abs* **চঙ্কমিত্বা**।

**চঙ্গবার**—দুধ ছাঁকনি।

**চঙ্গোটক**—ক্ষুদ্র বাক্স; কৌটা।

**চচ্চর**—চত্বর; চাতাল; প্রাঙ্গন; অঙ্গন; উঠান; চৌরাস্তা।

**চজতি**—(চজ্+অ) বন্ধনমুক্ত করা; ক্ষান্তি দেওয়া; পরিত্যাগ করে যাওয়া। *aor* **চজি**। *pp* **চত্ত**। *prp* **চজন্ত, চজমান**। *abs* **চজিত্বা**।

**চজন**—পরিত্যাগ করে গমন; ক্ষান্তি প্রদান।

**চঞ্চল**—অস্থির; চলমান।

**চটক**—চড়ুই পাখি; চড়াই; চাতক।

**চণক**—ওজনের মাপবিশেষ (কিঞ্চিদধিক সাড়ে সাত রতি।

**চণ্ড**—ভীষণ; প্রচণ্ড; ভয়ঙ্কর; প্রবল আবেগপূর্ণ। চণ্ডসোত—প্রচণ্ড স্রোত বা প্রবাহ। **চণ্ডহত্থী**—প্রচণ্ড হস্তী; ভয়ঙ্কর হাতি।

**চণ্ডাল**—পতিত; অস্পৃশ্য। **চণ্ডালকুল**—নীচজাতি।

**চণ্ডালী**—চণ্ডাল রমণী।

**চণ্ডিক্ক**—ভীতি; ভয়।

**চতু**--চার। **চতুক্কণ্ণ**--চতুষ্কোণ; চতুর্ভুজ। **চতুক্খত্তুং**—চার বার। **চতুগ্গুণ**—চতুর্গুণ; চারগুণ। **চতুচত্তালীসতি**--চুয়াল্লিশ। **চতুজ্জাতিগন্ধ**—চারপ্রকার সুগন্ধদ্রব্য জাফরান; জুঁই জাতীয় পুষ্পবিশেষ; তরুকখ নামক তুর্কি উদ্ভিদ এবং গ্রিক পুষ্প। চতুত্তিংসতি—চৌত্রিশ। **চতুদ্দস**—চতুর্দশ; চৌদ্দ। **চতুদ্দিসা**—ভূ-গোলকের চার অঞ্চল। **চতুদ্বার**—চতুর্দ্বার; চার দরজা। **চতুনবুতি**—চুরানব্বই। **চতুপচ্চয**—চতুর্প্রত্যয় : খাদ্য-ভোজ্য; বস্ত্র; ওষুধপথ্য ও বাসস্থান। **চতুপণ্ণাসা, চতুপঞ্ঞাসা**—চুয়ান্ন। **চতুপরিসা**—চতুপরিষদ ভিক্ষু পরিষদ; ভিক্ষুণী পরিষদ; দায়ক পরিষদ ও দায়িকা পরিষদ। **চতুভূমক**—চারতল বা চারতলা। **চতুমধুর**—ঘৃত, মধু, চিনি ও তিলতৈল। **চতুরঙ্গিক**—চতুর্বিভাগে গঠিত। **চতুরঙ্গিনী**—(সেনাবাহিনী); গজ; রথ; অশ্ব ও পদাতিক। **চতুরঙ্গুল**—দৈর্ঘ্যে চার আঙ্গুলের মাপ। **চতুরস্স**—চতুর্ভুজাকার। **চতুরংস**—চতুরংশ; চতুর্ধার। **চতুরাসীতি**—চুরাশি। **চতুবীসতি**—চব্বিশ। **চতুসট্‌ঠি**—চৌষট্টি। **চতুসত্ততি**—চুয়াত্তর।

**চতুক্ক**—চতুষ্ক; চারের কেতা বা সেট; চৌরাস্তা।

**চতুত্থ**—চতুর্থ।

**চুতত্থী**—পক্ষের চতুর্থ দিবস। চতুর্থ কারক অর্থাৎ সম্প্রদান কারক।

**চতুধা**—চার উপায়ে।

**চতুপ্পদ**—চতুষ্পদ।

**চতুব্বিধ**—চতুর্বিধ; চার প্রকার।

**চতুর**—চালাক; বুদ্ধিমান; কুশল; নিপুণ; তীক্ষ্ণ।

**চত্ত**--(চজতি'র *pp*) পরিত্যক্ত; উৎসর্গিত।

**চন, চনং**—কোনো কিছুর সম্পূর্ণ অংশ বুঝাবার জন্য ব্যবহৃত ইহার ক্ষুদ্র অংশ। **কুদাচন**—কদাচন; কোনো সময়ে; কখন।

**চন্দ**—চন্দ্র; চাঁদ। **চন্দগ্গাহ**—চন্দ্রগ্রহণ। **চন্দমণ্ডল**—চন্দ্রলোক।

**চন্দন**—চন্দন বৃক্ষ; চন্দন কাষ্ঠ। **চন্দনসার**—চন্দন কাষ্ঠের নির্যাস।

**চন্দনিকা**—কর বা খাজনার টাকা।

**চন্দিকা**—চন্দ্রিকা; জ্যোৎস্না; চন্দ্রের আলো।

**চন্দিমা**—চন্দ্রিমা; চন্দ্র।

**চপল**—পরিবর্তনশীল; দৃঢ়ভাবে অনুগত থাকেনা এমন; কম্পমান; অস্থির। **চপলতা**--পরিবর্তনশীলতা।

**চপু-চপু-কারকং**—পান-ভোজনের সময়ে অনুরূপ শব্দকরণ।

**চমর, চমরী**—হিমালয় অঞ্চলীয় ও তিব্বতীয় গোজাতীয় প্রাণিবিশেষ।

**চমূ**—সেনাদল। **চমূপতি, চমূনাথ**—সেনাদলের নায়ক।

**চম্পক**—*Michelia champaka* বৃক্ষ।

**চম্পা**—ভারতের একটি নগর; বর্তমান ভাগলপুর।

**চম্পেয্যক**—চম্পার অধিবাসী।

**চম্ম**—চর্ম; চামড়া। **চম্মকার**—চামার; মুচি। **চম্মকীল**—আঁচিল। **চম্মখণ্ড**—কম্বলের ন্যায় ব্যবহৃত চামড়ার টুকরা। **চম্মপসিব্বক**—চামড়ার থলি বা ঝুলি বা ঝোলা।

**চয**—চয়; নিচয়; সমূহ; রাশি।

**চর**—১ বিচরণকারী। ২ গুপ্তদূত; গোয়েন্দা; গোপনে; গোপনে সংবাদ সংগ্রহে রত ব্যক্তি।

**চরক**—'চর' দেখুন।

**চরণ**—বিচরণ; ভ্রমণ; আচরণ; স্বভাব।

**চরতি**—(চর+অ) বিচরণ করা; ভ্রমণ করা; ঘুরে বেড়ানো; পরিভ্রমণ করা; আচরণ করা; অভ্যাস করা; সম্পাদন করা। *aor* **চরি**। *pp* **চরিত**। *prp* **চরন্ত, চরমান**। *abs* **চরিত্বা**।

**চরাপেতি**—('চরতি'র *caus*) চরানো; ভ্রমণ করানো; অভ্যাস করানো; প্রচার করা।

**চরিত**—১ চরিত্র; আচরণ। ২ প্রাণ; জীবন।

**চরিতু**—সম্পাদক; সম্পাদনকারী; দর্শক।

**চরিম, চরিমক**—চরম; শেষ; সর্বশেষ; চূড়ান্ত; অন্তিম; পরবর্তী; উত্তরকালীন।

**চরিযা**—চরিত্র; আচরণ; স্বভাব।

**চল**—পরিবর্তনশীল; শিহরণশীল; কম্পমান; চঞ্চল; অস্থির। **চলচিত্ত**—দৃঢ়ভাবে অনুগত থাকে না এমন মন যার; পরিবর্তনশীল মন যার।

**চলতি**—(চল্+অ) নড়া; আন্দোলিত হওয়া; কাঁপা; কাঁপানো; উত্তেজিত বা বিক্ষুব্ধ হওয়া। *aor* **চলি**। *pp* **চলিত**। *prp* **চলন্ত, চলমান**। *abs* **চলিত্বা**।

**চলন**—পরিবর্তন; নড়ন; আন্দোলন; কম্পন; উত্তেজনা; বিক্ষোভ।

**চবতি**—(চু+অ) ধীরে ধীরে হ্রাস পাওয়া; ক্ষীণ হওয়া; স্বদল ত্যাগ করা; চলে যাওয়া; স্থান পরিবর্তন করা; আকার বা চরিত্র বা বেশ পরিবর্তন করা। *aor* **চবি**। *pp* **চুত**। *prp* **চবন্ত, চবমান**। *abs* **চবিত্বা**।

**চবন**—১ স্থান পরিবর্তনকরণ। ২ হ্রাসপ্রাপ্ত হওন। ৩ মরণ।

**চাগ**—ত্যাগ; সমর্পণ; পরিত্যাগ; বিসর্জন; ঔদার্য; বদান্যতা।

**চাগানুস্সতি**—ঔদার্য-স্মৃতি; বদান্যতা স্মৃতি।

**চাগী**—যে ত্যাগ করে এমন; যে দান করে এমন।

**চাটি**—বয়ম; পাত্র।

**চাটুকম্যতা**—তোষামোদ; মোসাহেবি; স্তাবকতা।

**চাতক**—শিঙওয়ালা ঠোঁটযুক্ত পক্ষীবিশেষ।

**চাতুদ্দসী**—চতুর্দশী; পক্ষের ১৪শ দিবস।

**চাতুদ্দিস**—চতুর্দিকে অবস্থানকারী।

**চাতুদ্দিপক**—চতুর্মহাদেশ আবরিত করে; বক্রভাবে বা সরলভাবে বা ঢালু হয়ে সমস্ত পৃথিবী জুড়ে থেকে।

**চাতুম্মহাভূতিক**—চতুর্মহাভূতের সমন্বয়ে।

**চাতুম্মহারাজিক**—চার দেবরাজের অনুচরবৃন্দ হয়ে; স্বর্গীয় দেবলোকে অবস্থান করে।

**চাতুরিয**—চাতুর্য; চাতুরী; চতুরতা; নৈপুণ্য; বিচক্ষণতা।

**চাপ**—ধনুক।

**চাপল্ল**—চপলতা; পরিবর্তনশীলতা।

**চামর**—চমরী গরুর পুচ্ছনির্মিত ব্যজন।

**চামীকর**—স্বর্ণ; সোনা।

**চার**—চলন; গতি; গতিশীল অবস্থা; ক্রিয়া; ক্রমাগ্রসরণ; চালু অবস্থা; গমন।

**চারক**—যে চালায়; যে করায়; কারাগার।

**চারণ**—চালানো; করানো; পরিচালনা।

**চারিকা**—ভ্রমণ; পরিভ্রমণ; দীর্ঘ পর্যটন।

**চারিত্ত**—রীতিনীতি; চরিত্র; অভ্যাস; সদাচার; চারিত্র্য; স্বভাব।

**চারী**—বিচরণকারী; আচরণকারী; অবস্থানকারী; ধারণকারী; সম্পাদনকারী।

**চারু**—সুন্দর; মনোরম; ললিত। **চারুদস্সন**—সুদর্শন।

**চারেতি**—('চরতি'র *caus*) গমন করানো; চরানো; ইন্দ্রিয়াদি চরিতার্থ করা; ইন্দ্রিয়াদির তৃপ্তিসাধন করা। *aor* **চারেসি**। *pp* **চারিত**। *prp* **চারেন্ত**। *abs* **চারেত্বা**।

**চাল**—প্রচণ্ড ধাক্কা; ফন্দি; ফাঁকি; আকস্মিক আলোড়ন।

**চালেতি**—('চলতি'র *caus*) সঞ্চালন করা; নাড়া; আলোড়িত করা। *aor* **চালেসি**। *pp* **চালিত**। *prp* **চালেন্ত, চালযমান**। *abs* **চালেত্বা**।

**চাবনা**—চলে যাওয়ার মত করানো; চাবুকদ্বারা প্রহার করা।

**চাবেতি**—('চবতি'র *caus*) ক্রিয়াশীল হবার জন্য আনয়ন করা; চালানো বা তাড়িয়ে নেওয়া; কিংকর্তব্যবিমূঢ় করা। *aor* **চাবেতিসি**। *pp* **চাবিত**। *prp* **চাবেন্ত**। *abs* **চাবেত্বা**।

**চি**—অসমাপিকা প্রশ্নবোধক অব্যয়। **কোচি**—যে কেহ।

**চিক্খল্ল**—পাঁক; কাদা; জলা; বিল।

**চিঙ্গুলক**—তালপাতার তৈরি উড়ন্ত চাকা।

**চিঙ্গুলাযতি**—('চিঙ্গুল' হতে *deno*) অবিরাম চক্রাকারে আবর্তন করা।

**চিচ্চিটাযতি**—হিসহিস শব্দ করে নিন্দা করা; হিসহিস বা সাঁ-সাঁ শব্দ করা; চিট-চিট শব্দ করা।

**চিঞ্চা**—তেঁতুল।

**চিণ্ণ**—('চিনাতি'র *pp*) অভ্যাসগত; অভ্যাস করা হয়েছে এমন; মার্জিত রুচি।

**চিত**—('চিনাতি'র *pp*) পুঞ্জীভূত; সারিবদ্ধ; পৃষ্ঠযুক্ত।

**চিতক**—অন্ত্যেষ্টিক্রিয়ার চিতা।

**চিতি**—স্তূপ; গাদা; (স্মৃতিরক্ষার্থ বা সীমানা-নির্দেশার্থ স্থাপিত) শিলাস্তূপ।

**চিত্ত**[১]—মন; চিন্তা; একটি মাসের নাম : মার্চ-এপ্রিল। **চিত্তক্খেপ**—মনের বিশৃঙ্খলা। **চিত্তপস্সদ্ধি**—মনের প্রশান্তি। **চিত্তমুদুতা**—মনের মৃদুতা বা নমনীয়তা। **চিত্তবিক্খেপ**—চিত্তবিক্ষেপ; মনের অপ্রকৃতিস্থতা; পাগলামি। **চিত্তসন্তাপ**—মনের দুঃখ। **চিত্তসমথ**—ভাবনার সমাহিত অবস্থা। **চিত্তঅনুপস্সনা**—অন্তরের সমালোচনা। **চিত্তআভোগ**—চিন্তা; বিবেচনা। **চিত্তউজ্জুকতা**—মনের সততা বা ন্যায়পরায়ণতা। **চিত্তউত্রাস**—সন্ত্রাস; আতঙ্ক; ভয়। **চিত্তউপ্পাদ**—চিত্তের বা মনের উত্থান।

**চিত্ত**[২]—চিত্র; কর্বুরিত; কর্বুর; নানাবিধ; বিবিধ; সুন্দর; রঞ্জন; অঙ্কন; চিত্র। **চিত্তকত**—সজ্জিত; ভূষিত; অলঙ্কৃত; মনের দ্বারা প্রস্তুত। **চিত্তকথিক, চিত্তকথী**—চমৎকার বা অত্যুৎকৃষ্ট বা সুদক্ষ বক্তা; বাগ্মী। **চিত্তকম্ম**—রঞ্জন; চারুকলা; অলঙ্করণ। **চিত্তকার**—চিত্রকর; সজ্জাশিল্পী। **চিত্ততর**—ভিন্নতর; অধিকতর বিচিত্রিত। **চিত্তআগার**—চিত্রাগার; চিত্রকক্ষ।

**চিত্তক**—চিত্রক; সাম্প্রদায়িকতাপূর্ণ অথবা ধর্মগত অথবা গোড়ামিপূর্ণ অথবা সঙ্কীর্ণচিত্ত বা অনুদার কপালের চিহ্ন; তিলক।

**চিত্ততা**—কর্বুরিত; কর্বুর; বিভিন্ন রঙের ছোপ দেওয়া মন বা কর্বুরিত মন।

**চিত্তীকার**—শ্রদ্ধা; গুরুত্ব।

**চিত্র**—'চিত্ত[২]' দেখুন।

**চিনাতি**—(চি+না) স্তূপাকার করা; জমানো; একত্র করা; সংহত করা; পুঞ্জিত করা। *aor* **চিনি**। *pp* **চিত**। *prp* **চিনন্ত, চিনমান**। *abs* **চিনিত্বা**।

**চিন্তক, চিন্তনক**—সুবিবেচক; চিন্তাশীল; ভাবুক।

**চিন্তা, চিন্তন**—চিন্তা করা; মনন; ধ্যান; ভাবনা; স্মরণ; বিচার। **চিন্তামণি**—বাঞ্ছিত ফলপ্রদ মণি; স্পর্শমণি। **চিন্তাময**—চিন্তাময়; চিন্তাপূর্ণ; চিন্তা দ্বারা গঠিত।

**চিন্তিত**—('চিন্তেতি'র *pp*) চিন্তা করা হয়েছে এমন; চিন্তাযুক্ত; ভাবিত; উদ্ভাবিত; পরিকল্পিত।

**চিন্তী**—যার চিন্তা এমন; চিন্তার বিষয়।

**চিন্তেতব্ব**—চিন্তা করণীয়; বিবেচ্য।

**চিন্তেতি**—(চিন্ত্+এ) চিন্তা করা; ভেবে দেখা; ভাবা; প্রতিবিম্বিত করা; গভীরভাবে বিবেচনা করা। *aor* **চিন্তেসি**। *prp* **চিন্তেন্ত, চিন্তযমান**। *abs* **চিন্তেত্বা, চিন্তিয**।

**চিন্তেয্য**—বিবেচ্য এমন।

**চিমিলিকা**—বালিশ প্রভৃতির আবরণ।

**চির**—নিত্য; সদা; অনন্ত। **চিরকালং**—অনন্তকাল; সকল সময়; বরাবর। **চিরট্ঠিতিক**—চিরস্থিতিক; চিরকাল বা দীর্ঘকাল ধরে থাকে এমন; অবিনশ্বর; অক্ষয়। **চিরতরং**—অধিকতর দীর্ঘ সময়। **চিরনিৱাসী**—দীর্ঘজীবী। **চিরপব্বজিত, চিরদিক্খিত**—চির প্রব্রজিত; চির দীক্ষিত; দীর্ঘ ভিক্ষুজীবন যাপনকারী। **চিরপ্পৱাসী**—চিরপ্রবাসী; জীবনভর বিদেশে বসবাসকারী; দীর্ঘকাল বিদেশে বসবাসকারী; দীর্ঘকাল বিদেশে বসবাসকারী। **চিরত্তং**—দীর্ঘকাল। **চিরত্তায**—দীর্ঘকালের জন্য।

**চিরং**—দীর্ঘকাল ধরে; দীর্ঘকাল স্থায়ী।

**চিরস্সং**—অতীব দীর্ঘকাল; অবশেষে।

**চিরায**—দীর্ঘকালের জন্য।

**চিরাযতি**—('চির' হতে *deno*) গড়িমসি করা; বিলম্ব করা। *aor* **চিরাযি**। *pp* **চিরাযিত**। *prp* **চিরাযন্ত**। *abs* **চিরাযিত্বা**।

**চিরেন**—দীর্ঘকাল পরে।

**চীনপিট্ঠ**—রক্তসিসা; লাল সীসক।

**চীনরট্ঠ**—চীন।

**চীর, চীরক**—আঁশ; তন্তু; সরু ও লম্বা টুকরা; ফালি; বল্কল-পোশাক।

**চীরী**—অন্যায়; অবৈধ।

**চীৱর**—(বৌদ্ধ ভিক্ষুর) কাষায় বসন। **চীৱরকণ্ণ**—পোশাকের (চীবরের) প্রান্ত বা খুঁট। **চীৱরকম্ম**—পোশাক (চীবর) নির্মাণ। **চীৱরকার**—চীবর উদ্ভাবক; চীবর প্রস্তুতকারক। **চীৱরদান**—চীবর দেওয়া অনুষ্ঠান। **চীৱরদুস্স**—চীবর প্রস্তুত করার বস্ত্র। **চীৱররজ্জু**—চীবর ঝুলানোর দড়ি। **চীৱরৱংস**—চীবর ঝুলানোর বাঁশ।

**চুণ্ন**—চূর্ণ; গুঁড়া; Chunam; সাবানের গুঁড়া। **চুণ্ন-বিচুণ্ন**—চাপের ফলে ক্ষুদ্র টুকরায় লাট করা হয়েছে এমন; সম্পূর্ণ ধ্বংস সাধিত।

**চুণ্নক**—সুগন্ধি চূর্ণ। **চুণ্নকজাত**—চূর্ণে পরিণত হয়েছে এমন। **চুণ্নকচালনী**—ঝাঁঝরি।

**চুণ্নিত**—('চুণ্নেতি'র *pp*)।

**চুণ্নেতি**—(চুণ্ন+এ) চূর্ণ করা; গুঁড়া করা; পেষণ করা। *aor* **চুন্নেসি**। *prp* **চুণ্নেন্ত**। *abs* **চুণ্নেত্বা**। *pass* **চুন্নিযতি**।

**চুত**—('চবতি'র *pp*)।

**চুতি**—অপসারণ; স্থান পরিবর্তন; অবসান; অন্তর্ধান।

**চুদিত**—'চোদেতি'র *pp*।

**চুদিতক**—অভিযুক্ত; তিরস্কৃত বা ভর্ৎসিত বা নিন্দিত হয়ে।

**চুদ্দস**—চৌদ্দ।

**চুন্দকার**—আবর্তক; প্রত্যাবর্তনকারী; কুন্দনকার।

**চুবুক**—চিবুক; থুতনি।

**চুম্বট, চুম্বটক**—সংঘর্ষ; চাপ বা আঘাত এড়ানোর জন্য অথবা কালি প্রভৃতি তরল বস্তু শোষণার্থ কোমল পদার্থে ভরা যে কোন বস্তু; কুণ্ডলিত বস্তুবিশেষ।

**চুম্বতি**—(চুম্ব্+অ) চুম্বন করা; আলতোভাবে স্পর্শ করা বা সংঘৃষ্ট হওয়া। *aor* **চুম্বি**। *pp* **চুম্বিত**। *prp* **চুম্বন্ত, চুম্বমান**। *abs* **চুম্বিত্বা**।

**চুল্ল**—ছোট; ক্ষুদ্র; নাবালক; অল্পবয়স্ক। **চুল্ল অন্তেবাসিক**—বালক-ভৃত্য; ছোকরা-চাকর; "নাইট" বা বীর ব্রতীর জন্য শিক্ষানবিস যুবা। **চুল্ল-পিতু**—পিতৃব্য। **চুল্ল উপট্ঠাক**—ব্যক্তিগত পরিচারক; বালক-ভৃত্য।

**চূচুক**—স্তনের বাঁট; চুষিকাঠি।

**চূল**—'চুল্ল' দেখুন।

**চূলা**—পাখির মাথার ঝুঁটি বা শিখা; শিরোভূষণে যে লোমগুচ্ছ বা থোকা রাখা হয়; পেশাদার বিদূষকরা মোরগচূড়ার মতো যে লাল কাপড় মাথায় পরত; বিদূষক বা মূর্খ। **চূলামণি**—মুকুট; উষ্ণীষ; শিরস্ত্রাণের মধ্যে পরিহিত মাণিক।

**চূলিকা**—চুলের গাঁট বা গিঁট।

**চে**—(শতধীন অব্যয়) যদি।

**চেট, চেটক**—চাকর-বালক।

**চেটিকা, চেটি**—চাকরানি।

**চেত**—(চিত্ত-বর্গ); চিন্তা; উদ্দেশ্য; লক্ষ্য; অভিপ্রায়; অভীষ্ট লক্ষ্য।

**চেতনা**—উদ্দেশ্য; লক্ষ্য; অভিপ্রায়।

**চেতযতি**—(চিত্+অয) মনে মনে উপলব্ধি করা; বোঝা; চিন্তা করা; ভাবা। *aor* **চেতযি**। *pp* **চেতযিত**। *abs* **চেতেত্বা, চেতযিত্বা**।

**চেতস**—(কোনো কিছুর) উদ্দেশ্য নিয়ে। **পাপচেতস**—দুর্বৃত্তিপরায়ণ; অসৎ।

**চেতসিক**—চৈতসিক; মানসিক; মানসিক সম্পদ; চৈতসিক সম্পদ।

**চেতাপেতি**—(চিত্+আপে) বিনিময়ে লাভ করা; পণ্যবিনিময় দ্বারা বাণিজ্য করা; বিনিময়ে প্রদান করা।

**চেতিয**—চৈত্য; কোনো ব্যক্তির অন্ত্যেষ্টি-স্মৃতিসংরক্ষক বস্তু; স্মৃতিস্তম্ভ; স্মৃতিসৌধ; বৌদ্ধ মন্দির। **চেতিযঅঙ্গন**—বৌদ্ধমন্দিরের চতুর্দিকে খোলা জায়গা। **চেতিযগব্ভ**—বৌদ্ধ মন্দিরের (পেগোডার) গম্বুজ। **চেতিযপব্বত**—শ্রীলঙ্কার একটি পর্বতের নাম; বর্তমান মিহিন্তলে।

**চেতেতি**—'চেতযতি' দেখুন।

**চেতো**—('চেত'র মিশ্র রূপ)। **চেতোখিল**—অনাবাদি জমি; অকর্মণ্য মন; ফালতু মন। **চেতোপণিধি**—গৃহীত সিদ্ধান্ত; ব্যাকুল বাসনা; উচ্চাকাঙ্ক্ষা। **চেতোপরিযঞ্ঞাণ**—পরচিত্ত বিজ্ঞান জ্ঞান। **চেতোপসাদ**—অন্তরকে আনন্দ দানকরণ। **চেতোবিমুত্তি**—চিত্তের বন্ধনমুক্তি; মনের শৃঙ্খল-মোচন। **চেতোসমথ**—মনের শান্তি; চিত্তের প্রশান্তি।

**চেল**—বস্ত্র; জামা। **চেলবিতান**—চন্দ্রাতপ; চাঁদোয়া; শামিয়ানা। **চেলউক্খেপ**—(সকলের সমর্থনের বা প্রশংসার চিহ্নস্বরূপ) জামার আন্দোলন।

**চোচ**—কদলী; কলা। **চোচপান**—কলায় তৈরি মিষ্ট পানীয়।

**চোদক**—মকদ্দমার বাদী বা ফরিয়াদি; যে বিরুদ্ধ মত প্রকাশ করে বা রায় দেয় অথবা অভিযোগ করে।

**চোদন**—তিরস্কার; ভর্ৎসনা; দোষারোপ; নিন্দা; অভিযোগ; নালিশ; বিলাপ।

**চোদিত**—('চোদেতি'র *pp*)।

**চোদেতি**—(চুদ্+এ) সক্রিয় করা; উত্তেজিত করা; উদ্দীপ্ত করা; তিরস্কার করা; ভর্ৎসনা করা; দোষারোপ করা; নিন্দা করা; অভিযোগ করা; নালিশ করা; বিলাপ করা। *aor* **চোদেসি**। *prp* **চোদেন্ত, চোদয়মান**। *abs* **চোদেত্বা; চোদিয**।

**চোদেতু**—'চোদক' দেখুন।

**চোপন**—আলোড়ন; চালানো; নাড়ানো।

**চোর**—তস্কর; গোপনে পরের দ্রব্য আহরণ করে

এমন। চোরঘাতক—সরকারি ঘাতক বা জল্লাদ; যে ফাঁসি দেয়। চোরউপদ্দব—অপহারকের আক্রমণ।
**চোরিকা**—চুরি; অপহরণ।
**চোরী**—মেয়েচোর।
**চোল**—কাপড়; বস্ত্র। চোলরট্‌ঠ—দক্ষিণ ভারতের চোঢ় বা চোল রাজ্য।
**চোলক**—বস্ত্রখণ্ড; নেকড়া; তেনা।
**চোলিয**—চোলরাজ্যের অধিবাসী।

---

# ছ

---

**ছ**—ছয়। ছক্‌খত্তুং—ছয়বার। ছচত্তালীসতি—ছচল্লিশ। ছদ্বারিক—ছয় ইন্দ্রিয় দ্বারবিশিষ্ট। ছনবুতি—ছিয়ানব্বই। ছপঞ্ঞাস—ছাপ্পান্ন। ছব্বগ্গিয—ছয় বর্গবিশিষ্ট। ছব্বণ্ণ—ছয় বর্ণ বা ষড়বর্ণ সমন্বিত। ছব্বস্সিক—ছয় বছর ধরে বিদ্যমান; ছবছর বয়স্ক। ছব্বিধ—ষড়বিধ, ছয় রকম। ছব্বীসতি—ছাব্বিশ। ছসট্‌ঠি—ছেষট্টি। ছসত্ততি—ছিয়াত্তর।
**ছকন, ছকনক**—পশুবিষ্ঠা।
**ছকলক, ছগলক**—ছাগল।
**ছক্ক**—ছয়ের কেতা (সেট)।
**ছট্‌ঠ**—ষষ্ঠ।
**ছট্‌ঠী**—ষষ্ঠি বিভক্তি অর্থাৎ 'সম্বন্ধ' কারক।
**ছড্ডক**—নিক্ষেপক; অপসারক।
**ছড্ডন**—বর্জন; প্রত্যাখ্যান; নিক্ষেপণ।
**ছড্ডনীয**—বর্জনীয়; প্রত্যাখানীয়; নিক্ষেপণীয়।
**ছড্ডাপেতি**—('ছড্ডেতি'র *caus*)। *aor* ছড্ডাপেসি। *pp* ছড্ডাপিত। *abs* ছড্ডাপেত্বা।
**ছড্ডিত**—('ছড্ডেতি'র *pp*)।
**ছড্ডিয**—বর্জিত হওয়া; নিক্ষিপ্ত হওয়া।
**ছড্ডীযতি**—('ছড্ডেতি'র *pass*)।
**ছড্ডেতি**—(ছড্ড্+এ) নিক্ষেপ করা; ছেড়ে দেওয়া; পরিত্যাগ করে যাওয়া; প্রত্যাখ্যান করা। *aor* ছড্ডেসি। *prp* ছড্ডেন্ত। *abs* ছড্ডেত্বা। *ptp* ছড্ডেতব্ব।
**ছন**—পর্বসংক্রান্ত উৎসব; উৎসব।
**ছত্ত**—ছত্র; ছাতা; চন্দ্রাতপ; রাজকীয় চাঁদোয়া বা শামিয়ানা। ছত্তকার—চন্দ্রাতপ নির্মাতা। ছত্তগাহক—যে তার মনিবের ছাতা বহন করে। ছত্তনালী, ছত্তদণ্ড—ছাতার বাঁট বা হাতল। ছত্তপাণী—যে ছাতা বহন করে। ছত্তমঙ্গল—রাজ্যাভিষেক উৎসব; পেগোডার চূড়া উত্তোলন। ছত্ত উস্‌সাপন—রাজকীয় চন্দ্রাতপ উত্তোলন অর্থাৎ সিংহাসনাধিকার।
**ছত্তিংসা, ছত্তিংসতি**—ছত্রিশ।
**ছদ**—কিছু ঢাকে এমন; কিছু আচ্ছাদন করে এমন; পর্দা; যবনিকা; আবরণ; ঘোমটা; অবগুণ্ঠন; বোরখা।
**ছদন**—ছাউনি; ছাদ; চাল; ঢাকনা; ডালা।
**ছদ্দন্ত**—(হস্তী শূকর প্রভৃতির) মুখের বহির্ভাগে প্রলম্বিত ছয় দন্ত; একটি বৃহৎ হ্রদ; হস্তীর একটি জাতি।
**ছদ্দিকা**—বমন।
**ছদ্দা, ছধা**—ছয় উপায়ে।
**ছন্দ**—প্রেরণা; আবেগ; অভিপ্রায়; অভিলাষ; মনোভাব। ছন্দরাগ—রোমাঞ্চকর আকাঙ্ক্ষা।
**ছন্দ**—(চিত্ত-বর্গ) ছন্দশাস্ত্র; ছন্দোবিজ্ঞান; ছন্দপ্রকরণ।
**ছন্দক**—ভোট; মতপ্রদান; স্বেচ্ছাধীন-মত সংগ্রহ।
**ছন্দতা**—প্রেরণা; আবেগ; (কিছুর) আকাঙ্ক্ষা।
**ছন্দাগতি**—অনুপ্রেরণায় মিথ্যা আচরণ।
**ছন্ন**—('ছাদেতি'র *pp*)।
**ছন্ন**—যথাযথ; উপযোগী; উপযুক্ত; যথাযোগ্য।
**ছপ্পদ**—মৌমাছি; মক্ষিকা।
**ছমা**—পৃথিবী; মৃত্তিকা।
**ছম্ভিতত্ত**—হতবুদ্ধি বা হতচেতন; আতঙ্ক।
**ছম্ভী**—আতঙ্কিত; ভয়ে বোধশক্তি বা চলচ্ছক্তি বা কর্মশক্তিলুপ্ত; ভয়ে অসাড়।
**ছব**—মানুষের শব; নীচ; নিচু; অনুন্নত; দুর্দশাগ্রস্ত। ছবকুটিকা—কবর খননকারীগণ কর্তৃক খুঁড়ে তোলা অস্থিসমূহ রাখার স্থান। ছবট্‌ঠিক—নরকঙ্কাল থেকে অপসৃত অস্থি। ছবধারক—আধিকারিকভাবে যে শব দাহ করে। ছবঅলাত—চিতার জ্বলন্ত আগুন।
**ছবি**—বহিস্থচর্ম; আবরণ; ডিম্বকত্বক; ত্বক। ছবিকল্যাণ—চেহারার সৌন্দর্য। ছবণ্ণ—চর্মের রং; চেহারা; আকার-প্রকার; স্বাভাবিক গাত্রবর্ণ।
**ছলঙ্গ**—ষড়ঙ্গ; ছয় অঙ্গের সমন্বয়; যাঁর দিব্যচক্ষু; দিব্যকর্ম, পরচিত্তবিজ্ঞান, পূর্ব জন্মজ্ঞান ও পরজন্মের জ্ঞান আছে।
**ছলভিঞ্ঞ**—ষড়ভিজ্ঞ; ছয় উচ্চতর জ্ঞানের অধিকারী। ছলভিঞ্ঞা—ষড়ভিজ্ঞা; অতিমানবীয় জ্ঞানের ছয় শাখা।
**ছলংস**—ষড়ংশ; ছয় ধার বা কোণবিশিষ্ট।
**ছাত**—ক্ষুধার্ত। ছাতজ্ঝত্ত—ক্ষুধার্ত; ক্ষুধাতুর; ক্ষুধায় কাতর; বুভুক্ষু; ক্ষুধা দ্বারা ক্ষত বা আর্ত। ছাততা—

ক্ষুধা; ভোজনেচ্ছা।

**ছাতক**—অনাহার; দুর্ভিক্ষ।

**ছাদন, ছাদনা**—আচ্ছাদন; পোশাক; আবরণ; ছদ্মবেশ।

**ছাদনিয, ছাদেতব্ব** (*ptp*)—আচ্ছাদনযোগ্য।

**ছাদেতি**—(ছদ্‌+এ) আচ্ছাদন করা; লুকিয়ে রাখা; ছদ্মবেশ পরানো; ছাওয়া; আনন্দ দান করা; উপভোগ করা। *aor* **ছাদেসি**। *pp* **ছাদিত**। *prp* **ছাদেন্ত, ছাদযমান**। *abs* **ছাদেত্বা, ছাদিয**।

**ছাপ, ছাপক**—শাবক; ছানা; বাচ্চা; পশুর শাবক।

**ছাযা**—ছায়া; প্রতিবিম্ব; রৌদ্রাভাব। **ছাযামান**—ছায়ামাপন। **ছাযারূপ**—আলোকচিত্র; মানুষের বা জন্তুর প্রতিকৃতি।

**ছারিক**—ছাই।

**ছাহ**—ছয়দিন।

**ছিগ্‌গল**—গর্ত; কোটর; গুহা; রন্ধ্র; ছিদ্র।

**ছিজ্জতি**—('ছিন্দতি'র *pass*) ছেদিত হওয়া; ভগ্ন হওয়া; বিচ্ছিন্ন হওয়া; বিভক্ত হওয়া। *aor* **ছিজ্জি**। *prp* **ছিজ্জন্ত, ছিজ্জমান**। *abs* **ছিজ্জিত্বা, ছিজ্জিয**।

**ছিদ**—ভাঙন; ভাঙ্গন; কর্তন; ধ্বংসন। **বন্ধনচ্ছিদ**—যে সম্পর্ক অথবা প্রতিশ্রুতি ইত্যাদি ভঙ্গ করে বা কাটে।

**ছিদ্দ**—ছিদ্র; রন্ধ্র; ফাঁক; ফাট; চিড়; ফাটল; খুঁত; ত্রুটি; দোষ; ফাটলযুক্ত; ছিদ্রযুক্ত; ত্রুটিপূর্ণ; খুঁতযুক্ত। ছিদ্দক—ছিদ্র সমন্বিত; অতি ক্ষুদ্র রন্ধ্র সমন্বিত। **ছিদ্দগবেসী**—পরের ছিদ্রান্বেষী। **ছিদ্দঅবছিদ্দক**—ফাটলে পরিপূর্ণ এবং রন্ধ্রে পরিপূর্ণ।

**ছিদ্দিত**—বিদ্ধ; ছিদ্রিত।

**ছিন্দতি**—(ছিদ্‌+ং+অ) কাটা; ছিন্ন করা; ছেদন করা; পৃথক করা; বিচ্ছিন্ন করা; বিনাশ করা। অওর ছিন্দি। *pp* **ছিন্ন**। *prp* **ছিন্দন্ত, ছিন্দমান**। *abs* **ছিন্দিত্বা; ছিন্দিয**।

**ছিন্দিয**—ভঙ্গুর; পলকা।

**ছিন্ন**—('ছিন্দতি'র *pp*)। **ছিন্নস, ছিন্নআস**—নিরাশ। **ছিন্ননাস**—যার নাক কাটা এমন। **ছিন্নভত্ত**—খাদ্যাভাবে মৃতপ্রায়; অনশনক্লিষ্ট; ক্ষুৎপীড়িত। ছিন্নবত্থ—ছিন্নবস্ত্র; যার জামাকাপড় বলপূর্বক নেওয়া হয়েছে এমন। **ছিন্নহত্থ**—যার হাত কাটা হয়েছে এমন। **ছিন্নইরিযাপথ**—পদচারণায় অক্ষম; খঞ্জ; খোঁড়া।

**ছুদ্দ**—নিক্ষিপ্ত; পরিত্যক্ত; ঘৃণ্য; অবজ্ঞেয়।

**ছুপতি**—(ছুপ+অ) স্পর্শ করা। *aor* **ছুপি**। *abs* **ছুপিত্বা**।

**ছুপন**—স্পর্শন।

**ছুরিকা**—ছুরি; ছোরা।

**ছেক**—দক্ষ; কুশলী; পটু। ছেকতা—দক্ষতা; কৌশল; পটুতা।

**ছেজ্জ**—ছেদ্য; ছেদন করা উপযুক্ত; ভেঙে যেতে বাধ্য; কারও অঙ্গ-প্রত্যঙ্গ ছেদন করে শাস্তিদান।

**ছেত্তব্ব**—ছেদন করা প্রয়োজন।

**ছেত্তু**—যে ছেদন করে এমন।

**ছেত্বা, ছেত্বান**—ছেদন করে; বিচ্ছিন্ন করে; বিভক্ত করে।

**ছেদ**—বিরাম; বিচ্ছেদ। **ছেদক**—যে ছেদন করে; যে পৃথক করে; যে ভেঙে ফেলে।

**ছেদন**—ছেদ করণ; বিচ্ছেদ করণ; পৃথক করণ।

**ছেদাপেতি**—('ছিন্দতি'র *caus*) কাটানো; ছেদ করানো; ছেদন করানো; বিচ্ছেদ করানো; পৃথক করান; ভাঙানো। *aor* **ছেদাপেসি**। *pp* **ছেদাপিত**। *abs* **ছেদাপেত্বা**।

---

# জ

---

**জগতি**—জগৎ; পৃথিবী; ভূমণ্ডল। **জগতিপ্পদেস**—পৃথিবীর উপরে বিন্দু। **জগতিরুহ**—বৃক্ষবিশেষ।

**জগ্‌গতি**—(জগ্‌গ+অ) পাহারা দেওয়া; ভরণপোষণ করা; জাগ্রত থাকা। *aor* **জগ্‌গি**। *abs* **জগ্‌গিত্বা**।

**জগ্‌গন, জগ্‌গনা**—তত্ত্বাবধান; যত্ন; পরিচর্যা; আনয়ন; সতর্ক প্রহরা।

**জগ্‌ঘতি**—(জগ্‌ঘ+অ) হাস্য করা; উপহাস করা। *aor* **জগ্‌ঘি**।

**জগ্‌ঘনা, জগ্‌ঘিত**—উচ্চহাস্য; অট্টহাস্য; উচ্চহাসি; অট্টহাসি।

**জগ্‌ঘন**—কোমরের পশ্চাদ্ভাগ; কটি; নিতম্ব; পাছা।

**জঙ্গম**—গতিশীল; অস্থাবর; প্রাণবিশিষ্ট।

**জঙ্গল**—বন; বালুময় এবং জলশূন্য স্থান।

**জঙ্‌ঘমগ্‌গ**—পায়ে-পায়ে সৃষ্ট পথ; পদব্রজে গমনকারীদের জন্য রাস্তার পাশ দিয়ে শানবাঁধানো পথ।

**জঙ্‌ঘপেসনিক**—পায়ে-হাঁটা সংবাদবাহক; সংবাদ বহন করে এমন।

**জঙ্‌ঘা**—হাঁটু হতে গোড়ালি পর্যন্ত দেহাংশ; পায়ের নিম্নাংশ; পায়ের ডিম বা গুল। **জঙ্ঘবল**—পায়ের শক্তি। **জঙ্‌ঘাবিহার**—ভ্রমণ; বিচরণ; পদক্ষেপ।

**জঙ্‌ঘেয্য**—হাঁটুঅংশ।

**জচ্চ**—জাত; অনুরূপ জন্মধারণ করে; ঐরূপ জন্মধারণ করে। **জচ্চন্ধ**—জন্মান্ধ।
**জচ্চা**—জাতিযা।
**জজ্জর**—জর্জর; বার্ধক্যে অতি দুর্বল বা নিস্তেজ; বৃদ্ধ; অতিশয় ক্লিষ্ট; ক্ষীণ।
**জজ্জরিত**—জর্জরিত; জর্জর হয়েছে এমন; দুর্বল।
**জঞ্ঞএঞা**—বিশুদ্ধ; অনাবিল; পবিত্র; মহান চরিত্র; সদাশয়; উদার; আকর্ষণীয়; উচ্চবংশজাত।
**জট**—(ছুরি ইত্যাদির) বাঁট বা হাতল।
**জটা**—জট; জটপাকানো অবস্থা; জটিলতা; বিভ্রান্তি; (চুল, খড়, দড়ি প্রভৃতির) বিনুনি; জটিত চুল। **জটাধর**—জটাধারী সন্ন্যাসী।
**জটিত**—জট-পাকানো; জটিল; ঝামেলায় জড়িত; বিনুনি করা।
**জটিয, জটিল**—জটাধারী একপ্রকার সন্ন্যাসী।
**জঠর**—উদর; পেট; পাকস্থলী। **জঠরঅগ্‌গি**—জঠরাগ্নি; জঠরানল; তীব্র ক্ষুধা; পরিপাকশক্তি; পাকস্থলীর পাচকরস।
**জণ্ণু, জন্নুকা**—হাঁটু। **জণ্ণুমত্ত**—জানুমাত্র; এক হাঁটু পরিমাণ গভীর বা গভীর হয়ে।
**জতু**—লাক্ষা; গালা; সিলমোহর বা নামমুদ্রা বা পঞ্জার জন্য গালা। **জতুমট্‌ঠক**—গালা দিয়ে বাক্স খাপ প্রভৃতির মধ্যে কিছু রেখে বন্ধ করা।
**জতুকা**—বাদুড়।
**জত্তু**—স্কন্ধ; কাঁধ; অঙ্গ।
**জন**—লোক; মানুষ; সাধারণ লোক; গোষ্ঠী। **জনকায**—লোকের ভিড় বা গাদা। **জনতা**—জনতা; বহুলোকের সমাবেশ। **জনপদ**—প্রদেশ; রাজ্য; সীমান্তপ্রদেশ। **জনপদকল্যাণী**—রাজ্যের সর্বাপেক্ষা সুন্দরী কন্যা। **জনপদচারিকা**—রাজ্যে পরিভ্রমণরত। **জনসম্পদ্দ**—জনসাধারণের ভিড় করণ।
**জনক**—জন্মদাতা; পিতা; জন্মদান; উৎপাদন; প্রজনন।
**জনন**—উৎপাদন; ঘটান।
**জননী**—গর্ভধারিণী; মাতা; মা।
**জনাধিপ, জনিন্দ**—(মনুষ্যের) রাজা।
**জনিকা**—মাতা; গর্ভধারিণী।
**জনিত**—('জনেতি'র *pp*)।
**জনেতি**—(জন্‌+এ) উৎপাদন করা; সৃষ্টি করা; জন্মানো; সম্মুখে আনা; জন্মদান করা। *prp* **জনেন্ত**। *abs* **জনেত্বা**।
**জনেতু**—জন্মদাতা; উৎপাদনকারী।
**জনেত্তি**—জনেত্রী; মাতা; মা।
**জন্তাঘর**—বাষ্প-স্নানের উষ্ণ গৃহ।
**জন্তু**—জীব; প্রাণী; জীবন্ত প্রাণী; জানোয়ার; পশু।
**জপ**—বিড়বিড় কথন; গোপন কথা।
**জপতি**—(জপ+অ) বলা; উচ্চারণ করা; ধ্বনিত করা; অস্পষ্টভাবে বলা; আবৃত্তি করা। অওর **জপি**। *pp* **জপিত**। *abs* **জপিত্বা**।
**জপন, জপ্পন**—অস্পষ্টকথন; ফিসফিস করে অথবা গোপনে চুপিচুপি বা কানে কানে কথন।
**জপা**—চীনা-গোলাপ।
**জপ্পা, জপ্পনা**—অর্থগৃধ্নুতা; লাভের আলাপ।
**জম্বালী**—নোংরা জলের ডোবা।
**জম্বীর**—কমলালেবুর গাছ; কমলালেবু।
**জম্বু, জম্বূ**—জাম বা জামগাছ। **জম্বুদীপ**—জামের দেশ অর্থাৎ ভারতবর্ষ। **জম্বুপক্ক**—*Eugenia jambolana* ফল। **জম্বুসণ্ড**—জামবন।
**জম্বুক**—শৃগাল; শিয়াল।
**জম্বোনদ**—জম্বুনদ হতে প্রাপ্ত এক প্রকার স্বর্ণ।
**জম্ভতি**—(জভ্‌+ং+অ) জৃম্ভণ; হাই তোলা; হাই তুলে বলা জাগা বা জাগানো; সক্রিয় করা বা হওয়া। *aor* **জম্ভি**।
**জম্ভনা**—জৃম্ভণ; জাগরণ।
**জম্ম**—ইতর; অমার্জিত; অভদ্র; ঘৃণ্য; অবজ্ঞেয়; হীন।
**জয**—জয়; বিজয়; পরাভূত করণ; শত্রুদমন। **জযগ্‌গহ, জযগাহ**—পরাভূতকরণ; জয়গ্রহ; ভাগ্য; নিয়তি; অদৃষ্ট। **জযপান**—জয়পান; সাফল্যের কারণে যে পান। **জযসুমন**—লাল চীনা গোলাপ।
**জযতি**—(জি+অ) জয় করা; অতিক্রম করা; পরাভূত করা। *aor* **জযি**। *pp* **জিত**। *prp* **জযন্ত**। *abs* **জযিত্বা**।
**জযম্পতি**—জায়া ও পতি; পত্নী ও পতি; স্বামী ও স্ত্রী।
**জর**—জর; বৃদ্ধ; ক্ষয়প্রাপ্ত; জরাজীর্ণ; ধ্বংসের শেষ অবস্থায় উপনীত। **জরগ্‌গব**—বৃদ্ধ বৃষ। **জরসক্ক**—প্রবীণ; প্রাচীন। **জর সক্ক**—শক্র; দেবরাজ।
**জরতা**—ক্ষয়; বার্ধক্য।
**জরা**—ক্ষয়; বার্ধক্য। **জরাজজ্জর, জরাজিন্ন**—বয়সের দরুণ অতি দুর্বল বা নিস্তেজ বা ক্ষীণ এবং জরাজীর্ণ বা ধ্বংসের শেষ অবস্থায় উপনীত। **জরাদুক্‌খ**—বার্ধক্য যন্ত্রণা ভোগ। **জরাধম্ম**—বার্ধক্যের অধীন বা ক্ষয়প্রাপ্তির অধীন। **জরাভয**—বার্ধক্য বা ক্ষয়ের ভীতি।

**জল**—বারি; উদক; অম্বু; নীর। **জল গোচর, জলচর**—জলাশয়াদিতে বসবাসকারী; যারা জলে বিচরণ করে এমন প্রাণী; জলজ প্রাণী; মৎস্য। **জলজ**—জলে জন্মলাভ করেছে অথবা জল হতে নির্গত হয়েছে এমন; পদ্ম; মৎস্য। **জলদ, জলধর**—বৃষ্টি মেঘ। **জলনিগ্গম**—জলনির্গম; জলের নির্গমপথ; নালা। **জল আধার**—জলধারণ; প্রধানত বড় পুকুর; জলভাণ্ডার। **জলআলয, জলআসয**—জলালয়; জলাশয়; হ্রদ; ডোবা; কৃত্রিম পুকুর বা দিঘি।

**জলতি**—(জল্+অ) আলো দেওয়া বা বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া; পোড়ানো; দহন করা। *aor* **জলি**। *pp* **জলিত**। *prp* **জলন্ত, জলমান**। *abs* **জলিত্বা**।

**জলধি, জলনিধি**—মহাসমুদ্র।

**জলন**—আলো বিকিরণ; জ্বলন; দীপ্তি; দহন; দাহ।

**জলাবু**—গর্ভের ফুল; অমরা; ডিম্বকবাহী গর্ভপত্র। **জলাবুজ**—গর্ভফুলে জন্ম হয়েছে এমন; জরায়ুজ।

**জলূকা**—জলৌকা; জোঁক।

**জল্ল**—জলা; জলময় নিম্নভূমি; জলমগ্ন (জলাভূমি)।

**জল্লিকা**—(শরীরের উপরিভাগে) ময়লা; গাছের ক্ষয়প্রাপ্ত উপরের বাকল।

**জব**—বেগ; দ্রুততা; দ্রুতি; শক্তি; শক্তিমত্তা।

**জবতি**—(জু+অ) ছোটা; ধাবিত করা; বেগে যাওয়া; বেগে চলা; বেগে অগ্রসর হওয়া; ত্বরান্বিত হওয়া; দ্রুত অগ্রসর হওয়া; দ্রুত চলা। *aor* **জবি**। *pp* **জবিত**। *prp* **জবমান**। *abs* **জবিত্বা**।

**জবন**—সম্মুখে ঠেলে দেওয়া; যে শক্তি সম্মুখে ঠেলে দেয়; আকস্মিক শক্তি বা বেগ; প্রেরণা; আবেগ; আঘাত; স্পন্দন; ঘাত; চটপটে ভাব; তৎপরতা; দ্রুত বোধশক্তি; ছুট; দৌড়; দ্রুত। **জবন পঞ্ঞা**—দ্রুত বোধজ্ঞান।

**জবনিকা**—পর্দা; যবনিকা; মশারি।

**জহ**—পিছনে ফেলে; পশ্চাতে রেখে; পরিত্যাগ করে।

**জহতি, জহাতি**—(হা+অ; হা দ্বিত্ব এবং প্রথম হা-টি জ-এ রূপান্তরিত) পরিত্যাগ করা; ফেলে যাওয়া; ছেড়ে দেওয়া; পরিত্যাগ করে যাওয়া; সমর্পণ করা। *aor* **জহি**। *pp* **জহিত**। *prp* **জহন্ত**। *abs* **জহিত্বা**। *ptp* **জহিতব্ব**।

**জল**—মন্থর; ধীরগতি; বিলম্বিত; হতবুদ্ধি; হতচেতন; স্থূলবুদ্ধি; মূঢ়; মূর্খ; বোকা; নীরস লোক; জড়বুদ্ধি।

**জাগর**—জাগা; জাগ্রতবস্থা; সতর্ক প্রহরারত; জাগ্রৎ; বিনিদ্র; সতর্ক।

**জাগরণ**—জাগ্রত অবস্থা; বিনিদ্র অবস্থা; সতর্ক প্রহরা; সতর্কতা।

**জাগরতি**—(জাগর্+অ) জাগ্রত অবস্থায় থাকা; সতর্ক থাকা। *aor* **জাগরি**। *prp* **জাগরন্ত**।

**জাগরিয**—ধর্মানুশীলনার্থ প্রধানত রাত্রিকালে জাগ্রত অবস্থায় পর্যবেক্ষণ; নিশিপালন; জাগ্রত। **জাগরিযানুযোগ**—সতর্ক প্রহরা; সতর্কতার অভ্যাস।

**জাণু**—জানু; হাঁটু। **জানু মণ্ডল**—মালাইচাকি; পতন হতে রক্ষার্থ (সচরাচর ঘোড়া হতে) হাঁটুতে পরিধেয় আবরণ। **জানুমত্ত**—এক হাঁটু পরিমাণ গভীর বা গভীর হয়ে।

**জাত**—(জাযতি'র *pp*) জন্মেছে এমন; উৎপন্ন; উদ্ভূত হয়েছে এমন; উদিত; ঘটিত; বর্ণ; জন্মগত সামাজিক শ্রেণী; প্রকার। **জাতদিবস**—জন্মদিন। **জাতরূপ**—স্বর্ণ; স্বর্ণ-রৌপ্য। **জাতবেদ**—অগ্নি। **জাতস্সর**—জাত-সরোবর; প্রাকৃতিক হ্রদ।

**জাতক**—প্রাচীন জন্মকাহিনী; পূর্বজন্ম কাহিনী; জন্ম ইতিহাস; জাত; উদ্ভূত। **জাতভাণক**—জাতক আবৃত্তিকারক।

**জাতত্ত**—জন্মলাভের তথ্য।

**জাতি**—জন্ম; পুনর্জন্ম; একই পূর্বপুরুষের বংশধরগণ; সগোত্র ব্যক্তিগণ; রাষ্ট্রের প্রজাপুঞ্জ; বংশবৃত্তান্ত; কুলুজি; একরকমভাবে; ঠিক পুরোপুরিভাবে নয়; কিছু পরিমাণে। **জাতিকোস**—(জায়ফলের) জৈত্রী। **জাতিক্খয**—পুনর্জন্মগ্রহণ-সম্ভাবনার বিনাশ। **জাতিথদ্ধ**—(একজনের) জন্ম-অহঙ্কার। **জাতিনিরোধ**—পুনর্জন্ম উন্মূলিত করণ বা সম্পূর্ণ ধ্বংস করণ। **জাতিফল**—জায়ফল। **জাতিমন্ত**—শুভ জন্ম; বিশুদ্ধ গুণসম্পন্ন। **জাতিবাদ**—বংশ-পরিচয় সম্বন্ধে আলাপ। **জাতিসম্পন্ন**—সদ্বংশ জাত বা সম্ভ্রান্ত পরিবারের। **জাতিসুমনা**—জুঁই জাতীয় পুষ্পবিশেষ। **জাতিস্সর**—জাতিস্মর; পূর্বজন্ম সম্বন্ধে জ্ঞান। **জাতিহিঙ্গুলক**—প্রাকৃতিক সিন্দূর।

**জাতিক**—বংশ সম্ভূত; (বিশেষ) শ্রেণী, গোষ্ঠী অথবা জাতির সন্তান।

**জাতু**—নিশ্চিতভাবে; সন্দেহাতীতভাবে।

**জানন**—জ্ঞান; উপলব্ধি।

**জাননক**—যে জানে; যে উপলব্ধি করে; জানন; উপলব্ধি করণ।

**জাননীয**—জানা উচিত এমন।

**জানপদ, জানপদিকা**—রাজ্য সম্পর্কীয়; গ্রাম্য; গেঁয়ো; গ্রামবাসী।

**জানাতি**—(ঞা+না) অবগত হওয়া বা থাকা; জানা;

আবিষ্কার করা; দেখতে পাওয়া। *aor* **জানি**। *prp* **জানন্ত, জানমান**। *pp* **ঞাত**। *abs* **জানিত্বা, ঞত্বা**। *inf* **জানিতুং, ঞাতুং**।

**জানাপেতি**—('জানাতি'র *caus*) জ্ঞাত করানো; জানানো; অতিপ্রাকৃত উপায়ে (আপনাকে) জানানো বা ব্যক্ত করা বা উদ্‌ঘাটন করা; প্রকাশ করা; ফাঁস করে দেওয়া। *aor* **জানাপেসি**। *pp* **জানাপিত, ঞাপিত**। *prp* **ঞাপেন্ত**। *abs* **জানাপেত্বা, ঞাপেত্বা**।

**জানি**—ক্ষতি; বিরহ; বঞ্চনা; পত্নী। **জানিপতি**—পত্নী ও পতি।

**জামাতু**—জামাতা।

**জাযতি**—(জান্+য) জন্মগ্রহণ করা; জন্মলাভ করা; জন্ম নেওয়া; উৎপন্ন হওয়া। *aor* **জাযি**। *pp* **জাত**। *prp* **জাযন্ত, জাযমান**। *abs* **জাযিত্বা**।

**জাযত্তন**—পত্নীর হালচাল বা পারিপার্শ্বিক অবস্থা।

**জাযন**—জন্মধারণ; উত্থান।

**জাযা**—পত্নী। **জাযাপতি**—স্বামী-স্ত্রী দম্পতি।

**জার**—প্রণয়ী বা প্রণয়িনী; উপপতি বা উপপত্নী।

**জারী**—ব্যভিচারিণী; অগম্যাগামী নারী।

**জাল**—ফাঁদবিশেষ; ঝামেলায় বা জটিলতায় বিজড়িত অবস্থা। **জালপূব**—ডিম ময়দা চিনি ও দুধ মিশিয়ে প্রস্তুত পিঠাবিশেষ।

**জালক**—মুকুল; কুঁড়ি; বউল; কলি; অঙ্কুর; ছোট জাল।

**জালক্খিক**—জালের বুনানি বা বুনানির ফাঁক।

**জালা**—অগ্নিশিখা; আগুনের ঝলক। **জালাকুল**—অগ্নিশিখাবেষ্টিত।

**জালিক**—শিকল দিয়ে প্রস্তুত বর্ম।

**জালিনী**—কামলালসা; কাম; আকুল আকাঙ্ক্ষা; সনির্বন্ধ প্রার্থনা; মিনতি; আকুল কামনা।

**জালেতি**—(জাল্+এ) আগুন ধরানো বা ধরা; প্রজ্বলিত করানো বা প্রজ্বলিত হওয়া; আলোকদান করা; পোড়ানো। *aor* **জালেসি**। *pp* **জালিত**। *prp* **জালেন্ত, জালযমান**। *abs* **জালেত্বা**।

**জিগিংসক**—আকাঙ্ক্ষী; কামনাকারী।

**জিগিংসতি**—(হর্+স। হর পরিণত হয় গিং-এ; ইহা দ্বিত্ব এবং পূর্বের গিং জি-এ পরিণত হয়) আকুল আকাঙ্ক্ষা করা। *aor* **জিগিংসি**। *pp* **জিগিংসিত**। *prp* **জিগিংসমান**।

**জিগিংসনা, জিগিংসা**—লোলুপতা; অর্থলোলুপতা; আকুল আকাঙ্ক্ষা।

**জিগুচ্ছক**—অনুমোদন করে না এমন; অগ্রাহ্যকারী; পছন্দ করে না এমন; অপছন্দকারী।

**জিগুচ্ছতি**—(গুপ্+ছ; গু দ্বিত্ব হয় এবং প্রথম গু, জি-তে পরিণত হয়) পরিহার করা; এড়িয়ে যাওয়া; অতিশয় অপছন্দ করা; ঘৃণা করা; নিদারুণ বিরক্ত হওয়া। *aor* **জিগুচ্ছি**। *pp* **জিগুচ্ছিত**। *prp* **জিগুচ্ছন্ত, জিগুচ্ছমান**। *abs* **জিগুচ্ছিত্বা, জিগুচ্ছিয**।

**জিগুচ্ছন, জিগুচ্ছনা, জিগুচ্ছা**—নিদারুণ বিরক্তি; অপছন্দ; অতিশয় ঘৃণা।

**জিঘচ্ছতি**—(ঘস্+ছ; গ্ দ্বিত্ব হয় এবং প্রথম গ্ পরিবর্তিত বা রূপান্তরিত হয়ে জি হয়। মূলের স্, চ-এ পরিণত হয়) ক্ষুধার্ত হওয়া; খাবার জন্য আকুল আকাঙ্ক্ষা হওয়া। *aor* **জিঘচ্ছি**। *pp* **জিঘচ্ছিত**।

**জিঘচ্ছা**—ক্ষুধা; প্রবল আকাঙ্ক্ষা।

**জিঞ্জুক**—বন যষ্টিমধু।

**জিণ্ণ**—('জীরতি'র *pp*) ক্ষয়প্রাপ্ত; বৃদ্ধ; পরিপক্ব। **জিণ্ণক**—বৃদ্ধ লোক। **জিণ্ণতা**—জরাজীর্ণতা; ধ্বংসের শেষ অবস্থায় উপস্থিতি।

**জিত**—('জিনাতি'র *pp*) বিজিত; প্রশমিত; দমিত; বিজয়। **জিতত্ত**—প্রভুত্ব।

**জিতত্ত**—(জিত+অত্ত) আত্মজয়ী; জিতাত্মা।

**জিন**—জয়শীল; জয়ী; বিজেতা; জিতেন্দ্রিয় মহাপুরুষ; বুদ্ধ। **জিনচক্ক**—জিনচক্র; বুদ্ধের মতবাদ বা উপদেশাবলি। **জিনপুত্ত**—বুদ্ধশিষ্য। **জিন-সাসন**—বুদ্ধের শিক্ষা।

**জিনাতি**—(জি+না) জয় করা; প্রশমিত করা; দমিত করা। *aor* **জিনি**। *pp* **জিত**। *prp* **জিনন্ত**। *abs* **জিনিত্বা, জিত্বা**।

**জিম্হ**—বক্র; বাঁকা; ক্রমশ ঢালু; তির্যক; অসাধু। **জিম্হতা**—বক্রতা; অসাধুতা।

**জিযা**—জ্যা; ধনুকের ছিলা বা গুণ।

**জিব্হা**—জিহ্বা; জিভা; রসনা। **জিব্হাঅগ্গ**—জিভের আগা। **জিব্হাআযতন**—আস্বাদন ইন্দ্রিয়। **জিব্হাবিঞ্ঞাণ**—আস্বাদের জ্ঞান (পূর্বজ্ঞান) বা অবধারণ মত প্রকাশের মাধ্যম বা বোধ। **জিব্হাইন্দ্রিয**—আস্বাদের বোধশক্তি।

**জীন**—হৃস্বীকৃত; বিধ্বস্ত; ধ্বংস; ভোগবঞ্চিত।

**জীমূত**—বৃষ্টি-মেঘ।

**জীযতি**—(জি+য) হৃস্বীকৃত হওয়া; হারানো; খোয়ানো; বঞ্চিত হওয়া; বৃদ্ধ হওয়া; ক্ষয়প্রাপ্ত হওয়া। *aor* **জীযি**। *prp* **জীযমান**। *pp* **জীন**।

**জীরক**—জিরা বীজ।

**জীরতি**—(জির্+অ) বৃদ্ধ হওয়া; ক্ষয়প্রাপ্ত হওয়া। *aor* **জীরি**। *pp* **জিণ্ণ**। *prp* **জীরমান**।

**জীরণ**—ক্ষয়; বার্ধক্য প্রাপ্তি; হজম; পরিপাক।

**জীরাপেতি, জীরেতি**—('জীরতি'র *caus*) ক্ষয়-প্রাপ্ত হওয়ানো বা করানো; হজম বা পরিপাক করানো। *aor* **জিরাপেসি**। *pp* **জীরাপিত**। *prp* **জীরাপেন্ত**।

**জীব**—জীবন; প্রাণ। **জীবদন্ত**—জীবন্ত পশুর দন্ত।

**জীবক**—বেঁচে থাকে এমন; ব্যক্তিগত নাম।

**জীবতি**—(জীব+অ) বেঁচে থাকা; জীবিত থাকা; বিদ্যমান থাকা; অস্তিমান থাকা। *aor* **জীবি**। *prp* **জীবন্ত, জীবমান**। *abs* **জীবিত্বা**।

**জীবন**—প্রাণ; বিদ্যমান বা অস্তিমান থাকার উপায়; জীবিকা।

**জীবিকা**—জীবনধারণের জন্য অবলম্বিত পেশা; বৃত্তি। **জীবিকং কপ্পেতি**—একজন জীবনযাপন করে।

**জীবিত**—প্রাণ; জীবন; জীবনের বা পরমায়ুর কিছু সময়। **জীবিতক্খয**—জীবনের বিগঠন; মৃত্যু; বিচ্ছেদ। **জীবিতপরিযোসান**—জীবন-পর্যাবসান; জীবনের সমাপ্তি। **জীবিতমদ**—প্রাণের অহঙ্কার। **জীবিতবুত্তি**—বৃত্তি; জীবনযাপনের পেশা; জীবিকা। **জীবিতসঙ্খয**—জীবনের সমাধান। **জীবিত-আসা**—জীবনের আশা। **জীবিতইন্দ্রিয**—শারীরিক শক্তি; দৈহিক শক্তি বা ক্ষমতা; জীবনীশক্তি। **জীবিত-সংসয**—জীবন সংশয়; জীবনের ভয়।

**জীবী**—জীবনযুক্ত; আয়ুযুক্ত; জীবনধারণরত।

**জুণ্হ**—উজ্জ্বল; দীপ্ত; আলোময়; স্পষ্ট। **জুণ্হপক্খ**—আনন্দময় মাসার্ধ।

**জুণ্হা**—জ্যোৎস্না; চন্দ্রালোক; চন্দ্রালোকিত রাত্রি; জ্যোৎস্নাপূর্ণ রাত্রি; চন্দ্রিমা রজনী।

**জুতি**—অত্যুজ্জ্বল আলো; দীপ্তি; জ্যোতি; আলোক। **জুতিক**—জ্যোতিষ্ক; জ্যোতির্ময়; আলোময়। **জুতিন্ধর**—উজ্জ্বলভাবে দীপ্তিশীল; জাঁকালোরকম উজ্জ্বল বা চমৎকার; অতিশয় উজ্জ্বল বা দীপ্তিমান। **জুতিমন্ত**—অতিশয় উজ্জ্বল বা দীপ্তিমান।

**জুহতি**—(হু+অ; হু দ্বিত্ব এবং প্রথম হ্ জ-এ পরিবর্তিত) আগুনে ঢালা; পবিত্র উদ্দেশ্যে ব্যবহার করবার জন্য পৃথক করে রাখা ও উৎসর্গ করা; একান্তভাবে নিয়োগ করা। *aor* **জুহি**।

**জুহন**—মহত্তর কিছুর জন্য মূল্যবান কিছু ত্যাগ করা; বলি; অর্পণ; উৎসর্গ; দান।

**জূত**—জুয়া। **জূতকার**—জুয়াড়ি।

**জে**—দাসীর প্রতি সম্বোধক অব্যয়; নিম্নশ্রেণীর স্ত্রীলোক।

**জেগুচ্ছ**—ঘৃণ্য; অবজ্ঞেয়; বিরাগ বা বিরক্তি উৎপাদক; জঘন্য।

**জেগুচ্ছী**—অতিশয় ঘৃণা করে এমন; পরিহার করে বা এড়িয়ে চলে এমন।

**জেট্ঠ**—জ্যেষ্ঠ; অগ্রজ; বয়সে বড়; মহত্তম; মুখ্য; প্রধান। **জেট্ঠতর**—অধিকতর বৃদ্ধ; শ্রদ্ধাভাজন ব্যক্তি। **জেট্ঠভগিনী**—অগ্রজা। **জেট্ঠভাতু, জেট্ঠভাতিক**—অগ্রজ। **জেট্ঠমাস**—জ্যৈষ্ঠ মাস, মে-জুন। **জেট্ঠাপচাযন**—বয়োজ্যেষ্ঠদেরপ্রতি শ্রদ্ধা নিবেদন বা সম্মান প্রদর্শন। **জেট্ঠাপচাযী**—বয়োজ্যেষ্ঠদের প্রতি শ্রদ্ধা নিবেদনকারী বা সম্মান প্রদর্শনকারী।

**জেতি**—(জি+এ) জয় করা; পরাভূত করা; দমিত করা। *aor* **জেসি**। *prp* **জেন্ত**। *abs* **জেত্বা**।

**জেয্য, জেতব্ব**—জেয়; জয় করা কর্তব্য; পরাভূত করা উচিত।

**জোতক**—দ্যোতক; সূচক; ব্যঞ্জক; উদ্বোধক; প্রকাশক।

**জোততি**—(জুত্+অ) আলো দেওয়া বা বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া। *aor* **জোতি**। *prp* **জোতন্ত**।

**জোতন, জোতনা**—দ্যোতনা; সূচনা; ব্যঞ্জনা; প্রকাশনা।

**জোতি**—দ্যুতি; দীপ্তি; প্রভা; ঔজ্জ্বল্য; কিরণ; তারকা; অগ্নি। **জোতিপাসাণ**—দ্যুতি-পাষাণ; স্ফটিক উৎপাদক তাপ। **জোতিসত্থ**—জ্যোতির্বিদ্যা; জ্যোতি।

**জোতেতি**—('জোততি'র *caus*) আলোকিত করানো; জ্বালানো; সাজানো; প্রকাশ করানো; উদাহরণ দ্বারা বা সম্বন্ধযুক্ত দ্বারা ব্যাখ্যা করানো। *aor* **জোতেসি**। *pp* **জোতিত**। *prp* **জোতেন্ত, জোতযমান**। *abs* **জোতেত্বা**। *inf* **জোতেতুং**।

---

## ঝ

---

**ঝত্বা**—(ঝাপেত্বা) দগ্ধ করে।

**ঝস**—মৎস্য।

**ঝান**—ধ্যান; মনের একাগ্রতা; ভাবনা; স্মৃতি; (ধর্মীয়

বিষয়ে) গভীরভাবে বিবেচনা করা। **ঝানঅঙ্গ**—মৌলিক ধ্যান। **ঝানরত**—ধ্যানানুরাগী। **ঝান-ৱিমোক্‌খ**—ধ্যানযোগে বা ধ্যানবলে বন্ধন-মুক্তি।

**ঝানিক**—১ ধ্যানী। ২ যিনি ধ্যানে সিদ্ধিলাভ করেছেন এমন। ৩ যিনি ধ্যানমগ্ন।

**ঝাপক**—প্রজ্বালিত কারক; অগ্নিসংযোগকারী।

**ঝাপন**—প্রজ্বালিতকরণ।

**ঝাপীযতি**—('ঝাপেতি'র *pass*) দগ্ধ হওয়া।

**ঝাপিত**—('ঝাপেতি'র *pp*)।

**ঝাপেতি**—('ঝাযতি'র *caus*) দগ্ধ করানো; পোড়ানো; প্রজ্বালিত করানো। *aor* **ঝাপেসি**। *prp* **ঝাপেন্ত**। *abs* **ঝাপেত্বা, ঝাপিয**।

**ঝাম, ঝামক**—দগ্ধ।

**ঝাযক**—ধ্যান করেন এমন।

**ঝাযতি**—(ঝে+অ) ধ্যান করা; নিবিষ্টভাবে অবলোকন করা। *aor* **ঝাযি**। *prp* **ঝাযন্ত**। *abs* **ঝাযিত্বা**।

**ঝাযতি**—(ঝা+য); দগ্ধ করা; দগ্ধ হওয়া।

**ঝাযন**—১ দহন। ২ ধ্যান।

**ঝাযী**—ধ্যান করেন এমন।

---

## ঞ

---

**ঞত্ত**—জ্ঞাত; জানে এমন বা জানা আছে এমন।

**ঞত্তি**—জ্ঞপ্তি; ঘোষণা; বিজ্ঞপ্তি।

**ঞত্বা**—('জানাতি' হতে *abs*) জেনে; জ্ঞাত হয়ে; বুঝতে পেরে; অবগত হয়ে।

**ঞাণ**—জ্ঞান; বিদর্শন। **ঞাণকরণ**—আলোকপাত করণ; প্রবুদ্ধকরণ; জ্ঞানকরণ। **ঞাণচক্‌খু**—জ্ঞানচক্ষু। **ঞাণজাল**—জ্ঞানজাল; জ্ঞানরূপ জাল। **ঞাণদস্‌সন**—পূর্ণাঙ্গ জ্ঞান; জ্ঞানদর্শন। **ঞাণৱিপ্প-যুত্ত**—জ্ঞানবিপ্রযুক্ত; জ্ঞানহীন; অজ্ঞান। **ঞাণ-সম্পযুত্ত**—জ্ঞানসম্প্রযুক্ত; সজ্ঞান; স্মৃতিমান।

**ঞাণী**—জ্ঞানী; জ্ঞানবান; তত্ত্বজ্ঞ।

**ঞাত**—('জানাতি'র *pp*) জানে এমন; জানা আছে এমন; বিদিত; অবগত; সপরিচিত; বিখ্যাত; কুখ্যাত; অনুভূত; উপলব্ধ।

**ঞাতক**—সম্বন্ধ; জ্ঞাতি; আত্মীয়।

**ঞাতি**—জ্ঞাতি; আত্মীয়। **ঞাতিকথা**—জ্ঞাতিবর্গ বা আত্মীয়বর্গ সম্বন্ধে আলাপ। **ঞাতিধম্ম**—জ্ঞাতিধর্ম; জ্ঞাতির কর্তব্য। **ঞাতিপরিৱট্ট**—বর্ণন বা কথনচক্র। **ঞাতিপেতা**—জ্ঞাতিপ্রেত; মৃত জ্ঞাতিবর্গ। **ঞাতিব্যসন**—জ্ঞাতিবর্গের দুর্ভাগ্য। **ঞাতিসঙ্গহ**—আত্মীয়বর্গের প্রতি সদ্ব্যবহার। **ঞাতিসঙ্ঘ**—জ্ঞাতিসঙ্ঘ; আত্মীয়-সমাবেশ। **ঞাতিসালোহিত**—সম্পর্ক ও রক্ত সম্পর্ক।

**ঞাপন**—জ্ঞাপন; বিজ্ঞাপন; বিজ্ঞপ্তি।

**ঞাপেতি**—(ঞা+আপে) জ্ঞাত করানো; ঘোষণা করা। *aor* **ঞাপেসি**। *pp* **ঞাপিত**। *prp* **ঞাপেন্ত**। *abs* **ঞাপেত্বা**।

**ঞায**—নিয়ম; প্রণালি; রীতি; নীতি; ভালো আচার-আচরণ; আদবকায়দা, রীতিনীতি। **ঞাযপটিপন্ন**—সৎপথে গমন।

**ঞেয্য**—জ্ঞেয়; জ্ঞাত হওয়া কর্তব্য এমন; জানা উচিত এমন। **ঞেয্যধম্ম**—জ্ঞেয়ধর্ম; শিক্ষা করা এবং জানা প্রয়োজন এমন যে কোনো বিষয়।

---

## ট

---

**টন্‌ক**—প্রস্তর কাটার যন্ত্রবিশেষ।

**টীকা**—ক্ষুদ্র মন্তব্য; ব্যাখ্যান; টিপ্পনী। **টীকাচরিয**—ক্ষুদ্র সমালোচক।

---

## ঠ

---

**ঠত্বা**—*abs* ('তিট্‌ঠতি' হতে) স্থিত হয়ে; দণ্ডায়মান হয়ে বা দাঁড়ানো অবস্থায়।

**ঠপন, ঠপনা**—বিন্যাস; স্থাপন; সাজানো; রক্ষণ।

**ঠপাপেতি**—('ঠপেতি'র *caus*) স্থাপিত করানো। *aor* **ঠপা**। *abs* **ঠপাপেত্বা**।

**ঠপিত**—('ঠপেতি'র *pp*)।

**ঠপেতি**—(ঠা+আপে) স্থাপন করা; বিন্যস্ত করা; (তারিখ) নির্দিষ্ট করা; প্রতিষ্ঠা করা; সরিয়ে রাখা; প্রত্যাখ্যান করা; বাতিল করা। *aor* **ঠপেসি**। *prp* **ঠপেন্ত**।

**ঠপেত্বা**—('ঠপেতি'র *abs*) স্থাপন করে; সরিয়ে রেখে;

প্রত্যাখ্যান করে; বাতিল করে।

**ঠান**—স্থান; অঞ্চল; অবস্থান; অবস্থা; হেতু; নিমিত্ত; কার্যালয়; কারণ; স্থিতি; নিবৃত্তি; বিরতি। **ঠানীসো**—হেতু-প্রত্যয়।

**ঠানীয**—রাজধানী; মহানগরী; স্থাপিত হবার যোগ্য; স্থানীয়।

**ঠাযক**—স্থায়ক; দণ্ডায়মান হয় এমন।

**ঠাপক**—স্থাপন করে বা রাখে এমন; স্থাপক।

**ঠাযী**—স্থায়ী; দণ্ডায়মান; স্থির অবস্থায়; টেকসই।

**ঠিত**—('তিট্‌ঠতি'র *pp*) স্থিত; অবস্থিত; স্থির; নিশ্চল; অনড়; থাকে এমন। **ঠিতক**—স্থিতক; দাঁড়ায় এমন। **ঠিতট্‌ঠান**—স্থিতস্থান; যে স্থানে একজন (দণ্ডায়মান) ছিল এমন। **ঠিতত্ত**—স্থিতত্ব; দাঁড়ানোর প্রকৃত অবস্থা।

**ঠিতত্ত**—(ঠিত+অত্ত) স্থিতাত্ম; শাসিতাত্ম।

**ঠিতি**—স্থিতি; সুপ্রতিষ্ঠা; স্থিতিকাল; স্থায়িত্ব; অবিরাম অনুবৃত্তি। **ঠিতিভাগিয**—স্থিতি-ভাগীয়; টেকসই; স্থিতিকাল-সম্পর্কিত।

**ঠিতিক**—স্থিতিক; টেকসই; স্থায়ী; জীবনধারণ; মুখাপেক্ষী।

**ঠিতিকা**—স্থিতিকা; যেখানে লটারি দ্বারা সমস্তটা বণ্টন করা হয়েছিল এমন স্থান।

---

# ড

---

**ডসতি**—(ডংস্+অ) কামড়ানো; দংশন করা। *aor* **ডসি**। *pp* **ডট্‌ঠ**। *prp* **ডসন্ত, ডসমান**। *abs* **ডসিত্বা**।

**ডসন**—কামড়; দংশন।

**ডয্হতি**—('ডহতি'র *pass*) দহন করা; পোড়ানো। *aor* **ডয্হি**। *prp* **ডয্হমান**।

**ডহতি**—(দহ্+অ) পোড়ানো; আগুন লাগানো। *aor* **ডহি**। *pp* **দড্‌ঢ**। *prp* **ডহন্ত, ডহমান**। *abs* **ডহিত্বা**।

**ডংস**—ডাঁশ; গো-মাছি।

**ডাক**—ভোজ্য লতা।

**ডাহ**—প্রখর দীপ্তি; ঔজ্জ্বল্য; ভাবাবেগ; তাপ; উত্তাপ; দাহ্যতা; দাহ; যন্ত্রণাপূর্ণ।

**ডীযন**—উড্ডয়ন; উড়ন; আকাশে গমন।

**ডেতি**—(ডী+অ) ওড়া; আকাশে গমন করা। *aor* **ডেসি**। *prp* **ডেন্ত**।

---

# ত

---

**ত**—(নির্দেশক সর্বনাম) ঐ; [সো = সে, তিনি; সা = সে (স্ত্রী), তিনি (স্ত্রী); তং = তাহা, ঐ (জিনিশ)। এসব এর কতগুলো আকৃতি]।

**তক্ক**—তর্ক; বিতর্ক; যুক্তি; ন্যায়শাস্ত্র; তক্র; মাখন-তোলা দুধ; ঘোল।

**তক্কন**—তর্ককরণ; চিন্তন; যুক্তি প্রদর্শন।

**তক্কর**—তস্কর; অপহারক; চোর।

**তক্কসিলা**—গান্ধারের একটি নগর, যেখানে প্রসিদ্ধ বিশ্ববিদ্যালয় ছিল; তক্ষশীলা।

**তক্কিক, তক্কী**—তার্কিক; তুর্কী; তর্কশাস্ত্রে পণ্ডিত; নৈয়ায়িক; তর্কপ্রিয়; তর্কাসক্ত; তর্কপটু।

**তক্কেতি**—(তক্ক্+এ) তর্ক করা; চিন্তা করা; যুক্তি দেখা; বিশ্বাস করা। *aor* **তক্কেসি**। *pp* **তক্কিত**। *abs* **তক্কেত্বা**।

**তক্কোল**—একপ্রকার সুগন্ধ দ্রব্য।

**তগর**—টগর ফুল বা তার গাছ।

**তগ্‌গরুক**—আনমিত; প্রবণ; একান্ত অনুরক্ত; স্থিরসঙ্কল্প।

**তগ্ঘ**—বাস্তবিকই; প্রকৃতই; যদি এরূপ হয়।

**তচ**—ত্বক; চর্ম; চামড়া; বাকল; পশুচর্ম। **তচগন্ধ**—বাকলের গন্ধ। **তচপঞ্চক**—সর্বশেষে ত্বক নিয়ে পঞ্চ মৌলিক কেশ, লোম, নখ, দন্ত, ত্বক। **তচপরিযোসান**—ত্বক-পর্যাবসান; ত্বক দ্বারা নিয়ন্ত্রিত।

**তচ্ছ**—সত্য; প্রকৃত; সত্যতা।

**তচ্ছক**—সূত্রধর; ছুতার; কাষ্ঠ-ফালিকারক।

**তচ্ছতি**—(তচ্ছ+অ) ফালি করা; কুচ করে কাটা; ছিলকা কেটে লওয়া; বিনিময় করা; গতি পরিবর্তন করা; পাতলা করা। *aor* **তচ্ছি**। *pp* **তাচ্ছিত**। *abs* **তচ্ছিত্বা**।

**তচ্ছন**—ফালি করে ফেলন; কুচ করে কেটে ফেলন।

**তচ্ছেতি**—(তচ্ছ+এ) ফালি করা; কুচ করে কাটা; ছিলকা কেটে নেওয়া। *aor* **তচ্ছেসি**। *pp* **তচ্ছিত**। *prp* **তচ্ছেন্ত**। *abs* **তচ্ছেত্বা**।

**তজ্জ**—উহা হতে উত্থান করে; তা থেকে উঠে।

**তজ্জনা**—ভীতি প্রদর্শন; আসন্ন অমঙ্গলের লক্ষণ, ভীতি; ভয়াবহ বিপদ।
**তজ্জনিয**—নিন্দিত হওয়া; ভর্ৎসিত হওয়া।
**তজ্জনী**—তর্জনী; হাতের বুড়ো আঙ্গুলের পাশের আঙ্গুল।
**তজ্জেতি**—(তজ্জ্+এ) হঠাৎ ভয় পাওয়া; আতঙ্কিত করা; ভয়তাড়িত করা; ভয় দেখানো; বিপদের লক্ষণ দেখানো। *aor* **তজ্জেসি**। *pp* **তজ্জিত**। *prp* **তজ্জেন্ত**। *abs* **তজ্জেত্বা**।
**তট**—তীর; কূল; পাড়; খাড়া বা উঁচু গিরিচূড়া।
**তট-তটাযতি**—('তট' হতে ধ্বন্যাত্মক) টত টত শব্দ করা। *aor* **তটতটাযি**। *prp* **তটতটাযমান**।
**তট্টক**—বারকোশবিশেষ (ট্রে); চেটালো থালাবিশেষ।
**তট্টিকা**—ছোট মাদুর; বসার পশুচর্ম।
**তণ্ডুল**—চাউল। **তণ্ডুলমুট্ঠি**—তণ্ডুলমুষ্টি; একমুষ্টি চাউল।
**তণ্হা**—তৃষ্ণা; সনির্বন্ধ প্রার্থনা; মিনতি; আকুল কামনা; পিপাসা; কামলালসা; কাম; সংযোজন; আসক্তি; অনুরাগ মারকন্যাবিশেষ। **তণ্হাক্খয**—তৃষ্ণাক্ষয়; কামনার বিনাশ। **তণ্হাজাল**—তৃষ্ণাজাল; কামলালসার ফাঁদ বা প্রলোভন। **তণ্হাদুতিয**—কামলালসাকে একজনের সহচর করে নিয়ে। **তণ্হা-পচ্চয**—কামলালসার হেতু। **তণ্হাবিচরিত**—কামলালসা বিচারিত। **তণ্হাসঙ্খয**—কামলালসার সম্পূর্ণ বিনাশ। **তণ্হাসংযোজন**—কামলালসা-প্রতিবন্ধক। **তণ্হাসল্ল**—তৃষ্ণা শল্য বা শল্ল; কামলালসা-রূপ নোংরা পদার্থ।
**তণ্হীযতি**—('তণ্হা হতে *deno*) তৃষ্ণার্ত হওয়া। **তণ্হীযি**।
**তত**—('তনোতি'র *pp*) প্রসারিত; বিস্তৃত।
**ততিয**—তৃতীয়। **ততিযা**—তৃতীয়া বিভক্তি অর্থাৎ করণ কারক। **ততিযং**—তৃতীয়বারে।
**ততো**—তথা হতে; সেই হতে; ঐ স্থান হতে; ঐ সূত্র হতে; ঐ সময় হতে; ততঃপর; ঐ কারণে; অতএব; তৎকারণে; অবিলম্বে। **ততোপট্ঠায**—ঐ সময় বা স্থান হতে; অতঃপর; তদনন্তর। **ততোনিদানং**—ঐ কারণে বা দরুন বা জন্য। **ততোপরং**—উহা ব্যতীত বা ছাড়া বা বাদে।
**তত্ত**[১]—তত্ত্ব; যথার্থ; স্বরূপ; সত্য; তথ্য। **তত্ততো**—যথাযথ বা সঠিকভাবে।
**তত্ত**[২]—('তপতি'র *pp*) তপ্ত; গরম; প্রদীপ্ত; উজ্জ্বল।
**তত্তক**—ততটা; ততখানি; ততদূর; ক্ষুদ্র আয়তনের।
**তত্থ, তত্র**—তথায়; সেখানে; ঐ স্থানে।
**তথ**—সত্য; প্রকৃত; সত্যতা। **তথতা**—বাস্তবতা; সাদৃশ্য; মিল; চেহারা; প্রতিমূর্তি। **তথত্ত**—ঐরূপ হবার অবস্থা; সত্যতা। **তথবচন**—সত্যকথন।
**তথা**—এ ধরনে; ঐ ধরনে; এইমাত্র; এতদূর; এভাবে বা পরিমাণে বা মাত্রায় বা অবস্থায়; ঐভাবে বা পরিমাণে বা মাত্রায় বা অবস্থায়; এতদূর পর্যন্ত; অনুরূপভাবে; অতএব; সুতরাং। **তথাকারী**—অনুরূপকারী। **তথাগত**—যিনি যথানুরূপ গমন করেছেন; সম্যক সম্বুদ্ধ। **তথাভাব**—গুণাগুণ; এরূপ অবস্থা। **তথারূপ**—ঐ জাতীয়; অনুরূপ। **তথেব**—একই প্রকারে।
**তথাগত-বল**—তথাগতের সর্বোচ্চ জ্ঞানের শক্তি; তথাগতের সর্বোচ্চ জ্ঞান বল বা ঋদ্ধিশক্তি।
**তদগ্গে**—তদগ্রে; এখন হতে ভবিষ্যতে; অতঃপর।
**তদঙ্গ**—ইহজীবনকালীন; সময়গত; ঐ অংশ।
**তদত্থং**—(তং+অত্থং) ঐ উদ্দেশ্যে; সেই অভিপ্রায়ে বা মতলবে।
**তদনুরূপ**—সেইরূপ; তাদৃশ; তত্তুল্য।
**তদহ, তদহু**—একই দিবস। **তদহুপোসথে**—উপোসথের দিনে; উপোসথ দিবসে।
**তদা**—সেই সময়ে; সেকালে; তখন।
**তদুপিয**—সেইমতো; সেরূপ মানানসই; ঐরূপ শোভনীয়; উপযুক্ত।
**তদুপেতা**—উহার সহিত সমৃদ্ধ বা অভিগত।
**তনয, তনুজ**—তনয়; পুত্র; সন্তান; বংশধর। **তনযা, তনুজা**—কন্যা।
**তনু**[১]—কৃশ; পাতলা; সরু; রোগা গড়নযুক্ত। **তনুক**—কৃশ। **কত**—কৃশকৃত হ্রাসপ্রাপ্ত। **তনুকরণ**—কৃশকরণ; লঘুকরণ। **তনুতর**—কৃশতর। **তনুতা, তনুত্ত, তনুভাব**—কৃশভাব, দুর্বলতা; কৃশত্ব; হ্রাস; অবনতি।
**তনু**[২]—দেহ; শরীর। **তনুরুহ**—দেহ হতে যা উৎপন্ন হয় : লোম, পালক, পুত্র বা কন্যা।
**তনোতি**—(তন্+ও) প্রসারিত করা; বাড়ানো; বিস্তৃত করা; টেনে লম্বা করা বা বড় করা বা চওড়া করা। *aor* **তনি**। *pp* **তত**।
**তন্ত**—তন্তু; সুতা; আঁশ; তাঁত। **তন্তবায**—তন্তুবায়; তাঁতি। **তন্তআকুলসুজাত**—জটিত সুতার গোলার ন্যায় হতবুদ্ধি।
**তন্তি**—তন্ত্রী; বীণাদি বাদ্যযন্ত্রের তার বা তাঁত; রেখা; বংশ; কূল; ঐতিহ্য; পবিত্র গ্রন্থ। **তন্তিধর**—ঐতিহ্য বহনকারী। **তন্তিস্সর**—তন্ত্রীস্বর; তারস্বর; বীণার শব্দ।
**তন্তু**—তার; তাঁত; সুতা।
**তন্দিত**—তন্দ্রিত; অলস; অকর্মণ্য; পরিশ্রান্ত; ক্লান্ত,

তন্দ্রাবিষ্ট।

**তন্দী**—পরিশ্রম; ক্লান্তি; কুঁড়েমি; আলস্য; ঢিলেমি।

**তপ**—(Mano-group) কৃত পাপের অনুতাপ প্রকাশের জন্য যে শাস্তি স্বেচ্ছায় ভোগ করা হয়; ধর্মীয় কঠোর আত্মসংযম; নৈতিকতা; সততা; জিতেন্দ্রিয়তা। [মিশ্রণে 'তপ'র শেষ স্বরবর্ণ অ পরিবর্তিত হয়ে ও হয়] **তপোকম্ম**—তপশ্চর্যা; ধ্যানানুশীলন। **তপোধম্ম**—যাঁর সম্পদ আত্মানুশাসন এমন যিনি; যোগী; সাধক। **তপোৱন**—ধর্ম অনুশীলনের উপযোগী স্থান।

**তপতি**—(তপ্+অ) আলো দেওয়া বা বিকীর্ণ করা; উজ্জ্বল হওয়া। *aor* **তপি**। *prp* **তপন্ত, তপমান**।

**তপন**—দীপন; উজ্জ্বলন।

**তপনীয**—অনুতাপ বা মনস্তাপ করণ; স্বর্ণ।

**তপস্সী**—তপস্বী; ধর্মীয় কঠোর আত্মসংযমে উৎসর্গীকৃত; সন্ন্যাসী; তাপস; যোগী; মুনি। **তপস্সিনী**—তপস্বিনী; মহিলা যোগী।

**তপ্পন**—পরিতৃপ্তন; জলযোগ; পানীয় গ্রহণ।

**তপ্পতি**—('তপতি'র *pass*) পোড়া; আলোকিত হওয়া; অনুতপ্ত হওয়া; অনুশোচনা-পীড়িত হওয়া। *aor* **তপ্পি**। *prp* **তপ্পমান**।

**তপ্পর**—উৎসর্গীকৃত; আত্মোৎসর্গকৃত।

**তপ্পিত**—(তপ্পেতি'র *pp*)।

**তপ্পিয**—সম্পূর্ণ পরিতৃপ্ত বা চরিতার্থ; পরিতৃপ্ত বা চরিতার্থ করে বা হয়ে।

**তপ্পেতি**—(তপ্প্+এ) পরিতৃপ্ত করা; চরিতার্থ করা; খুশি করা; সন্তুষ্ট করা। *aor* **তপ্পেসি**। *prp* **তপ্পেন্ত**। *abs* **তপ্পেত্বা, তপ্পিয**।

**তপ্পেতু**—যে পরিতৃপ্ত বা চরিতার্থ করে এমন।

**তব্বহুল**—প্রচুরভাবে পেয়ে; প্রায়ই বা ঘনঘনভাবে লাভ করে; বহুবারে পেয়ে।

**তব্বিপক্খ**—তার বিরোধী; তার শত্রুভাবাপন্ন; তদ্বিপরীত।

**তব্বিসয**—তদ্বিষয়; সেই বিষয়।

**তব্ভাৱ**—তদ্ভাব; ঐ ভাব; আসল স্বভাব; আসল প্রকৃতি।

**তম**—(Mano-group) অন্ধকার; অস্পষ্টতা; অজ্ঞানতা। (মিশ্রণে ইহা তমো হয়) **তমখন্ধ**—মহান্ধকার; ঘোর-অন্ধকার। **তমনদ্ধ**—অন্ধকারে মুড়ে ফেলা হয়েছে এমন; অন্ধকারে ঢেকে ফেলা হয়েছে এমন। **তমনুদ**—দৃষ্টির আড়ালকারক অন্ধকার; অদৃশ্যকারক অন্ধকার। **তমপরাযন, তমপরায়ণ**—তার ভাগ্যের জন্য অজ্ঞান বা অন্ধকার পরায়ণ বা অন্ধকারের অনুরক্ত।

**তমাল**—*Xantchymus pictorius* বৃক্ষ; কৃষ্ণবর্ণ গাবজাতীয় বৃক্ষবিশেষ।

**তম্ব**—তাম্রবর্ণ; বাদামি; তাম্র; তামা। **তম্বকেস**—যার তামাটে চুল এমন। **তম্বচূল**—মোরগ। **তম্বনখ**—বাদামি রঙের হাতের নখ আছে এমন। **তম্বনেত্ত**—বাদামি রঙের চক্ষু আছে এমন। **তম্বভাজন**—তামার পাত্র।

**তম্বূল**—পানের পাতা; তাম্বুল। **তম্বূলপসিব্বক**—পান রাখার ক্ষুদ্র থলি। **তম্বূলপেলা**—পানের বাক্স; পানের কৌটা।

**তযো**—('তি'-এর কর্তৃকারক বহুবচন) তিন (ব্যক্তি)।

**তর**—পারগমন; উত্তরণ।

**তরঙ্গ**—জলের ঢেউ; ঊর্মি; বীচি; লহরি।

**তরচ্ছ**—হায়না; হিংস্রপ্রাণীবিশেষ।

**তরণ**—পারাপার; উত্তরণ।

**তরণী**—জাহাজ; নৌকা।

**তরতি**—(তর্+অ) পার হওয়া; পরপারে যাওয়া; তৎপর হওয়া। *aor* **তরি**। *pp* **তরিত**। *prp* **তরন্ত, তরমান**। *abs* **তরিত্বা**।

**তরমান-রূপ**—ক্ষুধার্ত হওন।

**তরিতু**—উত্তরণ করে অথবা পার হয় এমন।

**তরু**—বৃক্ষ; গাছ। **তরুসণ্ড**—কুঞ্জবন; তরুবীথিকা।

**তরুণ**—কিশোর; অল্প বয়স্ক; কচি; যুবক। **তরুণী**—যুবতী; স্ত্রীলোক।

**তল**—সমতল ভূমি; সমান মাটি; ভূমি; সমতল ছাদ; সোপান; তাক; মেজে; তলা; অস্ত্রের ফলা; করতল; প্রাণীদেহের সম্মুখপদের থাবা; পদতল। **তলঘাতক**—চড়; চাপড়; চেটালো কিছুর আঘাত। **তলসত্তিক**—ভয় প্রদর্শনরূপে হস্ত উত্তোলন।

**তলুণ**—'তরুণ' দেখুন।

**তস**—পরিবর্তনশীল; অস্থির; অস্থাবর; উদ্বিগ্ন; ত্রস্ত।

**তসতি**—(তস্+অ) কাঁপা; ভীত হওয়া; তৃষ্ণার্ত হওয়া; সনির্বন্ধভাবে প্রার্থনা করা; মিনতি করা। *aor* **তসি**। *pp* **তসিত**। *prp* **তসন্ত**। *abs* **তসিত্বা**।

**তসিনা**—সনির্বন্ধ প্রার্থনা; মিনতি; আকুল কামনা।

**তলাক**—তড়াক; বড় ও গভীর পুকুর দিঘি।

**তহং, তহিং**—সেখানে; উপর; ঐ স্থানে।

**তাণ**—ত্রাণ; উদ্ধার; রক্ষা; নিষ্কৃতি; মুক্তি। **তাণতা**—প্রতিরক্ষা।

**তাত**—১ পিতা; বাপ; বাবা; পিতৃব্য; পিতৃতুল্য গুরুজন। ২ (আদরে) পুত্র পুত্রতুল্য ব্যক্তিকে স্নেহসম্বোধন।

**তাদিস, তাদিস্সক, তাদিসতাদী**—তাদৃশ; সেইরূপ; সেই রকম।

**তাপন**—দুঃসহ তাপপীড়ন; কৃচ্ছ্রসাধন; আত্ম-পীড়ন; পীড়ন।

**তাপস**—তপস্বী; মুনি। **তাপসী**—মহিলা যোগী।

**তাপেতি**—('তপতি'র *caus*) দুঃসহ তাপপীড়ন করা; পীড়ন করা; তাপিত করা। *aor* **তাপেসি**। *pp* **তাপিত**। *prp* **তাপেন্ত; তাপযমান**। *abs* **তাপেত্বা**।

**তাম্বুলি**—পানলতা।

**তাযতি**—(তা+য) রক্ষা করা; নিরাপদ রাখা; বাঁচিয়ে রাখা; তাজা রাখা; পুষ্টিসাধন করা। *aor* **তাযি**। *pp* **তাযিত**। *abs* **তাযিত্বা**। *inf* **তাযিতুং**।

**তাযন**—রক্ষণ; সংরক্ষণ।

**তারকা, তারা**—নক্ষত্র। **তারকাগণ**—নক্ষত্রসমূহের মস্ত বড় দল। **তারকাপতি**—চন্দ্র। **তারকাপথ**—আকাশ।

**তারেতি**—('তরতি'র *pp*) উদ্ধার করা; ত্রাণ করা; রক্ষা করা; পার করা; মুক্ত করা সহযোগিতা করা। *aor* **তারেসি**। *pp* **তারিত**। *prp* **তারেন্ত, তারযমান**। *abs* **তারেত্বা**।

**তারেতু**—যে পার হতে সাহায্য করে; রক্ষাকর্তা; ত্রাণকর্তা।

**তাল**—তালগাছ। **তালট্ঠিক**—তাল বাদামের খোলা। **তালকন্দ**—তালের কচি পল্লব (যা সিদ্ধ করে শুকিয়ে খাওয়া হয়)। **তালক্খন্ধ**—তালস্কন্ধ, তালগাছের কাণ্ড। **তালপক্ক**—তাল বীজ। **তালপণ্ণ**—(লিখনের) তালপাতা। **তালপত্ত**—(ছাউনির জন্য) পূর্ণ তালপাতা। **তালবণ্ট**-পাখা (তালপাতার বৃন্ত; এটি 'তালবট্ট'র অপভ্রংশ—তালপাতায় প্রস্তুত চক্র)।

**তালাবত্থুকত**—সঙ্গত কারণ ব্যতীত প্রদত্ত বা রূপান্তরিত।

**তালু**—টাকরা। **তালুজ**—টাকরাস্থ; তালুসংক্রান্ত; জিহ্বা দ্বারা তালু স্পর্শ করে উচ্চারিত; তালব্য।

**তাব**—এতখানি; এতটা; এত পরিমাণ; সম পরিমাণ; এ পর্যন্ত; ততদূর; যতদূর। **তাবকালিক**—অস্থায়ী; আপাতত; সাময়িকভাবে। **তাবতক**—ঠিক এতখানি বা এতটা বা এত পরিমাণ বা সমপরিমাণ; ঠিক ততদূর বা যতদূর।

**তাবতা**—যে পর্যন্ত; ঐ কারণে বা দরুণ বা জন্য; ততটা বরাবর; ততখানি ধরে; ততদূর বরাবর।

**তাবতিংস**—ত্রয়স্ত্রিংশ; একটি স্বর্গলোকের নাম। **তাবতিংস ভবন**—৩৩ দেবতার রাজ্য বা অধিকৃত অঞ্চল বা এলাকা।

**তাবদে, তাবদেব**—সেই সময়ে; মুহূর্তমধ্যে; সঙ্গে সঙ্গে; অবিলম্বে।

**তাল**—চাবি; ঝাঁঝ করতাল ইত্যাদি; (সাধারণত) বাদ্য। **তালচ্ছিদ্দ, তালচ্ছিগ্গল**—তালছিদ্র; চাবির গর্ত। **তালঅবচর**—গান; গায়ক; বাদক।

**তালন**—আঘাত; প্রহার; তাড়ন।

**তালেতি**—(তল+এ) প্রহার করা; আঘাত করা; তাড়না করা। *aor* **তালেসি**। *pp* **তালিত**। *prp* **তালেন্ত**। *abs* **তালেত্বা**।

**তাস**—ত্রাস; ভয়; শঙ্কা; কম্পন; কম্পান্বিত অবস্থা।

**তাসন**—ত্রাসন; হঠাৎ ভয় পাওয়ানো; আতঙ্কিত করণ; ভয়তাড়িত করণ; অবরুদ্ধ করণ।

**তাসেতি**—('তসতি'র *caus*) কম্পিত বা কম্পান্বিত অবস্থা করান; ভীত বা শঙ্কিত করানো; ত্রস্ত করানো; অবরুদ্ধ করানো। *aor* **তাসেসি**। *pp* **তাসিত**। *prp* **তাসেন্ত, তাসযমান**। *abs* **তাসেত্বা**।

**তি**—তিন। [সকল লিঙ্গে বহুবচনের শব্দরূপ] **তিকটুক**—মসলা তিনভাগে বিভক্ত। **তিক্খত্তুং**—তিনবার। **তিগাবুত**—৩ গাবুত মাপের। **তি চীবর**—ভিক্ষুর ৩ কাষায় বস্ত্র, যথা : অন্তরবাস; উত্তরাসঙ্গ ও সঙ্ঘাটি। **তিপিটক**—বুদ্ধের ৩ খণ্ড অনুশাসন। **তিপেটক, তিপেটকী**—ত্রিপিটকাচার্য। **তিযাম**—রাত্রি। **তিযোজন**—তিন যোজন [এক যোজন প্রায় সাড়ে তিন মাইল] দূরত্ব; তিন যোজন মাপের। **তিলিঙ্গিক**—তিন লিঙ্গধারী। **তিলোক**—ত্রিলোক; ৩ লোকভূমি। **তিবগ্গ**—৩ খণ্ড সমন্বিত। **তিবঙ্গিক**—৩ মৌলিক বিশিষ্ট। **তিবস্সিক**—৩ বছর বয়স্ক। **তিবিধ**—তিন প্রকার।

**তিংসতি, তিংসা**—ত্রিশ।

**তিক**—ত্রিক; ত্রয়ী; তিন সুরওয়ালা বা তারওয়ালা বাদ্যযন্ত্র বিশেষ; তেতার।

**তিকিচ্ছক**—চিকিৎসক।

**তিকিচ্ছতি**—(কিত্+ছ; কি দ্বিত্ব হয়েছে এবং পূর্বের ক পরিবর্তিত হয়ে ত হয়েছে।) আরোগ্য করা; ভেষজ চিকিৎসামূলকভাবে ব্যবস্থা করা। *aor* **তিকিচ্ছি**। *pp* **তিকিচ্ছিত**। *prp* **তিকিচ্ছন্ত**। *abs* **তিকিচ্ছিত্বা**।

**তিকিচ্ছা**—চিকিৎসা; আরোগ্য করার বা হওয়ার বিদ্যা; ওষুধ প্রয়োগ বিধি।

**তিক্খ**—তীক্ষ্ণ; অত্যন্ত ধারালো; শাণিত; সূক্ষ্ম; গভীর; বেধক; ভেদক; তীক্ষ্ণ বুদ্ধি। **তিক্খপঞ্ঞ**—তীক্ষ্ণ প্রাজ্ঞ; তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন; তীক্ষ্ণ মেধাবী।

**তিক্খিণ**—ধারালো; সূক্ষ্মাগ্র; সূচিমুখ; তীব্র; অতিশয় কটু।

**তিট্‌ঠতি**—(ঠা+অ; ঠা পরিবর্তিত হয়ে তিট্‌ঠ হয়) দণ্ডায়মান হওয়া; দাঁড়ানো; স্থিত হওয়া; বাস করা; চালু থাকা; টিকে থাকা; বিদ্যমান থাকা। (তুলনামূলক তিট্‌ঠতু'র অর্থ রয়েছে শান্তিতে বা স্বেচ্ছামত থাকতে দেওয়া; বিরক্ত না করা; হস্তক্ষেপ না করা; বাধা না দেওয়া)। *aor* **অট্‌ঠাসি**। *pp* **ঠিত**। *prp* **তিট্‌ঠন্ত, তিট্‌ঠমান**। *abs* **ঠত্বা**।

**তিণ**—তৃণ; **তিণগহণ**—ঘাসের ঘন ঝোপ। **তিণজাতি**—বিভিন্ন ঘাসের সমষ্টি। **তিণভক্‌খ**—তৃণভোজী। **তিণভিসি**—ঘাসের তৈরি গদি। **তিণসন্থার**—তৃণের মাদুর। **তিণসূল**—জুঁই জাতীয় এক প্রকার পুষ্পবিশেষ বা তার গাছ। **তিণ অণ্ডূপক**—সংঘর্ষ চাপ বা আঘাত এড়ানোর জন্য ঘাসের তৈরি গদি (প্যাড)। **তিণ অগার**—তৃণাগার; তৃণ-ছাউনির কুটির। **তিণউক্কা**—তৃণ উল্কা; তৃণের তৈরি অগ্নিশিখা। **তিণহারক**—বিক্রি করার জন্য তৃণ বহন করে এমন; বিক্রয়ের জন্য তৃণ-আহরণ করে এমন; ঘেসেড়া।

**তিণ্ণ**—('তরতি'র *pp*) উত্তীর্ণ; পার হয়েছে এমন; গত; শেষ সীমায় এসে উপস্থিত হয়েছে এমন; অতিক্রান্ত।

**তিণ্‌হ**—তীক্ষ্ণ; ধারালো।

**তিতিক্‌খতি**—(তিজ্+খ; তি দ্বিত্ব হয়েছে এবং জ পরিবর্তিত হয়ে ক) সহ্য করা; ক্ষমা করা। *aor* **তিতিক্‌খি**। *prp* **তিতিক্‌খন্ত, তিতিক্‌খমান**। *abs* **তিতিক্‌খিত্বা**।

**তিতিক্‌খা**—সহিষ্ণুতা; ক্ষমা।

**তিত্ত, তিত্তক**—তিক্ত; তিক্ত আস্বাদ; তিক্ত স্বাদ।

**তিত্তি**—তৃপ্তি; নদী হ্রদ প্রভৃতির কিনারা; বাসন-কোসনের কানা; টুপির ধার বা প্রান্ত; তুষ্টি।

**তিত্তির**—তিত্তিরজাতীয় পক্ষিবিশেষ।

**তিত্থ**—তীর্থ; নদ্যাদিতে অবতরণের বা স্নানের ঘাট; পুণ্যস্থান; পোতাশ্রয়; বিশ্বাস; উপদেষ্টা; গুরু। **তিত্থকর**—ধর্মীয় অনুশাসন প্রতিষ্ঠাতা। **তিত্থাযতন**—ধর্মসম্প্রদায়ের অধিকার বা কর্মক্ষেত্র; (যে কোনো ধর্মের) মৌলিক উপদেশাবলি।

**তিত্থিয**—তীর্থিয়; প্রচলিত (ধর্ম) মত বিরোধী শিক্ষক; অন্য ধর্মের অনুগামী জন। **তিত্থিযসাবক**—তীর্থিয় শ্রাবক; প্রচলিত ধর্মমত বিরোধী শিক্ষকের অনুগামী। **তিত্থিযআরাম**—প্রচলিত ধর্মমতের বিরুদ্ধ মতাবলম্বী ব্যক্তির আবাস।

**তিথি**—চান্দ্র দিন।

**তিদস**—(সাধারণত) দেব বা দেবী; দেবতা। **তিদসপুর**—দেব নগর। **তিদসিন্দ**—দেবগণের রাজা বা প্রধান; দেবরাজ।

**তিদণ্ড**—ত্রিপদ বস্তু; তেপায়া।

**তিদিব**—স্বর্গের দেবতা; ত্রিদিব।

**তিধা**—ত্রিধা; তিন প্রকারে; তিন দিকে।

**তিন্ত**—সিক্ত; স্যাঁতসেঁতে; আর্দ্র।

**তিন্তিনী**—তেঁতুল গাছ বা তেঁতুল।

**তিন্দুক**—গাবগাছ; *Diospyros embryopteris* বৃক্ষ।

**তিপএ্রএ্রাসা**—তিয়াত্ত।

**তিপু**—সিসা; সীসক।

**তিপুস**—কুমড়া।

**তিপ্প, তিব্ব**—তীব্র; প্রখর, কড়া, দুঃসহ; উগ্র; কর্কশ; তীক্ষ্ণ।

**তিমি**—প্রকাণ্ড মৎস্যের নাম। **তিমিঙ্গল**—এক জাতীয় মৎস্য।

**তিমির, তিমিস**—তমস; তমসা; অন্ধকার; অন্ধকারম; তামস।

**তিমিরাযিতত্ত**—ঈষদন্ধকার; অন্ধকার।

**তিমীসিকা**—অত্যন্ত অন্ধকার রাত্রি।

**তিম্বরু, তিম্বরুসক**—'তিন্দুক' দেখুন।

**তিরচ্ছান**—তির্যক, পশু। **তিরচ্ছানকথা**—পশু-পক্ষী সম্বন্ধে আলাপ; বালকসুলভ কথা। **তিরচ্ছানগত**—পশুপক্ষী। **তিরচ্ছানযোনি**—তির্যকজন্মগ্রহণ।

**তিরিযং**—কুটিল; বক্র; তির্যক; আড়াআড়িভাবে এপার হতে ওপারে; অনুপ্রস্থভাবে। **তিরিযতরণ**—খেয়াপার করণ।

**তিরীটক**—বাকলে প্রস্তুত জামা; ঐ উদ্দেশ্যে ব্যবহৃত ডোরা।

**তিরো**—অপর পারে; নাগালের বাইরে; বহির্ভাগে। **তিরোকরণী**—পর্দা; আবরণ। **তিরোকুড্ড**—দেয়ালের বা প্রাচীরের বহির্ভাগ। **তিরোধান**—তিরোভাব; অন্তর্ধান; অদৃশ্য হওন। **তিরোভাব**—অন্তর্হিত; অদৃশ্য হওন।

**তিরোক্‌খার**—তিরস্কার; অমর্যাদা; অপমান।

**তিল**—তৈলপ্রদ ক্ষুদ্র শস্যবিশেষ। **তিলকক্ক**—তিলের লেই বা নরম আঠাল পিণ্ড। **তিলপিট্‌ঠ, তিলপিএ্রএ্রাক**—পেষণ; বাঁটন। **তিলমুট্‌ঠি**—তিলমুষ্টি; একমুষ্টি তিল। **তিলবাহ**—একগাড়ি তিল। **তিলসঙ্গুলিকা**—তিলের খইল।

**তীর**—সমুদ্র উপসাগর হ্রদ ইত্যাদির উপকূল; সৈকত, বেলা; নদীর কূল। **তীরদস্‌সী**—তীর দর্শক।

**তীরণ**—নির্ধারণ; নিষ্পত্তি; রায়।

**তীরেতি**—(তীর+এ) নির্ধারণ করা; নিষ্পত্তি করা; বিচার করা; রায় দেওয়া; কার্যনির্বাহ করা। *aor* **তীরেসি**। *pp* **তীরিত**। *prp* **তীরেন্ত, তীরযমান**। *abs* **তীরেত্বা**।

**তীহ**—তিনদিন সময়।

**তু**—যে কোনো ধরনে বা পরিমাণে; তৎসত্ত্বেও; যা হোক না কেন; যা হোক; কিন্তু; তথাপি; বর্তমানে; তখন; তারপর।

**তুঙ্গ**—উচু উন্নত; উচ্চস্থানে অবস্থিত। **তুঙ্গনাসিক**—উন্নত-নাসিকা যার।

**তুচ্ছ**—শূন্যগর্ভ; খালি; প্রকৃত মূল্যহীন; অকার্যকর; বাজে; পরিত্যক্ত।

**তুজ্জতি**—('তুদতি'র *pass*) বিদ্ধ হওয়া; আহত হওয়া।

**তুট্‌ঠ**—('তুস্‌সতি'র *pp*) তুষ্ট; খুশি। **তুট্‌ঠচিত্ত, তুট্‌ঠমানস**—খুশি বা আনন্দে পরিপূর্ণ মন।

**তুট্‌ঠি**—পুলক; আনন্দ; সুখানুভব; পরমানন্দ; উল্লাস।

**তুণ্ড, তুণ্ডক**—পাখির ঠোঁট; চঞ্চু; শূকরাদি পশুর প্রলম্বিত নাক।

**তুন্নকম্ম**—সূচিকর্ম; দরজিগিরি।

**তুন্নবায**—দরজি।

**তুণ্হী**—মৌন; নীরবতা। **তুণ্হীভাব**—মৌনতা। **তুণ্হীভূত**—মৌন।

**তুত্ত**—হাতি পরিচালনা করার বর্শা।

**তুদতি**—(তুদ্‌+অ) খোঁচা দেওয়া; ঠোকরানো; বর্শার বা সুচের মতো বিদ্ধ করা কিংবা ভেদ করা; (প্রধানত মন্দকার্য করতে) উত্তেজিত বা প্ররোচিত করা। *aor* **তুদি**। *pp* **তুদিত, তুন্ন**। *prp* **তুদন্ত, তুদমান**। *abs* **তুদিত্বা**।

**তুদন**—খোঁচা প্রদান; বিদ্ধ করণ; ভেদন।

**তুমুল**—ঘোরতর; বিশাল; মহান; ভীষণ।

**তুম্ব**—এক প্রকার জলের পাত্র। শস্য ওজন দেবার একক মাপবিশেষ। **তুম্বকটাহ**—লাউ বা লাউয়ের খোলা কিংবা অলাবুর তৈরি জলপাত্র বিশেষ।

**তুম্বী**—লম্বা অলাবু।

**তুম্হ**—(সর্বনাম মধ্যম পুরুষ); তুমি; আপনি। **তুম্হাদিস**—আপনি দয়াপরবশ।

**তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম**—অশ্ব; ঘোড়া।

**তুরিত**—ত্বরিত; দ্রুত; ক্ষিপ্র। **তুরিতং**—ত্বরিত গতিতে; দ্রুতবেগে; ক্ষিপ্রগতিতে। **তুরিত-তুরিতং**—অতি দ্রুতবেগে; অত্যন্ত ক্ষিপ্রগতিতে।

**তুরিয, তূরিয**—বাদ্যযন্ত্র।

**তুরুক্খ**—তুরুস্ক দেশীয়; একজাতীয় সুগন্ধ বা সৌরভ।

**তুলন, তুলনা**—ওজন-নির্ণয়; পরিমাণ বা মূল্য নির্ধারণ; বিশেষভাবে বিবেচনা বা চিন্তন।

**তুলসী**—পুদিনা বা তুলসী জাতীয় গাছ।

**তুলা**—দাঁড়িপাল্লা; নিক্তি; ভারসাম্য; সমতা। **তুলাকূট**—মিথ্যা ওজন। **তুলাদণ্ড**—তুলাদণ্ডের দণ্ড; দাঁড়িপাল্লার দাঁড়ি।

**তুলিয, (তূলিয?)**—বৃহৎ বাদুড়বিশেষ।

**তুলেতি**—(তুল+এ) ওজন দেওয়া; পরীক্ষা করা; তুলনা করা। *aor* **তুলেসি**। *pp* **তুলিত**। *prp* **তুলেন্ত**। *abs* **তুলেত্বা**।

**তুল্য**—সমান; পরিমাণসাধ্য; পরিমেয়। **তুল্যতা**—সমকক্ষতা।

**তুবং, ত্বং**—('তুম্হ'র প্রথমা একবচন) আপনি; তুমি; তুই।

**তুবটং**—ত্বরিতে; দ্রুতবেগে।

**তুস্‌সতি**—(তুস্‌+য); তুষ্ট হওয়া; খুশি হওয়া। *aor* **তুস্‌সি**। *pp* **তুট্‌ঠ**। *prp* **তুস্‌সন্ত, তুস্‌সমান**। *abs* **তুস্‌সিত্বা**।

**তুস্‌সন, তুস্‌সনা**—তোষণ; সন্তোষ; উল্লাস।

**তুহিন**—শিশির; নীহার।

**তূণ, তূণীর**—বাণ বাখার আধার।

**তূলা**—কার্পাস। **তূলাপিচু**—কার্পাস-পশম।

**তূলিকা**—তুলি; চিত্রকরের ছবি আঁকবার লোমাদি নির্মিত লেখনী; পশমের গদি বা তোষক।

**তে-অসীতি**—তিরাশি।

**তেকিচ্ছা**—আরোগ্য সাধ্য; যে মার্জনীয় হতে পারে এমন।

**তে-চত্তালীসতি**—তেয়াল্লিশ।

**তে-চীবরিক**—ত্রিচীবরধারী; তিনটি মাত্র চীবরধারণকারী।

**তেজ**—(Mano-group) তাপ; উত্তাপ; দীপ্তি; দ্যুতি; শক্তি। (মিশ্রণে ইহা তেজো হয়) **তেজধাতু**—তাপের উপাদান। **তেজকসিণ**—তেজকৃৎস্ন; অগ্নির গভীর চিন্তা বা ধ্যান।

**তেজন**—১ বাণ; তীর; শর। ২ বেধন; ভেদন; শানিত।

**তেজবন্ত**—মহিমময়; জাঁকালো; মহিমান্বিত; যশোদায়ক; তেজোদ্দীপক।

**তেজেতি**—(তিজ্‌+এ) তাপ দেওয়া; ধারালো করা। *aor* **তেজেসি**। *pp* **তেজিত**। *prp* **তেজেন্ত**। *abs*

তেজেত্বা।

**তেত্তিংসা, তেত্তিংসতি**—তেত্রিশ।

**তেন**—ইহার কারণে বা দরুণ বা জন্য। **তেনহি**—যদি ইহা অনুরূপ হয়।

**তে-নবুতি**—তিরানব্বই।

**তে-পঞ্ঞাসতি**—তিপ্পান্ন।

**তেমন**—সিক্তকরণ; স্যাঁতসেঁতে করণ।

**তেমীযতি**—('তেমেতি'র *pass*) সিক্ত হওয়া; বর্ষিত হওয়া। *prp* **তেমিযমান**।

**তেমেতি**—(তিম+এ) সিক্ত করা; আর্দ্র বা স্যাঁতসেঁতে করা। *aor* **তেমেসি**। *pp* **তেমিত**। *prp* **তেমন্ত, তেমযমান**। *abs* **তেমত্বা**।

**তেরস, তেলস**—তের।

**তেরোবস্সিক**—তিন বা চার বছর বয়স্ক।

**তেল**—তৈল। **তেলঘট**—তৈলের বৈয়াম বা বোতল। **তেলচাটি**—তৈলের পাত্র। **তেলধূপিত**—তৈলে সুগন্ধযুক্ত। **তেলপদীপ**—তৈলের প্রদীপ। **তেলমক্খন**—তৈলাদি লেপন।

**তেলিকা**—তেলি; তেলী; তৈল ব্যবসায়ী।

**তেসট্ঠি**—তেষট্টি।

**তেসত্ততি**—তিয়াত্তর।

**তোমর**—বল্লম; বর্শা; ভল্ল (হাতি তাড়াবার জন্য); প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্র বিশেষ।

**তোয**—জল।

**তোরণ**—সদর দরজা; সিংহদ্বার; ফটক; সজ্জিত মণ্ডপ।

**তোস**—উল্লাস; সন্তোষ।

**তোসন, তোসাপন**—আনন্দপূর্ণ বা আনন্দদায়ক করবার জন্য কর্মানুষ্ঠান।

**তোসাপেতি**—('তুস্সতি'র *caus*) আনন্দপূর্ণ করানো; সন্তুষ্ট করানো। *aor* **তোসাপেসি**। *pp* **তোসাপিত**।

**তোসেতি**—('তোসাপেতি' দেখুন) *aor* **তোসেসি**। *pp* **তোসিত**। *prp* **তোসেন্ত, তোসযমান**। *abs* **তোসেত্বা**।

**ত্বং**—তুবং দেখুন।

---

# থ

---

**থকন**—ঢাকন; পাত্রাদির ঢাকনা।

**থকেতি**—(থক্+এ) বন্ধ করা; ঢাকা; আবৃত করা; আচ্ছাদিত করা। *aor* **থকেসি**। *pp* **থকিত**। *prp* **থকেন্ত**। *abs* **থকেত্বা**।

**থঞ্ঞ**—স্তন্য; মাতৃদুগ্ধ; মায়ের দুধ।

**থণ্ডিল**—শক্ত কঙ্কর-মৃত্তিকা; টিলা; ঢিবি; স্তূপ।

**থদ্ধ**—শক্ত; কঠিন; নির্মম। **থদ্ধমচ্ছরী**—মস্ত কৃপণ; মৎসরী; অত্যন্ত লোভী; অত্যন্ত পরশ্রীকাতর।

**থন**—স্তন; মাই; পয়োধর; বক্ষোজ; গরু ছাগল ইত্যাদির একাধিক বাঁটওয়ালা স্তন। **থনগ্গ**—স্তনাগ্র; স্তনের বোঁটা; চুষিকাঠি, মাইপোষ প্রভৃতির মুখ; চুচুক। **থনপ**—স্তন্যপায়ী; শিশু।

**থনযতি**—(থন্+অয) গুরুগম্ভীর গর্জন করা; হো-হো করে হাসা; বজ্রধ্বনি করা। *aor* **থনযি**। *prp* **থনযন্ত**।

**থনিত**—বজ্র; বজ্রনির্ঘোষ; উচ্চনাদ; অশনি।

**থনেতি**—(থন্+এ) গুরুগম্ভীর গর্জন করা; বজ্রধ্বনি করা। *aor* **থনেসি**। *pp* **থনিত**। *prp* **থনেন্ত**। *abs* **থনেত্বা**।

**থপতি**—স্থপতি; সূত্রধর; ছুতার।

**থবক**—স্তবক; গুচ্ছ।

**থম্ভ**—স্তম্ভ; থাম; খুঁটি; বৃক্ষাদির ঝাড়; দুর্দমন। **থম্ভক**—বৃক্ষাদির ঝাড়।

**থরু**—তরবারির বা ছোরার হাতল; হাতল।

**থল**—স্থল; স্থান; ভূমি; ডাঙ্গা। **থলগোচর**—স্থলচর। **থলজ**—স্থলজ; স্থলে যার জন্ম হয়েছে এমন। **থলট্ঠ**—স্থলস্থ; ডাঙ্গায় স্থিত যে। **থলপথ**—স্থলপথ; ডাঙ্গায় রাস্তা।

**থব**—স্তব; স্তুতি; প্রশংসা; মহিমা কীর্তন; প্রশংসাত্মক উক্তি বা লেখা।

**থবতি**—(থু+অ) স্তব করা; স্তুতি করা; প্রশংসা করা; উচ্চপ্রশংসা করা। *aor* **থবি**। *pp* **থুত, থবিত**। *prp* **থবমান**। *abs* **থবিত্বা**।

**থবিকা**—তহবিল; প্রয়োজনীয় জিনিসপত্র বহনার্থ যে থলি পিঠে বেঁধে নিয়ে যাওয়া হয়; থলি।

**থাম**—শক্তি; ক্ষমতা; তেজ; বীর্য; প্রাণশক্তি। **থামবন্ত**—শক্তিমান; ক্ষমতাশালী।

**থাল, থালি**—থালা; প্লেট; ডিশ।

**থালক, থালিকা**—অর্ধচন্দ্রাকার বাটি বা গামলা; পানপাত্রবিশেষ।

**থালিপাক**—ভাতের পাত্র।

**থাবর**—স্থির; স্থাবর; দীর্ঘস্থায়ী। **থাবরিয**—স্থিতিশীলতা; স্থিরতা; কাঠিন্য।

**থির**—স্থির; নিশ্চল; অপরিবর্তনীয় আকারবিশিষ্ট; নিয়তাকার স্থায়ী। **থিরতর**—অধিকতর স্থির, নিশ্চল, অপরিবর্তনীয় আকারবিশিষ্ট অথবা স্থায়ী।

**থিরতা**—স্থিরতা; স্থৈর্য; স্থিতিশীলতা।

**থী**—স্ত্রী; রমণী। **থীরজ**—মাসিক সংক্রান্ত বা মাসসংক্রান্ত প্রবহন বা প্রবাহ; রজঃস্রাব সংক্রান্ত প্রবাহ।

**থীন**—চিত্তের অবসাদ বা গ্লানি বা অলসভাব; মানসিক জড়তা; অনমনীয়তা।

**থুতি**—স্তুতি; স্তব; প্রশংসা। [থব দেখুন] **থুতি-পাঠক**—প্রশংসোকারী; প্রশংসাপূর্ণ কবিতা প্রবন্ধ প্রভৃতির রচয়িতা; চারণ।

**থুনাতি**—(থু+না) বিলাপ করা; গোঙান; গভীর আর্তনাদ করা; যন্ত্রণা পাওয়া। *aor* **থুনি**। *prp* **থুনন্ত, থুনমান**। *abs* **থুনিত্বা**।

**থুল্ল**—স্থূল; বৃহদায়তন; প্রকাণ্ড; মোটা; গম্ভীর; পুরু; মোদ্দা; হাঁদা। **থুল্লচ্চয**—গুরুতর অপরাধ। **থুল্লকুমারী**—মোটা কুমারী; অবিবাহিতা (কিন্তু বয়স্কা) স্ত্রীলোক। **থুল্লফুসিতক**—যার বৃহৎ ফোঁটা বা বিন্দু আছে এমন। **থুল্লসরীর**—স্থূল শরীর; অতিশয় মাংসল বা মোটা শরীর।

**থুস**—তুষ; ভুসি; খাদ্যশস্যের খোসা। **থুসগ্গি**—তুষের আগুন। **থুসপচ্ছি**—তুষ বা ভুসি রাখার ঝুরি। **থুসসোদক**—সির্কা; কাঞ্জিক।

**থূণ, থূণা**—বলি সংক্রান্ত; পদ বা চাকরি; বলিসংক্রান্ত কর্মভার।

**থূপ**—স্তূপ; বৌদ্ধ স্তূপ; প্যাগোডা; স্মৃতি রক্ষার্থ বা সীমানা নির্দেশার্থ স্থাপিত শিলাস্তূপ; কোনো পবিত্র পুরুষের চিতাভস্মের উপর নির্মিত স্মৃতিস্তম্ভ বা স্মৃতিসৌধ। **থূপরহ**—যাঁকে তাঁর স্তূপ তৈরি করে সম্মানিত করা উচিত এমন।

**থূপিকা**—অট্টালিকাদির চূড়া; মিনার মন্দির প্রভৃতির মোচাকার চূড়া।

**থূপীকত**—স্তূপীকৃত; যার সুচাগ্র চূড়া আছে এমনভাবে স্তূপীকৃত।

**থূল**—স্থূল; মোটা; খসখসে; প্রকাণ্ড। **থূলতা**—স্থূলতা। **থূলসাটক**—মোটা কাপড়।

**থেত**—আস্থাভাজন; নির্ভরযোগ্য; বিশ্বাসযোগ্য।

**থেন, থেনক**—চোর; চৌর্য।

**থেনন**—চুরি।

**থেনেতি**—(থেন্+এ) চুরি করা। *aor* **থেনেসি**। *pp* **থেনিত**। *prp* **থেনেন্ত**। *abs* **থেনেত্বা**।

**থেয্য**—চুরি; চৌর্য। **থেয্যচিত্ত**—চুরির মতলব; চুরি করার উদ্দেশ্যে। **থেয্যসংবাসক**—যে ব্যক্তি চোরাগোপ্তাভাবে বা গুপ্তভাবে বা লুক্কাইতভাবে (ভিক্ষুর সহিত) বাস করে।

**থের**—স্থবির; বয়োজ্যেষ্ঠ ব্যক্তি; কর্মাদিতে অধিকতর পুরাতন বা উচ্চ পদাধিষ্ঠিত; যিনি তাঁর উপসম্পদা হতে দশ বছর অতিবাহিত করেছেন এমন ভিক্ষু; বৃদ্ধ; (দুইয়ের মধ্যে) বয়োজ্যেষ্ঠ। **থেরগাথা**—উচ্চ পদাধিষ্ঠিতদের স্তোত্র বা স্তবগান। **থেরবাদ**—স্থবিরগণের উপদেশাবলি; দক্ষিণ অঞ্চলীয় বৌদ্ধ-ধর্ম।

**থেরী**—বয়োজ্যেষ্ঠা ভিক্ষুণী; বয়স্কা স্ত্রীলোক।

**থেব**—বিন্দু; ফোঁটা।

**থোক, থোক্ক**—ক্ষুদ্র; ছোট; অল্প; সামান্য। **থোক থোকং**—একটু একটু করে; ক্রমে ক্রমে।

**থোমন, থোমনা**—('থুতি' দেখুন)।

**থোমেতি**—(থোম্+এ) স্তুতি করা; প্রশংসা করা; উচ্চ প্রশংসা করা। *aor* **থোমেসি**। *pp* **থোমিত**। *prp* **থোমেন্ত, থোমযমান**। *abs* **থোমেত্বা**।

---

# দ

---

**দক**—উদক; জল। **দক রক্খস**—জলের ভূত; জলের পরী; জলপরী।

**দক্খ**—দক্ষ; নিপুণ; পটু; পারদর্শী; কুশলী। **দক্খতা**—দক্ষতা; পটুতা; সামর্থ্য; কর্মদক্ষতা; কৌশল।

**দক্খক**—দেখে এমন।

**দক্খতি**—(দিস্+অ; দিস পরিবর্তিত হয়ে দক্খ্ হয়) দেখা। *aor* **অদ্দক্খি**। *inf* **দক্খিতুং, দক্খিতাযে**।

**দক্খিণ**—দক্ষিণাদিক-সংক্রান্ত; দক্ষিণদিকস্থ; দখিনা; ডান (পার্শ্ব)। **দক্খিণ-অক্খক**—দক্ষিণ অক্ষকাস্থি; কণ্ঠনিম্নস্থ ডানের অস্থি। **দক্খিণ-দিসা**—দক্ষিণ দিক। **দক্খিণদেস**—দক্ষিণ দেশ বা রাজ্য। **দক্খিণাপথ**—ভারতের দক্ষিণ অঞ্চলে গমনপথ; দক্ষিণের রাজ্য, যার বর্তমান নাম দাক্ষিণাত্য। **দক্খিণাযন**—দক্ষিণায়ন; বিষুবরেখা হতে সূর্যের দক্ষিণে গমন। **দক্খিণারহ**—উৎসর্জন-মূলক দানের যোগ্য। **দক্খিণাবত্ত**—দক্ষিণাবর্ত; ডানে ঘূর্ণন।

**দক্খিণা**—দক্ষিণা; দক্ষিণ দিক; দান; (সৎ ব্যক্তিকে বা পবিত্র ব্যক্তিকে) দান। **দক্খিণাবিসুদ্ধি**—দানের পরিশুদ্ধি। **দক্খিণোদক**—উৎসর্গের জল।

**দক্খিণেয্য**—দক্ষিণা গ্রহণের যোগ্য। **দক্খিণেয্য-পুগ্গল**—দক্ষিণেয় পুদগল; দক্ষিণা গ্রহণের যোগ্য ব্যক্তিবিশেষ।

**দক্খী**—দর্শী; দেখে অথবা প্রত্যক্ষ করে বা উপলব্ধি করে এমন।

**দট্ঠ**—('ডসতি'র *pp*) দষ্ট; দংশিত; কামড়ানো হয়েছে এমন। **দট্ঠান**—দংশিত হয় যে স্থান; দংশিত স্থান। **দট্ঠভাৱ**—দংশিত হবার প্রকৃত অবস্থা।

**দণ্ড**—১ বৃক্ষাদির কাণ্ড; কাঠের ছড়ি বা লাঠি; মুগুর; মোটা লাঠি; ভ্রমণের লাঠি; কাঠ। ২ জরিমানা। **দণ্ডক**—লাঠি; ক্ষুদ্র ডাল; পল্লব; ছড়ি; হাতল। **দণ্ড-কমধু**—ডালে ঝুলানো মৌচাক। **দণ্ড কম্ম**—শাস্তি; অর্থদণ্ড; জরিমানা; প্রায়শ্চিত্ত। **দণ্ডকোটি**—লাঠির প্রান্ত বা ডগা। **দণ্ডদীপিকা**—মশাল। **দণ্ডণীয**—দণ্ড; শাস্তি লাভের যোগ্য। **দণ্ডপ্পত্ত**—অভিযুক্ত হয়েছে এমন। **দণ্ড পরায়ণ**—লাঠি ভর করে; লাঠি ধরে। **দণ্ডপাণী**—হস্তে লাঠি ধারণ করে। **দণ্ড-ভয**—শাস্তির ভয়। **দণ্ডহত্থ**—হাতে লাঠি আছে এমন।

**দত্ত**—দেওয়া হয়েছে এমন।

**দত্তি**—খাদ্যবস্তু রাখার ছোট পাত্র।

**দত্তিক, দতিয**—প্রদত্ত হয়ে।

**দত্থু**—হতবুদ্ধি; হতচেতন; অর্থহীন; স্থূলবুদ্ধি; মূঢ়; মূর্খ; নীরস।

**দত্বা, দদিত্বা**—('দদাতি'র *abs*) দিয়ে; প্রদান করে।

**দদ**—প্রদান; দান করণ; স্থাপন।

**দদাতি**—(দা+অ; দা দ্বিত্ব এবং আ হ্রস্ব হয়েছে) দেওয়া; দান করা; অর্পণ করা; উৎসর্গ করা; অনুমোদন করা; মঞ্জুর করা; সমর্পণ করা। *aor* **দদি, অদদি**। *pp* **দিন্ন**। *prp* **দদন্ত, দদমান**। *inf* **দাতুং, দাদিতুং**।

**দদ্দু**—দদ্রু; দাদ।

**দদ্দুল**—স্পঞ্জের অনুরূপ নরম কঙ্কাল।

**দদ্ধ**—('দহতি'র *pp*) দগ্ধ; পুড়ে গেছে এমন; অগ্ন্যুত্তাপে ঝলসিত বা ক্ষত। **দদ্ধগেহ**—যার গৃহ পুড়ে গিয়েছে।

**দধি**—দই। **দধিঘট**—দইয়ের ঘটি। **দধিমণ্ড**—ঘোল; ছানার জল।

**দন্ত**—দাঁত; হাতির দাঁত; হিংস্র প্রাণীর দাঁত বা থাবা বা নখর। **দন্তকট্ঠ**—দন্তকাষ্ঠ; দাঁতন। **দন্তকার**—হস্তীদন্ত-শিল্পী। **দন্তপন্তি**—দন্ত পঙক্তি; দাঁতের সারি। **দন্তপোণ**—দন্ত পরিষ্কারক। **দন্তবলয**—হাতির দাঁতের বালা। **দন্তবিদংসক**—একজনের দন্ত প্রদর্শন ক'রে। **দন্তআৱরণ**—ওষ্ঠ; অধর; ঠোঁট।

**দন্ত**—('দমতি'র *pp*) দান্ত; দমিত; শাসিত; নিয়ন্ত্রিত; সংযত। **দন্ততা, দন্তভাৱ**—দমন; শাসন; নিয়ন্ত্রণ।

**দন্তসঠ**—লেবু গাছ; লেবু।

**দন্ধ**—মন্থর; ধীরগতি; নিরীহ; বোকাটে; নির্বোধ; হতবুদ্ধি। **দন্ধতা**—মূর্খতা; বোকামি; আলস্য-পরায়ণতা; মন্থরতা।

**দপ্প**—দর্প; অযথা গর্ব; ঔদ্ধত্য; উচ্ছৃঙ্খলতা; অবাধ্যতা।

**দপ্পণ**—দর্পণ; আয়না।

**দপ্পিত**—অযথা গর্বিত; উদ্ধত; উচ্ছৃঙ্খল; অবাধ্য।

**দব্ব**—দ্রব্য; জ্ঞানী; জ্ঞানসম্পন্ন; পণ্ডিত; সমর্থ; মিস্ত্রির কাজের যোগ্য কাঠ; দারু; সমৃদ্ধি; ধনদৌলত; ধনসম্পদ; সম্পত্তি। **দব্বজাতিক**—বুদ্ধিমান। **দব্বসম্ভার**—দ্রব্যসম্ভার; কাঠের কাজের সমাবেশ; গৃহনির্মাণ সরঞ্জাম।

**দব্বতিণ**—দূর্বাঘাস।

**দব্বিমুখ**—একজাতীয় পাখি; *Turdus gingianus*।

**দব্বী**—চামচ; হাতা।

**দব্ভ**—কুশঘাস।

**দম, দমথ, দমন**—শাসন; ইন্দ্রিয় সংযম; জিতেন্দ্রিতা; নিবারণ; নিয়ন্ত্রণ; সংযমন; কর্তৃত্ব।

**দমক**—দমনকারী; নিস্তেজকারক; নিয়ন্ত্রক।

**দমেতি**—(দম+এ) পোষ মানানো; কার্যাদি সম্পাদনের উপযুক্ত করানো; কর্তৃত্ব করা; ধর্মান্তরিত করা। *aor* **দমেসি**। *pp* **দমিত, দন্ত**। *prp* **দমেন্ত**। *abs* **দমেত্বা**। *ptp* ডসে**দমেতব্ব, দমনীয**।

**দমেতু**—'দমক' দেখুন।

**দম্পতি**—স্বামী-স্ত্রী; পতি-পত্নী।

**দম্ম**—দম্য; দমনযোগ্য; দমনসাধ্য।

**দযা**—দয়া; পরদুঃখ মোচনের প্রবৃত্তি; পরদুঃখ কাতরতা; সমবেদনা; করুণা; অনুকম্পা; অনুগ্রহ; বদান্যতা। **দযালু**—পরদুঃখকাতর; অনুকম্পাকারী; করুণাময়।

**দযিত**—প্রিয়, সহানুভূতিসম্পন্ন বা সমব্যথী বা দরদি হয়ে। **দয়িতব্ব**--সহানুভূতিপ্রাপ্ত হওয়া; সমবেদনালাভী হওয়া; সাহায্যপ্রাপ্ত হয়ে। **দযিতা**—প্রিয়া; স্ত্রী।

**দর, দরথ**—দুঃখ; উদ্বেগ; চরম দুর্দশা; নিদারুণ বেদনা।

**দরী**—ফাট; গভীর গিরিগুহা বা খাদ।

**দল**—ফলা; পত্র; পাপড়ি।

**দৱ**—খেলা; ক্রীড়া; ক্রীড়াকৌতুক; খেলাধুলা। **দৱকম্যতা**—ঠাট্টা বা তামাশার বা রসিকতার অত্যন্ত অনুরাগী বা আসক্ত। **দৱত্থায, দৱায** (সম্প্রদান এক

বচন) কৌতুকের জন্য।

**দরডাহ**—বনের আগুন।

**দস**—দশ (সংখ্যা)। **দসক**—দশক; পর-পর দশটি; পরপর দশ বৎসর। দশটি বস্তু বিষয় বা প্রাণীর সমষ্টি। **দসক্খত্তুং**—দশবার। **দসধা**—দশ উপায়ে। **দসবল**—দশটি অলৌকিক শক্তিতে সমৃদ্ধ; বুদ্ধ। **দসবিধ**—দশ প্রকার; দশ রকম। **দসসত**—এক সহস্র বা হাজার। **দসসতনয়ন**—এক সহস্র চক্ষু আছে এমন; অর্থাৎ শক্র। **দস সহস্স**—দশ সহস্র; দশ হাজার।

**দস**—দর্শক; দেখে এমন। **দসদুদ্দস**—দৃষ্ট হওয়া কঠিন।

**দসন**—দশন; দাঁত। **দসচ্ছন্দ**—ওষ্ঠ বা অধর; ঠোঁট।

**দসা**—১ জামার আঁচলা বা পাড়। ২ অবস্থা; দশা।

**দসিকসুত্ত**—আঁচলা বা পাড়ের ঢিলা সুতা।

**দস্সক**—প্রদর্শক; দেখায় এমন।

**দস্সতি**—('দদাতি'র ভবিষ্যৎকাল) সে দিবে।

**দস্সন**—দর্শন; দৃষ্টিশক্তি; স্বতঃলব্ধ জ্ঞান; স্বজ্ঞা; স্বজ্ঞাত হবার শক্তি; কিছুর মর্ম নিরীক্ষণ ও উপলব্ধি করার শক্তি; অন্তর্দৃষ্টি (Insight)।

**দস্সনীয, দস্সনেয্য**—দর্শনীয়; পরিষ্কার দেখতে পাওয়া; দর্শনযোগ্য; মনোজ্ঞ; সুন্দর; মনোরম।

**দস্সাবী, দস্সী**—দর্শী; দেখে বা দর্শন করে এমন (কেবলমাত্র মিশ্রণে, যেমন—ভযদস্সাবী)।

**দস্সু**—দস্যু; ডাকাত; লুটেরা।

**দস্সেতি**—(দিস্+এ; দিস্ পরিবর্তি হয়ে দস্ হয়); দেখানো; প্রদর্শন। *aor* **দস্সেসি**। *pp* **দস্সিত**। *prp* **দস্সেন্ত**। *abs* **দস্সেত্বা, দস্সিয**।

**দস্সেতু**—নির্দেশিত বা সূচিত করে এমন; প্রদর্শন করে এমন।

**দহ**—হ্রদ।

**দহতি**—(দহ্+অ) ১ দাহ করা; পোড়ানো। ২ গ্রহণ করা। *aor* **দহি**।

**দহন**—পোড়ানো; দগ্ধকরণ; আগুন।

**দহর**—বছর গণনায় ছোট; বালক; অল্প বয়স্ক। **দহরা**—বালিকা।

**দলিদ্দ**—দরিদ্র; অভাবগ্রস্ত; গরিব লোক।

**দল্হ**—দৃঢ়; শক্ত; ধীর। **দল্হপরক্কম**—দৃঢ় পরাক্রম; কঠোরপ্রচেষ্টা; প্রবল কর্মশক্তি। **দল্হং**—স্থিরসঙ্কল্প হয়ে; প্রবলভাবে বা জোরালভাবে।

**দল্হিকম্ম, দল্হিকরণ**—শক্তিশালী বা অধিকতর শক্তিশালী করণ। শক্তিশালী বা অধিকতর শক্তিশালী হওন; দৃঢ়ীকরণ; শক্ত বা কঠিন করণ বা হওন।

**দাঠা**—হিংস্রপ্রাণীর দাঁত বা থাবা বা নখর; সাপের বিষদাঁত; **সাঁড়াশি**; মানুষের ছেদক দন্ত। **দাঠাধাতু**—(বুদ্ধের দন্তধাতু)। **দাঠাবুধ**—দন্তায়ুধ; যে অস্ত্র হিসাবে দাঁত ব্যবহার করে এমন। **দাঠাবলী**—যার শক্তি রয়েছে তার দাঁতে এমন।

**দঠিকা**—দাড়ি।

**দাতব্ব**—দান পাবার যোগ্য।

**দাতু**—দাতা; উদার ব্যক্তি।

**দাতুং**—দেওয়া; দান করা।

**দান**—অর্পণ; প্রদান; সম্প্রদান; বিতরণ; উৎসর্গ; ত্যাগ; ভিক্ষা; ভিক্ষাদান। **দানকথা**—ত্যাগের আলাপ-আলোচনা। **দানগ্গ**—দানের ক্ষেত্র। **দানফল**—অতিশয় দানশীলতার ফল। **দানময**—দানের অন্তর্ভুক্ত। **দানবট্ট**—দান বিদ্যমান থাকা; দানবর্ত। **দানবত্থু**—দানবস্তু; যে দ্রব্য দান করা হয়। **দান বেয্যাবটিক**—দান বিতরণকারী; দান-পরিবেশক; খাদ্য পরিবেশক। **দানসীল**—সদাশয় বা মুক্তহস্তে ব্যবস্থা; উদার বিন্যাস। **দানসন্দ**—দানপরায়ণ। **দানারহ**—সুযোগ্য দানগ্রহীতা।

**দানব**—দনুর পুত্র; অসুর; দৈত্য।

**দানি**—'ইদানি' দেখুন।

**দাপন**—দানের প্ররোচনা বা উদ্দীপনা বা উৎসাহ।

**দাপেতি**—('দেতি'র *caus*) দান দিতে প্ররোচিত করা বা উদ্দীপনা জোগানো বা উৎসাহিত করা। *aor* **দাপেসি**। *pp* **দাপিত**। *prp* **দাপেন্ত**। *abs* **দাপেত্বা**।

**দাপেতু**—দান করার জন্য উদ্দীপনা যোগায় এমন।

**দাম**—(সচরাচর ফুলের) শিরোমালা বা শিরপেঁচ; দড়ি; শৃঙ্খল; মালা।

**দায**—১ বন; কুঞ্জবন; তরুবীথিকা। ২ দান। **দায-পাল**—তরুবীথিকা রক্ষক।

**দাযক, দাযী**—দাতা; দেয় এমন; সমর্থক।

**দাযজ্জ**—উত্তরাধিকার; উত্তরাধিকারপ্রাপ্তি; উত্তরাধিকারসূত্রেপ্রাপ্ত বস্তু; বংশগতি; উত্তরাধিকারী।

**দাযতি**—(দা+য) কাস্তে বা যন্ত্র দিয়ে (ঘাস শস্য প্রভৃতি) ছেদন করা। *aor* **দাযি**। *pp* **দাযিত**।

**দাযন**—ছেদন।

**দাযাদ**—উত্তরাধিকার; বংশগতি। **দাযাদক**—উত্তরাধিকারী।

**দাযিকা**—স্ত্রী দাতা।

**দার**—স্ত্রী; পত্নী। **দারভরণ**—স্ত্রীর ভরণপোষণ বা প্রতিপালন।

**দারক**—বালক; তরুণবয়স্ক ব্যক্তি বা পুরুষ।

**দারিকা**—বালিকা।

**দারেতি**—(দাল+এ) মুখ হতে থু করে ফেলা; জোর করে বা প্রচণ্ডভাবে নির্গত করানো; সহসা প্রবেশ করা বা উপস্থিত হওয়া। *aor* **দারেসি**। *pp* **দারিত**। *prp* **দারেন্ত**। *abs* **দারেত্বা**।

**দারু**—কাঠ; মিস্ত্রির কাজের যোগ্য কাঠ; জ্বালানি কাঠ; লাকড়ি। **দারুখণ্ড**--কাঠের টুকরা। **দারুক্খন্ধ**—কাঠের বা গাছের গুড়ি। **দারুভণ্ড**—আসবাবপত্র; কাঠের জিনিসপত্র। **দারুময়**—কাঠের তৈরি। **দারু সঙ্ঘাট**—কাঠের ভেলা।

**দারুণ**—কঠোর; রূঢ়; কর্কশ; নিষ্ঠুর।

**দালন**—বিভাজন; বিয়োজন।

**দালেতি**—('দারেতি' দেখুন)। *aor* **দালেসি**। *pp* **দালিত**। *prp* **দালেন্ত, দালযমান**। *abs* **দালেত্বা**।

**দাবগ্গি**—দাবাগ্নি; দাবানলন; অরণ্যদহনকারী অগ্নি।

**দাস**—ক্রীতদাস; ভৃত্য; চাকর। **দাসক**—ক্রীতদাস। **দাসগণ**—ক্রীতদাস শ্রেণী। **দাসত্ত, দাসব্য**—দাসত্ব; দাসের অবস্থা।

**দাসিত্ত**—দাসিত্ব; স্ত্রী-দাসের হাল বা পদমর্যাদা।

**দাসী**—স্ত্রী-দাস; দাস-রমণী।

**দাহ**—দহন; জ্বলন; জ্বালা; পোড়ানি।

**দালিম, দাডিম**—দাড়িম্ব; ডালিম।

**দালিদ্দিয**—দারিদ্র্য; অভাব; দৈন্য; দীনতা।

**দিক্খতি**—(দিস্+অ) ১ দেখা। ২ ভিক্ষু হওয়া।

**দিক্খিত**—('দিক্খিত'র *pp*) ভর্তি হয়েছে এমন; ব্রতী; পবিত্রকৃত পবিত্র কাজে নিযুক্ত বা উৎসর্গিত।

**দিগম্বর**—উলঙ্গ সন্ন্যাসী।

**দ্বিগুণ**—দ্বিগুণ; দুইগুণ; দ্বিত্ব; ডবল।

**দিঘিকা**—দিঘি; বড় পুষ্করিণী; সরোবর।

**দিজ**—১ দ্বিজ। ২ ব্রাহ্মণ; দুইবার জন্ম যার এমন। ৩ পাখি। **দিজগণ**—এক শ্রেণি ব্রাহ্মণ বা পাখি।

**দিট্ঠ**—('পস্সতি'র *pp*) দৃষ্ট; দৃষ্টবস্তু; দৃষ্টি; চাহনি। **দিট্ঠধম্ম**—দৃষ্টধর্ম; এ জীবনেই অধিকারভুক্ত হওন; এ জন্মেই অধিকারী হওন বা ভোগ করণ; যিনি চূড়ান্ত বা প্রকৃত সত্য উপলব্ধি করেছেন এমন। **দিট্ঠ ধম্মিক**—এ জগতে অবস্থানরত। **দিট্ঠমঙ্গলিক**—যে পবিত্র বস্তু দেখায় মঙ্গল বা শুভ বলে বিশ্বাস করে; দৃষ্টমাঙ্গলিক। **দিট্ঠসংসন্দন**—দৃষ্ট বা জ্ঞাত বস্তুর বিষয়ে একজনের অভিমত তুলনা করা। **দিট্ঠঅনুগতি**—একজন যা দেখে তার অনুকরণ।

**দিট্ঠি**—ধর্মমত; মত; মতবাদ; তত্ত্ব; বিশ্বাস। **দিট্ঠিক**—বিশ্বাসী; তত্ত্বজ্ঞানী বা দার্শনিক। **দিট্ঠিক কন্তার**—মতবাদের ছলনা। **দিট্ঠিকগত**—বিশ্বাস; মিথ্যাদৃষ্টি; ভ্রান্ত ধারণা। **দিট্ঠিকগহন**—দূর-কল্পনার ঘনবন। **দিট্ঠিকজাল**—কুতর্কের জাল। **দিট্ঠিকবিপত্তি**—সিদ্ধান্তে ব্যর্থতা। **দিট্ঠিক-বিপল্লাস**—অভিমতকে দুমড়িয়ে মুচড়িয়ে প্রদর্শন। **দিট্ঠিকসম্পন্ন**—সত্যদর্শন সমৃদ্ধ। **দিট্ঠিক সংযোজন**--মিথ্যাকল্পনারূপ বা শূন্যগর্ভ অনুমানরূপ প্রতিবন্ধক।

**দিট্ঠী**—('দিট্ঠিক' দেখুন)।

**দিত্ত**—(দিপ্পতি'র *pp*) দীপ্ত; আলোকিত; উজ্জ্বল।

**দিত্তি**—দীপ্তি; আলোক; ঔজ্জ্বল্য।

**দিদ্ধ**—(কিছু দ্বারা) প্রলিপ্ত বা মর্দিত; বিষাক্ত।

**দিন**—দিবস। **দিনকর**—সূর্য। **দিনচ্চয**—দিবা শেষ; সন্ধ্যা; বিকাল। **দিনপতি**—সূর্য।

**দিন্দিভ**—ভাঁজ করা ডানা বা পাখা।

**দিন্ন**—('দেতি'র *pp*) প্রদত্ত; স্বীকৃত। **দিন্ন আদায**—প্রদত্তগ্রহণ।

**দিন্নক**—১ দত্তক পুত্র; পোষ্য পুত্র। ২ যে বস্তু প্রদান করা হয়েছে এমন।

**দিপদ**—দ্বিপদ; দুই পা যার আছে এমন; মানুষ; পাখি। **দিপদইন্দ, দিপদউত্তম**—দ্বিপদের মধ্যে মহত্তম অর্থাৎ সম্যক সম্বুদ্ধ।

**দিপন**—আলোকন; উজ্জ্বলন।

**দিপ্পতি**—(দিপ্+য) আলো দেওয়া; আলো বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া। *aor* **দিপ্পি**।

**দিব্ব**—দিব্য; দৈব; স্বর্গীয়; স্বর্গস্থ। **দিব্বচক্খু**—দিব্যচক্ষু। **দিব্বচক্খুক**—অলৌকিক-চক্ষু-সমৃদ্ধ। **দিব্ববিহার**—অন্তরের সর্বোৎকৃষ্ট অবস্থা। **দিব্ব-সম্পত্তি**—দিব্যসম্পত্তি; স্বর্গসুখ; পরম সুখ।

**দিব্বতি**—(দিব+য) খেলাধুলা করা; কৌতুক করা; আনন্দোৎসব করা। *aor* **দিব্বি**।

**দিযড্ঢ**—দেড়; এক এবং অর্ধেক।

**দিব**—স্বর্গ।

**দিবস**—দিবা; দিন। **দিবসকর**—সূর্য। **দিবসভাগ**—দিবাভাগ; দিনের বেলা।

**দিবা**—দিবস; দিন; দিনের সময়। **দিবাকর**—সূর্য। **দিবাঠান**—যেখানে দিনমানের সময় কাটে সেই স্থান। **দিবা বিহার**—গরমকালীন বিশ্রাম। **দিবাসেয্যা**—দ্বিপ্রহরে শায়িত; মধ্যাহ্নকালীন নিদ্রা।

**দিবিয, দিব্য**—('দিব্ব' দেখুন)।

**দিস**—শত্রু।

**দিসম্পতি**—রাজা।

**দিসা**—দিশা; দিগ্‌দর্শন যন্ত্রের বিন্দু। **দিসাকাক**—স্থলভাগ অনুসন্ধানের জন্য জাহাজের পাটাতনে

রক্ষিত কাক। **দিসাকুসল**—দিশা-জ্ঞান যার আছে এমন; দিক নির্ণয়ে সক্ষম এমন। **দিসাপামোক্‌খ**—বিশ্ববিখ্যাত। **দিসাভাগ**—দিক। **দিসামূলহ্‌**—যে তার বহন হারিয়েছে। **দিসাৱাসী, দিসাৱাসিক**—অন্যদেশে বসবাসকারী; রাজ্যের ভিন্নস্থানে বসবাসকারী।

**দিস্‌সতি**—(দিস্‌+য) মনে হয়; স্পষ্ট প্রতীয়মান হয়। *prp* **দিস্‌সন্ত, দিস্‌সমান**—দৃশ্যমান।

**দীঘ**—দীর্ঘ; লম্বা। **দীঘঅঙ্গুলি**—দীর্ঘ অঙ্গুলি যার; লম্বা আঙুল যার। **দীঘজাতিকা**—সর্প-জাতীয়। **দীঘতা, দীঘত্ত**—দীর্ঘত্ব; দীর্ঘত্ব; দৈর্ঘ্য। **দীঘনিকায**—দীর্ঘ সূত্র সংগ্রহ। **দীঘভাণক**—দীর্ঘ-ভাণক; দীর্ঘনিকায়ের আবৃত্তিকারক বা অর্থকারক (ব্যাখ্যাকারী)। **দীঘরত্তং**—দীর্ঘ সময়। **দীঘলোমক**—মেষের স-দীর্ঘলোম-চর্মধারী। **দীঘসোত্তিয**—দীর্ঘনিদ্রা; আলস্যপরায়ণতা।

**দীঘরণ্ট**—*Oroflylum indicum* বৃক্ষ।

**দীধিতি**—আলোক; কিরণ।

**দীন**—দুর্দশাগ্রস্ত; দরিদ্র; হীন; নীচ; ইতর; ঘৃণ্য। **দীনতা, দীনত্ত**—দৈন্য; চরম দুর্দশা; হতভাগ্য।

**দীপ**—১ প্রদীপ। ২ দ্বীপ। ৩ সাহায্য; সহায়তা। **দীপক**—ক্ষুদ্র দ্বীপ; প্রদর্শন; ব্যাখ্যান। **দীপঙ্কর**—যে আলো বিকিরণ করে এমন; পূর্বের একজন বুদ্ধের নাম। **দীপঅচ্চি**—দীপশিখা; প্রদীপের শিখা। **দীপরুক্‌খ**—দীপবৃক্ষ; প্রদীপের স্তম্ভ। **দীপসিখা**—দীপশিখা। **দীপঅর্চি**—প্রদীপের কিরণ। **দীপআলোক**—প্রদীপের আলো।

**দীপনা**—বিশদ ব্যাখ্যা; ব্যাখ্যা।

**দীপণী**—ব্যাখ্যামূলক কাজ।

**দীপি, দীপিকা**—চিতাবাঘ; চিতাবাঘিনী।

**দীপিত**—('দীপেতি'র *pp*) বিশদভাবে ব্যাখ্যাত; ব্যাখ্যাত; প্রদর্শিত।

**দীপিণী**—চিতাবাঘিনি।

**দীপেতি**—(দিপ+এ) আলোক দান করা; স্পষ্টভাবে বলা; ব্যাখ্যা করা। *prp* **দীপেন্ত, দীপযমান**। *abs* **দীপেত্বা**। *ptp* **দীপেতব্ব**।

**দু**—অসদাভিপ্রায়াদির ইঙ্গিত; বিপথগমন; সত্যভ্রষ্টতা; স্বেচ্ছাচারিতা; উচ্ছৃঙ্খলতা; দুবৃত্তি।

**দুক**—যুগল; জোড়া; দুই।

**দুকূল**—এক প্রকার অত্যন্ত মিহি কাপড়।

**দুক্কত, দুক্কট**—মন্দভাবে কৃত; অন্যায় কাজ; অন্যায় কর্ম।

**দুক্কর**—দুষ্কর; করা কষ্টকর এমন। **দুক্করতা, দুক্করত্ত, দুক্করভাৱ**—অসুবিধা।

**দুক্‌খ**—দুঃখ; কষ্টভোগ; শাস্তি যন্ত্রণা প্রভৃতি ভোগ; যন্ত্রণা; বেদনা; দুর্দশা; নিদারুণ যন্ত্রণা; মৃত্যু যন্ত্রণা; আরামহীনতা; অস্বাচ্ছন্দ্য। **দুক্‌খক্‌খয**—দুর্দশা বিনাশন। **দুক্‌খক্‌খন্ধ**—দুঃখস্কন্ধ; দুঃখসমষ্টি। **দুক্‌খনিদান**—দুঃখের মূল কারণ; যন্ত্রণার হেতু। **দুক্‌খনিরোধ**—দুঃখের ধ্বংসে সাধন। **দুক্‌খনিরোধগামিনী**—দুঃখ বিনাশের উপায় (চর্চা)। **দুক্‌খঅন্তগূ**—দুঃখকে জয় করেছেন এমন। **দুক্‌খপটিক্‌কূল**—বেদনার প্রতিকূল বা বিপরীত। **দুক্‌খপরেত**—যন্ত্রণাপ্রাপ্ত; উৎপীড়িত; দুর্দশাগ্রস্ত। **দুক্‌খপ্পত্ত**—দুঃখপ্রাপ্ত; বেদনাকাতর। **দুক্‌খপ্পহাণ**—দুঃখ-প্রহাণ; দুর্দশা বিদূরণ। **দুক্‌খৱিপাক**—দুঃখের ফলস্বরূপ; বেদনাপ্রাপ্তি; দুর্দশা সৃষ্টি। **দুক্‌খসচ্চ**—দুঃখসত্য; দুর্দশার সত্যতা। **দুক্‌খসমুদয**—দুঃখের উৎপত্তি। **দুক্‌খসম্ফস্‌স**—অপ্রিয় সংযোগ; অপ্রীতিকর সংস্পর্শ। **দুক্‌খসেয্যা**—অস্বস্তিকর নিদ্রা। **দুক্‌খঅনুভৱন**--শাস্তিভোগ করণ। **দুক্‌খঅপগম**—দুঃখ বিদূরণ।

**দুক্‌খং**—বাধা-বিপত্তির সহিত।

**দুক্‌খাপন**—বেদনা বা যন্ত্রণাদায়ক।

**দুক্‌খাপেতি**—('দুক্‌খ' হতে *deno*) নিদারুণ যন্ত্রণা দেওয়া; উৎপীড়ন করা; দুঃখ ঘটান; যন্ত্রণা দেওয়া। *aor* **দুক্‌খাপেসি**। *pp* **দুক্‌খাপিত**। *prp* **দুক্‌খাপেন্ত**। *abs* **দুক্‌খাপেত্বা**।

**দুক্‌খী, দুক্‌খিত**—যন্ত্রণাপ্রাপ্ত; উৎপীড়িত; দুর্দশাগ্রস্ত; শোকপ্রাপ্ত; অসন্তুষ্ট; নিরানন্দ; মনমরা; পীড়িত; অসুস্থ।

**দুক্‌খীযতি**—('দুক্‌খ' হতে *deno*) বেদনা বা যন্ত্রণা অনুভব করা; চরম বেদনা যন্ত্রণা বা মর্মপীড়াপ্রাপ্ত হওয়া। **দুক্‌খীযি**। *pp* **দুক্‌খিত**।

**দুক্‌খুদ্রয**—যন্ত্রণা উৎপাদন; যন্ত্রণা লাভ করানো; দুঃখ-পীড়ন।

**দুক্‌খূপসম**—দুঃখ-উপশম; দুঃখ অপনোদন; দুঃখ দূরীকরণ।

**দুক্‌খোতিণ্ন**—দুর্দশায় পতিত; দুর্দশাগ্রস্ত।

**দুগ্‌গ**—দুর্গম; যেখানে অতিকষ্টে যাওয়া যায় এমন; দুরধিগম্য; দুর্গসংরক্ষিত স্থান নগর প্রভৃতি; নগরদুর্গ।

**দুগ্‌গত**—দুর্গত; দরিদ্র; দুর্দশাগ্রস্ত।

**দুগ্‌গতি**—দুর্গতি; দুর্দশাপ্রাপ্ত-অস্তিত্বের রাজ্য বা স্থান।

**দুগ্‌গন্ধ**—দুর্গন্ধ; যার খারাপ গন্ধ আছে এমন; খারাপ গন্ধ।

**দুগ্গম**—গমন কষ্টকর; যাওয়া কষ্টসাধ্য।
**দুগ্গহিত**—দুর্গৃহীত; যা অন্যায়ভাবে ধারণ করা হয়েছে বা গ্রহণ করা হয়েছে এমন; ভুল ধারণা।
**দুচ্চজ**—ত্যাগ করা বা দিয়ে ফেলা কঠিন বা দুঃসাধ্য।
**দুচ্চরিত**—দুশ্চরিত্র; অসদাচরণ; অন্যায় কর্ম।
**দুজিব্হ**—দুই জিহ্বা; সর্প।
**দুজ্জহ**—ছেড়ে দেওয়া কিংবা অপসারণ করা কষ্টকর।
**দুজ্জান**—জানা কষ্টসাধ্য।
**দুজ্জীবিত**—অন্যায় জীবিকা।
**দুট্ঠ**—দুষ্ট; যা ধ্বংস করা হয়েছে এমন; ক্ষতি করা হয়েছে এমন; কলুষিত; দুর্নীতিপরায়ণ; দুর্বৃত্ত; পাপী; খারাপ। **দুট্ঠচিত্ত**—অসৎ; দুর্বৃত্তিপরায়ণ; অতি অপকারী বা ক্ষতিকর।
**দুট্ঠু**—খারাপভাবে।
**দুট্ঠুল্ল**—নীচ বা ইতর বা বাজে আলাপ; নিম্নতর; হীনতর; নিকৃষ্ট বা নিকৃষ্টতর।
**দুতপ্পয**—সহজে সন্তুপ্ত বা পরিতৃপ্ত নয় এমন।
**দুতিয**—দ্বিতীয়; দ্বিতীয়রূপে পেয়ে। **দুতিযক**—সঙ্গী; সহচর। **দুতিযং**—দ্বিতীয়বারে।
**দুতিযা**—১ পত্নী। ২ দ্বিতীয় বিভক্তি অর্থাৎ কর্মকারক।
**দুতিযকা**—পত্নী।
**দুত্তর**—দুস্তর; পার হওয়া দুঃসাধ্য এমন।
**দুদ্দম**—দুর্দম; দুর্দমনীয়; দুর্দম্য; দমন করা শক্ত এমন; দুর্দান্ত।
**দুদ্দস**—দর্শন করা বা বুঝা শক্ত এমন। **দুদ্দসতর**—দর্শন করা; অধিকতর শক্ত।
**দুদ্দসা**—দুর্দশা; দুর্ভাগ্য; অশুভ সময়। **দুদ্দসাপন্ন**—দুর্ভাগা; হতভাগা; অভাগা।
**দুদ্দসিক**—কুৎসিত গঠনের বা আকৃতির বা চেহারার।
**দুদ্দিন**—দুর্দিন; মেঘাচ্ছন্ন অথবা অশুভ দিন।
**দুদ্ধ**—দুগ্ধ; দুধ।
**দুন্দুভি**—ঢাক; ঢোল; ডঙ্কা; মৃদঙ্গ।
**দুন্নামক**—অর্শ।
**দুন্নিক্খিত্ত**—দুর্নিক্ষিপ্ত; খারাপ অবস্থায় বা অন্যায়ভাবে স্থাপিত।
**দুন্নিগ্গহ**—বশীভূত বা দমিত করা শক্ত; দুর্নিগ্রহ।
**দুন্নিমিত্ত**—দুর্নিমিত্ত; অশুভ পূর্বলক্ষণ; অমঙ্গলজনক পূর্বাভাস।
**দুন্নীত**—অন্যায়ভাবে বাহিত বা প্রযুক্ত।
**দুপট্ট**—দোপাট্টা; দুই স্তরে বিন্যস্ত।
**দুপ্পত্র**—দুষ্প্রাজ্ঞ; নির্বোধ ব্যক্তি; মূর্খ; বোকা।
**দুপ্পটিনিস্সগ্গিয**—পরিত্যাগ করা কিংবা পরিহার করে চলা কঠিন।
**দুপ্পটিবিজ্ঝ**—বোঝা কঠিন; উপলব্ধি করা শক্ত।
**দুপ্পমুঞ্চ**—মুক্তিপ্রাপ্ত হওয়া কঠিন।
**দুপ্পরিহারিয**—ব্যবহার করা বা পরিচালনা করা শক্ত।
**দুফস্স**—বিছুটি গাছ; অসম্মত সংস্পর্শ; অপ্রিয় সংযোগ।
**দুব্বচ**—দুর্বচন; দুর্বাক্য; অবাধ্য; অ-বশ্য; একগুঁয়ে; উদ্ধত।
**দুব্বণ্ণ**—খারাপ রং; দুর্বর্ণ; কুৎসিত।
**দুব্বল**—দুর্বল; নিস্তেজ; ক্ষীণ; শক্তিহীন। **দুব্বত্ত, দুব্বলতা, দুব্বলভাব**—তেজহীনতা।
**দুব্বা**—দূর্বাঘাস।
**দুব্বিজান**—বুঝতে পারা বা উপলব্ধি করা শক্ত।
**দুব্বিনীত**—জেদি; একগুঁয়ে; অ-বশ্য; অবাধ্য; দুর্দমনীয়; কুশিক্ষাপ্রাপ্ত।
**দুব্বুট্ঠিক**—বৃষ্টিশূন্য; অনাবৃষ্টি; দুর্ভিক্ষ; বৃষ্টির অভাব।
**দুব্ভক**—বিশ্বাসঘাতী; মায়াময়; পক্ষপাতী লোক (Sidious person)।
**দুব্ভতি**—(দুভ্+অ) বিশ্বাসঘাতক হওয়া; অবিশ্বাসী হওয়া; ষড়যন্ত্র করা। *aor* **দুব্ভি**। *abs* **দুব্ভিত্বা**।
**দুব্ভন**—বিশ্বাসঘাতকতা।
**দুব্ভর**—লালনপালন করা কঠিন; ভরণপোষণ করা কষ্টকর।
**দুব্ভাসিত**—অমর্যাদাপূর্ণ বাক্য; অপমানকর কথা; মন্দ বাক্য।
**দুব্ভিক্খ**—দুর্ভিক্ষ; খাদ্যাভাব।
**দুব্ভী**—দুরভিসন্ধি; কু-মতলব; অসৎ উদ্দেশ্য; অসদাভিপ্রায় বিশিষ্ট।
**দুম**—দ্রুম; বৃক্ষ; গাছ। **দুমগ্গ**—দ্রুমগ্র; গাছের আগা। **দুমন্তর**—দ্রুমন্তর; বৃক্ষ-বৈচিত্র্য বা বৃক্ষের বিভিন্নতা; বৃক্ষসমূহের মধ্যবর্তী স্থান। **দুমইন্দ, দুমউত্তম**—বৃক্ষরাজ অর্থাৎ বোধিবৃক্ষ।
**দুমুপ্পল**—দ্রুমোৎপল; যে বৃক্ষে হলদে বা পীতবর্ণ ফুল ফোটে। 'কণিকার' দেখুন।
**দুম্মঙ্কু**—দুর্মুখ; যাকে চুপ করানো কঠিন; দুর্দমনীয় ব্যক্তি; কটুভাষী; অপ্রিয়ভাষী।
**দুম্মতি**—দুর্মতি; দুর্বৃত্তিপরায়ণ লোক; নির্বোধ।
**দুম্মন**—অসুখী; দুঃখিত।
**দুম্মুখ**—বিষণ্ন-মুখ যার; দুঃখদায়ক মুখমণ্ডল যার।
**দুম্মেধ**—দুর্মেধা; দুর্বল স্মরণশক্তিবিশিষ্ট; মন্দবুদ্ধি।

**দুয্হতি**—('দুহতি'র *pass*) দুহিত হওয়া। *aor* **দুয্হি**।
**দুরক্খ**—রক্ষা করা কঠিন।
**দুরচ্চয, দুরতিক্কম**—দুরত্যয়; দুরতিক্রম; দুস্তর; অতি কষ্টে অতিক্রমকরণ বা পার হওন।
**দুরনুবোধ, দুরাজান**—জানা বা উপলব্ধি করা কঠিন; দুর্জ্ঞেয়।
**দুরাসদ**—নিকটবর্তী হওয়া দুঃসাধ্য।
**দুরিত**—পাপ; অসৎ কর্ম।
**দুরুত্ত**—বিশ্রীভাবে উক্ত বা কথিত; দুর্বাক্য; খারাপ কথা।
**দুল্লদ্ধ**—দুর্লব্ধ; কষ্টে লাভ করা হয়েছে এমন।
**দুল্লদ্ধি**—ভুল ধারণা।
**দুল্লভ**—দুর্লভ; লাভ করা কষ্টকর।
**দুৱঙ্গিক**—দ্বি-আঙ্গিক; দুই অংশে গঠিত।
**দুৱিধ**—দ্বিবিধ; দুই প্রকার; দুই রকম।
**দুৱ**—('দ্বি'র কর্তায় বহুবচন) দুই; দুই ব্যক্তি বা বস্তু।
**দুস্স**—কাপড়; বস্ত্র। **দুস্সকরণ্ডক**—পোশাকের ঝাঁপি। **দুস্সকোট্ঠাগার**—বস্ত্রভাণ্ডার; বস্ত্রের গুদাম। **দুস্সযুগ**—এককেতা বা এক প্রস্ত পোশাক। **দুস্সৱট্টি**—বেলনাকারে পাকানো বস্ত্র। বস্ত্রের ঝালর।
**দুস্সতি**—(দুস্+য) কারও বিরুদ্ধে অসন্তুষ্টি আনয়ন; ক্ষতি করা; কলুষিত হওয়া; রাগান্বিত হওয়া। *aor* **দুস্সি**। *pp* **দুট্ঠ**। *abs* **দুস্সিত্বা**।
**দুস্সন**—ক্ষতি করণ; অনিষ্ট করণ; কলুষিত করণ; রাগ বা ক্রোধ।
**দুস্সহ**—দুঃসহ; সহ্য করা কঠিন এমন; অসহ্য।
**দুস্সীল**—দুঃশীল; অসচ্চরিত্র; নীতিহীন।
**দুহ**—দোহন; উৎপাদন; প্রদান; দান; অনুদান।
**দুহতি**—(দুহ্+অ) দোহন করা। *aor* **দুহি**। *pp* **দুদ্ধ**। *abs* **দুহিত্বা**। *prp* **দুহমান**।
**দুহন**—দোহন।
**দুহিতু**—দুহিতা; কন্যা।
**দূত**—সংবাদবাহক; চর; প্রতিনিধি বা সংযোগ রক্ষক। **দূতী, দূতেয্য**—প্রেরিত বার্তা বা খবর; কিছুর ভার দিয়ে প্রেরণ; সংবাদ বা বার্তা বহন।
**দূভক**—বিশ্বাসঘাতী ব্যক্তি।
**দূর**—ব্যবধান; অন্তর; নিকটে নয় এমন দেশ বা স্থান; দূরবর্তী। **দূরঙ্গমে**—দূরবর্তী স্থানে গমন। **দূরতো**—দূরবর্তী স্থান হতে। **দূরত্ত**—দূরত্ব; ব্যবধান; পার্থক্য।
**দূসক**—দূষক; দূষিত করে বা কলুষিত করে এমন; মানহানি করে বা কুৎসা করে বা নিন্দা করে এমন; কলুষকারী; অনিষ্টকারী।
**দূসন**—দূষণ; কলুষ; বিকার।
**দূসিত**—('দূসেতি'র *pp*)।
**দূসেতি**—(দুস্+এ) ১ ধ্বংস করা; ক্ষতিসাধন করা; ২ মানহানি করা। ৩ অসদাচরণ করা। *aor* **দূসেসি**। *prp* **দূসেন্ত, দূসযমান**। *abs* **দূসেত্বা**।
**দূহন**—অপবিত্রতা; ডাকাতি; অপহরণ; উপদ্রব সহকারে অধ্যুষিত করণ।
**দেড্ডুভ**—জল-সর্প।
**দেণ্ডিম**—বাদ্যযন্ত্রবিশেষ; নাকাড়া।
**দেতি**—(দা+এ) দেওয়া। *aor* **অদাসি**। *prp* **দেন্ত**। *pp* **দিন্ন**। *abs* **দত্বা**। ('দদাতি' দেখুন)।
**দেৱ**—১ দেব বা দেবী; দেবতা। ২ আকাশ। ৩ বৃষ্টি-মেঘ। ৪ রাজা। **দেৱকঞ্ঞা**—দেবকন্যা; স্বর্গের কুমারী। **দেৱকায**—দেবকায়; দেবপুঞ্জ। **দেৱকুমার**—স্বর্গীয় রাজপুত্র। **দেৱকুসুম**—লবঙ্গ নির্যাস। **দেৱগণ**—দেবদল। **দেৱচারিকা**—স্বর্গে ভ্রমণ। **দেৱচ্ছরা**—পরী। **দেৱঞ্ঞতর**—নিম্নশ্রেণীর দেবতা; দানব। **দেৱট্ঠান**—দেবস্থান; দেবমন্দির। **দেৱত্তভাব**—স্বর্গীয় ভাব; দিব্যদেহ। **দেৱদত্তিক, দেৱদত্তিয**—দেবদত্ত; দেবতা-প্রদত্ত। **দেৱদুন্দুভি**—দেব-ঢাক; বজ্র। **দেৱদূত**—দেব-প্রতিনিধি। **দেৱদেৱ**—দেবের দেব। **দেৱধম্ম**—দেবধর্ম; দৈবগুণ; পাপভয়। **দেৱধীতু**—কিশোর-পরী; যুবতী পরী। **দেৱনগর**—দেবগণের নগর। **দেৱনিকায**—দেব সমাজ। **দেৱ পরিসা**—দেব-পরিষদ; দেবসভা। **দেৱপুত্ত**—দেবপুত্র; দেবতার পুত্র। **দেৱপুর**—দেবগণের নগর। **দেৱভৱন**—দেব-আবাস। **দেৱযান**—স্বর্গপথ; বৌমযান। **দেৱরাজ**—দেবতাগণের রাজা। **দেৱরুক্খ**—দেব-বৃক্ষ; দৈববৃক্ষ। **দেৱরূপ**—দেবতার প্রতিমূর্তি। **দেৱলোক**—স্বর্গ। **দেৱবিমান**—স্বর্গীয় বৃহৎ বাসভবন।
**দেৱতা**—দেব বা দেবী।
**দেৱত্ত**—দেবত্ব; দেবতার ধর্ম গুণ অবস্থা বা ঐশ্বর্য।
**দেৱদারু**—একজাতীয় ঝাউগাছ; *Uvaria longifolia* বৃক্ষ।
**দেৱর**—শ্যালক; স্বামীর ভ্রাতা।
**দেৱসিক**—দৈনিক ঘটন। **দেৱসিকং**—দৈনিক; প্রত্যহ।
**দেৱাতিদেৱ**—দেবগণের দেবতা।
**দেৱানুভাব, দেৱিদ্ধি**—দৈবশক্তি।

**দেৰিসি**—দৈবদ্রষ্টা; দৈবদর্শক।

**দেৰী**—দেবের স্ত্রীলিঙ্গ; রানী।

**দেৰুপপত্তি**—দেবলোকে পুনর্জন্ম।

**দেস**—দেশ; রাজ্য; অঞ্চল; এলাকা।

**দেসক, দেসেতু**—দেশক; ধর্মোপদেষ্টা; (ধর্ম) প্রচারক; যাজক; যে ব্যাখ্যা করে বা অর্থ প্রকাশ করে এমন।

**দেসনা**—দেশনা; বক্তৃতা; আলোচনা; উপদেশ; ধর্মোপদেশ; ধর্মপ্রচার। **দেসনাবিলাস**—শিক্ষাদানের সৌন্দর্য।

**দেসিক**—দেশী; রাজ্যবাসী বা প্রদেশবাসী।

**দেসেতি**—(দিস্+এ) উল্লেখ করা; প্রচার করা; ব্যাখ্যা করা; অর্থ প্রকাশ করা। *aor* দেসেসি। *prp* দেসেন্ত। *abs* দেসেত্বা।

**দেস্স, দেস্সিয**—বিসদৃশ; বেসুরো; অতিশয় ঘৃণ্য; অতি জঘন্য; নিন্দার্হ; দূষণীয়; বিরক্তিকর।

**দেহ**—শরীর; কলেবর। **দেহনিক্খেপন**—দেহ পরিত্যাগ; দেহ নিক্ষেপ; মৃত্যু। **দেহনিস্সিত**—দেহনিশ্রিত; দেহের সহিত সম্পর্কযুক্ত; দেহের অংশস্বরূপ; দেহের সহিত সংশ্লিষ্ট।

**দেহী**—দেহ আছে এমন; প্রাণী; জীব।

**দোণ**—দ্রোণ; শস্যাদির পরিমাণবিশেষ; পরিমাপক পাত্রবিশেষ। এক গ্যালন পরিমাণ পাত্রে যত ধরে সেই পরিমাণ শস্যাদি শুষ্ক দ্রব্যের মাপ।

**দোণি, দোণিকা**—১ নৌকা; দ্রোণী; ডোঙ্গা; জল সেচনী; দুনি। ২ খাত; নালা।

**দোমনস্স**—অসন্তোষ; ঈষৎ ক্রোধ; অভ্যাসগত বা স্বভাবগত বিষণ্ণতা; মনমরা ভাব; বিষাদ; নিরবচ্ছিন্ন মনমরা ভাব; হতাশা; বিষাদপূর্ণ চিন্তাবেগ; দৌর্মনস্য।

**দোলা**—দোলন; দোল; ঝোলন পিড়ি; পালকি; ডুলি। **দোলাযতি** ('দোলা' হতে *deno*) দোলা বা দোলানো; দূরে ও নিকটে নড়ানো বা আন্দোলিত করা। *aor* **দোলাথি**।

**দোৱারিক**—দৌবারিক; দ্বারবান; দ্বারপাল; দ্বারী; দারোয়ান।

**দোস**—দ্বেষ; ক্রোধ; দোষ; ঘৃণা; কলুষ; গলদ; খুঁত; ত্রুটি। **দোসক্খান**—নিন্দা করণ। **দোসগ্গি**—দ্বেষাগ্নি; ক্রোধাগ্নি। **দোস্সাপগত**—ত্রুটি এবং কলুষমুক্ত। **দোসসারোপণ**—দোষ আরোপণ; ছিদ্রান্বেষণ।

**দোসিনা**—জ্যোৎস্না; জোছনা; উজ্জ্বল চন্দ্রালোক।

**দোহক**—যে দোহন করে এমন; দোহনকারী।

**দোহল**—দোহদ; গর্ভবতী নারীর ইচ্ছা; সাধ; প্রবল আকাঙ্ক্ষা। **দোহল্লিনী**—আকুল আকাঙ্ক্ষিণী।

**দোহী**—১ দোহন করে এমন; দোহনকারী। ২ অকৃতজ্ঞ লোক; দ্রোহী।

**দ্বঙ্গুল**—দুই আঙ্গুল মাপের; দুই অঙ্গুলি।

**দ্বত্তিক্খত্তুং**—দুই অথবা তিনবার।

**দ্বত্তিপত্ত**—দুই বা তিন পাত্র।

**দ্বত্তিংসতি**—বত্রিশ।

**দ্বন্দ্ব**—জোড়া; যুগল; দুই; যৌথ মিশ্র পদার্থ।

**দ্বয**—জোড়া; যুগল; দুই।

**দ্বাচত্তালীসতি**—বিয়াল্লিশ।

**দ্বাদস**—বারো।

**দ্বানবুতি**—বিরানব্বই।

**দ্বার**—দ্বার; দরজা; প্রবেশপথ; ফটক। **দ্বারকবাট**—জানালার খড়খড়ি; দরজা-জানালা। **দ্বারকোট্ঠক**—প্রবেশপথ; দরজার ভিতর দিয়ে পথ। **দ্বারগাম**—নগর-তোরণের বহির্ভাগে স্থিত গ্রাম। **দ্বারপাল, দ্বারট্ঠ**—দ্বার রক্ষক; দ্বাররক্ষী। **দ্বারবাহা**—দরজার খুঁটি। **দ্বারসালা**—ফটকের নিকটস্থ বৃহৎ কক্ষ।

**দ্বারিক**—দরজার মালিক; দ্বাররক্ষক।

**দ্বাৱীসতি**—বাইশ।

**দ্বাসত্ততি**—বাহাত্তর।

**দ্বাসীতি**—বিরাশি।

**দ্বি**—(সংখ্যাবাচক) দুই। **দ্বিক**—দুই; জোড়া; যুগল। **দ্বিক্খত্তুং**—দ্বিতীয় বার। **দ্বিগুণ**—দ্বিধাবিভক্ত; দ্বিগুণ। **দ্বি চত্তালীসতি**—বিয়াল্লিশ। **দ্বিজিবহা**—সর্প (যার দুইটি জিহ্বা)। **দ্বি নবুতি**—বিরানব্বই। **দ্বি পঞ্ঞাসতি**—বায়ান্ন। **দ্বি মাসিক**—দুই মাস বয়স্ক অথবা দুই মাস স্থিত। **দ্বি সট্ঠি**—বাষট্টি। **দ্বি সত**—দুই শত। **দ্বি সত্ততি**—বাহাত্তর। **দ্বি সহস্স**—দুই সহস্র; দুই হাজার।

**দ্বিজ**—ব্রাহ্মণ; পাখি; দন্ত (দুইবার জন্ম)।

**দ্বিধা**—দুই উপায়ে; দুই অংশে। **দ্বিধাপথ**—আড়াআড়ি রাস্তা।

**দ্বিপ**—হস্তী।

**দ্বীহ**—দুই দিন। **দ্বীহ তীহং**—দুই অথবা তিন দিন; দুই-তিন দিবস।

**দ্বে**—('দ্বি'-র কর্তায় বহুবচন) দুই। **দ্বে ভাৱ**—দ্বিধাবিভক্ত বা দ্বিগুণ অবস্থা; **দ্বেৱাচিক**—(পুনরায় বলার জন্য) মাত্র দুইটি শব্দ যোগে।

**দ্বেজ্ঝ**—সন্দেহ; বিরুদ্ধভাব; সন্দেহজনক।

**দ্বেধা**—দুইভাগে; দুই প্রকারে; দুই দিকে। **দ্বেধাপথ**—আড়াআড়ি রাস্তা।

**দ্বেল্‌হক**—সন্দেহ; সংশয়। **দেল্‌হকজাত**—সন্দেহযুক্ত হয়ে।

---

# ধ

---

**ধঙ্ক**—কাক।

**ধজ**—ধ্বজ; ধ্বজা; পতাকা; প্রতীক; প্রতীকচিহ্ন; নিশান। **ধজগ্গ**—ধ্বজাগ্র; নিশানের আগা। **ধজালু**—পতাকায় সজ্জিত। **ধজাহুট**—বলপূর্বক গৃহীত; যুদ্ধে অধিকৃত; যুদ্ধ-বন্দী।

**ধজিনী**—সেনাবাহিনী।

**ধঞ্‌ঞ**—শস্যকণা; শস্য; বীজ। **ধঞ্‌ঞরাসি**—শস্যরাশি; শস্যের স্তূপ বা গাদা। **ধঞ্‌ঞাগার**—শস্যাগার; শস্যগোলা।

**ধঞ্‌ঞ, ধঞ্‌ঞবন্তু**—ধন্য; ভাগ্যবান; কৃতার্থ।

**ধত**—('ধারেতি'র *pp*) ধৃত; যা ধারণ করা হয়েছে এরূপ; অবলম্বিত বিবেচিত; গৃহীত।

**ধন**—অর্থ; সম্পত্তি। **ধনক্‌খয়**—ধনক্ষয়; বিত্তনাশ। **ধনক্কিত**—ধনক্রীত; অর্থের জন্য ক্রয় করা হয়েছে এমন। **ধনথদ্ধ**—প্রভূত আছে বলে গর্ব; টাকার দেমাক; ধনজনিত গর্ব। **ধনত্থিকা**—ধনার্থী। অর্থের জন্য লালায়িত। **ধনলোল**—অর্থ লোলুপ; অর্থ-সতৃষ্ণ। **ধনহেতু**—অর্থের হেতু; অর্থের কারণে। **ধনআসা**—ধনের আশা; অর্থের আশা।

**ধনাযতি**—('ধন' হতে *deno*) কোনো কিছুকে একজনের ধনরূপে বিবেচনা করা।

**ধনিক**—উত্তমর্ণ; পাওনাদার।

**ধনিত**—ধ্বনিত; ধ্বনি; শব্দ; আওয়াজ; শব্দিত; ধ্বনি দ্বারা প্রতিপাদিত।

**ধনী**—ধনবান; অর্থশালী ব্যক্তি।

**ধনু**—ধনু। **ধনুক**—ক্ষুদ্র ধনু। **ধনুকার**—ধনুনির্মাতা। **ধনু কেতকী**—(কেয়াগাছ = Screwpine?)। **ধনুগ্গহ**—ধনুগ্রহ; ধনুর্ধর; ধানুকী; তীরন্দাজ। **ধনু সিপ্প**—ধনুশিল্প; ধনুর্বিদ্যা; ধনু এবং অন্যান্য অস্ত্র চালন বিদ্যা।

**ধন্ত**—('ধমতি'র *pp*)।

**ধম, ধমক**—দম্ভ করে এমন; আপনার ঢাক আপনি পেটানো; নিজেই নিজের গুণগানকারী।

**ধমকারক**—জল বা তরলপদার্থ পরিস্রুত করার যন্ত্র; ফিলটার; পরিস্রাবক।

**ধমতি**—(ধম্‌+অ) বাজানো; শব্দ করা; ধ্বনিত হওয়া; নিনাদিত হওয়া বা বাজা। *aor* **ধমি**। *prp* **ধমন্ত**। *abs* **ধমিত্বা**। *ger* **ধমন**।

**ধমনি**--ধমনি; হৃৎপিণ্ডে রক্তবাহী শিরা। **ধমনিসন্থতগত্ত**—(মাংসের অভাব হেতু) দেহের সর্বাংশে দৃশ্যমান শিরা।

**ধমেতি**—(ধম্‌+এ) শব্দ করানো; ধ্বনিত করানো; নিনাদিত করা; বাজানো। *aor* **ধমেসি**। *pp* **ধমেন্ত**। *caus* **ধমাপেতি**।

**ধম্ম**—ধর্ম; উপদেশাবলি; বিশ্ব প্রকৃতি; স্বাভাবিক অবস্থা; স্বভাব; সত্য; সত্যতা; প্রতিষ্ঠিত বা স্বীকৃত বা প্রমাণিত তথ্য অথবা তত্ত্ব; নিয়ম; আদর্শ; নমুনা; মান; নৈতিকতা; ন্যায়পরায়ণতা; সত্যতা; জিতেন্দ্রিয়তা; কর্তব্যপালন; নীতি; নীতিশাস্ত্র; সদাচার; সদাচরণ। **ধম্ম অধিপতি**—পরিচালকরূপে অনুশাসনের প্রতি শ্রদ্ধাবান। **ধম্ম অনুধম্ম**—বৈধতা; ন্যায্যতা; আইনসম্মতি; বিধিসঙ্গতি; আদর্শ অনুসারে। **ধম্ম-অনুবত্তী, ধম্ম-অনুসারী**—ধর্মাদর্শ অনুবর্তনকারী বা অনুসরণকারী। **ধম্মঅমত**—ধর্মের বা আদর্শের অমৃত বা সুধা। **ধম্মআদাস**—ধর্মের বা আদর্শের আরশি বা আয়না বা মুকুর বা দর্পণ। **ধম্ম-আধার**—ধর্মের আদর্শের আলম্বন। **ধম্ম-আসন**—প্রচারবেদী। **ধম্মক্‌খান**—উপদেশাবলি প্রচারণা। **ধম্মকথা**—ধর্মালোচনা নৈতিক আলাপ। **ধম্মকথিক**—যে আদর্শ প্রচার করে এমন। **ধম্মকম্ম**—আইনত সুযুক্তিপূর্ণ কাজ; বিনয় বিধান অনুসারে কার্য-পরিচালনার প্রণালি। **ধম্ম-কাম**—সত্যাসক্ত। **ধম্মকায**—স্বাভাবিক দেহ। **ধম্মক্‌খন্ধ**--ধর্মস্কন্ধ; আদর্শের একাংশ। **ধম্মগণ্ডিকা**—যে কাষ্ঠখণ্ডের উপর হন্তব্য প্রাণীর গ্রীবা গেথে তার শিরচ্ছেদ করা হয়; বিচারের ফাঁসিকাষ্ঠ অর্থাৎ ফাঁসি। **ধম্মগরু**—ধর্মগুরু; ধর্মবিবেচক। **ধম্মগুত্ত**—আদর্শ দ্বারা রক্ষিত। **ধম্মঘোসক**—ধর্মের আদর্শ শিক্ষা ঘোষণা করে এমন। **ধম্মচক্ক**—ধর্মচক্র; আদর্শের বা ধর্মোপদেশের চাকা। **ধম্মচক্কপ্পবত্তন**—ধর্মচক্রপ্রবর্তন; জাগতিক ন্যায়পরায়ণতা বা নিরপেক্ষতা প্রচারণা। **ধম্ম-চক্‌খু**--ধর্মচক্ষু; জ্ঞানচক্ষু। **ধম্মচরিযা**--ন্যায়পরায়ণতা পর্যবেক্ষণ; আদর্শ পর্যবেক্ষণ। **ধম্মচারী**—যিনি নিরপেক্ষতায় বা ন্যায়পরায়ণতায় বিচরণশীল; ধার্মিক। **ধম্মচেতিয**—যে মন্দিরে পবিত্র গ্রন্থাদির মূল পাঠ স্থাপিত রয়েছে। **ধম্মজীবী**—ধর্মীয় জীবনযাপনকারী। **ধম্মঞ্‌ঞূ**—ধর্মজ্ঞ; আদর্শ সম্বন্ধে জ্ঞান আছে এমন। **ধম্মট্‌ঠ**—ন্যায়পরায়ণ;

নীতিপরায়ণ। **ধম্মট্ঠি**—আদর্শের প্রকৃত স্বভাব। **ধম্মতক্ক**—ন্যায়বিচার; শুদ্ধযুক্তি। **ধম্মদান**—দানের আদর্শ; আদর্শ-দান। **ধম্মদায়াদ**—ধর্ম একজনের উত্তরাধিকার; আধ্যাত্মিক উত্তরাধিকারী। **ধম্ম-দীপ**—আদর্শকে সুপ্রতিষ্ঠারূপে গ্রহণ করে। **ধম্মদেসনা**—ধর্মদেশনা; আদর্শ প্রকট করণ; তথ্য বা তত্ত্ব বর্ণনা করণ। **ধম্মদেসী**—ধর্মদ্বেষী; ধর্ম হিংসাকারী; আদর্শ হিংসাকারী। **ধম্মধজ**—ধর্মকে বা আদর্শকে একজনের পতাকা বা নিশানারূপে গ্রহণ করে। **ধম্মধর**—যে সত্যধর্মকে আন্তরিকভাবে জানে এমন। **ধম্মনিযাম**—ধর্মের শৃঙ্খলা; আদর্শের ধারা। **ধম্মপণ্ণাকার**—ধর্মের বর্তমান গঠনকার। **ধম্মপদ**—ধর্মের রেখা বা পদ বা চরণ বা পথ বা পঙ্ক্তি বা ছত্র বা সারি। **ধম্মপ্পমাণ**—শিক্ষাদান দ্বারা পরিমাপ। **ধম্মভণ্ডাগারিক**—নৈতিকতা বা ন্যায়পরায়ণতা বা আদর্শের আগার। **ধম্মভেরি**—ধর্মঢাক। **ধম্মরক্খিত**—ধর্ম কর্তৃক রক্ষিত। **ধম্ম-রত**—অনুশাসনানুরাগী। **ধম্মরতি**—অনুশাসনের প্রতি পরমানন্দ। **ধম্মরস**—ধর্মরস; ধর্মস্বাদ। **ধম্মরাজ**—ধর্মরাজ; ন্যায়পরায়ণতার রাজা। **ধম্মলদ্ধ**—ন্যায়পরায়ণতার সহিত লব্ধ। **ধম্মবর**—পরমোৎকৃষ্ট উপদেশাবলি। **ধম্মবাদী**—নীতি অনুসারে কথা বলে এমন। **ধম্ম বিচয**—ধর্মবিচয়; ধর্মবিচার; উপদেশাবলি সম্বন্ধে অনুসন্ধান। **ধম্মবিদূ**—অনুশাসন উপলব্ধি করে এমন। **ধম্মবিনিচ্ছয**—ধর্মবিনিশ্চয়; ন্যায়পরায়ণ সিদ্ধান্ত। **ধম্মবিহারী**—বিধি অনুসারে জীবিত এমন। **ধম্ম সংবিভাগ**—অনুশাসনের শ্রেণীবিভাগ। **ধম্ম সঙ্গীতি**—ধর্মশাস্ত্রের আবৃত্তি বা বক্তৃতা বা বর্ণনা। **ধম্মসঙ্গাহক**—ধর্ম সংগ্রাহক; ধর্মশাস্ত্র সংকেলক। **ধম্ম সমাধান**—আদর্শ অর্জন। **ধম্মসরণ**—আদর্শের ওপর একজনের বিশ্বাস বা আস্থা স্থাপন। **ধম্ম-সরণ**—আদর্শ শ্রবণ। **ধম্মসাকচ্ছা**—অনুশাসন বিষয়ে বিতর্ক বা আলোচনা। **ধম্মসালা**—ধর্মালোচনা বা পরিষদ কক্ষ। **ধম্ম সেনাপতি**—ধর্মমহাধ্যক্ষ। **ধম্মসোণ্ড**—ধর্মাদর্শানুরাগী। **ধম্মস্সামী**—ধর্মাদর্শের শাসক।

**ধম্মতা**—সাধারণ নিয়ম; প্রকৃতি।

**ধম্মনি**—মূষিক-সর্প অথবা সর্প-মূষিক।

**ধম্মিক**—ধার্মিক; ধর্মশীল।

**ধম্মিল্ল**—চুলের জট; বিনানো চুল।

**ধম্মিকথা**—ধর্ম-কথা; ধর্মালাপ।

**ধর**—বহন, ধারণ; স্মরণ; অঙ্গে ধারণ।

**ধরণ**—প্রায় ৩/৫ আউন্স ওজন বিশেষ।

**ধরণী**—পৃথিবী। **ধরণীরুহ**—বৃক্ষ।

**ধরতি**—(ধর্+অ) চালু থাকা; স্থায়ী হওয়া; টিকে থাকা; চলতে থাকা; বেঁচে থাকা। *aor* **ধরি**। *prp* **ধরন্ত, ধরমান**।

**ধরা**—পৃথিবী।

**ধৱ**—স্বামী; পতি; বাবলাগোত্রীয় গাছ।

**ধৱল**—সাদা; শুভ্র; নির্মল; সাদা রং।

**ধাত**—খাওয়ানো হয়েছে এমন; পরিতৃপ্ত; চরিতার্থ; পেটপুরে খাওয়ানো এমন।

**ধাতী**—ধাত্রী; ধাই-মা।

**ধাতু**—উপাদান; স্বাভাবিক অবস্থা; দেহাবশেষ; শব্দের মূল বিশেষ; জীবদেহ নিঃসৃত রস; জ্ঞানেন্দ্রিয়ের কর্মশক্তি। **ধাতুকথা**—উপাদানসমূহের ব্যাখ্যা; অভিধর্মের তৃতীয় গ্রন্থ। **ধাতুকুসল**—উপাদানসমূহে দক্ষ। **ধাতুঘর**—দেহাবশেষের কক্ষ। **ধাতুনানত্ত**—প্রকৃতির অথবা উপাদানের বৈচিত্র্য। **ধাতুবিভাগ**—উপাদান-বিভাজন; দেহাবশেষ বণ্টন।

**ধাতুক**—প্রকৃতি লাভ করে।

**ধার, ধারক, ধারী**—বাহন; ধারণ; অঙ্গে ধারণ।

**ধারা**—১ খরস্রোত; প্রবল বৃষ্টিপাত; জলস্রোত; জলপ্রবাহ; প্রবাহ; ধারা। ২ অস্ত্রের কিনারা।

**ধারেতি**—(ধার্+এ) বহন করা; ধারণ করা; অঙ্গে পরিধান করা বা ধারণ করা। *aor* **ধারেসি**। *pp* **ধারিত**। *prp* **ধারেন্ত**। *abs* **ধারেত্বা**।

**ধারেতু**—বাহক; বহনকারী; ধারক; ধারণকারী; পরিধানকারী; পরিধানকারক।

**ধাৱতি**—(ধাৱ+অ) দৌড় দেওয়া; হঠাৎ বা দ্রুত চলে যাওয়া। *aor* **ধাৱি**। *pp* **ধাৱিত**। *prp* **ধাৱন্ত**। *abs* **ধাৱিৱ, ধাৱিত্বা**।

**ধাৱন**—দ্রুত গমন।

**ধাৱী**—দ্রুত গমন করে এরূপ।

**ধি**—ছিঃ; ধিক; লজ্জা !; শরম !; দুঃখ !।

**ধিক্কত**—ধিকৃত; ঘৃণিত; অবহেলিত।

**ধিতি**—ধৃতি; উৎসাহ; সাহস। **ধিতিমন্ত**—তেজোময়; কর্মচঞ্চল; দৃঢ়; অটল।

**ধী**—বুদ্ধি; জ্ঞান; মতি। **ধীমন্ত**—জ্ঞানী; বুদ্ধিমান।

**ধীতলিকা**—পুতুল।

**ধীতু**—ধীতা; দুহিতা; কন্যা; মেয়ে। **ধীতুপতি**—জামাতা।

**ধীযতি**—(ধা+ঈ+য) গর্ভে ধারণ করা। *aor* **ধীযি**। *prp* **ধীযমান**।

**ধীর**—জ্ঞানী; জ্ঞানীলোক।

**ধীৱর**—জেলে; মৎস্যশিকারি।

**ধুত, ধুত**—('ধুনাতি'র *pp*) সকল সম্পর্ক ত্যাগ করা বা পরিত্যক্ত হয়েছে এমন; অপসারিত। **ধুতঅঙ্গ**—কঠোর তপশ্চর্যা। **ধুতধর**—যে ধুতঙ্গ অনুশীলন করে। **ধুতবাদী**—যে বারংবার ধুতঙ্গ আবৃত্তি করে ধারণা জন্মায়।

**ধুত্ত, ধুত্তক**—যে কলুষিত জীবন যাপন করে; পাজি; ইতর; দুর্বৃত্ত; প্রতারক।

**ধুত্তী, ধুত্তিকা**—('ধুত্ত'র এবং 'ধুত্তক'র স্ত্রীলিঙ্গ)।

**ধুনন**—সম্পর্ক ছেদন; লোপ করণ; ধ্বংস করণ।

**ধুনতি**—(ধু+না) এপাশ ওপাশ করানো বা করা; সম্পর্ক ছেদ করা; অপসারণ করা। *aor* **ধুনি**। *prp* **ধুনন্ত**। *ptp* **ধুনতব্ব**। *abs* **ধুনিত্বা**।

**ধুর**—১ কার্যালয়; দায়িত্ব; কার্যভার। ২ সংযোজক; জোয়াল; যুগন্ধর। ৩ বহন-দণ্ড। ৪ সম্মুখভাগ; গোড়ার দিক; সর্বাগ্রবর্তী; নিকটে; কাছাকাছি; প্রায়; নিকটবর্তী। **ধুরগাম**—পার্শ্ববর্তী গ্রাম। **ধুরন্ধর**—কর্মকর্তা; দায়িত্বশীল। **ধুর নিক্খেপ**—আশা বা দায়িত্ব বিসর্জন। **ধুরভত্ত**—নিয়মিতভাবে যাকে খাদ্য দেয়া হয় এমন। **ধুরবহন**—জোয়াল বা দায়িত্ব বহন। **ধুর বিহার**—পার্শ্ববর্তী বিহার বা ভিক্ষুর আবাস।

**ধুব**—ধ্রুব; নিশ্চল; স্থির; নিয়মিত; অপরিবর্তনীয়। **ধুবং**—নিয়মিতভাবে; অপরিবর্তনীয় অবস্থায়।

**ধূপ**—ধুনা; সৌরভ।

**ধূপন**—১ ধোঁয়া প্রদান; বাষ্পস্নান; ধূপের ধোঁয়া; ধোঁয়া দিয়ে সুরভিত করণ। ২ রুচিকর সুগন্ধপূর্ণ করবার জন্য খাদ্যাদিতে যা মিশানো হয়; (তরকারি) পাকানো বা পাক করণ।

**ধূপায়তি**—('ধূপ' হতে *deno*) ধোঁয়া নির্গত করা; ধোঁয়া দেওয়া; বাষ্প দেওয়া; বাষ্পস্নান করান। *aor* **ধূপায়ি**। *prp* **ধূপায়ন্ত**। *pp* **ধূপায়িত**।

**ধূপেতি**—(ধূপ+এ) রুচিকর সুগন্ধ দান করা; তৈল দিয়ে পাকানো বা পাকা; ধোঁয়া দেওয়া। *aor* **ধূপেসি**। *pp* **ধূপিত**। *abs* **ধূপেত্বা**।

**ধূম**—ধূম্র; ধোঁয়া; বাষ্প; অসার বস্তু। **ধূমকেতু**—সপুচ্ছ জ্যোতিপদার্থ; কেতুগ্রহ; অগ্নি। **ধূমজাল**—ধূম্রপুঞ্জ। **ধূমনেত্ত**—ধূম্রনেত্র; যার চোখ ধোঁয়ার মতো বর্ণ যুক্ত এরূপ; ধূম্রবর্ণ নেত্রবিশিষ্ট; ধূম্র অক্ষি যার। **ধূম সিখা**—আগুন। **ধূমায়িতত্ত**—সনির্বন্ধ অনুরোধ; মিনতি; ম্লান করণ; ধোঁয়ার ন্যায় হওন।

**ধূমায়তি**—('ধূম' হতে *deno*) ধোঁয়া ছড়ানো; ধূম্র প্রয়োগ করা; ধূম্র প্রয়োগে অস্পষ্ট বা অন্ধকার করা; ধূমপান করা; চাপাভাবে বা শিখাহীন হয়ে জ্বলা; মেঘে ছেয়ে ফেলা। *aor* **ধূমায়ি**।

**ধূলি**—ধূলি; ধুলা।

**ধূসর**—ঈষৎ ধূলার বর্ণ; শুভ্র ও কৃষ্ণ—উভয় মিশ্রণে উৎপন্ন বর্ণ; ঈষৎ পাণ্ডুবর্ণ।

**ধেনু**—গাভী; নবপ্রসূতা গাভী; স্ত্রীপশু। **ধেনুপ**—দুগ্ধপায়ী বাছুর।

**ধোত**—('ধোবতি'র *pp*)।

**ধোন**—জ্ঞানী; পণ্ডিত; বিজ্ঞ।

**ধোরয্হ**—বোঝা বহনে বা ভার বহনে সমর্থ; জোয়াল বহন করতে সমর্থ; ভারবাহী পশু।

**ধোবতি**—(ধোব+অ) ধৌত করা; জল দিয়ে আলতোভাবে ধোয়া; প্রক্ষালন; সাফ করা; পরিষ্কার করা; বিশোধন করা। *aor* **ধোবি**। *pp* **ধোত**। *prp* **ধোবন্ত**। *ptp* **ধোবিতব্ব**। *abs* **ধোবিত্বা, ধোবিয**।

**ধোবন**—ধোওন; পরিষ্কার।

---

# ন

---

**ন**—(না-সূচক অব্যয়) না; এরূপ বা এমন নয়; মোটেই নয়; কেউ নয়; একটিও নয়; কোনোক্রমে নয়।

**নকুল**—বেজি; নেউল।

**নক্ক**—ঘুঘুবিশেষ।

**নক্খত্ত**—নক্ষত্র; গ্রহপ্রভাব; গ্রহদৃষ্টি; বিশিষ্ট ব্যক্তিগণের দল বা সমাবেশ; তারা; উদ্‌যাপন; পালন; অনুষ্ঠান; প্রসিদ্ধি; খ্যাতি। **নক্খত্তকীলা, নক্খত্তকীলন**—নক্ষত্র ক্রীড়া; নক্ষত্র ক্রীড়ন; কতেক নক্ষত্রপুঞ্জের আবির্ভাবে উৎসব অনুষ্ঠান বিশেষ। **নক্খত্তপাঠক**—জ্যোতিষী। **নক্খত্তযোগ**—গ্রহ-উপগ্রহের সংযোগ; কোষ্ঠী; জাতপত্রিকা। **নক্খত্তরাজ**—চন্দ্র।

**নখ**—অঙ্গুলির অগ্রভাগস্থ উপাস্থি; পশুপক্ষীর তীক্ষ্ণ ও বক্র নখর; কাঁকড়া; চিংড়িমাছ প্রভৃতি সাঁড়াশি-সদৃশ দাঁড়া। **নখপঞ্জর**—নখর ও দাঁড়া বিশেষ।

**নখী**—নখর ও দাঁড়া আছে এমন।

**নগ**—পর্বত; বৃক্ষ।

**নগর**—শহর; নিরাপদ স্থান বা আশ্রয়স্থল। **নগর-গুত্তিকা**—নগরের প্রধান শাসক; নগরপাল; পৌর-প্রতিষ্ঠানের কর্তা; মহানাগরিক। **নগরবর**—আদর্শ শহর। **নগরবাসী**—নাগরিক। **নগরসোধক**—যে নগর পরিষ্কার করে বা যদ্দ্বারা নগর পরিষ্কার করা

হয়। **নগরসোভিনী**—নগর-প্রণয়িণী; নাগরী; রাজসভায় যে বারাঙ্গনা থাকে; সভাসুন্দরী; বেশ্যা।

**নগ্‌গ**—নগ্ন; বিবস্ত্র; উলঙ্গ; অনাবৃত; নিবারণ। **নগ্‌গচরিযা**—নগ্নতা; নগ্নমূর্তি। **নগ্‌গসমণ**—নগ্ন শ্রমণ; উলঙ্গ সন্ন্যাসী।

**নগ্‌গিয**—নগ্নতা; নগ্নমূর্তি।

**নঙ্গল**—লাঙ্গল। **নঙ্গলফাল**—লাঙ্গলের ফলক। **নঙ্গলীস**—ঈশা; লাঙ্গলদণ্ড।

**নঙ্গুট্‌ঠ**—লাঙ্গুল; লেজ; পুচ্ছ।

**ন চিরস্‌সং**—শীঘ্রই; অনতিবিলম্বে; অনতিকাল-মধ্যে।

**নচ্চ**—নৃত্য; নাচ; অভিনয়। **নচ্চট্‌ঠান**—নৃত্যস্থান; অভিনয়মঞ্চ; রঙ্গমঞ্চ; নাট্যশালা; প্রেক্ষাগৃহ।

**নচ্চক**—নর্তক; অভিনেতা।

**নচ্চতি**—(নট্‌+য) নাচন; নৃত্য করা; নাট্যকার হিসাবে কার্যকর করা বা সম্পাদন করা। *aor* **নচ্চি**। *prp* **নচ্চিত্বা**। *ger* **নচ্চন**।

**নট, নটক, নট্টক, নত্তক**—নর্তক; অভিনেতা।

**নট্ট, নত্ত, নত্তন**—নর্তন; অভিনয়।

**নট্‌ঠ**—('নস্‌সতি'র *pp*) নষ্ট; খোয়া গিয়েছে এমন; নিখোঁজ; নিরুদ্দিষ্ট; অপব্যয়িত; সর্বনাশগ্রস্ত।

**নত**—('নমতি'র *pp*) আনত; প্রণত; ঈষৎ বক্র; বাঁকা।

**নতি**—নমস্কার; প্রণাম; নুয়ে থাকা; নমন; হেলে পড়া; নম্রতা।

**নত্তমাল**—*Pongamia glabra* বৃক্ষ।

**নত্তু**—নাতি; পুত্র বা কন্যার পুত্র; পৌত্র বা দৌহিত্র।

**নত্থি**—(ন+অত্থি) না; নয়; নহে; নাই; বর্তমান নয়। **নত্থিকদিট্‌ঠি**—সবকিছুতেই অবিশ্বাস মতবাদ; নাস্তিক মতবাদ। **নত্থিতা, নত্থিভাৱ**—অনুপস্থিতি; অবর্তমানতা।

**নত্থু**—নাসিকা; নাক। **নত্থুকম্ম**—তৈলপ্রয়োগ ইত্যাদি মিলায়ে নাসিকা-চিকিৎসা।

**নদতি**—(নদ্‌+অ) গুরুগম্ভীর গর্জন করা; নিনাদ করা; ধ্বনি করা। *aor* **নদি**। *prp* **নদন্ত**। *pp* **নদিত**। *abs* **নদিত্বা**।

**নদন**—নাদন; গর্জন।

**নদী**—স্রোতস্বিনী; স্রোতস্বতী; তটিনী; তরঙ্গিণী; শৈবলিনী। **নদীকূল**—নদীতট; নদীতীর। **নদী-দুগ্‌গ**—নদীর কারণে অনভিগম্য অর্থাৎ নিকটে যাওয়া যায় না এমন। **নদীমুখ**—নদীর মোহনা।

**নদ্ধ**—('নন্ধতি'র *pp*) বদ্ধ; বিজড়িত; আবদ্ধ; মোচড়ানো; পাকানো।

**নদ্ধি**—(প্রধানত চামড়ার) ফিতা বা ফালি; হাতল বাদে চাবুকের অংশ।

**ননন্দা**—ননদ; ননদিনী; ননদী; স্বামীর বোন।

**ননু**—[হাঁ-সূচক অব্যয়] ইহা নয় কি? নিশ্চয়ই; অবশ্যই।

**নন্দ, নন্দক**—আনন্দ; সন্তোষ।

**নন্দতি**—(নন্দ্‌+অ) খুশি হওয়া; আনন্দ করা; আনন্দিত করানো; আনন্দিত হওয়া; আনন্দ মেটানো; আনন্দ জোগানো। *aor* **নন্দি**। *pp* **নন্দিত**। *prp* **নন্দমান**। *ptp* **নন্দিতব্ব**। *abs* **নন্দিত্বা**।

**নন্দন**—অনন্দ; হর্ষ; সন্তোষ; ইন্দের নগরস্থ উদ্যান।

**নন্দনা**—আনন্দ; হর্ষ; সন্তোষ।

**নন্দি**—পুলক; আনন্দ; সুখানুভব; ইন্দ্রিয়ের বা মনের পরিতোষ; পরমানন্দ; উল্লাস; পরমানন্দদায়ক ব্যক্তি বা বস্তু বা বিষয়; সনির্বন্ধ প্রার্থনা; মিনতি। **নন্দিক্‌খয**—আকুল প্রার্থনা নিস্পন্ন; আকুল কামনা সিদ্ধ। **নন্দিরাগ**—আবেগচালিত বা আবেগপূর্ণ পরমানন্দ। **নন্দিসংযোজন**—নন্দি আকুল প্রার্থনার বা আকুল কামনার প্রতিবন্ধক।

**নন্ধতি**—(নধ্‌+ং-অ) জড়ানো; মোড়া; আলিঙ্গন করা; বিকৃত করা; বন্ধন করা। *aor* **নন্ধি**। *abs* **নন্ধিত্বা**। 'ৱিনন্ধতি' দেখুন।

**নন্ধি**—'নদ্ধি' দেখুন।

**নপুংসক**—১ খোজাপুরুষ (বিশেষত হারেমের প্রহরী উচ্চকণ্ঠ গায়ক); কাপুরুষ। ২ ক্লীবলিঙ্গ।

**নভ**—আকাশ। মিশ্রণে ইহার রূপ 'নভো' হয়, যথা : **নভোগত**—আকাশে অস্তিমান বা বিদ্যমান।

**নমক্কার**—নমস্কার; আনুগত্য-স্বীকার; শ্রদ্ধা বা সশ্রদ্ধ স্বীকৃতি; শ্রদ্ধা; প্রণাম; নত হয়ে অভিবাদন।

**নমতি**—(নম+অ) আনমিত করানো বা হওয়া; প্রণাম করা; নত হয়ে অভিবাদন করা। *aor* **নমি**। *pp* **নত**। *prp* **নমন্ত**। *abs* **নমিত্বা**। *ger* **নমন**।

**নমস্‌সতি**—(নমস্‌+অ) সম্মান করা; শ্রদ্ধা করা; সম্মানপ্রদর্শন করা; শ্রদ্ধাপ্রদর্শন করা। *aor* **নমস্সি**। *pp* **নমস্সিত**। *prp* **নমস্সন্ত**। *abs* **নমস্সিত্বা, নমস্সিয**। *inf* **নমস্সিতুং**।

**নমস্‌সন, নমস্‌সনা**—শ্রদ্ধা; বন্দনা; পূজা; অর্চনা; ভক্তি।

**নমুচি**—সর্বনাশকারী; বিনাশক; কন্দর্প; অসুর; মৃত্যু।

**নমো**—কারো প্রতি নমস্কার।

**নম্মদা**—নর্মদা; ভারতীয় নদীর নাম।

**নয**—ন্যায়; প্রণালি; নিয়ম; ধরন; পরিকল্পনা;

রচনাশৈলী; চিন্তাশৈলী; সিদ্ধান্ত; নির্ভুল উপসংহার।

**নয়তি**—(নি+য) পরিচালনা করা; চালানো; পথ দেখিয়ে নিয়ে যাওয়া; নিয়ন্ত্রিত করা। *aor* **নয়ি**। 'নেতি' দেখুন।

**নয়ন**—নয়ন; চক্ষু; চোখ; যাপন; কাটানো। **নয়নআবুধ**—চক্ষুই যার অস্ত্র বিশেষ এমন ব্যক্তি অর্থাৎ যমরাজ।

**নয্‌হতি**—(নহ্‌+য) বন্ধন করা; জুড়ে দেওয়া; জড়ানো; মোড়া; পাক দেওয়া; পাক খাওয়া। *aor* **নয্‌হি**। *pp* **নদ্ধ**। *ger* **নয্‌হন**। *abs* **নয্‌হিত্বা**।

**নর**—মানুষ; মানব। **নরদেব**—রাজা। **নরবীর**—বীর-পুরুষ : বুদ্ধ। **নরসীহ**—নরসিংহ : বুদ্ধ। **নরাসভ**—মানবের প্রভু। **নরুত্তম**—মহামানব; নরশ্রেষ্ঠ। **নরাধম**—দুর্বৃত্ত; পাপী; দুশ্চরিত্র লোক।

**নরক**—বিশোধক; অবাঞ্ছিত পদার্থ বা ব্যক্তিবর্গ হতে বিমোচক; অভিযোগ মোচনকর; প্রায়শ্চিত্তমূলক; মৃতের আলয়; অসৎকর্ম ও দুর্দশার আড্ডা; জুয়ার আড্ডা। **নরকগ্গি**—নরকাগ্নি; নরকের আগুন।

**নলাট**—ললাট; কপাল; ভাগ্য; অদৃষ্ট; ভাগ্যলিপি।

**নলিনী**—পদ্ম-পুকুর।

**নব**—১ নূতন। ২ নয় (সংখ্যা)। **নবকম্ম**—নবকর্ম; নতুন কাজ। **নবকম্মিক**—নির্মাণ-কুশলী। **নবঙ্গ**—নয়টি অংশ বা অঙ্গ আছে এমন। **নবনবুতি**—নিরানব্বই।

**নবক**—নবাগত; অল্পবয়স্ক ব্যক্তি; কচি; নয়ের একটি দল। **নবকতর**—অধিকতর অল্পবয়স্ক।

**নবনীত**—টাটকা মাখন।

**নবম**—নয় সংখ্যার পূরক। **নবমী**—পক্ষের নবম দিবস।

**নবুতি**—নব্বই।

**নস্‌সতি**—(নস্‌+অ) বিনষ্ট করা; ধ্বংস করা; অদৃশ্য হওয়া। *aor* **নস্সি**। *pp* **নট্‌ঠ**। *prp* **নস্‌সন্ত**। *abs* **নস্‌সিত্বা**।

**নস্‌সন**—অদৃশ্য হওন; অন্তর্ধান; ধ্বংস; বিনাশ; নাশ; ক্ষতি; হানি; লোকসান।

**নহাত, ন্‌হাত**—('নহায়তি'র *pp*) যে ব্যক্তি স্নান করেছে।

**নহান, ন্‌হান**—স্নান করণ; স্নান। **নহানিয**—স্নানচূর্ণ অথবা স্নানে ব্যবহারযোগ্য যে কোনো পদার্থ।

**নহাপন**—স্নানকরণ অথবা ধৌতকরণ (যে কোনোটি)।

**নহাপিত**—নাপিত; ক্ষৌরকার।

**নহাপেতি**—(নহ্‌+আপে) স্নান করান। *aor* **নহাপেসি**। *pp* **নহাপিত**। *prp* **নহাপেন্ত**। *abs* **নহাপেত্বা**।

**নহায়তি**—(ন্‌হা+য) স্নান করা। *aor* **নহায়ি**। *prp* **নহায়ন্ত**। *abs* **নহায়িত্বা**। *inf* **নহায়িতুং**। *ger* **নহায়ন**।

**নহারু, ন্‌হারু**—স্নায়ু, পেশিতন্তু; কণ্ডরা; শক্তি বা শক্তির উৎস; যে শিরাগুচ্ছ দ্বারা হাড় বা অন্য অঙ্গের সহিত মাংসপেশি। আবদ্ধ থাকে তা।

**নহুত**—অযুত; দশ সহস্র।

**নল**—নল; শর; খাগড়া; বেণু-বাঁশ; চোঙ; পাইপ। **নলকার**—ঝুরিনির্মাতা; খাগড়ার কর্মী। **নল-কলাপ**—নলের আঁটি; খাগড়ার তাড়া। **নল মীণ**—বেঁটে লোক; বাগদা চিংড়ি বা শলা চিংড়ি। **নল অগার**—নলের তৈরি কুঁড়েঘর।

**নাক**—স্বর্গ; আকাশ।

**নাগ**—গোক্ষুরসর্প; গোখুরা; হস্তী; লোহাকাষ্ঠ-বৃক্ষ; সদাশয় ব্যক্তি। **নাগদন্ত, নাগতক**—হস্তীদন্তের গোঁজ বা কীলক। **নাগবল**—হাতির মতো বল এমন। **নাগবলা**—এক জাতীয় লতানে গাছ। **নাগভবন**—নাগরাজ্য। **নাগমাণবক**—নাগবংশের যুবক। **নাগমাণবিকা**—নাগকুমারী। **নাগরাজ**—নাগগণের রাজা। **নাগরুক্খ**—নাগবৃক্ষ; লৌহকাষ্ঠ গাছ। **নাগলতা, নাগপান**—লতা। **নাগলোক**—নাগজগৎ। **নাগবন**—লৌহকাষ্ঠ বৃক্ষের বন; যেখানে হাতি বাস করে এমন বন।

**নাগর, নাগরিকা**—নগরবাসী; শহরবাসী; শহুরে; পৌর; সুসভ্য; স্বাধীন অধিবাসী।

**নাটক**—অভিনয়গ্রন্থ; দৃশ্যকাব্য।

**নাটকিত্থি, নাটিকা**—নর্তকী; যে স্ত্রী নৃত্য করে।

**নাথ**—প্রতিরক্ষা; নিরাপত্তা; রক্ষাকর্তা; প্রতিরক্ষক।

**নানত্ত**—বৈচিত্র্য; বিভিন্নতা; পার্থক্য; প্রভেদ। **নানত্তকায**—বিভিন্ন প্রকার শারীরিক অবস্থা সহকারে।

**নানা**—বিসদৃশ; পৃথক; ভিন্নরূপ; নানাভাবে; বিভিন্ন রকমে। **নানাকরণ**—বিভিন্ন; বিবিধ; নানারূপ; বৈসাদৃশ্য; পার্থক্য। **নানাগোত্ত**—নানাগোত্র; বিভিন্ন গোষ্ঠীর; বিবিধ বংশের। **নানাজচ্চ**—নানা জাতের। **নানাজন**—নানা জাতের লোক; বহু রকম লোক; বহু জ্ঞাতিগোষ্ঠী। **নানাতিত্থিয**—বিভিন্ন ধর্মের। **নানাপকার**—নানা প্রকার; বিভিন্ন রকম; নানাবিধ। **নানারত্ত**—নানা রক্ত; নানা রঙের; নানা কর্মের। **নানাবাদ**—বিভিন্ন মতের; ভিন্ন মত। **নানাবিধ**—বিভিন্ন; ভিন্ন; কতিপয়; অন্য; বিবিধ। **নানা সংবাসক**—বিভিন্ন দলে বসবাসকারী; নানা দলে বিভক্ত।

**নাভি**—কেন্দ্রবিন্দু; চক্রনাভি; ডিম্বকনাভি।

**নাম**—অভিধা; আখ্যা; সচেতনতার ন্যায় অশরীরী উৎপাদক বা গুণনীয়ক সচেতনতার মতো অবাস্তব অন্যতম উপাদান বা হেতু; অশরীরী উৎপাদক : গোমস্তা অর্থাৎ যে ব্যক্তি বাণিজ্যিক লেনদেনে প্রতিনিধিত্ব করে; প্রত্যক্ষ করণ; উপলব্ধি; প্রত্যক্ষ রূপ; কল্পমূর্তি; আখ্যা ধারণকারী। **নামকরণ**—আখ্যা দান। **নামগহণ**—নামগ্রহণ; অভিধা গ্রহণ। **নামধেয, নামধেয্য**—নামীয়; নাম ধারণ করে এমন। **নামপদ**—বিশেষ্য।

**নামক**—নামধারী।

**নামেতি**—('নমেতি'র *caus*) নমিত হওয়া; শাসন করা; পরিচালনা করা; নিয়ন্ত্রিত করা। *aor* **নামেসি**। *pp* **নামিত**। *abs* **নামেত্বা**।

**নাযক**—নায়ক; সর্দার; নেতা; নিয়ন্ত্রণকারী; পরিচালক। **নাযিকা**—মহিলা নেতা; পরিচালিকা।

**নারঙ্গ**—নাগরঙ্গ; কমলালেবু।

**নারাচ**—লোহার গরাদ।

**নারী**—স্ত্রীলোক; রমণী।

**নালং**—(ন+অলং) যথেষ্ট নয়; পর্যাপ্ত নহে; অনুপযোগী।

**নাৰা**—জাহাজ; নৌকা। **নাবাতিত্থ**—পোতাশ্রয়; খেয়া পার করানো; খেয়া পথ; খেয়াতরী। **নাবাসঞ্চার**—জলযানবাহন।

**নাৰিক**—কর্ণধার; মাঝি; জলযানের চালক। **নাৰিকী**—স্ত্রী মাঝি।

**নাবুতিক**—নব্বই বছর বয়স্ক।

**নাস**—নাশ; ধ্বংস; বিনাশ; সর্বনাশ; মৃত্যু।

**নাসন**—নাশন; হত্যা; সর্বনাশ; বিনাশ; বিতাড়ন; নির্বাসন।

**নাসা**—নাক। **নাসারজ্জু**—(ষাঁড় ইত্যাদিকে দমন করা বা বাধা দেওয়ার জন্য) নাকের দড়ি।

**নাসিকা**—নাক।

**নাসেতি**—(নস্+এ) হত্যা করা; ধ্বংস করা; সর্বনাশ করা; বিতাড়ন করা। *aor* **নাসেসি**। *pp* **নাসিত**। *prp* **নাসেন্ত**। *abs* **নাসেত্বা**। *prp* **নাসেতব্ব**।

**নাল**—দৃঢ় দীর্ঘ ও সদম্ভ পদক্ষেপে গমন; আত্মগোপনপূর্বক শিকার ইত্যাদির নিকট গমন; লম্বা ও ফাঁপা নল; চোঙ।

**নালি**—ভিতরে ধারণের ক্ষমতার পরিমাপ; এক প্রকার পরিমাপক পাত্র; নল; চোঙ। নালিমত্ত—নালিমাত্র; পরিমাপের বিষয়।

**নালিকা**—লম্বা ও ফাঁপা নল; চোঙ; বোতল। **নালিকাযন্ত**—নালিকাযন্ত্র; ঘড়ি; সময় পরিমাপের যন্ত্র।

**নালিকের**—নারিকেল গাছ; নারিকেল।

**নালিপট্ট**—নরম বা পাতলা টুপি; টুপির ন্যায় ঢাকনা; কিনারাওয়ালা টুপি।

**নিকট, নিকট্ঠ**—প্রতিবেশিত্ব; সন্নিহিত পার্শ্ববর্তী বা নিকটবর্তী অঞ্চল; পাড়া; নৈকট্য; নিকটে; কাছাকাছি।

**নিকতি**—প্রতারণা; জুয়াচুরি; ছল; ফাঁদ; জলবসন্ত।

**নিকন্ত, নিকন্তিত**—('নিকন্ততি'র *pp*)।

**নিকন্ততি**—(নি+কন্ত+অ) কেটে নামানো বা ভূপাতিত করা; ধারালো অস্ত্রের সাহায্যে নিহত বা আহত করা; বিচ্ছিন্ন করা; কেটে বাদ দেওয়া; ধ্বংস করা; বাধা দেওয়া; সংযোগ ছিন্ন করা। *aor* **নিকন্তি**। *abs* **নিকন্তিত্বা**।

**নিকর**—বহুজন; বহুসংখ্যা; ভিড়; জনতা।

**নিকস**—শান-পাথর; প্রেরণা।

**নিকামনা**—আকুল আকাঙ্ক্ষা; বাসনা; কাম্য বা আকাঙ্ক্ষিত বস্তু; কামলালসা।

**নিকামলাভী**—বিনা বাধায় কোনো কিছু লাভ করেছে এমন।

**নিকামেতি**—(নি+কাম্+এ) মিনতি করা; কামনা করা। *aor* **নিকামেসি**। *pp* **নিকামিত**। *prp* **নিকামেন্ত**।

**নিকায**—নিকায়; সমষ্টি; দল; বর্গ; পুঞ্জ; (প্রধানত ধর্ম) সম্প্রদায়; উপদল; সমাবেশ।

**নিকাস**—প্রতিবেশিত্ব; নৈকট্য। ['নিকট্ঠ' দেখুন]।

**নিকিট্ঠ**—নিকৃষ্ট; নীচ; অপকৃষ্ট; জঘন্য।

**নিকুঞ্জ**—(নি+কূজ্+অ) নদীযুক্ত সঙ্কীর্ণ উপত্যকা; ঘন ঝোপ।

**নিকূজতি**—(নি+কূজ+অ) কিচিরমিচির করা; কিচিরমিচির করে বলা; পাখির ন্যায় মধুর সুরে গাওয়া। *aor* **নিকূজি**। *pp* **নিকূজিত**। *prp* **নিকূজমান**।

**নিকেত, নিকেতন**—বাস; আবাস; বাসস্থান; অবস্থান; বাড়ি; বসতবাটি।

**নিক্কঙ্খ**—অন্তরঙ্গ বন্ধু; নিঃসন্দেহ।

**নিক্কড়্ঢতি**—(নি+কড়্ঢ্+অ) ছুড়ে ফেলা; বর্জন করা; বের করে দেওয়া; বহিষ্কৃত করা; নির্গত করা; হেঁচড়িয়ে বের করা; বিতাড়িত করা; নির্বাসিত করা; বিচ্ছুরিত করা। **নিক্কড্ঢিত**। *pp* **নিক্কঢিত**। *ptp* **নিক্কঢিতব্ব**। *abs* **নিক্কঢিত্বা**।

**নিক্কড়্ঢন**—হেঁচড়িয়ে বের করণ; বিতাড়ন; নির্বাসন; বিচ্ছুরণ।

**নিক্কণ্টক**—নিষ্কণ্টক; শত্রুমুক্ত।
**নিক্কদ্দম**—কর্দমশূন্য।
**নিক্কম**—প্রচেষ্টা; প্রয়াস।
**নিক্করুণ**—নিষ্করুণ; ক্ষমাহীন; অকরুণ; নির্মম; নিষ্ঠুর; হৃদয়হীন।
**নিক্কসার**—অপবিত্রতামুক্ত।
**নিক্কাম**—নিষ্কাম; বাসনামুক্ত; কামনারহিত; ফলাকাঙ্ক্ষা বিরহিত।
**নিক্কারণ**—নিষ্কারণ; ভিত্তিহীন; অকারণ; মিথ্যা। **নিক্কারণা**—সঙ্গত কারণ ব্যতীত; অযৌক্তিক; অহেতুক; উদ্দেশ্যহীন।
**নিক্কিলেস**—নিষ্ক্লেশ; নৈতিক বিচ্যুতিমুক্ত; নিষ্কলঙ্ক।
**নিক্কুজ্জ**—উল্টানো; পরিত্যক্ত অবস্থায় পতিত; ইস্তফাপ্রাপ্ত।
**নিক্কুজ্জেতি**—(নি+কুজ্+এ) (জামার কলার) উপরের পৃষ্ঠ পার্শ্ব বা তল নিচের দিকে ভাঁজ করে দেওয়া; উপরের পৃষ্ঠ নিচের দিকে মুড়ে দেওয়া। *aor* **নিক্কুজ্জেসি**। *pp* **নিক্কুজ্জিত**। *abs* **নিক্কুজ্জেত্বা**; **নিক্কুজ্জিয**।
**নিক্কুহ**—প্রতারণাপূর্ণ নয়।
**নিক্কোধ**—ক্রোধমুক্ত; ক্রোধহীন।
**নিক্খ**—বৃহৎ স্বর্ণমুদ্রা; ২৫ ধরনের সমান ওজনবিশেষ।
**নিক্খন্ত**—('নিক্খমতি'র *pp*) নিষ্ক্রান্ত; নির্গত।
**নিক্খম, নিক্খমন**—নিষ্ক্রমণ; নির্গমন।
**নিক্খমতি**—(নি+কম্+অ); নিষ্ক্রমণ করা; নির্গমন করা; বহির্গত হওয়া; সংসারজীবন ত্যাগ করা; গৃহস্থজীবন পরিত্যাগ করা। *aor* **নিক্খমি**। *prp* **নিক্খমন্ত**। *abs* **নিক্খমিত্বা, নিক্খম্ম**। *ptp* **নিক্খমিতব্ব**। *inf* **নিক্খমিতুং**।
**নিক্খমণীয**—জুলাই-আগস্ট মাস; নিষ্ক্রমণীয়।
**নিক্খিত্ত**—('নিক্খিপতি'র *pp*)।
**নিক্খিপতি**—(নি+খিপ্+অ) পরিত্যাগ করা; ছেড়ে দেওয়া; নিক্ষেপ করা; বাতিল করা; অগ্রাহ্য করা; পৃথক করে রাখা; সরিয়ে রাখা। *aor* **নিক্খিপি**। *prp* **নিক্খিপন্ত**। *abs* **নিক্খিপিত্বা**। *ptp* **নিক্খিপিতব্ব**।
**নিক্খেপ, নিক্খেপন**—নিক্ষেপ; নিক্ষেপণ; প্রত্যাখ্যান; বর্জন; অগ্রাহ্যকরণ; ছুড়ে ফেলন; অনাবশ্যক বলন।
**নিখণতি**—(নি+খন্+অ) ভিতর দিকে খনন করা; সমাহিত করা। *aor* **নিখণি**। *pp* **নিখাত**। *prp* **নিখণন্ত**। *abs* **নিখণিত্বা**।
**নিখাদন**—বাটালি।
**নিখিল**—সমস্ত; সম্পূর্ণ; পুরা; অখণ্ড; গোটা; সমগ্র।
**নিগচ্ছতি**—(নি+গম্+অ) (কিছুর) অধীন হওয়া; ভোগ করা; সহ্য করা; অভিজ্ঞতা লাভ করা; অভীষ্টাদি লাভ করা; অবস্থাদি প্রাপ্ত হওয়া। *aor* **নিগচ্ছি**।
**নিগণ্ঠ**—জৈন ধর্মের সদস্য; নির্গ্রন্থ।
**নিগম**—নগর; হাট; ক্রয়-বিক্রয় নগর; নগর-সভা।
**নিগমন**—উপসংহার; ব্যাখ্যা।
**নিগল**—নিগড়; হস্তীর জন্য লৌহনির্মিত পায়ের শৃঙ্খল; বেড়ি।
**নিগূহতি**—(নি+গুহ্+অ) ঢাকা দেওয়া; লুকিয়ে ফেলা; লুকিয়ে রাখা; গোপন করা। *aor* **নিগূহি**। *pp* **নিগূহিত, নিগূল্হ**। *abs* **নিগূহিত্বা**।
**নিগূহণ**—লুকানো; গোপন।
**নিগ্গচ্ছতি**—(নি+গম্+অ) নির্গমন করা; যাত্রা করা। *aor* **নিগ্গচ্ছি**। *pp* **নিগ্গত**। *abs* **নিগ্গন্ত্বা**।
**নিগ্গণ্হণ**—নিগ্রহণ; তীব্র নিন্দা; ভর্ৎসনা; শাস্তি।
**নিগ্গণ্হাতি**—(নি+গহ্+ণ্হা) তীব্র তিরস্কার করা; নিন্দা করা; বিরুদ্ধ মত প্রকাশ করা; নিয়ন্ত্রিত করা; সংযত করা; দমন করা। *aor* **নিগ্গণ্হি**। *pp* **নিগ্গহিত**। *prp* **নিগ্গণ্হন্ত**। *abs* **নিগ্গয্হ, নিগ্গণ্হিত্বা**।
**নিগ্গম, নিগ্গমন**—নির্গমন; প্রস্থান; পরিণতি; ফলাফল।
**নিগ্গয্হবাদী**—নিগ্রহ-বাদী; যে তিরস্কারসূচক কথা বলে; ভর্ৎসনাছলে কথা বলে এমন।
**নিগ্গহ**—নিগ্রহ; বিরুদ্ধ মত প্রকাশ; নিয়ন্ত্রণ; সংযতকরণ; দোষারোপ; তীব্র নিন্দা; ভর্ৎসনা।
**নিগ্গহীত**—নিগৃহীত; অনুনাসিক ব্যঞ্জনবর্ণ।
**নিগ্গহেতব্ব**—নিগ্রহপ্রাপ্তির যোগ্য; তিরস্কৃত বা ভর্ৎসিত হবার যোগ্য; রুদ্ধ হবার যোগ্য।
**নিগ্গাহক**—তিরস্কার করে এমন; নিন্দা করে এমন; নিয়ন্ত্রক; দমনকারী।
**নিগ্গুণ্ডী**—ভেষজ গুল্ম বিশেষ।
**নিগ্গুম্ব**—গুল্মবিহীন; পরিষ্কার।
**নিগ্ঘাতন**—হত্যা; ধ্বংস; বিনাশ।
**নিগ্ঘোস**—নির্ঘোষ; উৎকট শব্দ; গভীর ধ্বনি।
**নিগ্রোধ**—বটগাছ। **নিগ্রোধপক্ক**—পাক বট। **নিগ্রোধ পরিমণ্ডল**—যে বটের পরিধির যথানুপাতবিশিষ্ট অবয়ব ধারণ করে।
**নিঘংস, নিঘংসন**—মাজন; ঘর্ষণ; উত্তেজিত করণ; রাগান।
**নিঘংসতি**—(নি+ঘংস্+অ) মাজা; ঘর্ষণ করা;

উত্তেজিত করা; রাগানো; ঘষে তুলে ফেলা; নিশ্চিহ্ন করা। *aor* **নিঘংসি**। *pp* **নিঘংসিত**। *abs* **নিঘংসিত্বা**।

**নিঘণ্ডু**—নির্ঘণ্ট; অভিধানগ্রন্থ; সূচিপত্র; সমার্থ শব্দের বা প্রতিশব্দের অভিধান।

**নিঘাত**—আঘাত হানন; বিনাশ করণ।

**নিচয**—নিচয; সমূহ; পুঞ্জ।

**নিচিত**—('নিচিনাতি'র *pp*) স্তূপীকৃত; পুঞ্জীভূত।

**নিচ্চ**—নিত্য; সতত; সর্বদা; অপরিবর্তনীয়; আদিও নাই অন্তও নাই এরূপ; সব সময়ে থাকে এরূপ; বৈপরীত্য বা অন্যভাব ঘটে না এরূপ; স্থায়ী। **নিচ্চকালং**—সব সময়ে; অপরিবর্তনীয়ভাবে। **নিচ্চদান**—চিরস্থায়ী দান। **নিচ্চভত্ত**—অবিরাম খাদ্যভোজ্য দান। **নিচ্চসীল**—অবাধ বা অব্যাহত কুশল সম্পাদন।

**নিচ্চতা**—নিত্যতা; চলমান; স্থায়িত্ব।

**নিচ্চম্ম**—চর্মহীন; (ভূর্জবৃক্ষের ডাল, চাবুক প্রভৃতির দ্বারা) প্রহৃত; নিশ্চর্ম।

**নিচ্চল**—নিশ্চল; অনড়।

**নিচ্চং**—অবিরাম; সর্বদা; স্থায়ীভাবে।

**নিচ্চোল**—বিবস্ত্র; নগ্ন।

**নিচ্ছয**—সিদ্ধান্ত; দৃঢ় সঙ্কল্প; বাছনি।

**নিচ্ছরণ**—প্রবহণ; প্রবাহ; উদ্ভব; বিকীর্ণ করণ।

**নিচ্ছরতি**—(নি+চর+অ) (কোনো কিছু হতে) নিভে যাওয়া; বের হওয়া; প্রচারিত হওয়া; প্রবাহিত হওয়া; নির্গত হওয়া; উদ্ভূত হওয়া। *aor* **নিচ্ছরি**। *pp* **নিচ্ছরিত**। *abs* **নিচ্ছরিত্বা**।

**নিচ্ছাত**—ক্ষুধাহীন অবস্থা এমন; সন্তুষ্ট।

**নিচ্ছারেতি**—(নিচ্ছরতি'র *caus*) ১ নির্গত করানো; উৎপাদন করানো; বিকীর্ণ করানো। ২ কথা বলানো। *aor* **নিচ্ছারেসি**। *pp* **নিচ্ছারিত**। *abs* **নিচ্ছারেত্বা**।

**নিচ্ছিত**—('নিচ্ছিনাতি'র *pp*)।

**নিচ্ছিনাতি**—(নি+ছি+না) পার্থক্য লক্ষ করা; পার্থক্য বিচার করা; প্রভেদ করা; বেছে নেওয়া; বিবেচনা করা; সযত্নে পরীক্ষা করা; অনুসন্ধান করা। *aor* **নিচ্ছিনি**।

**নিজ**—স্বীয়; আপন। **নিজদেস**—স্বীয় দেশ; আপনার দেশ।

**নিজ্জট**—বিজড়িত অবস্থা মুক্ত; বিশৃঙ্খলা হতে মুক্ত।

**নিজ্জর**—বার্ধক্য মুক্ত; ক্ষয় হতে বা ক্ষয়প্রাপ্তি হতে মুক্ত; দেবতা বা দেবী।

**নিজ্জরেতি**—(নি+জর+এ) ভেঙে ফেলা; চূর্ণ করা; সর্বনাশ করা; বিনাশ করা; সম্পূর্ণ ধ্বংস করা; বিলোপ করা। *aor* **নিজ্জরেসি**।

**নিজ্জিগ্ন**—নিঃশেষিত; পরিশ্রান্ত।

**নিজ্জিহ্ব**—জিহ্বাহীন; বনমোরগ।

**নিজ্জীব**—প্রাণহীন; নির্জীব।

**নিজ্ঝান**—নিধ্যান; অন্তর্দৃষ্টি; কিছুর মর্ম নিরীক্ষণ ও উপলব্ধি করার শক্তি।

**নিজ্ঝাযতি**—(নি+ঝা+য) ধ্যান করা; ক্ষয় করা; ক্ষয় হওয়া; ছোট ছোট ঢেউ তোলা বা হওয়া; জ্বালাতন বা অস্থির করা অথবা হওয়া; বাঁকিয়ে আনা বা আসা; ভাঁজ করা বা হওয়া; ফিরিয়ে আনা বা ফিরে আসা; গভীরভাবে বিবেচনা করা। *aor* **নিজ্ঝাযি**। *pp* **নিজ্ঝাযিত**।

**নিট্ঠা**—সমাপ্তি; উপসংহার; সম্পূর্ণতা; পূর্ণতাপ্রাপ্তি; পূর্ণাঙ্গতা; নৈতিক উৎকর্ষ।

**নিট্ঠাতি**—(নি+ঠা+অ) সমাপ্ত হওয়া; উপসংহার হওয়া; শেষ হওয়া। *aor* **নিট্ঠাসি**। *pp* **নিট্ঠিত**।

**নিট্ঠান**—সমাপন; সম্পাদন।

**নিট্ঠাপেতি**—(নিট্ঠাতি'র *caus.*) সমাপ্ত হওয়ানো; উপসংহার হওয়ানো; শেষ হওয়ানো; সম্পূর্ণ করা; সম্পাদন করা; (ব্রতাদি) সিদ্ধ করা; (সাংস্কৃতিক গুণাবলি) অর্জন করা; পালন করা। *aor* **নিট্ঠাপেসি**। *pp* **নিট্ঠাপিত**। *prp* **নিট্ঠাপেন্ত**। *abs* **নিট্ঠাপেত্বা**।

**নিট্ঠিত**—সমাপ্ত; সম্পাদিত; সিদ্ধ; শেষ।

**নিট্ঠুভতি**—(নি+ঠুভ্+অ) মুখ হতে থু করে ফেলা; জোর করে বা প্রচণ্ডবেগে নির্গত করানো; থুথু ফেলা; যা বলার তা চট করে বলে ফেলা; নির্বাসিত করা। *aor* **নিট্ঠুভি**। *pp* **নিট্ঠভিত**। *abs* **নিট্ঠুভিত্বা**।

**নিট্ঠুভন**—নিষ্ঠীবন; থুথু; থুথু ফেলা।

**নিট্ঠুর**—কঠিন; কর্কশ; নির্দয়; নিশ্চল। **নিট্ঠুরিয**—রূঢ়তা; কঠোরতা; কর্কশতা।

**নিড্ড**—নীড়; পাখির বাসা; আশ্রয়স্থান।

**নিড্ডেতি**—(নি+ডি+এ) আগাছামুক্ত করা; আগাছা দূর করা; নিড়ানো। *aor* **নিড্ডেসি**।

**নিণ্ণয**—নির্ণয়; নির্ধারণ; নিষ্পত্তি; নির্বাচন।

**নিতম্ব**—১ পাছা। ২ পর্বতাদির লম্বা ও সরু চূড়া; শৈলশিরা; শৈলশ্রেণী।

**নিতণ্হ**—নিতৃষ্ণ; তৃষ্ণাহীন; আসক্তিহীন।

**নিত্তিণ্ন**—বহির্গত; নির্গত; উত্তীর্ণ।
**নিত্তুদন**—খোচাদান; বিদ্ধকরণ; ভেদ করণ।
**নিত্তেজ**—নিস্তেজ; শক্তিহীন; অপ্রতিভ; কুণ্ঠিত; বিহ্বল।
**নিত্থরণ**—নিস্তরণ; নিস্তার; পার হওয়া; উদ্ধার; মুক্তি; নির্গমন; সিদ্ধি; উপায়।
**নিত্থরতি**—(নি+থর্+অ) পার হওয়া; ডিঙিয়ে পার হওয়া; অতিক্রম করা; কাটিয়ে ওঠা; সামলিয়ে ওঠা; উত্তীর্ণ হওয়া। *aor* **নিত্থরি**। *pp* **নিত্থরিত**। *abs* **নিত্থরিত্বা**।
**নিত্থারেতি**—('নিত্থরতি'র *caus*); শেষ করা; সমাপ্ত করা; সম্পূর্ণ করা; সম্পাদন করা। *aor* **নিত্থারেসি**। *pp* **নিত্থারিত**। *abs* **নিত্থারেত্বা**।
**নিত্থুনন**—বিলাপ; যন্ত্রণার চাপা গোঙানি বা কাতরানি; গভীর আর্তনাদ।
**নিত্থুনাতি**—(নি+থু+না) বিলাপ করা; যন্ত্রণার চাপা গোঙানো বা কাতর হওয়া; গভীর আর্তনাদ করা। *aor* **নিত্থুনি**। *pp* **নিত্থুনন্ত**। *abs* **নিত্থুনিত্বা**।
**নিদস্সন**—নিদর্শন; প্রমাণ; দৃষ্টান্ত; চিহ্ন।
**নিদস্সেতি**—(নি+দিস্+এ) নির্দেশিত করা; ব্যাখ্যা করা; সঠিকভাবে বর্ণনা করা; অর্থ বা সংজ্ঞা নিরূপণ করা। *aor* **নিদস্সেসি**। *pp* **নিদস্সিত**। *abs* **নিদস্সেত্বা; নিদস্সিয**। *ptp* **নিদস্সিতব্ব**।
**নিদহতি**—(নি+দহ্+অ) গচ্ছিত রাখা; মৃত্তিকাগর্ভে ধন স্থাপন করা বা লুকায়ে রাখা। *aor* **নিদহি**। *pp* **নিদহিত; নিহিত**। *abs* **নিদহিত্বা**।
**নিদাঘ**—শুষ্কতা; রুক্ষতা; অনাবৃষ্টি; গ্রীষ্মকাল; তাপ।
**নিদান**—উৎস; উদ্ভব; সৃষ্টি; উদ্ভবের কারণ; উৎপত্তিস্থল; উৎপত্তি। **নিদানকথা**—(পুস্তকের) ভূমিকা।
**নিদানং**—উপায়ে; পরিণামে।
**নিদ্দয**—নির্দয়; দয়াহীন; নিষ্ঠুর।
**নিদ্দর**—নিদারুণ মানসিক বা শারীরিক যন্ত্রণামুক্ত; নির্ভয়।
**নিদ্দা**—নিদ্রা; ঘুম। **নিদ্দাযন**—ঘুমন্ত। **নিদ্দালু, নিদ্দাসীলী**—নিদ্রালু; নিদ্রাশীল; যার ঘুম আসছে এরূপ; অলস; তন্দ্রালু স্বভাব; তন্দ্রা-উদ্রেককর স্বভাব। **নিদ্দারামতা**—নিদ্রাপ্রীতি।
**নিদ্দাযতি**—('নিদ্দা' হতে *deno*) নিদ্রা যাওয়া; ঘুমান। *aor* **নিদ্দাযি**। *prp* **নিদ্দাযন্ত**। *abs* **নিদ্দাযিত্বা**।
**নিদ্দিট্‌ঠ**—('নিদ্দিসতি'র *pp*)।
**নিদ্দিসতি**—(নি+দিস্+অ) ['নিদস্সেতি' দেখুন]। *aor* **নিদ্দিসি**। *abs* **নিদ্দিসিত্বা**। *ptp* **নিদ্দিসিতব্ব**।
**নিদ্দুক্খ**—মানসিক বা শারীরিক যন্ত্রণামুক্ত; মর্মযন্ত্রণা বা দৈহিক বেদনামুক্ত; দুর্দশামুক্ত; যৎপরোনাস্তি দুঃখপূর্ণ হীন বা অবজ্ঞাত অবস্থামুক্ত।
**নিদ্দেস**—অঙ্কন; বর্ণনা; বৈশ্লেষিক ব্যাখ্যা।
**নিদ্দোস**—নির্দোষ; দোষহীন; নোংরা বা কলুষিত করা হয়নি এমন।
**নিদ্ধন**—নির্ধন; দরিদ্র; সম্পদহীন; বিত্তহীন।
**নিদ্ধন্ত**—('নিদ্ধমতি'র *pp*)।
**নিদ্ধমতি**—(নি+ধম+অ) (ধূমাদির অংশ) বের করে দেওয়া; (তেজ) কমিয়ে দেওয়া; নিক্ষেপ করা; ছুড়ে ফেলা; নির্গত করা· বের করে দেওয়া; উৎসাহিত করা; উচ্ছেদ করা; বিতাড়িত করা। *aor* **নিদ্ধমি**। *abs* **নিদ্ধমিত্বা**।
**নিদ্ধমন**—নালা; কাটা খাল; কৃত্রিম খাল; নালি; নল; নির্গমন; উৎসাদন। **নিদ্ধমদ্বার**—নর্দমা; প্রণালি; খাল; খাত।
**নিদ্ধারণ**—নির্ধারণ; বিশিষ্ট করণ বা হওন; স্বতন্ত্র করণ বা হওন; বিশেষভাবে উল্লেখ; স্বতন্ত্রভাবে উল্লেখ।
**নিদ্ধারেতি**—(নি+ধর্+এ) বিশেষভাবে উল্লেখ করা; স্বতন্ত্রভাবে উল্লেখ করা; বিশিষ্ট করা; স্বতন্ত্র করা; নির্ধারিত করা। *aor* **নিদ্ধারেসি**। *pp* **নিদ্ধারিত**। *abs* **নিদ্ধারেত্বা**।
**নিদ্ধুনন**—ঝাঁকানি দিয়ে ত্যাগ করণ।
**নিদ্ধুনাতি**—(নি+ধু+না) ঝাঁকানি দিয়ে ত্যাগ করা। *aor* **নিদ্ধুনি**। *pp* **নিদ্ধুত**। *abs* **নিদ্ধুনিত্বা**।
**নিদ্ধোত**—১ ধৌত; পরিষ্কৃত; বিশোধিত। ২ ধার দেওয়া হয়েছে এমন; ধারাল হয়েছে এরূপ।
**নিধান**—স্থাপিত বস্তু; গচ্ছিত বস্তু; পলি; তলানি; লুকানো ধন।
**নিধায**—('নিদহতি'র *abs*) গচ্ছিত রেখে; গোপনে রেখে।
**নিধাপেতি**—('নিদহতি'র *caus*) গচ্ছিত রাখানো। *aor* নিধাসেসি। *pp* নিধাপিত।
**নিধি**—গুপ্ত ধন। **নিধিকুম্ভি**—ধনকুম্ভ; ধনপাত্র।
**নিধীযতি**—('নিধেতি'র *pass*)।
**নিধেতি**—(নি+দহ্+এ) গচ্ছিত রাখা; লুকানো; গোপনে রাখা। *aor* **নিধেসি**। ['নিদহতি' দেখুন]।
**নিন্দতি**—(নিন্দ্+অ) দোষ দেওয়া; নিন্দা করা; হীনতর কিছুর সহিত তুলনা করে অসম্মান করা; যোগ্য মর্যাদা না দেওয়া; অবজ্ঞা করা; অমর্যাদা করা;

অপমান করা। *aor* **নিন্দি**। *pp* **নিন্দিত**। *prp* **নিন্দন্ত**। *abs* **নিন্দিত্বা**। *ptp* **নিন্দিতব্ব**।

**নিন্দন, নিন্দনা**—অমর্যাদা; অপমান; অসম্মান; অবজ্ঞা।

**নিন্দিয**—নিন্দার্হ; নিন্দনীয়; ত্রুটিপূর্ণ; ভ্রমাত্মক; খুঁতযুক্ত।

**নিন্ন**—নিম্ন; নিম্নদেশ; নীচ; গভীর।

**নিন্নতা**—নীচতা; অনুচ্চতা; নিম্নতা; আনতি; ঝোঁক; অনুরাগ।

**নিন্নাদ**—নিনাদ; সুর; একটানা একটি সুরলা ধ্বনি; সুতান; স্বর; শব্দ। **নিন্নাদী**—উচ্চ শব্দ; গর্জন; সুস্বরপূর্ণ ধ্বনি; সুতানপূর্ণ ধ্বনি।

**নিন্নামেতি**—আনমিত করানো; দমিত করা; প্রবণ করানো; দূরীভূত করা; অসুবিধায় ফেলা; জব্দ করা। *aor* **নিন্নামেসি**। *abs* **নিন্নামেত্বা**। *pp* **নিন্নামিত**।

**নিন্নেতু**—নিম্নদিকে নিয়ে যায় এমন; যে সিদ্ধান্ত গ্রহণ করে।

**নিপক**—চতুর; চালাক; বিচক্ষণ; দূরদর্শী; জ্ঞানী; প্রজ্ঞাবান।

**নিপচ্চ**—('নিপততি'র *abs*) নিপতিত হয়ে; আনত হয়ে; প্রণত হয়ে; বশ্যতা স্বীকার করে। **নিপচ্চকার**—নম্রতা; বাধ্যতা; সম্মান।

**নিপজ্জ**—('নিপজ্জতি'র *abs*) ঘুমন্ত হয়ে; নিদ্রিত হয়ে; নিদ্রাভিভূত হয়ে; শায়িত হয়ে।

**নিপজ্জতি**—(নি+পদ্+য) শুয়ে পড়া; শয়ন করা; ঘুমানো; নিদ্রিত হওয়া। *aor* **নিপজ্জি**। *pp* **নিপন্ন**। *prp* **নিপজ্জন্ত**। *abs* **নিপজ্জ; নিপজ্জিয্য; নিপজ্জিত্বা**; *caus.* **নিপজ্জাপেতি**।

**নিপজ্জন**—শায়িত অবস্থায়।

**নিপততি**—(নি+পত্+অ) পতিত হওয়া; পড়ে যাওয়া। *aor* **নিপতি**। *pp* **নিপতিত**। *abs* **নিপতিত্ব**।

**নিপন্ন**—'নিপজ্জতি'র মধ্যে দেখুন।

**নিপাত**—(নিম্নে) পতন; অবরোহণ; অবতরণ; উতরাই; আক্রমণ; বংশধররূপে উদ্ভব; পুরুষ বা বংশপর্যায়; বংশধরগণ; বংশ; গোষ্ঠী।

**নিপাতন**—প্রক্ষেপণ; ফেলে দেওয়া; উন্মূলন।

**নিপাতী**—যে পতিত হয়; বিছানায় আশ্রয়গ্রহণকারী; বিছানায় গমনকারী।

**নিপাতেতি**—(নি+পত্+এ) পতিত করা বা করানো; নিপাত করা; উচ্ছেদ করা; বিনাশ করা। *aor* **নিপাতেসি**। *pp* **নিপাতিত**। *prp* **নিপাতেন্ত**। *abs* **নিপাতেত্বা**।

**নিপান**—জলসেচনের স্থান; পশুদেরকে পানীয় ও খাদ্য দেবার জন্য লম্বা ও সরু পাত্রবিশেষ; জাবনাভাণ্ড; দ্রোণী।

**নিপুণ**—চতুর; চালাক; দক্ষ; পটু; সমর্থ।

**নিপ্পক্ক**—পরিপক্ব; পরিণত; পাক-নিষ্পন্ন; সিদ্ধ; রন্ধিত; পরিপক্ত।

**নিপ্পদেস**—পূর্ণ আলিঙ্গন করে; সম্পূর্ণ মেনে নিয়ে; কোনো অংশ অবশিষ্ট না রেখে।

**নিপ্পপঞ্চ**—কলুষমুক্ত; নিষ্কলুষ; নিষ্কলঙ্ক; অপরিব্যাপ্ত; অবিকীর্ণ; অবিস্তৃত।

**নিপ্পভ**—নিষ্প্রভ; প্রভাশূন্য; নিস্তেজ; মলিন।

**নিপ্পরিযায**—স্বাতন্ত্র্যবিহীন; পার্থক্যবিহীন।

**নিপ্পলাপ**—নিষ্প্রলাপ; আবর্জনামুক্ত; তুষহীন; অনর্থক বকবকানিহীন।

**নিপ্পাপ**—নিষ্পাপ; পাপহীন; পাপ নাই এরূপ; নির্দোষ।

**নিপ্পিতিক**—পিতৃহীন; যার পিতা নাই এরূপ।

**নিপ্পীলন**—নিপীড়ন; ক্লেশপ্রদান; দলন; মর্দন; পীড়াপীড়ি।

**নিপ্পীলেতি**—(নি+পীল+এ) নিপীড়ন করা; ক্লেশপ্রদান করা; মর্দন করা; পীড়াপীড়ি করা। *aor* **নিপ্পীলেসি**। *pp* **নিপ্পীলিত**। *abs* **নিপ্পীলেত্বা**।

**নিপ্পুরিস**—সম্পূর্ণরূপে নারীর গঠিত।

**নিপ্পোঠন**—আঘাত; প্রহার; পিটান; কম্পিত করিয়ে; স্খলিতপদ করায়ে।

**নিপ্‌ফজ্জতি**—(নি+পদ্+য) উৎপাদিত হওয়া; উদ্ভূত হওয়া; বাইরে প্রকাশ পাওয়া; ফলদান করা; ঘটা। *aor* **নিপ্‌ফজ্জি**। *pp* **নিপ্‌ফন্ন**। *prp* **নিপ্‌ফজ্জমান**। *abs* **নিপ্‌ফজ্জিত্বা**।

**নিপ্‌ফজ্জন, নিপ্‌ফত্তি**—নিষ্পত্তি; পরিণাম; ফল; কাজের ফলাফল; সাধন; সম্পাদন; অর্জন; সিদ্ধি।

**নিপ্‌ফল**—নিষ্ফল; অপ্রয়োজনীয়; প্রকৃত মূল্যহীন; ব্যর্থ; বিফল অকার্যকর; বাজে।

**নিপ্‌ফাদক**—নিষ্পাদক; নিষ্পত্তিকারক; নিষ্পন্ন করে এরূপ।

**নিপ্‌ফাদন**—নিষ্পাদন; শেষকরণ; সম্পাদন।

**নিপ্‌ফাদেতি**—(নি+পদ্+এ) নিষ্পাদন করা; নিষ্পত্তি করা; শেষ করা; নিষ্পন্ন করা। *aor* নিপ্‌ফোদেসি। *pp* **নিপ্‌ফাদিত**। *prp* **নিপ্‌ফাদেন্ত**। *abs* **নিপ্‌ফাদেত্বা**।

**নিপ্‌ফাদেতু, নিপ্‌ফাদক**—নিষ্পাদক; নিষ্পত্তিকারক; নিষ্পন্নকারী।

**নিপ্‌ফোটন**—বারংবার আঘাত করা; প্রহার করা;

ঝাপটানো; পিটান।

**নিপ্‌ফোটেতি**—(নি+ফুট্+এ) কমাতে বাধ্য করানো; শ্বাসরোধ করা; শ্বাসরোধ করে হত্যা করা; দমন করা; লুকিয়ে ফেলা। *aor* **নিপ্‌ফোটিসি**। *pp* **নিপ্‌ফোটিত**। *prp* **নিপ্‌ফোটেন্ত**। *abs* **নিপ্‌ফোটেত্বা**।

**নিবদ্ধ**—নিয়মিত; গ্রথিত; নিবেশিত; রচিত; পরিহিত; আশ্রিত; স্থিরীকৃত। **নিবদ্ধং**—সর্বদা।

**নিবন্ধ, নিবন্ধন**—বন্ধন; বাধ্যবাধকতা; গ্রন্থ; নিয়ম; কারণ; হেতু; বিরক্তিকর কাকুতি-মিনতি; নাছোড়বান্দা অনুরোধ; অতি জরুরি ভাব।

**নিবন্ধতি**—(নি+বন্ধ্+অ) বন্ধন করা; একত্র বন্ধন করা; বাঁধাই করা; সংলগ্ন করা; আটক করা; শর্তাবদ্ধ করা; সমর্থন করা; চালনা করা; অনুপ্রাণিত করা; জিদ্ ধরা; নাছোড়বান্দা অনুরোধ করা। *aor* **নিবন্ধি**। *pp* **নিবদ্ধ**। *abs* **নিবন্ধিত্বা**।

**নিব্বট্ট**—বীজমুক্ত; (বীজ) ত্রাণপ্রাপ্ত।

**নিব্বট্টেতি**—(নি+বট্+এ) অপসারিত করা। *aor* **নিব্বট্টেসি**। *pp* **নিব্বট্‌টিত**। *abs* **নিব্বট্টেত্বা**।

**নিব্বত্ত**—('নিব্বত্ততি'র *pp*) নিবর্তিত; প্রত্যাবর্ত; উদ্ভূত; উদিত।

**নিব্বত্তক, নিব্বত্তনক**—নিবর্তক; প্রত্যাবর্তক; উত্থানকারী; উৎপাদনকারী; উৎপাদক।

**নিব্বত্ততি**—(নি+বৃত্+অ) জন্মধারণ করা; পরিণত হওয়া; ফলস্বরূপ উদ্ভূত হওয়া; পর্যবসিত হওয়া। *aor* **নিব্বত্তি**। *pp* **নিব্বত্ত**। *prp* **নিব্বতন্ত**। *abs* **নিব্বত্তিত্বা**।

**নিব্বত্তন, নিব্বত্তি**—নিবর্তন; জন্ম; পুনর্জন্ম; ফলাফল; কাজ; সন্তান প্রত্যাবর্তন; ফিরিয়ে আনা।

**নিব্বত্তাপন**—পুনরুৎপাদন; পুনর্গঠন।

**নিব্বত্তেতি**—(নি+বৃত্+এ) পুনরুৎপাদন করা; পুনর্গঠন করা; উৎপাদন করা; প্রসব করা। **নিবত্তেসি**। *pp* নিব্বত্তিত। *prp* নিব্বত্তেন্ত। *ptp* নিব্বত্তেতব্ব। *abs* নিব্বত্তেত্বা।

**নিব্বন, নিব্বনথ**—সনির্বন্ধ প্রার্থনামুক্ত; মিনতিশূন্য; আকুল কামনামুক্ত।

**নিব্বসন**—নির্বসন; পরিত্যক্ত বসন।

**নিব্বাতি**—(নি+বা+অ) শীতল হওয়া; প্রচণ্ড আবেগহীন; রোষহীন; ক্রোধশূন্য; প্রশমিত হওয়া; ধ্বংসপ্রাপ্ত হওয়া; নিঃশেষিত হওয়া। *aor* **নিব্বাযি**। *pp* **নিব্বুত**। *prp* **নিব্বাযন্ত**। *abs* **নিব্বাযিত্বা**।

**নিব্বান**—শীতল হওন; (আগুন) নিভে যাওয়া; অগ্নি নির্বাপিত হওয়া; শাসন মুক্তি; বন্ধনমুক্তি; পরম সুখ। **নিব্বানগমন**--নিববানে পরিচালিত করণ। **নিব্বানধাতু**--নিববানাবস্থা। **নিব্বানপত্তি**--নিববানপ্রাপ্তি। **নিব্বানসচ্ছিকিরিযা**--নিববান সাক্ষাৎকার; নিব্বান সাক্ষাৎকরণ; **নিব্বানসম্পত্তি**—পরমসুখ নিববান। **নিব্বানঅভিরত**—নিববান-অনুরক্ত; নিববানতুষ্ট; নিববানে মনোযোগী।

**নিব্বাপন**—নির্বাপণ; শান্তিকরণ; নাশ; নিবিয়ে দেওয়া; দান; শিখা বা আলো নেভানো; লোপ।

**নিব্বাপেতি**—(নি+বা+এ) নিভানো; শীতল করা; প্রশমিত করা; লোপ করা; ধ্বংস করা। *aor* **নিব্বাপেসি**। *pp* **নিব্বাপিত**। *prp* **নিব্বাপেন্ত**। *abs* **নিব্বাপেত্বা**।

**নিব্বাযাতি**—(নি+বা+য) অস্তিত্বে বিরত বা নিবৃত্ত বা ক্ষান্ত হওয়া; অস্তিত্বে থামা; অস্তিত্ব সমাপ্ত হওয়া; শীতল হওয়া। *aor* **নিব্বাযি**। 'নিববাতি' দেখুন।

**নিব্বাযিতুং, নিব্বাতুং**—অস্তিত্বে বিরত বা নিবৃত্ত বা ক্ষান্ত হওন; অস্তিত্ব সমাপ্ত হওন।

**নিব্বাহন**—নির্বাহন; অপসারণ; পরিষ্করণ; বাধাদি দূরীকরণ; অনুমতিপত্র; ছাড়পত্র।

**নিব্বিকার**—বিকারশূন্য; চিত্তচাঞ্চল্যহীন; উদাসীন; রাগদ্বেষাদিহীন; অপক্ষপাতী; অপরিবর্তনীয়; নির্বিকার।

**নিব্বিচিকিচ্ছা**--নির্বিচিকিৎসা; সন্দেহাতীত; নিঃসন্দেহ; নিশ্চিত; বিশ্বস্ত।

**নিব্বিজ্জ**—('নিব্বিজ্জতি'র *abs*) নির্বিদ্য।

**নিব্বিজ্জতি**—(নি+বিজ্+য) হতাশ হওয়া; বিরক্ত হওয়া। *aor* **নিব্বিজ্জি**। *pp* **নিব্বিন্ন**। *abs* **নিব্বিজ্জিত্বা**।

**নিব্বিজ্ঝতি**—(নি+বিধ্+য) নিবিদ্ধ করা; বিদ্ধ করা বা করানো; ভেদ করা বা করানো; ঢোকা বা ঢোকানো; প্রবেশ করা বা করানো; ছিদ্র করা। *aor* **নিব্বিজ্ঝি**। *pp* **নিব্বিদ্ধ**।

**নিব্বিদা**—বিমুখতা; বিরূপতা; বিরোধিতা; বিরাগ; ক্লান্তি; শ্রান্তি।

**নিব্বিন্দতি**—(নি+বিদ্+ং-য) ক্লান্ত হওয়া; শ্রান্ত হওয়া; (কিছুতে) বিরক্ত হওয়া। *aor* **নিব্বিন্দি**। *pp* **নিব্বিন্ন**। *abs* **নিব্বিন্দিত্বা**।

**নিব্বিস**—পারিশ্রমিক; বেতন; মজুরি; নির্বিষ; বিষশূন্য।

**নিব্বিসতি**—(নি+বিস্+অ) (কিছুর) সন্ধানে বহির্গত হওয়া। *aor* **নিব্বিসি**। *prp* **নিব্বিসন্ত**।

**নিব্বিসেস**—নির্বিশেষ; অভিন্ন; ভেদরহিত।

**নিব্বুত্তি**—নির্বৃতি; শান্তি; সুখ; উপশম; পরম সুখ।

**নিব্বুয্হতি**—(নি+বহ্+য) ভাসা; ভেসে যাওয়া; বন্ধনমুক্ত থাকা; দায়িত্বমুক্ত থাকা; (মনের জোর) বজায় রাখার অবস্থায় থাকা।

**নিব্বেঠন**—নিবেষ্টন; পাক খোলা অবস্থা; ব্যাখ্যা।

**নিব্বেঠেতি**—(নি+বেঠ্+এ) পাক খোলা; স্পষ্ট করা; সমাধান করা; ব্যাখ্যা করা। *aor* **নিব্বেঠেসি**। *pp* **নিব্বেঠিত**। *abs* **নিব্বেঠেত্বা**।

**নিব্বেধ**—নির্বেধ; বিদারক; ভেদক; পরিব্যাপক।

**নিব্বেমতিক**—নির্বেমতিক; এক মতের; একমত অনুযায়ী; সামঞ্জস্যপূর্ণ; সঙ্গতিপূর্ণ; সর্বসম্মত।

**নিব্ভয**—নির্ভয়; ভয়শূন্য; সাহসী।

**নিব্ভোগ**—অপ্রয়োজনীয়; পরিত্যক্ত অবস্থা; পতিত অবস্থা; নির্ভোগ।

**নিভ**—তুল্য; সদৃশ।

**নিভা**—দীপ্তি; দ্যুতি; আলোক।

**নিভাতি**—(নি+ভা+অ) আলো দেওয়া; আলো বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া। *aor* **নিভাসি**।

**নিমন্তক**—নিমন্ত্রক; আহ্বান করে এরূপ।

**নিমন্তন**—নিমন্ত্রণ; কোনো স্থানে উপস্থিত হবার নিমিত্ত আহ্বান।

**নিমন্তেতি**—(নি+মন্ত্+এ) নিমন্ত্রণ করা; কোনো স্থানে উপস্থিত হবার নিমিত্ত আহ্বান করা। *aor* **নিমন্তেসি**। *pp* **নিমন্তিত**। *abs* **নিমন্তেত্বা, নিমন্তিয**। *prp* **নিমন্তেন্ত**।

**নিমিত্ত**—চিহ্ন; (শুভ বা অশুভ কিছুর) পূর্বলক্ষণ; পূর্বাভাস; অস্বাভাবিক বা বিস্ময়কর ব্যাপার অথবা বস্তু; কারণ; প্রয়োজন। **নিমিত্তগ্গাহী**—ইন্দ্রিয়গতভাবে আকৃষ্ট; বাহ্যিক চিহ্ন দ্বারা পরিচালিত। **নিমিত্তপাঠক**—যে ব্যক্তি (কিছুর সম্বন্ধে) ভবিষ্যদ্বাণী করে বা পূর্বাভাস দেয় বা পূর্বলক্ষণ দেখায়।

**নিমিনাতি**—(নি+মা+না) (কিছুর জন্য) বিনিময় করা; বিনিময়ে প্রদান করা। *aor* **নিমিনি**। *pp* **নিমিনিত**।

**নিমিস, নিমেস**—নিমিষ; নিমেষ; চোখের পলক।

**নিমিসতি**—(নি+মিস্+অ) চোখ পিটপিট করা। *aor* **নিমিসি**। *prp* **নিমিসন্ত**।

**নিমীলেতি**—(নি+মীল্+এ) চোখ পিটপিট করা; বন্ধ করা; রুদ্ধ করা। *aor* **নিমীলেসি**। *pp* **নিমীলিত**। *abs* **নিমীলেত্বা**।

**নিমীলন**—চোখ পিটপিট করণ।

**নিমুগ্গ**—('নিমুজ্জতি'র *pp*)।

**নিমুজ্জতি**—(নি+মুজ্জ্+অ) ডুবে যাওয়া; ডুব দেওয়া; ঝাঁপ দিয়ে ডোবা; ঝাঁপ দেওয়া; সহসা মুশকিলে বা অসুবিধায় বা অস্বস্তিকর অবস্থায় ফেলা; আকস্মিক নিক্ষেপ; নিমজ্জন। *aor* **নিমুজ্জি**। *abs* **নিমুজ্জিত্বা**। *inf* **নিমুজ্জিতুং**।

**নিমুজ্জা, নিমুজ্জন**—ঝাঁপ দান; ডুব দেওয়া; ঝাঁপ দিয়ে পতন; নিক্ষেপণ; নিমজ্জন।

**নিমেস**—['নিমিস' দেখুন]।

**নিম্ব**—নিম গাছ।

**নিম্মক্খিক**—নির্মক্ষিক; মক্ষিকা ও শুঁয়া পোকা মুক্ত।

**নিম্মজ্জন**—নিমজ্জন; নিষ্পেষণ; নিঙড়ানো; মোচড়ানো; দৃঢ়ভাবে আঁকড়ায়ে ধারণ; আলিঙ্গন।

**নিম্মথন**—প্রবল চাপে পেষণ।

**নিম্মথতি**—(নি+মথ্+অ) চাপ দেওয়া; নাশ করা; নিষ্পেষণ করা; আঁকড়িয়ে ধরা। *aor* **নিম্মথি**। *pp* **নিমুথিত**। *abs* **নিম্মথিত্বা**।

**নিম্মন্থতি**—(নি+মন্থ্+অ) 'নিম্মথতি' দেখুন।

**নিম্মদ্দন**—প্রবল চাপে পেষণ; দমন।

**নিম্মল**—নির্মল; পরিষ্কৃত; পবিত্র; মল নাই যাতে।

**নিম্মংস**—নির্মাংস; মাংসহীন।

**নিম্মাতাপিতিকা**—মাতৃপিতৃহীন; অনাথ।

**নিম্মাতিক**—মাতৃহীন।

**নিম্মাতু**—নির্মাতা; প্রস্তুতকারক; সৃষ্টিকর্তা।

**নিম্মাণ**—নির্মাণ; সৃষ্টি; তৈরি; উৎপাদন।

**নিম্মিত**—নির্মিত ('নিম্মিণাতি'র *pp*)।

**নিম্মিণাতি**—(নি+মি+না) সৃষ্টি করা; তৈরি করা; নির্মাণ করা; উৎপাদন করা; প্রস্তুত করা। *aor* **নিম্মিণি**। *prp* **নিম্মিণন্ত**। *abs* **নিম্মিণিত্বা, নিম্মায**।

**নিম্মোক**—সর্পাদির পরিত্যক্ত খোলস বা কঞ্চুক।

**নিয, নিযক**—কারও আপন বা আত্ম; 'নিজ' দেখুন।

**নিযত**—নিয়ত; নিশ্চিত; নিঃসন্দেহ; স্থির।

**নিযতি**—নিয়তি; ভাগ্য; অদৃষ্ট।

**নিযম**—নিয়ম; সীমা; নিশ্চয়তা; স্পষ্টতা; নির্দিষ্টতা।

**নিযমন**—নিয়মন; স্থির করণ; সিদ্ধান্ত গ্রহণ; নির্ধারণ।

**নিযমেতি**—(নি+যম্+এ) স্থির করা; আদেশ করা; দমন করা; নির্ধারণ করা। *aor* **নিযমেসি**। *pp* **নিযমিত**। *abs* **নিযমেত্বা**।

**নিযাম, নিযমতা**—নিশ্চয়তা; নিঃসন্দেহ; স্থিরীকৃত নিয়ম; স্বাভাবিক প্রণালি।

**নিযামক**—১ নিয়ামক; পথপ্রদর্শক : স্থলনিয়ামক, জলনিয়ামক। ২ জাহাজের ক্যাপ্টেন। ৩ সেনাপতি। ৪ নিয়ন্ত্রক।

**নিযুঞ্জতি**—(নি+যুজ্+অ) (কোনো কিছুতে) নিয়োগ করা। *aor* **নিযুঞ্জি**।

**নিযুত্ত**—('নিযুঞ্জতি'র *pp*) নিযুক্ত; প্রবর্তিত; ভর্তি; আদিষ্ট; প্রবৃত্ত।

**নিযোগ**—নিয়োগ; নিয়ন্ত্রণ; আদেশ।

**নিযোজন**—নিয়োজন; নিযুক্ত করণ; প্রেরণ; প্রবর্তন।

**নিযোজিত**—('নিযোজেতি'র *pp*) নিয়োজিত; প্রতিনিধি; নিযুক্ত।

**নিযোজেতি**—(নি+যুজ্+এ) চালনা করা; সনির্বন্ধ অনুরোধ করা; সক্রিয় করা; উদ্দীপ্ত করা; উত্তেজিত করা; ভারার্পণ করা; প্রেরণ করা বা নিবদ্ধ করা। *aor* **নিযোজেসি**। *prp* **নীযোজেন্ত**। *abs* **নিযোজেত্বা**।

**নিয্যতি (অথবা নীযতি)**—'নযতি'র *pass*—চালিত হওয়া; নিয়ন্ত্রিত হওয়া; আচরিত হওয়া; বাহিত হওয়া।

**নিয্যাতন**—নির্যাতন; নিপীড়ন; প্রতিহিংসা; প্রহার; নিগ্রহ; প্রত্যর্পণ।

**নিয্যাতি**—(নি+যা+অ) বাইরে গমন করা; বহির্গত হওয়া। *aor* নিয্যাসি। *pp* **নিয্যাত**।

**নিয্যাতু**—নেতা; সর্দার; পথ প্রদর্শক; বাইরে যায় এরূপ।

**নিয্যাতেতি, নিয্যাদেতি**—(নি+যত্+এ) ভারার্পণ করা; (কর্মাদি হতে) নিবৃত্ত হওয়া; অর্পণ করা; (কর্মাদির) দায়িত্ব অর্পণ করা; আরোপ করা; উৎসর্গ করা। *aor* **নিযোতেসি**। *pp* **নিযোতিত; নিযোদিত**। *abs* **নিযোতেত্বা, নিযোদেত্বা**।

**নিয্যান**—বহির্গমন; প্রস্থান; নির্গমন; মুক্তি; উদ্ধার; রক্ষা।

**নিয্যানিক**—উদ্ধারকারী; মুক্তিদাতা; রক্ষাকর্তা; লাভজনক।

**নিয্যাস**—নির্যাস; গঁদ; ক্বাথ।

**নিয্যূক**—মিনার; চূড়া; অট্টালিকার চূড়া; সর্বোচ্চ সীমা।

**নিরঙ্করোতি, নিরাকরোতি**—(নি+আ+কর্+ও) বিচ্ছিন্ন করা; পরিত্যাগ করা; ছুড়ে ফেলে দেওয়া; প্রত্যাখ্যান করা; অস্বীকার করা। *aor* **নিরঙ্কারি**।

**নিরগ্গল**—অব্যাহত; বাধা অপ্রাপ্ত; মুক্ত; অনর্গল।

**নিরত**—(কোনো কিছুর) অনুরাগী বা আসক্ত; ব্যাপৃত; নিযুক্ত; অনুরক্ত।

**নিরত্থ, নিরত্থক**—নিষ্প্রয়োজন; অর্থশূন্য; নিরর্থক; অদক্ষ; অকুশলী; ব্যর্থ; বিফল। **নিরত্থকং**—বিফলে; ব্যর্থ হয়ে।

**নিরন্তর**—নিরবকাশ; অবাধ; অব্যাহত। **নিরন্তরং**—সর্বদা; অবিচ্ছিন্নভাবে; অবিচ্ছেদ্যভাবে; একটানা-ভাবে।

**নিরপরাধ**—নির্দোষ; অপরাধ নাই এরূপ; নিষ্পাপ।

**নিরপেখ, নিরপেক্খ**—নিরপেক্ষ; স্বতন্ত্র; স্বাধীন; পক্ষপাতশূন্য; উদাসীন; অমনোযোগী; অসতর্ক।

**নিরব্বুদ**—নিরর্বুদ; অশান্তিমুক্ত; উত্তেজনাশূন্য; দুঃখদুর্দশামুক্ত; ঝঞ্ঝাটহীন; অর্বুদ বা আবশূন্য; অসীম বা প্রকাণ্ড সংখ্যা; একরকম নরক।

**নিরয**—বিশোধক; অবাঞ্ছিত পদার্থ বা ব্যক্তিবর্গ হতে বিমোচক; অভিযোগ-মোচনকর; প্রায়শ্চিত্তমূলক; নরক; অসৎকর্ম ও দুর্দশার আড্ডা। **নিরযগামী**—নরকের পরিচালক। **নিরযদুক্খ**—নরকের কষ্ট বা যন্ত্রণা। **নিরযপাল**—নরকের অভিভাবক। **নিরযভয**—নরকের ভয়। **নিরযসংবত্তনিক**—নরক সংবর্তনিক; নরকে সঞ্চারিত করে এরূপ।

**নিরবসেস**—নিরবশেষ; সম্পূর্ণরূপে ব্যয়িত; নিঃশেষ; সমগ্র; সম্পূর্ণ।

**নিরস্সাদ**—স্বাদহীন; নীরস; নিস্তেজ; নিষ্প্রভ; বিষণ্ণ; ঢিমে।

**নিরাকুল**—তালগোল-পাকানো নয় এমন; সুশৃঙ্খল; অবিভ্রান্ত; অকিংকর্তব্যবিমূঢ়; নিরুপদ্রব; শান্তিপূর্ণ; শান্ত; স্থির।

**নিরাতঙ্ক**—ব্যাধিমুক্ত; স্বাস্থ্যবান।

**নিরাময়**—'নিরাতঙ্ক' দেখুন; নিরাময়।

**নিরামিস**—মাংসাদি আমিষরহিত; মাছ, মাংস ছাড়া খাদ্য; আমিষবিহীন খাদ্য; ইন্দ্রিয়গত ইচ্ছা মুক্ত; অভৌতিক।

**নিরারম্ভ**—প্রাণীহত্যা ব্যতীত।

**নিরালম্ব**—অনবলম্বিত; ভিত্তিহীন; অকারণ; মিথ্যা।

**নিরালয**—আসক্তিমুক্ত; নিরাসক্ত; মনোযোগহীন; গৃহহীন।

**নিরাস**—নিরাশ; হতাশ; নিস্পৃহ।

**নিরাসঙ্ক**—নিরাশঙ্ক; অসন্দিগ্ধ; অসন্দেহজনক; নির্দ্বিধা।

**নিরাসংস**—অনভিলাষ; নিরাকাঙ্ক্ষা; অপ্রত্যাশা।

**নিরাহার**—খাদ্যবিহীন; জ্বালানিশূন্য।

**নিরুজ্ঝতি**—(নি+রুধ্+য) নিরুদ্ধ হওয়া; নিবৃত হওয়া; ক্ষান্ত হওয়া; বিরত হওয়া; থামা; শেষ বা সমাপ্ত হওয়া। *aor* **নিরুজ্ঝি**। *pp* **নিরুদ্ধ**। *abs* **নিরুজ্ঝিত্বা**।

**নিরুজ্ঝন**—নিরুদ্ধ হওন; নিবৃত হওন; ক্ষান্ত হওন; বিরত হওন; সমাপন।

**নিরুত্তর**—উত্তরদানে অসমর্থ; উত্তরশূন্য; অনুত্তর; উত্তর (শ্রেষ্ঠ) নাই এরূপ; মহত্তম চরিত্র।

**নিরুত্তি**—নিরুক্তি; ভাষা; ভাষাবিজ্ঞান; ভাষাবিদ্যা। **নিরুত্তি পটিসম্ভিদা**—স্থানিক ভাষাজ্ঞান; স্থানিক বাচনজ্ঞান; ভাষাবিদ্যাবিষয়ক জ্ঞান।

**নিরুদক**—জলশূন্য।

**নিরুদ্ধ**—('নিরুজ্ঝতি'র *pp*) অস্তিত্ব নিবৃত; অস্তিত্ব সমাপ্ত; জন্মধারণ শেষ।

**নিরুপদ্দব**—নিরুপদ্রব; অনিষ্টহীন; নিরাপদ; নিষ্কন্টক; উপদ্রববিহীন।

**নিরুপধি**—দুঃখমুক্ত; আসক্তিমুক্ত; কামেচ্ছামুক্ত; কামোচ্ছাসহীন।

**নিরুপম**—অতুলনীয়; অনুপম।

**নিরোগ**—স্বাস্থ্যবান।

**নিরোজ**—স্বাদহীন; নীরস; অসার।

**নিরোধ**—নিবৃতি; সমাপ্তি; পরম সত্য। **নিরোধ ধম্ম**—বিনাশের কারণ; বিলয়ের কারণ; ধ্বংসের কারণ। **নিরোধ সমাপত্তি**—চেতনা-নিবৃতির সাফল্য বা গুণ বা বিদ্যা (অধিগত বিদ্যা)।

**নিরোধেতি**—(নি+রুধ+এ) ধ্বংস করা; বিনাশ করা; অবসান করা; বিলোপ করা। *aor* **নিরোধেসি**। *pp* **নিরোধিত**। *abs* **নিরোধেত্বা**।

**নিলয**—গৃহ; আশ্রয়স্থান; বাসস্থান; বাসা; নিলয়।

**নিলীযতি**—(নি+লী+য) লুকানো; গোপনে থাকা; গুপ্ত থাকা; অদৃশ্য থাকা; নিজকে লুকিয়ে রাখা। *aor* **নিলীযি**। *pp* **নিলীন**। *abs* **নিলীযিত্বা**।

**নিল্লজ্জ**—নির্লজ্জ; লজ্জাহীন।

**নিল্লেহক**—চাটন; লেহন; লেহন করে এরূপ।

**নিল্লোপ**—লুন্ঠন; লুঠ; জোরপূর্বক পরদ্রব্য হরণ।

**নিল্লোলুপ**—অর্থগৃধ্নুতামুক্ত; নির্লোলুপ।

**নিবত্ত**—('নিবত্ততি'র *pp*) নিবৃত্ত; বিরত; পশ্চাতে পতন।

**নিবত্ততি**—(নি+বত্+অ) পশ্চাদপসরণ করা; প্রত্যাবর্তন করা; অন্য পথে সরা; প্রস্থান করা; অন্যদিকে তাকানো; মুখ ফেরানো; থাকা; থামা; পশ্চাতে থাকা। *aor* **নিবত্তি**। *prp* **নিবত্তন্ত**। *abs* **নিবত্তিত্বা, নিবত্তিয**। *inf* **নিবত্তিতুং**।

**নিবত্তন, নিবত্তি**—গতিরোধ; বিরতি; অবসান; সাময়িক বিরাম; নিবৃত্তি; প্রত্যাবর্তন; পশ্চাদাবর্তন; পশ্চাৎ পতন।

**নিবত্তেতি**—(নি+বত্+এ) রোধ করা; বন্ধ করা; পশ্চাতে গমন করানো; বাধা দেওয়া; পশ্চাতে ফেলে রাখা। *aor* **নিবত্তেসি**। *pp* **নিবত্তিত**। *prp* **নিবত্তেন্ত**। *abs* **নিবত্তেত্বা**।

**নিবত্থ**—('নিবাসেতি'র *pp*) বস্ত্রাবৃত; বস্ত্র পরিহিত; পোশাক পরিহিত।

**নিবসতি**—(নি+বস্+অ) বাস করা; বসবাস করা; অধিষ্ঠিত করা; থাকা। *aor* **নিবসি**। *pp* **নিবুত্থ**। *prp* **নিবসন্ত**। *abs* **নিবসিত্বা**।

**নিবহ**—পুঞ্জ; স্তূপ; গাদা; ভিড়; জনতা।

**নিবাতক**—আশ্রয় স্থল বা আশ্রয়-স্থান; লুকানোর সুযোগ।

**নিবাতবুত্তী**—নীচ; ইতর; নিচু; নম্র; নিরহঙ্কার; অবনমিত; বাধ্য।

**নিবাপ**—গবাদি পশুর জাব; বড়শির টোপ; প্রলোভন; খাওয়ানোর উদ্দেশ্যে নিক্ষিপ্ত খাদ্য।

**নিবারণ**—নিষেধ; বারণ; মানা; প্রতিরোধ; প্রতিহত করণ; প্রত্যাখ্যান।

**নিবারিয**—নিবার্য; প্রতিরোধ করা প্রয়োজন এরূপ; প্রতিহত করা উচিত এরূপ।

**নিবারেতি**—(নি+বর+এ) নিষেধ করা; বারণ করা; মানা করা; প্রতিরোধ করা; প্রতিহত করা; প্রত্যাখ্যান করা। *aor* **নিবারেসি**। *pp* **নিবারিত**। *abs* **নিবারেত্বা**।

**নিবারেতু**—নিষেধ করে এরূপ; নিবারক; বারণ করে এরূপ; মানা করে এমন; প্রতিহতকারী।

**নিবাস**—বাস; আবাস; বাসস্থান; অবস্থান; বিশ্রামাগার। **নিবাসভূমি**—আবাসস্থান। **নিবাসবেতন**—ঘরভাড়া।

**নিবাসন**—অন্তর্বাস; পোশাক; আবরণ।

**নিবাসিক, নিবাসী**—বাস করে বা বসবাস করে থাকে এরূপ।

**নিবাসেতি**—(নি+বস্+এ) নিজকে পোশাক পরানো; বস্ত্রাবৃত করা; পোশাকে আবৃত করা। *aor* **নিবাসেসি**। *pp* **নিবাসিত, নিবত্থ**। *prp* **নিবাসেন্ত**। *abs* **নিবাসেত্বা**। *inf* **নিবাসেতুং**।

**নিবিট্ঠ**—('নিবিসতি'র *pp*) নিবিষ্ট; স্থির; অনড়; পরিবর্তনহীন; স্থায়ী; স্থিরীকৃত; নির্দিষ্ট; প্রতিষ্ঠিত; প্রবর্তিত; উৎসর্গিত।

**নিবিসতি**—(নি+বিস্+অ) নিবিষ্ট হওয়া; স্থির হওয়া; অনড় হওয়া; অপরিবর্তন হওয়া; নির্দিষ্ট হওয়া; প্রতিষ্ঠিত হওয়া; প্রবর্তিত হওয়া। *aor* **নিবিসি**।

**নিবুত**—আবৃত; লুক্কায়িত; অতি-অভিনীত; চতুর্দিক পরিবেষ্টিত; চতুর্দিক ব্যাপ্ত।

**নিবুত্থ**—'নিবসতি'র *pp*।

**নিবেদক**—নিবেদনকারী; ঘোষণাকারী; জ্ঞাপক;

জনসাধারণের নিকট; প্রচারক।
**নিবেদন**—ঘোষণা; জ্ঞাপন; প্রচারণা; সমর্পণ।
**নিবেদেতি**—জ্ঞাপন করা; জানানো; ঘোষণা করা; আবেদন করা; যোগাযোগ করা; প্রচার করা; সমর্পণ করা। *aor* **নিবেদেসি**। *pp* **নিবেদিত**। *abs* **নিবেদেত্বা, নিবেদিয**।
**নিবেস, নিবেসন**—বন্দোবস্ত; উপনিবেশ; বাসস্থান; আবাস; বাড়ি।
**নিবেসেতি**—(নি+বিস্+এ) প্রতিষ্ঠিত হওয়া; স্থায়ী হওয়া; থিতানো, বন্দোবস্ত করা; সুবিন্যস্ত করা; সাজানো; স্থির করা; নির্দিষ্ট করা। *aor* **নিবেসেসি**। *pp* **নিবেসিত**। *abs* **নিবেসেত্বা**।
**নিসজ্জ**—('নিসীদতি'র *abs*) উপবেশন ক'রে; বসার পর; উপবিষ্ট হয়ে।
**নিসজ্জা**—উপবিষ্ট অবস্থায়।
**নিসদ**—গোল শানপাথরবিশেষ। **নিসদপোত**—চূর্ণনের জন্য ওপরের পাথর।
**নিসভ**—নেতৃস্থানীয় বৃষ; সর্বোত্তম মানুষ।
**নিসম্ম**—(নিসামেতি'র) বিবেচিত করে; সুবিবেচিত-রূপে। **নিসম্মকারী**—সুবিবেচনার সঙ্গে কার্য-কারক।
**নিসা**—নিশা; রাত্রি। **নিসাকর, নিসানাথ**—চন্দ্র।
**নিসাণ**—শানপাথর; প্রেরণা।
**নিসাদী**—শায়িত।
**নিসামক**—লক্ষ করে এমন; পর্যবেক্ষণ করে এমন; পালন করে এমন; মনোযোগী; কর্ণপাত করে এমন।
**নিসামেতি**—(নি+সাম্+এ) কর্ণপাত করা; পর্যবেক্ষণ করা; লক্ষ করা; পালন করা; মানা; মনোযোগ দেওয়া। *aor* **নিসামেসি**। *pp* **নিসামিত**। *prp* **নিসামেন্ত**। *abs* **নিসামেত্বা**।
**নিসিত**—শানিত; ধারালো; তীক্ষ্ণ; বেধক; ভেদক; ধারালো।
**নিসিন্ন**—নিসীদতি'র *pp*।
**নিসিন্নক**—উপবিষ্ট অবস্থায়।
**নিসীথ**—নিশীথ; মধ্যরাত্রি।
**নিসীদতি**—(নি+সদ্+অ) উপবেশন করা। *aor* **নিসীদি**, *prp* **নিসীদন্ত**। *ptp* **নিসীদিতব্ব**। *abs* **নিসীদিত্বা, নিসীদিয**।
**নিসীদন**—১ উপবিষ্ট অবস্থায়। ২ আসন; বসার মাদুর।
**নিসীদাপন**—উপবেশন ঘটানো।
**নিসীদাপেতি**—('নিসীদতি'র *caus*) উপবেশন করানো। *aor* **নিসীদাদেসি**। *pp* **নিসীদাপিত**। *abs* **নিসীদাপেত্বা**।
**নিসেধ, নিসেধন**—নিষেধ; প্রতিরোধ; আটকানো।
**নিসেধক**—প্রতিষেধক; প্রতিরোধক; নিষেধক।
**নিসেধেতি**—(নি+সিধ্+এ) নিষেধ করা; প্রতিরোধ করা; আটক রাখা; নিষিদ্ধ করা; কাছে আসতে না দেওয়া। *aor* **নিসেধেসি**। *pp* **নিসেধিত**। *prp* **নিসেধেন্ত**। *ptp* **নিসেধেতব্ব**। *abs* **নিসেধেত্বা, নিসেধিয**।
**নিসেবতি**—(নি+সেব্+অ) মিলিত হওয়া; একত্র হওয়া; সম্বন্ধযুক্ত হওয়া; সমর্থকরূপে অনুসরণ করা; ইচ্ছাপূরণ করা। *aor* **নিসেবি**। *pp* **নিসেবিত**। *abs* **নিসেবিত্বা**।
**নিসেবন**—১ মিলন; সমর্থন; অনুসরণ। ২ প্রয়োগ; অবলম্বন। ৩ অনুশীলন।
**নিস্সগ্গ**--পরিত্যাগ; পরিহার; নিসর্গ। **নিস্সগ্গিয**—বাতিল করা উচিত এরূপ; যা ছেড়ে দেওয়া বা পরিত্যাগ করে যাওয়া উচিত।
**নিস্সঙ্গ**—নির্লিপ্ত; অসংযুক্ত; নিঃসঙ্গ; নিঃস্বার্থ; স্বার্থপরতাশূন্য।
**নিস্সজতি**—(নি+সজ্+অ) পরিত্যাগ করা; শিথিল বা বন্ধনহীন হতে দেওয়া। *aor* **নিস্সজ্জি**। *pp* **নিস্সট্ঠ**। *abs* **নিস্সজ্জ, নিস্সজ্জিত্বা**।
**নিস্সট, নিস্সরতি'র** *pp*—(কিছু হতে) আগত; পরিত্যক্ত; শিথিলকৃত।
**নিস্সট্ঠ, নিস্সজ্জতি'র** *pp*--খরিজকৃত; অগ্রাহ্যকৃত; পরিত্যক্ত; হস্তান্তরিত।
**নিস্সত্ত**—আত্মাহীন; অনাত্ম; নিঃসত্ত্ব।
**নিস্সদ্দ**—নিঃশব্দ; শব্দহীন; নীরব।
**নিস্সন্দ**—১ পরিণাম; ফল; উদ্ভূত বস্তু বা বিষয় বা ব্যক্তি; পরিণতি; ফলাফল। ২ মুক্তি; খারিজ; সরু ধারায় নির্গমন; ফোঁটায় ফোঁটায় নির্গত ধারা।
**নিস্সয**—১ নিশ্রয়। ২ অবলম্বন। ৩ প্রতিরক্ষা। ৪ যার ওপর (কিছু) নির্ভর করে।
**নিস্সযেতি**—(নি+সি+য) হেলে যাওয়া; হেলা; হেলান বা ঠেস দেওয়া; নির্ভর করা; বিশ্বাস করা; মিলিত হওয়া। *aor* **নিস্সযি**।
**নিস্সরণ**—১ নিঃসরণ; বহির্গমন; নির্গমন; প্রস্থান; মৃত্যু। ২ পরিশ্রম।
**নিস্সরতি**—(নি+সর্+অ) বহির্গত হওয়া; নির্গত হওয়া; প্রস্থান করা; মৃত্যু হওয়া; পরিত্রাণ পাওয়া। *aor* **নিস্সরি**। *pp* **নিস্সট**। *abs* **নিস্সরিত্বা**।

**নিস্সায**—উপায়ে; সমর্থন করে; (কারও) সমর্থন লাভ করে; খুব নিকটবর্তী; পার্শ্ববর্তী।

**নিস্সার**—নিঃসার; সারহীন; মূল্যহীন; অপদার্থ; রসহীন; অসার; অবাস্তব।

**নিস্সারজ্জ**—নিঃসংশয়; আত্মবিশ্বাসী; নিজের শক্তির ওপর দৃঢ়বিশ্বাসী বা পূর্ণ আস্থাবান।

**নিস্সারণ**—বিতাড়ন; খেদানো।

**নিস্সিত**—('নিস্সযতি'র *pp*) নিশ্রিত; নির্ভরশীল; মুখাপেক্ষী; পরাধীন; পোষ্য; আনত; ভরণপোষণাদির জন্য নির্ভরশীল।

**নিস্সিতক**—অনুগত; অবলম্বন আছে এরূপ; যার পৃষ্ঠপোষক আছে এমন।

**নিস্সিরীক**—দুর্ভাগা; দুর্দশাগ্রস্ত; যৎপরোনাস্তি দুঃখী।

**নিস্সেণী**—মই; সোপান; সিঁড়ি।

**নিস্সেস**—নিঃশেষ; সম্পূর্ণ; সকল। **নিস্সেসং**—নিঃশেষে; সম্পূর্ণরূপে; সকল প্রকারে।

**নিস্সোক**—নিঃশোক; শোকহীন; শোকমুক্ত।

**নিহত**—'নিহনতি'র *pp*। **নিহতমান**—নিরহঙ্কার; মার্জিত; ভদ্র।

**নিহনতি**—(নি+হন্+অ) হত্যা করা; বধ করা; দমন করা; প্রশমিত করা; অবনমিত করা; হীন বা হৃতমান করা; ধ্বংস করা; নাশ করা। *aor* **নিহনি**। *abs* **নিহন্ত্বা**।

**নিহিত**—('নিদহতি'র *pp*) স্থাপিত; গুপ্ত; অর্পিত; কৃত; দত্ত; নিক্ষিপ্ত।

**নিহীন**—নিচু; অনুন্নত; অবনত; অনুচ্চ; নীচ; বাজে; ইতর; জঘন্য; দূষিত; নিকৃষ্ট; হীন; অসৎ। **নিহীনকম্ম**—পাপকাজ; পাপপূর্ণ; হীনকর্ম। **নিহীনপঞ্ঞা**—নিম্নতর জ্ঞানের। **নিহীনসেবী**—অসৎ সঙ্গ যার; নীচ বৃত্তির; জঘন্য পেশার।

**নিহীযতি**—(নি+হা+ঈ+য) বিনাশার্থ আগমন করা; বিনষ্ট হওয়া। *aor* **নিহীযি**। *pp* **নিহীন**। *prp* **নিহীযমান**।

**নীঘ**—দুর্দশা; যৎপরোনাস্তি দুঃখপূর্ণ দরিদ্র হীন বা অবজ্ঞাত অবস্থা; যৎপরোনাস্তি যন্ত্রণা; বিভ্রান্তি; কিংকর্তব্যবিমূঢ়তা; চরম লোকসান বা সর্বনাশ।

**নীচ**—নম্র; নিচু; নিরহঙ্কার; অবনমিত; হৃতমান। **নীচকুল**—নিম্নজাতি। **নীচকুলীনতা**—নীচবংশে জন্মগ্রহণ করে। **নীচআসন**—নিম্ন আসন।

**নীত**—('নেতি'র *pp*) বাহিত; চালিত; পরিচালিত; নিয়ন্ত্রিত; সিদ্ধান্তকৃত; প্ররোচিত; প্রণোদিত। **নীতত্থ**—(কিছু হতে) সিদ্ধান্ত কৃত অর্থ।

**নীতি**—বিধিবদ্ধ বা প্রচলিত নিয়মাবলি; বিধি; নিয়ম; আইন; বিধানতন্ত্র; পথনির্দেশ; পরিচালনা; নেতৃত্ব। **নীতিসত্থ**—রাষ্ট্রশাসনকার্য বিজ্ঞান; আইন বহি।

**নীপ**—*Nauclea Cadamba* বৃক্ষ।

**নীযতি**—('নেতি'র *pass*) পরিচালিত বা বাহিত হওয়া।

**নীযাতি**—(নি+যা+অ) 'নিয্যাতি' দেখুন।

**নীযাদেতি**—'নিয্যাদেতি' দেখুন।

**নীযানিক**—'নিয্যানিক' দেখুন।

**নীর**—জল।

**নীল**—নীল রং; আসমানি রং। **নীলকসিণ**—ধ্যানের জন্যে ব্যবহৃত নীল রঙের চাকতি। **নীলগীব**—ময়ূর। **নীলমণি**—নীলকান্ত মণি। **নীলবণ্ণ**—নীল রংধারী। **নীলবল্লী**—এক জাতীয় ভেষজ লতা। **নীলসপ্প**—হুইপ সর্প।

**নীলিনী, নীলী**—নীলগাছ।

**নীলুপ্পল**—নীলোৎপল; নীলপদ্ম।

**নীবরণ**—(মানসিক উন্নতিতে) বাধা, প্রতিবন্ধক। **নীবরণিয**—বাধা জন্মানো।

**নীবার**—এক প্রকার শস্যকণা; এক প্রকার শস্য।

**নীহট**—'নিহরতি'র *pp*।

**নীহরণ**—ভিতর থেকে অপসারণ; নিষ্কাশন; সংগ্রহ; বহন।

**নীহরতি**—(নি+হর্+অ) ভিতর হতে অপসৃত করা; নিষ্কাশিত করা; সংগ্রহ বা গ্রহণ করা; চালিয়ে নেওয়া; তাড়িয়ে নেওয়া; প্রসারিত করা; টেনে বড় বা লম্বা বা চওড়া করা। *aor* **নীহরি**। *prp* **নীহরন্ত**। *abs* **নীহরিত্বা**।

**নীহার**—১ নিক্ষেপ; উৎপাদন; উচ্ছেদ; বিতাড়ন। ২ সম্পাদন; পালন। ৩ উপায়; প্রণালি।

**নীহিত**—'নিদহতি'র *pp* ১ গচ্ছিত। ২ সাজানো।

**নীল**—নীড়; পাখির বাসা। **নীলজ**—পাখি; যে বাসায় জন্মে।

**নু**—হাঁসূচক অনিয়ত অব্যয়; প্রায়ই প্রশ্নবোধক সর্বনামের সহিত যুক্ত হয়।

**নুদ, নুদক**—বিতাড়িত করে; দূরীভূত করে; দৃষ্টির আড়াল করে।

**নুদতি**—(নুদ্+অ) তাড়ানো; বিতাড়িত করা; দূরীভূত করা; বাতিল করা। *aor* **নুদি**। *abs* **নুদিত্বা**।

**নুণ্ণ**—('নুদতি'র *pp*) বিতাড়িত; অপসারিত।

**নূতন**—নব; টাটকা।

**নূন**—বাস্তবিকপক্ষে; প্রকৃতপক্ষে; সত্যই; তাই নাকি!

**নূপুর**—গুলফ; গোড়ালির গাঁট; শিঞ্জিনী; মঞ্জীর; ঘুঙুর।
**নেক**—অনেক; কতিপয়; বহু।
**নেকাকার**—বিভিন্ন; কতিপয়; কয়েকটি; পরস্পর বিভিন্ন; নানা; একাধিক।
**নেকতিক**—প্রতারণা; জুয়াচুরি; প্রতারক; জুয়াচোর; প্রতারণাপূর্ণ; জুয়াচুরিপূর্ণ।
**নেকাযিক**—পঞ্চ ধ.শাস্ত্র সংগ্রহে বিশারদ বা সুদক্ষ; একটি সম্প্রদায়ভুক্ত।
**নেক্খ**—বড় স্বর্ণমুদ্রাবিশেষ।
**নেক্খম্ম**—নৈষ্ক্রম্য; সংসার ত্যাগ; সন্ন্যাস। **নেক্খম্মবিতক্ক, নেক্খম্মসঙ্কপ্প**—নৈষ্ক্রম্য বিতর্ক, নৈষ্ক্রম্য সঙ্কল্প; আত্ম-বঞ্চনার ভাবনা। **নেক্খম্মসুখ**—নৈষ্ক্রম্য সুখ; পবিত্র জীবন যাপনের সুখ। **নেক্খম্মঅভিরত**—নৈষ্ক্রম্য অভিরত বা অনুরাগ।
**নেগম**—বিপণি; শহর অধিবাসী; পৌরসভা।
**নেতি**—(নি+অ) পরিচালনা করা; চালিত করা; চালিয়ে নেওয়া। *aor* **নেসি**। *pp* **নীত**। *ptp* **নেত্ত**। *ptp* **নেতব্ব**। *abs* **নেত্বা**।
**নেতু**—নেতা।
**নেত্ত**—নেত্র; চক্ষু; চোখ। **নেত্ততারা**—চোখের তারা; চোখের মণি।
**নেত্তি**—১ সনির্বন্ধ প্রার্থনা; মিনতি; আকুল কামনা। ২ তরল পদার্থ নিষ্কাশনের জন্য নালা বা নল।
**নেত্তিক**—জল নিষ্কাশনের জন্য যে নালা প্রস্তুত করে এরূপ।
**নেত্তিংস**—তরবারি; তরওয়াল; অসি; খড়্গ।
**নেপক্ক**—বিচক্ষণতা; দূরদর্শিতা।
**নেপুঞ্ঞ**—নিপুণ; দক্ষ; পটু; সমর্থ।
**নেমি**—চাকার বেড়; বৃত্তাকার কিনারা; প্রান্ত; কানা; বেড়।
**নেমিত্তিক**—ভাগ্য-গণক; বাস্তববাদী; সত্য কথক।
**নেমিন্ধর**—পর্বত বিশেষ।
**নেয্য**—নেওয়ার মতো; বহন করার যোগ্য; সিদ্ধান্ত নেওয়ার বা বোঝার যোগ্য।
**নেয্যরিক**—নৈরয়িক; নরকে জাত; নরকযন্ত্রণা ভোগ করার জন্য দণ্ডপ্রাপ্ত এরূপ।
**নেরু**—সর্বোচ্চ পর্বত বিশেষ। 'মেরু' দেখুন।
**নেবাসিক**—বাড়ির বাসিন্দা; আবাসিক।
**নেসজ্জিক**—নৈসজ্জিক; নৈশয্যিক; শয়ন করে না বা বসে থাকে এরূপ।
**নেসাদ**—নিষাদ; কিরাত; ধীবর; শিকারি।
**নো**—'না' সূচক অব্যয়; (প্রধানত শব্দ সম্বন্ধে) বিরোধসূচক বা বৈপরীত্য জ্ঞাপক অব্যয়।
**নোনীত**—নবনীত; নবনী; ননি; মাখন; টাটকা মাখন।
**ন্যাস**—বন্ধক; মর্টগেজ; বন্ধকি জিনিষ; বন্ধকি অবস্থা।

---

# প

---

**পকট্ঠ**—উচ্চতম পদস্থ বা খেতাবধারী; উচ্চতম বংশজাত; অভিজাত; সম্ভ্রান্ত; সর্বোন্নত চরিত্র; মহত্তম চরিত্র; সদাশয়; উদার।
**পকত**—কৃত; নির্মিত। **পকতঅত্ত**—সদাচরণ; ভদ্র আচরণ; ভালো স্বভাব; অটুট অবস্থা; অক্ষত অবস্থা।
**পকতি**—প্রকৃতি; মৌলিক গঠন অথবা প্রকৃতিগত গঠন; প্রকৃতি। **পকতিগমন**—স্বাভাবিক পদক্ষেপ। **পকতিচিত্ত**—স্বাভাবিক সচেতনতা; অক্ষত মনের। **পকতিসীল**—স্বাভাবিক গুণ।
**পকতিক**—প্রাকৃতিক; স্বাভাবিক; প্রকৃতি সম্বন্ধীয়; স্বভাবত হয়ে।
**পকপ্পনা**—বিচারশক্তি প্রয়োগ করে; সূত্র হতে সিদ্ধান্তে উপনীত হয়ে; যুক্তি দেখিয়ে; বিতর্ক ক'রে; পরিকল্পনা ক'রে; ব্যবস্থা।
**পকপ্পেতি**—(প+কপ্প্+এ) বিবেচনা করা; গ্রাহ্য করা; গ্রহণ করা; নকশা; অঙ্কন করা; পরিকল্পনা করা; অভিলাষ বা অভিসন্ধি করা; ব্যবস্থা করা; অবকাশ মতো পুনরায় ভেবে দেখা বা বিবেচনা করা। *aor* **পকপ্পেসি**। *pp* **পকপ্পিত**। *abs* **পকপ্পেত্বা**।
**পকম্পতি**—(প+কম্প্+অ) (ভয়, শীত, দুর্বলতা, বাতাস প্রভৃতিতে) কাঁপা বা কাঁপানো। (ভূমিকম্প, ভয়, শীত প্রভৃতিতে) কাঁপা বা কাঁপানো। *aor* **পকম্পি**। *pp* **পকম্পিত**। ger **পকম্পন**।
**পকরণ**—প্রকরণ; প্রসঙ্গ; সম্যককরণ; অধ্যায়।
**পকার**—প্রকার; জাতি; রীতি; রকম; কৌশল; উপায়।
**পকাস**—প্রকাশ; বিকাশ; দীপ্তি; (প্রধানত ভবিষ্যৎ ঘটনা পূর্বাহ্ণে) ঘোষণা; প্রকটন; প্রস্ফুটন। **পকাসক**—প্রকাশক; প্রকাশকারী; সাধারণ্যে প্রচারকারী; প্রকটনকারী।
**পকাসতি**—(প+কাস্+অ) দৃশ্যমান হওয়া; দর্শনসাধ্য হওয়া; জ্ঞাত হওয়া; আলো দেওয়া; আলো বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া। *aor* **পকাসি**।

*pp* **পকাসিত**।

**পকাসন**—প্রকাশন; আলো দান; আলো বিকিরণ; ঘোষণা; প্রচারণা।

**পকাসেতি**—(প+কাস্+এ) প্রকাশ করা; জ্ঞাত করানো; বিশদ বা স্পষ্ট করা; চিত্র দ্বারা ব্যাখ্যা করা বা সাজানো। *aor* **পকাসেসি**। *pp* **পকাসিত**। *prp* **পকাসেন্ত**। *abs* **পকাসেত্বা**।

**পকিণ্ণক**—প্রকীর্ণ; বিক্ষিপ্ত; ছড়ানো; নানাপ্রকার; মিশ্রিত; বিস্তৃত; অসংবদ্ধ।

**পকিত্তেতি**—(প+কিত্ত্+এ) কীর্তন করা; যশঃ-খ্যাপন করা; প্রশংসা করা; ব্যাখ্যা করা। *aor* **পকিত্তেসি**। *pp* **পকিত্তিত**। *prp* **পকিত্তেন্ত**। *abs* **পকিত্তেত্বা**।

**পকিরতি**—(প+কির+অ) নিক্ষিপ্ত করা; ছড়ানো; বিস্তৃত করা; অসংবদ্ধ করা। *aor* **পকিরি**। *pp* **পকিণ্ণ**।

**পকুপ্পতি**—(প+কুপ্+য) প্রকোপিত হওয়া; রাগান্বিত হওয়া। **পকুপ্পি**।

**পকুব্বতি**—(প+কর্+ও; করো পরিবর্তিত হয়ে কুব্ব); করা; প্রস্তুত করা; সম্পাদনা করা। *prp* **পকুব্বমান**।

**পকোপ**—প্রকোপ; অতিশয় কোপ; ক্রোধ; প্রচণ্ড ক্রোধ; রোষ; উত্তেজনা।

**পকোপন**--প্রচণ্ড আলোড়নপূরক; প্রচণ্ড বিক্ষোভকারক; অশান্তিকারক।

**পক্ক**—('পচতি'র *pp*) পক্ব; পাকা; রন্ধিত; সিদ্ধ; পাকানো; পচণ্ড; পাকা ফল।

**পক্কট্ঠিত**—অত্যন্ত উত্তপ্ত; খুব উত্তেজিত; অত্যন্ত ক্রুদ্ধ; শিখাহীনভাবে জ্বলে এমন; ধুমায়িত; খুব সিদ্ধ।

**পক্কম, পক্কমন**—প্রস্থান; মৃত্যু; বিপথে বা ভিন্নপথে গমন।

**পক্কমতি**—(প+কম্+অ) পদক্ষেপ সহকারে সম্মুখে যাওয়া; প্রস্থান করা। *aor* **পক্কমি**। *pp* **পক্কন্ত**। *prp* **পক্কমন্ত**। *abs* **পক্কমিত্বা**।

**পক্কামি**—('পক্কমতি'র *pret*) সে অতি শীঘ্র প্রস্থান করিল।

**পক্কোসতি**—(প+কুস্+অ) ডাকা; আহ্বান করা; ডেকে আনা; ডেকে পাঠানো; উপস্থিত হওয়ার জন্য বা কিছু করার জন্য আদেশ করা; তলব করা; সক্রিয় করে তোলা। *aor* **পক্কোসি**। *pp* **পক্কোসিত**। *abs* **পক্কোসিত্বা**।

**পক্কোসন, পক্কোসনা**—ডাক; আহ্বান।

**পক্খ**[১]—পার্শ্বদেশ; দল; বিরোধী দল; শরীরের পার্শ্বদেশ; পশুর পঞ্জর ও জঙ্ঘার মধ্যবর্তী পার্শ্বদেশ; ডানা; পক্ষ; অনুগামী জন; সংশ্লিষ্ট; মিলিত।

**পক্খ**[২]—খঞ্জ; খোঁড়া; পঙ্গু ব্যক্তি।

**পক্খন্দতি**—(প+খন্দ্+অ) লাফ দিয়ে ডিঙানো; আবির্ভূত হওয়া; ঝাঁপিয়ে পড়া। *aor* **পক্খন্দি**। *pp* **পক্খন্ত**। *abs* **পক্খন্দিত্বা**।

**পক্খন্দন**—লাফানো; ডিঙানো; আবির্ভাব; ধারণ; তাড়ানো; খেদানো।

**পক্খন্দিকা**—আমাশয়; উদরাময়।

**পক্খন্দী**—লাফ দেয় এরূপ; অসার দম্ভকারী; মিথ্যা বড়াইকারী।

**পক্খবিলাল**—বৃহৎ বাদুড়বিশেষ।

**পক্খলতি**—(প+খল্+অ) হোঁচট খাওয়া; পতনোন্মুখ হওয়া; অন্যায় কাজ করে ফেলা; হাতড়িয়ে মরা; (উদ্দেশ্য হতে) বিচলিত হওয়া; টলা। *aor* **পক্খলি**। *pp* **পক্খলিত**। *abs* **পক্খালিত্বা**।

**পক্খলন, পক্খলিত**—হোঁচট; পতনোন্মুখ অবস্থা; টলন।

**পক্খালেতি**—(প+খল্+এ) প্রক্ষালন করা; ধৌত করা; পরিষ্কার করা; বিশোধন করা; জল দিয়ে আলতোভাবে ধোয়া। *aor* **পক্খালেসি**। *pp* **পক্খালিত**। *abs* **পক্খালেত্বা**।

**পক্খিক**—বিরোধী দলভুক্ত; দলাদলি সংশ্লিষ্ট; পক্ষাবলম্বন; পাক্ষিক। **পক্খিকভত্ত**—পক্ষে একবার প্রদত্ত আহার।

**পক্খিত**—পক্খিপতি'র *pp*; প্রক্ষিপ্ত; ভিতরে স্থাপিত; ভিতরে নিক্ষিপ্ত।

**পক্খিপতি**—(প+খিপ্+অ) ভিতরে স্থাপন করা; ভিতরে নিক্ষেপ করা; ভিতরে রাখা। *aor* **পক্খিপি**। *prp* **পক্খিপন্ত**। *abs* **পক্খিপিত্বা**।

**পক্খিপন**—ভিতরে স্থাপন; ভিতরে নিক্ষেপণ; ভিতরে রক্ষণ।

**পক্খিয**—'পক্খিক' দেখুন।

**পক্খী**—পক্ষী; পাখি; যার ডানা আছে এরূপ।

**পক্খেপ**—'পক্খিপন' দেখুন।

**পখুম**—অক্ষিপক্ষ্ম; চোখের পাতার লোম।

**পগব্ভ**—প্রগল্ভ; নির্ভীক; সাহসী; বেপরোয়া।

**পগাল্হ**—'পগাহতি'র *pp*; প্রগাঢ়।

**পগাহতি**—(প+গাহ্+অ) ভিতরে ডুব দেওয়া; ডোবা; নিচু হওয়া ভিতরে ঢোকা; ঝাঁপ দেওয়া; সহসা মুশকিলে বা অসুবিধায় বা অস্বস্তিকর অবস্থায় ফেলা। *aor* **পগাহি**। *prp* **পগাহন্ত**। *abs* **পগাহিত্বা**।

**পগিদ্ধ** (**পগিজ্ঝতি'র** *pp*)—আকুল আকাঙ্ক্ষী; অর্থগৃধ্নু; নাছোড়বান্দা হয়ে; দৃঢ়ভাবে আসক্ত বা অনুরক্ত থেকে।

**পগুণ**—ভালোরূপে অনুশীলিত; ভালোরূপে অবগত; সুপরিচিত; অন্তরঙ্গ; অন্তরে জ্ঞাত। **পগুণতা**—প্রতিযোগিতা।

**পগুম্ব**—গুম; নিস্তব্ধতা; নির্বাক ও নিশ্চল; ঘন ঝোপ।

**পগেব**—অতি ভোরে; বলার নয়।

**পগ্গণ্হাতি**—(প+গহ্+ণ্হা) ঊর্ধ্বে তোলা; ওঠানো; উত্তোলন করা; উঁচু করা; সমর্থন করা; পক্ষপাত দেখানো; সুবিধা দেওয়া; বরাবর প্রসারিত করা। *aor* **পগ্গণ্হি**। *prp* **পগ্গণ্হন্ত**। *abs* **পগ্গহেত্বা, পগ্গয্হ**। *ptp* **পগ্গহেতব্ব**।

**পগ্গহ, পগ্গাহ, পগ্গহন**—প্রচেষ্টা; প্রয়াস; কর্মশক্তি; প্রবল সক্রিয়তা; তেজ; উত্তোলন; ঊর্ধ্বে তোলন; সমর্থন; পৃষ্ঠপোষকতা।

**পগ্গহিত**—(পগ্গণ্হাতি'র *pp*) উত্তোলিত; সমর্থিত; বরাবর প্রসারিত।

**পগ্ঘরণ**—ফোঁটায় ফোঁটায় বা থেকে থেকে সরু ধারায় নির্গমন বা ঝরন; ধীরে ধীরে বা ফোঁটায় ফোঁটায় ঝরন বা ক্ষরণ।

**পগ্ঘরতি**—(প+ঘর্+অ) প্রবাহিত হতে থাকা; ফোঁটায় ফোঁটায় ঝরতে থাকা; ফোঁটায় ফোঁটায় ক্ষরণ হতে থাকা; ধীরে ধীরে নির্গত হতে থাকা। *aor* **পগ্ঘরি**। *pp* **পগ্ঘরিত**। *prp* **পগ্ঘরন্ত**। *abs* **পগ্ঘরিত্বা**।

**পঘণ**—বাড়ির সম্মুখে আবৃত থাক বা চত্বর বা ভবনশ্রেণী।

**পঙ্ক**—পাঁক; কর্দম; কাদা; পাপ; অপবিত্রতা; মলিনতা।

**পঙ্কজ, পঙ্কেরুহ**—পদ্ম; পঙ্ক হতে উত্থিত হয় এরূপ।

**পঙ্গু, পঙ্গুল**—খঞ্জ; খোঁড়া; খোঁড়া লোক।

**পচতি**—(পচ্+অ) পাক করা; রন্ধন করা। *aor* **পচি**। *pp* **পচিত, পক্ক**। *prp* **পচন্ত**। *ptp* **পচিতব্ব**। *abs* **পচিত্বা**।

**পচন**—রন্ধন।

**পচরতি**—(প+চর্+অ) কার্যে প্রয়োগ করা; কার্যকর করা; চালু করা; সম্পাদন করা; অনুশীলন করানো; চর্চা করা; অভ্যাস করা; লক্ষ করা; হাঁটা।

**পচলাযতি**—(প+চল্+আয) নিদ্রালু হওয়া; ক্লান্তিতে বা নিদ্রালুতায় মাথা ঝোঁকানো। ঝিমান শুরু করা। *aor* **পচলাযি**।

**পচালাযিকা**—ক্লান্তিতে বা নিদ্রালুতায় মাথার ঝোঁক; ঝিমান।

**পচাপেতি**—('পচতি'র *caus*) রন্ধন করানো; পাক করানো। *aor* **পচাপেসি**। *abs* **পচাপেত্বা**।

**পচারক**—প্রচারক; ঘোষণাকারী; প্রকাশক।

**পচারেতি**—(প+চর্+এ) শিক্ষা দেওয়া; ঘোষণা করা; প্রকাশ করা। *aor* **পচারেসি**। *pp* **পচারিত**। *abs* **পচারেত্বা**।

**পচালক**—দোলন; ঝুলন; আন্দোলন; নাড়ন। **পচালকং**—প্রভাব; শাসন।

**পচিনাতি**—(প+চি+না) চয়ন করা; উৎপাটন করা; ঠোকরানো; কামড়ানো; খোঁটা; টেনে তুলে ফেলা; একত্র করা; সংগ্রহ করা; পুঞ্জিত করা। *aor* **পচিনি**। *prp* **পচিনন্ত**।

**পচুর**—প্রচুর; প্রভূত; বহুল; অধিক।

**পচ্চক্কোসতি**—(পতি+আ+কুস্+অ) প্রত্যুত্তরে তীব্র তিরস্কার করা। *aor* **পচ্চক্কোসি**।

**পচ্চক্খ**—প্রত্যক্ষ; স্পষ্ট; স্পষ্টত প্রতীয়মান; সম্পাদিত। **পচ্চক্খকম্ম**—গভীর অনুভূতি; উপলব্ধি।

**পচ্চক্খাতি**—(পতি+আ+খা+অ) প্রত্যাখ্যান করা; বাতিল করা; মেনে না নেওয়া; অস্বীকার করা; পরিত্যাগ করা। *aor* **পচ্চক্খাসি**। *pp* **পচ্চক্খত**। *abs* **পচ্চক্খায**।

**পচ্চক্খান**—প্রত্যাখ্যান; বাতিল; অস্বীকার; পরিত্যাগ।

**পচ্চগ্ঘ**—প্রত্যর্ঘ; মূল্যবান।

**পচ্চঙ্গ**—প্রত্যঙ্গ; অঙ্গের অঙ্গ।

**পচ্চতি**—('পচতি'র *pass*) রন্ধিত হওয়া; বরদাস্ত করা; ভোগ করা। *aor* **পচ্চি**। *abs* **পচ্চিত্বা**। *prp* **পচ্চমান**।

**পচ্চত্ত**—প্রত্যক্ষ; পৃথক; আলাদা; প্রান্তবর্তী; স্বতন্ত্র; দূরবর্তী; সীমা-সন্নিহিত। **পচ্চত্তং**—আলাদাভাবে; স্বতন্ত্ররূপে।

**পচ্চত্থরণ**—আচ্ছাদন; আবরণ; ঢাকনা; ডালা; বিরুদ্ধে কিছু ছড়ানো হয়েছে এমন; বিছানার চাদর।

**পচ্চত্থিক**—শত্রু; প্রতিপক্ষীয়; প্রতিবাদে স্থাপিত; বিরুদ্ধ; বিপরীত; প্রতিকূল।

**পচ্চন**—উত্তাপে টগবগ করে ফুটন; গরম জলে সিদ্ধ করণ বা পাক করণ; অধীন হওন; ভোগ করণ; সহন; বরদাস্ত করণ।

**পচ্চণিক**—বিপরীত; বিরুদ্ধ; ভিন্নমুখ; না সূচক; প্রতিকূল; শত্রু; বিপক্ষ।

**পচ্চনুভবতি, পচ্চনুভোতি**—(পতি+অনু+ভূ+অ) (কিছুর) অধীন হওয়া; ভোগ করা; সহ্য করা;

(কোনো) অভিজ্ঞতা লাভ করা। *aor* **পচ্চনুভৱি**। *abs* **পচ্চনুভৱিত্বা**।

**পচ্চনুভূত**—('পচ্চনুভৱতি'র *pp*) (কিছুর) অধীন; ভুক্ত; (কোনো কিছুতে) অভিজ্ঞ।

**পচ্চন্ত**—রাজ্যের সীমানা; রাজ্যের প্রান্তসীমা; সীমা-সন্নিহিত। **পচ্চন্তদেস**—প্রত্যন্ত দেশ; রাজ্যের সীমান্ত; রাজ্যের প্রান্ত; রাজ্যের উপান্ত। **পচ্চন্ত-ৱাসী**—গ্রামবাসী; গ্রাম্য; গেঁয়ো। **পচ্চন্তৱিসয**—'পচ্চন্তদেস' দেখুন।

**পচ্চন্তিম**—নিকটবর্তী হয়ে; সন্নিহিত হয়ে; বহুদূরে অবস্থিত।

**পচ্চয**—প্রত্যয়; হেতু; কারণ; উদ্দেশ্য; প্রেরণা; ঐরূপ বস্তু বা বিষয়; উপকরণ যন্ত্রবৎ ব্যবহৃত বস্তু ব্যক্তি বা প্রাণী; নিমিত্ত; সহায়তা; অবলম্বন। **পচ্চযতা**—[causation] উৎপাদন; সঙ্ঘটন। **পচ্চযাকার**—প্রত্যয়ের বা হেতুর ধরন; কারণ বা হেতুসংক্রান্ত জন্ম বা জনন বা সৃষ্টি। **পচ্চযুপ্পন্ন**—হেতু বা প্রত্যয়ের কারণে উদ্ভব।

**পচ্চযিক**—আস্থাস্থাপনের যোগ্য; নির্ভরযোগ্য।

**পচ্চৱেক্খতি**—(পতি+অৱ+ইক্খ+অ) মনোযোগের সহিত ভাবা বা বিবেচনা করা; পুনরীক্ষণ করা; সমালোচনা করা; নিবিষ্টভাবে অবলোকন করা। *aor* **পচ্চবেক্খি**। *pp* **পচ্চবেক্খিত**। *abs* **পচ্চৱেক্খিত্বা, পচ্চৱেক্খিয**।

**পচ্চৱেক্খন, পচ্চৱেক্খনা**—বিবেচনা; পুনরীক্ষণ; প্রতিবিম্ব; মানসিক চেতনা; গভীর চিন্তাপ্রসূত ফল।

**পচ্চস্সোসি**—('পটিস্সুণাতি'র *aor*) তিনি রাজি হলেন বা অঙ্গীকার করলেন বা প্রতিশ্রুতি দিলেন।

**পচ্চাকত**—প্রত্যাখ্যাত; পরাজিত; পরাস্ত।

**পচ্চাকোটিত**—মসৃণ বা সমতলকৃত; সুষমকৃত; ইস্ত্রিকৃত।

**পচ্চাগচ্ছতি**—(পতি+আ+গম্+অ) প্রত্যাবর্তন করা; প্রত্যাগমন করা; ফিরে আসা; ফিরিয়ে আনা। *aor* **পচ্চাগচ্ছি**। *pp* **পচ্চাগত**। *abs* **পচ্চাআগন্ত্বা**।

**পচ্চাগমন**—ফিরে আসা; প্রত্যাগমন করা।

**পচ্চাজাযতি**—(পতি+আ+জন্+য) পুনর্জন্ম গ্রহণ করা। *aor* **পচ্চাজাযি, পচ্চাজাত**। *abs* **পচ্চজাযিত্বা**।

**পচ্চামিত্ত**—প্রত্যামিত্র; প্রতিপক্ষ; বিপক্ষ; শত্রু।

**পচ্চাসিংসতি**—(পতি+আ+সিংস্+অ) প্রত্যাশা করা; আকুল আকাঙ্ক্ষা করা; কামনা করা; অপেক্ষা করা; প্রতীক্ষা করা। *aor* **পচ্চাসিংসি**। *pp* **পচ্চাসিংসিত**।

**পচ্চাহরতি**—(পতি+আ+হর্+অ) প্রত্যাহার করা; ফিরিয়ে নেওয়া। *aor* **পচ্চাহরি**। *pp* **পচ্চাহট**। *abs* **পচ্চাহরিত্বা**।

**পচ্চাহার**—প্রত্যাহার; অব্যাহতি; প্রশ্রয়; সদুঃখে ত্রুটি বা অপরাধ স্বীকার।

**পচ্চুগ্গচ্ছতি**—(পতি+উ+গম্+অ) মিলিত হবার জন্য বের হয়ে আসা। *abs* **পচ্চুগ্গন্ত্বা**।

**পচ্চুগ্গমন**—মিলিত হবার জন্যে বাইরে আগমন।

**পচ্চুট্ঠাতি**—(পতি+উ+ঠা+অ) সম্মান প্রদর্শনের প্রতীক বা চিহ্নস্বরূপ (কারও) আসন থেকে প্রত্যুত্থান করা। *aor* **পচ্চুট্ঠাসি**। *pp* **পচ্চুট্ঠিত**। *abs* **পচ্চুট্ঠায**।

**পচ্চুট্ঠান**—প্রত্যুত্থান; শ্রদ্ধা; পবিত্র মহিমা; শ্রদ্ধা নিবেদন; (কারও) আসন হতে উত্থান। **পচ্চুট্ঠানক**—উত্থানকারী অথবা ঘটক।

**পচ্চুপকার**—প্রত্যুপকার; উপকারীর প্রতি উপকার।

**পচ্চুপট্ঠাতি**—(পতি+উপ+ঠা+অ) উপস্থিত থাকা। *aor* **পচ্চুপট্ঠাসি**। *pp* **পচ্চুট্ঠিত**। *abs* **পচ্চুপট্ঠিত্বা**।

**পচ্চুপট্ঠান**—বোধ; বোধশক্তি; বুদ্ধি; মেধা; মতের মিল বা মনের মিল; পরস্পর বোঝাপড়া; উপস্থিতি; প্রকাশ; জন্ম বা আবির্ভাব; স্থানান্তর হতে আগমন।

**পচ্চুপট্ঠাপেতি**—সম্মুখে আনয়ন করা; জোগান দেওয়া; সরবরাহ করা; ব্যবস্থা করা; সাজানো; নির্দিষ্ট করা।

**পচ্চুপ্পন্ন**—প্রত্যুৎপন্ন; কার্যকালে উপস্থিত বা অস্তিমান বা বিদ্যমান; পুনরুৎপন্ন; পুনর্বার জাত; তৎক্ষণে উৎপন্ন।

**পচ্চূস**—প্রত্যুষ; ভোর; সকাল। **পচ্চূসকাল**—উষা; ভোর।

**পচ্চেক**—পৃথক; প্রত্যেক; বিভিন্ন, কতিপয়; পরস্পর বিভিন্ন; একক। **পচ্চেকবুদ্ধ**—যিনি বুদ্ধত্বপ্রাপ্ত হন কিন্তু পৃথিবীতে 'সত্য' দেশনা করেন না। **পচ্চেকং**—পৃথকভাবে; ব্যক্তিগতভাবে।

**পচ্চেতি**—(পতি+ই+অ) (কোনো কিছুতে) দ্রুত অগ্রসর হয়ে আসা বা আরম্ভ করা; বাস্তবে পরিণত করা; প্রকৃত অস্তিত্ব দান করা; সত্য করে তোলা; গভীরভাবে অনুভব করা; শেষ উপায় স্বরূপ কোনো পন্থা অবলম্বন করা। *aor* **পচ্চেসি**।

**পচ্চোরোহতি**—(পতি+অৱ+রুহ্+অ) নেমে আসা; অবরোহণ করা; অবতরণ করা। *aor*

পচ্চোরোহি। *pp* পচ্চোরূল্হ। *abs* পচ্চোরোহিত্বা, পচ্চোরুষ্হ।

**পচ্চোসক্কতি**—(পতি+অব+সক্ক্+অ) অপসৃত হওয়া; হঠে যাওয়া; পশ্চাদপসরণ করা; ফিরিয়ে বা সরিয়ে বা হঠিয়ে আনা অথবা ফেরত নেওয়া। *aor* পচ্চোসক্কি। *pp* পচ্চোসক্কিত। *abs* পচ্চোসক্কিত্বা।

**পচ্চোসক্কনা**—পশ্চাদপসরণ; হঠন; সঙ্কোচন।

**পচ্ছতো**—পশ্চাৎ হতে; পশ্চাদ্ভাগ।

**পচ্ছন্ন**—('পচ্ছাদেতি'র *pp*) প্রচ্ছন্ন, আচ্ছন্ন; লুক্কায়িত; বিজড়িত।

**পচ্ছা**—পরবর্তীকালে। **পচ্ছাজাত**—পরবর্তীকালে জাত বা উদ্ভূত। **পচ্ছানিপাতী**—অন্যান্যদের পরে যিনি অবসর গ্রহণ করেন এরূপ। **পচ্ছানুতাপ**—তীব্র অনুতাপ; অনুশোচনা; মনস্তাপ। **পচ্ছাবাহং**—কারও পশ্চাতে হস্তবদ্ধ। **পচ্ছাভত্তং**—অপরাহ্ণ। **পচ্ছাভাগ**—পশ্চাদ্ভাগ; পিছন দিক; পরবর্তীকালে। **পচ্ছাসমণ**—ভ্রমণকালে যে নবীন ভিক্ষু প্রবীণ ভিক্ষুর পশ্চাতে হাঁটেন।

**পচ্ছাদ**—আবরণ; আচ্ছাদন; ঢাকনা; রথকম্বল।

**পচ্ছানুতপ্পতি**—(পচ্ছা+অণু+তপ্+অ) তীব্র অনুতাপ অনুভব করা; অনুশোচনা বা মনস্তাপ অনুভব করা। *aor* পচ্ছানুতপ্পি।

**পচ্ছাযা**—ছায়াবৃত অংশ; ছায়াময় বা আলোকাবরণে আবৃত স্থান।

**পচ্ছি**—হাত-ঝুড়ি; হাত-চুপড়ি; হাত-চেঙারি।

**পচ্ছিজ্জতি**—(প+ছিদ্+য) ছোট করে কর্তিত হওয়া; মাঝপথে বাধাপ্রাপ্ত দেওয়া; ছিন্ন হওয়া; বিভক্ত হওয়া। *aor* পচ্ছিজ্জি। *pp* পচ্ছিন্ন। *abs* পচ্ছিজ্জিত্বা।

**পচ্ছিজ্জন**—ছেদন; বিভাজন; গতিরোধ।

**পচ্ছিন্দতি**—(প+ছিদ্+ং-অ) ছোট করে কর্তন করা; মাঝপথে বাধা দেওয়া; অবসান করা। *aor* পচ্ছিন্দি। *pp* পচ্ছিন্ন। *abs* পচ্ছিন্দিত্বা।

**পচ্ছিম**—সর্বশেষ; চূড়ান্ত; চরম; অন্তিম; সর্বপশ্চাদ্বর্তী; সর্বনিম্ন; পশ্চিমে অবস্থিত; পশ্চিমস্থ; পশ্চিমগামী; পশ্চিম হতে আগত; পশ্চিমা। **পচ্ছিমক**—সর্বশেষ; নিম্নতম; হীনতম।

**পচ্ছেদন**—প্রচ্ছেদন; ভাঙন।

**পজগ্ঘতি**—(প+জগ্ঘ্+অ) উচ্চৈঃস্বরে হাসা। *aor* পজগ্ঘি। ger পজগ্ঘন।

**পজপ্পতি**—(প+জপ্প্+অ) অনর্থক অত্যধিক কথা বলা; শিশুর মতো আবোল-তাবোল বলা; সনির্বন্ধভাবে প্রার্থনা করা; মিনতি করা; আকুলভাবে কামনা করা। *aor* পজপ্পি।

**পজহতি**—(প+হা+অ; 'হা' দ্বিত্ব হয় এবং পূর্বের 'হ' পরিবর্তিত হয়ে 'জ' হয়) পরিত্যাগ করা; দাবি পরিত্যাগ করা; অস্বীকার করা; (পূর্বেকার প্রতিশ্রুতি) প্রত্যাহার করে নেওয়া; শপথপূর্বক পরিত্যাগ করা; ফেলে যাওয়া; ছেড়ে দেওয়া। *aor* পজহি। *pp* পজহিত। *abs* পজহিত্বা, পহায। *prp* পজহন্ত।

**পজা**—প্রজা; সন্তান; বংশধরগণ; কাচ্চাবাচ্চা; পুরুষ; বংশধর; মানবজাতি; পুরুষবর্গ। **পজাপতি**—সৃষ্টিকর্তা।

**পজাননা**—জ্ঞান; অবগতি; জ্ঞাত বা জ্ঞেয় বিষয়; তথ্য; শিক্ষা; বিদ্যা; পরিচিতি; অভিজ্ঞতা; দক্ষতা; বোধশক্তি; বুদ্ধি; মেধা; উপলব্ধি।

**পজানাতি**—(প+ঞা+না) সম্পূর্ণরূপে জানা; স্পষ্টভাবে উপলব্ধি করা।

**পজাযতি**—(প+জান+য) জাত হওয়া; উৎপাদিত হওয়া। *aor* পজাযি।

**পজাযন**—জন্ম; উৎপত্তি; আবির্ভাব; দেহধারণ; উদ্ভব; অস্তিত্বে আগমন।

**পজ্জ**—১ পদ্য; কবিতা। ২ পদের জন্য মঙ্গল এরূপ; রাস্তা; পথ। **পজ্জবন্দ**—কবিতা।

**পজ্জলতি**—(প+জল্+অ) লেলিহান শিখা বিস্তার করে জ্বলা; তীব্র আলোক ছড়িয়ে জ্বলা; উজ্জ্বল কিরণ বর্ষণ করা; ক্রোধে বা উত্তেজনায় জ্বলে ওঠা। *aor* পজ্জলি। *pp* পজ্জলিত। *prp* পজ্জলন্ত। *abs* পজ্জলিত্বা।

**পজ্জলন**—প্রজ্বলন; ভীষণরূপে জ্বলে ওঠা; ভালোরূপ জ্বালানো।

**পজ্জুন্ন**—প্রদ্যুম্ন; বৃষ্টির মেঘ; বরুণ দেবতা; জলাধিপ; সমুদ্রের অধিপতি দেবতা।

**পজ্জোত**—প্রদ্যোত; আলোক; রশ্মি; দীপ্তি; দ্যুতি।

**পজ্ঝাযতি**—(প+ঝা+য) দুঃখে বা মর্মবেদনায় অতিক্রম করা অনুশোচনায় বা মনস্তাপে বা তীব্র অনুতাপে (বিপদাদি) কাটিয়ে ওঠা; ভেবে দেখা; চিন্তা করা। *aor* পজ্ঝাযি। *prp* পজ্ঝাযন্ত।

**পঞ্চ**—পাঁচ; পাঁচটি। **পঞ্চকল্যাণ**—পাঁচটি সৌন্দর্যচিহ্ন (চুলের, মাংসের, দাঁতের, চর্মের এবং বয়সের)। **পঞ্চকামগুণ**—পঞ্চ ইন্দ্রিয়ের আনন্দ। **পঞ্চক্খন্ধ**—পঞ্চ সমষ্টি : রূপ (বা বস্তুগত বা পদার্থগত বা আধিভৌতিক বা দৈহিক গুণ বা ধর্ম বা স্বভাব বা প্রকৃতি), বেদনা (বা অনুভূতি), সংজ্ঞা (বা প্রত্যক্ষকরণ বা উপলব্ধি বা প্রত্যক্ষরূপ বা

কল্পমূর্তি), সংস্কার (বা সচেতনতার সহসংঘটক বা সহনিমিত্ত বা একাধিক সংঘটকের বা নিমিত্তের অন্যতম), সচেতনতা। **পঞ্চগোরস**—গাভী হতে প্রাপ্ত পাঁচটি উৎপন্ন দ্রব্য : দুগ্ধ, দধি, ঘৃত, মাখন ও মাঠা। **পঞ্চঙ্গ, পঞ্চঙ্গিক**—পঞ্চ অংশ সমন্বিত। **পঞ্চঙ্গুলিক**—সুবাসিত দ্রাবণে নিমজ্জিত করার পর পাঁচটি আঙুলের ছাপ। **পঞ্চচক্খু, পঞ্চনেত্ত**—পাঁচ প্রকারের দৃষ্টি আছে এরূপ। **পঞ্চচত্তালীসতি**—পঁয়তাল্লিশ। **পঞ্চচূলক**—পঞ্চ চূড়ক; যার চুলের পাঁচ ঝুঁটো আছে এরূপ। **পঞ্চতিংসতি**—পঁয়ত্রিশ। **পঞ্চদস**--পনের। **পঞ্চনবুতি**--পঁচানব্বই। **পঞ্চনীবরণ**—মনের উন্নতি সাধন বিষয়ে পাঁচ রকমের বাধা : কামচ্ছন্দ, ব্যাপাদ, স্ত্যানমিদ্ধ বা আলস্য-জড়তা, ঔদ্ধত্য-কৌকৃত্য ও বিচিকিৎসা বা সংশয়। **পঞ্চ পঞ্‌ঞাসতি**—পঞ্চান্ন। **পঞ্চপতিট্‌ঠিত**—(কপাল, কোমর বা কটি, কনুই, হাঁটু ও পদাদি অবনত করে) প্রণত। **পঞ্চ বন্ধন**—পাঁচ প্রকার দাসত্ববন্ধন। **পঞ্চবল**—পাঁচ প্রকার মানসিক শক্তি। **পঞ্চ মহাপরিচ্চাগ**—পঞ্চ মহাপরিত্যাগ : উচ্চতম মূল্যের বস্তুসমূহ, সন্তান, ভার্যা এবং রাজ্য এবং অঙ্গ-প্রত্যঙ্গ। **পঞ্চ মহাবিলোকন**—বোধিসত্ত্বের পঞ্চ মহা অনুসন্ধান : কাল বা সময়, মহাদেশ, স্থান, বংশ বা গোষ্ঠী এবং মাতা। **পঞ্চবগ্গিয়**—পাঁচজনে গঠিত দলভুক্ত (গৌতম যখন সন্ন্যাসী হলেন তখন যে পাঁচজন ভিক্ষু তাঁর সঙ্গ নিলেন, তাঁদেরকে বলা পঞ্চবর্গীয়)। **পঞ্চবণ্ণ**—পাঁচ রঙের : নীল, হলদে, লাল, সাদা এবং বাদামি। **পঞ্চবীসতি**—পঁচিশ। **পঞ্চসট্‌ঠি**—পঁয়ষট্টি। **পঞ্চসহস্স**—পঞ্চ সহস্র; পাঁচ হাজার। **পঞ্চসীল**—পঞ্চশীল; পঞ্চনীতি। **পঞ্চহত্থ**—পাঁচ হাত পরিমাণ।

**পঞ্চক**—পঞ্চবৎসর বা পঞ্চসাল; পঞ্চদিবস; পাঁচের একটি দল।

**পঞ্চক্খত্তুং**—পাঁচ বার।

**পঞ্চধা**—পাঁচ প্রকারে; পাঁচ উপায়ে।

**পঞ্চবিধ**—পাঁচ রকম; পাঁচ-ভাঁজ।

**পঞ্চসো**—পাঁচ সংখ্যার দ্বারা অথবা পাঁচটি উপায়ে।

**পঞ্চানন্তরিয**—পঞ্চ মন্দকার্য যা তৎক্ষণাৎ অর্থাৎ ইহজীবনেই প্রতিফল দান করে মাতৃহত্যা, পিতৃহত্যা, অরহত হত্যা, বুদ্ধের শরীর হতে রক্তপাত, সঙ্ঘভেদ।

**পঞ্চাভিঞ্‌ঞা**--পঞ্চ অভিজ্ঞা, মনোগত বা আধ্যাত্মিক বা আধিদৈহিক বা ভৌতিক শক্তি : অলৌকিক ঘটনা বা বিস্ময়কর ব্যাপার সম্পাদনের ক্ষমতা, ইন্দ্রিয়াতীত শব্দ শ্রবণের কল্পিত ক্ষমতা, ইন্দ্রিয়াতীত দৃশ্য দর্শনের কল্পিত ক্ষমতা; পরিচিত্ত বিজানন জ্ঞান; পূর্বজন্মানুস্মৃতি জ্ঞান।

**পঞ্চাবুধ**—পাঁচ অস্ত্রের কেতা (set) : তরোয়াল, বর্শা, রণ-কুঠার, ধনু এবং গদা।

**পঞ্চাসীতি**—পঁচাশি।

**পঞ্চাহ**—পঞ্চ অহ; পাঁচ দিন।

**পঞ্জর**—পিঞ্জর; খাঁচা।

**পঞ্জলিক, পঞ্জালী**—প্রঞ্জলিক; প্রণামের প্রতীক স্বরূপ হস্ত অঞ্জলিবদ্ধকরণ।

**পঞ্‌ঞ**—প্রাজ্ঞ; জ্ঞানী; জ্ঞানসমৃদ্ধ।

**পঞ্‌ঞতা**—সত্যই জ্ঞান আছে এরূপ।

**পঞ্‌ঞত্ত**—('পঞ্‌ঞাপেতি'র *pp*) প্রজ্ঞাপ্ত।

**পঞ্‌ঞত্তি**—প্রজ্ঞাপ্তি; পদবি; নাম; ধারণা; কল্পনা; ভাব; অভিপ্রায়; নিয়ন্ত্রণ; প্রবিধান।

**পঞ্‌ঞবন্ত**—জ্ঞানী; বুদ্ধিমান।

**পঞ্‌ঞা**—প্রজ্ঞা; জ্ঞানসম্পন্নতা; পাণ্ডিত্য; বিজ্ঞতা; অভিজ্ঞতা; বিচক্ষণতা; আধ্যাত্মিক অনুভূতি; আধ্যাত্মিক জ্ঞান; জ্ঞান; তথ্য; তত্ত্বজ্ঞান। **পঞ্‌ঞাক্খন্ধ**—বুদ্ধিগত কর্তব্যের সংহিতা বা নিয়মাবলি; উচ্চতম জ্ঞান অর্জনের অনুশীলন বা চর্চা। **পঞ্‌ঞাচক্খু**—প্রজ্ঞা চক্ষু; জ্ঞানের চক্ষু। **পঞ্‌ঞাধন**—জ্ঞানের সঞ্চিত সম্পদ। **পঞ্‌ঞাবল**—প্রজ্ঞাবল; তত্ত্বজ্ঞানের শক্তি। **পঞ্‌ঞাবিমুত্তি**—প্রজ্ঞাবিমুক্তি; তত্ত্বজ্ঞানের প্রভাবে বন্ধন-মুক্তি বা শৃঙ্খল-মোচন। **পঞ্‌ঞাবুদ্ধি**—প্রজ্ঞা বৃদ্ধি; জ্ঞানের বৃদ্ধিপ্রাপ্তি। **পঞ্‌ঞাসম্পদ**—উচ্চতর জ্ঞানের আশীর্বাদ।

**পঞ্‌ঞাণ**—প্রজ্ঞান; দাগ; চিহ্ন; প্রতীক।

**পঞ্‌ঞাত**—('পঞ্‌ঞাযতি'র *pp*) প্রজ্ঞাপ্ত।

**পঞ্‌ঞাপক**--প্রজ্ঞাপক; যে বা যা জানায়; জ্ঞাপনকারী; যে নির্দেশ করে; যে নির্দিষ্ট করে।

**পঞ্‌ঞাপন**—প্রজ্ঞাপন; সংবাদদান; জ্ঞাতকরণ; নিবেদন (আসন ইত্যাদির) প্রস্তুতি।

**পঞ্‌ঞাপেতি**—(প+ঞা+আপে) নিয়ন্ত্রিত করা; জ্ঞাপন করা; সমন্বয় সাধন করা; আইন বিধিবদ্ধ করে নিয়ন্ত্রণ করা; জানানো; সংবাদ দেওয়া; প্রস্তুত করা (আসনাদির)। *aor* **পঞ্‌ঞাপেসি**। *pp* **পঞ্‌ঞাপিত, পঞ্‌ঞত্ত**। *prp* **পঞ্‌ঞাপেন্ত**। *abs* **পঞ্‌ঞাপেত্বা**।

**পঞ্‌ঞাপেতু**—নিয়ন্ত্রক; নিয়াপক; ঘোষণা করে

এরূপ।

**পঞ্‌ঞাযতি**—(প+ঞা+য) দৃষ্টিগোচর হওয়া; উপস্থিত হওয়া; আবির্ভূত হওয়া; বিশুদ্ধ হওয়া; স্বচ্ছ হওয়া; স্পষ্ট হওয়া; প্রতীয়মান হওয়া। *aor* **পঞ্‌ঞাযি**। *pp* **পঞ্‌ঞাত**। *prp* **পঞ্‌ঞাযমান**। *abs* **পঞ্‌ঞাযিত্বা**।

**পঞ্‌হ**—প্রশ্ন; জিজ্ঞাসা; অনুসন্ধান; তদন্ত। **পঞ্‌হবিস্‌সজ্জন, পঞ্‌হব্যাকরণ**—প্রশ্নোত্তর দান।

**পট**—বস্ত্র; জামা।

**পটগ্‌গি**—বিপরীত দিকস্থ অগ্নি; বিপরীত দিকের আগুন।

**পটঙ্গ**—পতঙ্গ; ফড়িং।

**পটল**—ছাদ; জীবদেহের বা উদ্ভিদদেহের ঝিল্লি; মোড়ক; বস্ত্রাদি দ্বারা আস্তরণ; আস্তরণের উপাদান বা কাপড়; ছাল; ঝিল্লি।

**পটলিকা**—পুষ্পপরিশোভিত শয্যাচ্ছাদনী বা শুজনি।

**পটহ**—নাকড়া বা নাগরা; রণঢক্কা; কানের ভিতরের ঝিল্লি।

**পটাকা**—পতাকা; নিশান; ধ্বজপট।

**পটি, পতি**—বিরুদ্ধ; বিপরীত; অনুকূল; বিপক্ষ ইত্যাদি অর্থবোধক যা পূর্বাহ্নে বসে এরূপ।

**পটিকঙ্খতি**—(পটি+কখ্‌+ং-অ) ইচ্ছুক বা অভিলাষী হওয়া; আকাঙ্ক্ষা করা। *aor* **পটিকঙ্‌খি**। *pp* **পটিকঙ্খিত**।

**পটিকণ্টক**—বিপরীত; প্রতিকূল; বিরোধী; শত্রুপক্ষীয়; ক্ষতিকর; শত্রু।

**পটিকম্ম**—প্রতিকার বা প্রতিবিধান; পুনরায় সমন্বয় সাধন; প্রায়শ্চিত্ত।

**পটিকত**—('পটিকরোতি'র *pp*) পুনরায় সমন্বয় সাধিত; প্রতিকৃত।

**পতিকর**—প্রতিকূলতা করণ; প্রতিকার করণ; ব্যর্থ করণ; প্রতিবিধান করণ; পূর্ণপ্রায়শ্চিত্ত করণ; খেসারত দেওন।

**পটিকরোতি**—(পটি+কর্‌+ও) প্রায়শ্চিত্ত করা; প্রতিকার করা; প্রতিবিধান করা; খেসারত দেওয়া; প্রতিকূলতা করা; ব্যর্থ করা। *aor* **পটিকরি**। *prp* **পটিকরোন্ত**।

**পটিকস্‌সতি**—(পটি+কস্‌+অ) হয়ে আসা; পিছিয়ে আসা; টেনে ফেরানো; টেনে সরানো; পশ্চাদপসরণ করা; প্রত্যাগমন করা; বাধা দেওয়া। *aor* **পটিকস্‌সি**। *pp* **পটিকস্‌সন্ত**।

**পতিকার**—প্রতিকার; প্রতিকূল ক্রিয়া; চিকিৎসার বা অমঙ্গলাদি দূরীকরণের বা প্রতিকারের বা ক্ষতিপূরণের উপায়; পরিশোধ; প্রতিশোধ; ক্ষতিপূরণ।

**পটিকুজ্জন**—আবরণ; আচ্ছাদন; অবনমন; কুঞ্চন; উপরে-নিচে আবর্তন বা ঘূর্ণন।

**পটিকুজ্জেতি**—(পটি+কুজ্‌+এ) আবৃত করা; আচ্ছাদিত করা; অবনমিত করা; কুঞ্চিত করা; ওপরে-নিচে আবর্তিত বা ঘূর্ণিত করা। *aor* **পটিকুজ্জেসি**। *pp* **পটিকুজ্জিত**। *abs* **পটিকুজ্জেত্বা, পটিকুজ্জিত্বা, পটিকুজ্জিয**।

**পটিকুজ্‌ঝতি**—(পটি+কুধ্‌+য) পরিবর্তে রাগান্বিত হওয়া।

**পটিকুট্‌ঠ**—নিদারুণ অবজ্ঞাত বা ঘৃণিত; নিন্দিত; নিন্দার্হ; নিন্দনীয়।

**পটিক্কন্ত**—'পটিক্কমতি'র *pp*।

**পটিক্কম**—একপার্শ্বে গমন; পশ্চাৎ গমন।

**পটিক্কমতি**—(পটি+কম্‌+অ) সামনে বা পিছনে যাওয়া; পশ্চাতে বা একপার্শ্বে গমন করা। *aor* **পটিক্কমি**। *prp* **পটিক্কমন্ত**। *abs* **পটিক্কমিত্বা**।

**পটিক্কমন**—পশ্চাৎ গমন; প্রত্যাগমন; প্রত্যাবর্তন। **পটিক্কমনসাল**—নির্জন ঘর; নিঃসঙ্গ ঘর।

**পটিক্কম্ম**—সম্মুখে বা পশ্চাতে গত; একপার্শ্বে গত।

**পটিক্কূল**—বিরাগ উৎপাদক; বিরক্তি উৎপাদক; জঘন্য; বিসদৃশ; বেসুরো; ভিন্নমত; বিবদমান; আপত্তিকর। **পটিক্কূলতা**—বাধা; প্রতিরোধ; অনিচ্ছা; বিরাগ বা বিরক্তি উৎপাদন। **পটিক্কূলসঞ্‌ঞা**—অপবিত্রতার বা অবিশুদ্ধতার চেতনা।

**পটিক্কোসনা**—আপত্তিকারী; সত্য বলে যথাবিধি দৃঢ়ঘোষণাকারী।

**পটিক্কোসতি**—(পটি+কুস্‌+অ) দোষ দেওয়া; নিন্দা করা; বাতিল করা; প্রত্যাখ্যান করা; ঘৃণা করা বা ঘৃণা সহকারে প্রত্যাখ্যান করা; তীব্রভাবে গালাগালি করা। *aor* **পটিক্কোসি**। *pp* **পটিকুট্‌ঠ**। *abs* **পটিকোসিত্বা**।

**পটিক্‌খিপতি**—(পটি+খিপ্‌+অ) বাতিল করা; প্রত্যাখ্যান করা; গ্রহণ করতে বা মেনে নিতে বা প্রদান করতে বা অনুমোদন করতে অসম্মত হওয়া; প্রতিবাদ করা; বিরোধিতা করা। *aor* **পটিক্‌খিপি**। *pp* **পটিক্‌খিত্ত**। *abs* **পটিক্‌খিযপিত্বা, পটিকখিপ্প**।

**পটিক্‌খেপ**—প্রত্যাখ্যান; অন্যকে দেওয়ার পূর্বে গ্রহণের বা বর্জনের অধিকার; অসত্য বলে ঘোষণা; অননুমোদন; অগ্রাহ্য; অস্বীকার; না–বলা; অস্বীকৃতি; (ন্যায়) নঞর্থক প্রস্তাব; গুণবিশেষের অভাব; প্রতিবাদ; আপত্তি।

**পটিগচ্ছ**—নির্দিষ্ট বা উচিত সময়ের পূর্বেই; আগে হতেই; অতীতে; পূর্বে।

**পটিগিজ্‌ঝতি**—(পটি+গিধ্‌+য) আকুল আকাঙ্ক্ষা করা; কামনা করা; অর্থগৃধ্নু হওয়া। *aor* **পটিগিজ্‌ঝি**। *pp* **পটিগিদ্ধ**। 'গিজ্‌ঝতি' দেখুন।

**পটিগুহতি**—(পটি+গুহ্‌+অ) লুকিয়ে রাখা; গুপ্ত বা অব্যক্ত রাখা; দাবিয়ে রাখা; চেপে রাখা। *aor* **পটিগুহি**। *pp* **পটিগুহিত**। *abs* **পটিগুহিত্বা**।

**পটিগ্গহ**—পিকদানি; থুকদানি।

**পটিগ্গণ্‌হন**—প্রতিগ্রহণ; সমর্থন; স্বীকৃতি; স্বীকার; ধারণ; অন্তর্ভুক্তি; লওন। **পটিগ্গণ্‌হনক**—গ্রহণকারী; গ্রাহক; ধারণে সমর্থ।

**পটিগ্গণ্‌হাতি**—(পটি+গহ্‌+ণ্হা) নেওয়া; গ্রহণ করা; স্বীকার করা। *aor* **পটিগ্গণ্‌হি**। *pp* **পটিগ্গহিত**। *prp* **পটিগ্গণ্‌হন্ত**। *abs* **পটিগ্গহেত্বা, পটিগ্গণ্‌হিয, পটিগ্গয্হ**।

**পটিগ্গহণ**—'পটিগণ্‌হন' দেখুন।

**পটিগ্গহেতু, পটিগ্গাহক**—প্রতিগ্রহণ করে এরূপ; স্বীকার করে এরূপ; লয় এরূপ; গ্রাহক বা গ্রহণকারী।

**পটিঘ**—প্রতিঘ; ক্রোধ; ঘৃণা বা বিরক্তি; বিতাড়ন; সংঘর্ষ; বিরোধ।

**পটিঘাত**—প্রতিঘাত; সংঘর্ষ; বিরোধ; অপ্রত্যাশিতভাবে বা হঠাৎ সাক্ষাৎ লাভ; ঘৃণা বা বিরক্তি।

**পটিঘোস**—প্রতিঘোষ; প্রতিধ্বনি; সাড়া।

**পটিচরতি**—(পটি+চর্‌+অ) ক্রমাগত স্থান হতে স্থানান্তরে গমন করা বা বিচরণ করা; লোকের মুখে মুখে প্রচারিত হওয়া; (কর্মাদিতে) রত বা ব্যাপৃত হওয়া; (কিছু) খোঁজা; (কিছুর জন্য) চেষ্টা করা; কোনো প্রশ্ন কৌশলে এড়ানো; আলোচ্য বিষয় গোপন করা। *aor* **পটিচরি**।

**পটিচোদেতি**—(পটি+চুদ্‌+এ) প্রতিদানে দোষারোপ করা; প্রতিদানে নিন্দা করা; তিরস্কার করা; ভর্ৎসনা করা। *aor* **পটিচোদেসি**। *pp* **পটিচোদিত**। *abs* **পটিচোদেত্বা**।

**পটিচ্চ**—প্রতীত্য; কারণে; দরুন; জন্য; যেহেতু; কেননা; সম্পর্কে; সংশ্লিষ্ট বিষয়ে। **পটিচ্চসমুপ্পন্ন**—প্রতীত্য সমুৎপন্ন; প্রত্যয় সমুৎপন্ন; কার্যকারণ সম্বন্ধের নিয়মের কারণে প্রকাশপ্রাপ্ত; হেতুপ্রত্যয়ের ফলস্বরূপ উদ্ভূত। **পটিচ্চসমুপ্পাদ**—কারণস্বরূপ জন্ম; নিমিত্তস্বরূপ জন্ম; কারণ সংক্রান্ত সৃষ্টি; হেতু সংক্রান্ত সূচনা।

**পটিচ্ছতি**—(পটি+ইসু+অ) মেনে নেওয়া; গ্রহণ করা। *aor* **পটিচ্ছি**। *pp* **পটিচ্ছিত**। *abs* **পটিচ্ছিত্বা, পটিচ্ছিয**।

**পটিচ্ছন্ন**—'পটিচ্ছাদেতি'র *pp*।

**পটিচ্ছাদক, পটিচ্ছাদী**—লুক্কায়িত হওয়া; গোপন করা; লুকানোর স্থান; আবরণ; আচ্ছাদন; ছদ্মবেশ; অন্ধকারময়; অস্পষ্ট; অজানা; অজ্ঞাত। **পটিচ্ছাদন**—লুকানো; গোপন; আবরণ; আচ্ছাদন।

**পটিচ্ছাদনিয**—মাংসের ক্বাথ বা ঝোল।

**পটিচ্ছাদেতি**—(পটি+ছদ্‌+এ) আবৃত করা; আচ্ছাদিত করা; গোপন করা। *aor* **পটিচ্ছাদেসি**। *pp* **পটিচ্ছাদিত, পটিচ্ছন্ন**। *prp* **পটিচ্ছাদেন্ত**। *abs* **পটিচ্ছাদেত্বা, পটিচ্ছাদিয**।

**পটিজগ্গক**—প্রতিষ্ঠিত করে বা নির্মাণ করে বা গড়ে তোলে বা উন্নয়ন করে বা তুলে ধরে বা লালন পালন করে এরূপ।

**পটিজগ্গতি**—(পটি+জগ্‌+অ) জাগ্রতবস্থায় সতর্ক লক্ষ্য বা প্রহরা বা পর্যবেক্ষণ করা; তত্ত্বাবধান করা; সন্ধান করা; প্রত্যাশা করা; যত্নবান হওয়া; লালন-পালন করা; ক্ষতিপূরণ করা। *aor* **পটিজগ্গি**। *pp* **পটিজগ্গিত**। *abs* **পটিজগ্গিত্বা, পটিজগ্গিয**।

**পটিজগ্গন**—লালনপালন; উন্নতিবিধান; তত্ত্বাবধান; যত্ন; ক্ষতিপূরণ। **পটিজগ্গনক**—শুশ্রূষাকারী; পরিষেবক।

**পটিজগ্গিয**—শুশ্রূষা বা পরিষেবা বা যত্ন বা ক্ষতিপূরণ প্রাপ্তির যোগ্য।

**পটিজানাতি**—(পটি+ঞা+আ) সত্যতা বা সারবত্তা স্বীকার করা; কৃতজ্ঞতা স্বীকার করা; অঙ্গীকার করা; সম্মতি দেওয়া। *aor* **পটিজানি**। *pp* **পটিঞ্ঞাত**। *prp* **পটিজানন্ত**। *abs* **পটিজানিত্বা**।

**পটিঞ্ঞা**[১]—('সমণপটিঞ্ঞা'র অনুরূপ) বিশ্বাস করানো; (কিছুর) ভান করে মিথ্যা বর্ণনা করে।

**পটিঞ্ঞা**[২]—প্রতিজ্ঞা; অঙ্গীকার; শপথ; সম্মতি; অনুমতি।

**পটিঞ্ঞাত**—'পটিজানাতি'র মধ্যে দেখুন।

**পটিদদাতি**—(পটি+দা+অ) ফেরত দেওয়া; ফেরত পাঠানো; প্রত্যর্পণ করা। *aor* **পটিদদি**। *pp* **পটিদিন্ন**। *abs* **পটিদত্বা**।

**পটিদণ্ড**—প্রতিদান; প্রতিশোধ; ক্ষতিপূরণ বা

খেসারত; তুল্যবিনিময়।

**পটিদস্‌সেতি**—(পটি+দিস্‌+এ) একজনের নিজকে দেখানো; পুনরায় দৃষ্টিগোচর হওয়া বা উপস্থিত হওয়া বা প্রকাশিত হওয়া। *aor* **পটিদস্‌সেসি**। *pp* **পটিদস্‌সিত**। *abs* **পটিদস্‌সেত্বা**।

**পটিদান**—প্রতিদান; প্রতিশোধ; ক্ষতিপূরণ।

**পটিদিস্‌সতি**—(পটি+দিস্‌+য) দৃষ্ট হওয়া; প্রকাশিত হওয়া; উপস্থিত হওয়া। *aor* **পটিদিস্‌সি**।

**পটিদেসেতি**—(পটি+দিস্‌+এ) স্বীকার করা; কবুল করা। *aor* **পটিদেসেসি**। *pp* **পটিদেসিত**। *abs* **পটিদেসেত্বা**।

**পটিধাৱতি**—(পটি+ধাৱ্‌+অ) (অতীতে কিছু) মনে মনে পুনরায় স্মরণ করা বা পুনরালোচনা করা; (বর্তমানে কিছু) মনে মনে পুনরায় স্মরণ করা বা পুনরালোচনা করা। *aor* **পটিধাৱি**। *abs* **পটিধাৱিত্বা**।

**পটিনন্দতি**—(পটি+নন্দ্‌+অ) আনন্দিত হওয়া; সন্তুষ্টচিত্তে গ্রহণ করা; আনন্দিত মনে স্বীকার করা বা মেনে নেওয়া। *aor* **পটিনন্দি**। *pp* **পটিনন্দিত**। *abs* **পটিনন্দিত্বা**।

**পটিনন্দনা**—আনন্দদায়ক।

**পটিনাসিকা**—কৃত্রিম নাসিকা।

**পটিনিৱত্ত**—('পটিনিৱত্ততি'র *pp*) প্রত্যাবৃত্ত; নিবৃত্তিপ্রাপ্ত; ফিরে এসেছে এরূপ।

**পটিনিৱত্ততি**—(পটি+নি+ৱত্‌+অ) পুনরায় প্রত্যাবর্তন করা। *aor* **পটিনিৱত্তি**। *abs* **পটিনিৱত্তিত্বা**।

**পটিনিস্‌সগ**—পরিত্যাগ; বিসর্জন; প্রত্যাখ্যান; বাতিল; ফেলে গমন বা ছেড়ে যাওয়া।

**পটিনিস্‌সজ্জতি**—(পটি+নি+সজ্‌+য) পরিত্যাগ করা; শপথপূর্বক পরিত্যাগ করা; ফেলে যাওয়া। *aor* **পটিনিস্‌সজ্জি**। *pp* **পটিনিস্‌সট্‌ঠ**। *abs* **পটিনিস্‌সজ্জিত্বা, পটিনিস্‌সজ্জিয**।

**পটিনেতি**—(পটি+নি+অ) পশ্চাদ্‌গমন অব্যাহত রাখতে বাধ্য বা প্রলুব্ধ করানো; টেনে নিয়ে ফিরে আসা। *aor* **পটিনেস**। *pp* **পটিনীত**। *abs* **পটিনেত্বা**।

**পটিপকখ**—প্রতিপক্ষ; প্রতিকূল পক্ষ যার; বিরুদ্ধ পক্ষ যার; শত্রু; বিপক্ষ; প্রতিবাদী। **পটি-পকখিক**—বিরোধী; শত্রুভাবাপন্ন; ক্ষতিকর; বিরোধী দলের।

**পটিপজ্জতি**—(পটি+পদ্‌+য) গতিপথ বা জীবনযাত্রা আরম্ভ করা; গতিপথে বা জীবনযাত্রায় নিযুক্ত হওয়া; অগ্রসর হওয়া; এগিয়ে যাওয়া; প্রণালি বা উপায় অনুসরণ করা। *aor* **পটিপজ্জি**। *pp* **পটিপন্ন**। *prp* **পটিপজ্জমান**। *abs* **পটিপজ্জিত্বা**।

**পটিপজ্জন**—অগ্রসর হবার প্রণালি বা ধরন; আইন পর্ব নিয়ম রীতিনীতি প্রভৃতি পালন বা উদ্‌যাপন।

**পটিপণ্ণ**—প্রত্যুত্তর পত্র।

**পটিপত্তি**—আচরণ; প্রবৃত্তি; কর্মাঙ্গ; পথনির্দেশ; পরিচালনা; প্রতিপত্তি; মান; সম্মান; সুখ্যাতি; গৌরব; ধর্মীয় আচরণ।

**পটিপথ**—প্রতিপথ; বিপরীত পন্থা; সম্মুখ পথ।

**পটিপদা**—আচরণের গতিপথ; উন্নতির ধরন বা পন্থা।

**পটিপন্ন**—'পটিপজ্জতি'র *pp*।

**পটিপহরতি**—(পটি+প+হর্‌+অ) প্রত্যাঘাত করা। **পটিপহরি**। *pp* **পটিপহট**। *abs* **পটিপহিণিত্বা**।

**পটিপহিণাতি**—(পটি+প+হি+ণা) ফেরত পাঠানো। *aor* **পটিপহিণি**। *pp* **পটিপহিত**। *abs* **পটিপহণিত্বা**।

**পটিপাটি**—বিন্যাস; শৃঙ্খলা; অনুসরণ; পর্যায়। **পটিপাটিযা**—শৃঙ্খলাভাবে; ধারাবাহিকভাবে; পর্যায়ক্রমে।

**পটিপাদক**—১ প্রতিপাদক। ২ সম্পাদক; নির্বাহক; নির্ণায়ক; উৎপাদক; প্রতিপত্তিজনক। ৩ শয্যার পৃষ্ঠপোষক।

**পটিপাদেতি**—(পটি+পদ্‌+এ) প্রবর্তন করা; অবস্থায় আনয়ন করা; সুবিন্যস্ত করা; স্থির করা; নির্দিষ্ট করা; সরবরাহ করা। *aor* **পটিপাদেসি**। *pp* **পটিপাদিত**। *abs* **পটিপাদেত্বা**।

**পটিপীলন**—প্রতিপীড়ন; পীড়ন; অত্যাচার।

**পটিপীলেতি**—(পটি+পীল্‌+এ) পীড়ন করা; অত্যাচার করা; চাপ দেওয়া। *aor* **পটিপালেসি**। *pp* **পটিপালিত**। *abs* **পটিপালেত্বা**।

**পটিপুগ্‌গল**—প্রতিদ্বন্দ্বী; সমকক্ষ ব্যক্তি; সঙ্গী; সহযোগী; সদৃশ বা অনুরূপ ব্যক্তি।

**পটিপুচ্ছতি**—(পটি+পুচ্ছ্‌+অ) প্রতি-জিজ্ঞাসা করা; প্রতি-প্রশ্ন করা। *aor* **পটিপুচ্ছি**। *pp* **পটিপুচ্ছিত**।

**পটিপুচ্ছা**—প্রতি জিজ্ঞাসা বা প্রতিপ্রশ্ন।

**পটিপূজনা**—শ্রদ্ধা; পবিত্র মহিমা; শ্রদ্ধা নিবেদন; উচ্চ সম্মান।

**পটিপূজেতি**—(পটি+পূজ্‌+এ) উচ্চ সম্মান দেওয়া; শ্রদ্ধা নিবেদন করা। *aor* **পটিপূজেসি**। *pp* **পটিপূজিত**। *abs* **পটিপূজেত্বা**।

**পটিপেসেতি**—(পটি+পেস্+এ) ফেরত পাঠানো; উৎপাদন করা; বিবীর্ণ করা।

**পটিপ্পস্সদ্ধ**—পস্সম্ভতি'র *pp*।

**পটিপ্পস্সদ্ধি**—শান্তকর; শান্ত হওন; উপশমকর; নিরুপদ্রবকর; পূর্ণ শান্তি; পূর্ণ বিশ্রাম; পূর্ণ আরাম।

**পটিপস্সম্ভতি**—(পটি+প+সম্ভ্+অ) শান্ত হওয়া; উপশম হওয়া; নিরুপদ্রব হওয়া; পূর্ণ বিশ্রাম লাভ করা। *aor* **পটিপস্সম্ভি**।

**পটিপস্সম্ভনা**—'পটিপ্পস্সদ্ধি' দেখুন।

**পটিবদ্ধ**—('পটিবন্ধতি'র *pp*) প্রতিবদ্ধ; ব্যাহত; বাধাপ্রাপ্ত; প্রতিবন্ধবিশিষ্ট; বাধিত। **পটিবদ্ধচিত্ত**—প্রেমমুগ্ধ; ভালোবাসায় আবদ্ধ।

**পটিবল**—প্রতিবল; সমর্থ; পর্যাপ্ত; যথেষ্ট; প্রচুর; উপযুক্ত; যোগ্য; সক্ষম।

**পটিবাহক**—তাড়িয়ে দেয় বা তাড়িয়ে ফিরিয়ে দেয় এরূপ; ব্যাহত বা প্রতিহত করে এরূপ; প্রতিহত করণ।

**পটিবাহতি**—(পটি+বহ্+অ) প্রতিহত করা; পাহারা দেওয়া বা রক্ষা করা; কৌশলে এড়ানো; কাছে না আসা; সরে থাকা; এড়িয়ে চলা; ঠেকিয়ে রাখা; প্রত্যাখ্যান করা। *aor* **পটিবাহি**। *pp* **পটিবাহিত**। *prp* **পটিবাহন্ত**। *abs* **পটিবাহিত্বা**, **পটিবাহিয**।

**পটিবিম্ব**—প্রতিবিম্ব; প্রতিরূপ; প্রতিমূর্তি; অনুরূপ বা পূরক অংশ; ভাবমূর্তি; মানসিক চেতনা; গভীর চিন্তাপ্রসূত ফল। **পটিবিম্বিত**—প্রতিফলিত।

**পটিবুজ্ঝতি**—(পটি+বুধ্+য) বোঝা বা জ্ঞাত হওয়া; জাগ্রত হওয়া; জাগ্রৎ সক্রিয় বা সতর্ক থাকা। *aor* **পটিবুজ্ঝি**। *abs* **পটিবুজ্ঝিত্বা**।

**পটিবুদ্ধ**—('পটিবুজ্ঝতি'র *pp*) জাগ্রত; সক্রিয় বা সতর্ক।

**পটিভয**—ভয়; যৎপরোনাস্তি আতঙ্ক; ভীতি।

**পটিভাগ**—প্রতিভাগ; সমান; অনুরূপ; সদৃশ; সমাকৃতি; সাদৃশ্য; চেহারা।

**পটিভাতি**—(পটি+ভা+অ) কারও মনে আসা; প্রতিভাত হওয়া; কারও মনে উদিত হওয়া; স্পষ্টত প্রতীয়মান হওয়া। *aor* **পটিভাসি**।

**পটিভাণ**—প্রতিভান; উপস্থিত বুদ্ধি; তৎপরতা; বক্তৃতায় দ্রুত সাধনযোগ্যতা বা দ্রুত সম্পাদনের জন্য প্রস্তুতি; বোধশক্তি; বুদ্ধিমত্তা। **পটিভাণবন্ত**—উপস্থিত বুদ্ধিমান।

**পটিভাসতি**—(পটি+ভাস+অ) প্রতিভাষণ দান করা; প্রত্যুত্তর দেওয়া। *aor* **পটিভাসি**।

**পটিমগ্গ**—প্রতিমার্গ; বিরুদ্ধ পথ বা উপায়; বিপরীত দিকে বা মুখোমুখিভাবে অবস্থিত রাস্তা।

**পটিমণ্ডিত**—('পটিমণ্ডেতি'র *pp*) প্রতিমণ্ডিত; (কিছু দিয়ে) সজ্জিত বা ভূষিত বা অলঙ্কৃত; সমন্বিত।

**পটিমল্ল**—প্রতিদ্বন্দ্বী; প্রতিদ্বন্দ্বী কুস্তিগির; প্রতিদ্বন্দ্বী পালোয়ান।

**পটিমা**—প্রতিমা; প্রতিমূর্তি; বিগ্রহ।

**পটিমানেতি**—(পটি+মান+এ) সম্মান করা; প্রতীক্ষা করা; অপেক্ষা করা। *aor* **পটিমানেসি**। *pp* **পটিমানিত**। *abs* **পটিমানেত্বা**।

**পটিমুক্ক**—('পটিমুঞ্চতি'র *pp*) পোশাক পরিহিত; পোশাক পরানো; দৃঢ়ভাবে আবদ্ধ; আবৃত; নিবদ্ধ।

**পটিমুঞ্চতি**—(পটি+মুচ্+ং–অ) পোশাক পরানো; নিবদ্ধ করা; আবদ্ধ করা; বন্ধন করা। *aor* **পটিমুঞ্চি**। *abs* **পটিমুঞ্চিত্বা**।

**পটিযাদেতি**—(পটি+যত্+এ) প্রস্তুত করা; উপযোগী করা; (কর্মাদি হতে) নিবৃত করা; অর্পণ করা; সরবরাহ করা। *aor* **পটিযাদেসি**। *pp* **পটিযাদিত**, **পটিযত্ত**। *abs* **পটিদেত্বা**।

**পটিযোধ**—শত্রুপক্ষীয় যোদ্ধা; বিরুদ্ধপক্ষীয় যুদ্ধ।

**পটিরাজ**—শত্রুপক্ষীয় রাজা।

**পটিরূপ, পতিরূপ**—উপযুক্ত; যোগ্য; যথাযথ; উপযোগী; সঠিক; মানানসই; যথাযোগ্য; শোভন।

**পটিরূপক, পতিরূপক**—সদৃশ; (কিছুর ন্যায়) ছদ্মবেশী; চেহারায় যেন।

**পটিরূপতা**—অনুরূপতা; সাদৃশ্য; প্রতিরূপতা; বাইরের চেহারা; বাহ্যিক চাল; আভাস; মিল; প্রতিমূর্তি; সঙ্গতি।

**পটিলদ্ধ**—'পটিলভতি'র *pp*।

**পটিলভতি**—(পটি+লভ্+অ) অর্জন করা; লাভ করা; পাওয়া; লওয়া। *aor* **পটিলভি**। *prp* **পটিলভন্ত**। *abs* **পটিলভিত্বা, পটিলদ্ধা**।

**পটিলাভ**—প্রতিলাভ; অর্জিত গুণ বা বিদ্যা; অধিগত বিদ্যা; সাফল্য; সিদ্ধি; অর্জন; স্বোপার্জন।

**পটিলীযতি**—(পটি+লী+য) পিছনে টানা; (কিছু হতে) দূরে সরে থাকা বা দূরে সরিয়ে রাখা। *aor* **পটিলীযি**। *pp* **পটিলীন**। *abs* **পটিলীযিত্বা**।

**পটিলীযন**—দূরে সরানো; পিছনে হঠানো; টেনে সরানো।

**পটিলোম**—প্রতিলোম; বিরুদ্ধ; বিপরীত মুখ; ভিন্নমুখ; উল্টা; প্রতিমুখ; অসঙ্গত। **পটিপক্খ**—

প্রতিবাদী দল; প্রতিবাদ; প্রতিদ্বন্দ্বিতা।

**পটিব্বচন**—প্রতিবচন; উত্তর; প্রত্যুত্তর; প্রতিকূল বাক্য; সমার্থ বাক্য।

**পটিব্বত্তন**—প্রত্যাবর্তন; ফিরে আসা; ঘুরে চলন।

**পটিব্বত্তিয**—প্রত্যাবর্তনযোগ্য; ফিরে আসা বা ঘুরে চলনযোগ্য।

**পটিব্বত্তু**—বিরুদ্ধ বা বিসদৃশ কথা বলে এরূপ।

**পটিব্বত্তেতি**—(পটি+ৱত্+এ) গড়িয়ে যাওয়া বা গড়িয়ে দেওয়া; পশ্চাদপসরণ বা প্রত্যাগমন করানো বা করা। *aor* **পটিব্বত্তেসি**। *pp* **পটিব্বত্তিত**। *abs* **পটিব্বত্তেত্বা, পটিব্বত্তিয**।

**পটিব্বদতি**—(পটি+বদ্+অ) উত্তর দেওয়া; প্রত্যুত্তর দেওয়া; বিরুদ্ধে বলা। *aor* **পটিবদি**। *pp* **পটিবুত্ত**। *abs* **পটিবুত্বা, পটিবদিত্বা**।

**পটিব্বসতি**—(পটি+ৱস্+অ) বাস করা; অবস্থান করা। *aor* **পটিব্বসি**। *pp* **পটিব্বুত্থ**। *abs* **পটিব্বত্বা, পটিব্বদিত্বা**।

**পটিব্বাতং**—প্রতিবাদ; বাতাসের বিরুদ্ধে।

**পটিব্বাদ**—প্রতিবাদ; সমুচিত জবাব; প্রতিকূলে উক্তি; আপত্তি; পাল্টা অভিযোগ।

**পটিবিংস**—অংশ; হিস্যা; ভাগ।

**পটিবিজানাতি**—(পটি+ৱি+ঞা+না) চিনতে পারা; শনাক্ত করা; স্বীকার করা; মেনে নেওয়া; সারবত্তা উপলব্ধি করা; জানা; অবগত হওয়া। *aor* **পটিবিজানি**।

**পটিবিজ্ঝতি**—(পটি+বিধ্+য) (কিছুর ভিতরে) বলপূর্বক ঢোকানো বা ঢোকা; বিদ্ধ করা বা ভেদ করা; অন্তর্নিহিত অর্থোপলব্ধি করা; বুঝতে পারা; উপলব্ধি করা; বোঝা; অন্তর্ভুক্ত করা। *aor* **পটিবিজ্ঝি**। *pp* **পটিবিজ্ঝ**। *abs* **পটিবিজ্ঝিত্বা**।

**পটিবিদিত**—('পটিবিজানাতি'র *pp*) বিদিত; অবধারিত; নির্ধারিত; প্রতিপাদিত।

**পটিবিদ্ধ**—('পটিবিজ্ঝতি'র *pp*) প্রতিবিদ্ধ; উপলব্ধ; অন্তর্ভুক্ত; অবগত।

**পটিবিনোদন**—অপসারণ; বিতাড়ন; নির্বাসন; খেদানো।

**পটিবিনোদেতি**—(পটি+ৱি+নুদ্+এ) দূরীভূত করা; দৃষ্টির আড়াল করা; অপসারণ করা; (ভাব বা দায়িত্ব হতে) নিষ্কৃতি বা অব্যাহতি পাওয়া। *aor* **পটিবিনোদেসি**। *pp* **পটিবিনোদিত**। *abs* **পটিবিনোদেত্বা**।

**পটিবিভজতি**—(পটি+ৱি+ভজ্+অ) বিভাগ করা; যথাযথভাবে স্থির করা বা নির্ধারণ করা। *aor* **পটিবিভজি**। *pp* **পটিবিভত্ত**। *abs* **পটিবিভজিত্বা**।

**পটিবিরত**—'পটিবিরমতি'র *pp*।

**পটিবিরমতি**—(পটি+ৱি+রম্+অ) বিরত থাকা; পরিহার করে চলা। *aor* **পটিবিরমি**। *prp* **পটিবিরমন্ত**। *abs* **পটিবিরমিত্বা**।

**পটিবিরুজ্ঝতি**—(পট+ৱি+রুধ্+য) শত্রুপক্ষীয় বা শত্রুতাপূর্ণ হওয়া; প্রতিকূল বা বিরোধী হওয়া; বিসদৃশ হওয়া। *aor* **পটিবিরুজ্ঝি**। *abs* **পটিবিরুজ্ঝিত্বা**।

**পটিবিরুদ্ধ**—('পটিবিরুজ্ঝতি'র *pp*) প্রতিবন্ধক; বিরুদ্ধ; অসঙ্গত।

**পটিবিরূহতি**—(পটি+ৱি+রুহ্+অ) পুনরায় জন্মানো বা উৎপাদন করা বা বড় হয়ে ওঠা। *aor* **পটিবিরূহি**। *pp* **পটিবিরূল্হ**।। *abs* **পটিবিরূহিত্বা**।

**পটিবিরোধ**—বিরোধ; বিপক্ষ; প্রতিপক্ষ; শত্রুতা; প্রতিকূলতা; বিরোধিতা।

**পটিবিস্সক**—১ প্রতিবেশী; নিকটবর্তী ব্যক্তি বা বস্তু। ২ নিকটবর্তী; পার্শ্ববর্তী; সন্নিহিত; সংলগ্ন; নিকটে বসবাসকারী।

**পটিবেদেতি**—(পটি+ৱিদ্+এ) জ্ঞাত করান; জ্ঞাপন; জানান; ঘোষণা করা। *aor* **পটিবেদেসি**। *pp* **পটিবেদিত**। *abs* **পটিবেদেত্বা**।

**পটিবেধ**—১ প্রতিবেধ; বলপূর্বক প্রবেশ; ভেদন; পরিব্যাপ্তি; উপলব্ধি; সাফল্য; সিদ্ধি; অর্জিত গুণ বা বিদ্যা। ২ অধিগত বিদ্যা; উপলব্ধির ক্ষমতা।

**পটিসংযুত্ত**—('পটিসংযুজ্জতি'র *pp*) সংযুক্ত; সংযোগবিশিষ্ট; মিলিত; একত্রীকৃত; সংলগ্ন; ধারক বা ধারণকারী।

**পটিসংবেদী**—যে অনুভব করে, যে অভিজ্ঞতা লাভ করে; যে (শাস্তি যন্ত্রণা প্রভৃতি) ভোগ করে; যে উপভোগ করে বা আনন্দ লাভ করে এরূপ।

**পটিসংবেদেতি**—(পটি+সং+বিদ্+এ) (কিছুর) অধীন হওয়া; ভোগ করা; সহ্য করা; (কোনো) অভিজ্ঞতা লাভ করা; অনুভব করা; উপলব্ধি করা; (কিছুর) অভিজ্ঞতা লাভ করা। *aor* **পটিসংবেদেসি**। *pp* **পটিসংবিদিত, পটিসংবেদিত**। *abs* **পটিসংবেদেত্বা**।

**পটিসংহরণ, পটিসংহার**—ভাঁজ; পাট; (ভূবি) স্তরের আনতি বা বক্রতা; অপসারণ; স্থানচ্যুতি; স্থান পরিবর্তন।

**পটিসংহরতি**—(পটি+সং+হর্+অ) ফেরত নেওয়া; ফেরত নিয়ে যাওয়া; অপসারণ করা; ভাঁজ করা; পাট করা; স্থানচ্যুত করা; স্থান পরিবর্তন করানো।

*aor* **পটিসংহরি**। *pp* **পটিসংহরিত, পটিসংহট**। *abs* **পটিসংহরিত্বা**।

**পটিসঙ্খত**—('পটিসঙ্খোরতি'র *pp*) সংস্কৃত; জীর্ণসংস্কারকৃত; মেরামতকৃত; উপযোগী করে তোলা হয়েছে এরূপ।

**পটিসঙ্খরণ**—মেরামত; পুনরুদ্ধার; পুনরানয়ন; পুনঃস্থাপন; পুনঃপ্রতিষ্ঠা।

**পটিসঙ্খরোতি**—(পটি+সং+কর্+ও) মেরামত করা; পুনরুদ্ধার করা; পুনঃস্থাপন করা; ভুল বা ত্রুটি সংশোধন করা; উন্নতিসাধন করা। *aor* **পটিসঙ্খরি**। *pp* **পটিসঙ্খত**। *abs* **পটিসঙ্খরিত্বা**।

**পটিসঙ্খা, পটিসঙ্খায**—বিবেচনাপূর্বক; জেনে জেনে; বিচার পূর্বক।

**পটিসঙ্খান**—বিচার; বিবেচন; মনোযোগ।

**পটিসঙ্খার**—'পটিসঙ্খরণ' দেখুন।

**পটিসঞ্চিক্খতি**—(পটি+সং+চিক্খ+অ) বিচার করা; বিবেচনা করা। *aor* **পটিসঙ্খি**। *pp* **পটিসঙ্খিত**।

**পটিসন্থার**—বন্ধুত্বপূর্ণ সাদর সম্ভাষণ; সদাশয় সংবর্ধনা।

**পটিসন্দহতি**—(পটি+সং+দহ+অ) পুনর্মিলিত বা পুনঃসংযুক্ত করা বা হওয়া। *aor* **পটিসন্দহি**। *pp* **পটিসন্ধিত, পটিসন্দহিত**।

**পটিসন্ধাতু**—যে পুনর্মিলিত বা পুনঃসংযুক্ত করে বা হয় এরূপ; শান্তিকর।

**পটিসন্ধান**—পুনর্মিলন; পুনঃসংযোজন।

**পটিসম্ভিদা**—প্রতিসম্ভিদা; বিশ্লেষণীয় অন্তর্দৃষ্টি; বাছাই করতে সক্ষম জ্ঞান।

**পটিসম্মোদতি**—(পটি+সম্+মুদ্+অ) কথা বলা; বন্ধুত্বপূর্ণ সম্বর্ধনা জানানো। *aor* **পটিসম্মোদি**। *pp* **পটিসম্মোদিত**। *abs* **পটিসম্মোদিত্বা**।

**পটিসরণ**—আশ্রয়; সাহায্য; প্রতিরক্ষা।

**পটিসল্লান**—অবসর গ্রহণ; স্বাতন্ত্র্য; নিঃসঙ্গতা; নির্জনতা।

**পটিসল্লীযতি**—(পটি+সং+লী+য) নিঃসঙ্গ হওয়া। *aor* **পটিসল্লীযি**। *pp* **পটিসল্লীন**। *abs* **পটিসল্লীযিত্বা**।

**পটিসামেতি**—(পটি+সম্+এ) যথাযথ স্থাপন করা; দূরে সরে থাকা বা সরিয়ে রাখা। *aor* **পটিসামেসি**। *pp* **পটিসামিত**। *abs* **পটিসামেত্বা**।

**পটিসাসন**—প্রত্যুত্তর; বিরুদ্ধ প্রেরিত বার্তা; বিরুদ্ধ বাণী।

**পটিসেধ, পটিসেধন**—প্রতিষেধ; নিষেধ; নিবারণ; পরিহার; ত্যাগ। **পটিসেধক**—নিবারক; প্রতিষেধক; প্রতিহনক।

**পটিসেধেতি**—(পটি+সিধ্+এ) প্রতিহত করা; প্রতিরোধ করা; প্রত্যাখ্যান করা; নিষেধ করা; নিষিদ্ধ করা; বাধা দেওয়া। *aor* **পটিসেধেসি**। *pp* **পটিসেধিত**। *abs* **পটিসেধেত্বা, পটিসেধিয**।

**পটিসেৰেতি**—(পটি+সেব্+অ) অনুসরণ করা; পশ্চানুসরণ করা; (পেশাদি) অবলম্বন করা; কার্যে প্রয়োগ করা; কার্যকর করা; চালু করা; অনুশীলন করা; অভ্যাস করা; ইচ্ছাপূরণ করা; চরিতার্থ করা; সাধ মিটানো; ওষুধ সেবন করা।

**পটিসেৰন**—অনুশীলন; ব্যবহার; অভ্যাস; অনুসরণ।

**পটিসোতং**—স্রোত-বিপরীত।

**পটিস্সৰ**—প্রতিশ্রুতি; অঙ্গীকার; সম্মতি।

**পটিস্সুণাতি**—(পটি+সু+ণা) সম্মতি দেওয়া; অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া; রাজি হওয়া। *aor* **পটিস্সুণি**। *pp* **পটিস্সুত**। *abs* **পটিস্সুণিত্বা**।

**পটিহঞ্ঞতি**—(পটি+হন্+য) প্রতিহত হওয়া; উৎপীড়িত হওয়া; দুর্দশাগ্রস্ত হওয়া। *aor* **পটিহঞ্ঞি**। *abs* **পটিহঞ্ঞিত্বা**।

**পটিহত**—('পটিহঞ্ঞতি'র *pp*) প্রতিহত; প্রহৃত; আক্রান্ত; আহত।

**পটিহনতি**—(পটি+হন্+অ) প্রত্যাঘাত করা; প্রতিহত করা; ধাক্কা খাওয়া। *aor* **পটিহনি**। *pp* **পটিহত**। *abs* **পটিহত্বা**।

**পটিহনন**—প্রতিহনন; প্রহরণ; আঘাত; বিতাড়ন; বিকর্ষণ; ব্যাহতি; তেজস্বী; আড়ম্বরপ্রিয়; অতিশয় ফ্যাশনপ্রিয়।

**পটু**—দক্ষ; কুশলী; পটুতাপূর্ণ; দক্ষতাপূর্ণ। **পটুতা, পটুত্ত**—দক্ষতা; পটুতা।

**পটোল**—পলতার ফল; পলতার গাছ।

**পট্ট, পট্টক**—ব্যাপক পাতলা পাতখণ্ড; চাদর; ফলক; প্রস্তর ফলক; সরু ও লম্বা ফালি বা টুকরা; পট্টিকা; চাকতি।

**পট্ট**—১ রেশম বস্ত্র; ক্ষতস্থানাদি বন্ধনের পট্টি; বস্ত্রের ফালি। ২ রেশমি।

**পট্টন**—বন্দর; বন্দরের নিকটবর্তী শহর।

**পট্টিকা**—বস্ত্রের ফালি; ক্ষতস্থানাদি বন্ধনের পট্টি; কোমরবন্ধ।

**পট্ঠপেতি**—(প+ঠা+আপে) প্রতিষ্ঠা করা; স্থাপন করা; আরম্ভ করা; চালু করা। *aor* **পট্ঠপেসি**। *pp* **পট্ঠপিত**। *abs* **পট্ঠপেত্বা**।

**পট্ঠান**—প্রস্থান; গমন; যাত্রা; পদ্ধতি।

**পট্ঠায**—প্রথমেই; এখন হতে ভবিষ্যতে; অতঃপর অবধি। **ততোপট্ঠায**—তদবধি।

**পঠতি**—(পঠ্+অ) পাঠ করা; পড়া; আবৃত্তি করা। *aor* **পঠি**। *pp* **পঠিত**। *abs* **পঠিত্বা**।

**পঠন**—পাঠ করন; পড়ন।

**পঠম**—প্রথম; পয়লা; মুখ্য; প্রধান; পূর্বকালীন; বিগত; প্রাক্তন। **পঠমং**—প্রথমে; প্রথমবারের জন্যে। **পঠমতরং**—সকলের পূর্বে; যত শীঘ্র সম্ভব; যথাসম্ভব শীঘ্র।

**পঠবী**—পৃথিবী। **পঠবীকম্পন**—ভূমিকম্প। **পঠবীকসিন**—পৃথিবীকৃৎস্ন (ধ্যানের জন্য ব্যবহৃত)। **পঠবীচলন, পঠবীচাল**—ভূকম্পন। **পঠবীধাতু**—পৃথিবী ধাতু; মাটি। **পঠবীসম**—পৃথিবীর ন্যায়; মাটির ন্যায়। **পঠবীবোজা**—পৃথিবীর রস; পৃথিবীর সত্তা বা সারাংশ বা মূল বা নির্যাস।

**পণমতি**—(প+নম্+অ) আনত হওয়া; নোয়া; প্রণত হওয়া; বশ্যতা স্বীকার করা; প্রণাম; নত হয়ে অভিবাদন। *aor* **পণমি**। *pp* **পণমিত, পণত**। *abs* **পণমিত্বা**।

**পণাম**—ভক্তি ও শ্রদ্ধাতিশয্যযুক্ত নমস্কার; মাটিতে মাথা ও কপালে জোড়হাত ঠেকায়ে নমস্কার; প্রণতি; প্রণিপাত; প্রণাম।

**পণামেতি**—(প+নম্+এ) বাদ দেওয়া; বরখাস্ত করা; খারিজ করা; অগ্রাহ্য করা; নিক্ষেপ করা; ছুড়ে ফেলা; বের করে দেওয়া; উচ্ছেদ করা; বিতাড়িত করা; বন্ধ করা; প্রসারিত করা। *aor* **পণামেসি**। *pp* **পণামিত**। *prp* **পণামেন্ত**। *abs* **পণামেত্বা**।

**পণিদহতি**—(প+নি+দহ্+অ) আকুলভাবে কামনা করা; সাগ্রহে আকাঙ্ক্ষা করা; প্রস্তাব করা; বিবেচনাদির জন্য উপস্থাপিত করা; লক্ষ রাখা; পরিচালনা করা। *aor* **পণিদহি**। *pp* **পণিহিত, পণিদহিত**। *abs* পণিদহিত্বা।

**পণিধান, পণিধি**—ব্যাকুল বাসনা; উচ্চাকাঙ্ক্ষা; সিদ্ধান্ত; সঙ্কল্প; প্রণিধান: মনোনিবেশ; মনের একাগ্রতা; প্রণিধি।

**পণিধায**—('পণিদহতি'র *abs*) উচ্চাভিলাষিত পেয়ে; আকুল আকাঙ্ক্ষী লাভ করে; (কিছুর) মতলব পেয়ে।

**পণিপাত**—প্রণিপাত; ভক্তি; পূজা; বশ্যতা; হীনতা; বিনয়।

**পণিয**—পণ্য; বাণিজ্যদ্রব্য; ব্যবসার দ্রব্য; ব্যবসায়ী।

**পণিহিত**—('পণিদহতি'র *pp*) প্রণিহিত; অভিনিবিষ্ট; সমাহিত; স্থাপিত; অর্পিত; স্থিরীকৃত; প্রসারিত; প্রাপ্ত।

**পণীত**—প্রণীত; পরম উৎকৃষ্ট; অতিশয় তৃপ্তিকর; নির্মিত; রচিত; কথিত। **পনীতর**—অধিকতর পরমোৎকৃষ্ট; অধিকতর তৃপ্তিকর।

**পণেতি**—(প+নি+এ) হুকুম দেওয়া; আইন জারি করা; অনুশাসন ঘোষণা করা; রায় দেওয়া; ভাগ্যবিধান করা। *aor* **পণেসি**। *abs* **পণেত্বা**।

**পণ্ডক**—খোজা ক্লীব; নপুংসক; পুরুষত্বহীন।

**পণ্ডর**—শ্বেত; সাদা।

**পণ্ডিচ্চ**—পাণ্ডিত্য; বিচক্ষণতা; অভিজ্ঞতা; জ্ঞানসম্পন্নতা।

**পণ্ডিত**—জ্ঞানী; জ্ঞানসম্পন্ন; বিজ্ঞ; জ্ঞানগর্ভ; অভিজ্ঞ; বিচক্ষণ। **পণ্ডিতক**—স্কুল-শিক্ষক; পুঁথিগত বিদ্যার ওপরে অত্যধিক মূল্য আরোপ-কারী।

**পণ্ডু**—পাণ্ডুর; ফেকাশে; হলদে; ঈষৎ হলদে। **পণ্ডুকম্বল**—কমলা রঙের কম্বল; শক্রের বা ইন্দ্রের সিংহাসন। **পণ্ডুপলাস**—বিবর্ণ বা শুষ্ক পত্র; যে গার্হস্থ্যজীবন ত্যাগ করতে প্রস্তুত এরূপ। **পণ্ডুরোগ**—পাণ্ডুরোগ। **পণ্ডুরোগী**—পাণ্ডুরোগে ভোগে এমন।

**পণ্ণ, পণ্ণক**—পর্ণ; পত্র; পাতা; লেখার পাতা; চিঠি। **পণ্ণকুটি**—পর্ণকুটী; পর্ণকুটির। **পণ্ণচ্ছত্ত**—পর্ণচ্ছত্র; পাতার চন্দ্রাতপ; পাতার তৈরি ছাতা। **পণ্ণসন্থর**—পাতার গদি বা তোশক। **পণ্ণসালা**—পর্ণশালা; সন্ন্যাসীর আশ্রম; নির্জন আবাস।

**পণ্ণত্তি**—'পঞ্ঞত্তি' দেখুন।

**পণ্ণরস**—পনের।

**পণ্ণাসা**—পঞ্চাশ।

**পণ্ণিক**—তরিতরকারি-বিক্রেতা; সবুজপাতা-বিক্রেতা; শাকসবজি উৎপাদনকারী।

**পণ্য**—'পাণয' দেখুন।

**পণ্হি**—গুলফ; গোড়ালি।

**পততি**—(পত্+অ) (কর্তব্য কর্মাদিতে) ব্যর্থকাম হওয়া; পতিত হওয়া; পড়ে যাওয়া; অবতরণ করা; নেমে আসা; উড়তে উড়তে নেমে এসে বসা। *aor* **পতি**। *pp* **পতিত**। *prp* **পতন্ত**। *abs* **পতিত্বা**।

**পতন**—অবতরণ; নামা।

**পতনু**—অত্যন্ত কৃশ; খুব সরু; অতীব সূক্ষ্ম।

**পতাকা**—ধ্বজা; নিশান; চিহ্ন।

**পতাপ**—প্রতাপ; উজ্জ্বল দীপ্তি; অত্যুৎকর্ষ; প্রভাব।

**পতাপবন্ত**—মহৎ ও মহিমাময়; সমুন্নত; প্রভাবশালী; প্রতাপশালী।

**পতাপেতি**—(প+তপ্+এ) প্রচণ্ড বেগে সাইকেল বা মোটর চালানো; ঈষৎ দগ্ধ করা বা হওয়া; দুঃসহ তাপ পীড়িত করা বা হওয়া; উত্তপ্ত করা বা হওয়া। *aor* **পতাপেসি**। *pp* **পতাপিত**।

**পতি**—প্রভু; মনিব; স্বামী। **পতিকুল**—স্বামীর বংশ বা স্বামীর গোষ্ঠী।

**পতিট্‌ঠহতি, পতিট্‌ঠাতি**—(পতি+ঠা+অ) প্রতিষ্ঠিত হওয়া; শক্তভাবে দাঁড়ানো; অবলম্বন দেখতে পাওয়া বা খুঁজে বের করা। *aor* **পতিট্‌ঠহি, পতিট্‌ঠাসি**। *pp* **পতিট্‌ঠিতা**। *prp* **পতিট্‌ঠন্ত**। *abs* **পতিট্‌ঠহিত্বা, পতিট্‌ঠায**। *inf* **পতিট্‌ঠিতং, পতিট্‌ঠাতুং**।

**পতিট্‌ঠা**—সাহায্য; অবলম্বন; আলম্বন; বিশ্রাম-স্থান।

**পতিট্‌ঠাতব্ব, পতিট্‌ঠিতব্ব**—প্রতিষ্ঠিত হবার যোগ্য।

**পতিট্‌ঠান**—প্রতিষ্ঠান; স্থাপন; উপস্থাপন; অবলম্বন; আলম্বন।

**পতিট্‌ঠাপিত**—('পতিট্‌ঠাপেতি'র *pp*) প্রতিষ্ঠিত।

**পতিট্‌ঠাপেতি**—('পতিট্‌ঠাতি'র *caus*) প্রতিষ্ঠা করা; স্থাপন করা; অধিষ্ঠিত করা। *aor* **পতিট্‌ঠাপেসি**। *prp* **পতিট্‌ঠাপেন্ত**। *abs* **পতিট্‌ঠাপেত্বা, পতিট্‌ঠাপিয**।

**পতিট্‌ঠাপেতু**—প্রতিষ্ঠাতা; প্রতিষ্ঠাকারী; প্রতিষ্ঠা করায় এরূপ।

**পতিত**—'পততি'র *pp*।

**পতিট্‌ঠেতি**—(পতি+ঠা+অ) পুনরায় উঠে দাঁড়ানো।

**পতিব্বতা**—পতিব্রতা; পতিপরায়ণা; সতী; সাধ্বী।

**পতিরূপ**—'পটিরূপ' দেখুন।

**পতিস্সত**—চিন্তাশীল; সদ্বিবেচক; মনোযোগী; প্রতিস্মৃত।

**পতীচি**—প্রতীচি; পশ্চিমদিক।

**পতীত**—প্রতীত; পরমানন্দিত; হৃষ্ট; জ্ঞাত; জ্ঞান-বান।

**পতোদ**—প্রতোদ; অঙ্কুশ; প্রেরণা; লৌহনির্মিত সূক্ষ্মাগ্র হস্তিতাড়ন দণ্ড; প্রেরণা। **পতোদক**—বাহনকে তাড়না করার জন্য আরোহীর গোড়ালিতে সংলগ্ন নালবিশেষ; কনুই বা অঙ্গুলি দ্বারা মৃদু গুঁতা প্রদান। **পতোদলট্‌ঠি**—তাড়নাকারী লাঠি।

**পত্ত**[১]—('পাপুণাতি'র *pp*); প্রাপ্ত; লব্ধ; পেয়েছে এমন; উপস্থিত অর্জিত।

**পত্ত**[২]—পাত্র; ভিক্ষাপাত্র; পাতা; পালক; পাখির ডানা। **পত্তকখন্ধ, পন্নকখন্ধ**—('পন্ন' দেখুন) হতাশ; নিরানন্দ; মনমরা; দুর্বল বা ক্ষীণ বাহু নিয়ে। **পত্তগত**—যা পাত্রের মধ্যে আছে এরূপ। **পত্তগন্ধ**—পাতার গন্ধ; পাতার স্বাদুগন্ধ। **পত্ত গাহক**—যে অন্যের পাত্র বহন করে এরূপ। **পত্তথবিকা**—পাত্রের জন্য কোষ বা আবরণ। **পত্তপাণী**—হাতে পাত্র; পাত্র-পাণি। **পত্তপিণ্ডিক**—পাত্রে ভোজনকারী।

**পত্তব্ব**—('পাপুনাতি'র *ptp*) প্রাপ্তব্য; যা পাওয়া দরকার; যা অর্জন করা প্রয়োজন; যা সফল হওয়া প্রয়োজন; লভ্য।

**পত্তাধারক**—পাত্রাধার; পাত্র দাঁড়ানোর ধরন।

**পত্তানুমোদনা**—যোগ্যতা বা মূল্য বা দোষগুণ পত্রান্তরণ অথবা স্থানান্তরণ।

**পত্তি**—১ স্থলবাহিনী। ২ পদাতিক সৈন্যবাহিনী; পদাতিক সৈনিক। ৩ উপস্থিতি। ৪ অর্জন। ৫ প্রশংসনীয় উৎকর্ষ; যোগ্যতা; মূল্য; দোষগুণ; লাভ। ৬ অংশ। **পত্তিক**—অংশীদার। **পত্তিধান**—যোগ্যতা বা মূল্য বা দোষগুণ পত্রান্তরণ অথবা স্থানান্তরণ; অংশ হস্তান্তরণ বা স্বত্বান্তরণ বা বিষয়ান্তরণ।

**পত্তিক**—১ (পদিক) পায়ে হেঁটে; পদব্রজে। ২ পদযাত্রী; পদব্রজে গমনসংক্রান্ত; গদ্যময় বা গদ্যতুল্য অর্থাৎ কবিত্বহীন বা নীরস; পদব্রজে গমনকারী। ৩ স্থলবাহিনীর সৈনিক।

**পত্তুন্ন**—এক প্রকার বস্ত্র।

**পত্তুং**—পৌঁছা; অর্জন করা; লাভ করা।

**পত্থ**—শস্য ও তরল পদার্থ প্রভৃতি পরিমাপন বা মাপন বা পরিমান বা ওজন; যার চারটিতে একসের হয় এরূপ। 'পসথ' দেখুন।

**পত্থদ্ধ**—অত্যন্ত অনমনীয় বা কঠিন বা শক্ত বা নাড়াতে কষ্ট হয় এমন বা কষ্টসাধ্য; বা দুর্দম বা একগুঁয়ে।

**পত্থনা**—প্রার্থনা; লক্ষ্য সন্ধান; উদ্দেশ্য; ব্যাকুল বাসনা; আকুল আকাঙ্ক্ষা।

**পত্থযতি**—(প+অত্থ্+অয) প্রার্থনা করা (কিছু) ইচ্ছা করা; আকুল আকাঙ্ক্ষা করা; ব্যাকুল বাসনা করা। *aor* **পত্থযি**। *prp* **পত্থযন্ত**। *pp* **পত্থযন্ত**। *pp* **পত্থিত**। *abs* **পত্থযিত্বা**।

**পত্থযান**—প্রার্থনা করণ।

**পত্থর**—প্রস্তর; পাথর; ফলক; চেপটা পাথর।

**পত্থরতি**—(প+থর্+অ) ছড়ায়ে দেওয়া বা ছড়ায়ে

পড়া; বিকীর্ণ বা বিস্তৃত করা অথবা হওয়া; বিকশিত করা বা হওয়া; প্রসারিত করা। *aor* **পত্থরি**। *pp* **পত্থত**। *prp* **পত্থরন্ত**। *abs* **পত্থরিত্বা**।

**পত্থির**—পার্থিব; রাজা; পৃথিবী সম্বন্ধীয়।

**পত্থেতি**—(প+অত্থ+অ) প্রার্থনা করা; আকুলভাবে কামনা করা; উচ্চাভিলাষী হওয়া; পেতে আকাঙ্ক্ষা করা; পেতে কামনা করা। *aor* **পত্থেসি**। *pp* **পত্থিত**। *prp* **পত্থেন্ত**। *abs* **পত্থেত্বা**।

**পত্বা**—('পাপুণাতি'র *abs*) প্রাপ্ত হয়ে; পৌঁছে; অর্জন করে; লাভ করে।

**পথ**—রাস্তা; উপায়; পন্থা; সরণি; অভিমুখ; নির্দিষ্ট ক্রমবিন্যাস, যেমন: গণনার বা হিসাবের ক্রমবিন্যাস।

**পথবী**—'পঠবী' দেখুন।

**পথাবী, পথিক**—পদযাত্রী; পদব্রজে গমনকারী; পর্যটক; ভ্রমণকারী; পান্থ।

**পদ**—পা; পায়ের পাতা; পদক্ষেপ; চরণ; বিভক্তিযুক্ত ধাতু বা শব্দ; অবস্থান; স্থান; সঙ্গতকারণ; হেতু; ছন্দোক্ত বাক্য বা বাক্যাংশ; শেষ বিরাম। **পদট্ঠান**—পদস্থান; নিকটতম কার্যকারণ; অব্যবহিত পূর্ববর্তী ও পরবর্তী কার্যকারণ। **পদচেতিয**—পদচৈত্য; পবিত্র পদচিহ্ন। **পদজাত**--বিভিন্ন প্রকার পদচিহ্ন। **পদপূরণ**—শূন্যস্থানপূরক বা অনুপূরক অব্যয়। **পদভাজন**—শব্দ বিভাজন; প্রত্যেক শব্দকে ভিন্ন ভিন্নভাবে গ্রহণ করে। **পদভাণক**—ধর্মশাস্ত্রের বাক্য আবৃত্তি করেন এমন। **পদবণ্ণনা**—পদবর্ণনা; শব্দের বা বাক্যের ব্যাখ্যা। **পদবলঞ্জ**—চলাচলের ফলে সৃষ্ট পথ; পদচিহ্ন। **পদবিভাগ**—বাক্যমধ্যস্থ শব্দের অন্যান্য শব্দের সহিত সম্বন্ধ নির্ণয়; শব্দবিশ্লেষণ; পদপরিচয়। **পদবীতিহার**—পদক্ষেপ বিনিময়। **পদসদ্দ**—পদশব্দ; পদক্ষেপের শব্দ।

**পদক্খিণা**—পূজনীয় ব্যক্তি বা শ্রদ্ধেয় বস্তুকে দক্ষিণ পার্শ্বে রেখে চতুর্দিকে ঘুরে গমন; পদব্রজে ঘুরে বেড়ানো বা প্রদক্ষিণ করণ।

**পদত্ত**—('পদাতি'র *pp*); প্রদত্ত; যা দেওয়া হয়েছে এরূপ; সমর্পিত।

**পদর**—কাষ্ঠফলক; তক্তা।

**পদহতি**—(প+দহ্+অ) বিরোধিতা করা; সংগ্রাম করা; কঠোরভাবে বা সাগ্রহে চেষ্টা করা; (কার্যাদির) দায়িত্ব গ্রহণ করা; সম্মুখীন হওয়া। *aor* **পদহি**। *pp* **পদহিত**। *abs* **পদহিত্বা**।

**পদহন**—'পদহান' দেখুন।

**পদাতবে**—দেওয়া।

**পদাতু**—প্রদানকারী; পরিবেশক।

**পদান**—প্রদান; দান; দেওয়া; অর্পণ; বিতরত।

**পদালন**—টুকরা টুকরা করে বা হয়ে ভাঙন; বিভাজন; ফালিকরণ; চিরন; ফাটন বা ফাটানো; বিচ্ছিন্ন করণ; ছিন্ন করণ; ফাঁড়ন।

**পদালেতি**—(প+দার্+এ) চেরা; ফাটা; ফাটানো; বিচ্ছিন্ন করা; ফেঁড়ে ফেলা; ফালি করা; ভেঙে খুলে ফেলা। *aor* **পদালেসি**। *pp* **পদলিত**। *prp* **পদলেন্ত**। *abs* **পদলেত্বা**।

**পদালেতু**—যে ফেঁড়ে ফেলে, ফালি করে, ভেঙে খুলে ফেলে এমন।

**পদিক**—কাব্য সংক্রান্ত বা কবিতাসংক্রান্ত বা কাব্যধর্মী পঙ্‌ক্তি সমন্বিত; গদ্যময় বা গদ্যতুল্য অর্থাৎ কবিত্বহীন বা নীরস।

**পদিত্ত**—('পদিপ্পতি'র *pp*) প্রদীপ্ত।

**পদিপ্পতি**—(প+দিপ্+য) প্রদীপ্ত হয়; লেলিহান শিখা বিস্তার করে জ্বলা; তীব্র আলো ছড়ায়ে জ্বলা; উজ্জ্বল কিরণ বর্ষণ করা; তপ্ত কিরণ বর্ষণ করা; প্রজ্বলিত করা; জ্বালানো। *aor* **পদিপ্পি**। *prp* **পদিপ্পমান**।

**পদিস্সতি**—(প+দিস্+য) দৃষ্ট হওয়া; দৃষ্টিগোচর হওয়া; উপস্থিত হওয়া; প্রকাশিত হওয়া। *aor* **পদিস্সি**। *pp* **পদিট্ঠ**। *prp* **পদিস্সমান**।

**পদীপ**—প্রদীপ; আলো; বাতি। **পদীপকাল**—আলোকদানের সময়; প্রজ্জ্বালনের কাল। **পদীপেয্য**—প্রজ্জ্বালনের উপাদান।

**পদীপেতি**—(প+দিপ্+এ) বাতি প্রজ্বলিত করা; স্পষ্ট ও বিশদ বা বোধগম্য করা; ব্যাখ্যা করা; প্রগাঢ় করা। *aor* **পদীপেসি, পদীপিত**। *prp* **পদীপেন্ত**। *abs* **পদীপেত্বা**।

**পদীযতি**—(প+দা+ঈ+য) প্রদত্ত হওয়া; উপস্থাপিত করা। *aor* **পদীযি**। *pp* **পদিন্ন**।

**পদুট্ঠ**—('পদুস্সতি'র *pp*) প্রদুষ্ট; দুর্নীতিপরায়ণ বা দুর্বৃত্ত; পাপী; ক্ষতিসাধক; দূষিত; কলুষিত।

**পদুব্ভতি**—(প+দুভ্+য) (কিছুর বা কারও) বিরুদ্ধে ষড়যন্ত্র করা বা ফন্দি আঁটা। *aor* **পদুব্ভি**। *pp* **পদুব্ভিত**। *abs* **পদুব্ভিত্বা**।

**পদুম**—পদ্ম; বিশোধকের নাম; এক প্রকাণ্ড রাশির নাম। **পদুমকণ্ণিকা**—পদ্ম কর্ণিকা; পদ্মের মধ্যস্থ বীজকোষ। **পদুমকলাপ**—পদ্মকলাপ; পদ্মগুচ্ছ। **পদুমগব্ভ**—পদ্মগর্ভ; পদ্মের অন্তর্ভাগ। **পদুমপত্ত**—পদ্মপত্র; পদ্মের পাপড়ি বা দল। **পদুমরাগ**—পদ্মরাগমাণ; চুনি। **পদুমসর**—পদ্মসরোবর বা পদ্মপুকুর বা পদ্মদিঘি। **পদুমিনী**—পদ্মিনী; পদ্মের ঝাড়; যে পুকুরে বহু পদ্ম আছে। **পদুমিনীপত্ত**—পদ্মিনীপত্র; পদ্মগাছের পাতা।

**পদুমী**—পদ্মিনী; পদ্ম আছে এরূপ; হস্তিনী।
**পদুস্সতি**—(প+দুস্+য) অন্যায় করা; ক্ষতি করা; কলুষিত বা দূষিত হওয়া। *aor* **পদুস্সি**। *pp* **পদুট্ঠ**। *abs* **পদুস্সিত্বা**।
**পদুস্সন**—প্রদূষণ; ক্ষতিকরণ; ক্ষতিসাধন; ষড়যন্ত্র; ফন্দি।
**পদূসেতি**—(প+দুস্+এ) মলিন বা নোংরা করা; দূষিত বা বিকৃত করা; অপবিত্র করা; ধ্বংস করা; নষ্ট করা; কলুষিত করা। *aor* **পদূসেসি**। *pp* **পদূসিত**। *abs* **পদূসেত্বা**।
**পদেস**—প্রদেশ; দেশ; স্থান; জিলা; অবস্থান; অঞ্চল; অকুস্থল। **পদেসঞাণ**—প্রদেশজ্ঞান; সীমাবদ্ধ জ্ঞান। **পদেসরজ্জ**—প্রদেশ রাজ্য ক্ষুদ্র নৃপতির জিলা। **পদেসরাজ**—প্রদেশ রাজ; উপরাজ।
**পদোস**—প্রদোষ। ১। সায়ংকাল; রাত্রি-আরম্ভের প্রথম দণ্ডকাল। ২। ক্রোধ। ৩। গলদ; ত্রুটি; কলঙ্ক।
**পদ্ম**—'পদুম' দেখুন।
**পধংস, পধংসন**—ধ্বংস; বিনাশ; সর্বনাশ; বিলয়; অবমাননা; অপব্যবহার; লঙ্ঘন; অমান্য; অত্যাচার; অপমান; লুণ্ঠন।
**পধংসিত**—(পধংসেতি'র *pp*) ধ্বংসিত; বিনষ্ট।
**পধংসিয**—অবমাননার যোগ্য; আক্রান্ত হবার যোগ্য; অত্যাচারিত বা লুণ্ঠিত হওয়ার যোগ্য।
**পধংসেতি**—(প+ধংস্+এ) ধ্বংস করা; বিনাশ করা; সর্বনাশ করা; অবমাননা করা; আক্রমণ করা; লুণ্ঠন করা; অপমান করা। *aor* **পধংসেসি**। *pp* **পধংসিত**। *abs* **পধংসেত্বা**। *prp* **পধংসেন্ত**।
**পধান**—প্রধান; নায়ক; সর্দার; প্রধান ব্যক্তি।
**পধান (পদহন)**—প্রচেষ্টা; প্রয়াস; শক্তিপ্রয়োগ; কঠোর চেষ্টা দ্বারা সম্পাদিত কার্য; সংগ্রাম। **পধানঘর**—ভাবনা বা ধ্যানের জন্য প্রস্তুত গৃহ। **পধানিক**—ধ্যানী; ধ্যানরত।
**পধাৱতি**—(প+ধাৱ্+অ) প্রধাবিত হওয়া; কমে যাওয়া; ফুরিয়ে যাওয়া। *aor* **পধাৱি**।
**পধাৱন**—প্রধাবন; ক্ষরণ; নিঃসরণ; স্রবণ।
**পধূপেতি**—(প+ধূপ+এ) ধূপ দ্বারা সুগন্ধি করা; ধূমপান করা। 'ধূপেতি' দেখুন। *pp* **পধূপিত**।
**পধোত**—('পধোৱতি'র *pp*) প্রধৌত; ধৌত; ধোয়া; পরিষ্কৃত; শানিত।
**পন**—[(প্রধানত শব্দ সম্বন্ধে) বিধোধসূচক বা বৈপরীত্যজ্ঞাপক] অব্যয়; এবং; অধিকন্তু; আরও; তদ্ব্যতীত; এখন পর্যন্ত; তথাপি; এ যাবৎ; এ পর্যন্ত; একই সময়ে; সেই সঙ্গে; এমনকি; ব্যাপারটি শেষ হবার পূর্বেই; তৎসত্ত্বেও; যা হোক; তখন পর্যন্ত।
**পনস**—কাঁঠাল গাছ; কাঁঠাল।
**পনস্সতি**—(প+নস্+য) খোয়া যাওয়া; নিখোঁজ হওয়া; সর্বনাশগ্রস্ত হওয়া। *aor* **পনস্সি**। *pp* **পনট্ঠ**।
**পনালিকা**—নালিকা; বাঁশি; নল; প্রণালি; জল-নির্গমনপথ; পয়োনালা; নর্দমা; জলধারা।
**পনুদতি**—(প+নুদ+এ) দৃষ্টির আড়াল করা; দূরীভূত করা; ধাক্কা দিয়ে ঠেলে দূর করা। *aor* **পনুদি**। *pp* **পনুদিত**। *abs* **পনুদিত্বা, পনুদিয**। *prp* **পনুদমান**।
**পনুদন, পনূদন**—দূরীকরণ; ছড়িয়ে দিয়ে দৃষ্টির আড়াল করণ; বাতিল বা প্রত্যাখ্যান করণ।
**পন্ত**—প্রান্ত; শেষ সীমা; দূরবর্তী; সম্পর্কহীন; স্বতন্ত্র; নিঃসঙ্গ; নির্জন। **পন্তসেনাসন**—নির্জন শয়নাসন; নির্জন বিশ্রামস্থান।
**পন্তি**—পঙ্ক্তি; সারি; শ্রেণী; পাঁতি।
**পন্থ**—পথ; রাস্তা; উপায়। **পন্থক, পনথিক**—পান্থ; পথিক; পর্যটক; সর্বদা ভ্রমণকারী। **পন্থঘাত, পন্থদূহন**—ওতপেতে থাকন; পথিমধ্যে আক্রমণ করণ; পাকড়াও করণ; ডাকাতি। **পন্থঘাতক**—ডাকাত।
**পন্ন**—পতিত; পড়ে গিয়েছে এমন। **পন্নভার**—যে ব্যক্তি তার বোঝা অবনমিত করেছে। **পন্নলোম**—যার চুল নরম বা কোমলকৃত বা প্রশমিত বা দমিত।
**পন্নগ**—সর্প।
**পপ**—জল।
**পপঞ্চ**—প্রপঞ্চ; বাধা; প্রতিবন্ধক; বোচকা-বুচকি; লটবহর; স্থগন; কালহরণ; মায়া; মোহ; বিভ্রান্তি; সংসার; আধ্যাত্মিক উন্নতির বাধা।
**পপঞ্চেতি**—(প+পচ্+এ) বোধগম্য করা; ব্যাখ্যা করা; কালহরণ করা। *aor* **পপঞ্চেসি**। *pp* **পপঞ্চিত**। *abs* **পপঞ্চেত্বা**।
**পপটিকা**—বৃক্ষের বহির্ভাগের শুকনা বাকল বা শক্ত ছাল বা আবরণ।
**পপততি**—(প+পত্+অ) (কর্মাদিতে) ব্যর্থকাম হওয়া; ঝরে যাওয়া; ক্ষয় পাওয়া; মরে যাওয়া; ধ্বংস হওয়া; ভেঙে পড়া। *aor* **পপতি**। *pp* **পপতিত**। *abs* **পপতিত্বা**।
**পপতন**—প্রপতন; চলন; স্খলন; নাশ; অবনতি।
**পপদ**—পায়ের প্রান্ত বা ডগা বা আগা।
**পপা**—পথিকের জন্য পথপার্শ্বস্থ জলছত্র।

**পপাত**—প্রপাত; খাড়া ও উঁচু গিরিচূড়া; দুরারোহ শিলা; ভৃগু। **পপাতট**—দুরারোহ ঢাল বা উতরাই।

**পপিতামহ**—প্রপিতামহ; পিতামহের পিতা; পিতার পিতামহ।

**পপুত্ত**—পৌত্র; নাতি; দৌহিত্র; পুত্রের অথবা কন্যার পুত্র।

**পপ্পটক**—ছত্রাক; ভুঁইফোড়।

**পপপোঠেতি**—(প+পোথ্+এ) ঝাপটিয়ে আঘাত করা; ডানাদি ঝাপটানো; প্রহার করা; পিটানো। *aor* **পপ্পোঠেসি**। *pp* **পপ্পোঠিত**। *abs* **পপ্পোঠেত্বা**।

**পপ্পোতি**—(প+অপ্+ও) নাগাল পাওয়া; পৌঁছানো; উপনীত হওয়া; (অভিষ্টাদি) লাভ করা; অর্জন করা; লক্ষ্যে পৌঁছানো। *abs* **পপ্পুয্য**।

**পপ্ফাস**—ফুসফুস।

**পবন্ধ**—প্রবন্ধ; অবিচ্ছিন্নতা; অবিচ্ছেদ্যতা; একটান; (গবেষণামূলক) গ্রন্থ বা কবিতা।

**পবল**—প্রবল; সাতিশয় বলবান; অত্যন্ত; প্রকৃষ্ট বল যার।

**পবুজ্ঝতি**—(প+বুধ্+য) জাগরিত হওয়া; বুঝতে পারা; উপলব্ধি করা। *aor* **পবুজ্ঝি**। *abs* **পবুজ্ঝিত্বা**।

**পবুদ্ধ**—('পবুজ্ঝতি'র *pp*) প্রবুদ্ধ; জাগরিত; উপলব্ধ; জ্ঞানালোকপ্রাপ্ত; সংস্কারমুক্ত।

**পবোধন**—প্রবোধন; জাগরণ; সক্রিয়করণ বা হওন; আলোকন।

**পবোধেতি**—(প+বোধ্+এ) জাগরিত হওয়া বা করা; সক্রিয় হওয়া বা করা; আলোকিত হওয়া বা করা। *aor* **পবোধেসি**। *pp* **পবোধিত**। *abs* **পবোধেত্বা**। *prp* **পবোধেন্ত**।

**পব্ব**—পর্ব; কাণ্ডের গ্রন্থি; গাঁট; সন্ধি; গ্রন্থি; অধ্যায়; পরিচ্ছেদ; বিভাগ।

**পব্বজতি**—(প+ব্রজ্+অ) (আদেশাদি) বের হওয়া বা প্রচারিত হওয়া; ভিক্ষুত্ব গ্রহণ করা; সাংসারিক বা গৃহীর জীবন পরিত্যাগ করা। *aor* **পব্বজি**। *pp* **পব্বজিত**। *abs* **পব্বজিত্বা**। *prp* **পব্বজন্ত**।

**পব্বজন, পব্বজ্জা**—সন্ন্যাসজীবন গ্রহণ; ভিক্ষু হবার প্রস্তুতি।

**পব্বজিত**—প্রব্রজিত; ভিক্ষু।

**পব্বত**—পর্বত; গিরি; শিলা। **পব্বতকূট**—পর্বতশৃঙ্গ; পর্বতের চূড়া। **পব্বতগহন**—পর্বতে পরিপূর্ণ প্রদেশ। **পব্বতট্ঠ**—পর্বতে দাঁড়ানো অথবা অবস্থিত। **পব্বতপাদ**—পর্বতের পাদদেশ বা নিম্নস্থান। **পব্বতসিখর**—পর্বতশিখর; পর্বতশৃঙ্গ; পাহাড়ের চূড়া। **পব্বতেয্য**—পাহাড়ে চলাফেরায় ব্যবহৃত।

**পব্বাজন**—নির্বাসন; বিতাড়ন। **পব্বাজনিয**—নির্বাসিত হবার যোগ্য; বিতাড়িত হওয়ার উপযুক্ত।

**পব্বাজেতি**—(প+বজ্+এ) নির্বাসিত করা; বিতাড়িত করা; ভিক্ষু করে নেওয়া বা ভিক্ষু তৈরি করা। *aor* **পব্বাজেসি**। *pp* **পব্বাজিত**। *abs* **পব্বাজেত্বা**।

**পব্ভার**—পর্বতের ঢালু; পর্বতের উতরাই; ক্রমাবনত; ঢালু; ক্রমোন্নত।

**পভগ্গ**—('পভঞ্জতি'র *pp*) চূর্ণবিচূর্ণিত; বিনষ্ট; বিনাশপ্রাপ্ত; পরাস্ত; পরাজিত।

**পভঙ্কর**—আলো-আনয়নকারী অর্থাৎ সূর্য; প্রভঙ্কর।

**পভঙ্গু, প্রভঙ্গুর**—ভঙ্গুর; পলকা; ক্ষণস্থায়ী; নশ্বর; বিনাশশীল; সহজে নষ্ট হয় বা ক্ষয় হয় বা পচে যায় এমন।

**পভব**—প্রভব; উৎপত্তি; জন্ম; উৎপত্তিস্থল; উৎসরূপে লাভ করে।

**পভবতি**—(প+ভূ+অ) প্রবাহিত হওয়া; উৎপন্ন হওয়া; আরম্ভ হওয়া। *aor* **পভবি**। *pp* **পভাবিত**। *abs* **পভবিত্বা**।

**পভস্সর**—প্রভাস্বর; অত্যন্ত উজ্জ্বলভাবে দীপ্তিশীল।

**পভা**—আলো; দীপ্তি; রশ্মি বিকিরণ।

**পভাত**—প্রভাত; প্রাতঃকাল; উষা; ভোর; প্রভাযুক্ত।

**পভাব**—প্রভাব; ক্ষমতা; তেজঃ; শক্তি; উৎকর্ষ; মর্যাদা; যে শক্তি অপরকে চালিত করে।

**পভাবিত**—('পভাবেতি'র *pp*) ১ প্রভাবিত। ২ বৃদ্ধিপ্রাপ্ত; বর্ধিত। ৩ (সুগন্ধি ইত্যাদি দ্বারা) পরিব্যাপ্ত।

**পভাবেতি**—(প+ভূ+এ) বাড়ানো; বৃদ্ধি করা; বৃদ্ধি পাওয়া; পরিব্যাপ্ত করা। *aor* **পভাবেসি**। *abs* **পভাবেত্বা**।

**পভাস**—প্রভাস; প্রকৃষ্ট দীপ্তি; উজ্জ্বল দীপ্তি; অত্যুৎকর্ষ; সমারোহ; জাঁকজমক।

**পভাসতি**—(প+ভাস্+অ) আলো দেওয়া; আলো বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া; চকচক করা। *aor* **পভাসি**। *abs* **পভাসিত্বা**। *prp* **পভাসন্ত**।

**পভাসেতি**—('পভাসতি'র *caus*) আলোকিত করা; জ্বালানো; আলো দ্বারা পরিব্যাপ্ত করা। *aor* **পভাসেসি**। *pp* **পভাসিত**। *prp* **পভাসেন্ত**। *abs* **পভাসেত্বা**।

**পভিজ্জতি**—(প+ভিদ্+য) ভগ্ন হওয়া; ফেটে যাওয়া। *aor* **পভিজ্জি**। *prp* **পভিজ্জমান**। *abs* **পভিজ্জিত্বা**।

**পভিজ্জন**—বিচ্ছিন্ন করণ; পৃথক্‌করণ; সংযোগচ্যুতি; ফাট।
**পভিন্ন**—('পভিজ্জতি'র *pp*) ১ ভগ্ন। ২ ভিন্ন; অন্য। ৩। বিস্ফারিত; উদ্গত।
**পভুতি**—(কিছু হতে) আরম্ভ; প্রারম্ভ; তদনন্তর; পরবর্তীকালে। (ততো পভুতি = অতঃপর)। **পভুক**—তারিখ হতে; তারিখের পর; (কিছু হতে) আগত বা নির্গত বা উদ্ভূত।
**পভূ**—প্রভু; মনিব; স্বামী; অধিরাজ; শ্রেষ্ঠ; রাজা।
**পভেদ**—প্রভেদ; পার্থক্য; বিভিন্নতা; বৈচিত্র্য। **পভেদন**—বিভাজন; ভাঙ্গন; ধ্বংসাত্মক।
**পমজ্জতি**—(প+মদ্+য) প্রমত্ত হওয়া; অসাবধান হওয়া; কুঁড়ে হওয়া; অলস হওয়া; নিষ্ক্রিয় হওয়া; অবহেলা করা। *aor* **পমজ্জি**। *pp* **পমত্ত**। *abs* **পমজ্জিত্বা; পমজ্জ; পমজ্জিয**। inf **পমজ্জিতুং**।
**পমত্ত**—('পমজ্জতি'র *pp*) প্রমত্ত; অমনোযোগী; অবহেলাকারী ব্যক্তি। **পমত্তবন্ধু**—অসাবধান ব্যক্তির বন্ধু অর্থাৎ মার বা শয়তান।
**পমথতি**—(প+মথ্+অ) চাপের ফলে ভগ্ন বা চূর্ণ বা লাট করা অথবা হওয়া; দমন করা; সর্বনাশ করা; বশে আনা; প্রশমিত করা। *aor* **পমথি**। *pp* **পমথিত**। *abs* **পমথিত্বা**।
**পমদাবন**—রাজপ্রাসাদের নিকটস্থ উদ্যান।
**পমদা**—স্ত্রীলোক।
**পমদ্দতি**—(প+মদ্+অ) দলিত করা; পিষ্ট করা; পীড়িত করা; পরাভূত করা; দমন করা; জয় করা; অতিক্রম করা। *aor* **পমদ্দি**। *pp* **পমদ্দিত**। *abs* **পমদ্দিত্বা**।
**পমদ্দন**—দলন; পেষণ; পিষ্টকরণ; পীড়ন; প্রমর্দন।
**পমদ্দী**—প্রমর্দী; দলনকারী; পেষণকারী; পীড়নকারী; মর্দনকারী।
**পমাণ**—প্রমাণ; পরিমাপ; মাপ; পরিমাণ। **পমাণক**—পরিমাপক; (কিছুর) পরিমাপের। **পমাণিক**—নিয়মানুক মাপ অনুসারে।
**পমাদ**—প্রমাদ; অসাবধানতা; শ্রমবিমুখতা; আলস্য; অবহেলা; শিথিলতা। **পমাদপাঠ**—বিকৃতভাবে পুস্তক পাঠ।
**পমিণাতি**—(প+মি+ণা) পরিমাপ করা; হিসাব করা; গণনা করা; নির্ধারণ করা। *aor* **পমিণি**। *pp* **পমিত**। *abs* **পমিণিত্বা, পমিত্বা**।
**পমুখ**—প্রমুখ; প্রথম; প্রধান; শ্রেষ্ঠ; তথাকথিত; প্রভৃতি; ইত্যাদি; আরম্ভ।
**পমুচ্চতি**—(প+মুচ্+য) মুক্ত হওয়া বা করা; উদ্ধারপ্রাপ্ত হওয়া বা উদ্ধার করা; রক্ষা পাওয়া বা করা। *aor* **পমুচ্চি**। *pp* **পমুত্ত**। *abs* **পমুচ্চিত্বা**।
**পমুচ্ছতি**—(প+মুচ্ছ্+অ) মূর্ছিত হওয়া; অবসন্ন হওয়া; মূর্ছিত করা; অবসন্ন করা; মূর্ছা যাওয়া; দুর্বল হওয়া; নিস্তেজ হওয়া। *aor* **পমুচ্ছি**। *pp* **পমুচ্ছিত**। *abs* **পমুচ্ছিত্বা**।
**পমুঞ্চতি**—(প+মুচ+ং-অ) মুক্ত করে দেওয়া; প্রেরণ করা; নিক্ষেপ করা; নির্গত করা; মুক্ত করা। *aor* **পমুঞ্চি**। *pp* **পমুঞ্চিত, পমুত্ত**। *abs* **পমুঞ্চিয, পমুঞ্চিত্বা**। *prp* **পমুঞ্চন্ত**।
**পমুট্‌ঠ**—('পমুস্‌সতি'র *pp*)।
**পমুত্ত**—'পমুঞ্চতি'র অন্তর্গত দেখুন। **পমুত্তি**—প্রমুক্তি; স্বাধীনতা; রেহাই।
**পমুদিত**—('পমোদতি'র *pp*) প্রমোদিত; পরমানন্দিত।
**পমুযহতি**—(প+মুহ্+য) হতভম্ব হওয়া; হতবুদ্ধি হওয়া; বিভ্রান্ত হওয়া; বুদ্ধিভ্রষ্ট হওয়া; মোহাচ্ছন্ন হওয়া। *aor* **পমুযহি**। *abs* **পমুযহিত্বা, পমুযহ**।
**পমুস্‌সতি**—(প+মুস্+য) ভুলে যাওয়া। *aor* **পমুস্‌সি**। *pp* **পমুট্‌ঠ**। *abs* **পমুস্‌সিত্বা**।
**পমূল্‌হ**—('পমুযহতি'র *pp*) প্রমূঢ়; হতভম্ব; হতবুদ্ধি; বিভ্রান্ত; বুদ্ধিভ্রষ্ট; মোহাচ্ছন্ন।
**পমেয্য**—প্রমেয়; পরিমেয়; পরিমাপনসাধ্য; পরিমিত; অল্পপরিমাণ।
**পমোক্‌খ**—মুক্তি; অব্যাহতি; রেহাই; প্রমোক্ষ; উদ্ধার; রক্ষা; মুক্তিদান; খালাস।
**পমোচন**—মুক্তিদান; স্বাধীনতা দান; বন্ধনমুক্তি; উদ্ধার।
**পমোচেতি**—(প+মুচ্+এ) মুক্তিদান করানো; স্বাধীনতা দান করা; বন্ধনমুক্ত করা। *aor* **পমোচেসি**। *pp* **পমোচিত**। *abs* **পমোচেত্বা**।
**পমোদ**—প্রমোদ; পরমানন্দ; পরমানন্দদায়ক ব্যক্তি বা বস্তু বা বিষয়।
**পমোদতি**—(প+মুদ্+অ) আনন্দিত করানো বা হওয়া; আনন্দ করা; (কিছুতে) আনন্দ পাওয়া; উপভোগ করা; সন্তুষ্ট হওয়া। *aor* **পমোদি**। *pp* **পমোদিত**। *prp* **পমোদমান**। *abs* **পমোদিত্বা**।
**পমোদনা**—'পমোদ' দেখুন।
**পমোহন**—প্রবঞ্চনা; প্রতারণা; শঠতা; প্রবঞ্চনা বা প্রতারণার উপায়; সহজে ভুল বোঝা হয় এমন; প্রবঞ্চনাকর; প্রতারণাকর।
**পমোহেতি**—(প+মুহ্+এ) প্রবঞ্চনা করা; প্রতারণা করা; কৌশলে ভুলপথে চালিত করা; হতভম্ব করা;

হতবুদ্ধি করা; বিভ্রান্ত করা; সাপের মতো চোখে চোখে চেয়ে চলচ্ছক্তি রহিত করা; মুগ্ধ করা। *aor* **পমোহেসি**। *pp* **পমোহিত**। *abs* **পমোহেত্বা**।

**পম্পক**—লরিস্ (a loris)।

**পম্হ**—অক্ষিপক্ষ্ম; চোখের পাতার লোম।

**পয**—পয়ঃ; দুগ্ধ; জল।

**পযত**—পরিশোধিত; বিশুদ্ধ; ভেজালমুক্ত।

**পযতন**—প্রযত্ন; অধ্যবসায়; প্রয়াস; প্রকৃষ্ট যত্ন; প্রচেষ্টা।

**পযাতি**—(প+যা+অ) এগিয়ে যাওয়া; যাত্রা করা; বের হয়ে পড়া; চলতে থাকা; অগ্রসর হওয়া। *aor* **পযাসী**। *pp* **পযাত**।

**পযিরুপাসতি**—(পরি+উপ+আস্+অ) সঙ্গী বা অনুষঙ্গী হওয়া; মিলিত বা একত্র হওয়া; সম্মান করা; শ্রদ্ধা করা; মহিমান্বিত করা। *aor* **পযিরুপাসি**। *pp* **পযিরুপাসেত**। *abs* **পযিরুসিত্বা**।

**পযিরুপাসনা**—উপস্থিতি; মিলন।

**পযুঞ্জতি**—(প+যুজ্+ং-অ) (ভারবাহী পশুকে) সাজ পরানো; বর্মভূষিত করা; নিযুক্ত করা; প্রয়োগ করা। *aor* **পযুঞ্জি**। *pp* **পযুত্ত**। *prp* **পযুঞ্জমান**। *abs* **পযুঞ্জিত্বা**।

**পযুত্তক**—প্রযুক্ত; নিযুক্ত; অর্পিত; গুপ্তচর; গোয়েন্দা।

**পযোগ**—প্রয়োগ; উপায়; দায়িত্ব; কর্মভার; প্রতিশ্রুতি; অঙ্গীকার; অভ্যাস; ব্যবসায়। **পযোগকরণ**—প্রচেষ্টা; প্রয়াস; (অভীষ্ট বস্তু প্রভৃতি) লাভের চেষ্টা। **পযোগবিপত্তি**—ব্যর্থ প্রয়োগ; ভুল প্রয়োগ। **পযোগসম্পত্তি**—সার্থকপ্রয়োগ।

**পযোজক, পযোজেতু**—পরিচালনা বা ব্যবস্থাপনা করে এরূপ; প্রযোজক; ব্যবস্থাপক।

**পযোজন**—প্রয়োজন; প্রয়োগ; আরোপ; ব্যবহার; কর্মভার; নিযুক্তি।

**পযোজেতি**—(প+যুজ্+এ) নিয়োগ করা; কর্মভার নেওয়া; দায়িত্ব নেওয়া; প্রয়োগ করা; আরোপ করা; প্রস্তুত করা; কর্মে নিযুক্ত করা; চাকরিতে নেওয়া; অভিযুক্ত করা। *aor* **পযোজেসি**। *pp* **পযোজিত**। *prp* পযোজেন্ত। *abs* **পযোজেত্বা**; **পযোজিয**।

**পযোধর**—পয়োধর; বৃষ্টিমেঘ; স্ত্রীলোকের স্তন।

**পযোজক**—প্রপিতামহ; পিতামহের পিতা; প্রকৃষ্ট পিতামহ।

**পর**—ভিন্ন; অন্য; বিদেশ; বিদেশি; বহিরাগত। **পরকত**—অপরের দ্বারা কৃত। **পরকার**—অন্যের কাজ। **পরজন**—আগন্তুক; বহিরাগত। **পরঅত্থ**—অপরের কল্যাণ। **পরদত্তূপজীবী**—অপরের প্রদত্ত দ্বারা জীবনযাপনকারী। **পরনেয্য**—অন্যের দ্বারা পরিচালিত হবার যোগ্য। **পরপচ্চয, পরপত্তিয**—পর প্রত্যয়; কারও ওপর বিশ্বাসী বা নির্ভরশীল। **পরপুট্ঠ**—পরপুষ্ট; অপরের দ্বারা প্রতিপালিত। **পরপেস্স**—পরপোষ্য; অপরের সেবক। **পরভাগ**—সর্বশেষে অবস্থিত অংশ। **পরলোক**—লোকান্তর; মৃত্যুর পর জীবের কর্ম অনুসারে ভোগ্য জগৎ; পরকাল; মৃত্যু। **পরৱম্ভন**—অপরের ঘৃণা বা অবজ্ঞা। **পরবাদ**—বিরুদ্ধ মতবাদ। **পরবাদী**—মতবিরোধের প্রতিপক্ষ। **পরবিসয**—পররাজ্য; বিদেশ। **পরসেনা**—শত্রুসৈন্যবাহিনী। **পরহত্থগত**—শত্রু-অধিকৃত। **পরহিত**—পরের কল্যাণ। **পরহেতু**—অপরের কল্যাণ।

**পরং**—পরে; অতিক্রম করে; ছাড়িয়ে; আরও; অধিকন্তু; অপর পার্শ্বে; অপরদিকে। **পরংমরণা**—মৃত্যুর পর।

**পরক্কম, পরক্কমন**—পরাক্রম; শক্তি; পুরুষকার; প্রভাব।

**পরক্কমতি**—(পরা+কম্+অ) প্রয়োগ করা; জাহির করা; বীরত্ব বা শৌর্য বা তেজ প্রদর্শন করা। *aor* **পরক্কমি**। *pp* **পরক্কন্ত**। *prp* **পরক্কমন্ত**। *abs* **পরক্কমিত্বা, পরক্কম্ম**।

**পরত্থ**—পরস্থ; অন্য স্থানে; অতঃপর; ভবিষ্যতে।

**পরদার**—অন্য লোকের স্ত্রী। **পরদারকম্ম**—ব্যভিচার; অগম্যাগমন; পরদার লঙ্ঘন। **পরদারিক**—ব্যভিচারী।

**পরম**—শ্রেষ্ঠ; প্রধান; আদ্য; শেষ; প্রকৃত; চরম; সর্বাতীত। **পরমতা**—সর্বোচ্চ পরিমাণ; খুব বেশি হলে; বড় জোর। **নালিকোদন পরমতায**—বড় জোর এক সের সিদ্ধ জলের ওপর। **পরম অত্থ**—উচ্চতম আদর্শ; চরম বা অন্তিম চেতনার বা বোধশক্তির সত্যতা। **পরমাযু**—পরমায়ু; আয়ু; শেষাবধিক জীবিতকাল।

**পরমাণু**—অণুর ৩৬তম অংশে।

**পরম্পরা**—সন্ততি; ধারা; শ্রেণী; সমূহ; পরপর; অনুক্রম; বংশ।

**পরম্মুখ**—(কোনও কাজের জন্য) পরের মুখ চেয়ে থেকে, অন্যের ওপর নির্ভর। **পরম্মুখা**—একজনের অনুপস্থিতিতে।

**পরসুবে**—পরশ্ব; আগামী দিনের পরদিন; পরশু।

**পরাজয**—পরাজয়; পরাভব।

**পরাজীযতি**—('পরাজেতি'র Pass) পরাজিত বা

পরাভূত হওয়া। *aor* **পরাজীযি**।

**পরাজেতি**—(পরা+জি+এ) পরাজয় করা; জয় করা; বশে আনা; পরাস্ত করানো; হটানো। *aor* **পরাজেসি**। *pp* **পরাজিত**। *prp* **পরাজেন্ত**। *abs* **পরাজেত্বা**।

**পরাধীন**—পরের অধীন; পরের ওপর নির্ভরশীল; পরতন্ত্র।

**পরাভব**—ধ্বংস; অপমান; মর্যাদাহানি; বংশোচিত বা শ্রেণীগত মর্যাদাচ্যুতি।

**পরাভবতি**—(পরা+ভূ+অ) আনত হওয়া; ক্ষয় পাওয়া। *aor* **পরাভবি**। *pp* **পরাভূত**। *prp* **পরাভবন্ত**।

**পরামট্ঠ**—('পরামস্সতি'র *pp*)।

**পরামসতি**—(পরি+আ+মস্+অ) মিলিত বা সংযুক্ত করা; সংশ্লিষ্ট করা; আসক্ত করানো; সংশ্লিষ্ট বা আসক্ত হওয়া; আদর বা সোহাগ করা। *aor* **পরামসি**। *pp* **পরামসিত; পরামট্ঠ**। *prp* **পরামসন্ত**। *abs* **পবামসিত্বা**।

**পরামাস, পরামসন**—১ স্পর্শন; হস্ত দ্বারা স্পর্শকরণ। ২ স্পর্শের দ্বারা দেহ হতে দেহান্তরে রোগ-সংক্রমণ; সংক্রামক রোগ।

**পরাযণ**—পরায়ণ; শ্রেষ্ঠ আশ্রয়; বিশ্রাম; ত্রাণ; শেষ পরিণতি; তাক করণ; উদ্দেশ্য করণ; তৎপর; অনুরক্ত; অভীষ্ট; উত্তম অবলম্বন; আশ্রয়স্থল। **সগ্গপরাযণ**—স্বর্গপরায়ণ; স্বর্গে জন্মলাভ করা পূর্ব নির্ধারিত।

**পরাযত্ত**—পরাযত্ত; অন্যের অধিকারভুক্ত।

.**পরি**—(অগ্রে বা পূর্বে বা প্রারম্ভে বা উপসর্গরূপে স্থাপিত) সর্বদিকে সর্ববিষয়ে ব্যাপক; সর্ববিষয়ে দক্ষ; চৌকস; সর্বতোভাবে; সম্পূর্ণভাবে; পরিপূর্ণভাবে।

**পরিকড্ঢন**—টেনে নিয়ে গমন; হেঁচড়িয়ে নিয়ে গমন।

**পরিকড্ঢতি**—টেনে নিয়ে যাওয়া; হেঁচড়িয়ে নিয়ে যাওয়া। *aor* **পরিকড্ঢি**। *pp* **পরিকড্ঢিত**। *abs* **পরিকড্ঢিত্বা**।

**পরিকথা**—প্রকটকরণ; অনাবৃত করণ; অর্থ-প্রকাশ; ভূমিকা; পরোক্ষ আলাপ।

**পরিকন্ততি**—(পরি+কন্ত্+অ) কেটে খোলা। *aor* **পরিকন্তি**। *pp* **পরিকন্তিত**। *abs* **পরিকন্তিত্বা**।

**পরিকপ্প**—পরিকল্পনা; উদ্দেশ্য; অভিপ্রায়; লক্ষ্য।

**পরিকপ্পেতি**—(পরি+কপ্+এ) পরিকল্পনা করা; উদ্দেশ্য করা; অনুমান করা; আন্দাজ করা; মনে করা। *aor* **পরিকপ্পেসি**। *pp* **পরিকপ্পিত**। *abs* **পরিকপ্পেত্বা**।

**পরিকম্ম**—পরিকর্ম; ব্যবস্থাপনা; প্রস্তুতি; প্রাথমিক কর্ম; পোঁচড়া। **পরিকম্মকত**--প্রলিপ্ত। **পরিকম্মকার**—প্রস্তুতি সম্পাদন করে এমন।

**পরিকস্সতি**—(পরি+কস্=অ) ঘুরে ঘুরে হেঁচড়িয়ে নিয়ে যাওয়া; ঝেটিয়ে দূর করা; পশ্চাৎ চালানো বা চলা। *aor* **পরিকস্সি**। *pp* **পরিকস্সিত**।

**পরিকিণ্ণ**—('পরিকিরতি'র *pp*)।

**পরিকিত্তেতি**—(পরি+কিত্ত+এ) ব্যাখ্যা করা; অর্থ প্রকাশ বা প্রশংসা করা; সর্বসাধারণের বিদিত করা। *aor* **পরিকিত্তেসি**। *pp* **পরিকিত্তিত**।

**পরিকিরতি**—(পরি+কির্+অ) ইতস্তত নিক্ষিপ্ত করা বা হওয়া; ইতস্তত ছড়ানো বা ছড়া; চতুর্দিক পরিবেষ্টন করে যাওয়া বা ব্যাপ্ত হওয়া। *aor* **পরিকিরি**। *pp* **পরিকিণ্ণ**। *abs* **পরিকিরিয, পরিকিরিত্বা**।

**পরিকিলন্ত**—'পরিকিলমতি'র *pp*।

**পরিকিলমতি**—(পরি+কিলম্+অ) ক্লান্ত বা পরিশ্রান্ত বা অবসন্ন হওয়া; নিঃশেষিত বা শ্রান্ত হওয়া। *aor* **পরিকিলমি**। *abs* **পরিকিলমিত্বা**।

**পরিকিলিট্ঠ**—('পরিকিলিন্ন'র *pp*) পরিক্লিষ্ট।

**পরিকিলিন্ন**—বিবর্ণ; নোংরা; কলঙ্কিত; মলিন; অপরিষ্কার; অশ্রুপূর্ণ; সিক্ত।

**পরিকিলিস্সতি**—(পরি+কিলিস+য) বিবর্ণ বা নোংরা বা কলঙ্কিত হওয়া, মলিন বা অপরিষ্কার হওয়া; ঝঞ্ঝাটে পতিত হওয়া। *aor* **পরিকিলিস্সি**। *abs* **পরিকিলিস্সিত্বা**।

**পরিকিলিস্সন**—অপবিত্রতা।

**পরিকুপ্পতি**—(পরি+কুপ্+য) সক্রিয় বা উত্তেজিত করা; অতিশয় বিক্ষুব্ধ করা। *aor* **পরিকুপ্পি**। *pp* **পরিকুপিত**।

**পরিকোপেতি**--(পরি+কুপ+এ) প্রচণ্ডভাবে উত্তেজিত করা; রাগান্বিত করা। *aor* **পরিকোপেসি**। *pp* **পরিকোপিত**। *abs* **পরিকোপেত্বা**।

**পরিক্কমন**—চতুর্দিকের জায়গা; সোজাপথ ছেড়ে ঘুরপথে গমন; চতুর্দিকে হাটন; পরিক্রমণ।

**পরিক্খক**—পরীক্ষক; তদন্তকারী; পরিদর্শক। **পরিক্খণ**—তদন্ত; পরীক্ষণ।

**পরিক্খত**—('পরিক্খণতি'র *pp*) ১ খনিত। ২ আহত। ৩। প্রস্তুত; প্রয়োজনীয় সব কিছু দ্বারা সুসজ্জিত।

**পরিক্খিত**—(পরি+ইক্খ+অ) পরিদর্শন করা; তদন্ত

করা। *aor* **পরিক্খি**। *pp* **পরিক্খিত**। *abs* **পরিক্খিত্বা**।

**পরিক্খয**—পরিক্ষয়; নিঃশেষিত অবস্থা; নিদারুণ শ্রান্তি; বিধ্বস্ত করণ; ধ্বংসে সাধন; অপচয়; ক্ষয়; পতন; অধঃপতন; ক্ষতি।

**পরিক্খা**—'পরিক্খণ' দেখুন।

**পরিক্খার**—প্রয়োজনীয় বস্তু বা বিষয়; অতিরিক্ত বা আনুষঙ্গিক বস্তু বা অংশ; সহায়ক বস্তু; উপাঙ্গ; সজ্জিতাবস্থা; সজ্জা; আসবাবপত্র।

**পরিক্খিত্ত**—('পরিক্খিপতি'র *pp*) পরিবেষ্টিত; চতুর্দিক পরিবেষ্টিত; ব্যাপ্ত।

**পরিক্খিপতি**—(পরি+খিপ্+অ) পরিবেষ্টন করা; চতুর্দিক পরিবেষ্টন করে যাওয়া; ব্যাপ্ত হওয়া। *aor* **পরিক্খিপি**। *prp* **পরিক্খিপন্ত**। *abs* **পরিক্খিপিত্বা**। *ptp* **পরিক্খিপিতব্ব**। *caus* **পরিক্খিপাপেতি**।

**পরিক্খীণ**—('পরিক্খীযতি'র *pp*) নিঃশেষিত; নষ্ট; ক্ষয়িত; পরিশ্রান্ত।

**পরিক্খেপ**—ঘেরাও; অবরোধ; পরিবেষ্টন; বেড়া; পরিধি; পরিধির রেখা।

**পরিক্লেস**—পরিক্লেশ; কষ্ট; অপবিত্রতা; অপদ্রব্য।

**পরিখণতি, পলিখণতি**—(পরি+খন্+অ) চক্রাকারে খনন করা। *aor* **পরিখণি**। *pp* **পরিখত**। *abs* **পরিখণিত্বা**।

**পরিখা**—খাত; পয়োনালি; দুর্গ নগর প্রভৃতি পরিবেষ্টক গভীর (কখনও কখনও জলপূর্ণ) পরিখা।

**পরিগণ্হন**—সযত্নে পরীক্ষণ; অনুসন্ধান; তদন্ত; উপলব্ধি।

**পরিগণ্হাতি**—(পরি+গহ্+ণা) পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করা; পরীক্ষা করা; সন্ধান করা; প্রতিষ্ঠিত করা; দখল করা; উপলব্ধি করা। *aor* **পরিগণ্হি**। *pp* **পরিগ্গহিত**। *prp* **পরিগণ্হন্ত**। *abs* **পরিগণ্হিত্বা, পরিগহেত্বা, পরিগ্গয্হ**।

**পরিগিলতি**—(পরি+গিল্+অ) গলাধঃকরণ করা; গেলা; সম্পূর্ণ গ্রাস করা। *aor* **পরিগিলি**। *pp* **পরিগিলিত**। *abs* **পরিগিলিত্বা**।

**পরিগূহতি**—(পরি+গূহ্+অ) লুকিয়ে ফেলা; লুকিয়ে পড়া; লুকানো; গোপন করা; গোপনে থাকা; লুকিয়ে রাখা। *aor* **পরিগূহি**। *pp* **পরিগূহিত, পরিগূল্হ**। *abs* **পরিগূহিত্বা, পরিগূহিয**।

**পরিগূহনা**—লুকানো; গোপন।

**পরিগ্গহ**—পরিগ্রহণ; দখল; অর্জন; স্বোপার্জন; অর্জিত দ্রব্য; লোলুপ; আঁকড়িয়ে ধরবার জন্য ব্যগ্র; বিষয়সম্পত্তি; স্ত্রী।

**পরিগ্গহিত**—('পরিগণ্হাতি'র *pp*) পরিগৃহীত; অধিকৃত; মালিকানালব্ধ; দখলিকৃত।

**পরিচয**—পরিচয়; অভ্যাস; আলাপ; নাম-ধাম ইত্যাদি বিবরণ।

**পরিচরণ**—পরিচারণ; সেবা; তত্ত্বাবধান; উপভোগ।

**পরিচরতি**—(পরি+চর্+অ) ঘোরাফেরা করা; উপস্থিত হওয়া; হাজির হওয়া; তত্ত্বাবধান করা; একজনের ইন্দ্রিয়াদি চরিতার্থ করা; একজনের ইন্দ্রিয়াদির তৃপ্তিসাধন করা; লক্ষ করা বা অভ্যাস করা। *aor* **পরিচার**। *abs* **পরিচরিত্বা**।

**পরিচারক**—দাস; ভৃত্য; সেবক; চাকর।

**পরিচারণা**—যত্ন; তত্ত্বাবধান; চরিতার্থকরণ; তৃপ্তিসাধন করণ।

**পরিচারিকা**—দাসী; চাকরানি; স্ত্রী।

**পরিচারেতি**—('পরিচরতি'র *caus.*) পরিচর্যা বা সেবা করা; হুকুমাদি তামিল করার জন্য সঙ্গে থাকা নিজের মনোরঞ্জন করা; নিজের কৌতূহল জাগানো। *aor* **পরিচারেসি**। *pp* **পরিচারিত**। *abs* **পরিচারেত্বা**।

**পরিচিণ্ণ, পরিচিত**—('পরিচিণাতি'র *pp*) অভ্যস্ত; উপস্থিত; অবগত; জ্ঞাত; পরিচিত; স্তূপীকৃত; পুঞ্জিত; প্রচলিত।

**পরিচুম্বতি**—(পরি+চুব্+ং-অ) আলিঙ্গন দ্বারা ভূষিত করা; চুম্বন করা। *aor* **পরিচুম্বি**। *pp* **পরিচুম্বিত**। *abs* **পরিচুম্বিত্বা**।

**পরিচ্চ**—সম্মানিত করে; অবগত বা জ্ঞাত হয়ে।

**পরিচ্চজতি**—(পরি+চজ্+অ) পরিত্যাগ করা; পরিত্যাগ করে যাওয়া; ছেড়ে দেওয়া; সমর্পণ করা; প্রদান করা। *aor* **পরিচ্চজি**। *pp* **পরিচ্চত্ত**। *prp* **পরিচ্চজন্ত**। *abs* **পরিচ্চজিত্বা**। *inf* **পরিচ্চজিতুং**।

**পরিচ্চজন, পরিচ্চাগ**—পরিত্যাগ, ত্যাগ; বর্জন; সমর্পন; প্রদান; নির্বাসন; স্থাপন; আত্মোৎসর্গ; আত্মত্যাগ।

**পরিচ্চত্ত**—('পরিচ্চজতি'র *pp*) পরিত্যক্ত; বর্জ্জিত; সমর্পিত; প্রদত্ত।

**পরিচ্চাগ**—অনুদান; বদান্যতা; পরহিত; পরোপকার।

**পরিচ্ছন্ন**—('পরিচ্ছাদেতি'র *pp*) আচ্ছাদিত; পরিচ্ছদবিশিষ্ট; পরিস্কৃত; সাজ্জত; ভূষিত।

**পরিচ্ছাদনা**—আচ্ছাদন।

**পরিচ্ছিন্দতি**—(পরি+ছিদ্+ং-অ) নকশা বা পরিলেখ

অঙ্কন করা; (পূর্বাহ্নে) নির্দিষ্ট করা; নিয়ন্ত্রিত করা; নির্ধারণ করা। *aor* **পরিচ্ছিন্দি**। *pp* **পরিচ্ছিন্ন**। *abs* **পরিচ্ছিন্দিয; পরিচ্ছিজ্জ**।

**পরিচ্ছিন্দন**—নির্ধারণ; সীমানির্দেশ; সংজ্ঞা; নকশা বা পরিলেখ অঙ্কন; নিয়ন্ত্রণ; বিশ্লেষণ।

**পরিচ্ছেদ**—অংশ; ভাগ; সীমা; গ্রন্থবিচ্ছেদ; পুস্তকের ভাগ; নিচয়।

**পরিজন**—পরিবার; পোষ্যগণ; পোষ্যবর্গ; পরিচারক; পরিগত জন।

**পরিজানন, পরিজাননা**—জ্ঞান; অবধারণ; বোধ; পূর্বজ্ঞান; বোধশক্তি; ধারণাশক্তি; অবধারণা।

**পরিজানাতি**—(পরি+ঞা+না) নিশ্চিতভাবে জানা; উপলব্ধি করা; বোঝা যথাযথ বা সঠিকভাবে জানা। *aor* **পরিজানি**। *pp* **পরিঞ্ঞাত**। *prp* **পরিজানন্ত**। *abs* **পরিজানিত্বা; পরিঞ্ঞায**।

**পরিজীণ্ণ**—('পরিজীযতি'র *pp*) ব্যবহারের দ্বারা ক্ষয়প্রাপ্ত বা অব্যবহার্য হয়েছে এমন; ক্লান্ত; বিগত; ক্ষয়প্রাপ্ত; অধঃপতিত।

**পরিঞ্ঞা**—পরিজ্ঞা; সম্যক জ্ঞান; পূর্ণজ্ঞান; অন্তর্দৃষ্টি।

**পরিঞ্ঞাত**--('পরিজানতি'র মধ্যে দেখুন) পরিজ্ঞাত; যার বিষয় সম্যক জানা গিয়েছে এমন।

**পরিঞ্ঞায**—'পরিজানতি'র *abs*।

**পরিঞ্ঞেয্য**—পরিজ্ঞেয়; যা সম্যকভাবে জানা উচিত।

**পরিডয্হতি**—(পরি+দহ+য) দগ্ধ হওয়া; দুঃসহ তাপপীড়িত হওয়া। *aor* **পরিডয্হি**। *pp* **পরিদড্ঢ**। *abs* **পরিডয্হিত্বা**।

**পরিডয্হন**—পরিদহন; দগ্ধ করণ, জ্বলন; দাহ।

**পরিণত**—('পরিণমতি'র *pp*) পক্ব; অবস্থান্তরপ্রাপ্ত।

**পরিণমতি**—(পরি+নম্+অ) অবস্থান্তরপ্রাপ্ত হওয়া; পরিপক্ব হওয়া; বৃদ্ধিপ্রাপ্ত হওয়া। *aor* **পরিণমি**।

**পরিণয**—পরিণয়; বিবাহ।

**পরিণাম**—পরিপক্বতা; অবস্থান্তরপ্রাপ্তি; বিকার; বার্ধক্য; শেষ অবস্থা।

**পরিণামন**--পরিণমন; রূপান্তরিত করণ; পরিণত করণ।

**পরিণামেতি**—(পরি+নম্+এ) রূপান্তরিত করা; পরণিত করা; উপযোগী করা; কারও ব্যবহারের জন্য বদলানো বা পাল্টানো। *aor* **পরিণামেসি**। *pp* **পরিণামিত**। *abs* **পরিণামেত্বা**।

**পরিণাযক**—নায়ক; উপদেষ্টা; নেতা; পথপ্রদর্শক।

**পরিণাযকরতন**—রাজচক্রবর্তীর প্রধান সেনাধ্যক্ষ।

**পরিণাযিকা**—পরিচালিকা; কোনো গ্রন্থের প্রধান স্ত্রী-চরিত্র; অন্তর্দৃষ্টি।

**পরিণাহ**—জিন আটকাবার জন্য ঘোড়ার পেটে যে বেল্ট বাঁধা হয়; পরিধির বা ঘেরের মাপ; একত্রে দৈর্ঘ্য প্রস্থ ও বেধের মাপ, মাত্রা; মাপ; পরিধি।

**পরিতপ্পতি**—(পরি+তপ্+য) পরিতাপ করা; দুঃখ দেওয়া বা পাওয়া; শোক করা; উদ্বিগ্ন হওয়া; দুঃখিত হওয়া। *aor* **পরিতপ্পি**।

**পরিতস্সতি**—(পরি+তস্+য); উত্তেজিত বা উদ্বিগ্ন হওয়া; আকুল আকাঙ্ক্ষী। *aor* **পরিতস্সি**। *pp* **পরিতস্সিত**।

**পরিতস্সনা**—উদ্বেগ; উত্তেজনা; আকুল আকাঙ্ক্ষা।

**পরিতাপ, পরিতাপনা**—পীড়া বা যন্ত্রণাদায়ক; উৎপীড়ন; মনস্তাপ, বিরক্তি; শোক।

**পরিতাপেতি**—(পরি+তপ্+এ) ঈষৎ দগ্ধ করা বা হওয়া; দুঃখতাপপীড়িত করা বা হওয়া; উৎপীড়ন করা; পীড়ন করা; নিদারুণ যন্ত্রণা দেওয়া। *aor* **পরিতাপেসি**। *pp* **পরিতাপিত**। *abs* **পরিতাপেত্বা**।

**পরিতুলেতি**—(পরি+তুল্+এ) ওজন করা; বিবেচনা করা; মূল্যবিচার করা; হিসাব করা। *aor* **পরিতুলেসি**। *pp* **পরিতুলিত**। *abs* **পরিতুলেত্বা**।

**পরিতো**—ঠিক উল্টা দিকে; প্রায়; কাছাকাছি; প্রত্যেক পার্শ্বে; সর্বত্র।

**পরিতোসেতি**—(পরি+তুস্+এ) সন্তুষ্ট করা; তৃপ্ত করা; সুখী করা। *aor* **পরিতোসেসি**। *pp* **পরিতোসিত**। *abs* **পরিতোসেত্বা**।

**পরিত্ত, পরিত্তক**—সরু; সঙ্কীর্ণ; মিহি; সামান্য; তুচ্ছ; ক্ষুদ্র; ছোট; অপরিসর; অল্পসংখ্যক; নগণ্য; অল্পমূল্য; অল্প পরিমাণ; ইতর; হীন; অনুদার।

**পরিত্ত**—১ সামান্য। ২ পরিত্রাণ; প্রতিরক্ষা; রক্ষা-কবচ; তাবিজ। **পরিত্তসুত্ত**—জাদুমুগ্ধ সূত্র; মোহিত সূত্র।

**পরিত্তান**--পরিত্রাণ; প্রতিরক্ষা; প্রত্যাখ্যান; নিরাপত্তা।

**পরিত্তাযক**—পরিত্রায়ক; নিরাপদে; রক্ষাকরণ।

**পরিদহতি**—(পরি+দহ্+অ) পরিধান করা; পোশাক পরানো; একজনকে সাজানো। *aor* **পরিদহি**। *pp* **পরিদহিত**। *abs* **পরিদহিত্বা**।

**পরিদহন**—পরিধান; সাজানো।

**পরিদীপক**--ব্যাখ্যামূলক; কৈফিয়তমূলক; আলোককারী।

**পরিদীপন, পরিদীপনা**—ব্যাখ্যা; কৈফিয়ত; বিশদ

ব্যাখ্যা।

**পরিদীপেতি**—(পরি+দীপ্+এ) বিশদ বর্ণনা করা; ব্যাখ্যা করা; উজ্জ্বল বা দ্যুতিময় করা; আলোকিত করা; সাজানো। *aor* **পরিদীপেসি**। *pp* **পরিদীপিত**। *prp* **পরিদীপেন্তু**। *abs* **পরিদীপেত্বা**।

**পরিদূসেতি**—(পরি+দূস্+এ) সর্বতোভাবে ক্ষতিসাধন করা; সম্পূর্ণভাবে নষ্ট করা। *aor* **পরিদূসেসি**। *pp* **পরিদূসিত**। *abs* **পরিদূসেত্বা**।

**পরিদেৰ, পরিদেৰনা**—শ্রুতিগোচরভাবে বিলাপ বা দুঃখপ্রকাশ; আর্তনাদ; শোক; শোকার্ত চিৎকার।

**পরিদেৰতি**—(পরি+দেৰ+অ) শ্রুতিগোচরভাবে বিলাপ করা বা দুঃখপ্রকাশ করা; আর্তনাদ করা; শোকার্ত চিৎকার করা। *aor* **পরিদেৰি**। *pp* **পরিদেৰিত**। *abs* **পরিদেৰিত্বা**। *prp* **পরিদেৰন্তু, পরিদেৰমান**।

**পরিদেৰিত**—শোক; বিলাপ; আর্তনাদ।

**পরিধংসক**—ধ্বংসকর; ধ্বংসাত্মক; বিনাশক; অধঃপতিত; নীতিভ্রষ্ট; সর্বনাশগ্রস্ত। যে ধ্বংসাত্মকভাবে কথা বলে এমন।

**পরিধৰতি**—(পরি+ধাৰ্+অ) ইতস্তত ছোটাছুটি করা; বিভিন্ন দিকে ছোটা। *aor* **পরিধাৰি**। *pp* **পরিধাৰিত**। *abs* **পরিধৰিত্বা**।

**পরিধোত**—('পরিধোৰতি'র *pp*)।

**পরিধোৰতি**--(পরি+ধোৰ্+অ) সম্পূর্ণ ধৌত করা; সাফ করা; পরিষ্কার করা। *aor* **পরিধোৰি**।

**পরিনিট্ঠান**—সমাপ্তি; সম্পাদন; সংসাধন।

**পরিনিট্ঠাপেতি**—(পরি+নি+ঠা+আপে) সমাপ্ত করা; সংসাধন করা; সম্পূর্ণ করা। *aor* **পরিনিট্ঠাপেসি**। *pp* **পরিনিট্ঠাপিত**। *abs* **পরিনিট্ঠাপেত্বা**।

**পরিনিব্বান**—দেহান্তর গ্রহণ হতে চিরমুক্তি; অরহতের শেষ জীবনের দীর্ঘতম মেয়াদের অবশেষে মৃত্যু। **পরিনিব্বাপন**—সম্পূর্ণ নির্বাপণ; সম্পূর্ণ শান্তি; প্রশান্তি।

**পরিনিব্বাতি**—(পরি+নি+ৰা+অ) পুনর্জন্ম ব্যতীত মৃত্যু হওয়া। *aor* **পরিনিব্বাযি**। *pp* **পরিনিব্বুত**। *abs* **পরিনিব্বাযিত্বা**।

**পরিনিব্বাযী**—যিনি শেষ বিমুক্তি লাভ করেছেন।

**পরিপক্ক**—('পরিপচ্চতি'র *pp*) সুপরিপক্ব; সম্পূর্ণ পরিবর্ধিত।

**পরিপটতি, পরিপততি**—(পরি+পত্+অ) (কর্তব্য কর্মাদিতে) ব্যর্থকাম হওয়া; সর্বনাশ হওয়া; ধ্বংস হওয়া। *aor* **পরিপতি**। *pp* **পরিপতিত**।

**পরিপন্থ**--বিপদ; ঝুঁকি; বাধা; প্রতিবন্ধক। **পরিপন্থিক**—পরিপন্থী; বাধাস্বরূপ; প্রতিদ্বন্দ্বী।

**পরিপাক**—পরিপক্বতা; পূর্ণতা; হজম।

**পরিপাচন**—পরিপাককরণ; পূর্ণতাপ্রাপ্তি; উন্নয়ন।

**পরিপাচেতি**—(পরি+পচ্+এ) পূর্ণতায় আনয়ন করা; পরিপাক করা; উন্নয়ন করা। *aor* **পরিপাচেসি**। *pp* **পরিপাচিত**।

**পরিপাতেতি**—(পরি+পত্+এ) আক্রমণ করা; পাতিত করা; ভূপাতিত করা; বধ করা; মেরে ফেলা; ধ্বংসে পরিণত করা। *aor* **পরিপাতেসি**। *pp* **পরিপাতিত**। *abs* **পরিপাতেত্বা**।

**পরিপালেতি**—(পরি+পাল্+এ) প্রতিরক্ষা করা; পাহারা দেওয়া; সতর্ক থাকা; নজর রাখা। *aor* **পরিপালেসি**। *pp* **পরিপালিত**। *abs* **পরিপালেত্বা**।

**পরিপীলেতি**—(পরি+পিল্+এ) পীড়ন করা। *aor* **পরিপীলেসি**। *pp* **পরিপীলিত**।

**পরিপুচ্ছক**—প্রশ্নকর্তা; তদন্তকারী; জিজ্ঞাসু।

**পরিপুচ্ছতি**—(পরি+পুচ্ছ্+অ) প্রশ্ন করা; জিজ্ঞাসা করা; জেরা করা; অনুসন্ধান করা। *aor* **পরিপুচ্ছি**। *pp* **পরিপুচ্ছিত, পরিপুট্ঠ**। *abs* **পরিপুচ্ছিত্বা**।

**পরিপুচ্ছা**—প্রশ্ন; জিজ্ঞাসা; জেরা।

**পরিপুণ্ণ**—(পরিপূরতি'র *pp*) পরিপূর্ণ; সম্পূর্ণ; সম্যক সিদ্ধ; সম্যক পূর্ণ। **পরিপুণ্ণতা**--সম্পূর্ণতা; পরিপূর্ণতা; পরিতৃপ্তি; সমাপ্তি।

**পরিপূর**—পূর্ণ; সম্পূর্ণ; প্রচুর; সমগ্র; পুরা। **পরিপূরক**—যে পরিপূর্ণ করে এমন; যে তৃপ্ত করে এমন। **পরিপূরকারিতা**--পরিপূর্ণতা। **পরিপূরকারী**—যে পরিপূর্ণ করে; যে তৃপ্ত করে। **পরিপূরণ**—পরিপূর্ণ করণ; সমাধান করণ; সম্পাদন করণ।

**পরিপূরতি**—(পরি+পূর্+অ) পরিপূর্ণ হওয়া; সম্পূর্ণ হওয়া। *aor* **পরিপূরি**। *pp* **পরিপুণ্ণ**। *abs* **পরিপূরিত্বা**।

**পরিপূরেতি**—('পরিপূরতি'র *caus*) পরিপূর্ণ করা; পূর্ণ করা; সম্পূর্ণ করা; তৃপ্ত করা; সমাধা করা। *aor* **পরিপূরেসি**। *pp* **পরিপূরিত**। *prp* **পরিপূরেন্তু**। *abs* **পরিপূরেত্বা, পরিপূরিয**। *ptp* **পরিপূরেতব্ব**।

**পরিপফুট**—পরিস্ফুট; বিকশিত; প্রকাশিত; স্পষ্ট; পরিব্যাপ্ত।

**পরিপ্লব**—অদৃঢ়; টলায়মান; কম্পমান; অস্থির।

**পরিপ্লবতি**—(পরি+প্লব+অ) শিহরি শিহরি ঈষৎ কাঁপা বা নড়া; কম্পিত বা শিহরিত হওয়া; একপাশে

সরে বা ঘুরে যাওয়া; ঠিকরায়ে শূন্যে তোলা; উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো অথবা পরিক্রমণ করা। *aor* **পরিপ্লবি**। *pp* **পরিপ্লবিত**।

**পরিফন্দতি**—(পরি+ফন্দ্+অ) (ভয় শীত দুর্বলতা বাতাস প্রভৃতিতে) কাঁপা বা কাঁপানো; বেগে স্পন্দিত হওয়া; ধড়ফড় করা। *aor* **পরিফন্দি**। *pp* **পরিফন্দিত**।

**পরিবাহির**—বহিঃস্থ; বাহ্যিক; বহিরাগত; নিজস্ব নয় এমন; পরক; বেমানান; বিরোধী; বিদেশি।

**পরিব্বজতি**—(পরি+ব্রজ্+অ) উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো; বিপথগামী বা পথভ্রষ্ট হওয়া অথবা করানো। *aor* **পরিব্বজি**।

**পরিব্বয**—ব্যয়; খরচ; মজুরি; বেতন; পারিশ্রমিক।

**পরিব্বাজক**—পরিব্রাজক; পর্যটক; চতুরাশ্রমী; ভিক্ষু। **পরিব্বাজিকা**—ভিক্ষুণী।

**পরিব্বূল্‌হ**—পরিবেষ্টিত; ঘেরাও করা হয়েছে এমন; ব্যাপ্ত।

**পরিব্‌ভমতি**—(পরি+ভম্+অ) পরিভ্রমণ করা; পর্যটন করা। *aor* **পরিব্‌ভমি**। *pp* **পরিব্‌ভন্ত**। *prp* **পরিব্‌ভমন্ত**। *abs* **পরিব্‌ভমিত্বা**।

**পরিব্‌ভমণ**—পরিভ্রমণ; সর্বতোভ্রমণ; পর্যটন।

**পরিব্‌ভমেতি**—('পরিব্‌ভমতি'র *caus*) পরিভ্রমণ করানো; পর্যটন করানো; ঘুরানো। *aor* **পরিব্‌ভমেসি**। *pp* **পরিব্‌ভমিত**। *abs* **পরিব্‌ভমেত্বা**।

**পরিব্‌ভট্‌ঠ**—পরিভ্রষ্ট; চ্যুত; অধঃপতিত; নষ্ট; দোষযুক্ত।

**পরিভণ্ড**—প্রলিপ্ত; মেঝে-নির্মাণ; প্রলিপ্ত মেঝে-নির্মাণের উপাদান; (বৃত্তাকারে) বেষ্টনকর। **পরিভণ্ডকত**—প্রলিপ্তকৃত।

**পরিভব, পরিভবন**—অবজ্ঞা; ঘৃণা; অপব্যবহার; অন্যায় সুবিধা গ্রহণ; পরাজয়।

**পরিভবতি**—(পরি+ভূ+অ) অবজ্ঞা করা; ঘৃণা করা; অপব্যবহার করা; ঘৃণার চোখে দেখা; গালাগালি দেওয়া; তীব্রভাবে গালাগালি করা। *aor* **পরিভবি**। *pp* **পরিভূত**। *prp* **পরিভবন্ত, পরিভবমান**। *abs* **পরিভবিত্বা**।

**পরিভাবিত**—('পরিভাবেতি'র *pp*) শিক্ষাপ্রাপ্ত; অনুশীলিত; অন্তর্নিহিত অর্থোপলব্ধ; অভ্যস্ত; মিশ্রিত; পরিপূরিত; পুষ্ট; উন্নত।

**পরিভাস, পরিভাসন**—পরিভাষ; পরিভাষণ; নিন্দাপূর্বক তিরস্কার; নিন্দাবাক্য; আলাপ; নিন্দা; ভর্ৎসনা। **পরিভাসক**—যে গালাগালি দেয় বা তীব্রভাবে গালাগালি করে এমন; অপব্যবহারমূলক; গালিগালাজপূর্ণ।

**পরিভাসতি**—(পরি+ভাস্+অ) গালাগালি দেওয়া; তিরস্কার করা; ভর্ৎসনা করা; মানহানি করা; নিন্দা করা; কুৎসা করা। *aor* **পরিভাসি**। *pp* **পরিভাসিত**। *prp* **পরিভাসমান**। *abs* **পরিভাসিত্বা**।

**পরিভিন্ন**—('পরিভিন্দতি'র *pp*) ভগ্ন; বিভক্ত; বিযুক্ত; বিসদৃশ বা মিলহীনভাবে রক্ষিত; বিবদমান অবস্থায় স্থাপিত।

**পরিভুঞ্জতি**—(পরি+ভুজ্+ং-অ) ভোজন করা; ব্যবহার করা; উপভোগ করা। *aor* **পরিভুঞ্জি**। *pp* **পরিভুত্ত**। *prp* **পরিভুঞ্জন্ত, পরিভুঞ্জমান**। *abs* **পরিভুঞ্জিতা, পরিভুত্বা, পরিভুঞ্জিয**। *ptp* **পরিভুঞ্জিতব্ব**।

**পরিভুত্ত**—*pp* (ওপরে দেখুন)।

**পরিভূত**—'পরিভবতি'র *pp*।

**পরিভোগ**—সম্ভোগ; ভোগদখল; খাদ্যগ্রহণ; ভোজন; ভোগ বা উপভোগ করার উপাদান। **পরিভোগ-চেতিয**—বুদ্ধের ব্যবহৃত যে সকল বস্তু অবশেষে পবিত্র বলে পরিগণিত।

**পরিভোজনীয**—ব্যবহারযোগ্য। **পরিভোজনীয় উদক**—ধৌত করার জল মাত্র।

**মরিমজ্জক**—মাজনকারী; ধীরে ধীরে হাত বুলিয়ে দেয় এমন।

**পরিমজ্জতি**—(পরি+মজ্+অ) ধীরে ধীরে হাত বুলিয়ে দেওয়া; মাজা; ঘর্ষণ করা; ঘসে মেজে মসৃণ ও উজ্জ্বল করা; পালিশ করা; মুছে ফেলা; পরিষ্কার করে ফেলা। *aor* **পরিমজ্জি**। *pp* **পরিমজ্জিত, পরিমট্‌ঠ**। *abs* **পরিমজ্জিত্বা**।

**পরিমজ্জন**—মাজন; ঘর্ষণ; মোছন; অঙ্গ সংবাহন।

**পরিমণ্ডল**—গোল; বর্তুলাকৃতি; উত্তম ধ্বনন বা বাদন। **পরিমণ্ডলং**—সম্পূর্ণ গোল।

**পরিমদ্দতি**—(পরি+মদ্+অ) ঘর্ষণ করা; চাপের ফলে ভেঙে ফেলা বা চূর্ণ করা বা লাট করা; অঙ্গ সংবাহন করা। *aor* **পরিমদ্দি**। *pp* **পরিমদ্দিত**। *abs* **পরিমদ্দিত্বা**।

**পরিমদ্দন**—পরিমর্দন; ঘর্ষণ; চাপের ফলে ভাঙন বা চূর্ণন বা লাট করণ; অঙ্গ সংবাহন।

**পরিমাণ**—মাপ; ওজন; ব্যাপ্তি; বিস্তার; সীমা; আয়তন; প্রসার; এলাকা; চৌহদ্দি; বিস্তৃত স্থান।

**পরিমিত**—('পরিমিণাতি'র *pp*) মাপা হয়েছে এমন; যথাযোগ্য পরিমাণযুক্ত; সীমিত; সীমাবদ্ধ।

**পরিমুখং**—সম্মুখে।

**পরিমুচ্চতি**—(পরি+মুচ্+য) মুক্ত হওয়া; নিষ্কৃতি

পাওয়া। *aor* **পরিমুঞ্চি**। *pp* **পরিমুত্ত**। *abs* **পরিমুঞ্চিত্বা**।

**পরিমুচ্চন**—মুক্তি; বন্ধনমুক্তি; নিষ্কৃতি; মোচন; বন্ধনমোচন।

**পরিমুত্ত**—('পরিমুচ্চতি'র *pp*)।

**পরিমুত্তি**—পরিমুক্তি; বন্ধনমুক্তি; মুক্তি; উদ্ধার; রক্ষা।

**পরিমোচেতি**—(পরি+মুচ্+এ) মোচন করা; মুক্তি দেওয়া; উদ্ধার করা; মুক্ত করা। *aor* **পরিমোচেসি**। *pp* **পরিমোচিত**। *abs* **পরিমোচেত্বা**।

**পরিযত্তি**—ধর্মশাস্ত্র। **পরিযত্তিধর**—ধর্মশাস্ত্র কণ্ঠস্থ এরূপ। **পরিযত্তিধম্ম, পরিযত্তিসাসন**—পরিয়ত্তি ধর্ম; পরিয়ত্তি শাসন; পবিত্র মূল-পাঠ-সম্বলিত পুঁথির সারসংগ্রহ বা সংহিতা বা নিয়মাবলি বা নীতি আচার আচরণ চারুকলা প্রভৃতি সম্পর্কে প্রচলিত রীতি বা মান; সংকেত-নিয়ম।

**পরিযন্ত**—পর্যন্ত; প্রান্ত; সীমা; চরম পরিণতি; কিনারা; সীমান্ত। **পরিযন্তকত**—সীমাবদ্ধ; নিয়ন্ত্রিত; সীমিত। **পরিযান্তিক**—শেষসীমা প্রাপ্ত; অবধি।

**পরিযাতি**—(পরি+যা+অ) (বিনা কারণে) দেখা করতে যাওয়া; সোজা ছেড়ে ঘুরপথে যাওয়া; প্রত্যেককে কিছু কিছু বেঁটে দিবার পক্ষে (পরিমাণে বা সংখ্যায়) পর্যাপ্ত হওয়া।

**পরিযাদাতি**—(পরি+আ+দা+অ) সম্পূর্ণ ব্যবহার করে ফুরানো; নিঃশেষ করে ফেলা; অপরিমিত মাত্রায় শুষে নেওয়া। *pp* **পরিযাদিন্ন**। *abs* **পরিযাদায**।

**পরিযাদিযতি**—('পরিযাদাতি'র Pass) প্রবলতর শক্তি দ্বারা পরাভূত করা বা অভিভূত করা; দমন করা; নিঃশেষিত হওয়া; পরিশ্রান্ত হওয়া। *aor* **পরিযাদিযি**। *pp* **পরিযাদিন্ন**। *abs* **পরিযাদিযিত্বা**।

**পরিযাপন্ন**—অন্তর্ভুক্ত; অঙ্গীভূত; অংশস্বরূপ; সংশ্লিষ্ট; আবিষ্ট।

**পরিযাপুত**—('পরিযাপুণাতি'র *pp*) পরিচালিত; আয়ত্ত; বিজিত; অর্জিত।

**পরিযাপুনন**—জ্ঞান; জ্ঞানার্জন।

**পরিযাপুণাতি**—(পরি+আ+পু+ণা) পুঙ্খানুপুঙ্খরূপে শিক্ষা করা; আয়ত্তে আনা। *aor* **পরিযাপুণি**। *pp* **পরিযাপুত**। *abs* **পরিযাপুণিত্বা**।

**পরিযায**—পর্যায়; অনুক্রম; গতিপথ; প্রকার; পরম্পরা; অলঙ্কারপূর্ণ বা অলঙ্কারবহুল ভাষা; গালভরা; প্রতিশব্দ; সমার্থ শব্দ; পালা। **পরিযায কথা**—ঠিক উল্টাদিকে কথা; প্রায় কাছাকাছি কথা।

**পরিযাহত**—('পরিযাহনতি'র *pp*)।

**পরিযাহনতি**—(পরি+আ+হন্+অ) আঘাত করা; ধাক্কা খাওয়ানো; আঘাত হানা; ধাক্কা দেওয়া। *aor* **পরিযাহনি**। ger **পরিযাহনন**।

**পরিযুট্‌ঠাতি**—(পরি+উ+ঠা+অ) পর্যুত্থান করা; ওঠা; (কিছুকে) পরিব্যাপ্ত করা। *aor* **পরিযুট্‌ঠাসি**। *pp* **পরিযুট্‌ঠিত**।

**পরিযুট্‌ঠান**—পর্যুত্থান; বিস্ফোরণ; পক্ষপাত প্রবণতা বা ঝোঁক।

**পরিযেট্‌ঠি**—অনুসন্ধান; গভীর পরীক্ষা; তদন্ত; তন্নতন্নকরণ।

**পরিযেসতি**—(পরি+এস্+অ) খোঁজা; সন্ধান করা; তল্লাস করা; পাবার চেষ্টা করা; তদন্ত করা। *aor* **পরিযেসি**। *pp* **পরিযেসিত**। *pp* **পরিযেসন্ত, পরিযেসমান**। *abs* **পরিযেসিত্বা**।

**পরিযেসনা**—অনুসন্ধান; অভীষ্ট লক্ষ্য; নির্দিষ্ট উদ্দেশ্যে দুঃসাহসিক অভিযান বা আবিষ্কারযাত্রা।

**পরিযোগ**—তরকারি রাখার পাত্র।

**পরিযোগাল্‌হ**—('পরিযোগাহতি'র *pp*)।

**পরিযোগাহতি**—(পরি+অব+গাহ্+অ) ডুব দেওয়া; গভীরতা নির্ণয় করা; অনুধাবন করা; বিদ্ধ করা; ভেদ করা; পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা। *aor* **পরিযোগাহি**। *abs* **পরিযোগাহিত্বা**।

**পরিযোগাহন**—ঝাঁপ দেওয়া; বিদ্ধকরণ; ভেদন।

**পরিযোদপনা**—পবিত্রকরণ; বিশুদ্ধকরণ।

**পরিযোদপেতি**—(পরি+অব+দা+আপে) বিশোধন করা; পবিত্র করা; বিশুদ্ধ করা। *aor* **পরিযোদপেসি**। *pp* **পরিযোদপিত**।

**পরিযোদাত**—অত্যন্ত পরিষ্কৃত; পবিত্র; বিশুদ্ধ।

**পরিযোনদ্ধ**—('পরিযোনন্ধতি'র *pp*)।

**পরিযোনন্ধতি**—(পরি+অব+নহ্+ং-অ) বেঁধে ফেলা। লুকিয়ে ফেলা; ঢেকে ফেলা। *aor* **পরিযোনন্ধি**।

**পরিযোনহন, পরিযোনাহ**—ঢাকন; লুকানো।

**পরিযোসান**—পর্যাবসান; সমাপ্তি; উপসংহার; নিশ্চয়; অন্ত।

**পরিযোসাপেতি**—(পরি+অব+সা+আপে) সমাপ্তি ঘটান; শেষ করা; উপসংহার করা। *aor* **পরিযোসাপেসি**। *pp* **পরিযোসাপিত**। *abs* **পরিযোসাপেত্বা**।

**পরিযোসিত**—সমাপ্ত; সিদ্ধান্ত; সন্তুষ্ট; পরিণত।

**পরিরক্‌খতি**—(পরি+রক্‌খ+অ) 'রক্‌খতি' দেখুন।

**পরিরক্‌খন**—পাহারা; প্রতিরক্ষা।

**পরিরচ্ছ**—প্রস্তুতি; পূর্ণ সাজসজ্জা।

**পরিবজ্জন**—পরিবর্জন; ত্যাগ।

**পরিবজ্জেতি**—(পরি+ৰজ্+এ) বর্জন করা; পরিহার করা; এড়িয়ে চলা; ত্যাগ করা। *aor* **পরিবজ্জেসি**। *pp* **পরিবজ্জিত**। *prp* **পরিবজ্জেন্ত**। *abs* **পরিবজ্জেত্বা**।

**পরিবট্ট**—বৃত্ত।

**পরিবত্ত**--('পরিবত্ততি'র *pp*); পরিবর্তিত; আবর্তিত।

**পরিবত্তক**—বদলকারী; পরিবর্তনকারী; আবর্তন–কারী; যে আবর্তিত বা স্থানান্তরিত করে এমন।

**পরিবত্ততি**—(পরি+ৰত্+অ) বদল করা; পরিবর্তন করা; আবর্তন করা। *aor* **পরিবত্তি**। *abs* **পরিবত্তিত্বা**। *prp* **পরিবত্তমান**।

**পরিবত্তন**—পাশ ফেরা; অপ্রবর্তন; বদলন; পরিবর্তন; আবর্তন।

**পরিবত্তেতি**—('পরিবত্ততি'র *caus*) বদল করানো; পরিবর্তন করানো; আবর্তন করানো; পাশ ফেরানো; বদলান। *aor* **পরবত্তেসি**। *pp* **পরবত্তিত**। *abs* **পরবত্তেত্বা, পরবত্তিয**। *prp* **পরবত্তেন্ত**।

**পরিবসতি**—(পরি+বস্+অ) প্রমাণাধীন বা পরীক্ষাধীন বা শিক্ষানবিসরূপে বাস করা। *aor* **পরিবসি**। *pp* **পরিবুত্থ**।

**পরিবার**—(বড় লোকের) অনুচরবৃন্দ বা লোকলস্কর; দল; বর্গ; পরিজন; শোভাযাত্রা। **পরিবারক**—সংসর্গী; সহযাত্রী।

**পরিবারণ**—পরিবেষ্টন কর্ম; পরিবেষ্টনকারীর কাজ; পরিবেষ্টন করণ।

**পরিবারেতি**—(পরি+ৰর+এ) চতুর্দিক পরিবেষ্টন করে যাওয়া; চতুর্দিক ব্যাপ্ত হওয়া; অনুসরণ করা; অনুগমন করা। *aor* **পরিবারেসি**। *pp* **পরিবারিত**। *abs* **পরিবারেত্বা**।

**পরিবাসিত**--('পরিবাসেতি'র *pp*) সুরভিত; সুবাসিত; সুগন্ধযুক্ত।

**পরিবিতক্ক**—পরিবর্তন; প্রতিফলন; প্রতিবিম্ব; ঠিকঠিকভাবে পুনঃপ্রকাশ বিবেচনা।

**পরিবিতক্কেতি**—(পরি+ৰি+তক্+এ) প্রতিফলিত করা; প্রতিবিম্বিত করা; ঠিকঠিকভাবে পুনরায় প্রকাশ করা; বিবেচনা করা। *aor* **পরিবিতক্কেসি**। *pp* **পরিবিতক্কিত**। *abs* **পরিবিতক্কেত্বা**।

**পরিবিমংসতি**—(পরি+ৰিস্+মস্+ং–অ) ভেবে দেখা; পুঙ্খানুপুঙ্খভাবে বিবেচনা করা। *aor* **পরিবিমংসি**।

**পরিবিসতি**—(পরি+ৰিস্+অ) খাদ্য পরিবেশন করা; খাদ্যগ্রহণের সময় সঙ্গে সঙ্গে থেকে পরিচর্যা করা। *aor* **পরিবিসি**। *abs* **পরিবিসিত্বা**।

**পরিবুত**—('পরিবাবেতি'র *pp*) পরিবৃত; পরিবেষ্টিত; পরিব্যাপ্ত।

**পরিবেণ**—ভিক্ষুগণের পৃথক আবাস। (এখন ধর্মীয় শিক্ষার স্থান বুঝায়) ভিক্ষুদের অবস্থানের জন্য ছোট কুঠরি (cell)।

**পরিবেসক**—পরিবেশক; পরিবেশনকারী; যে খাদ্য পরিবেশন করে। **পরিবেসনা**—পরিবেশন; খাওয়ান; খাদ্যবস্তুর বিভাগ করে অর্পণ।

**পরিসক্কতি**—(পরি+সক্+অ) যথাসাধ্য চেষ্টা করা; প্রবলভাবে চেষ্টা করা। *aor* **পরিসক্কি**। *pp* **পরিসক্কিত**। ger **পরিসক্কন**।

**পরিসগত**—দলে বা সঙ্ঘে প্রবেশ করত।

**পরিসঙ্কতি**—(পরি+সক্+ং–অ) আশঙ্কা করা; সন্দেহ করা; সংকোচ করা; ভাবী অনিষ্টের সম্ভাবনা চিন্তা করা। *aor* **পরিসঙ্কি**। *pp* **পরিসঙ্কিত**। *abs* **পরিসঙ্কিত্বা**।

**পরিসঙ্কা**—সন্দেহ।

**পরিসদূসক**—পরিষদ–দূষক; পরিষদের কলঙ্কস্বরূপ ব্যক্তি।

**পরিসপ্পতি**—(পরি+সপ্+অ) বুকে ভর দিয়ে চলা; হামাগুড়ি দেওয়া; গুটিসুটি মেরে চলা। *aor* **পরিসপ্পি**। *pp* **পরিসপ্পিত**।

**পরিসপ্পনা**—বুকে ভর দিয়ে চলন; হামাগুড়ি; গুটিসুটি মেরে চলন; হীনতা স্বীকার; কম্পন; কম্প; সন্দেহ; দ্বিধা।

**পরিসমন্ততো**—সকল দিক হতে; চতুর্দিক হতে; চতুর্দিকস্থ।

**পরিসহতি**—(পরি+সহ্+অ) অভিভূত করা; কর্তৃত্ব করা; পরিচালনা করা। *aor* **পরিসহি**।

**পরিসা**—দল; সঙ্ঘ; পরিষদ; সমিতি। **পরিসাবচর**—যে সম্প্রদায় বা সমাজ বা সঙ্ঘ বা সমিতির দিকে চলে এমন। সমষ্টি বুঝানোর ক্ষেত্রে শেষ স্বরবর্ণ হ্রস্ব হয়, যথা : **পরিসপরিযন্ত, পরিসমজ্ঝ**।

**পরিসিঞ্চতি**—(পরি+সিচ্+ং–অ) সর্বত্র সিঞ্চন করা বা সেচন করা বা ছিটিয়ে দেওয়া। *aor* **পরিসিঞ্চি**। *pp* **পরিসিঞ্চিত**। *abs* **পরিসিঞ্চিত্বা**।

**পরিসুজ্ঝতি**—(পরি+সুধ্+য) পরিশুদ্ধ হওয়া; বিশুদ্ধ হওয়া। *aor* **পরিসুজ্ঝি**। *prp* **পরিসুজ্ঝন্ত**। *abs* **পরিসুজ্ঝিত্বা**।

**পরিসুদ্ধ**—('পরিসুজ্ঝতির *pp*) পরিশুদ্ধ; বিশুদ্ধ; পবিত্র; নিখুঁত।

**পরিসুদ্ধি**--পরিশুদ্ধি; বিশুদ্ধি; পবিত্রতা।

**পরিসুস্সতি**—(পরি+সুস্+য) পরিশুষ্ক করা; শুকান; ক্রমশ ক্ষীণ বা অবনমিত করা; শুকিয়ে যাওয়া; জীর্ণ হওয়া। *aor* **পরিসুস্সি**। *pp* **পরিসুক্খ**। *abs* **পরিসুস্সিত্বা**।

**পরিসুস্সন**—পরিশুষ্কণ; সম্পূর্ণরূপে শুষ্ককরণ; বিবর্ণ হওন।

**পরিসেদিত**—('পরিসেদেতি'র *pp*) বাষ্পের দ্বারা তপ্ত; ডিম ফুটিয়ে জন্মানো বা ডিম ফুটে জন্মলব্ধ।

**পরিসেদেতি**—(পরি+সিদ্+এ) ডিম ফুটিয়ে (শাবক) জন্মানো বা ডিম ফুটে জন্মলাভ করা; বাষ্পের সাহায্যে তাপ দেওয়া।

**পরিসোধন**—পরিশোধন; শোধন; পবিত্র বা নির্মল করণ; ভুল দূরীকরণ।

**পরিসোধেতি**—(পরি+সুধ্+এ) পরিশুদ্ধ করা; শোধন করা; পবিত্র বা নির্মল করা; ভুল দূর করা। *aor* **পরিসোধেসি**। *pp* **পরিসোধিত**। *abs* **পরিসোধেত্বা**, **পরিসোধিয**।

**পরিসোসেতি**—(পরি+সুস্+এ) শোষা; রস জল প্রভৃতি তরল পদার্থ আকর্ষণ করা; চোষা; শুষ্ক করা। *aor* **পরিসোসেসি**। *pp* **পরিসোসিত**।

**পরিস্সজতি**—(পরি+সজ্+অ) আলিঙ্গন করা; অন্তর্ভুক্ত করা। *aor* **পরিস্সজি**। *pp* **পরিস্সজিত**। *prp* **পরিস্সজন্ত**। *abs* **পরিস্সজিত্বা**।

**পরিস্সজন**—আলিঙ্গন।

**পরিস্সন্ত**—পরিশ্রান্ত; শ্রান্তিযুক্ত; ক্লান্ত।

**পরিস্সম**—পরিশ্রম; শক্তি প্রয়োগ; কঠোর প্রচেষ্টা; মেহনত, মানসিক বা শারীরিক শ্রান্তি; অবসাদ; নিদারুণ শ্রান্তি।

**পরিস্সয**—বিপদ; ঝুঁকি; সম্ভাব্য বিপদ; অশান্তি; দুঃখদুর্দশা।

**পরিস্সাবন**—পরিস্রাবণ; ঝাঁঝরি–হাতা; ছাঁকনি; জল বা তরল পদার্থ পরিস্রুত করণ; পরিস্রুত করার যন্ত্র।

**পরিস্সাবেতি**—(পরি+সব্+এ) পরিস্রাবিত করা; ছাঁকা। *aor* **পরিস্সেসি**। *pp* **পরিস্সাবিত**। *abs* **পরিস্সাবেত্বা**।

**পরিহরণ, পরিহরণা**—(কার্যাদি) চালিয়ে যাওয়া; করতে থাকা; কর্মাদিতে বহাল রাখা; প্রতিরক্ষা; মনোযোগ।

**পরিহরতি**—(পরি+হর্+অ) (স্বীয় শক্তি বা তেজ) বজায় রাখা; ধরে বা ঠেকায়ে রাখা; পড়তে না দেওয়া; রক্ষা করা; চালিয়ে যাওয়া; পরিহার করা। *aor* **পরিহরি**। *pp* **পরিহরিত; পরিহত**। *abs* **পরিহরিত্বা**। *ptp* **পরিহরিতব্ব**।

**পরিহসতি**—(পরি+হস্+অ) পরিহাস করা; হাস্য করা; বিদ্রূপ করা; উপহাস করা; ঠাট্টা করা। *aor* **পরিহসি**। *abs* **পরিহসিত্বা**।

**পরিহানি**—ক্ষতি; হানি; হ্রাস; ক্ষয়; অপচয়; সর্বনাশ; ধ্বংস। **পরিহানিয**--ক্ষতিকারক; হানিকর; ক্ষতিকর; ধ্বংসাত্মক।

**পরিহাপেতি**—(পরি+হা+আপে) হ্রাস পাওয়ানো; ক্রমে ক্রমে অপচিত হওয়ানো; ক্ষীণ বা অধঃপতিত হওয়ানো; ধ্বংস আনয়ন করা; বাদ দেওয়া। *aor* **পরিহাপেসি**। *pp* **পরিহাপিত**। *abs* **পরিহাপেত্বা**।

**পরিহাযতি**—(পরি+হা+য) হ্রাস পাওয়া; ক্রমে ক্রমে অপচিত হওয়া; অধঃপতিত হওয়া; ক্ষয় করা; নষ্ট করা; ধীরে ধীরে হ্রাস পাওয়া। *aor* **পরিহাযি**। *pp* **পরিহীন**। *prp* **পরিহাযমান**। *abs* **পরিহাযিত্বা**।

**পরিহার**—যত্ন; মনোযোগ; প্রতিরক্ষা; পরিত্যাগ; মনের বা চরিত্রের উচ্চতা; মর্যাদা; উৎকর্ষ; দূরে সরে থাকা বা রাখা। **পরিহারক**—পরিহারকারী; পরিত্যাগকারী; প্রতিরক্ষাকারী; পাহারাদাতা; প্রহরী। **পরিহারপথ**—বৃত্তাকার পথ; গোলাকার রাস্তা। **পরিহারিক**—উর্ধ্বে ধারণকারী; শক্তিদাতা; টিকে থাকার সামর্থদানকারী।

**পরিহাস**—ঠাট্টা; তামাসা।

**পরিহীন**—('পরিহাযতি'র *pp*) ধীরে ধীরে হ্রাসপ্রাপ্ত; ক্ষীণ; কৃশ; চরম অভাবগ্রস্ত; নিঃস্ব; অতিশয় কৃশ।

**পরূপক্কম**—শত্রুর আক্রমণ।

**পরূপঘাত**—পরের অন্যায়সাধন।

**পরূপবাদ**—অপরের নিন্দা; অপরের অখ্যাতি বা কলঙ্ক বা মানহানি।

**পরূল্হ**—('পরুহতি'র *pp*) দীর্ঘজাত। **পরূল্হকেস**—দীর্ঘ লোমজাত।

**পরেত**—যন্ত্রণাপ্রাপ্ত; উৎপীড়িত; দুর্দশাগ্রস্ত; পরাস্ত; আকৃষ্ট; মুগ্ধ।

**পরো**—তদ্ব্যতীত; ছাড়া; বাদে; অধিকন্তু; উপরদিক বরাবর; আরও। **পরোবর; পবোবরিয**—উচ্চ–নীচ। **পরোসত**—শতাধিক। **পরোসহস্স**—সহস্রাধিক।

**পরোক্খ**—পরোক্ষ; চোখের নাগালের বাইরে; দৃষ্টি-বহির্ভূত; অসাক্ষাৎ; অপ্রত্যক্ষ। **পরোক্খে**—অসাক্ষাতে; অনুপস্থিতিতে; কারও পশ্চাৎ দিকে।

**পরোদতি**—(প+রুদ্‌+অ) রোদন করা; ক্রন্দন করা; বিলাপ করা; দুঃখপ্রকাশ করা। *aor* **পরোদি**। *abs* **পরোদিত্বা**।

**পল**—এক প্রকার ওজন পরিমাণ (প্রায় ৪ আউন্স)।

**পলগণ্ড**—রাজমিস্ত্রি; স্থপতি।

**পলণ্ডু, পলণ্ডুক**—পলাণ্ডু; পেঁয়াজ।

**পলপতি**—(প+লপ্‌+অ) প্রলাপ; অনর্থক বাক্য বলা। *aor* **পলপি**। *pp* **পলপিত**। *abs* **পলপিত্বা**।

**পলপন, পলপিত**—অপ্রয়োজনীয় বাক্যালাপ।

**পলাত**—('পলাযতি'র *pp*) পলাতক।

**পলাপ**—(শস্যের) তুষ বা ভুসি; অনর্থক বকবকানি; বোকামি; অর্থহীন কিছু; অসার; প্রলাপ।

**পলাপী**—প্রলাপী; যে অনর্থ বকবক করে এমন।

**পলাপেতি**—('পলাযতি'র *caus*) পলায়ন করানো। *aor* **পলাযি**। *pp* **পলাত**। *prp* **পলাযন্ত**। *abs* **পলাযিত্বা**।

**পলাযন**—পলায়ন; তীরবেগে ধাবন। **পলাযনক**—পলাতক; ধাবনকারী।

**পলাযী**—পলাতক; তীরবেগে ধাবনরত।

**পলাল**—খড়; শুষ্ক খড়কুটা। **পলালপুঞ্জ**—খড়ের স্তূপ।

**পলাস**—পলাশ; পত্র বা পাপড়ি; পর্ণরাজি; (পরের) অশুভকামনা; বা অপকারের ইচ্ছা; বিদ্বেষ; আক্রোশ; ঘৃণা। **পলাস-সাদ**—বৃক্ষপত্রসমূহ বা পর্ণরাজি খাওয়ানো; গণ্ডার।

**পলাসী**—বিদ্বেষপরায়ণ; (পরের) অশুভকামী বা অপকারী।

**পলিত**—পূর্ণবর্ধিত; পূর্ণাঙ্গ; শুভ্রকেশ বা শুক্লকেশ; বৃদ্ধ।

**পলিপ**—জলা; বিল; অনূপ।

**পলিপথ**—বিপদজনক পথ; কঠিন রাস্তা।

**পলিপন্ন**—পতিত; নিমজ্জিত।

**পলুগ্গ**—('পলুজ্জতি'র *pp*)।

**পলুজ্জতি**—(প+লুজ্‌+য) (কর্মাদিতে) ব্যর্থকাম হওয়া; টুকরা-টুকরা বা চূর্ণবিচূর্ণ করা বা হওয়া; দ্রবীভূত হওয়া; গলে যাওয়া। *aor* **পলুজ্জি**। *prp* **পলুজ্জমান**। *abs* **পলুজ্জিত্বা**।

**পলুজ্জন**—চূর্ণবিচূর্ণ করণ; খণ্ডবিখণ্ড করণ।

**পলুদ্ধ**—('পলব্ভতি'র *pp*) প্রলুব্ধ; অতিশয় লোভযুক্ত; অত্যন্ত আসক্ত; বিপথে চালিত।

**পলেতি**—'পলাযতি' দেখুন।

**পলোভন**—প্রলোভন; লোভ দেখানো; লোভপ্রদর্শক; লোভজনক বস্তু বা বিষয়।

**পলোভেতি**—(প+লুভ্‌+এ) বিপথে চালিত করা; ভ্রষ্ট করা; প্রলুব্ধ করা; ভুলায়ে লওয়া। *aor* **পলোভেসি**। *pp* **পলোভিত**। *abs* **পলোভেত্বা**।

**পল্লঙ্ক**—পালঙ্ক; খাট; হেলানওয়ালা ও দুইপাশে হাতলওয়ালা গদি-আঁটা চেয়ার বিশেষ; (গদি-আঁটা) এক প্রকার বিছানা বা আসন; কৌচ; আড়াআড়ি পদবিশিষ্ট আসন।

**পল্লখিকা**—বসার ব্যবস্থা আছে এমন পালকি বা ডুলি।

**পল্লল**—ক্ষুদ্র হ্রদ।

**পল্লব**—কচি পাতা; কুঁড়ি; কচি বৃক্ষশাখা; পার্শ্বমঞ্জরি; উপমঞ্জরি; একটি রাজ্যের নাম।

**পৱক্খতি**—('পৱদতি'র ভবিষ্যৎ) সে বলবে।

**পৱড়্‌ঢ, পৱদ্ধ**—প্রবৃদ্ধ; অতি প্রাচীন; অতি বৃদ্ধ; শক্ত।

**পৱড়্‌ঢতি**—(প+ৱড়্‌ঢ+অ) জন্মানো; বৃদ্ধিপ্রাপ্ত হওয়া; বর্ধিত হওয়া। *aor* **পৱড়্‌ঢি**। *pp* **পৱড়্‌ঢিত**। *abs* **পৱড়্‌ঢিত্বা**।

**পৱড়্‌ঢন**—প্রবর্ধন; বৃদ্ধি পাওয়া; বাড়ানো; বৃদ্ধি।

**পৱত্ত**—প্রবর্তন; চলমান; নূতন সংস্থাপন বা প্রতিষ্ঠা; প্রবৃত্তি দান; জন্মচক্র।

**পৱত্ততি**—(প+ৱত্‌+অ) স্থানান্তরে যাওয়া; সরে যাওয়া; অগ্রসর হওয়া; চলতে থাকা; আরম্ভ বা পুনরাম্ভ করা; অস্তিমান বা বিদ্যমান থাকা; হওয়া। *aor* **পৱত্তি**। *pp* **পৱত্তিত**। *abs* **পৱত্তিত্বা**।

**পৱত্তন**—প্রবর্তন; অস্তিত্ব; সম্পাদন; পালন; অগ্রসরণ।

**পৱত্থাপন**—টিকিয়ে রাখা; সংরক্ষণ; নিরাপদে রক্ষণ।

**পৱত্তি**—ঘটনা; আক্রমণাত্মক ঘটনা; খবর।

**পৱত্তেতি**—(প+ৱত্‌+এ) নিরত রাখা; ব্যাপৃত রাখা; চালিয়ে যাওয়া; করতে থাকা; কর্মাদিতে বহাল রাখা; নিয়ন্ত্রিত করা; আচরণ করা। *aor* **পৱত্তেসি**। *pp* **পৱত্তিত**। *prp* **পৱত্তেন্ত**। *abs* **পৱত্তেত্বা**। *inf* **পৱত্তেতুং**।

**পৱত্তেতু**—যে ব্যাপৃত রাখে বা চালিয়ে যায় বা করতে থাকে এমন।

**পৱন**—বাতাস; বায়ু; বড় বন বা জঙ্গল।

**পৱর**—প্রবর; উচ্চপদস্থ বা উচ্চ খেতাবধারী; উচ্চবংশজাত; অভিজাত; মহান চরিত্র; উন্নত চরিত্র; সদাশয়; উদার; পরমোৎকৃষ্ট।

**পৱসতি**—(প+ৱস্‌+অ) বিদেশে বসবাস করা; বাড়ি থেকে দূরে অবস্থান করা; প্রবাসে থাকা। *aor* **পৱসি**। *pp* **পবুত্থ**। *abs* **পৱসিত্বা**।

**পৱস্‌সতি**—(প+ৱস্‌স+অ) বৃষ্টিপতন; বৃষ্টিপাত

হওয়া। *aor* **পৱস্সি**। *pp* **পৱুট্‌ঠ**।

**পৱস্‌সন**—প্রবর্ষণ; বর্ষণ; বৃষ্টিপাত।

**পৱাত**—প্রবাত; বাতাসপূর্ণ স্থান।

**পৱাতি**—(প+বা+অ) সৌরভ বা গন্ধ ছড়িয়ে বা ছিটিয়ে দেওয়া বা বিকীর্ণ করা বা পরিব্যাপ্ত করা; বরাবর প্রবাহিত হওয়া।

**পৱাযতি**—(প+ৱা+য) বরাবর প্রবাহিত হওয়া; ছড়িয়ে দেওয়া; ছিটিয়ে দেওয়া; বিকীর্ণ করা; পরিব্যাপ্ত করা। *aor* **পৱাযি**। *pp* **পৱাযিত**। *abs* **পৱাযিত্বা**।

**পৱারণা**—আমন্ত্রণ; নিমন্ত্রণ; আকর্ষণ; আহ্বান; অভিনন্দন; বর্ষাঋতু শেষে অনুষ্ঠান বিশেষ; প্রবারণা।

**পৱারিত**—('পৱাবেতি'র *pp*) আমন্ত্রিত; নিমন্ত্রিত; আহূত; অভিনন্দিত; প্রবারণা অনুষ্ঠান সম্পন্ন করেছেন এমন।

**পৱারেতি**—(প+ৱর+এ) আমন্ত্রণ করা; নিমন্ত্রণ করা; আহ্বান করা; অভিনন্দন করা; সন্তুষ্ট করা; ভারার্পণ করা; প্রবারণা অনুষ্ঠান সম্পন্ন করা। *aor* **পৱারেসি**। *abs* **পৱারেত্বা**।

**পৱাস**—প্রবাস; কিছুকালের জন্য বিদেশে বাস।

**পৱাসী**—প্রবাসী; কিছুকালের জন্য বিদেশে বসবাসকারী; বিদেশবাসী।

**পৱাহ**—প্রবাহ; ক্রমাগত চলন; অবিচ্ছেদ; স্রোত।

**পবাহক**—প্রবাহক; অবিচ্ছেদে কার্যকারক।

**পৱাহেতি**—(প+ৱহ্+এ) প্রবাহিত করা; প্রবাহিত করানো; অপসারিত করা। *aor* **পৱাহেসি**। *pp* **পৱাহিত**। *abs* **পৱাহেত্বা**।

**পৱাল**—প্রবাল; নূতন পল্লব; বিদ্রুম; পলা; বীণদণ্ড; অঙ্কুর।

**পৱালহ**—('পৱাহেতি'র *pp*) নিক্ষিপ্ত; বিতাড়িত; প্রত্যাখ্যাত।

**পৱিজ্ঝতি**—(প+ৱিধ্+য) বরাবর নিক্ষেপ করা; ছোড়া। *aor* **পৱিজ্ঝি**। *pp* **পৱিদ্ধ**। *abs* **পৱিজ্ঝিত্বা**।

**পৱিট্‌ঠ**—('পৱিসতি' *pp*) প্রবিষ্ট; অন্তর্নিবিষ্ট; ভিতরে গত।

**পৱিৱিত্ত**—প্রবিবিক্ত; একাকী; অসম্পৃক্ত; নির্জন।

**পৱিৱেক**—প্রবিবেক; স্বাতন্ত্র্য; নিঃসঙ্গতা; নির্জনতা; অবসর গ্রহণ।

**পৱিসতি**—(প+ৱিস্+অ) প্রবেশ করা; ভিতরে গমন করা; ঢুকা। *aor* **পবিসি**। *prp* **পবিসন্ত**। *abs* **পবিসিত্বা**। *inf* **পবিসিতুং**।

**পৱীণ**—প্রবীণ; বিজ্ঞ; বহুদর্শী; নিপুণ; বৃদ্ধ।

**পৱুচ্চতি**—(প+ৱুচ্+য) কথিত হওয়া; উক্ত হওয়া; ব্যক্ত হওয়া; প্রকাশিত হওয়া। *pp* **পৱুত্ত**।

**পৱুত্থ**—('পৱসতি'র *pp*)।

**পৱেণী**—প্রবেণী; পুরুষানুক্রমিকভাবে মৌখিক হস্তান্তরিত কাহিনী, বিশ্বাস বা প্রথা; পুরুষানুক্রমিক ঐতিহ্য; পারম্পর্য; বংশ; কুল; বংশধর; চুলের বিনুনি।

**পৱেদন**—প্রবেদন; প্রতিবেদন; বিবরণী; ঘোষণা।

**পৱেদিযমান**—অগ্রসরণ; স্থানান্তরে গমন; নিজের পথ করে নেওয়া; ঘোষণারত।

**পৱেদেতি**—(প+ৱিদ্+এ) ঘোষণা করা; জ্ঞাত করা। *aor* **পৱেদেসি**। *pp* **পৱেদিত**। *abs* **পৱেদেত্বা**। *prp* **পৱেদেন্ত**।

**পৱেধতি**—(প+ৱেধ্+অ) (ভয় শীত, দুর্বলতা বাতাস প্রভৃতিতে) কাঁপা; উত্তেজিত হওয়া; বিক্ষুব্ধ হওয়া। *aor* **পৱেধি**। *pp* **পৱেধিত**। *abs* **পৱেধিত্বা**। *prp* **পৱেধমান**।

**পৱেস, পৱেসন**—প্রবেশকরণ; প্রবেশ; প্রবেশপথ।

**পবেসক**—প্রবেশক; প্রবেশ করায় এমন।

**পৱেসেতি**—(প+ৱিস্+এ) প্রবেশ করানো; উপস্থাপিত করা; বিধিমতে বিদিত করানো; প্রবর্তন করা; পথ দেখিয়ে আনা; অগ্রদূত হওয়া। *aor* **পৱেসেসি**। *pp* **পৱেসিত**। *abs* **পৱেসেত্বা**। *prp* **পৱেসেন্ত**। *inf* **পৱেসেতুং**।

**পৱেসেতু**—সহকারী; অগ্রদূত; দ্বাররক্ষ; প্রবেশ করতে দেয় এমন।

**পসংসক**—প্রশংসক; প্রশংসাকারী; যে প্রশংসা করে; যে তোশামোদ করে।

**পসংসতি**—(প+সংস্+অ) প্রশংসা করা; যোগ্য হলে সুপারিশ করা। *aor* **পসংসি**। *pp* **পসংসিত, পসত্থ**। *prp* **পসংসন্ত**। *ptp* **পসংসিতব্ব; পসংসিয**। *abs* **পসংসিত্বা**। *inf* **পসংসিতুং**।

**পসংসন, পসংসা**—প্রশংসা; স্তুতি; স্তব; গুণকীর্তন; ধন্যবাদ; প্রশংসন।

**পসঙ্গ**—প্রসঙ্গ; আনতি; অনুরাগ; আনুকূল্য; সম্পর্ক; সম্বন্ধ; ঘটনা; ফল; পরিণাম; সঙ্গতি।

**পসট**—('পসরতি'র *pp*) প্রসারিত; বিস্তৃত; ছড়ানো।

**পসত**—মুষ্টি; মুঠো; এক পোয়া।

**পসত্থ, পসট্‌ঠ**—('পসংসতি'র *pp*) প্রশংসিত; প্রশংসাপ্রাপ্ত; সুপারিশপ্রাপ্ত।

**পসদ**—এক জাতীয় মৃগ।

**পসন্ন**—('পসাদতি'র *pp*) ১ প্রসন্ন। ২ পরিষ্কার; উজ্জ্বল। ৩ সন্তুষ্ট। ৪ বিশ্বাসী। **পসন্নচিত্ত, পসন্নমানস**—প্রসন্নচিত্ত; প্রসন্নমানস; আনন্দিতমনা; উন্নতমনা।

**পসয্হ**—বলপ্রয়োগে; বলপূর্বক।
**পসব**—প্রসব; উৎপত্তি; জন্ম; উৎপাদন; সন্তান জন্মানো।
**পসবতি**—(প+সু+অ) প্রসব করা; জন্মদান করা; প্রবাহিত হওয়া; অত্যন্ত বৃদ্ধি পাওয়া। *aor* **পসবি**। *pp* **পসবিত**। *prp* **পসবন্ত**। *abs* **পসবিত্বা**।
**পসহতি**—(প+সহ্+অ) সাহস প্রয়োগ করা; বল প্রয়োগ করা; পরাভূত করা; প্রশমিত করা; অভিভূত করা। *aor* **পসহি**। *abs* **পসহিত্বা, পসয্হ**।
**পসহন**—দমন; বিজয়; কর্তৃত্ব।
**পসাখ**—প্রশাখ; কাণ্ডের যে স্থান হতে ডালপালা বের হয়।
**পসাখা**—প্রশাখা; ক্ষুদ্র ডাল বা পল্লব বা ফেঁকড়ি।
**পসাদ**—প্রসাদ; নির্মলতা; স্বচ্ছতা; উজ্জ্বলতা; সৌম্যভাব; বিশ্বাস; প্রসক্তি; অনুভূতির কর্মশক্তি। **পসাদক**—প্রসাদক; নির্মল বা স্বচ্ছকারক; সন্তোষজনক; আনন্দদায়ক।
**পসাদনিয**—প্রসাদনীয়; আস্থা-রক্ষণে প্রেরণা-দায়ক।
**পসাদেতি**—(প+সদ্+এ) আনন্দিত করা; বিশুদ্ধ করা; পবিত্র করা; বিশ্বাসী করা; অন্যতে পরিবর্তিত করা। *aor* **পসাদেসি**। *pp* **পসাদিত**। *prp* **পসাদেন্ত**। *abs* **পসাদেত্বা**। *ptp* **পসাদেতব্ব**।
**পসাধন**—প্রসাধন; অলঙ্কার; সজ্জাবস্তু; অলঙ্করণ; সাজানো।
**পসাধেতি**—(প+সাধ্+এ) সাজানো; ভূষিত বা অলঙ্কৃত করণ; সৌন্দর্যবৃদ্ধি করা; অলঙ্কৃত করা; পোশাক পরানো। *aor* **পসাধেসি**। *pp* **পসাধিত**। *abs* **পসাধেত্বা, পসাধিয**।
**পসারণ**—প্রসারণ; বিস্তার করণ।
**পসারিত**—('পসারেতি'র *pp*) প্রসারিত; বিস্তারিত।
**পসারেতি**—(প+সর্+এ) প্রসার করা; বিস্তার করা; এগিয়ে ধরা; বিক্রয় করতে চাওয়া। *aor* **পসারেসি**। *pp* **পসারিত**। *abs* **পসারেত্বা**।
**পসাসতি**—(প+সাস্+অ) শাসন করা; নির্দেশ দেওয়া; আদেশ দেওয়া; নিয়ন্ত্রণ করা; পরিচালনা করা। *aor* **পসাসি**। *pp* **পসাসিত**।
**পসিব্বক**—টাকার ক্ষুদ্র থলি; বস্তা; ছালা; থলি।
**পসীদতি**—(প+সদ্+অ) উজ্জ্বল হওয়া; সন্তুষ্ট হওয়া; পবিত্র হওয়া; নির্মল হওয়া; উৎসর্গীকৃত হওয়া। *aor* **পসীদি**। *pp* **পসন্ন**। *abs* **পসীদিত্বা**। *ptp* **পসীদিতব্ব**।
**পসীদন, পসীদনা**—উৎসর্গ; নির্মলতা; স্বচ্ছতা; সন্তুষ্টি।
**পসু**—পশু; জন্তু; জানোয়ার; চতুষ্পদ। **পসুপতি**—ঈশ্বর দেবতা।
**পসুত**—নিযুক্ত; বিজড়িত; রত।
**পসূত**—('পসবতি'র *pp*) প্রসূত; উৎপাদিত; উৎপন্ন; জাত।
**পসূতি**—প্রসূতি; প্রসাধনা; উৎপত্তি। **পসূতিকা**—যে স্ত্রীলোক শিশু প্রসব করেছে। **পসূতিঘর**—সূতিকাগৃহ; আঁতুড় ঘর।
**পস্স**—পার্শ্ব; পাশ; ধার; সমীপ।
**পস্সতি**—(দিস্+অ; 'দিস্' পরিবর্তিত হয়ে 'পস্' এ পরিণত হয়েছে) দেখা; সম্মুখীন হওয়া; সাক্ষাৎ পাওয়া; আবিষ্কার করা; খুঁজে বের করা; (সিদ্ধান্তাদিতে) উপনীত হওয়া; দেখতে পাওয়া; বিচারপূর্বক সিদ্ধান্ত করা। *aor* **পস্সি**। *prp* **পস্সন্ত, পস্সমান**। *abr* **পস্সিত্বা, দিস্বা**।
**পস্সদ্ধ**—('পস্সম্ভতি'র *pp*)।
**পস্সদ্ধি**—প্রসিদ্ধ; নিবাত অবস্থা; বায়ু প্রবাহের ধীরতা; প্রশান্তি; শান্ত অবস্থা; স্থির অবস্থা; শান্তিপূর্ণ অবস্থা বা পরিবেশ; অচঞ্চল অবস্থা; নির্মেঘ বা মেঘশূন্য অবস্থা।
**পস্সম্ভতি**—(প+সম্ভ্+অ) শান্ত করানো বা শান্ত অবস্থায় আনয়ন; শান্ত বা নিরুপদ্রব বা নির্ঝঞ্ঝাট বা অচঞ্চল হওয়া। *aor* **পস্সম্ভি**। *abs* **পস্সম্ভিত্বা**।
**পস্সম্ভনা**—উপশম; প্রশান্তি; নিবাত অবস্থা।
**পস্সম্ভেতি**—(প+সম্ভ+এ) শান্ত করা; উপাশান্ত করা। *aor* **পস্সম্ভেসি**। *pp* **পস্সম্ভিত**। *abs* **পস্সম্ভেত্বা**। *prp* **পস্সম্ভেন্ত**।
**পস্সসতি**—(প+সস্+অ) শ্বাস ফেলা। *aor* **পস্সসি**। *pp* **পস্সসিত**। *abs* **পস্সসিত্বা**। *prp* **পস্সসন্ত**।
**পস্সাব**—প্রস্রাব।
**পস্সাস**—প্রশ্বাস; শ্বাসফেলা। **পস্সাসী**—শ্বাস ফেলে এমন।
**পস্সিতুং**—দেখতে।
**পস্সিতব্ব**—দেখার যোগ্য।
**পস্সিয**—('পস্সতি'র *abs*) দেখে।
**পহট**—('পহরতি'র *pp*)।
**পহট্ঠ**—('পহংসতি'র *pp*) পরমানন্দিত; অত্যন্ত হাসিখুশি; অতীব প্রফুল্ল।
**পহরণ**—প্রহরণ; যে অস্ত্র দিয়ে আঘাত করা হয়। **পহরণক**—আঘাতকারী; প্রহারকারী।
**পহরতি**—(প+হর্+অ) প্রহার করা; আঘাত করা; মার দেওয়া। *aor* **পহরি**। *abs* **পহরিত্বা**। *inf* **পহরিতুং**।

**পহান**—প্রহান; অপসারণ; কর্মস্থান-পরিবর্তন; প্রস্থান; পরিত্যাগ; সম্পূর্ণ; পরিহার।

**পহায**—('পজহতি'র *abs*) পরিহার করে; পরিত্যাগ করে।

**পহাযী**—পরিহার করে বা পরিত্যাগ করে এমন।

**পহার**—প্রহার; কিল; ঘুসি; চড়; চাপড়; আঘাত। **পহারদান**—কিল, ঘুসি ইত্যাদি দেওয়া; আক্রমণ। **একপ্পহারেন**—তৎক্ষণাৎ সবকিছু।

**পহাস**—প্রহাস; উচ্চহাস্য; পরমোল্লাস; হাসিখুশি ভাব।

**পহাসেতি**—(প+হাস্+এ) অন্যকে হাসানো; খুশি বা আনন্দিত করা। *aor* **পহাসেসি**। *pp* **পহাসিত**।

**পহিণন**—প্রেরণ; দ্রুত প্রেরণ করা।

**পহিণগমন**—সংবাদবহরূপে গমন।

**পহিণাতি**—(প+হি+ণা) প্রেরণ করা; পাঠানো। *aor* **পহিণি**। *prp* **পহিণন্ত**। *abs* **পহিণিত্বা**।

**পহিত**—('পহিণাতি'র *pp*)।

**পহীন**—('পজহতি'র *pp*) প্রহীন; পরিত্যক্ত; সমর্পিত; বিনষ্ট।

**পহীযতি**—(প+হা+ঈ+য) অদৃশ্য বা অন্তর্হিত হওয়া অথবা করানো; মিলায়ে যাওয়া; লোপ পাওয়া; শূন্যে পরিণত হওয়া; অবসান হওয়া; চলে যাওয়া; মারা যাওয়া; কেটে যাওয়া; সমর্পিত হওয়া। *aor* **পহীযি**। *prp* **পহীযমান**। *abs* **পহীযিত্বা**।

**পহু**—সমর্থ; যোগ্য; দক্ষ; শক্তিমান; সক্রিয়।

**পহূত**—প্রচুর; অনেক (পরিমাণ); প্রভূত প্রশস্ত; বিস্তীর্ণ; উন্মুক্ত; বহু। **পহূত জিব্হা**—প্রশস্ত জিহ্বা যার; **পহূত ভক্খ**—প্রচুর খাবার বা খাদ্যবস্তু আছে এমন।

**পহেণক**—কারও নিকট পাঠাবার উপযোগী উপহার।

**পহোতি**—(প+হূ+অ) সমর্থ হওয়া; সক্ষম হওয়া; পর্যাপ্ত হওয়া; যথেষ্ট হওয়া; প্রচুর হওয়া।

**পহোনক**—যথেষ্ট; প্রচুর।

**পলিগুণ্ঠেতি**—(পরি+গুণ্ঠ্+এ) জট পাকানো; জটিল করা; ঝামেলায় জড়ানো; জালে বা ফাঁদে আটকানো; (কিছুর মধ্যে) মুড়ে ফেলা; ঢেকে বা লুকিয়ে ফেলা। *aor* **পলিগুণ্ঠেসি**। *pp* **পলিগুণ্ঠিত**।

**পলিঘ**—খাড়াভাবে প্রোথিত দুখানি কাষ্ঠখণ্ডের ওপরে আড়াআড়িভাবে স্থাপিত তৃতীয় কাষ্ঠখণ্ড; বাধা; প্রতিবন্ধক।

**পলিবুজ্ঝতি**—(পরি+বুধ্+য) বিলম্বিত হওয়া; ব্যাহত হওয়া; বিকৃত হওয়া; ভ্রষ্ট হওয়া; নষ্ট হওয়া; বাধাপ্রাপ্ত হওয়া। *aor* **পলিবুজ্ঝি**। *pp* **পলিবুদ্ধ**। *abs* **পলিবুজ্ঝিত্বা**।

**পলিবুজ্ঝন**—নোংরা বা মলিন হয়ে ওঠা; অশ্লীল বা জঘন্য বা হীন হয়ে ওঠা।

**পলিবোধ**—বাধা; প্রতিবন্ধক; বোচকা-বুচকি; লটবহর; তোতলামি।

**পলিবেঠন**—পরিবেষ্টন; আলিঙ্গন; বিজড়ন; (বৃত্তাকারে) বেষ্টকর।

**পলিবেঠেতি**—(পরি+বেথ্+এ) পরিবেষ্টন করা; আলিঙ্গন করা; বিজড়িত করা; (বৃত্তাকারে) বেষ্টন করা। *aor* **পলিবেঠেসি**। *pp* **পলিবেঠিত**।

**পংসু**—মাটি; ধুলা; মাটির গুঁড়া; পাংশু; ধূলি। **পংসুকূল**—ধুলার গাদা। **পংসুকূলচীবর**—জঞ্জাল ফেলার পাত্র হতে গৃহীত নেকড়া বা টেনা বা ছেঁড়া ফালি দ্বারা প্রস্তুত চীবর। **পংসকূলিক**—পাংশুকূলিক; পাংশুকূলচীবর পরিধান করেন এমন।

**পাক**—রন্ধন; পরিপুষ্টি; পরিপক্বতা; হজমকারক; জারক; পাক করা হয়েছে এমন। **পাকবট্ট**—অবিচ্ছেদ্য খাদ্য সরবরাহ।

**পাকট**—সুপরিচিত; বিখ্যাত; প্রসিদ্ধ।

**পাকতিক**—প্রাকৃতিক; স্বাভাবিক; মৌলিক।

**পাকার**—প্রাকার; প্রাচীর; বেষ্টন; বেড়া; গড়; কেল্লা। **পাকারপরিক্খিত্ত**—প্রাকার-পরিবেষ্টিত; প্রাচীর দ্বারা পরিবেষ্টিত।

**পাগব্ভিয**—দুঃসাহসিকতা; ধৃষ্টতা; ঔদ্ধত্য; নির্লজ্জতা; বেহায়াপনা; অগ্রগামিতা; প্রগল্‌ভতা।

**পাগুঞ্ঞতা**—অভিজ্ঞতা; দক্ষতা।

**পাচক**—রন্ধন; পরিপাক; জারক; রন্ধনকারী; বাবুর্চি; রাঁধুনি।

**পাচন**—অঙ্কুশ; 'পাজন' দেখুন।

**পাচরিয**—প্রাচার্য; গুরুর গুরু।

**পাচাপেতি**—(পচ্+আপে) রন্ধন করানো; পাক করতে বাধ্য করা। *aor* **পাচাপেসি**। *pp* **পাচাপিত**। *abs* **পাচাপেত্বা**।

**পাচিকা**—স্ত্রী রন্ধনকারী।

**পাচীন**—প্রাচীন; পূর্বদেশীয়। **পাচীনদিসা**—পূর্ব দিক। **পাচীনমুখ**—পূর্বমুখী।

**পাচেতি**—'পাচাপেতি' দেখুন।

**পাজন**—১ তাড়ন; চালন। ২ অঙ্কুশ; পাচন।

**পাজেতি**—(প+অজ্+এ) তাড়ানো; চালিত করা; পরিচালনা করা। *aor* **পাজেসি**। *pp* **পাজিত**। *prp* **পাজেন্ত**। *abs* **পাজেত্বা**। *caus* **পাজাপেতি**।

**পাটল**—ফেকাশে লাল; পাণ্ডুর।

**পাটলিপুত্ত**—পাটলিপুত্র; মগধরাজ্যের নগর (বর্তমান পাটনা)

**পাটলী**—কর্ণপটহ পুষ্পের বৃক্ষ।
**পাটব**—পটুতা; দক্ষতা।
**পাটিকঙ্খ**—আগ্রহী হওয়া; প্রত্যাশিত হওয়া। **পাটিকঙ্খী**—আগ্রহী; প্রত্যাশী।
**পাটিকা**—দালানের প্রবেশ পথে অর্ধচন্দ্রাকৃতির প্রস্তর; সোপানশ্রেণীর তলদেশে অর্ধচন্দ্রাকৃতি-প্রস্তর।
**পাটিকূল্য**—বিরাগ উৎপাদক; বিরক্তি উৎপাদক; প্রতিকূলতা।
**পাটিপদ**—প্রতিপদ; চান্দ্রপক্ষের প্রথম দিবস।
**পাটিভোগ**—যে ব্যক্তি অন্যের কার্যাদির জন্য বিধিমতে প্রতিশ্রুতি দেয়; জামিন; প্রতিভূ; জামিনদার; নিরাপত্তা।
**পাটিযেক্ক**—পৃথক; আলাদা; একক। **পাটিযেক্কং**—পৃথকভাবে; স্বতন্ত্রভাবে।
**পাটিহার, পাটিহীর, পাটিহের, পাটিহারিয**—অলৌকিক ঘটনা; বিস্ময়কর ব্যাপার; অস্বাভাবিক বা লক্ষণীয় বা বিস্ময়কর বা বিশেষ ঘটনা। **পটিহরিযপক্খ**—পৃথক পবিত্রদিবস।
**পাটেক্ক**—'পাটিযেক্ক' দেখুন।
**পাঠ**—গ্রন্থ বা রচনার অংশ; গ্রন্থাদির মূল পাঠ পঠন; প্রধান পাঠ্যাংশ পঠন। **পাঠক**—আবৃত্তিকারী; পাঠ করে এরূপ।
**পাঠীন**--এক জাতীয় মাছ; বিভিন্ন শ্রেণীর মৎস্যবিশেষ।
**পাণ**—প্রাণ; শ্বাস; নিঃশ্বাস-প্রশ্বাস; শ্বাস গ্রহণ ও ত্যাগ; শ্বসন; শ্বসনশক্তি; দম; ফুঁ; সামান্যতম সঞ্চরণ; জীবন; সামান্য বাতাস। **পাণঘাত**—প্রাণঘাত; বধ; প্রাণবধ করা; হত্যা। **পানদ**—যে প্রাণ সংরক্ষিত করে। **পাণভূত**—জীবন্ত প্রাণী। **পাণবধ**—প্রাণনাশ; ধ্বংস। **পাণসম**—প্রাণের ন্যায় প্রিয়। **পাণহর**—প্রাণহরণ; প্রাণহরণকারী।
**পাণক**—প্রাণক; কীট।
**পাণন**—শ্বাস গ্রহণ।
**পাণি**—হস্ত; করতল। **পাণিতল**—হাতের চেটো। **পাণিগ্গহ**—পাণিগ্রহণ; বিবাহ।
**পাণিক**—হসবৎ বস্তু; কর্ণিক।
**পাণী**—প্রাণী; প্রাণের অস্তিত্ব আছে এমন।
**পাত**—নাশ; পতন; নিক্ষেপণ; নিক্ষেপ।
**পাতন**—অধঃক্ষেপণ; নিচে নামানো; নিক্ষেপণ; বিনাশন।
**পাতব্ব**—('পিবতি'র *ptp*) পান করার যোগ্য।
**পাতরাস**—প্রাতঃরাশ; প্রাতর্ভোজন; প্রাতঃকালীন ভোজন।
**পাতাল**—অতল গহ্বর; ধরণীগর্ভ; রসাতল; নরক; স্বাভাবিক প্রবণতা; ঝোঁক; পৃথিবীর অপর পার্শ্ব।
**পাতি**—(পা+অ) নজর রাখা; পাহারা দেওয়া; প্রতিরক্ষা করা।
**পাতি**—বৃহৎ পানপাত্র; থালা।
**পাতিক**—ক্ষুদ্র থালা।
**পাতিত**—('পাতেতি'র *pp*)।
**পাতিমোক্‌খ**—উপাদানরূপে বিনয়ে অন্তর্ভুক্ত কর্মবিধিসমূহ বা ধর্মানুশাসন বা নীতিসমূহ।
**পাতী**—নিক্ষেপ করে বা ছুড়ে এমন।
**পাতু**—সম্মুখে; দৃশ্যমান; দর্শনসাধ্য; দৃষ্টিগোচর; স্পষ্টত প্রতীয়মান; স্পষ্ট। **পাতুকম্ম, পাতুকরণ**—গুপ্ত বিষয়াদির প্রকাশ; যার দ্বারা কিছু প্রকাশিত হয়; বিন্যাসপূর্বক প্রদর্শন; সমবেতভাবে বিক্ষোভ প্রদর্শন। **পাতভূত**—দৃষ্টিগোচর; স্পষ্টত প্রতীয়মান।
**পাতুকম্যতা**—পান করার আকুল আকাঙ্ক্ষা বা বাসনা।
**পাতুকরোতি**--(পাতু+কর্+ও) স্পষ্ট করা; স্পষ্টভাবে দেখানো; সন্দেহাতীত করা; প্রকাশ করা বা ঘোষণা করা। *aor* **পাতুকরি**। *pp* **পাতুকত**। *abs* **পাতুকরিত্বা, পাতুকত্বা**।
**পাতুকাম**—পান করার আকুল আকাঙ্ক্ষী; পান-কামী।
**পাতুভ্ভবতি**—(পাতু+ভূ+অ) স্পষ্ট হওয়া; স্পষ্টভাবে দৃষ্ট হওয়া; সন্দেহাতীত হওয়া; প্রকাশিত হওয়া; উপস্থিত হওয়া; দৃশ্যমান হওয়া। *aor* **পাতুভবি**। *pp* **পাতুভূত**। *abs* **পাতুভবিত্বা**।
**পাতুরহোসি**—('পাতুভ্ভবতি'র *aor*)।
**পাতুং**—পান করতে।
**পাতেতি**—(পত্+এ) পাতিত করা; ভূপাতিত করা; খসিয়ে ফেলা; বিযুক্ত বা বিমুক্ত করা; পূর্ব প্রস্তুতি ছাড়া বলা বা রচনা করা; হত্যা করা। *aor* **পাতেসি**। *pp* **পাতিত**। *abs* **পাতেত্বা**।
**পাতো**—প্রাতঃকালে; ভোর বেলায়। **পাতোর**—ঠিক ভোরের দিকে।
**পাদ**—পদ; পা; চরণ; পাদদেশ; যে কোনো পরিমাপনের চতুর্থাংশ; কবিতার স্তবকের চতুর্থাংশ। **পাদক**—যার পদ বা বনিয়াদ বা স্তম্ভাদির গোড়া বা পীঠিকা আছে; ভিত্তি বা বুনিয়াদ। **পাদকজ্‌ঝান**—ভিত্তি গঠনকারী ধ্যান। **পাদকঠলিকা**—পদধৌত করার কাষ্ঠখণ্ড। **পাদঙ্গুট্ঠ**—পাদঙ্গুষ্ঠ; পায়ের বুড়া আঙ্গুল। **পাদঙ্গুলি**—পায়ের আঙ্গুল। **পাদট্ঠিক**—পায়ের অস্থি। **পাদতল**--পায়ের তলা।

**পাদপরিচারিকা**—স্ত্রী; ভার্যা। **পাদপীঠ**—উপবিষ্ট অবস্থায় পা রাখার জন্য ছোট টুল বিশেষ। **পাদপুঞ্ছন**--পা মোছার জন্য মাদুর তৈরির উপাদান। **পাদমূলে**—পায়ের গোড়ায়। **পাদ-মূলিক**—চাকর; যে কারও পায়ের কাছে বসে থাকে এমন। **পাদলোল**—ইতস্তত দীর্ঘ পর্যটনে আকুল আকাঙ্ক্ষী। **পাদসম্বাহন**—পদসংবাহনের অঙ্গ-সংবাহক।

**পাদপ**—বৃক্ষ।

**পাদাসি**—('পদাতি'র *aor*) সে দিয়েছিল; সে দিল।

**পাদুকা**—চটি অথবা জুতা।

**পাদূদর**—সর্প।

**পাদোদক**—পা ধোবার জল।

**পান**—তরল জিনিস গিলে খাওয়া; সুরাপান; পানীয় দ্রব্য; সরবত। **পানক**—শরবত বা সোডা লিমনেড ইত্যাদি; সুরা; মদ। **পানমণ্ডল, পান-অগার**—পানের জন্য সাধারণভাবে নির্মিত ছোট দোকানের (প্রায়শ) চালাঘর; মদের দোকান; পানশাল; সরাই; রেস্তরাঁ; শুঁড়ির দোকান।

**পানীয়**—পানীয়; জল; সুরাবিশেষ; জল ব্যতীত যে কোনো প্রকার পানীয়। **পানীযঘট**—জলপাত্র। **পানীযচাটি**—পানপাত্র। **পানীযথালিকা**—পান করার কাপ। **পানীযভাজন**—পানপাত্র। **পানীয মিলক, পানীযসালা**—জলছত্র; জলসত্র; যে স্থান হতে সর্বসাধারণকে বিনামূল্যে জল দান করা হয়।

**পাপ**—অধর্ম; অপরাধ; দুষ্কর্ম; মন্দ; অপরাধজনক; দুর্নীতিপরায়ণ; দুর্বৃত্ত; ক্ষতিসাধক। **পাপকম্ম**—পাপকর্ম; অসৎ বা অন্যায় কর্ম; ক্ষতিকর কাজ; মন্দ কাজ; অশুভ কর্ম। **পাপকম্মন্ত, পাপকম্মী**—দুষ্টলোক; অসৎলোক; মন্দলোক; খারাপকর্মী; অশুভলোক; দুর্জন; হতভাগা; পাজি লোক; অতি দুর্বৃত্ত লোক। **পাপকর, পাপকারী**—পাপপূর্ণ; পাপপঙ্কিল; পাপজনক; পাপাচারী; দুর্নীতি-পরায়ণ; দুর্বৃত্ত। **পাপকরণ**—পাপাচরণ; ক্ষতি-করণ; অসদাচরণ; অমঙ্গল করণ। **পাপধম্ম**—পাপধর্ম; পাপস্বভাব; পাপঅভ্যাস; পাপ-প্রকৃতি। **পাপমিত্ত**—পাপমিত্র; খারাপ সঙ্গী; মন্দ সহচর; অসৎ-সঙ্গ-মিলন; পাপ সঙ্ঘ। **পাপমিত্ততা**—দুষ্টলোকের সঙ্গে মিলন; পাপমিত্রতা। **পাপসঙ্কপ্প**—পাপসঙ্কল্প; খারাপ চিন্তা। **পাপসুপিন**—পাপস্বপ্ন; দুঃস্বপ্ন।

**পাপক**—দুর্নীতিপরায়ণ; দুর্বৃত্ত; বদমেজাজি; পাপী; পাপপূর্ণ কারক।

**পাপণিক**—দোকানদার।

**পাপিকা**—'পাপক'র স্ত্রীলিঙ্গ।

**পাপিমন্ত**—পাপী; পাপিষ্ঠ; দুরাচার; পাপপূর্ণ যে।

**পাপিয**—পাপপঙ্কিল; পাপাচারী।

**পাপুণন**—সাফল্য; সিদ্ধি; অর্জিত গুণ বা বিদ্যা; অধিগত বিদ্যা; উপনীত হওয়া; পৌঁছানো; আগন্তুকগণ; আগত-বস্তুসকল।

**পাপুণাতি**—(প+অপ্+উণা) পৌঁছা; উপনীত হওয়া; অর্জন করা; অধিগত হওয়া; সফলতা লাভ করা। *aor* **পাপুণি**। *prp* **পাপণন্ত**। *abs* **পাপুণিত্বা; পত্বা**। *inf* **পাপুণিতুং, পত্তুং**।

**পাপুরণ**—আবরণ; আচ্ছাদন; ঢাকনা; ডালা; মলাট; ছদ্মবেশ; ভান; ছল; কম্বল।

**পাপুরতি**—(প+আ+পুর+অ) আচ্ছাদন করা; জড়ানো বা মোড়া; আলিঙ্গন করা (প্রায়শ 'পারুপতি' ব্যবহৃত হয়)।

**পাপেতি**—(প+অপ্+এ) কোথাও যেতে দেওয়া; পৌঁছানো অথবা অর্জন করানো। *aor* **পাপেসি**। *pp* **পাপিত**। *prp* **পাপেন্ত**। *abs* **পাপেত্বা**।

**পাভত**—উপস্থিত বর্তমান অথবা বিদ্যমান বস্তু বা বিষয় বা সময়; (ব্যাক) বর্তমানকাল।

**পামঙ্গ**—জামার যে অংশ কোমরে এঁটে থাকে বা উক্ত অংশ তৈরি করার জন্য পটি; কোমরবন্ধ।

**পামেতি**—(পা+মি+এ) সাদৃশ্য বা বৈসাদৃশ্য অবধারণার্থ তুলনা করা; সমতুল বা তুলনীয় হওয়া।

**পামোক্খ**—প্রধান ব্যক্তি; অধ্যক্ষ; কর্তা; নায়ক; সর্দার; প্রথম; মহান; বিশিষ্ট; দলপতি।

**পামোজ্জ, পামুজ্জ**—পরমানন্দ; পরমানন্দদায়ক ব্যক্তি বা বস্তু বা বিষয়; উল্লাস; তৃপ্তি; সুখ।

**পায**—প্রায় (কিছুর) প্রাচুর্যপূর্ণ বা সমৃদ্ধ বা উচ্ছ্বসিত বা উচ্ছলিত বা আচ্ছন্ন। **পাযেন**—প্রায়শ; অধিকাংশ ক্ষেত্রে।

**পাযক**—যে পান করায়; যে চুষে পান করায়; যে শোষণ করায়; যে নিষ্কাশন করায়।

**পাযাতি**—(প+আ+যা+অ) সাজসজ্জায় ভূষিত করে পাঠানো; যাত্রা করা; কোনো উদ্দেশ্য বা সঙ্কল্প নিয়ে আরম্ভ করা। *aor* **পাযাসি**।

**পাযী**—পায়ী; পান করে এমন।

**পাযেতি**—(পা+এ) পান করানো; চুষে খাওয়ানো। *aor* **পাযেসি**। *pp* **পাযিত**। *prp* **পাযেন্ত; পাযমান**। *abs* **পাযেত্বা**।

**পার**—বিপরীত বা অপর তীর; অন্য পার্শ্ব। **পার-গত**—শেষ প্রান্তে অথবা অপর তীরে গিয়েছে

এমন। **পারঙ্গবেসী**—শেষ সীমায় অথবা অপর তীরে। **পারঙ্গবেত্তি**—শেষ পরিণতির অপেক্ষায় বা অপর পারে গমনের অপেক্ষায়। **পারগামী**—অপর পাড়ে বা তীরে গমনকারী। **পারগূ, পারঙ্গগত, পারপ্পত্ত**—পারগামী; সমর্থ; বিশেষরূপে নিপুণ; পারগ; পারপ্রাপ্ত। **পারলোকিক**—পারলৌকিক; অপর জগৎ বা পরজন্মের সহিত সম্বন্ধযুক্ত; পরকাল সম্বন্ধীয়।

**পারদ**—পারা; তরলধাতু।

**পারদারিক**—ব্যভিচারী পুরুষ; অগম্যাগামী পুরুষ।

**পারমিতা, পারমী**—পরিপূর্ণতা; পূর্ণাঙ্গরূপ; পূর্ণাঙ্গ মূর্তি।

**পারম্পরিয**—পারম্পর্য; ধারাবাহিকতা; ক্রম; কুলাদি পরম্পরা; পরম্পরা।

**পারং**—বহুদূরে; অতিক্রম করে; ছাড়িয়ে; অপর পারে; আড়াআড়িভাবে; ওপরে; উর্ধ্বে।

**পারাজিক**—শাস্ত্রমতে ভিক্ষুদের জন্য বিধির লঙ্ঘনে গুরুতর অপরাধে অপরাধী।

**পারাপত, পারাবত**—পায়রা; কবুতর।

**পারাযন**—অন্তিম লক্ষ্য; প্রধান বিষয়।

**পারিচারিযা**—পরিচর্যা; সেবা; উপাসনা; পূজা; হুকুমাদি তামিল করার জন্য সঙ্গ।

**পারিচ্ছত্তক**—প্রবাল বা পলা বৃক্ষ; পারিজাত বৃক্ষ।

**পারিপন্থিক**—ভয়ানক; বিপজ্জনক; পথিমধ্যস্থ দস্যু; রাহাজান।

**পারিপূরি**—সম্পাদন; সংসাধন; সম্পূরণ; সমাধান; পরিপূরণ।

**পারিম**--অদূরস্থ; এখানে-ওখানে; ইতস্তত; অধিকতর দূরবর্তী স্থান।

**পারিভোগিক**—ব্যবহারের যোগ্য; ব্যবহৃত।

**পারিবট্টক**—বিনিময়িত; পণ্যবিনিময়িত; পরিবর্তক।

**পারিসজ্জ**—পরিষদের অন্তর্ভুক্ত; সভাসদ; সভ্য; পার্শ্বচর।

**পারিসুদ্ধি**—পারিশুদ্ধি; পরিশুদ্ধতা; পবিত্রতা। **পারিসুদ্ধি সীল**—আজীব পারিশুদ্ধি; জীবিকার পারিশুদ্ধি।

**পারুত**—('পারুতি'র *pp*)।

**পারুপতি**—(প+আ+রুপ্+অ) একত্র গোটানো বা ভাঁজ করা; (কিছুকে বা কিছু দিয়ে) জড়ানো বা মোড়া; বিজড়িত হওয়া; আবৃত করা; গোপন করা; লুকানো; চীবর পরিধান করা। *aor* **পারুপি**। *abs* **পারুপিত্বা**। *prp* **পারুপন্ত**।

**পারুপন**—আবরণ; চীবর।

**পারেবত**—পারাবত; পায়রা; কবুতর।

**পারোহ**—গাছের কাঁটা; গাছের কাঁটাওয়ালা কুড়ুল বা আঁকশি; (বটগাছের ন্যায়) শাখা হতে নিম্নাভিমুখী ঝুরি বা জটা।

**পাল, পালক, পালেতু**—চৌকিদার; পাহারাদার; রক্ষক; প্রতিরক্ষী।

**পালন, পালনা**—প্রতিরক্ষা; পোষণ; সংরক্ষণ; শাসন; পরিচালন।

**পালি, পালি**—রেখা; শ্রেণী; সারি; নির্দিষ্ট ক্রমবিন্যাস; বুদ্ধের অনুশাসন যে লিপিতে বা ভাষায় লিখিত আছে।

**পালিচ্চ**—পলিত্য; চুলের ধূসর বা ছাই-রং।

**পালিত**—('পালেতি'র *pp*)।

**পালেতি**—(পাল্+এ) পালন করা; পোষণ করা; প্রতিরক্ষা করা; পাহারা দেওয়া; সংরক্ষণ করা। *aor* **পালেসি**। *prp* **পালেন্ত**। *ptp* **পালেতব্ব**। *abs* **পালেত্বা**। *inf* **পালেতুং**।

**পাবক**—অগ্নি; আগুন।

**পাবচন**—প্রবচন; ধর্মশাস্ত্র।

**পাবল**—নিতম্ব; পাছা।

**পাবস্সি**—'পবস্সতি'র *aor*।

**পাবার**—ঢিলা কোটবিশেষ; আবরণ; ছদ্মবেশ; ভান; ছল; তরল পদার্থের সর। **পাবারিক**—আবরণ বিক্রেতা।

**পাবুস**—বর্ষাঋতু; এক জাতীয় মৎস্য।

**পাবুস্সক**—বর্ষা ঋতুর অন্তর্ভুক্ত।

**পাস, পাসক**--প্রস্তরাদি নিক্ষেপের জন্য গুলতিবিশেষ; যে কোনো ভারী বস্তু ঝুলিয়ে রাখার জন্য শিকলি অথবা শিকলির ন্যায় বাঁধা পটি; জাল; ফাঁদ; পাশ; প্রলোভন; বোতামের গর্ত।

**পাসক**—পাশা; নিক্ষেপণ; নিক্ষেপ; পাশার দান।

**পাসণ্ড**—পাষণ্ড; প্রচলিত ধর্মমতের বিরুদ্ধে বিশ্বাস। **পাসণ্ডক, পাসণ্ডিক**—প্রচলিত (ধর্ম) মতের বিরুদ্ধ মতাবলম্বী ব্যক্তি; সাম্প্রদায়িকতাপূর্ণ; ধর্মগত গোঁড়ামিপূর্ণ; সঙ্কীর্ণ চিত্ত বা অনুদার। ঐরূপ ব্যক্তি।

**পাসাণ**—পাষাণ; প্রস্তর; শিলা; প্রস্তরখণ্ড; নুড়ি। **পাসানগুল**—প্রস্তরগোলক। **পাসানচেতিয**—প্রস্তর নির্মিত চৈত্য বা পবিত্র স্থান বা স্মৃতি-মন্দির। **পাসান-পিট্ঠি**—পাষাণপৃষ্ঠ। **পাসান-ফলক**—পাষাণফল; প্রস্তরপাত। **পাসাণলেখা**—পাষাণলেখা; শিলালিপি।

**পাসাদ**—প্রাসাদ; সম্ভ্রান্ত ব্যক্তির বাসভবন; অতি

বৃহৎ ও চমৎকার অট্টালিকা; দুর্গ। **পাসাদতল**—সম্ভ্রান্ত ব্যক্তির বাসভবনের উপরে তল বা তলা।

**পাসাদিক**—আনন্দদায়ক; মনোরম; প্রণয়োদ্দীপক; অতীব সুন্দর; ভালোবাসার যোগ্য।

**পাহুণ**—অতিথি; নিমন্ত্রিত ব্যক্তি; নিমন্ত্রণ; উপহার; উপঢৌকন। **পাহুণেয্য**—অতিথিসেবা লাভের যোগ্য; আতিথেয়তা লাভের উপযোগী।

**পহেতি**—(পা+হি+এ) প্রেরণ করানো। *aor* **পাহেসি**।

**পি**—('অপি'র encletic form) এবং; ও; আরও; অধিকন্তু; তবু বা তথাপি; ঐরূপ; ব্যতীত; নচেৎ; তৎসত্ত্বেও; কেবল; মাত্র; যাই হোক না কেন; যা হোক; সম্ভবত; বোধ হয়; হয়ত হতে পারে।

**পিক**—কোকিল।

**পিঙ্গল**—তামাটে রং; কপিলবর্ণ; কপিলবর্ণযুক্ত। **পিঙ্গল নেত্ত**—রক্তচক্ষু যার। **পিঙ্গলমক্খিকা**—গোমাছি।

**পিচু**—কার্পাস। **পিচুপটল**—কার্পাসের ঝিল্লি।

**পিচ্ছ**—১ পুচ্ছ-পালক। ২ (যে কোনো প্রকার) গঁদ। **পিচ্ছিল**—হড়হড়ে; পিছলা; পিচ্ছলযুক্ত।

**পিঞ্জ**—পুচ্ছ-পালক; পাখির লেজ।

**পিঞ্জর**—লালচে বর্ণ।

**পিঞ্ঞাক**—তৈলবীজ চূর্ণ; পুণ্যাক (Poonac)।

**পিটক**—ঝুড়ি; আধার; ধারণপাত্র; অভ্যন্তরে ধারণকারী; পালি অনুশাসনের তিন বিভাগের অন্যতম। **পিটকত্তয**—পিটকত্রয়, যথা : বিনয়, সূত্র ও অভিধর্ম। **পিটকধর**—পিটকসমূহ যার কণ্ঠস্থ এরূপ।

**পিট্ঠ**—পৃষ্ঠ; পিঠ; উর্ধ্বতল; উপরিভাগ; (শস্যের) চূর্ণ বা গুঁড়া; পিষ্ট। **পিট্ঠ-খাদনিয**—চূর্ণের তৈরি মিষ্টখাদ্য। **পিট্ঠ-ধীতলিকা**—চূর্ণের তৈরি পুতুল। **পিট্ঠি-পিণ্ডী**—ময়দা পিণ্ড বা দলা বা ডেলা।

**পিট্ঠি**—পৃষ্ঠ; পিঠ; উপরের অংশ; শীর্ষ; চূড়া। **পিট্ঠি-কণ্টক**—মেরুদণ্ড। **পিট্ঠিগত**—কোনো জন্তুর ওপর অথবা কারও পিঠে চড়া। **পিট্ঠি-পসস**—পৃষ্ঠপার্শ্ব; পিছনের দিক; পশ্চাদ্ভাগ। **পিট্ঠি-পাসাণ**—চেপটা শিলা। **পিট্ঠি-মংসিক**—অসাক্ষাতে নিন্দুক; কারও অসাক্ষাতে নিন্দা করে এমন। **পিট্ঠিবংস**—পিছনের বারান্দা।

**পিঠর**—বড় বয়ম; বড় মুখওয়ালা বোতলবিশেষ।

**পিণ্ড, পিণ্ডক**—দলা; ডেলা; খাদ্যপিণ্ড। **পিণ্ডচারিক**—যে ভিক্ষা করে খাদ্য সংগ্রহ করে। **পিণ্ডদায়ক**—পিণ্ডদাতা; ভিক্ষা দাতা। **পিণ্ডপাত**—ভিক্ষা সংগ্রহ। **পিণ্ডপাতিক**—যে মাত্র ভিক্ষালব্ধ খাদ্য গ্রহণ করে। **পিণ্ডাচার**—খাদ্য-ভিক্ষা করার জন্য গমন।

**পিণ্ডায**—(পিণ্ডের সম্প্রদান কারকে এক বচন) খাদ্যভিক্ষার জন্য।

**পিণ্ডিকমংস**—নিতম্ব; পাছা।

**পিণ্ডিযালোপভোজন**—ভিক্ষা করে সংগৃহীত খাদ্য।

**পিণ্ডী**—স্তবক; গুচ্ছ; ঝাঁক; দল।

**পিণ্ডিত**—('পিণ্ডেতি'র *pp*)।

**পিণ্ডেতি**—(পিণ্ড+এ) একত্রে দলা পাকানো; বর্তুলাকারে পরিণত করা; মিশ্রিত করা; সঙ্কুচিত করা; চুক্তিবদ্ধ করা। *aor* **পিণ্ডেসি**। *abs* **পিণ্ডেত্বা**।

**পিণ্ডোল্য**—পিণ্ড সংগ্রহে গমন।

**পিতামহ**—পিতার পিতা; দাদাঠাকুর।

**পিতিক**—পৈতৃক; পিতা আছে এমন; পিতা হতে প্রাপ্ত; পিতৃ সম্বন্ধীয়।

**পিতিপক্খ**—পিতার দিক।

**পিতু**—পিতা। **পিতুকিচ্চ**—পিতৃকর্ম; পিতার কর্তব্য। **পিতুঘাত**—পিতৃহন্তা; পিতৃ হত্যাকারী। **পিতুসন্তক**—পিতার দখল; পিতার অধিকার।

**পিতুচ্ছা**—পিতার ভগিনী; পিসি; পিসিমা। **পিতুচ্ছাপুত্ত**—পিসির পুত্র।

**পিত্ত**—দেহের ভিতরের তাপজনক ধাতু; যকৃৎ হতে নিঃসৃত তিক্ত রস। **পিত্তঅধিক**—পৈত্তিক; খিটখিটে মেজাজবিশিষ্ট।

**পিধীযতি**—(অপি+ধা+ঈ+য; 'পিদহতি'র *pass*) রুদ্ধ হওয়া; বন্ধ হওয়া; অন্ধকার হওয়া; অস্পষ্ট হওয়া; ক্ষীণ বা ম্লান হওয়া। *aor* **পিধীযি**।

**পিদহতি**—(অপি+ধা+অ) বন্ধ করা; রুদ্ধ করা; আবৃত করা। *aor* **পিদহি**। *pp* **পিদহিত, পিহিত**। *abs* **পিদহিত্বা, পিধায**।

**পিদহন**—বন্ধকরণ; রুদ্ধ করণ।

**পিধান**—ঢাকনা; আবরণ; আচ্ছাদন; ঢাকনি।

**পিনাস**—সর্দি; শ্লেষ্মা।

**পিপাসা**—তৃষ্ণা; পানেচ্ছা।

**পিপাসিত**—('পিবাসতি'র *pp*) পিপাসু; তৃষ্ণার্ত; পানেচ্ছু।

**পিপিলিকা, পিপীলিকা**—পিঁপড়া; এক প্রকার কীট।

**পিপ্ফল, পিপ্ফলক**—কাঁচি; কর্তরিকা; ছেদনী।

**পিপ্ফলী**—লঙ্কা।

**পিয**—প্রিয়; মনোরম; মধুর ও সৌহার্দ্যপূর্ণ; অতি

প্রিয়পাত্র; স্বামী; প্রিয়বস্তু। **পিযকম্যতা**—প্রিয়বস্তুর আকূল আকাঙ্ক্ষী অথবা প্রিয় হওয়া। **পিযতর**—অধিকতর প্রিয়। **পিযতম**—প্রিয়তম; সর্বাপেক্ষা প্রিয়। **পিযদস্সন**—প্রিয়দর্শন; সুদৃশ্য; দেখতে সুন্দর এরূপ। **পিযরূপ**—প্রিয়রূপ; দৃষ্টির আকর্ষণীয় বস্তু। **পিযবচন**—প্রিয়বাক্য; আদর উক্তি; সুন্দর আলাপ। **পিযভাণী, পিযবাদী**—প্রিয়ভাষী; মিষ্টভাষী। **পিযবিপ্পযোগ**—প্রিয় বিয়োগ; প্রিয়পাত্র হতে বিচ্ছেদ বা বিদায়।

**পিযঙ্গু**—ভেষজ-বৃক্ষ; ঔষধে ব্যবহার্য উদ্ভিদ; প্রিয়ঙ্গু; শ্যামালতা; পিপুল।

**পিযতা**—প্রিয়তা; প্রীতি।

**পিযা**—প্রিয়া; স্ত্রী।

**পিযাপায**—প্রিয়বিয়োগ; প্রিয়বিচ্ছেদ।

**পিযাযতি**—(পিয হতে *deno*) (কিছুর) আসক্ত হওয়া; প্রিয় (কিছুকে) ধারণ করা; উৎসর্গিত হওয়া। *aor* **পিযাযি**। *pp* **পিযাযিত**। *prp* **পিযাযন্ত, পিযাযমান**। *abs* **পিযাযিত্বা**।

**পিযাযনা**—ভালোবাসা; অতিশয় অনুরাগ বা আসক্তি।

**পিলক্খ**—তরঙ্গ-পত্রযুক্ত ডুমুর বৃক্ষ।

**পিলন্ধতি**—(অপি+নহ্+অ) সাজানো; ভূষিত বা অলঙ্কৃত করা; পোশাক পরা। *aor* **পিলন্ধি**। *pp* **পিলন্ধিত, পিলন্ধিত্বা**।

**পিলন্ধন**—অলঙ্কার; পোশাক পরিধান; সজ্জিতকরণ; ভূষিত বা অলঙ্কৃত করণ।

**পিলবতি, প্লবতি**—(প্লব+অ) ভাসা; দ্রুত নড়াচড়া করা বা চলাফেরা করা; সাঁতার কাটা। *aor* **প্লবি**। *pp* **প্লবিত**। *abs* **প্লবিত্বা**।

**পিলোতিকা**—নেকড়া; তেনা; ছেঁড়া ফালি বা টুকরা; পুরানো পোশাক।

**পিল্লক**—জীবজন্তুর সন্তানসন্ততি; জীবজন্তুর শাবক বা ছানা।

**পিবতি**—(পা+অ; 'পা' পরিবর্তিত হয়ে 'পিব') পান করা। *aor* **পিবি**। *pp* **পীত**। *prp* **পিবন্ত, পিবমান**। *abs* **পিবিত্বা**। *inf* **পাতুং, পিবিতুং**।

**পিবন**—পান।

**পিসতি**—(পিস্+অ)। **পিংসতি**—(পিস্+ং-অ) চূর্ণ করা; গুঁড়া করা; পিষা; পেষণ করা; বাঁটা। *aor* **পিংসি**। *pp* **পিংসিত**। *abs* **পিংসেত্বা**।

**পিসন, পিংসন**—চূর্ণন; গুঁড়া করণ; পিষণ; পেষণ; বাঁটন।

**পিসাচ, পিসাচক**—পিশাচ; অপদেবতা; (প্রধানত নষ্টামি ভরা ও কদাকার) ভূত; পরী।

**পিসিত**—জীবদেহের মাংস; (মাছ বাদে) আমিষ খাদ্য।

**পিসুণ**—মিথ্যা কলঙ্ক; অপবাদ; পিশুন; খল; হিংস্র; সূচক; পরস্পরের ভেদকারক; বিদ্বেষপরায়ণ বাক্য। **পিসুণাবচ**—পিশুনবাক্য; বিদ্বেষপরায়ণ বা ভেদকারক বাক্য। **পিসুণাকারক, পিসুণাবাচক**—যে ঈর্ষাপরায়ণ হয়ে কারও নিন্দা করে বা কারও নামে অভিযোগ করে।

**পিহক**—প্লীহা; পিলা; উদরগহ্বরের বামপার্শ্বে অবস্থিত যন্ত্র বিশেষ।

**পিহযতি**—(পিহ্+য) আকূল আকাঙ্ক্ষা করা; কামনা করা; যথাসাধ্য বা প্রবলভাবে চেষ্টা করা। *aor* **পিহযি**। *pp* **পিহাযিত**।

**পিহাযনা**—আকূল আকাঙ্ক্ষা; কামনা; প্রচেষ্টা।

**পিহালু**—লোলুপ; অর্থলোলুপ।

**পিহিত**—('পিদহতি'র *pp*)।

**পিলকা**—ফোঁড়া; বিস্ফোটক; ফোসকা; ফুসকুড়ি।

**পিংসতি**—'পিসতি' দেখুন।

**পীঠ**—কেদারা; চেয়ার; আসন। **পীঠক, পীঠিকা**—ছোট কেদারা; বেঞ্চি।

**পীঠসপ্পী**—খঞ্জ; খোঁড়া।

**পীনন**—আনন্দ দান; উজ্জ্বল বা মনোরম করণ; সন্তুষ্টি।

**পীনেতি**—(পীন্+এ) খুশি বা আনন্দিত করা; সন্তুষ্ট করা; পরিতুষ্ট করা; প্রাণবন্ত করা; সজীব করা। *aor* **পীনেসি**। *pp* **পীনিত**। *abs* **পীনেত্বা**। *prp* **পীনেন্ত**।

**পীত**—('পিবতি'র *pp*)।

**পীত, পীতক**—হরিদ্রাবর্ণ; স্বর্ণ বর্ণযুক্ত; হলুদ রং; পীতবর্ণ।

**পীতন**—হরিদ্রাবর্ণ; রঞ্জক পদার্থ।

**পীতি**—প্রীতি; পরমানন্দ; উল্লাস; পুলক পরমানন্দদায়ক ব্যক্তি বা বস্তু বা বিষয়; মানসিক চাঞ্চল্য বা আবেগ; অনুভূতি। **পীতিপামোজ্জ**—উল্লাস এবং আনন্দ। **পীতিভক্খ**—প্রীতিভোজ; আনন্দ-ভোজন করানো। **পীতিমন**—প্রীতিমন; আনন্দ-অনুভূতি; উল্লসিতভাব। **পীতিরস**—প্রীতিরস; পরমানন্দের স্বাদ বা অনুভূতি। **পীতিসম্বোজ্ঝঙ্গ**—প্রীতিসম্বোধ্যঙ্গ; পূর্ণজ্ঞানের পরমানন্দকর মৌলিক অঙ্গ বা অংশ। **পীতি-সহগত**—প্রীতিসহগত; পরমানন্দের সহিত।

**পীন**—নাদুস-নুদুস; মোটা; স্থূল; স্ফীত; প্রসারিত।

**পীলক**—পীড়ক; অত্যাচারী; দুঃখ দেয় এমন।

**পীলন, পীলা**—পীড়ন; পীড়া; দুঃখ; অন্যায়সাধন; ক্ষতি; আঘাত; লোকসান।

**পীলেতি**—(পীল্+এ) পীড়ন করা; পীড়া দেওয়া; দুঃখ দেওয়া; ক্ষতিসাধন করা; আঘাত করা; লোকসান করা; সর্বনাশ করা; উৎপীড়ন করা; অধীন করা। *aor* **পীলেসি**। *pp* **পীলিত**। *abs* **পীলেত্বা**।

**পুক্কুস**—আবর্জনা অপসারণ করে এমন।

**পুগ্গল**—পুদ্গল; (এক) ব্যক্তি; জন; লোক। **পুগ্গলপঞ্ঞত্তি**—পুদ্গল-প্রজ্ঞপ্তি; ব্যক্তিবর্গের শ্রেণীবিভাগ। **পুগ্গলিক**—পুদ্গলিক; ব্যক্তি প্রাতিজনিক; স্বকীয়; নিজস্ব।

**পুঙ্গব**—বৃষ; ষাঁড়; উচ্চবংশজাত বা অভিজাত বা সম্ভ্রান্ত ব্যক্তি।

**পুঙ্খ**—তীরের পালক-অংশ।

**পুচিমন্দ**—নিমগাছ।

**পুচ্চণ্ড**—(পূতি+অণ্ড) পচা ডিম।

**পুচ্ছ**—লেজ; লাঙ্গুল; পশ্চাদ্ভাগ।

**পুচ্ছক**—জিজ্ঞাসা করে এমন।

**পুচ্ছতি**—(পুচ্ছ+অ) জিজ্ঞাসা করা; প্রশ্ন করা। *aor* **পুচ্ছি**। *pp* **পুট্ঠ, পুচ্ছিত**। *prp* **পুচ্ছন্ত**। *abs* **পুচ্ছিত্বা**। *ptp* **পুচ্ছিতব্ব**। *inf* **পুচ্ছিতুং**।

**পুচ্ছন**—পুছন; জিজ্ঞাসাকরণ।

**পুচ্ছা**—জিজ্ঞাসা; প্রশ্ন।

**পুজ্জ**—পূজ্য; পূজনীয়।

**পুঞ্ছতি**—(পুঞ্ছ্+অ) মুছে পরিষ্কার করা বা শুকানো; পরিষ্কার করে ফেলা; মুছে ফেলা; দূর করে ফেলা। *aor* **পুঞ্ছি**। *pp* **পুঞ্ছিত**। *abs* **পুঞ্ছিত্বা**। *prp* **পুঞ্ছন্ত, পুঞ্ছমান**।

**পুঞ্ছন**—১ মুছন। ২ মুছে ফেলার কাপড়; তোয়ালে।

**পুঞ্ছনী**—মুছনের কাপড়; তোয়ালে।

**পুঞ্জ**—স্তূপ; রাশি; সমূহ; গাদা; দল। **পুঞ্জীকত**—পুঞ্জকৃত; স্তূপীকৃত; গাদা করা হয়েছে এমন।

**পুঞ্ঞ**—পুণ্য; প্রশংসনীয় গুণ; ন্যায়পরায়ণতা; ধর্ম; সুকৃতি; ধর্মানুষ্ঠান; পবিত্র কর্ম; নিষ্পাপ কর্ম; নির্মল কাজ; মনোজ্ঞ কর্ম। **পুঞ্ঞকম্ম**—প্রশংসনীয় উৎকর্ষসম্পন্ন অথবা গুণসম্পন্ন কর্ম। **পুঞ্ঞকাম**—প্রশংসনীয় উৎকর্ষের অথবা গুণের আকাঙ্ক্ষী। **পুঞ্ঞকিরিযা**—পুণ্যক্রিয়া; সৎকাজ। **পুঞ্ঞক্খন্ধ**—পুণ্যরাশি। **পুঞ্ঞক্খয**—পুণ্যক্ষয়; সদগুণাবলির নিঃশেষিত অবস্থা। **পুঞ্ঞত্থিক**—পুণ্যার্থী; পুণ্যকর্মের আকাঙ্ক্ষী। **পুঞ্ঞপেক্খ**—পুণ্যাপেক্ষক; সদ্গুণাভিলাষী। **পুঞ্ঞফল**—পুণ্যফল; সৎকর্মের পুরস্কার। **পুঞ্ঞভাগ**—পুণ্যাংশ; প্রশংসনীয় কাজের অংশ। **পুঞ্ঞভাগী**—পুণ্যভাগী; শুভকর্মের অংশীদার। **পুঞ্ঞবন্ত**—পুণ্যবন্ত; পুণ্যবান; সদ্গুণসম্পন্ন; ধার্মিক। **পুঞ্ঞানুভাব**—পুণ্যানুভাব; শুভ বা সৎকর্মের গুণ। **পুঞ্ঞাভিসন্দ**—সদ্গুণাবলির পুঞ্জিত রাশি।

**পুট, পুটক**—(সাধারণত পাতার তৈরি) আধার; পকেট; ঝুড়ি। **পুটবদ্ধ**—মোড়ক বা পুলিন্দারূপে বদ্ধ। **পুটভত্ত**—ভাতের পুলিন্দা। **পুটভেদন**—বোঁচকা বা পুঁটুলি বা মোড়কের মুখ। **পুট-অংস**—প্রয়োজনীয় জিনিসপত্র বহনার্থ যে থলি কাঁধে নিয়ে আছে এমন।

**পুট্ঠ**—('পোসেতি'র *pp*) পুষ্ট; প্রতিপালিত; বর্ধিত; পোষিত। ('পুচ্ছতি'র *pp*) জিজ্ঞাসিত।

**পুণ্ডরীক**—শ্বেতপদ্ম।

**পুণ্ণ**—('পূরতি'র *pp*) পূর্ণ; পরিপূর্ণ; সম্পূর্ণ; ভরতি। **পুণ্ণঘট**—পূর্ণঘট; ভরা কলসি। **পুণ্ণচন্দ**—পূর্ণ চন্দ্র; পূর্ণিমার চাঁদ। **পুণ্ণপত্ত**—পূর্ণপাত্র; উপহার; পুরস্কার। **পুণ্ণমাসী, পুণ্ণমী**—পূর্ণমাসী-দিবস; পূর্ণিমা-দিবস।

**পুণ্ণতা, পুণ্ণত্ত**—পূর্ণতা।

**পুত্ত**—পুত্র; শিশু ছেলে। **পুত্তক**—ছোট ছেলে। **পুত্তদার**—স্ত্রী-পুত্র; ছেলেমেয়ে-স্ত্রী।

**পুত্তিম, পুত্তিয**—পুত্রকন্যা সহ।

**পুথু**—পৃথক; একক; স্বতন্ত্র; চতুর্দিকে; ব্যাপক; আলাদাভাবে। **পুথুজ্জন**—পৃথগ্জন; সাধারণ সংসারী-ব্যক্তি; অবিদ্যাচ্ছন্ন ব্যক্তি। **পুথুভূত**—পৃথকভূত; ব্যাপকভাবে বিস্তৃত। **পুথুলোম**—মৎস্য বিশেষ।

**পুথুক**—১ চেটালোকৃত শস্য। ২ পশু-শাবক।

**পুথুজ্জন**—কোনোরূপ আধ্যাত্মিক উন্নতি হয়নি এরূপ ভিক্ষু।

**পুথুল**—প্রশস্ত; চওড়া; বিস্তৃত; বৃহৎ; বড়।

**পুথুবী**—পৃথিবী; ভূমণ্ডল।

**পুথুসো**—ভিন্নভাবে; অন্যভাবে; নানাভাবে; বিসদৃশ; বিরুদ্ধ; বিবদমান।

**পুন**—পুনঃ; পুনরায়। **পুনদিবস**—পরদিন। **পুনপ্পুনং**—পুনঃপুন; বারবার; মুহুর্মুহু। **পুনব্ভব**—নূতন

অস্তিত্বে জন্ম। **পুনরচন, পুনরুত্তি**—পুনর্বচন; পুনরুক্তি; পুনরাবৃত্তি। **পুনআগমন**—পুনরাগমন; পুনরায় আগমন।

**পুণাতি**—(পু+ণা) পরিষ্কার করা; চালনি দিয়ে চালা; ছাঁকা বা ছিটানো; বিশ্লেষণ করা। *aor* **পুণি**। *abs* **পুণিত্বা**।

**পুনেতি**—(পুন+এতি) পুনরায় আগমন করা।

**পুন্নাগ**—জলপাই জাতীয় বৃক্ষবিশেষ (এই বৃক্ষের পাতা প্রাচীন গ্রীস ও রোমে জয়চিহ্নরূপে ব্যবহৃত); আলেকজেন্দ্রীয় জলপাই জাতীয় বৃক্ষ।

**পুপ্‌ফ**—পুষ্প; ফুল; রজঃস্রাব সংক্রান্তপ্রবাহ। **পুপ্‌ফগচ্ছ**—পুষ্পিত বৃক্ষ বা গুল্ম। **পুপ্‌ফগন্ধ**—পুষ্পগন্ধ; ফুলের স্বাদুগন্ধ। **পুপ্‌ফচুম্বটক**—ফুলের শিরপেঁচ। **পুপ্‌ফছড্‌ডক**—বিবর্ণ পুষ্প বা আবর্জনা অপসারণকারী; শৌচাগার পরিষ্কারক; মেথর। **পুপ্‌ফদাম**—ফুলের মালা। **পুপ্‌ফধর**—পুষ্পধর; ফুলধারণকারী। **পুপ্‌ফপট**—সূচিশিল্প দ্বারা ফুলে পরিশোভিত বস্ত্র। **পুপ্‌ফমুট্‌ঠি**—এক মুষ্টি পুষ্প। **পুপ্‌ফরাসি**—পুষ্পরাশি; পুষ্পস্তূপ। **পুপ্‌ফবতী**—মাসিক-ঋতুকালীন স্ত্রীলোক; পুষ্পবতী।

**পুপ্‌ফতি**—(পুপ্‌ফ+অ) ফুল ধরা; ফুল ফোটা; সমৃদ্ধ হওয়া; ফুলের নকশা দিয়ে সাজানো; (বস্ত্রাদিতে) ফুল তোলা। *aor* **পুপ্‌ফি**। *abs* **পুপ্‌ফিত্বা**।

**পুপ্‌ফিত**—('পুপ্‌ফতি'র *pp*) সপুষ্প; পূর্ণ-প্রস্ফুটিত।

**পুব্ব**—পুঁজ; ক্ষতাদি হতে নিঃসৃত পুঁজ রস প্রভৃতি।

**পুব্ব**—পূর্ব; আদ্য; পূর্বাদিগবর্তী; পূর্বদিক; অতীত; জ্যেষ্ঠ; পুরাকালীন; প্রথম; বিগত; গতপূর্ব। **পুব্বঅন্ত**—পূর্ব অন্ত; পূর্বের সীমা; পূর্বের সমাপ্তি। **পুব্বকম্ম**—পূর্বকর্ম; পূর্ব-অস্তিত্বের কৃতকর্ম। **পুব্বকিচ্চ**—পূর্বকৃত্য; যে কাজ প্রথমে করা প্রয়োজন। **পুব্বঙ্গম**—পূর্বগামী; যা আগেভাগে গমন করে বা চলে বা থাকে; পূর্ববর্তী। **পুব্বচরিত**—পূর্বের জীবনবৃত্তান্ত। **পুব্বদেব**—প্রাচীন দেবতাগণ অর্থাৎ অসুরগণ। **পুব্বনিমিত্ত**—ভবিষ্যদ্বাণী; পূর্বাভাস; রোগের গতিনির্দেশক লক্ষণ; ভবিষ্যতের পূর্বলক্ষণ; অশুভ পূর্বলক্ষণ; অস্বাভাবিক বা বিস্ময়কর ব্যাপার অথবা বস্তু। **পুব্বপুরিস**—পূর্বপুরুষ। **পুব্বপেত**—পূর্বপ্রেত; ভূত; পূর্বভাব; মৃতের মনন। **পুব্বভাগ**—পূর্বভাগ। **পুব্বযোগ**—পূর্ব যোগ; আগের সম্পর্ক বা সম্বন্ধ। **পুব্ববিদেহ**—পূর্ব ভূভাগের নাম।

**পুব্বণ্হ**—পূর্বাহ্ণ; বেলা দ্বিপ্রহরের পূর্বের সময়।

**পুব্বন্ন**—সাত প্রকার খাদ্যশস্যের প্রদত্ত নাম; যথা : ধান, গম ইত্যাদি; পূর্বান্ন।

**পুব্বা**—পূর্ব দিক।

**পুব্বাচরিয**—পূর্বাচার্য; প্রথম শিক্ষক; আদিগুরু।

**পুব্বাপর**—পূর্বাপর; আগের ও পরের; পূর্ব এবং অপর; আনুপূর্বিক; আগাগোড়া।

**পুব্বুট্‌ঠাযী**—পূর্বোত্থায়ী; পূর্বে উত্থানকারী।

**পুব্বে**—পূর্বে; সেকালে; ইতিপূর্বে; অতীতে। **পুব্বে কত**—পূর্বে কৃত; পূর্বে করা হয়েছে এরূপ। **পুব্বে নিবাস**—কারও পূর্বের অস্তিত্ব। **পুব্বে নিবাসঞাণ, পুব্বে নিবাসানুস্‌সতি**—পূর্ব নিবাসজ্ঞান; পূর্বনিবাসানুস্মৃতি; পূর্বের অস্তিত্ব সম্বন্ধে স্মরণ জ্ঞান।

**পুম**—পুং; পুরুষ।

**পুর**—শহর; নগর।

**পুরক্‌খত**—সম্মুখে রক্ষিত; সম্মানিত; সশ্রদ্ধ; শ্রদ্ধেয়।

**পুরক্‌খরোতি**—(পুরা+কর্‌+র) সম্মুখে রাখা; অগ্রে স্থাপন; সম্মানিত করা; শ্রদ্ধা করা। **পুরক্‌খরি**। *pp* **পুরক্‌খত**। *abs* **পুরক্‌খত্বা**।

**পুরতো**—সম্মুখে; অগ্রে।

**পুরত্থা**—পূর্বদিক। **পুরত্থাভিমুখ**—পূর্বাভিমুখ; পূর্বদিকে লক্ষ্য যার।

**পুরত্থিম**—প্রাচ্য; পূর্বদিকস্থ।

**পুরা**—সেকালে; পূর্বে; ইতিপূর্বে; অতীতকালে; অতীতে।

**পুরাণ**—প্রাচীন; পুরাতন; জীর্ণ-শীর্ণ; ব্যবহৃত; পূর্বকালীন; বিগত। **পুরাণদুতিযিকা**—পূর্বকালীন স্ত্রী। **পুরাণ-সালোহিত**—অতীতের রক্তসম্পর্ক।

**পুরাতন**—'পুরাণ' দেখুন।

**পুরিন্দদ**—দেবরাজ্যের আখ্যা; দেবরাজ ইন্দ্রের অন্যতম আখ্যা।

**পুরিম**—পূর্বকালীন; আগেকার; পূর্বেকার। **পুরিমজাতি, পুরিমঅত্তভাব**—অতীত জন্ম; পূর্বজন্ম। **পুরিমতরং**—অতি শীঘ্র; গোড়ার দিকে; পূর্বে; আগে; আরও আগে।

**পুরিস**—পুরুষ; নর। **পুরিসকার**—পুরুষকার; মনুষ্যত্ব; পুরুষত্ব; পৌরুষ; দৈবের ওপর নির্ভর না

করে নিজ শক্তি প্রয়োগ; উৎসাহ; চেষ্টা; পুরুষের করণ। **পুরিস-থাম**—পুরুষের শক্তি। **পুরিসদম্ম**—পুরুষদম্য; যে ব্যক্তি শিক্ষাপ্রাপ্ত বা দমিত হবার। **পুরিসদম্মসারথী**—যিনি অদমিত ব্যক্তিকে দমিত করার পরিচালক; অনিয়ন্ত্রিতের নিয়ন্ত্রক বা নিয়ন্ত্রণকারী। **পুরিস-পরক্কম**—পুরুষ-পরাক্রম; পুরুষের প্রভাব; পুরুষ শক্তি। **পুরিসমেধ**—মানবের বা মনুষ্যজাতির আত্মোৎসর্গ বা অবদান। **পুরিস-লিঙ্গ, পুরিসব্যঞ্জন**—পুরুষের লিঙ্গ বা অঙ্গ বা ব্যঞ্জন। **পুরিসাজঞঞ**—লক্ষণীয় ব্যক্তি; অসাধারণ লোক; বৈশিষ্ট্যপূর্ণ ব্যক্তি। **পুরিসাদক**—স্বগোত্রভোজী; নরমাংসভোজী মানুষ; রাক্ষস। **পুরিসাধম**—দুর্নীতিপরায়ণ বা দুর্বৃত্ত; পাপী; পাপপূর্ণ। **পুরিসিন্দ্রিয**—মানুষের কর্মশক্তি; পুরুষজাতীয়তা; পুরুষত্ব। **পুরিসিন্দ্রিয**—মানুষের কর্মশক্তি; পুরুষজাতীয়তা; পুরুষত্ব। **পুরিসুত্তম**—পুরুষোত্তম; সর্বশ্রেষ্ঠ পুরুষ।

**পুরে**—সম্মুখে; সমীপে; পূর্বে; অতীতে; আগে। **পুরেচারিক**—পূর্বের যাত্রী; পরিচালক। **পুরেজব**—সম্মুখদৌড়। **পুরেতরং**—অন্য যে কারো; পূর্বে; সর্বাগ্রে। **পুরেভত্ত**—পূর্বাহ্ণ।

**পুরেক্খার**—সম্মুখে রক্ষণ; সম্মান; শ্রদ্ধা; উৎসর্জন।

**পুরেজাত**—পূর্ববর্তিতা; পূর্বেজাত।

**পুরোহিত**—রাজার ধর্মীয় উপদেষ্টা।

**পুলৱ, পুলৱক**—স্বল্পাবয়ব অমেরুদণ্ডী সরীসৃপ (যেমন : পোকা, কেঁচো, জোঁক, কৃমি প্রভৃতি)।

**পুলিন**—বালি; বালুকা; বালুকা-তীর।

**পূগ**—(প্রধানত বণিকদের) সমবায় সঙ্ঘ; পৌরসভা; যৌথ সংস্থা; যৌথ প্রতিষ্ঠান; পুঞ্জ; রাশি; সুপারি। **পূগরুক্খ**—সুপারি বৃক্ষ।

**পূজনা, পূজা**—শ্রদ্ধা; সশ্রদ্ধ স্বীকৃতি; আনুগত্য-স্বীকার; ভক্তিমূলক; উৎসর্গ; ভক্তিযুক্ত অর্পণ বা দান।

**পূজনেয্য, পূজনীয, পূজারহ**—পূজনীয়; পূজার্হ; সশ্রদ্ধ স্বীকৃতি লাভের যোগ্য; শ্রদ্ধেয়।

**পূজিয**—শ্রদ্ধার পাত্র; শ্রদ্ধার বিষয়। **পূজিযমান**—পূজ্যমান; সেবমান; যাঁকে পূজা করা হচ্ছে এরূপ।

**পূজিত**—('পূজেতি'র *pp*)।

**পূজেতি**—(পূ+এ) শ্রদ্ধা করা; সম্মান করা; গভীর অনুভক্তির সহিত কোনো কিছু অর্পণ করা। *aor* **পূজেসি**। *prp* **পূজেন্ত, পূজযমান**। *abs* **পূজেত্বা**। *inf* **পূজেতুং**।

**পূতি, পূতিক**—পচা; বিকৃত; তীব্র দুর্গন্ধ ছড়ায় এমন। **পূতিকায**—পূতিকায়; পচা শরীর; দেহ যা ক্লেদপূর্ণ বা নোংরা জিনিসে পরিপূর্ণ। **পূতিগন্ধ**—পূতিগন্ধ : জঘন্য বস্তুর গন্ধ। **পূতিমচ্ছ**—পূতিমৎস্য; তীব্র দুর্গন্ধ ছড়ায় এমন মৎস্য। **পূতিমুখ**—যার পচা-মুখ এমন। **পূতিমুত্ত**—গো-মূত্র। **পূতিলতা**—*Coccolus cordifolius* লতা।

**পূপ**—পিষ্টক; পিঠা।

**পূপিয**—পিষ্টক বিক্রেতা।

**পূয**—পুঁজ।

**পূর**—পূর্ণ; পরিপূর্ণ; সম্পূর্ণ; ভর্তি।

**পূরক**—যে পরিপূর্ণ করে বা সম্পূর্ণ করে বা সম্পাদন করে বা সংসাধন করে।

**পূরাপেতি**—('পূরেতি'র *caus*) পরিপূর্ণ করানো। *aor* **পূরাপেসি**। *pp* **পূরাপিত**। *abs* **পূরাপেত্বা**।

**পূরেতি**—(পূর্+এ) পরিপূর্ণ করা; সম্পূর্ণ করা; সম্পাদন করা; সংসাধন করা। *aor* **পূরেসি**। *pp* **পূরিত**। *prp* **পূরেন্ত**। *abs* **পূরেত্বা**। *inf* **পূরেতুং**।

**পূৱ**—পিষ্টক; পিঠা; রুটি।

**পূৱিক**—পিষ্টক বণ্টনকারী।

**পেক্খক**—নিরীক্ষণকারী।

**পেক্খণ**—নিরীক্ষণ; অবলোকন; দৃষ্টি।

**পেক্খতি**—(প+ইক্খ+অ) দেখা; অবলোকন করা; দৃষ্টি নিক্ষেপ করা। *aor* **পেক্খি**। *pp* **পেক্খিত**। **পেক্খিত্বা**। *prp* **পেক্খমান**।

**পেখুণ**—পেখম; ময়ূরের পুচ্ছবিস্তার।

**পেচ্চ**—মৃত্যুর পর।

**পেত**—প্রেত; মৃতব্যক্তি; ভূত; ক্ষীণ বা মিথ্যা আভাস। **পেতকিচ্চ**—প্রেতকৃত্য; মৃতব্যক্তির জন্য আচার-অনুষ্ঠান। **পেতযোনি**—প্রেতযোনি; ভূতের অবস্থা বা হালচাল বা পারিপার্শ্বিক অবস্থা। **পেতলোক**—প্রেতলোক; অপদেবতা বা ভূতের রাজ্য বা অধিকৃত অঞ্চল (এলাকা)। **পেতবত্থু**—প্রেতের বা ভূতের গল্প।

**পেত্তণিক**—যে পৈতৃক সম্পত্তির ওপর জীবন যাপন করে।

**পেত্তিক**—পৈতৃক; পিতা হতে প্রাপ্ত।

**পেত্তিৱিসয**—'মৃত পূর্বপুরুষগণের দেবতারূপে পূজিত আত্মার জগৎ; 'অর্হণযোগ্য প্রেতাত্মা'র জগৎ।

**পেত্তেয্য**—যে সম্মান আপন পিতার প্রতি প্রদর্শনীয়। **পেত্তেয্যতা**—সন্তানসংক্রান্ত বা সন্তানোচিত ভক্তি বা কর্তব্যনিষ্ঠ বা ধর্মানুরাগ।

**পেম**—প্রেম; ভালোবাসা; স্নেহ। **পেমনীয**—স্নেহপূর্ণ; সৌহার্দ্যপূর্ণ; সৌজন্যপূর্ণ।

**পেয্য**—পেয়; পানীয়; পানযোগ্য।

**পেয্যবজ্জ**—প্রিয় বাক্য।

**পেয্যাল**—'একটি অংশ বাদ দেয়া হয়েছে'—তার নির্দেশ বা ইঙ্গিত।

**পেলক**—খরগোশ; শশক।

**পেসক**—প্রেরক; মনোযোগ দেয় বা মনোনিবেশ করে এমন।

**পেসকার**—তাঁতি।

**পেসন**—প্রেরণ; সংবাদ; সেবা; চাকরি। **পেসনকারক**—চাকর। **পেসনকারিকা**—চাকরানি।

**পেসল**—সদাচারী।

**পেসি, পেসিকা**—ফালি; তৃতীয় স্তরে ভ্রূণ।

**পেসিত**—('পেসেতি'র *pp*)।

**পেসীযতি**—('পেসেতি'র *pass*) প্রেরিত হওয়া। *prp* **পেসিযমান**।

**পেসুণ**—মিথ্যা কলঙ্ক লেপন; অপবাদ প্রদান। **পেসুনকারক**—মিথ্যাকলঙ্ক কারক; অপবাদকারক; পিশুনকারক।

**পেসুণিক**—পিশুনিক; মিথ্যা কলঙ্ক; অপবাদ; চরম দুর্দশা বা দুঃখ; অসাক্ষাতে নিন্দা।

**পেসেতি**—(পেস্+এ) উৎপাদন করা; নিযুক্ত করা; ডেকে পাঠানো; আসার জন্য খবর দেওয়া। *aor* **পেসেসি**। *pp* **পেসিত**। *prp* **পেসেন্ত**। *abs* **পেসেত্বা**। *ptp* **পেসেতব্ব**।

**পেস্স, পেস্সিয, পেস্সিক**—চাকর; সংবাদ-বাহক।

**পেলা**—পেটিকা; পেটি; বাক্স; সিন্দুক; আধার।

**পোক্খর**—পদ্ম; পদ্মগাছ; হাতির শুঁড়ের অগ্রভাগ; বীণাজাতীয় বাদ্যযন্ত্রের শুঁড়। **পোক্খরতা**—সৌন্দর্য। **পোক্খরপত্ত**—পদ্মপত্র। **পোক্খরমধু**—পদ্মের মধুরস। **পোক্খর ৱস্স**—পুষ্পবৃষ্টি; তুষার ঝড়।

**পোক্খরণী**—পুষ্করিণী; পুকুর; জলের কৃত্রিম ডোবা।

**পোঙ্খ**—'পুঙ্খ' দেখুন।

**পোট্ঠপাদ**—একটি মাসের নাম; সেপ্টেম্বর-অক্টোবর (আশ্বিন মাস)।

**পোঠন**—পিটানো; আঘাতকরণ।

**পোঠেতি**—(পোথ্+এ) পিটানো; আঘাত করা; (কারও প্রতি অবজ্ঞা প্রদর্শনার্থ) তুড়ি মারা। *aor* **পোঠেসি**। *pp* **পোঠিত**। *abs* **পোঠেত্বা**। *pass* **পোঠীযতি**।

**পোথিযমান**—প্রহৃতমান।

**পোণ**—বঙ্কুরভাবে বা খাড়াভাবে নেমে এসেছে এমন; নিম্নাভিমুখ; আবরণ; আচ্ছাদন; অগ্রগামী; পূর্ববর্তী।

**পোত**—১ জীবজন্তুর সন্তান-সন্ততি। ২ কচি বৃক্ষশাখা বা পল্লব; তরুণ বংশধর; (কোনো কিছুর অতিরিক্ত) উপাঙ্গ। ৩ জাহাজের নৌকা। **পোতক**—জীবজন্তুর সন্তান-সন্ততি, (*f*) **পোতিকা**। **পোতৱাহ**—নাবিক।

**পোত্থক**—পুস্তক; বই; বহি; অঙ্কনপট বা চিত্রপট প্রভৃতির জন্য ব্যবহৃত ক্যাম্বিস-কাপড়।

**পোথানিকা**—ছোরা; খঞ্জর।

**পোত্থলিক**—পুত্তলিকা; পুত্তলি; পুতুল; ক্যাম্বিস-কাপড়ের পুতল।

**পোথুজ্জনিক**—জনসাধারণের অন্তর্ভূক্ত; সাধারণ গৃহী।

**পোনোভৱিক**—পুনর্জন্মের অধীন।

**পোরাণ, পোরাণক**—প্রাচীন; বৃদ্ধ; প্রাক্তন।

**পোরিস**—পুরুষালি চেহারা; পুরুষালি গুণ; মানুষের উচ্চতা (ঊর্ধ্বে প্রসারিত হস্ত)।

**পোরিসাদ**—নরখাদক।

**পোরী**—শহরস্থ; শহর দ্বারা প্রভাবিত; সুসভ্য; সুসংস্কৃত; মার্জিত ভদ্র বা ভব্য।

**পোরোহিচ্চ**—পুরোহিতের দপ্তর বা কার্যালয়।

**পোস**—মানুষ; নর; পুরুষ।

**পোসক**—পোষক; ভরণপোষণকারী; লালনপালন করে এরূপ।

**পোসিকা**—ধাত্রী; সৎমা।

**পোসথ**—('উপোসথ' দেখুন)। **পোসথিকা**—উপবাসব্রত পালন করে এমন।

**পোসন**—পোষণ; ভরণপোষণ; লালনপালন।

**পোসাৱনিক**—কারও ভরণপোষণের ব্যয়; ভাতা; খাদ্য।

**পোসিত**—পুষ্ট; পালিত।

**পোসেতি**—(পুস্+এ) ভরণপোষণ করা; লালনপালন করা; যত্ন নেওয়া; সেবা করা; খাওয়ানো। *aor* **পোসেসি**। *prp* **পোসেন্ত**। *ptp* **পোসেতব্ব**। *abs* **পোসেত্বা**। *inf* **পোসেতুং**।

**প্লব**—ভাসন্ত; উডুপ; ভেলা। **প্লবন**—লম্ফন; সন্তরণ; ভেসে থাকা।

**প্লবঙ্গম**—বানর।

# ফ

**ফগ্‌গু**—উপবাসের সময়; অনশন কাল।

**ফগ্‌গুণ**—ফাল্গুন; মাসের নাম (ফেব্রুয়ারি-মার্চ)। **ফগ্‌গুণী**—বিশিষ্ট ব্যক্তিগণের সমাবেশের নাম।

**ফণ**—সাপের ফণা। **ফণক**—সাপের ফণার আকৃতির যন্ত্রবিশেষ, যা চুল মসৃণ করার কাজে ব্যবহৃত হয়।

**ফণী**—গোক্ষুরসর্প; গোখুরা।

**ফন্দতি**—(ফদ্‌+ং-অ) (ভয় শীত দুর্বলতা বাতাস প্রভৃতিতে) কাঁপা বা কাঁপানো; (হৃৎপিণ্ড বা নাড়ি সম্বন্ধে) বেগে স্পন্দিত হওয়া; ধড়ফড় করা; নাড়ানো বা নড়া; চালানো বা চলা। *aor* **ফন্দি**। *pp* **ফন্দিত**। *prp* **ফন্দমান**। *abs* **ফন্দিত্বা**।

**ফন্দন, ফন্দনা**—স্পন্দন; ধড়-ফড়ানি; চলন; আলোড়ন।

**ফন্দিত**—বিক্ষোভ; উত্তেজনা।

**ফরণ**—পরিব্যাপন; বর্ষণ; শিহরণ; রোমাঞ্চ। **ফরণক**—পরিব্যাপক; আবরক; রোমাঞ্চকর।

**ফরতি**—(ফর্‌+অ) (কিছুকে) পরিব্যাপ্ত করা; (কিছুর ওপরে) ঢেলে দেওয়া বা বর্ষণ করা; ছেয়ে ফেলা; আবৃত করা; পূর্ণ করা। *aor* **ফরি**। *pp* **ফরিত**। *abs* **ফরিত্বা**। *prp* **ফরন্ত**।

**ফরসু, পরসু**—ক্ষুদ্র কুঠারবিশেষ।

**ফরুস**—পরুষ; রূঢ়; কর্কশ; কঠোর; নির্দয়। **ফরুস বচন, ফরুসাবাচা**—পরুষ বাক্য; রূঢ় বাক্য; কর্কশ কথা; কঠোর বাক্য; নির্দয় বাক্য।

**ফল**--ফসল; ফলাফল; পরিণতি; ফললাভ; আশাসিদ্ধি; অস্ত্রের ফলাবিশেষ। **ফলচিত্ত**—পথের ফললাভ বা আশাসিদ্ধ। **ফলট্‌ঠ**—ফলস্থ; পথের উপভোগে স্থাপিত। **ফলখিক**—ফলার্থী ফলের প্রত্যাশিত। **ফলদ্যাযী**—ফলদায়ক; সুবিধাজনক; লাভজনক; ফল উৎপাদক। **ফলরুহ**—বীজোৎপন্ন। **ফলবন্ত**—ফলবন্ত; ফলবান। **ফলাফল**—বিভিন্ন প্রকার ফল। **ফলাসব**—ফলের নির্যাস।

**ফলক**—কাষ্ঠফলক; তক্তা; ঢাল; বর্ম; রক্ষক; মুখপাত্র। **ফলকাসন**—বেঞ্চ।

**ফলতি**—(ফল্‌+অ) ফল ধারণ করা; ভেঙে খুলে ফেলা; ফালি করা। *aor* **ফলি**। *pp* **ফলিত**। *abs* **ফলিত্বা**। *prp* **ফলন্ত**।

**ফলী**—ফলসমেত (বৃক্ষ); ফলবান।

**ফলু**—(নল, খাগড়া প্রভৃতির) গ্রন্থি বা গাঁট বা গিঁট। **ফলুবীজ**—যে গাঁট বা গিঁট উদ্ভিদ জন্মায়।

**ফস্‌স**—স্পর্শ; ছোঁয়াচ; সাক্ষাৎ; সংসর্গ; সম্পর্ক।

**ফস্‌সেতি**—(ফস্‌+এ) স্পর্শ করা বা করানো; ছোঁয়া বা ছোঁয়ানো; সফলকাম হওয়া; অভীষ্টলাভ করা; অর্জন করা; লক্ষ্যে পৌঁছানো। *aor* **ফস্‌সেসি**। *pp* **ফস্‌সেসিত**। *abs* **ফস্‌সেসিত্বা**।

**ফাণিত**—গুড়। **ফাণিতপুট**—গুড়ের জন্য পত্রাধার।

**ফাতিকম্ম**—পুনরুদ্ধার; পুনরানয়ন; পুনঃস্থাপন; বৃদ্ধি।

**ফাল**—১ লাঙলের ফাল। ২ গাছ চেরার বা ফালি করার একপ্রকার যন্ত্র। ৩ অর্ধেক বা এক ফালি লোনা মাছ।

**ফালক**—চেরে অথবা ভাঙে এমন।

**ফালন**—ফাঁড়ন; চিড়ন।

**ফালেতি**—(ফাল+এ) ভেঙে ফেলা; ভাঙন; পরস্পর বিচ্ছিন্ন করে কাটা; চেরা; ফাঁড়া। *aor* **ফালেসি**। *pp* **ফালিত**। *prp* **ফালেন্ত**। *abs* **ফালেত্বা**। *inf* **ফালেতুং**।

**ফাসু**—১ আরাম; শান্তি; যন্ত্রণা বা দুর্দশা হতে মুক্তি। ২ আরামদায়ক; আরামপূর্ণ; শান্তিপূর্ণ; অনায়াস। **ফাসুক**--আনন্দপূর্ণ; উপযোগী; সুবিধাজনক।

**ফাসুকা, ফাসুলিকা**—পঞ্জরাস্থি; পাঁজর; পঞ্জর ও জঙ্ঘার মধ্যবর্তী পার্শ্বদেশ।

**ফিয়**—দাঁড়; বৈঠা; দাঁড়ি; মাঝি।

**ফীত**—ধনবান; সমৃদ্ধ; সফল; উন্নতিশীল; ধনী।

**ফুট**—('ফরতি'র *pp*) পরিব্যাপ্ত; ছড়িয়ে পতিত; ছড়ানো; প্রসারিত।

**ফুট্‌ঠ**—('ফুসতি'র *pp*)।

**ফুল্ল, ফুল্লিত**—সম্পূর্ণ প্রকাশিত বা বিশদ বিস্তৃত বা সম্প্রসারিত পূর্ণ বিকশিত বা প্রস্ফুটিত।

**ফুসতি**—(ফুস্‌+অ) স্পর্শ করা; পৌঁছানো; নাগাল পাওয়া; অর্জন করা। *aor* **ফুসি**। *prp* **ফুসন্ত, ফুসমান**। *pp* **ফুসিত, ফুট্‌ঠ**। *abs* **ফুসিত্বা**।

**ফুসন, ফুসনা**—স্পর্শন।

**ফুসিত, ফুসিতক**—ফোঁটা; বিন্দু; স্পর্শ।
**ফুসিযতি**—('ফুসতি'র *pass*) স্পৃষ্ট হওয়া।
**ফুস্‌স**—১ মাসের নাম বিশেষ (ডিসেম্বর-জানুয়ারি); পৌষ মাস; সমাবেশের নাম বিশেষ। ২ উজ্জ্বল বর্ণের; মঙ্গলজনক। **ফুস্‌সরথ**—(সিংহাসনের উত্তরাধিকারী অনুসন্ধানের জন্যে স্বেচ্ছায় ভ্রাম্যমাণ) রাজরথ। **ফুস্‌সরাগ**—পুষ্পরাগ মণি; পোখরাজ।
**ফেগ্‌গু**—গাছের সারাংশের বা তরুমজ্জার বহির্ভাগের কাঠ; অপদার্থ বস্তু।
**ফেণ**—ফেনা; বুদ্বুদ; যে ময়লাদি উপরিভাগে ফেনিয়ে ওঠে; গাঁজলা। **ফেণপিণ্ড**—এক দলা বা ডেলা ফেনা। **ফেণুদ্দেহক**—ফেনা নিক্ষেপক।
**ফেণিল**—সোপ-বেরি (Soap-berry plant) গাছ।
**ফোট, ফোটক**—স্ফোটক; ফোঁড়া; বিস্ফোটক; ফোসকা; ফুসকুড়ি।
**ফোট্‌ঠব্ব**—স্প্রষ্টব্য; সংস্পর্শ।

# ব

**বক**—সারস; সারসজাতীয় পক্ষীবিশেষ।
**বজ্‌ঝতি**—('বন্ধতি'র *pass*) আবদ্ধ বা বন্দী হওয়া; (ফাঁদ প্রভৃতিতে) ধৃত হওয়া।
**বত্তিংসতি**—বত্রিশ।
**বদর**—বদরী ফল; কুল। **বদরমিস্‌স**—বদরীর সহিত মিশ্রিত।
**বদরী**—বদরী বৃক্ষ; কুলগাছ।
**বদালতা**—মিষ্ট স্বাদপূর্ণ লতা।
**বদ্ধ**—('বন্ধতি'র *pp*) আবদ্ধ; ফাঁদ-বদ্ধ; দৃঢ়ভাবে আবদ্ধ; দৃঢ়, অটল, অদম্য করা হয়েছে এমন; একত্রে রক্ষিত। **বদ্ধঞ্জলিক**—শ্রদ্ধাপ্লুত হয়ে হাত-জোড় করে। **বদ্ধারাব**—ফাঁদে আবদ্ধের বা ধৃতের চিৎকার। **বদ্ধবের**—১ চুক্তিবদ্ধ শত্রুতা। ২ চুক্তিবদ্ধ শত্রুতাগ্রাহী।
**বধির**—কালা; যে শুনতে পায় না।
**বন্ধ, বন্ধন**—বন্ধনী; পটি; পায়ের বেড়ি; বন্ধক; প্রতিবন্ধক; সম্বন্ধ; আসঞ্জন; সংযোজন; আসক্তি; অনুরাগ; কারাদণ্ড।
**বন্ধতি**—(বন্ধ+অ) বন্ধন করা; সংযুক্ত হওয়া বা করা; মিলিত হওয়া বা করা। একতাবদ্ধ করা বা হওয়া; কারারুদ্ধ করা; দখল করা; রচনা করা। *aor* **বন্ধি**। *pp* **বদ্ধ**। *prp* **বন্ধন্ত**। *abs* **বন্ধিত্বা; বন্ধিয**। *inf* **বন্ধিতুং**। *ptp* **বন্ধিতব্ব; বন্ধনীয**।
**বন্ধন**—বাঁধন; দাসত্ববন্ধন; বন্ধনের যা কিছু। **বন্ধনাগার**—কারাগার। **বন্ধনাগারিক**—কয়েদি; কারারক্ষী।
**বন্ধব**—জ্ঞাতি; আত্মীয়; সম্বন্ধযুক্ত; সংযুক্ত; সম্বন্ধ।
**বন্ধাপেতি**—(*caus* of বন্ধতি) বন্ধন করানো; আবদ্ধ করান; বেড়ি পরিহিত করানো; বাধাপ্রাপ্ত করানো। *aor* **বন্ধাপেসি**। *pp* **বন্ধাপিত**।
**বন্ধু**—'বন্ধব' দেখুন। **বন্ধুজীবক**—জবা ফুল ও তার গাছ। **বন্ধুমন্ত**—আত্মীয়-স্বজন আছে এমন; জ্ঞাতি-ভরপুর।
**বব্বজ**—*Andropogon muricatus* (বীরণ ঘাসের) সুগন্ধযুক্ত বা সুরভিত মূল।
**বব্বু, বব্বুক**—বিড়াল।
**বরিহিস**—কুশ ঘাস।
**বল**—শক্তি; ক্ষমতা; জোর; সৈন্যবাহিনী; ফৌজ; সৈনিক; সংগ্রাম সংক্রান্ত বা সামরিক বা শক্তি। **বলকায**—সৈন্যবাহিনী; ফৌজ। **বলকোট্‌ঠক**—সুরক্ষিত আশ্রয়; দুর্গ; দুর্গসংরক্ষিত স্থান নগর প্রভৃতি; নগরদুর্গ। **বলক্কার**—বলাৎকার; বলপ্রয়োগ; ধর্ষণ; বলপূর্বক ধর্ষণ; প্রচণ্ডতা। **বলদ**—বলদাতা; শক্তিদায়ক। **বলদান**—শক্তি প্রদান। **বলপ্পত্ত**—বলপ্রাপ্ত; শক্তিপ্রাপ্ত; ক্ষমতায় আসীন; শক্তিমান। **বলবন্ত**—ক্ষমতাবান; ক্ষমতাশালী। **বলবাহন**—সৈন্য ও যানবাহন।
**বলট্‌ঠ, বলত্থ**—সৈনিক; সৈন্যবাহিনীর সদস্য।
**বলাকা**—বাদামি রঙের সারস।
**বলি**—ধর্মীয় উৎসর্গ; কর; খাজনা; রাজস্ব। **বলিকম্ম**—বলিকর্ম; উৎসর্গ; উৎসর্গীকৃত বস্তু; নৈবেদ্য। **বলিপটিগ্‌গাহক**—উৎসর্গ বা নৈবেদ্য অথবা খাজানা প্রতিগাহক (গ্রহণকারী)। **বলি-পুট্‌ঠ**—বলিপুষ্ট; কাক। **বলিহরণ**—রাজস্ব আদায়।
**বলিবদ্দ**—বলিবর্দ; ষাঁড়; বৃষ।
**বলী**—শক্তিশালী; বলশালী; ক্ষমতাবান; বলবান; শক্তিমান; শক্ত।
**বহল**—গভীর; নিবিড়; গহন; দুর্গম। **বলত্থ**—গভীরতা।
**বহাবাধ**—রোগগ্রস্ত; ব্যাধিগ্রস্ত।
**বহি**—বহিস্থ; বাহ্যিক; বাহ্য। **বহিগত**—বহির্গত; বাইরে গিয়েছে এরূপ। **বহিনগর**—বাইরের শহর; নগরের বাইরে। **বহিনিক্‌খমন**—বহির্নিষ্ক্রমণ; বহির্গমন।

**বহিদ্ধা**—বহির্ভাগ; বহির্দিক; বাহ্যিক।

**বহু**—অনেক; অনেক পরিমাণ; অনেক সংখ্যক; প্রচুর; বহুজন। **বহুক**—অনেক অনেক। **বহুকরণীয়, বহুকিচ্চ**—বহু করণীয়, বহু কৃত্য; বহু কার্য; ব্যস্ত। **বহুকার**—বড় বা মহৎ কাজ; অত্যন্ত প্রয়োজনীয়। **বহুক্খত্তুং**—অনেকবার; অনেক সময়। **বহুজন**—অনেক লোক; বহুলোক; জনসাধারণ। **বহুজাগর**—অত্যন্ত জাগ্রৎ; অতিশয় সতর্ক। **বহুধন**—অনেক ধনসম্পদ। **বহুপ্পদ**—বহুপদী; বহুপ্রদ; বড় দাতা; বহু দানকারী। **বহুব্বীহি**—(The Relative Compound) বহুব্রীহি (ব্যাকরণে সমাস বিশেষ)। **বহুভণ্ড**—দ্রব্যসামগ্রীর পরম প্রাচুর্য আছে এমন। **বহুভানী**—ক্রমাগত কথা বলার স্বভাববিশিষ্ট; বাক্যবাগীশ। **বহুভার**—প্রয়োজনাধিক পরিমাণ; পরম প্রাচুর্য। **বহুমত**—অতীব সশ্রদ্ধ; অত্যন্ত শ্রদ্ধেয়; বহুজন গৃহীত বা স্বীকৃত। **বহুমান, বহুমানন**—সম্মান; শ্রদ্ধা; ভক্তি। **বহুমানিত**—অত্যন্ত শ্রদ্ধেয়। **বহুবচন**—একাধিক ব্যক্তি বস্তু বা বিষয় বাচক পদ। **বহুবিধ**--নানাবিধ; বিবিধ; বহু বা বিভিন্ন আকারবিশিষ্ট। **বহুস্সুত**—অত্যন্ত পণ্ডিত; বিদ্বান; বিশেষজ্ঞ।

**বহুত্ত**—বহুত্ব; বিবিধত্ব; নানাবিধতা; বহুতা; বৃহৎ সংখ্যা; সংখ্যাধিক্য।

**বহুধা**—নানা উপায়ে; বিবিধ উপায়ে।

**বহুল**—প্রচুর; বহুসংখ্যক। **বহুলতা, বহুত্ত**—প্রাচুর্য; বহুত্ব। **বহুলং**—অধিকাংশ ক্ষেত্রে; প্রায়শ; বারংবার; ঘনঘন। **বহুলীকত**—বারংবার বা ঘনঘন অনুশীলিত। **বহুলীকরণ, বহুলীকম্ম,** nt **বহুলীকার**—অবিশ্রান্ত অনুশীলন; প্রবল উৎসাহে বা উদ্দীপনায় অভ্যাস বা চর্চা বা অনুশীলন।

**বহুলীকরোতি**—(বহুল+ঈ+কর্+ও) ঐকান্তিকভাবে বা আন্তরিকতার সহিত মেনে নেওয়া; আয়তনে বা সংখ্যায় বৃদ্ধি পাওয়া বা করা। *aor* **বহুলীকরী**। *pp* **বহুলীকত**।

**বহুসো**—অধিকাংশ ক্ষেত্রে; প্রায়শ; বারংবার; ঘনঘন; পুনঃপুন।

**বহূপকার**—অত্যন্ত সহায়ক; খুব উপকারী; কাজের।

**বাণ**—তীর; ইষু; শর। **বাণধি**—তূণীর; বাণ রাখার আধার।

**বাধক**—বাধাজনক; প্রতিবন্ধক। **বাধকত্ত**—বাধাদায়ক বা প্রতিবন্ধক সৃষ্টিকর হবার প্রকৃত অবস্থা।

**বাধতি**—(বাধ্+অ) ব্যাহত করা; বাধা দেওয়া; প্রভাবান্বিত করা; জালে ফেলা; ফাঁদে আটকানো। *aor* **বাধি**। *pp* **বাধিত**। *abs* **বাধিত্বা**।

**বাধন**—বাধা; নিদারুণ যন্ত্রণা দান; উৎপীড়ন; জাল; ফাঁদ; পাশ; প্রলোভন; আটকানো।

**বাধা**—প্রতিবন্ধক; বাধাজনক।

**বাধিত**—('বাধেতি'র *pp*)।

**বাধেতি**—(বাধ্+এ) উৎপীড়ন করা; নিদারুণ যন্ত্রণা দেওয়া; হয়রান বা নাকাল করা; জালে ফেলা; ফাঁদে আটকানো; প্রতিবন্ধক হওয়া। *aor* **বাধেসি**। *prp* **বাধেন্ত**। *abs* **বাধেত্বা**।

**বারস**—'বারো' সংখ্যা।

**বারাণসী**—বেনারস শহর। **বারাণসেয্যক**—বেনারসে প্রস্তুত; বেনারস হতে আগত।

**বাল**—নাবালক; মূর্খ; অজ্ঞান; জ্ঞানহীন; শিশু; বোকা। **বালক**—শিশু। **বালতা**—অজ্ঞানতা; মূর্খতা।

**বালা, বালিকা**—ছোট মেয়ে।

**বালিসিক**—জেলে; মৎস্যশিকারি।

**বাল্য**—শৈশব; ছেলেবেলা; মূর্খতা; বোকামি।

**বাবিসতি**—বাইশ।

**বাহা**—বাহু; খুঁটি; হাতল। **বাহাবল**—বাহুবল; বাহুর শক্তি অর্থাৎ শারীরিক পরিশ্রম।

**বাহিত**—('বাহেতি'র *pp*)।

**বাহির**—বহির্ভাগ; বহির্দেশ; বিদেশ; বহিরংশ। **বাহিরক**--অন্য বিশ্বাসের; বহিরাগত। **বাহিরকপব্বজ্জা**—বৌদ্ধভিক্ষু ব্যতীত অন্য তপশ্চর্যাপূর্ণ জীবন।

**বাহিরত্ত**—বাহিরত্ব; বাহ্যিক আচরণ।

**বাহু**—স্কন্ধ; কাঁধ হাতের আঙুল পর্যন্ত; ভুজ।

**বাহুজঞ্ঞ**—জনসাধারণের অন্তর্ভুক্ত।

**বাহুলিক**—পরম প্রাচুর্যে জীবনধারণকারী।

**বাহুল্ল, বাহুল্য**—পরম প্রাচুর্য; বিলাসে জীবন যাপন।

**বাহুসচ্চ**—মহাসত্য; মহাজ্ঞান।

**বাহেতি**—(বহ্+এ) দূরে সরে থাকা; দূরে সরিয়ে রাখা; পাহারা দেওয়া; রক্ষা করা; প্রতিহত করা; অপসারণ করা। *aor* **বাহেসি**। *pp* **বাহিত**। *abs* **বাহেত্বা**।

**বাল্হ**—বাড়; দৃঢ়; শক্ত; বাড়তি; অতিরিক্ত; প্রয়োজনের অধিক; আধিক্য। **বাল্হং**—দৃঢ়ভাবে; শক্তভাবে; অত্যধিকভাবে; অত্যন্ত বেশি পরিমাণে।

**বিদল**—ফেঁড়ে ফেলা অথবা ফালি করা মটর বা বাঁশ; কাঠের ছিলকা বা ছড়ি।

**বিন্দু**—ফোঁটা; ফুটকি; তুচ্ছ বা প্রায় মূল্যহীন বস্তু। **বিন্দুমত্ত**—বিন্দুমাত্র; ততটা বিন্দু যতটা। **বিন্দুমত্তং**—মাত্র এক বিন্দু।

**বিম্ব**—প্রতিমা; প্রতিমূর্তি; চেহারা; আকার; (সূর্য ও

চন্দ্রের) চাকতি।

**বিম্বা**—রাজকুমার সিদ্ধার্থের পত্নীর নাম।

**বিম্বিকা, বিম্বী**—*Brayonia grandis* লতা; রক্তবর্ণ ডিম্বাকৃতি ফল যে লতায় জন্মে।

**বিল**—গর্ত বা গুহা; কোটর; অংশ।

**বিলঙ্গ**—সির্কা; কাঞ্জিক। **বিলঙ্গথালিকা**—অসহ্য যন্ত্রণাদান; দৈহিক বা মানসিক যন্ত্রণা।

**বিলস**—আংশিকভাবে; পুঞ্জীভূত অবস্থায়; স্তূপাকার-ভাবে।

**বিল্ল**—Marmelos বৃক্ষ।

**বিলার**—বিড়াল। **বিলারভস্তা**—হাপর বা ভস্ত্রা; হারমোনিয়ামাদি যন্ত্রের বেলো; বায়ু-প্রবাহিকা।

**বিলালী**—বিড়ালী; স্ত্রী-বিড়াল; একপ্রকার কন্দজ বা কন্দযুক্ত বা কন্দুতুল্য বা কন্দাকার উদ্ভিদ।

**বীজ**—জীবাণু; অঙ্কুর; অঙ্কুরোদ্‌গমের উপাদান। **বীজকোস**—বীজকোষ; ফুলের শুষ্ক বীজকোষ বা বীজাধার; অণ্ডকোষ; মুষ্ক। **বীজগাম**—বীজগ্রাম; বীজরাজ্য। **বীজজাত**—বীজের শ্রেণী, রকম ও প্রকার। **বীজবীজ**—বীজের সাহায্যে বংশবিস্তারপ্রাপ্ত উদ্ভিদ।

**বীভচ্চ**—বীভৎস; ভয়ঙ্কর।

**বীরণ**—তৃণবিশেষ [*Andropogon muricatus*], যার সুগন্ধযুক্ত বা সুরভিত মূল জন্মায়। **বীরণথম্ভ**—বীরণ তৃণের ঝোপ।

**বুজ্‌ঝতি**—(বুধ্‌+য) জানা; বোঝা; হৃদয়ঙ্গম করা; জাগ্রত হওয়া; সচেতন হওয়া। *aor* **বুজ্‌ঝি**। *pp* **বুদ্ধ**। *prp* **বুজ্‌ঝন্ত**। *abs* **বুজ্‌ঝিত্বা**।

**বুজ্‌ঝন**—বোধন; জাগরণ; জ্ঞানার্জন। **বুজ্‌ঝনক**—বুদ্ধিমান; বিচক্ষণ; দূরদর্শী।

**বুজ্‌ঝিতু**—জাগ্রত হয় বা জ্ঞানালোকপ্রাপ্ত হয় এরূপ।

**বুড্‌ঢ**—বয়োজ্যেষ্ঠ; জ্যেষ্ঠ; বৃদ্ধ। **বুড্‌ঢতর**—বৃদ্ধতর।

**বুদ্ধ**—জ্ঞানালোক অর্জন করেছেন এরূপ; মহাজ্ঞানী। **বুদ্ধকারক-ধম্ম**—বুদ্ধত্ব আনয়নকারী অভ্যাস, চর্চা, অনুশীলন। **বুদ্ধকাল**—বুদ্ধের আবির্ভাব হওয়ার কাল বা সময়। **বুদ্ধকোলাহল**—বুদ্ধের আগমন ঘোষণা। **বুদ্ধকখেত্ত**—বুদ্ধক্ষেত্র; যে লোকে বা যে কর্মক্ষেত্রে বুদ্ধশক্তি বর্তমান। **বুদ্ধগুণ**—বুদ্ধের গুণ। **বুদ্ধঙ্কুর**—যিনি বুদ্ধ হবেন বলে নির্ধারিত। **বুদ্ধচকখু**—পূর্ণ স্বতঃলব্ধ জ্ঞানের কর্মশক্তি। **বুদ্ধঞাণ**—বুদ্ধজ্ঞান; অপরিসীম জ্ঞান। **বুদ্ধ-অন্তর**—এক বুদ্ধের আবির্ভাবের পর পরবর্তী বুদ্ধের আবির্ভাবের মধ্যবর্তী সময়। **বুদ্ধপুত্ত**—বুদ্ধ পুত্র; বুদ্ধের শিষ্য। **বুদ্ধবল**—বুদ্ধের বলবত্তা। **বুদ্ধভাব**—বুদ্ধত্ব। **বুদ্ধভূমি**—বুদ্ধত্ব লাভের স্থান। **বুদ্ধমামক**—বুদ্ধে উৎসর্গিত বা আসক্তিত বা সংযুক্ত। **বুদ্ধরস্মি, বুদ্ধরংসি**—বুদ্ধের দেহ থেকে নির্গত জ্যোতি। **বুদ্ধলীল্‌হা**—বুদ্ধলীলা; বুদ্ধের সদ্‌গুণাবলি। **বুদ্ধবচন**—বুদ্ধের শিক্ষা। **বুদ্ধবিসয**—বুদ্ধের এলাকা। **বুদ্ধবেনেয্য**—বুদ্ধ কর্তৃক দীক্ষিত হওয়া। **বুদ্ধসাসন**—বুদ্ধের অনুশাসন বা শিক্ষা। **বুদ্ধানুভাব**—বুদ্ধের ঋদ্ধিশক্তি। **বুদ্ধানুস্সতি**—বুদ্ধের গুণানুস্মরণ। **বুদ্ধারম্মণ, বুদ্ধালম্বন**—বুদ্ধকে আরম্মণ বা আলম্বন হিসাবে গ্রহণ। **বুদ্ধ উপট্‌ঠাক**—বুদ্ধ-পরিচারক; বুদ্ধ-অনুগামী। **বুদ্ধউপ্পাদ**—বুদ্ধ উৎপত্তির বা জন্মের যুগ।

**বুদ্ধত্ত**—বুদ্ধত্ব লাভের পারিপার্শ্বিক অবস্থা।

**বুদ্ধি**—পাণ্ডিত্য; বিজ্ঞতা; অভিজ্ঞতা; বিচক্ষণতা; বোধশক্তি; বুদ্ধিমত্তা। **বুদ্ধিমন্ত, বুদ্ধিসম্পন্ন**—পণ্ডিত; বিজ্ঞ; অভিজ্ঞ; বিচক্ষণ; বোধশক্তিসম্পন্ন; বুদ্ধিমান।

**বুধ**—পণ্ডিত ব্যক্তি; বিজ্ঞ ব্যক্তি; অভিজ্ঞ লোক; বুধগ্রহ। **বুধবার**—বুধ নামে কথিত দিন।

**বুব্বুল, বুব্বুলক**—শূন্যগর্ভ; অলীক বস্তু বা বিষয়; বাজে বা প্রতারণামূলক পরিকল্পনা।

**বুভুক্‌খতি**—(ভুজ্‌+খ; 'ভূ' দ্বিত্ব হয়; প্রথম 'ভ', 'ব'-এ এবং 'জ', 'ক'-এ পরিণত হয়) খাওয়ার বা ভোজন করার ইচ্ছা করা। *aor* **বুভুক্‌খি**। *pp* **বুভুক্‌খিত**।

**বেলুব**—*Aegle marmelos* বৃক্ষ। **বেলুবপক্ক**—marmelos বৃক্ষে পাকা ফল। **বেলুব সালাটুক**—marmelos গাছের কাঁচা ফল।

**বোজ্‌ঝঙ্গ**—বোধ্যঙ্গ; জ্ঞান বা পাণ্ডিত্যের অন্যতম উপাদান বা হেতু।

**বোধ, বোধন**—আলোকসম্পাত; আলোকপ্রাপ্ত অবস্থা; জ্ঞান। **বোধনীয, বোধনেয্য**—আলোক-সম্পাত হবার যোগ্য; আলোকপ্রাপ্ত হতে সক্ষম।

**বোধি**—মহত্তম বা সর্বোত্তমকৃষ্ট জ্ঞান; **মহাজ্ঞান**—বৃক্ষ। **বোধিঅঙ্গণ**—যে উঠানে বা অঙ্গনে বোধিবৃক্ষ দাঁড়িয়ে আছে। **বোধিপকখিক, বোধিপকখিয**—বোধিজ্ঞান লাভের বা আলোকসম্পাতের। **বোধিপাদপ, বোধিরুকখ**—বোধিতরু; *Ficus religiosia*। **বোধিপূজা, বোধিমহ**—বোধিবৃক্ষের

নিকট নৈবেদ্য। **বোধিমণ্ড**—বোধিবৃক্ষের তলে বোধিজ্ঞান লাভের সময়ে বুদ্ধ যেখানে আসন গ্রহণ করেছিলেন সেই ভূমি। **বোধিমূল**—বোধিবৃক্ষের তলদেশ বা মূল।

**বোধেতি**—(বুধ্‌+এ) জাগানো; জাগ্রত করানো; আলোকিত করানো। *aor* **বোধেসি**। *pp* **বোধিত**। *prp* **বোধেন্ত**। *abs* **বোধেত্বা**।

**বোধেতু**—জাগায় বা জাগরিত করায় এমন; যে আলোকিত করায়।

**বোন্দি**—দেহ; শরীর।

**ব্যগ্‌গ**—ব্যাঘ্র; বাঘ।

**ব্যঞ্জন**—এক স্বরবিশিষ্ট শব্দ বা শব্দাংশ; ব্যঞ্জনবর্ণ; সঙ্কেত বা চিহ্ন; তরকারি; আনাজ।

**ব্যাপাদ**—অমঙ্গল কামনা; পরশ্রীকাতরতা।

**ব্যাম**—বাঁও; দুই বাহু দুইদিকে প্রসারিত করলে যে বিস্তার হয় তার মাপ (ছয় ফুট আন্দাজ)। **ব্যামপ্পভা**—বুদ্ধের মস্তক বেষ্টনকারী জ্যোতিশ্চক্র বা বর্ণবলয় অথবা অলৌকিক মহিমা বা দীপ্তি।

**ব্যূহ**—সৈন্যবাহিনী বিন্যাস; দল; সমাবেশ।

**ব্রহন্ত**—অসীম; প্রকাণ্ড; বিশাল; অত্যুচ্চ; দৈত্যবৎ; অপরিমেয় (বহুব্রীহিতে ইহা 'ব্রহা' আকার ধারণ করে, ঠিক 'মহন্ত' হতে যেমন 'মহা' ধারণ করে।

**ব্রহ্ম**—ব্রহ্মা; সৃষ্টিকর্তা। **ব্রহ্মকায়িক**—ব্রহ্মগণের দলভুক্ত। **ব্রহ্মঘোস**—ব্রহ্মের অনুরূপ শব্দধারণকারী। **ব্রহ্মচরিয়**—ব্রহ্মচর্য; ধার্মিক; জীবন; পূর্ণ বিশুদ্ধতা বা সংযম। **ব্রহ্মচারী**—(হাবভাবে ও রুচিতে) মার্জিত ও বিশুদ্ধ জীবনযাপনকারী। **ব্রহ্মজচ্চ**—ব্রহ্মবর্ণ অন্তর্ভুক্ত। **ব্রহ্মঞ্ঞ, ব্রহ্মঞ্ঞতা**—ব্রহ্মণ্য; ব্রহ্মণ্যতা; ব্রাহ্মণত্ব; বিশুদ্ধ জীবন; পবিত্র জীবন। **ব্রহ্মদণ্ড**—কারও সহিত আনাগোনা ও বাক্যালাপ বন্ধ করে এক প্রকার শাস্তি। **ব্রহ্মদেয্য**—রাজকীয় দান। **ব্রহ্মপত্ত**—সর্বোচ্চ অবস্থায় উপনীত। **ব্রহ্মবন্ধু**—ব্রহ্ম অর্থাৎ ব্রাহ্মণের কুটুম্ব। **ব্রহ্মভূত**—একান্ত পরমোৎকৃষ্ট। **ব্রহ্মলোক**—ব্রহ্মগণের জগৎ। **ব্রহ্মবিমান**—ব্রহ্মের বৃহৎ বাসভবন। **ব্রহ্মবিহার**—দৈব; দিব্য; দেবোপম; স্বর্গীয়; পূত, পবিত্র অবস্থা; মেত্তা, করুণা, মুদিতা ও উপেক্‌খা–র (মৈত্রী, করুণা, মুদিতা ও উপক্ষোর) সমষ্টিগত নামবিশেষ।

**ব্রাহ্মণ**—ব্রাহ্মণ বংশের লোক; বেদজ্ঞ। **ব্রাহ্মণকঞ্ঞা**—ব্রাহ্মণকন্যা; ব্রাহ্মণের মেয়ে। **ব্রাহ্মণবাচনক**—ব্রাহ্মণ কর্তৃক বেদ আবৃত্তি। **ব্রাহ্মণবাটক**—যে স্থানে ব্রাহ্মণগণের সমাবেশ হয়।

**ব্রূতি**—(ব্রূ+অ) বলা; কথা বলা। *aor* **অব্রবি**। *prp* **ব্রুবন্ত**। *abs* **ব্রুবিত্বা**।

**ব্রূহন**—উন্নয়ন; বৃদ্ধি।

**ব্রূহেতি**—(বুহ্‌+এ) বৃদ্ধি করা; বাড়ানো; উন্নয়ন করা। *aor* **ব্রূহেসি**। *pp* **ব্রূহিত**। *prp* **ব্রূহেন্ত**। *abs* **ব্রূহেত্বা**।

**ব্রূহেতু**—বাড়ায় এরূপ।

---

# ভ

---

**ভক্‌খ**—ভক্ষ্য; ভক্ষণ করার উপযুক্ত; খাবার যোগ্য; ভোজনযোগ্য;. খাদ্য; শিকার; ভোজ্য সামগ্রী।

**ভক্‌খক**—ভক্ষক; ভক্ষণ করে এমন; যে খায়; খেয়ে জীবন ধারণ।

**ভক্‌খতি**—(ভক্খ+অ) ভক্ষণ করা; খাওয়া; আহার করা; (কোনো বস্তু) খাদ্যরূপে গ্রহণ করা; খেয়ে বাঁচা। *aor* **ভক্‌খি**। *pp* **ভক্‌খিত**। *inf* **ভক্‌খিতুং**।

**ভক্‌খন**—ভক্ষণ; ভোজন।

**ভক্‌খেতি**—(ভক্খ্‌+এ) 'ভক্‌খতি' দেখুন।

**ভগ**—ভাগ্য; অদৃষ্ট; স্ত্রী–ইন্দ্রিয়। **ভগন্দলা**—ভগন্দর। **ভগবন্ত**—ভাগ্যবন্ত; ভাগ্যবান; বুদ্ধ।

**ভগিনী**—ভগ্নী; বোন।

**ভগ্‌গ**—('ভঞ্জতি'র *pp*) ভগ্ন; ভাঙা।

**ভঙ্গ**—ভাঙা বা বাঁকা ভাব; স্থানচ্যুতি; শণে তৈরি বস্ত্র। **ভঙ্গক্‌খন**—ভঙ্গক্ষণ; স্থানচ্যুতির সময়। **ভঙ্গানুপস্‌সনা**—ভঙ্গানুদর্শন।

**ভচ্চ**—ভৃত্য; চাকর; অনুচর; পুষ্ট বা লালিত পালিত হওয়া।

**ভজতি**—(ভজ্‌+অ) একত্র হওয়া; মিলিত হওয়া; সংসর্গে থাকা। *aor* **ভজি**। *pp* **ভজিত**। *prp* **ভজমান**। *abs* **ভজিত্বা**। *ptp* **ভজিতব্ব**।

**ভজন**—সংসর্গে অবস্থান।

**ভজ্জতি**—(ভজ্‌+অ) একত্র হওয়া; মিলিত হওয়া; সংসর্গে থাকা। *aor* **ভজ্জি**। *pp* **ভজ্জিত**। *prp* **ভজ্জমান**। *abs* **ভজ্জিত্বা**। *ptp* **ভজ্জিযতি**।

**ভঞ্জক**—ভাঙে বা নষ্ট করে এরূপ।

**ভঞ্জতি**—(ভঞ্জ্‌+এ) ভাঙ্গন; ধ্বংস করা; নষ্ট করা। *aor* **ভঞ্জি**। *pp* **ভগ্‌গ, ভঞ্জিত**। *prp* **ভঞ্জন্ত, ভঞ্জমান**। *abs* **ভঞ্জিত্বা**।

**ভঞ্জন**—ভাঙ্গন; চূর্ণন; ধ্বংস; বিনাশ; বিলয়। **ভঞ্জক**—বিদারক; বিনাশক।

**ভট**—সৈনিক; সহজাত বর্মাবৃত প্রাণী; শান্তিরক্ষক; ভাড়াটে কর্মী। **ভটসেনা**—পদাতিক সৈন্য।

**ভট্‌ঠ**—('ভজ্জতি'র *pp*) ভ্রষ্ট; তাপ-পীড়িত; তাপ-দগ্ধ; অগ্নিদগ্ধ; পতিত।

**ভণতি**—(ভণ্‌+অ) কথা বলা; বলা; আলাপ করা; ধর্মোপদেশ দেওয়া। *aor* **ভণি**। *pp* **ভণিত**। *prp* **ভণন্ত**। *ptp* **ভণিতব্ব**। *abs* **ভণিত্বা**। *inf* **ভণিতুং**।

**ভণিত**—যে কথা বলা হয়েছে তা।

**ভণে**—প্রায়ই নিম্নতরের উদ্দেশ্যে ব্যবহৃত উক্তি বিশেষ।

**ভণ্ড, ভণ্ডক**—মাল; পণ্যদ্রব্যসমূহ; কারিগরি যন্ত্র; বস্তু। **ভণ্ডাগার**—মালগুদাম অথবা ধনাগার। **ভণ্ডাগারিক**—ভাণ্ডারী; গুদামরক্ষক; কোষাধ্যক্ষ; কোষপাল; খাজাঞ্চি।

**ভণ্ডতি** (ভণ্ড্‌+অ), **ভণ্ডেতি** (ভণ্ড্‌+এ)—খুঁতখুঁত করা; ঝগড়া করা; বিবাদে মগ্ন হওয়া; ভিন্নমত প্রকাশ করা। *aor* **ভণ্ডি, ভণ্ডেসি**। *abs* **ভণ্ডেত্বা**।

**ভণ্ডন**—ঝগড়া; কলহ; বিতর্ক; বাদানুবাদ।

**ভণ্ডিকা**—আঁটি; তাড়া; গোছা; গাটরি; গাঁইট; পুলিন্দা।

**ভণ্ডু**—যে ব্যক্তি মুণ্ডিত। **ভণ্ডুকম্ম**—মুণ্ডন; ক্ষৌরকর্ম।

**ভত**—('ভরতি'র *pp*) লালিতপালিত; প্রতিপালিত; গঠিত; দাস; চাকর।

**ভতক**—ভাড়াটে চাকর।

**ভতি**—পারিশ্রমিক; মজুরি; বেতন বা পাওনা; ফি।

**ভত্ত**—ভাত; সিদ্ধ চাউল; খাদ্য; ভোজন। **ভত্ত-কিচ্চ**—খাদ্যগ্রহণ; ভোজনকৃত্য। **ভত্তকারক**—পাচক; রন্ধনকারী; রাঁধুনি। **ভত্তকিলমথ, ভত্তসম্মদ**—ভোজনের পর তন্দ্রাচ্ছন্নভাব বা জড়তা। **ভত্তগাম**—যে গ্রাম কর দেয় অথবা সেবা করে। **ভত্ত-অগ্গ**—(প্রধানত মঠের) ভোজনকক্ষ। **ভত্তপুট**—খাদ্যের বা খাদ্যবস্তুর পুলিন্দা। **ভত্তবিস্‌সগ্গ**—খাদ্য-পরিবেশক বা পরিবেশন। **ভত্তবেতন**—ভাত আর বেতন; খাদ্য ও মজুরি। **ভত্তবেলা**—ভোজনকাল; খাবার সময়।

**ভত্তি**—ভক্তি; উৎসর্জন; আরাধনা; গভীর অনুরক্তি; বিশ্বাস। **ভত্তিক, ভত্তিমন্ত**—উৎসর্গীকৃত; একান্ত-ভাবে নিয়োজিত বা অনুরক্ত; বিশ্বাসী।

**ভত্তু**—ভর্তা; পালনকর্তা; ধারণকর্তা।

**ভদন্ত, ভদ্দন্ত**—শ্রদ্ধেয়; যাজকীয়; শ্রদ্ধাভাজন ব্যক্তি।

**ভদ্দ**—ভদ্র; মহিমান্বিত; শ্রদ্ধেয়; মহান; শুভলক্ষণ-যুক্ত; মঙ্গলজনক; ভাগ্যবান; জোরকপালে; সৌভাগ্যপূর্ণ; সৌভাগ্যদায়ক; সৌভাগ্যসূচক; শুভ।

**ভদ্দক**—সৌভাগ্যসূচক বস্তু; ভালো জিনিস; উত্তমগুণসম্পন্ন; মঙ্গলজনক। **ভদ্দকচ্চানা**—রাহুলমাতা যশোধারার অন্য নাম (ভদ্র কাত্যায়না)। **ভদ্দকুম্ভ**—ভদ্রকুম্ভ; (শুভ বলে গৃহীত) পূর্ণ কলস; ভরা কলসি। **ভদ্দঘট**—ভাগ্য নির্ধারণে লটারি টানার সময়ে ব্যবহৃত পাত্র বিশেষ। **ভদ্দদারু**—এক প্রকার ঝাউ গাছ; দেবদারু গাছ। **বদ্দপদা**—গ্রহ প্রভাবের নাম বিশেষ। **ভদ্দপীঠ**—বেতের কেদারা; বেতের চেয়ার। **ভদ্দমুখ**—সুন্দর মুখমণ্ডল আছে এমন; পূর্ণতাদায়ক বা পূরক সম্বোধন; ভদ্রমুখ। **ভদ্দযোগ**—যুগল-মিলন।

**ভদ্র**—'ভদ্দ'র অনুরূপ।

**ভদ্দা, ভদ্দিকা**—ভদ্র মহিলা; অতীব ভদ্র আচরণপূর্ণ মহিলা।

**ভন্ত**—('ভমতি'র *pp*) দোলিত; আন্দোলিত; নিয়ন্ত্রিত; দোলক; নিয়ন্ত্রক; ঘূর্ণিত; উত্তোলিত; উত্তোলক। **ভন্তত্ত**—গোলমাল; বিভ্রান্তি; কিংকর্তব্যবিমূঢ়তা; বিক্ষোভ; চাঞ্চল্য; অশান্তি।

**ভন্তে**—('ভদন্ত'র voc.) শ্রদ্ধেয় প্রভো।

**ভব্ব**—ভব্য; সমর্থ; সক্ষম; দক্ষ; যোগ্য; উপযুক্ত; মানানসই। **ভব্বতা**—সামর্থ্য; সক্ষমতা; যোগ্যতা; উপযুক্ততা।

**ভম**—ঘূর্ণায়মান বস্তু; জলঘূর্ণি; ঘূর্ণিস্রোত; একপাশে সরে বা ঘুরে যাওয়া। **ভমকার**—আবর্তক; আবর্তনকারক।

**ভমতি**—(ভম্‌=অ) চক্রাকারে ঘোরা বা ঘোরানো; আবর্তিত করা বা হওয়া; বেগে ঘূর্ণিত হওয়া বা করা; উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো অথবা পরিভ্রমণ করা। *aor* **ভমি**। *pp* **ভন্ত**। *prp* **ভমন্ত**। *abs* **ভমিত্বা**।

**ভমর**—ভ্রমর; বোলতা; ভিমরুল।

**ভমরিকা**—লাটিমবিশেষ; ঘুরালে বোঁ বোঁ শব্দ হয় এমন।

**ভমু, ভমুক**—ভ্রূ; চক্ষুর উর্ধ্বস্থিত ও ললাটের নিম্নস্থিত রোমরাজি; চক্ষুর উর্ধ্বস্থিত লোমসমূহ।

**ভয**—ভয়; ভীতি; শঙ্কা; ত্রাস; আতঙ্ক। **ভযঙ্কর**—ভয়ঙ্কর; বিরক্তিজনক; খুব খারাপ; ভয়ানক; অপ্রীতিকর। **ভযদস্‌সাবী, ভযদস্‌সী**—ভয় উপলব্ধিকারক।

**ভযানক, ভযাবহ**—ভীতিজনক; ভয়ানক; ভয়াবহ; ভয় আনয়নকারী।

**ভর**—অবলম্বন। **মাতাপেত্তিভর**—পিতামাতার ভরণপোষণ করে এমন।

**ভরণ**—পালন; বহন।

**ভরতি**—(ভর্+অ) বহন করা; ভরণপোষণ করা; পালন করা। *aor* **ভরি**। *pp* **ভত**। *abs* **ভরিত্বা**।

**ভরিত**—পূরিত; পরিপূর্ণ; চালিত; প্রতিপালিত; পুষ্ট।

**ভরিযা**—ভার্যা; পত্নী; ঘরণী; স্ত্রী।

**ভল্লাতক**—মার্কিং-নাট্ গাছ (Marking-nut tree)।

**ভব**—অস্তিত্বের অবস্থা। **ভবগ্গ**—ভবাগ্র; অস্তিত্বের বা বিশ্বের সর্বোচ্চ বিষয় বা লক্ষ্য। **ভবঙ্গ**—ভবাঙ্গ; অবচেতনা বা অর্ধচেতনা; পূর্ণ চেতনা নয় এমন। **ভবচক্ক**—ভবচক্র; পুনর্জন্মের চক্র বা চাকা। **ভবতণ্হা, ভবনেত্তি**—ভবতৃষ্ণা; ভবনেত্রী; পুনর্জন্মের সনির্বন্ধ প্রার্থনা বা মিনতি বা আকুল কামনা। **ভবন্তগ, ভবন্তগূ**—অস্তিত্বের শেষ সীমায় গত এমন; পুনর্জন্ম শেষ হয়েছে এমন। **ভবন্তর**—ভবান্তর; ভিন্ন অস্তিত্ব। **ভবসংযোজন**—পুনর্জন্মের পায়ের বেড়ি। **ভবাভব**—এ জীবন বা ঐ জীবন। **ভবেসনা**—পুনর্জন্মে আকুল আকাঙ্ক্ষা। **ভবোঘ**—পুনর্জন্মের বান; বন্যা।

**ভবতি**—(ভু+অ) হয়ে ওঠা; পরিণতিস্বরূপ ঘটা; উপযুক্ত হওয়া; শোভন হওয়া; মানান; থাকা; বর্তমান থাকা; পরিণত হওয়া; অস্তিমান থাকা। *aor* **ভবি, অভবি**। *pp* **ভূত**। *prp* **ভবন্ত, ভবমান**। *ptp* **ভবিতব্ব**। *abs* **ভবিত্বা, ভূত্বা**। *inf* **ভবিতুং**।

**ভবন**—(কারও বা কিছুর পক্ষে) শোভন; বাসগৃহ; বাসস্থান।

**ভবন্ত**—উন্নয়নশীল; সাফল্যপূর্ণ; শুভ; ভদ্র বা (আচার-আচরণাদি সম্বন্ধে) মার্জিত শব্দ; যা প্রায়ই 'তুমি'র পরিবর্তে ব্যবহৃত হয়।

**ভস্তা**—ভস্ত্রা; চামড়ার থলি।

**ভস্ম**—ছাই। **ভস্মচ্ছন্ন**—ছাই দ্বারা আবৃত।

**ভস্স**—অপ্রয়োজনীয় আলাপ। **ভস্সারামতা**—বাজে আলাপে আসক্তি।

**ভস্সতি**—(ভস্+য) (কর্তব্য কর্মাদিতে) ব্যর্থকাম হওয়া; পড়ে যাওয়া; ফেলে দেওয়া; অবতরণ করা; নেমে আসা। *aor* **ভস্সি**। *pp* **ভট্ঠ**। *prp* **ভস্সন্ত, ভস্সমান**। *abs* **ভস্সিত্বা**।

**ভস্সর**—ভাস্বর; উজ্জ্বল; দীপ্ত; প্রফুল্ল; উজ্জ্বলভাবে দীপ্তিশীল।

**ভা**—আভা; প্রভা; আলো; দীপ্তি; জ্যোতি; উজ্জ্বল দীপ্তি।

**ভাকুটিক**—ভ্রূকুটি; ক্রোধাদি হেতু ভ্রূর বক্রতা।

**ভাগ**—অংশ; কিছু অংশ; অংশভাগ; হিস্যা; দলাদলি। **ভাগবন্ত, ভাগী**—অংশগ্রহণ করণ; অংশী হওন।

**ভাগধেয্য, ভাগধেয**—ভাগ্য; বরাত; অবশ্যম্ভাবী নিয়তি; পরিণতি।

**ভাগসো**—অংশত; আংশিকভাবে; কিছু পরিমাণে বা মাত্রায়; হিস্যায়।

**ভাগিনেয্য**—ভগ্নীর পুত্র। **ভাগিনেয্যা**—ভাগিনেয়ী; ভাগস্তীর কন্যা।

**ভাগিয**—সম্বন্ধযুক্ত; condusive to।

**ভাগী**—অংশী; অংশীদার।

**ভাগীরথি**—গঙ্গানদী।

**ভাগ্য**—অদৃষ্ট; সৌভাগ্য; বরাত।

**ভাজক, ভাজেতু**—ভাজন করে বা বণ্টন করে দেয় বা পরিবেশন করে এরূপ।

**ভাজন**—বিভাজন; বণ্টন; পরিবেশন।

**ভাজন**—অর্ধচন্দ্রাকার বড় বাটি গামলা প্রভৃতি; বৃহৎ পানপাত্র; থালা; (তরল পদার্থ রাখার) পাত্র; আধার। **ভাজনবিকতি**—বিভিন্ন প্রকার থালা অথবা পাত্র।

**ভাজেতি**—(ভাজ্+এ) ভাগ করা; বিভাজন করা; বণ্টন করা; পরিবেশন করা। *aor* **ভাজেসি**। *pp* **ভাজিত**। *prp* **ভাজেন্ত**। *abs* **ভাজেত্বা**। *ptp* **ভাজেতব্ব**। *pass* **ভাজীযতি**।

**ভাণক**—১ শিক্ষায়তনের প্রধান শিক্ষক বা অধ্যক্ষ অথবা ধর্মপ্রতিষ্ঠানের কর্তা; অধিশিক্ষক বা অধিপুরুষ। ২ বড় বয়স।

**ভাণবার**—ধর্মশাস্ত্রের একটি বিভাগ বা শাখা; যার ৮০০০ অক্ষর আছে।

**ভাণী**—বক্তা; আবৃত্তিকারক।

**ভাতি**—(ভা+অ) আলো দেওয়া বা বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া। *aor* **ভাসি**।

**ভাতিক, ভাতু**—ভ্রাতা; ভাই।

**ভানু**—১ কিরণ। ২ সূর্য। **ভানুমন্ত**—আলোকদায়ক; দীপ্তিমান; উজ্জ্বল; পরিষ্কার; স্পষ্ট; সূর্য।'

**ভাযতি**—(ভি+অ) ভীত বা আতঙ্কিত হওয়া; ভয় করা। *aor* **ভাযি**। *prp* **ভাযন্ত**। *ptp* **ভাযিতব্ব**। *abs* **ভাযাপেত্বা**।

**ভাযাপেতি**—('ভাযতি'র *caus*) হঠাৎ ভয় পাওয়ানো; আতঙ্কিত করা; ভয়তাড়িত করা। *aor* **ভাযাপেসি**। *pp* **ভাযাপিত**। *abs* **ভাযাপেত্বা**।

**ভার**—ওজন; বোঝা; দায়িত্ব বা দায়; ভারার্পিত কাজ বা কর্তব্য; করণীয় কাজ; বিষয়; ব্যাপার। **ভারনিক্খেপন**—বোঝানিক্ষেপণ বা ছাড়ন;

ভারার্পিত কর্তব্য পরিত্যাগ। **ভারমোচন**—দায়িত্ব রক্ষা। **ভারবাহী**—ভার বা বোঝা বহনকারী; যে দপ্তরের বা কার্যালয়ের দায়িত্ব বহন করে। **ভারহার**—বোঝা বহনকারী; ভারী বোঝা বাহক।

**ভারিক**—বোঝাই; ভারী (ওজন খুব বেশি এমন); অত্যধিক।

**ভারিয**—গুরুত্বপূর্ণ; অত্যন্ত প্রভাবসম্পন্ন; গম্ভীর; রাশভারী; ঐকান্তিক; আন্তরিক।

**ভাব**—অবস্থা; প্রকৃতি; বিদ্যমানতা।

**ভাবনা**—ভাবন; বৃদ্ধি; স্মৃতির সাহায্যে উন্নয়ন; ধ্যান; অনুধ্যান। **ভাবনানুযোগ**—ধ্যানে নিয়োগ; ধ্যানে আত্মনিয়োগ। **ভাবনাময**—ধ্যানসিদ্ধ। **ভাবনাবিধান**—ভাবনার বা ধ্যানের বিন্যাস অথবা প্রণালি।

**ভাবনীয**—মনোনিবেশযোগ্য; অনুশীলনযোগ্য; শ্রদ্ধার যোগ্য।

**ভাবিত**—('ভাবেতি'র *pp*) উন্নীত। **ভাবিতত্ত**—সুশিক্ষিত; আত্ম-বিন্যাস বা আত্মনিবৃত্তি।

**ভাবী**—যা ঘটবে; অপরিহার্য; অবশ্যম্ভাবী; অনিবার্য; নিশ্চয় ঘটবে এরূপ।

**ভাবেতি**—(ভূ+এ) বৃদ্ধি করা; মনোনিবেশ করা; অনুশীলন করা; উন্নয়ন করা। *aor* **ভাবেসি**। *pp* **ভাবিত**। *prp* **ভাবেন্ত, ভাবযমান**। *ptp* **ভাবেতব্ব**। *abs* **ভাবেত্বা**। *inf* **ভাবেতুং**।

**ভাসতি**—(ভাস্+অ) বলা; কথা বলা; আলো দেওয়া বা আলো বিকীর্ণ করা। *aor* **ভাসি**। *pp* **ভাসিত**। *prp* **ভাসন্ত**। *abs* **ভাসিত্বা**। *ptp* **ভাসিতব্ব**।

**ভাসন**—ভাষণ; কথন; বলা; বক্তৃতা।

**ভাসন্তর**—ভিন্ন ভাষা।

**ভাসা**—ভাষা; স্থানিক ভাষা বা বাচন।

**ভাসিত**—কথিত; কথন।

**ভাসিতু, ভাসী**—ভাষী; যে বলে বা কথা বলে বা আলাপ করে।

**ভাসুর**—ভাস্বর; দীপ্যমান; দীপ্তিশীল; উজ্জ্বল।

**ভিক্খুক**—ভিক্ষুক; ভিখারি; ভিক্ষারত; ভিখারিসুলভ।

**ভিক্খতি**—(ভিক্খ+অ) ভিক্ষা করা; অনুরোধ করা। *aor* **ভিক্খি**। *prp* **ভিক্খন্ত, ভিক্খমান**। *abs* **ভিক্খিত্বা**।

**ভিক্খন**—ভিক্ষা।

**ভিক্খা**—ভিক্ষা; খাদ্য; আহার। **ভিক্খাচরিযা, ভিক্খাচার**—পিণ্ডাচরণ। **ভিক্খাহার**—ভিক্ষাহার; ভিখারির ভিক্ষালব্ধ আহার।

**ভিক্খু**—ভিক্ষু; বৌদ্ধভিক্ষু। **ভিক্খুনী**—ভিক্ষুণী; বৌদ্ধ সন্ন্যাসিনী। **ভিক্খুভাব**—ভিক্ষুভাব; ভিক্ষুত্ব। **ভিক্খুসঙ্ঘ**—ভিক্ষুসঙ্ঘ; ভিক্ষুর সমাবেশ।

**ভিঙ্ক**—বাচ্চা হাতি।

**ভিঙ্কর**—ভৃঙ্গার; জলপাত্র; গাড়ু।

**ভিজ্জতি**—(ভিদ্+য) ভগ্ন হওয়া; সর্বনাশ হওয়া; বিনষ্ট হওয়া; ভেঙে যাওয়া। *aor* **ভিজ্জি**। *pp* **ভিন্ন**। *prp* **ভিজ্জমান**। *abs* **ভিজ্জিত্বা**।

**ভিজ্জন**—স্বেচ্ছায় ভাঙন। **ভিজ্জনধম্ম**—ভঙ্গুর; পলকা; সহজে ভাঙা যায় এমন; ধ্বংসে পতন।

**ভিত্তি**—দেয়াল। **ভিত্তিপাদ**—দেয়ালের গোড়া বা ভিত্তি।

**ভিন্দতি**—(ভিদ্+ং-অ) ভেঙে ফেলা; ভাঙা; টুকরা টুকরা করে ভেঙে ফেলা; টুকরা টুকরা হয়ে ভেঙে যাওয়া; ফেঁড়ে ফেলা; পৃথক বা বিচ্ছিন্ন করা বা হওয়া; বিভক্ত করা বা হওয়া; চেরা বা চিরে যাওয়া। *aor* **ভিন্দি**। *pp* **ভিন্দিত, ভিন্ন**। *prp* **ভিন্দন্ত**। *abs* **ভিন্দিত্বা**। *inf* **ভিন্দিতুং**।

**ভিন্দন**—ভাঙ্গন; ফাঁড়ন; চিরন; বিভাজন।

**ভিন্ন** ('ভিন্দতি'র *pp*), **ভিন্নত্ত, ভিন্নভাব**—ভেঙে যাওয়ার অবস্থা; বৈচিত্র্য। **ভিন্নার**—সর্বনাশ; বিপর্যয়। **ভিন্নপট**—ছিন্ন বস্ত্র বা আবরণ। **ভিন্নমরিযাদ**—সীমার বাইরে গিয়েছে এমন; সীমাতিরিক্ত। **ভিন্নসীল**—ধর্মানুশাসন বা নীতি ভঙ্গ করেছে এমন।

**ভিযো, ভিযোসো**—অত্যধিক পরিমাণে; একজনের সামর্থ্যের অতিরিক্ত।

**ভিস**—পদ্মগাছের মূল। **ভিসপুপ্ফ**—পদ্মফুল। **ভিসমুলাল**—পদ্মের কন্দ ও মূল।

**ভিসক্ক**—ভিষক; বৈদ্য; চিকিৎসক।

**ভিসি**—গদি; বালিশ; প্যাড; তাকিয়া।

**ভিংসন, ভিংসনক**—ভয়ঙ্কর; বিরক্তিজনক; ভয়ানক; অপ্রীতিকর; আতঙ্ককর।

**ভীত**—('ভাযতি'র *pp*) শঙ্কিত; ত্রস্ত।

**ভীতি**—ভয়; শঙ্কা।

**ভীম, ভীসন**—ভীষণ, ভয়ঙ্কর; ভয়ানক; আতঙ্ককর; অপ্রীতিকর; বিরক্তিজনক।

**ভীরু, ভীরুক**—ভীতু; ত্রস্ত; শঙ্কিত। **ভীরুত্তান**—ভীরুর আশ্রয়স্থান বা গুপ্তাবাস।

**ভুক্করণ, ভুক্কার, ভুক্কার**—(কুকুরের) গর্জন।

**ভুক্করোতি**—(ভুং+কর্+ও) গর্জন করা; ঘেউ ঘেউ করা। *aor* **ভুক্করি**। *pp* **ভুক্কত**। *prp* **ভুক্করোন্ত**। *abs*

ভুঞ্জত্বা, ভঞ্জরিত্বা।

**ভুজ**—১ হস্ত; হাত। ২ বাঁকা; অসরল; অসাধু; বিকৃত; কুঞ্চিত। **ভুজপত্ত**—ভূর্জবৃক্ষ; জলাশয়াদির নিকটে জাত সরু ও নমনীয় শাখাযুক্ত একপ্রকার গাছ ও গুল্ম।

**ভুজগ, ভুজঙ্গ, ভুজঙ্গম**—সর্প; সাপ।

**ভুজিস্স**—মুক্তপুরুষ।

**ভুঞ্জক, ভুঞ্জিতু**—যে আহার করে অথবা ভোগ করে; ভোজনকারী।

**ভুঞ্জতি**—((ভুজ্+ং-অ) ভোজন করা; ভোগ করা। *aor* **ভুঞ্জি**। *pp* **ভুত্ত**। *prp* **ভুঞ্জন্ত, ভুঞ্জমান**। *ptp* **ভুঞ্জিতব্ব**। *abs* **ভুঞ্জিত্বা, ভুঞ্জিয, ভুত্বা**। *inf* **ভুঞ্জিতুং, ভোত্তুং**।

**ভুঞ্জন**—ভোজন। **ভুঞ্জনকাল**—ভোজনকাল; খাবার সময়।

**ভুত্ত**—('ভুঞ্জতি'র *pp*) ভুক্ত; খাওয়া হয়েছে এমন; ভোগ করা হয়েছে এমন।

**ভুত্তাবী**—খেয়েছে এমন।

**ভুম্ম**—পার্থিব; যার কর্মস্থল বা দৃশ্যস্থল বা অকুস্থল আছে; যার ঘটনার বিবরণ আছে। **ভুম্মটঠ**—ভূমিস্থিত; পৃথিবীতে স্থিত। **ভুম্মত্থরণ**—ভূমি-আবরণ; ভূমি-আবরক; গালিচা। **ভুম্মন্তর**—বিভিন্ন তলা বা তল।

**ভুস**—১ ভুসি; শস্যের উপরকার আবরণ; ধান্যাদির খোসা; তুষ। ২ অনেক (পরিমাণ); প্রচুর। **ভুসং**—অত্যধিক পরিমাণে; বারংবার সংঘটিতভাবে।

**ভুস্সতি**—(ভুস্+য) গর্জন করা; নির্ঘোষিত হওয়া। *aor* **ভুস্সি**। *prp* **ভুস্সন্ত, ভুস্সমান**। *abs* **ভুস্সিত্বা**।

**ভূ**—পৃথিবী।

**ভূত**—('ভবতি'র *pp*) পরিণতিস্বরূপ ঘটিত; প্রসূত; উৎপাদিত; উপাদান; অপদেবতা; জীবন্ত-প্রাণী; সত্য; যা বর্তমান আছে; যা ঘটেছে। **ভূতকায**—দেহ; শরীর; যা উপাদানে গঠিত। **ভূতগাম**—উদ্ভিদজীবন; উদ্ভিজ্জ। **ভূতগাহ**—ভূতাবেশ অধিকৃত; অপদেবতা দ্বারা দখলীকৃত। **ভূতবাদী**—সত্যবাদী। **ভূতবেজ্জ**—ভূতের রাজা।

**ভূতত্ত**—ভূতত্ব; পরিণতিস্বরূপ ঘটিত-তথ্য লাভ।

**ভূতিক**—ভৌতিক; উপাদানে গঠিত।

**ভূম, ভূমক**—পার্থিব; কর্মস্থল বা দৃশ্যস্থল বা অকুস্থল আছে এমন; ঘটনার বিবরণ আছে এমন।

**ভূমি**—মাটি; পৃথিবী; অঞ্চল; মঞ্চ; ক্ষেত্র। **ভূমিকম্পা**—পৃথিবীকম্পন। **ভূমিগত**—ভূমিতে অবস্থিত; পৃথিবীর গভীরে মজুত বা সঞ্চিত। **ভূমিতল**—পৃথিবীর উপরিভাগ। **ভূমিপ্পদেস, ভূমিভাগ**—ভূমিখণ্ড; জমিখণ্ড।

**ভূরি**—১ জ্ঞান; পাণ্ডিত্য। ২ বিস্তৃত; ব্যাপক; বৃহৎ; বিশাল; প্রচুর। **ভূরিপঞ্ঞা, ভূরিমেধ**—মহাজ্ঞান; বিশাল পাণ্ডিত্য।

**ভূসন, ভূসা**—অলঙ্কার; আভরণ; গহনা; শোভা; সজ্জা।

**ভূসাপেতি**—('ভূসেতি'র *caus*) ভূষিত বা অলঙ্কৃত করানো; সজ্জিত করানো। *aor* **ভূসাপেসি**। *pp* **ভূসিত**। *prp* **ভূসেন্ত**। *abs* **ভূসেত্বা**।

**ভেক**—ব্যাঙ; মণ্ডূক।

**ভেজ্জ**—ভঙ্গুর; পলকা; সহজে ভাঙা যায় এমন; ভঙ্গকারী; ছেদক।

**ভেণ্ডিবাল**—এক প্রকার ক্ষেপণাস্ত্র বা ক্ষেপণীয় বস্তু।

**ভেণ্ডু, ভেণ্ডুক**—খেলা করার গোলক; উপরের অংশ গোলকাকৃতি অথবা গুম্বজাকৃতির এমন বস্তু।

**ভেত্তু**—ভেঙে ফেলে এমন।

**ভেদ**—ফাটল; বিচ্ছেদ; লঙ্ঘন; ভঙ্গ; অনৈক্য; অসংযোগ; বিরোধ। **ভেদক**—ভেঙে ফেলে বা ভঙ্গ করে এমন; অনৈক্য বা অসংযোগ ঘটায় এমন। **ভেদকর**—বিভক্তি বা অনৈক্যকর।

**ভেদন**—ফাটল; বিচ্ছেদ; বিভক্তি; অনৈক্য। **ভেদনক**—ভেঙে যাওয়ার যোগ্য। **ভেদনধম্ম**—ভেদনধর্ম; নশ্বর; বিনাশশীল; সহজে নষ্ট হয় বা ক্ষয় হয় বা পচে যায় এমন।

**ভেদিত**—('ভেদেতি'র *pp*)।

**ভেদেতি**—(ভিদ্+এ) ভেঙে ফেলানো; বিভক্ত করানো; অনৈক্য সৃষ্টি করানো। *aor* **ভেদেসি**। *pp* **ভেদিত**। *abs* **ভেদেত্বা**।

**ভেরণ্ড**—শিয়াল। **ভেরণ্ডক**—শিয়ালের চিৎকার।

**ভেরব**—ভৈরব; ভয়ানক।

**ভেরি**—ভেরি; ডঙ্কা; পটহ। **ভেরিচারণ**—ঢক্কার শব্দ দ্বারা ঘোষণা। **ভেরিতল**—ভেরির বহির্ভাগ পৃষ্ঠ বা উপরের তল। **ভেরিবাদক**—ভেরি বাজায় এরূপ। **ভেরিবাদন**—ভেরিশব্দ উৎপাদন। **ভেরিসদ্দ**—ভেরিশব্দ; ডঙ্কার আওয়াজ।

**ভেসজ্জ**—ভৈষজ্য; ভেষজ; ঔষধ; ঘৃত, নবনীত, তৈল, মধু ও গুড়—এই পঞ্চদ্রব্য। **ভেসজ্জকপাল**—ঔষধের বাটি বা গামলা।

**ভো**—(সুপরিচিত বা অন্তরঙ্গ সম্বোধন পদ) প্রিয়;

বন্ধো।

**ভোগ**—ভোগ দখল; অধিকার; সমৃদ্ধি; ধনদৌলত; উপভোগ; সাপের কুণ্ডলী। **ভোগক্খন্ধ**—ধনদৌলতের স্তূপ। **ভোগগ্গাম**—করপ্রদায়ক বা করদ গ্রাম; দেবোত্তর; ব্রহ্মোত্তর। **ভোগমদ**—সমৃদ্ধির অহঙ্কার। **ভোগমন্ত**—সমৃদ্ধিশালী।

**ভোগী**—সর্প; ধনশালী ব্যক্তি; ধনীলোক। adj উপভোগী; অংশী।

**ভোগ্গ**—ভোগ্য; উপভোগ্য; ভোগের যোগ্য; ভোগার্হ।

**ভোজক**—ভোজন করায় বা খাওয়ায় এমন; রাজস্ব আদায়কারী। **গামভোজক**—গ্রামপ্রধান।

**ভোজন**—খাদ্য; আহার।

**ভোজনিয**—খাওয়ার উপযুক্ত; নরম খাদ্য।

**ভোজাপেতি**—(ভুজ্+আপে) খাওয়ানো; আহারের সময় পরিবেশন করা। *aor* **ভোজাপেসি**। *pp* **ভোজাপিত**। *abs* **ভোজাপেত্বা**।

**ভোজী**—ভোজন পরিবেশক।

**ভোজেতি**—(ভুজ্+এ) খাওয়ানো। *aor* **ভোজেসি**। *pp* **ভোজিত**। *abs* **ভোজেত্বা**। *prp* **ভোজেন্ত**, **ভোজযমান**। *inf* **ভোজেতুং**।

**ভোজ্জ**—১ ভোজ্য; ভক্ষণীয় বা ভক্ষ্য বস্তু। ২ খাবার যোগ্য।

**ভোতি**—(সম্বোধনে একবচন) মাননীয়া; মহামান্য।

**ভোত্তব্ব**—'ভোজ্জ' দেখুন।

**ভোত্তুং**—খাওয়া; আহার করা।

**ভোৱাদী**—ব্রাহ্মণ।

---

# ম

---

**মকচি**—জ্যা বা ধনুকের গুণের শণ। **মকচিৱাক**—শণগাছের আঁশ। **মকচিৱত্থ**—ক্যাম্বিস কাপড় (Canvas); ক্যানভাস কাপড়।

**মকর**—সমুদ্র দানব বা দৈত্য; বিস্ময়কর প্রাণী বা বস্তু; অতিকায় প্রাণী; খড়্গ-মৎস্য। **মকরদন্তক**—খড়্গমৎস্যের দন্তাকৃতির নকশা।

**মকরন্দ**—ফুলের সুস্বাদু পানীয়।

**মকস**—মশক; মশা। **মকস-ৱারণ**—মশারি।

**মুকুট**—ঝুঁটি বা শিখা; চূড়া; শীর্ষ; রাজমুকুট; শিরোভূষণ।

**মুকুল**—কুঁড়ি; বউল; কলি; শক্ত গাঁট বা আব।

**মক্কট**—মর্কট; বানর। **মক্কটক**—মাকড়সা; ঊর্ণনাভ। **মক্কটসুত্ত**—মাকড়সার সুতা।

**মক্কটী**—বানরী।

**মক্খ**—অন্যের ক্ষয়ক্ষতির জন্য মূল্যহ্রাস।

**মক্খণ**—ম্রক্ষণ; মাখা; লেপন; মিশ্রণ।

**মক্খিকা**—মক্ষিকা; মাছি।

**মক্খিত**—('মক্খেতি'র *pp*) ম্রক্ষিত।

**মক্খী**—ম্রক্ষী; অন্যের মূল্য হ্রাস করে দেয় এমন; অন্যের নিন্দা করে এমন।

**মক্খেতি**—(মক্খ+এ) মাখা; লেপন করা; মিশ্রণ করা; ঘষে তুলে ফেলা। *aor* **মক্খেসি**। *pp* **মক্খিত**। *abs* **মক্খেত্বা**।

**মগ**—চতুষ্পদ বিশিষ্ট ব্যক্তিগণের দল বা সমাবেশ।

**মগধ**—বর্তমানের বিহার ও উড়িষ্যার একত্রিত নাম 'মগধরাজ্য'।

**মগ্গ**—মার্গ; পথ; রাস্তা; উপায়। **মগ্গকিলন্ত**—মার্গক্লান্ত; মার্গশ্রান্ত; ভ্রমণের দরুণ ক্লান্ত বা শ্রান্ত। **মগ্গকুসল**—মার্গকুশল; যে ব্যক্তি পথ বা রাস্তা বা উপায় ঠিকভাবে জানে। **মগ্গক্খাযী**—যে ব্যক্তি সত্যপথ প্রদর্শন করায়। **মগ্গঙ্গ**—মার্গাঙ্গ; মার্গের অপরিহার্য বা মৌলিক বা উপাদানমূলক অংশ, যথা : সম্যক দৃষ্টি, সম্যক সঙ্কল্প, সম্যক বাক্য, সম্যক কর্মান্ত বা কর্ম, সম্যক আজীব বা জীবিকা, সম্যক ব্যায়াম বা প্রচেষ্টা, সম্যক স্মৃতি ও সম্যক সমাধি। **মগ্গঞাণ**—মার্গজ্ঞান। **মগ্গঞ্ঞূ**, **মগ্গৱিদূ**—মার্গজ্ঞ; মার্গবিদ; যে ব্যক্তি মার্গজ্ঞাত হয়েছেন। **মগ্গট্ঠ**—মার্গস্থ; উপায় অবগত হয়েছেন এমন; মার্গ লাভ করেছেন এরূপ। **মগ্গদূসী**—পথিমধ্যস্থ দস্যু; রাহাজান। **মগ্গদেসক**—মার্গদেশক; যিনি পথের নির্দেশ বা আভাস দেন। **মগ্গপটিপন্ন**—মার্গ প্রতিপন্ন; পর্যটনকারী; পথে প্রবেশ করেছেন এমন। **মগ্গভাৱনা**—মার্গভাবনা; মার্গ-অনুশীলন। **মগ্গমূল্হ**—মার্গমূঢ়; যিনি মার্গ বা উপায় হারিয়ে ফেলেছেন। **মগ্গসচ্চ**—মার্গসত্য; মার্গসম্বন্ধীয় সত্য।

**মগ্গতি**—(মগ্+অ) খোঁজা; সন্ধান করা; তল্লাস করা; পাবার চেষ্টা করা; খুঁজে বের করা। *aor* **মগ্গি**। *pp* **মগ্গিত**। *abs* **মগ্গিত্বা**।

**মগ্গন**, **মগ্গনা**—অনুসন্ধান; গভীর পরীক্ষা; তন্নতন্নকরণ; খানাতল্লাস; খুঁজে বের করণ।

**মগ্গিক**—পদব্রজে ভ্রমণকারী; পথিক; পথচারী।

**মগ্গিত**—('মগ্গতি'র *pp*)।

**মগ্গেতি**—(মগ্গ+এ) 'মগ্গতি' দেখুন।

**মঘরত্ত**—শাক্যগণের গুণবাচক উক্তি; শাক্যদের বর্ণনামূলক আখ্যা।

**মঙ্কু**—বিভ্রান্ত; হতবুদ্ধি; কিংকর্তব্যবিমূঢ়; হতোদ্যম; হতাশ; মনমরা; বিষণ্ণ। **মঙ্কুভূত**—নির্বাক; চুপচাপ; উদ্যমহীন।

**মঙ্গল**--মঙ্গলজনক; শুভলক্ষণযুক্ত; অনুকূল; সুপ্রসন্ন; রাজকীয়; রাজোচিত; অত্যুত্তম; চমৎকার; হাসিখুশিভাব; উল্লসিত; ভাগ্যবান; সৌভাগ্যবান; শুভ পূর্বলক্ষণ বা পূর্বাভাস; বাহ্যিক সমারোহ বা অনুষ্ঠান; সৌভাগ্য। **মঙ্গলকিচ্চ**--মঙ্গলকৃত; সৌভাগ্যপূর্ণ। **মঙ্গলকোলাহল**—মঙ্গলজনক বা শুভ বিষয় অথবা কর্মের কোলাহল বা কলহ বা ঝগড়া। **মঙ্গলদিবস**--শুভদিন; বিবাহ-দিবস। **মঙ্গল-অস্স, মঙ্গল-সিন্ধব**—রাজকীয় অশ্ব। **মঙ্গলপোক্খরণী**—মঙ্গল পুষ্করিণী; রাজার স্নানের পুকুর। **মঙ্গলসিলাপট্ট**—রাজা বসার জন্য শিলা বা প্রস্তরের সমতল পৃষ্ঠযুক্ত পুরু ও মোটা পাতবিশেষ। **মঙ্গল-সুপিন**—মঙ্গল স্বপ্ন; শুভ স্বপ্ন। **মঙ্গল-হত্থী**—মঙ্গল-হস্তী; রাজকীয় হস্তী।

**মঙ্গুর**—১ একজাতীয় নদী-মৎস্য। ২ গাঢ় হরিদ্রাবর্ণ।

**মচ্চ**—মানুষ।

**মচ্চু**—মৃত্যু; মরণ। **মচ্চুতর**—মৃত্যু অতিক্রম করে এমন। **মচ্চুধেয্য**--মৃত্যুর এলাকা; মৃত্যুর কর্মক্ষেত্র। **মচ্চুপরাযণ, মচ্চুপরেত**—মৃত্যুর অধীন। **মচ্চুপাস**—মৃত্যুপাশ; মৃত্যুজাল; মৃত্যু-ফাঁদ। **মচ্চুমুখ**—মৃত্যুমুখ; মৃত্যুর সম্মুখীন। **মচ্চুরাজ**—মৃত্যুরাজ। **মচ্চুবস**—মৃত্যুবশ; মৃত্যুর ক্ষমতা। **মচ্চুহাযী**—মৃত্যুবিজয়ী।

**মচ্ছ**—মৎস্য; মাছ। **মচ্ছণ্ড**—মৎস্য-অণ্ড; মাছের ডিম। **মচ্ছণ্ডী**—একপ্রকার চিনি, যা দেখতে মাছের ডিমের ন্যায়। **মচ্ছ-মংস**—মাছ-মাংস। **মচ্ছবন্ধ**—জেলে; ধীবর।

**মচ্ছর, মচ্ছরিয**—মৎসর; মাৎসর্য; ধনলোভ; অর্থলিপ্সা; পরশ্রীকাতরতা; ব্যয়কুণ্ঠা; দানকুণ্ঠা। **মচ্ছরী**—মৎসরী; ঈর্ষাকারী; হিংসুক; দ্বেষকারী; পরশ্রীকাতর; লোভী; খল; নীচ; ক্রুদ্ধ; কৃপণ।

**মচ্ছরাযতি**—('মচ্ছরিয' হতে *deno*) স্বার্থপর হওয়া; অর্থগৃধ্নু হওয়া; কৃপণবৎ হওয়া; কিপটে হওয়া।

**মচ্ছী**—মৎসী; স্ত্রী-মাছ।

**মচ্ছের**—'মচ্ছরিয' দেখুন।

**মজ্জ**—মদ্য; মাদকদ্রব্য; যা উদ্বেলিত বা উৎসাহিত করে। **মজ্জন**—মাতলামি; প্রমত্ততা; অবহেলা। **মজ্জপ**—মদ্যপ; কড়া পানীয় পান করে এরূপ। **মজ্জপান**—মদ্যপান; প্রমত্তাদায়ক পানীয় সেবন। **মজ্জপাযী**—'মজ্জপ' দেখুন। **মজ্জবিক্কযী**—মদ্য বিক্রেতা; মদ বিক্রয় করে এরূপ।

**মজ্জতি**—১ (মদ্+য) প্রমত্ত হওয়া; মাতাল হওয়া; উদ্বেলিত হওয়া; উত্তেজিত হওয়া; উৎসাহিত হওয়া। ২ (মজ্+অ) ঘসে-মেজে উজ্জ্বল ও মসৃণ করা; পরিষ্কার করে ফেলা; মুছে ফেলা; পরিষ্কার করা। *aor* **মজ্জি**। *pp* ১ **মত্ত**। ২ **মট্ঠ** অথবা **মজ্জিত**। *prp* **মজ্জন্ত**। *abs* **মজ্জিত্বা**।

**মজ্জনা**—মাজন; ঘসন-মাজন; মুছন; পরিষ্কার বা সাফকরণ।

**মজ্জার**—মার্জার; বিড়াল। **মজ্জারী**—মার্জারী; মাদি বিড়াল।

**মজ্ঝ**—মধ্য; কোমর; কটি; ঠিক মধ্যবর্তী; মাঝামাঝি; আগ্রহশূন্য; পক্ষপাতশূন্য; নিরপেক্ষ। **মজ্ঝণ্হ**—মধ্যাহ্ন; দ্বিপ্রহর; বেলা ১২টা। **মজ্ঝত্ততা**—মধ্যস্থতা; পক্ষপাতশূন্য; নিরপেক্ষ; ন্যায়পরায়ণতা; মনের বা মেজাজের সমতা অথবা ধীরতা। **মজ্ঝদেস**—মধ্যদেশ। **মজ্ঝন্তিক, মজ্ঝন্তিকসময**—মধ্যাহ্ন; মধ্যাহ্নকাল; মাধ্যাহ্নিক।

**মজ্ঝিম**—ঠিক মধ্যবর্তী; কেন্দ্রস্থিত; মাঝামাঝি; মধ্য; মধ্যম বা মধ্যস্থ; মাত্রাবদ্ধ; নিয়ন্ত্রিত; সহনীয়; যুক্তিসহ; কেন্দ্রীয়। **মজ্ঝিম দেস**—গঙ্গানদীর অববাহিকাসহ মধ্যদেশ। **মজ্ঝিম পুরিস**—মধ্যম পুরুষ; মধ্যম উচ্চতার লোক। ব্যাকরণে দ্বিতীয় পুরুষ। **মজ্ঝিম যাম**—মধ্যম যাম; মধ্যরাত্রি। **মজ্ঝিম বয**—মধ্যম বয়স।

**মঞ্চ**—মাচা; টং; বেদি। **মঞ্চক**—ক্ষুদ্র শয্যা; ছোট বিছানা। **মঞ্চপরাযণ**—বিছানায় অবরুদ্ধ; শয্যাবদ্ধ। **মঞ্চপীঠ**—বিছানা ও কেদারাদি; আসবাবপত্র। **মঞ্চবান**—বিছানা জাল বয়ন।

**মঞ্জরী**—গুচ্ছ; থোকা; স্তবক; তোড়া; ঝাড়; থোলো; ঝাঁক; দল।

**মঞ্জিট্ঠ, মঞ্জেট্ঠ**—টকটকে লাল।

**মঞ্জিট্ঠা**—মঞ্জিষ্ঠা; লাল রঙের লতাবিশেষ; যার বীজ স্বর্ণকার ওজন দিবার জন্য ব্যবহার করে; রতিবীজ।

**মঞ্জু**—অতীব মনোহর বা সুন্দর; প্রণয়োদ্দীপক; ভালোবাসা প্রীতি বা অনুরাগ জাগায় এমন; ভালোবাসার যোগ্য; আনন্দদায়ক। **মঞ্জুভাণক, মঞ্জুস্সর**—সুকণ্ঠ; মিষ্টভাষী।

**মঞ্জুসক**—মঞ্জূষক; স্বর্গীয় বা দিব্য বৃক্ষ।

**মঞ্জুসা**—মঞ্জুষা; ক্ষুদ্র বাক্স; কৌটা।
**মঞ্জেট্‌ঠি**—মঞ্জেষ্টি; বঙ্গদেশীয় পীতাভ পুষ্পপ্রসূ লতাবিশেষ।
**মঞ্‌ঞতি**—(মন+য) কল্পনা বা ধারণা করা; অনুমান করা; অলীক বা অসার কল্পনা করা; মত পোষণ করা। *aor* **মঞ্‌ঞি**। *pp* **মঞ্‌ঞিত**। *prp* **মঞ্‌ঞমান**। *abs* **মঞ্‌ঞিত্বা**।
**মঞ্‌ঞনা, মঞ্‌ঞিত**—কল্পনা; চিন্তা; ধারণা; অলীক কল্পনা; মোহ; বিভ্রান্তি।
**মঞ্‌ঞে**—আমার ধারণা; আমি ধারণা করি; আমার অনুমান; আমি মত পোষণ করি।
**মট্ট, মট্‌ঠ**—মসৃণ-কৃত; সমতলকৃত; পালিশকৃত। **মট্টসাটক**—মিহিবস্ত্র।
**মনি**—দীপ্তিশালী মূল্যবান প্রস্তর; বহুমূল্য রত্ন; জহরত। **মণিকার**—মণিকর্তনকারী। **মণিকুণ্ডল**—মণির মাকড়ি। **মণিকখন্ধ**—বিস্ময়কর মণি। **মণিপল্লঙ্ক**—মণির আসন। **মণিবন্ধ**—হাতের কবজি; প্রকোষ্ঠ। **মণিময়**—মূল্যবান প্রস্তরে প্রস্তুত। **মণিরতন**—মণিরত্ন; মূল্যবান মণি। **মণিবণ্ণ**—স্ফটিক বা উজ্জ্বল বর্ণের। **মণিসপ্প**—মণিসর্প; সবুজ জাতীয় সর্পবিশেষ।
**মণিক**—১ বড় বয়ম। ২ কাচের তৈরি কবজির অলঙ্কারবিশেষ।
**মণ্ড**—১ (দুগ্ধ প্রভৃতির) সর্বোৎকৃষ্ট অংশ। ২ অতীব পরিষ্কার বা নির্মল।
**মণ্ডন**—সজ্জা; অলঙ্কার; অলঙ্করণ; প্রসাধন। **মণ্ডনজাতিক**—প্রসাধনকামী; অলঙ্করণ-আগ্রহী।
**মণ্ডপ**—(পূজা সভা প্রভৃতির জন্য নির্মিত) ছাদযুক্ত চত্বর বা স্থান; নাটমন্দির; চাঁদোয়া ঢাকা স্থান; চাতাল; প্যান্ডেল।
**মণ্ডল**—চক্র; চাকতি; গোলাকার স্থান; বৃত্তাকার ক্রীড়াভূমিতে প্রদর্শিত ক্রীড়া (সার্কাস); গোলাকার চেপটা তল। **মণ্ডলমালা**—বৃত্তাকার বহিরঙ্গণ; বৃত্তাকার চত্বর। **মণ্ডলিক**—চক্রের বা সঙ্ঘের বা দলের অন্তর্ভুক্ত; ছোট রাজ্যের অন্তর্ভুক্ত। **মণ্ডলিস্সর**—প্রদেশের শাসনকর্তা। **মণ্ডলী**—চক্রাকার; বৃত্তাকার।
**মণ্ডিত**—('মণ্ডেতি'র *pp*)।
**মণ্ডুক**—ব্যাঙ।
**মণ্ডেতি**—(মণ্ড+এ) সাজানো; ভূষিত করা; অলঙ্কৃত করা। *aor* **মণ্ডেসি**। *pp* **মণ্ডিত**। *abs* **মণ্ডেত্বা**।
**মত**—('মঞ্‌ঞতি'র *pp*) জ্ঞাত; অবগত; অভিমত।
**মত**—('মরতি'র *pp*) মৃত। **মতকিচ্চ**—মৃতকৃত্য; মৃতের জন্য করণীয় কর্ম।
**মতক**—মৃতক; মৃতব্যক্তি। **মতকভত্ত**—মৃতব্যক্তির জন্য প্রদত্ত খাদ্য। **মতকবত্থ**—মৃতব্যক্তির জন্য প্রদত্ত বস্ত্র।
**মতি**—জ্ঞান; পাণ্ডিত্য; ধারণা; ভাব; অভিপ্রায়। **মতিমন্ত**—জ্ঞানী। **মতিবিপ্পহীন**—বিচারবুদ্ধিহীন; মূর্খ; বোকা।
**মত্ত**—('মজ্জতি'র *pp*) প্রমত্ত; মাতাল; উদ্ধত; দম্ভী; দম্ভপূর্ণ; অতিশয় আত্মাভিমানী। **মত্তহত্থী**—মত্তহস্তী; কামোত্তেজিত হাতি।
**মত্ত, মত্তক**—মাত্র; আয়তনের; ততটা যতটা। **মত্তঞ্‌ঞূ**—মাত্রাজ্ঞ; পরিমাপ বা সীমা অবগত এমন; মাত্রাবদ্ধ বা সীমাবদ্ধ বা নিয়ন্ত্রিত। **মত্তঞ্‌ঞুতা**—মাত্রাজ্ঞতা; মাত্রাজ্ঞান; নিয়ন্ত্রণ।
**মত্তা**—মাত্রা; মান; পরিমাপন; মাপন; পরিমাণ; নিয়ন্ত্রণ; আকৃতি। **মত্তাসুখ**—মাত্রাসুখ; সীমাবদ্ধ বা নিয়ন্ত্রিত সুখ।
**মত্তিকা**—মৃত্তিকা; কাদা; মাটি। **মত্তিকাপিণ্ড**—মৃত্তিকাপিণ্ড; কাদামাটির দলা। **মত্তিকাভাজন**—মৃত্তিকাভাজন; মাটির পাত্র।
**মত্তিঘ**—মাতৃহন্তা বা মাতৃহন্ত্রী; মাতৃহত্যাকারী; মাতৃঘাতী।
**মত্তেয্য**—মাতার শ্রদ্ধাকারী। **মত্তেয্যতা**—মায়ের প্রতি শেষ শ্রদ্ধা যার।
**মত্থক**—মস্তক; মাথা; শীর্ষ; চূড়া; উপরে; দূরে।
**মত্থলুঙ্গ**—মস্তিষ্ক; মগজ।
**মত্থু**—দধি থেকে পৃথককৃত জলবিশেষ।
**মথতি**—(মথ্+অ) মথন করা; মথিত করা; আলোড়ন করা। *aor* **মথি**। *pp* **মথিত**। *abs* **মথিত্বা**।
**মথন**—মথন; মথিতকরণ; আলোড়ন; দলন।
**মদ**—আত্মাভিমান; অহঙ্কার; গর্ব; দম্ভ; অহমিকা; ঔদ্ধত্য; প্রমত্ততা; অতিশয় আত্মগর্ব; যৌন অমিতাচার। **মদনীয়**—প্রমত্ততাদায়ক; আসক্তি-কারক।
**মদন**—প্রেম ও কামের অধিদেবতা; কামদেব; কন্দর্প; প্রমাদ।
**মদিরা**—মদ্যবিশেষ।
**মদ্দতি**—(মদ্দ্+অ) মর্দন করা; দলন করা; পেষণ করা; পিষ্ট করা; দমন করা। *aor* **মদ্দি**। *pp* **মদ্দিত**। *prp* **মদ্দন্ত**। *abs* **মদ্দিত্বা; মদ্দিয**।
**মদ্দন**—মর্দন; দলন; পেষণ; পিষ্টকরণ; পীড়ন; দমন; মলন।
**মদ্দব**—১ কোমলতা; স্থিরতা; ধীরতা; ধৈর্য; কোমল

জিনিস; নরম জিনিস। ২ ধীর; স্থির; শান্ত; নরম।

**মদ্দিত**—('মদ্দতি'র *pp*) মর্দিত; দলিত; পিষ্ট; দমিত।

**মধু**—পুষ্পরস; মউ; মিষ্টরস; দ্রাক্ষারস; *Bassia latifolia*–র ফুল বা মুকুলে তৈরি মদবিশেষ। **মধুক**—*Bassia Latifolia* মহুয়া বৃক্ষ। **মধুকর**—মৌমাছি। **মধুগণ্ড, মধুপটল**—মধুচক্র বা মৌমাছির চাক বা বাসা। **মধুপ**--মৌমাছি; মধুপায়ী। **মধুপিণ্ডিকা**--মধুমিশ্রিত ময়দার গোলক। **মধুব্বত**—মৌমাছি। **মধুমক্খিত**—মধুম্রক্ষিত; মধু দ্বারা ম্রক্ষিত বা প্রলিপ্ত। **মধুমেহ**—বহুমূত্ররোগ। **মধুলট্ঠিকা**—যষ্টিমধু। **মধুলাজ**—মধুমিশ্রিত ভর্জিত (ভাজিত) খাদ্যশস্য। **মধুলীহ**—মৌমাছি। **মধুস্সব**—ফোঁটায় ফোঁটায় মধু ঝরা বা ঝরানো।

**মধুকা**—যষ্টিমধু।

**মধুর**—অতিশয় মিষ্ট; মিষ্টদ্রব্য। **মধুরত্ত, মধুরতা**—মধুরত্ব; মধুরতা; মিষ্টতা। **মধুস্সর**—মধুর কণ্ঠ এরূপ; মধুর স্বর।

**মধ্বাসব**—Bassia ফুলে তৈরি মদ।

**মন**—চেতনা; চিত্ত; অন্তঃকরণ; হৃদয়; বিবেচনা; ধারণা; বোধ; স্মৃতি; প্রবৃত্তি; ইচ্ছা; একাগ্রতা; নিবিষ্টতা; অভিনিবেশ; নিষ্ঠা; আন্তরিকতা; পছন্দ; সঙ্কল্প। [যৌগিক বাক্যে এটি 'মনো' আকার ধারণ করে]। **মনক্কার, মনসিকার**—কল্পনা বা ধারণা; বিবেচনা।

**মনতা**—(in cpds) মানসিক শক্তি বা মনোবৃত্তি; মানসতা; (ব্যক্তিগত) চিন্তাপ্রণালি। **অত্তমনতা**—আনন্দদায়ক মানসিক শক্তি।

**মনন**—চিন্তন; চিন্তা; অভিমত।

**মনসিকরোতি**—(মনসি+কর্+ও) মনে রাখা; পুনরায় ভেবে দেখা বা বিবেচনা করা। *aor* **মনসিকরি**। *pp* **মনসিকত**। *prp* **মনসিকরোন্ত**। *abs* **মনসিকত্বা, মনসিকরিত্বা**। *ptp* **মনসিকাতব্ব**।

**মনং**—কাছাকাছি; ঘনিষ্ঠভাবে; প্রায়; খুব কাছাকাছি; সন্নিকটে; কিছু পরিমাণে বা মাত্রায়।

**মনাপ, মনাপিক**—আনন্দদায়ক; মনোরম; অতীব মনোহর বা সুন্দর।

**মনুজ**—মানবসত্তা। **মনুজাধিপ, মনুজিন্দ**—মানুষের কর্তা; রাজা।

**মনুঞ্ঞ**—মনোজ্ঞ; সুন্দর; মনোহর; চিত্তাকর্ষী।

**মনুস্স**—মনুষ্য; মানুষসত্তা। **মনুস্সত্ত**—মনুষ্যত্ব; মানবের অস্তিত্ব। **মনুস্সভব**--মনুষ্যভূমি। **মনুস্সভূত**—মানবরূপে জন্মগ্রহণ করেছে এমন। **মনুস্সলোক**—মনুষ্যলোক; মনুষ্যজগৎ।

**মনেসিকা**—পরের মনের কথা অনুধাবন।

**মনো**—(যৌগিক বাক্যে 'মন' হতে গৃহীত); **মনোকম্ম**--মানসিক কর্ম; মনের ক্রিয়া। **মনোজব**—মনের (চিন্তার) ন্যায় দ্রুতগামী বা বেগবান। **মনো দুচ্চরিত**—খারাপ মনোবৃত্তি। **মনোদ্বার**—সচেতনতার প্রবেশস্থল। **মনোধাতু**—কল্পনাপ্রসূত বা ধারণাপ্রসূত কর্মশক্তি বা কর্মক্ষমতা বা দক্ষতা; মৌলিক মানসিক শক্তি। **মনোপদোস**—মনঃপ্রদোষ; প্রতিকূলতা; শত্রুতা। **মনোপসাদ**--ভক্তিমূলক অনুভূতি। **মনোপুব্বঙ্গম**—মনের দ্বারা পরিচালিত। **মনোময়**—মনের দ্বারা গঠিত। **মনোরথ**—অভিলাষ; আকাঙ্ক্ষা; কামনা। **মনোরম**—মনোহর; মনোরঞ্জক; সুন্দর। **মনোবিঞ্ঞাণ**—মনের পূর্বজ্ঞান; অবধারণ; বোধশক্তি; অবধারণা। **মনোবিঞ্ঞেয্য**—মনের দ্বারা উপলব্ধ হওয়া। **মনোবিতক্ক**—মনোবিতর্ক; চিন্তন; মনে মনে বিচার; ভাব। **মনোহর**—মনোরম; মনোরঞ্জক; সুন্দর; আকর্ষণীয়।

**মনোসিলা**—রক্তবর্ণ সেঁকোবিষ।

**মন্ত**—মন্ত্র; জাদু; মায়া; জাদুমন্ত্র; সম্মোহন; জাদু-মন্ত্রোচ্চারণ। **মন্তজ্ঝায়ক**—যিনি পবিত্র জাদু-মন্ত্রোচ্চারণ অধ্যয়ন করেন।

**মন্তন, মন্তনা**—মন্ত্রণ; মন্ত্রণা; (সাধারণত গুপ্ত) পরামর্শ; (কর্তব্য সম্বন্ধে অন্যের সহিত) আলোচনা।

**মন্তী**—পরামর্শদাতা; মন্ত্রী; উপদেষ্টা। **মন্তিণী**—স্ত্রী-পরামর্শদাতা।

**মন্তু**—যে অনুমান করে।

**মন্তেতি**—(মন্ত্+এ) পরামর্শ করা; মন্ত্রণা গ্রহণ করা; আলোচনা করা। *aor* **মন্তেসি**। *pp* **মন্তিত**। *prp* **মন্তেন্ত, মন্তযমান**। *abs* **মন্তেত্বা**। *inf* **মন্তেতুং**।

**মন্থর**—কচ্ছপ; কাছিম।

**মন্দ**—মন্থর; ধীরগতি; নিস্তেজ; জড়; অলস; মূর্খ; বোকা; সামান্য উৎপাদক; কিঞ্চিৎ। **মন্দতা, মন্দত্ত**—হ্রস্বীকৃত বা হ্রাসপ্রাপ্ত অবস্থা; ধীরগমন; কুঁড়েমি; বোকামি। **মন্দং, মন্দমন্দং**—ধীরে ধীরে; একটু একটু করে; ক্রমে ক্রমে।

**মন্দাকিনী**—একটি বড় হ্রদ ও নদীর নাম।

**মন্দামুখী**—কয়লার চাটু বা চেটালো পাত্র।

**মন্দার**—পর্বতের নাম।

**মন্দিয**—মূঢ়তা; মূর্খতা; বোকামি; শিথিলতা।

**মন্দির**—সম্ভ্রান্ত ব্যক্তির বাসভবন; অতি বৃহৎ ও

চমৎকার অট্টালিকা।

**মমঙ্কার, মমত্ত, মমাযনা**—স্বার্থপর আসক্তি বা অনুরাগ।

**মমাযতি**—('মম' হতে *deno*) (কিছুতে) আসক্ত বা অনুরক্ত হওয়া; হৃদয়ে পোষণ করা। *aor* **মমাযি**। *pp* **মমাযিত**। *prp* **মমাযন্ত**। *abs* **মমাযিত্বা**।

**মম্ম, মম্মট্ঠান**—প্রাণরক্ষক বা জীবনের পক্ষে অত্যাবশ্যক নির্দিষ্ট স্থান বা অঞ্চল (অকুস্থল); মাংসপেশির কেন্দ্র। **মমচ্ছেদক**—মর্মাঘাতী; জীবন জন্ম ও মৃত্যু-সংক্রান্ত বিন্দু; অত্যন্ত কঠোর বা সর্বনাশা বা নিদারুণ।

**মম্মন**—যে তোতলায় বা তোতলিয়ে বলে এমন।

**মযং**—('অম্হ'র কর্তায় বহুবচন) আমরা; মোরা।

**মযূখ**—আলোকরশ্মিরেখা; আলোর বা কণাস্রোতের বিচ্ছুরণ রেখা।

**মযূর**—ময়ূর।

**মরণ**—মৃত্যু। **মরণকাল**—মৃত্যুসময়। **মরণচেতনা**—প্রাণনাশের উদ্দেশ্য বা অভিপ্রায়। **মরণধম্ম**—মৃত্যুর অধীন। **মরণন্ত, মরণপরিযোসান**—মরণ পর্যাবসান; শেষ পরিণতি হিসাবে মৃত্যু হওয়া। **মরণ ভয**—মৃত্যু ভয়। **মরণমঞ্চক**—মৃত্যুশয্যা। **মরণমুখ**—মৃত্যুর মুখ। **মরণসতি**—মরণস্মৃতি; মৃত্যু অবলম্বনে ধ্যান। **মরণসময**—মৃত্যুর সময়।

**মরতি**—(মর্+অ) মৃত্যু হওয়া; মরে যাওয়া। *aor* **মরি**। *pp* **মত**। *prp* **মরন্ত, মরমান**। *ptp* **মরিতব্ব**। *abs* **মরিত্বা**। *inf* **মরিতুং**।

**মরিচ**—গোলমরিচ; পিপুল; লঙ্কা।

**মরিযাদা**—সীমানা; চৌহদ্দি; সীমারেখা।

**মরীচি**—আলোকের বিচ্ছুরণ রেখা বা রশ্মিরেখা; মরীচিকা। **মরীচিকা**—মরীচি; মৃগতৃষ্ণিকা; মরুভূমির বালুকারশ্মির উপরে পতিত সূর্যকিরণে জলভ্রম। **মরীচিধম্ম**—মরীচিকার সমান; অসার; অবাস্তব।

**মরু**—বালি; বালুকা-নিষ্ফলা বা বিধ্বস্ত অঞ্চল বা ভূমি; দেবতা।

**মরুম্ব**—নুড়ি; শিলাগুটি।

**মল**—অপবিত্রতা; অপদ্রব্য; কলঙ্ক; লোহার মরচে বা জং; নোংরা পদার্থ; ধুলা; (পশুর) মল; গোবর। **মলতর**—অধিকতর নোংরা বা অপবিত্র।

**মলিন, মলিনক**—ময়লা; নোংরা; কলঙ্কিত; অপবিত্র; অপবিত্রতা।

**মল্ল**—কুস্তিগির; 'মল্ল' বংশীয় লোক। **মল্লযুদ্ধ**—বহুযুদ্ধ; হাতাহাতি লড়াই কুস্তি।

**মল্লক**—(তরল পদার্থ রাখার) পাত্র; গ্রাহক।

**মল্লিকা**—(আরবীয়) জেসমিন; জুঁই-জাতীয় পুষ্পবিশেষ।

**মসারতাল্ল**—এক জাতীয় মূল্যবান প্রস্তর।

**মসি**—ভুসা; ঝুল; কাঠকয়লা; ধূলিকণা।

**মস্সু**—শ্মশ্রু; দাড়ি। **মস্সুক**—শ্মশ্রুযুক্ত বা শ্মশ্রুধারী। **মস্সুকম্ম, মস্সুকরণ**—শ্মশ্রু-বিন্যাস।

**মহ**—পর্ব; পর্বসংক্রান্ত উৎসব; ধর্মীয় উৎসব।

**মহগ্গত**—মহৎ হওয়া; অত্যুচ্চ; অতি উন্নত; মহিমান্বিত।

**মহগ্ঘ**—মহার্ঘ; অত্যন্ত মূল্যবান। **মহগ্ঘতা**—মহার্ঘতা।

**মহগ্ঘস**—অতিভোজীতুল্য; পেটুকবৎ।

**মহণ্ণব**—মহার্ণব; মহাসমুদ্র; মহাসাগর।

**মহতি**—(মহ্+অ) সম্মান করা; শ্রদ্ধা করা; উন্নীত করা; মহিমান্বিত করা; সম্মানিত করা; পবিত্র বা মহিমান্বিত বলে জ্ঞান করা। *aor* **মহি**। *pp* **মহিত**। *abs* **মহিত্বা**।

**মহত্ত**—মহত্ত্ব; মহৎ ভাব; মহতের ভাব।

**মহদ্ধন**—মহাধন অছে এমন।

**মহনীয**—শ্রদ্ধেয়; সম্মানার্হ।

**মহন্ত**—পরম; মহান; প্রধান; বিশিষ্ট; বিশাল; বিস্তৃত। (*f* **মহন্তী, মহতী**)। **মহন্তর**—অধিকতর মহান; অধিকতর প্রধান; অধিকতর বিশাল। **মহন্ততা, মহন্তভাব**—মহত্ব, মহানভাব; বিশালতা।

**মহপ্ফল**—মহাফল; পরিণামে মহৎ।

**মহব্বল**—মহাবল; মহাক্ষমতাবান; মহা বলবত্তা আছে এরূপ; মহা কর্মশক্তি আছে এরূপ; মহা শক্তিশালী; মহা সৈন্যদল।

**মহব্ভয**—মহাভয়।

**মহল্লক**—বৃদ্ধ; পুরাতন; বৃদ্ধ লোক। **মহল্লকতর**—বৃদ্ধতর। **মহল্লিকা**—বৃদ্ধা; বৃদ্ধ স্ত্রীলোক।

**মহা**—(যৌগিকে 'মহন্ত' 'মহা'য় পরিণত হয়। মধুরধ্বনি বা মধুর উচ্চারণ করণে বা সুরেলা করণে শেষের 'আ' প্রায়ই 'অ' হয়)। **মহা উপাসক**—বুদ্ধের মহা-অনুসারী। **মহা-উপাসিকা**—একান্ত অনুরক্তা মহীয়সী মহিলা। **মহাকরুণা**—পরম দয়া। **মহাকায**—মহাকায়; মোটা দেহধারী; বৃহৎ শরীরী। **মহাগণ**—বৃহৎ সমাজ। **মহাগণী**—বহু অনুসারী যার আছে এরূপ। **মহাজন**—জনসাধারণ। **মহাতণ্হ**—মহাতৃষ্ণ; অতিশয় অর্থগৃধ্নু। **মহাতল**—প্রাসাদশীর্ষে

বৃহৎ চ্যাপটা ছাদ। **মহাধন**—অপরিমেয় ধন বা সম্পদ। **মহানরক, মহানিরয়**—পাপকর্মীর আলয়। **মহানস**—রন্ধনশালা; রান্নাঘর। **মহানুব্বার**—মহারাজের। **মহাপঞ্ঞা**—মহাপ্রাজ্ঞ। **মহাপথ**—উচ্চপথ। **মহাপিতু**--পিতার জ্যেষ্ঠ ভ্রাতা। **মহাপুরিস**—মহাপুরুষ; মহৎ ব্যক্তি। **মহাভূত**—চার মহা উপাদান। **মহাভোগ**—মহা ধনসম্পদ আছে এমন। **মহামতি**—মহা জ্ঞানী ব্যক্তি। **মহামত্ত, মহামচ্চ**—মহামাত্য; মহামন্ত্রী; প্রধান মন্ত্রী। **মহামুনি**—মহাজ্ঞানী; পরম বিজ্ঞ। **মহামেঘ**—অল্পকালব্যাপী বর্ষণ; এক পশলা বর্ষণ। **মহাযঞ্ঞ, মহাযাগ**--মহাযজ্ঞ; মহাযাগ; মহা উৎসর্গ। **মহাযস্স**—মহাযশ। **মহারহ**—মহার্ঘ; অত্যন্ত দামি; দুর্মূল্য। **মহারাজ**—রাজাধিরাজ; বড় রাজা। **মহালতাপসাধন**—মহালতা-প্রসাধন। **মহসত্ত**—মহাসত্ত্ব; মহাজীবন। **মহাসমুদ্দ**--মহাসমুদ্র; মহাসাগর। **মহাসর**--মহাসরোবর; মহাহ্রদ। **মহাসার, মহাসাল**—অপরিমেয় সম্পদশালী। **মহাসাবক**—মহাশ্রাবক; মহাশিষ্য।

**মহিকা**—হিমায়িত অবস্থা; জমে যাওয়া অবস্থা; জলের হিমাঙ্ক তাপ; তুষার।

**মহিচ্ছ**—আকুল আকাঙ্ক্ষী; অর্থগৃধ্নু। **মহিচ্ছতা**—অর্থগৃধ্নুতা।

**মহিত**—('মহতি'র *pp*)।

**মহিদ্ধিক**--মহাঋদ্ধিবান; মহা ঐন্দ্রজালিক শক্তিসম্পন্ন; মোহিনীশক্তিসম্পন্ন।

**মহিন্দ**—মহেন্দ্র; দেবরাজের ব্যক্তিগত নাম।

**মহিলা**—স্ত্রীলোক; মেয়ে মানুষ।

**মহিস**—মহিষ। **মহিসমণ্ডল**—একটি রাজ্যের নাম; বর্তমানে মহিশূর।

**মহিস্সর**—মহা প্রভু; সৃষ্টিকর্তা ঈশ্বর।

**মহী**—১ পৃথিবী। ২ নদীর নাম বিশেষ (মাহী)। **মহীতল**—ধরণীতল; পৃথিবীপৃষ্ঠ। **মহীধর**—পর্বত। **মহীপতি, মহীপাল**--রাজা। **মহীরুহ**—বৃক্ষ।

**মহেসক্খ**—প্রভাবসম্পন্ন; ক্ষমতাশালী; অত্যন্ত ক্ষমতা আছে এরূপ।

**মহেসি**—(মহা=ইসি) মহা ঋষি; মহা জ্ঞানী।

**মহেসী**—মহিষী; রানী।

**মহোঘ**—মহা প্লাবন; প্রলয়-প্লাবন।

**মহোদধি**—মহাসাগর।

**মহোদর**—উদর বৃহৎ এমন।

**মহোরগ**—নাগরাজ।

**মংস**—মাংস। **মংসপেসি**—মাংসপেশি; জীবদেহের সঞ্চালন-ক্রিয়া; সাধক মাংসপিণ্ড। **মংসপুঞ্জ**—মাংসের স্তূপ।

**মা**—(নিষেধসূচক অব্যয়) না (করো না, ধরো না, নিও না ইত্যাদি)।

**মাগধ, মাগধক**—মগধের অন্তর্গত। **মাগধী**—মগধ রাজ্যের ভাষা।

**মাগৱিক**—শিকারি; ব্যাধ।

**মাগসির**—মার্গশীর্ষ; অগ্রহায়ণ মাস (নভেম্বর ডিসেম্বর)।

**মাঘ**—মাসের নাম; মাঘ (জানুয়ারি-ফেব্রুয়ারি)।

**মা-ঘাত**—প্রাণীহত্যা বিরতিশীল বা নীতি।

**মানৱ, মানৱক**—অল্প বয়স্ক মানুষ; ছোকরা; ছেলে মানুষ; ক্ষুদ্রাকৃতি মানুষ। **মানৱিকা, মানৱী**—কন্যা।

**মাতঙ্গ**—হস্তী; নিম্ন-বংশীয় লোক।

**মাতলী**—ইন্দ্রের সারথির নাম।

**মাতাপিতু**—পিতামাতা; মা এবং বাবা।

**মাতাপেত্তিক**--পিতামাতা হতে আগত। **মাতাপেত্তিভর**—পিতামাতার ভরণপোষণকারী।

**মাতামহ**--মায়ের পিতা। **মাতামহী**--মায়ের মাতা।

**মাতিক**--মাতৃক; মাতার সহিত সম্পর্কিত। **মাতিকা**—১ জলস্রোত; সারিবদ্ধভাবে বিন্যস্ত প্রতিযোগিতার তালিকা। ২ প্রাতিমোক্ষের নিয়মাবলি বা সংহিতা।

**মাতিপক্খ**—মাতৃপক্ষ; মাতার দিক।

**মাতু**—মাতা; মা। **মাতুকুচ্ছি**—মাতৃকুক্ষি, মাতৃজঠর; মাতৃগর্ভ। **মাতুগাম**—স্ত্রীলোক। **মাতুঘাত**—মাতৃঘাত; মাতৃহত্যা। **মাতুঘাতক**—মাতৃহন্তা, মাতৃঘাতী; মাতার প্রাণবধকারী। **মাতু-উপট্‌ঠান**—মায়ের তত্ত্বাবধানকারী। **মাতুপোসক**—মাতার ভরণপোষণকারী।

**মাতুচ্ছা**—মাতার ভগিনী; মায়ের বোন।

**মাতুল**—মাতার ভ্রাতা; মায়ের ভাই। **মাতুলানী**—মাতুলের বা মামার স্ত্রী।

**মাতুলুঙ্গ**—জামির; জামির গাছ।

**মাদিস**—মাদৃশ; আমার ন্যায়; আমার মতো।

**মান, মাণ**—পরিমাপন; মাপন; মাপন-প্রণালি বা পরিমাপ; আয়তন; মাপ; পরিমাণ; ওজন; মান; মাত্রা; মানদণ্ড; মাপকাঠি; তৌলদণ্ড; দাঁড়িপাল্লা। **মানকূট**—মিথ্যা পরিমাপন বা মাপন।

**মান**—আত্মাভিমান; অহঙ্কার; গর্ব; সগর্ব পুলক; দম্ভ; অহমিকা; ঔদ্ধত্য; অতিশয় আত্মগর্ব; উদ্ভট ধারণা। **মানথদ্ধ**—একগুঁয়ে; জেদি; অদম্য;

অবাধ্য; কঠিন; অনমনীয়। **মানদ**—প্রেরণাদায়ক; সম্মান।

**মানন**—উচ্চ-সম্মান প্রদর্শন; শ্রদ্ধা-নিবেদন।

**মানস**—মন; চিত্ত; অভিলাষ; ইচ্ছা; উদ্দেশ্য বা অভিপ্রায় আছে এমন।

**মানিত**—('মানেতি'র *pp*)।

**মানী**—অহঙ্কারী।

**মানুস**—মানুষ; মানব; নর। **মানুসক**—মানুষ; নর। **মানুসী**—মানুষী; নারী।

**মানেতি**—(মান্+এ) মান্য করা; উচ্চ-সম্মান প্রদর্শন করা; শ্রদ্ধা করা; পবিত্র বা মহিমান্বিত বলে জ্ঞান করা; উচ্চ-ধারণা পোষণ করা। *aor* **মানেসি**। *prp* **মানেন্ত**। *abs* **মানেত্বা**।

**মাপক**—স্রষ্টা; নির্মাতা।

**মাপিত**—('মাপেতি'র *pp*) সৃষ্ট; নির্মিত।

**মাপেতি**—(মা+আপে) নির্মাণ করা; স্থাপন করা; সৃষ্টি করা; অতিপ্রাকৃত শক্তিতে (ভূত-প্রেত-দেবযোনি প্রভৃতি জীবসমূহ দ্বারা) দৃশ্যমান করানো। *aor* **মাপেসি**। *abs* **মাপেত্বা**।

**মামক**—একান্তভাবে নিয়োজিত বা অনুরক্ত; উৎসর্গীকৃত; অনুরাগী।

**মাযা**—মায়া; প্রতারণা; ছল; ফাঁদ; প্রবঞ্চনা; ভেলকি; ভোজবাজি; কুহক; জাদু। **মাযাকার**—ভোজবাজিকর। **মাযাবী**—প্রতারণাপূর্ণ; ভণ্ডামিপূর্ণ; জাদুকর।

**মার**—মন্দ অসৎ ক্ষতিকর বা অশুভ বস্তু বা ব্যক্তি; অশুভ শক্তি; প্রলুব্ধকারী; মৃত্যুরূপী। **মারকযিক**—মারদেবগণের দলভুক্ত। **মারধেয্য**—মার রাজ্য। **মারবন্ধন**—মৃত্যু বেড়ি। **মারসেনা**—মার সৈন্য-দল।

**মারক**—মৃত্যু আনয়নকারী; মৃত্যু ঘটায় এমন।

**মারণ**—মৃত্যু ঘটানো; বধ; প্রাণবধ।

**মারাপন**—হত হবার কারণ সংঘটন; মরবার কারণ হওন।

**মারাপেতি**—('মারেতি'র *caus*) হত হবার কারণ ঘটানো। *aor* **মারাপেসি**। *pp* **মারাপিত**। *abs* **মারাপেত্বা**। *prp* **মারাপেন্ত**।

**মারিত**—('মারেতি'র *pp*)।

**মারিস**—(মাত্র সম্বোধনে দৃষ্ট হয়) প্রভো; মহাশয়; বাবু; জনাব; হুজুর।

**মারুত**—বায়ু; বাতাস।

**মারেতি**—(মার্+এ) মারা; প্রাণনাশ করা। *aor* **মারেসি**। *prp* **মারেন্ত**। *abs* **মারেত্বা**। *inf* **মারেতুং**।

**মারেতু**—বধক।

**মাল, মালক**—বৃত্তাকার পরিবেষ্টন বা ঘেরাও; গোলাকার অঙ্গন; বৃক্ষবেষ্টিত স্থান; নিকুঞ্জ।

**মালতী**—মহা-পুষ্পিত জুঁই।

**মালা**—পুষ্পমাল্য বা পত্রমালা; (ফুলে তৈরি) শিরোমালা বা শিরপেঁচ; পুষ্পসকল; থোকা। **মালাকম্ম**—মালাকর্ম; দেয়ালের গায়ে চিত্রাঙ্কন। **মালাকার**—মালা প্রস্তুতকারক; যে ব্যক্তি পুষ্পের চাষ করে বা পুষ্প বিক্রয় করে; মালী। **মালাগচ্ছ**—পুষ্পবৃক্ষ। **মালাগুণ**—পুষ্পের তার। **মালাগুল**—পুষ্পস্তবক; পুষ্পগুচ্ছ। **মালাচুম্বটক**—পুষ্প দ্বারা গঠিত মাথায় পরিধানের মালা; পুষ্পের শিরপেঁচ। **মালাদাম**—পুষ্পসমূহের তার। **মালাধর**—ফুলের মালা ধারক। **মালাধারী, মালাভারী**—শিরোমালা বা শিরপেঁচ ধারণকারী। **মালাপুট**—পুষ্পাধার। **মালারচ্ছ**—পুষ্প-উদ্যান; ফুলের বাগান; পুষ্পশয্যা; অতি-সুসজ্জিত শয্যা।

**মালিক, মালী**—মালা অথবা ফুল আছে এমন। **মালিনী**—মালা পরিহিত মহিলা।

**মালুত**—মারুত; বায়ু; বাতাস।

**মালুবা**—পরগাছা লতা, যা যে গাছের ওপর বৃদ্ধি পেয়েছে সেই গাছকে ধীরে ধীরে ধ্বংস করে।

**মালূর**—Marmelos গাছ।

**মাল্য**—মালা।

**মাস**—মাষ; এক জাতীয় শিম; *Phaseolus indica*। **মাসিক**—প্রতি মাসে যা ঘটে; মাসে একবার।

**মাসক**—ছোট মুদ্রা (যার মূল্য প্রায় এক আনা)।

**মিগ**—মৃগ; জন্তু; চতুষ্পদী; হরিণ। **মিগচাপক, মিগপোতক**—হরিণ শাবক। **মিগতণ্হিকা**—মৃগতৃষ্ণিকা; মরীচিকা। **মিগদায**—মৃগয়ার পশুদের রাখার জন্য ঘেরাও করা সংরক্ষিত ভূমি। **মিগমদ**—কস্তুরী; কস্তুরী-মৃগ। **মিগমাতুকা**—বিড়ালের আকৃতির ক্ষুরওয়ালা জন্তু (সিংহলি—মীমিনা)। **মিগলুদ্দক**—মৃগলুব্ধক; মৃগশিকারি।

**মিগব**—মৃগয়া; শিকার।

**মিগিন্দ**—মৃগরাজ; পশুরাজ; সিংহ।

**মিগী**—মৃগী; হরিণী।

**মিচ্ছত্ত**—মিথ্যা; অসাধুতা; প্রতারণা।

**মিচ্ছা**—অসত্য; মিথ্যা; ভুল; প্রতারণাপূর্ণ; অন্যায়ভাবে; অন্যায়। **মিচ্ছাকম্মন্ত**—অন্যায় বা অসদাচরণ; অন্যায় কর্ম; অসৎ কর্ম। **মিচ্ছাগহণ**—অন্যায় গ্রহণ; অন্যায় ধারণা; অসৎ কল্পনা। **মিচ্ছাচার**—মিথ্যা আচার; অসৎ আচরণ।

**মিচ্ছাচারী**—মিথ্যা-আচারী; অসৎ আচরণকারী। **মিচ্ছাদিট্‌ঠি**—মিথ্যা দৃষ্টি; মিথ্যা দর্শন; অন্যায় দর্শন; প্রচলিত (ধর্ম) মতের বিরুদ্ধ বিশ্বাস। **মিচ্ছাপণিহিত**--মিথ্যা-পরিচালিত; অন্যায় পথে পরিচালিত। **মিচ্ছাৱাচা**—মিথ্যাবাক্য। **মিচ্ছাৱাযাম**—মিথ্যা ব্যায়াম; মিথ্যা প্রচেষ্টা। **মিচ্ছা-সঙ্কপ্প**—মিথ্যা সংকল্প; মিথ্যা মতলব; অসৎ অভিপ্রায়।

**মিঞ্জ, মিঞ্জা**—মজ্জা; কেন্দ্রস্থল; মর্মস্থল; সারাংশ; মর্ম।

**মিণন**—মাপন; পরিমাপন; মাপ; ওজন; পরিমাণ।

**মিণাতি**—(মি+ণা) মাপা; ওজন করা; (কারও প্রতি) আচরণাদি করা; ভারসাম্য রক্ষা করা। *aor* **মিণি**। *pp* **মিত**। *prp* **মিণন্ত**। *abs* **মিনিত্বা**। *inf* **মিণিতুং**। *pass* **মিণিযতি**।

**মিত**—('মিণাতি'র *pp*)। **মিতভাণী**—মাত্রাবদ্ধভাবে বা সীমাবদ্ধভাবে কথা বলে এমন।

**মিত্ত**—মিত্র; বন্ধু। **মিত্তদ্দু, মিত্তদুব্‌ভি, মিত্তদূভী**—মিত্রদ্রোহী; মিত্রের অনিষ্ট-চিন্তা বা অনিষ্টাচরণকারী; কৃতঘ্ন। **মিত্তপতিরূপক**—কৃত্রিম বন্ধু। **মিত্তভেদ**—বন্ধুত্ব বা মৈত্রী ভঙ্গকারী। **মিত্তসন্থৱ**—বন্ধুর সহিত মিলন।

**মিথু**—পর্যায়ান্বিত; পালা-অনুসারে; পর্যায়ান্বিতভাবে; পালাক্রমানুসারে গোপনভাবে। **মিথুভেদ**—মৈত্রীভেদ; মৈত্রীভঙ্গ।

**মিথুন**—স্ত্রী-পুরুষ; যুগল; স্ত্রী-পুরুষের মিলন।

**মিদ্ধ**—অসাড়তা; অক্রিয়তা; জড়ত্ব; অস্পষ্টতা; অনুচ্চতা; বোধহীনতা; জড়তা; তন্দ্রাচ্ছন্নভাব। **মিদ্ধী**—অসাড়; অবশ; জড়; হতবুদ্ধি; তন্দ্রালু; তন্দ্রা-উদ্রেককর।

**মিয্যতি, মীযতি**—(মর্+য; 'মর' পরিবর্তিত হয়ে 'মিয্' এবং 'মী' হয়েছে) মৃত্যু হওয়া; মৃত্যু বরণ করা; মৃত্যুমুখে পতিত হওয়া। *prp* **মীযমান**—ম্রিয়মাণ; মরণাপন্ন।

**মিলক্খ**—অমার্জিত বা অভদ্র বা অশিক্ষিত লোক; অসভ্য ব্যক্তি; বর্বর ব্যক্তি। **মিলক্খদেস**—এমন এক দেশ যেখানে বর্বরজাতি বাস করে।

**মিলাত**—('মিলাযতি'র *pp*) বিবর্ণ; শুষ্ক; নির্জীব; ক্ষীণ; নষ্ট; অপচিত। **মিলাততা**—বিবর্ণতা; শুষ্কতা; নির্জীবতা; অপচিতি।

**মিলাযতি**—(মিলা+য) বিবর্ণ হওয়া; শুষ্ক হওয়া; নির্জীব হওয়া; অপচিত হওয়া। *aor* **মিলাযি**। *prp* **মিলাযমান**। *abs* **মিলাযিত্বা**।

**মিস্‌স, মিস্‌সক**—মিশ্রিত; সংযুক্ত; মিলিত।

**মিস্‌সিত**—('মিস্‌সেতি'র *pp*)।

**মিস্‌সেতি**—(মিস্‌স্+এ) মিশ্রিত হওয়া বা করা। *aor* **মিস্‌সেসি**। *prp* **মিস্‌সেন্ত**। *abs* **মিস্‌সেত্বা**।

**মিহিত**—মৃদুহাস্য; মৃদুহাসি।

**মীন**—মৎস্য; মাছ।

**মীযতি**—'মিয্যতি' দেখুন।

**মীল্‌হ**—গাদ; শিটা; পশুবিষ্ঠা; মল; গোবর।

**মুকুল**—কুঁড়ি।

**মুখ**—১ মুখগহ্বর; মুখমণ্ডল; প্রবেশ পথ; ফাঁক; ফাঁকা জায়গা; আরম্ভ; সূত্রপাত সম্মুখভাগ। ২ সর্বাগ্রবর্তী। **মুখতুণ্ড**—পাখির ঠোঁট; চঞ্চু। **মুখদ্বার**—মুখ। **মুখধোৱন**—মুখমণ্ডল ধৌতকরণ; আলতোভাবে প্রক্ষালন। **মুখপুঞ্ছন**—মুখ-মোছার তোয়ালে। **মুখ-পূর**—১ সামান্য পরিমাণ। ২ গালভরা। **মুখৱট্‌টি**—কানা; কিনারা; ধার। **মুখৱণ্ণ**—মুখের গঠন বা অবয়ব বা আকৃতি বা চেহারা। **মুখবিকার**--প্রবলভাবে মুখমণ্ডল মোচড়ানো বা কোঁচকানো; মুখমণ্ডল প্রদর্শন। **মুখসঙ্কোচন**—(অসন্তুষ্টির চিহ্নস্বরূপ) মুখ বাঁকিয়ে সরিয়ে আনয়ন; মুখ বিকৃতমূর্তি করণ। **মুখসঞ্ঞত**—কারও মুখ দমন বা শাসন।

**মুখর**--বাক্যবাগীশ; ক্রমাগত কথা বলার স্বভাববিশিষ্ট। **মুখরতা**—বাচালতা।

**মুখাধান**—ঘোড়ার লাগাম বা বল্‌গা; বাধা; নিয়ন্ত্রণ।

**মুখুল্লোকক**--মুখাবলোকক; মুখ অবলোকন-কারক।

**মুখোদক**—মুখ ধৌত করার জল; মুখ ধোয়ার জল।

**মুখ্য**—প্রধান; সর্বাগ্রবর্তী; সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ।

**মুগ্‌গ**—সবুজ মটর বিশেষ।

**মুগ্‌গর**—মুদ্‌গর; মুগুর; গদা।

**মঙ্গুস**—নকুল; বেজি।

**মুচলিন্দ**—*Barringtonia acutangula* বৃক্ষ।

**মুচ্চতি**—(মুচ্+অ) বন্ধনমুক্ত হওয়া; উদ্ধারপ্রাপ্ত হওয়া; মুক্তিলাভ করা। *aor* **মুচ্চি**। *pp* **মুত্ত, মুচ্চিত**। *prp* **মুচ্চমান**। *abs* **মুচ্চিত্বা**।

**মুচ্ছতি**—(মুচ্ছ্+অ) অজ্ঞান হওয়া; বুদ্ধিভ্রষ্ট হওয়া; মোহাচ্ছন্ন হওয়া; মূর্ছাগত হওয়া। *aor* **মুচ্ছি**। *pp* **মুচ্ছিত**। *prp* **মুচ্ছন্ত**। *abs* **মুচ্ছিত্বা, মুচ্ছিয**।

**মুচ্ছন, মুচ্ছনা, মুচ্ছা**—মূর্ছা; চেতনাহীনতা; অচেতনতা; অজ্ঞানতা; মূর্ছন।

**মুচ্ছিত**—'মুচ্ছতি'র অন্তর্গত দেখুন।

**মুঞ্চক**—মোচন করে এরূপ; নিক্ষেপক।

**মুঞ্চতি**—(মুচ্+ং-অ) মোচন করা; ঢিলা বা আলগা বা বন্ধনমুক্ত করা অথবা হওয়া; মুক্ত করা; উদ্ধার করা; রক্ষা করা; প্রেরণ করা; নিক্ষেপ করা; পরিত্যাগ করা। *aor* **মুঞ্চি**। *pp* **মুত্ত, মুঞ্চিত**। *prp* **মুঞ্চন্ত, মুঞ্চমান**। *abs* **মুঞ্চিত্বা, মুঞ্চিয**।

**মুঞ্চন**—মোচন; পরিত্যাগ। **মুঞ্চনক**—নিক্ষেপক; বহিষ্কারক।

**মুঞ্জ**—চটি স্যান্ডেল প্রভৃতি তৈরি করার কাজে যে ঘাস ব্যবহার করা হয় এমন।

**মুট্ঠ**—('মুস্সতি'র *pp*) বিস্মৃত। **মুট্ঠসচ্চ**—বিস্মরণশীলতা; অমনোযোগিতা। **মুট্ঠস্সতী**—বিস্মরণশীল; অমনোযোগী।

**মুট্ঠি**—মুষ্টি; হাতল। **মুট্ঠিক, মুট্ঠিমল্ল**—কুস্তিগির; মুষ্টিযোদ্ধা। **মুট্ঠিযুদ্ধ**—মুষ্টিযুদ্ধ।

**মুণ্ড**—মুণ্ডিত; পরিষ্কার-পরিচ্ছন্ন; (গাছপালার) ঝাড়হীন এমন; নগ্ন। **মুণ্ডক**—মুণ্ডন; ক্ষৌরকর্ম; মুণ্ডিত মস্তক। **মুণ্ডচ্ছদ্দ**—চেপটা ছাদযুক্ত অট্টালিকা। **মুণ্ডত্ত, মুণ্ডিয**—মুণ্ডিত হবার তথ্য।

**মুণ্ডেতি**—(মুণ্ড+এ) মুণ্ডন করা; কামানো; চুল-দাঁড়ি চেঁছে ফেলা। *aor* **মুণ্ডেসি**। *pp* **মুণ্ডিত**। *abs* **মুণ্ডেত্বা**।

**মুত**—ইন্দ্রিয়; জ্ঞানেন্দ্রিয়; চেতনা বা বোধ; অনুভূতি; বোধশক্তি; প্রত্যক্ষকরণ; উপলব্ধি; প্রত্যক্ষ রূপ; কল্পমূর্তি (চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বকের সাহায্যে)।

**মুতিঙ্গ, মুদিঙ্গ**—মৃদঙ্গ; শ্রীখোল।

**মুতিমন্ত**—সচেতন; বোধগম্য; বিচক্ষণ; ইন্দ্রিয়-গ্রাহ্য।

**মুত্ত**—('মুঞ্চতি'র *pp*)। **মুত্ত-আচার**—ঢিলা-স্বভাব।

**মুত্ত**—মূত্র; প্রস্রাব। **মুত্তকরণ**—পুংলিঙ্গ অথবা স্ত্রী লিঙ্গ। **মুত্তবত্থি**—মূত্রবস্তি; মূত্রাশয়; মূত্র থলি।

**মুত্তা**—মুক্তা; রত্নবিশেষ; সুন্দরতম নিদর্শন। **মুত্তাবলি, মুত্তাহার**—মুক্তার হার। **মুত্তাজাল**—মুক্তার জাল।

**মুত্তি**—মুক্তি; মোক্ষ; স্বাধীনতা।

**মুদা**—সন্তুষ্টি; আনন্দ।

**মুদিত**—সন্তুষ্ট; খুশি; আমোদিত। **মুদিতমন**—আমোদিত মন; সন্তুষ্ট হৃদয়।

**মুদিতা**—সহানুভূতি; করুণা;দরদ।

**মুদু, মুদুক**—মৃদু; নরম; কোমল; আবেগপ্রবণ। **মুদুচিত্ত, মুদুহদয়**—কোমল চিত্ত; কোমল হৃদয়। **মুদুজাতিক**—কোমল বা নরম প্রকৃতির। **মুদুতা, মুদুত্ত**—মৃদুতা; মৃদুত্ব; কোমলতা; নমনীয়তা। **মুদুভূত**—সহজে নোয়ানো বা বাঁকানো যায় এমন; যে কোনো অবস্থার সঙ্গে নিজেকে মানিয়ে নেওয়ার যোগ্য।

**মুদ্দঙ্কণ**—মুদ্রাঙ্কন; মুদ্রণ; মুদ্রিত করণ।

**মুদ্দা**—মুদ্রা; নামমুদ্রা; পাঞ্জা; সিলমোহর; ছাপ; সিলমোহরকরণ; অঙ্গভঙ্গি মুদ্রণ। **মুদ্দাপক**—মুদ্রাকর। **মুদ্দাপন**—মুদ্রিতকরণ। **মুদ্দাযন্ত**—মুদ্রাযন্ত্র; ছাপাখানা।

**মুদ্দাপেতি**—('মুদ্দা' হতে *deno*) মুদ্রিত করা; ছাপানো। *aor* **মুদ্দাপেসি**। *pp* **মুদ্দাপিত**। *abs* **মুদ্দাপেত্বা**।

**মুদ্দিকা**—নামমুদ্রা-অঙ্গুরি; মোহরাঙ্কিত অঙ্গুরি।

**মুদ্ধ**—মূর্খ; বোকা; বিচারবুদ্ধিহীন; হতভম্ব; হতবুদ্ধি; বিভ্রান্ত। **মুদ্ধাতুক**—স্বভাবত মূর্খ। **মুদ্ধতা**—বোকামি; বিচারবুদ্ধিহীনতা।

**মুদ্ধা**—মস্তক; শির; শীর্ষ; চূড়া; শিখর। **মুদ্ধাধজ**—১ জিহ্বাগত; জিহ্বা দ্বারা সৃষ্ট বা উচ্চারিত; ভাষাগত। ২ লোম; চুল; কেশ। **মুদ্ধা-অধিপাত**—প্রচণ্ড (বা মাথা ছিঁড়ে যাচ্ছে এমন) মাথাধরা। **মুদ্ধা-অবসিত্ত**—যৎপরোনাস্তিভাবে প্রতিনিধি বলে পরিগণিত (রাজা)।

**মুধা**—মাগনা; বেগার হিসাবে; মিছামিছি।

**মুনাতি**—(মুন্+অ) জানা; অবগত হওয়া। *aor* **মুনি**। *pp* **মুত**।

**মুনি**—ভিক্ষু। **মুনিন্দ**—মহামুনি; মহাজ্ঞানী ব্যক্তি; পরম বিজ্ঞ ব্যক্তি।

**মুয্হতি**—(মুহ্+য) ভুলে যাওয়া; জড় বা নিস্তেজ হওয়া; মোহাচ্ছন্ন বা বুদ্ধিভ্রষ্ট করা। *aor* **মুয্হি**। *pp* **মূল্হ**। *prp* **মুয্হমান**। *abs* **মুয্হিত্বা**।

**মুয্হন**—বিস্মরণশীলতা; অমনোযোগিতা; বুদ্ধিভ্রষ্টতা; মোহাচ্ছন্নতা।

**মুরজ**—বজ্রধ্বনি।

**মুরুমুরাযতি**—('মুরু-মুরু' হতে *onom*) চিড় খাওয়ার বা ফাটার আকস্মিক তীক্ষ্ণ শব্দসহ দাঁত বসাবার মতো বা কামড়াবার মতো কিছু পাওয়া।

**মুসল**—মুষল; মুদ্গর; ঢেঁকির মোনা; উদুখলের মর্দক বা পেষণদণ্ড। **মুসলী**—হস্তে মুদ্গর ধারণ করে এমন।

**মুসা**—মিছা; মিছে; মিথ্যা; অসত্য; অমূলক। **মুসাবাদ**—মিথ্যাবাক্য; মিছা কথা; অসত্য বাক্য; অমূলক কথা।

**মুস্সতি**—(মুস্+য) ভুলে যাওয়া; বিস্মরণের বা বিস্মৃতির মধ্য দিয়ে চলা। *aor* **মুস্সি**। *pp* **মুট্ঠ**। *abs* **মুস্সিত্বা**।

**মুহুত্ত**—মুহূর্ত; অতি অল্প সময়; অত্যল্পকাল। **মুহুত্তেন**—অতি অল্প সময়ে। **মুহুত্তিক**—অতি অল্পকাল অস্তিমান; জ্যোতিষী; গ্রহাচার্য।

**মুলাল**—মৃণাল; পদ্মের ডাঁটা বা নাল; পদ্মের শ্বেতবর্ণ ভক্ষণীয় কন্দ।

**মূগ**—মূক; বোবা; বাকশক্তিহীন ব্যক্তি।

**মূল**—শিকড়; মূলধন (অর্থ); টাকাকড়ি; নগদ টাকা; তহবিল; পদ; তলা; উৎস; ভিত্তি; হেতু; আরম্ভ। **মূলকন্দ**—কন্দযুক্ত বা কন্দল মূল। **মূলধন**—গচ্ছিত টাকা। **মূলবীজ**—অঙ্কুরিত হয় এমন মূল।

**মূলক**—মুলা; (কিছুর দ্বারা) শর্তাধীন হয়ে; উৎপত্তিতে; প্রারম্ভে।

**মূলিক**—মৌলিক; প্রাথমিক।

**মূল্য**—দাম; পণ; বেতন; পারিশ্রমিক; ভাড়া; মাশুল।

**মূসা**—মুচি; ধাতু প্রভৃতি গলাবার জন্য মাটির পাত্রবিশেষ।

**মূসিক, মূসিকা**—ধেড়ে ইঁদুর; নেংটি ইঁদুর। **মূসিকচ্ছিন্ন**—ইঁদুরের দ্বারা চিবানো বা ক্ষত। **মূসিকবচ্চ**—ইঁদুরের নাদি।

**মূল্হ**—('মুয্হতি'র *pp*) মূঢ়; কুপথে গত; বিভ্রান্ত; কিংকর্তব্যবিমূঢ়; বিপথগামী; পাপী; ভ্রান্ত।

**মে**—('অম্হ'র সম্প্রদান ও সম্বন্ধ কারকের একবচনে) আমাকে; আমার।

**মেখলা**—মেয়েদের জন্য কোমরবন্ধ।

**মেঘ**—বৃষ্টি; বর্ষণ; জলধর; নীরদ। **মেঘনাদ**—বজ্র; অশনি; বজ্রনির্ঘোষ। **মেঘবণ্ণ**—মেঘবর্ণ; মেঘবর্ণযুক্ত অর্থাৎ কাল।

**মেচক**—কালো; গাঢ় নীল।

**মেজ্ঝ**—ঝাঁটি।

**মেণ্ড, মেণ্ডক**—পুং মেষ; ভেড়া; মেষ; ভেড়া ও ভেড়ি।

**মেত্তচিত্ত**—মৈত্রীচিত্ত; পরোপকারেচ্ছু চিত্ত; সদাশয় অন্তর; বদান্য অন্তঃকরণ।

**মেত্তা**—মৈত্রী; বন্ধুত্ব; সৌহার্দ্য; পরোপকারের ইচ্ছা; সদাশয়তা; বদান্যতা। **মেত্তাকম্মট্ঠান, মেত্তাভাবনা**—সদাশয়তা বা বদান্যতা অনুশীলন। **মেত্তাযনা**—বন্ধুত্বপূর্ণ অনুভূতি। **মেত্তাবিহারী**—পরোপকারিতা বা সদাশয়তা বা পরোপকার মেনে চলে এমন; মৈত্রীবিহারী।

**মেত্তাযতি**—('মেত্তা' হতে *deno*) বন্ধুত্বপূর্ণভাবে অনুভব করা; সদাশয় হওয়া। *aor* **মেত্তাযি**। *abs* **মেত্তাযিত্বা**। *prp* **মেত্তাযন্ত**।

**মেত্তি**—'মেত্তা' দেখুন।

**মেত্তেয্য-নাথ**—ভবিষ্যৎ বুদ্ধ; মৈত্রেয়।

**মেথুন**—যৌন-মিলন; দুই-এর সংযোজন; দুই-এর সংযোজন। **মেথুনধম্ম**—(উপরোক্তের ন্যায়)।

**মেদ**—চর্বি। **মেদকথালিকা**—চর্বি ভাজার জন্য হাতলওয়ালা পাত্র-বিশেষ। **মেদবণ্ণ**—মেদবর্ণ; চর্বির রং-বিশিষ্ট।

**মেদিনী**—পৃথিবী।

**মেধ**—বলি; ধর্মীয় বা মহত্তর কিছুর জন্য মূল্যবান কিছু ত্যাগ করা।

**মেধগ**—ঝগড়া; বিবাদ; কলহ।

**মেধা**—ধীশক্তি; বোধশক্তি; স্মরণশক্তি। **মেধাবী**—বুদ্ধিমান; স্থিরবুদ্ধি। **মেধাবিনী**—বুদ্ধিমতী মহিলা।

**মেরেয**—গাঁজিয়ে তোলা মদ।

**মেরু**—পৃথিবীর উচ্চতম পর্বতের নাম।

**মেলন**—মিলন; সমাবেশ; সভা।

**মেস**—মেষ; ভেড়া।

**মেহ**—সূত্র-সংক্রান্ত নিদারুণ যন্ত্রণা; প্রস্রাবের পীড়াবিশেষ।

**মেহন**—পুংজাতীয় অথবা স্ত্রী-জাতীয়।

**মোক্খ**—মোক্ষ; মুক্তি; স্বাধীনতা; উদ্ধার; রক্ষা; শেষ মুক্তি। **মোক্খক**--মুক্তিদান করে এরূপ। **মোক্খমগ্গ**—মুক্তিমার্গ; মুক্তিলাভ করার পথ।

**মোক্খতি**—(মোক্খ+অ) স্বাধীন হওয়া; মুক্তিলাভ করার; উদ্ধারপ্রাপ্ত হওয়া।

**মোঘ**--শূন্যগর্ভ; খালি; প্রকৃত মূল্যহীন; অপ্রয়োজনীয়। **মোঘপুরিস**—হতবুদ্ধি বা হতচেতন; অকেজো ব্যক্তি।

**মোচ**—কলাগাছ।

**মোচন**—মুক্তিদান; মুক্তি।

**মোচাপন**—মুক্তির কার্য-কারণ-সম্বন্ধ; মুক্তির নিমিত্ত হেতু বা উদ্দেশ্য হওয়া; উদ্ধার; রক্ষা।

**মোচাপেতি**—('মোচেতি'র *caus*) মুক্ত হবার হেতু

হওয়া।

**মোচেতি**—(মুচ্+এ) উদ্ধার করা; রক্ষা করা; মুক্ত করা; মুক্তিদান করা; খালাস করা। *aor* **মোচেসি**। *pp* **মোচিত**। *prp* **মোচেন্ত**। *abs* **মোচেত্বা, মোচিয**। *inf* **মোচেতুং**।

**মোদক**—বটিকাকৃতি মিঠাই।

**মোদতি**—(মুদ্+অ) আনন্দিত হওয়া; আনন্দিত করা; আনন্দ করা। *aor* **মোদি**। *pp* **মোদিত**। *prp* **মোদমান**। *abs* **মোদিত্বা**।

**মোদন, মোদনা**—স্থৈর্য বা প্রশান্তি; নীরবতা।

**মোনেয্য**—সচ্চরিত্রের পূর্ণাঙ্গ রূপ বা মূর্তি; নৈতিক চরিত্রের বা স্বভাবের ভালোমন্দ বিচার সংক্রান্ত পূর্ণাঙ্গ রূপ বা মূর্তি।

**মোমুহ**—স্থূলবুদ্ধি; নিরীহ; হাবাগবা; বোকাটে; নির্বোধ; অর্থহীন; হতভম্ব।

**মোর**—ময়ূর। **মোরপিঞ্জ**—ময়ূরপুচ্ছ।

**মোস, মোসন**—চৌর্য; চুরি।

**মোসবজ্জ**—অসত্য।

**মোহ**—হতচেতনা; অর্থহীনতা; মূঢ়তা; মূর্খতা; বোকামি; নীরসতা; প্রবঞ্চিত অবস্থা; ভ্রান্তি। **মোহক্খয**--মোহক্ষয়; অজ্ঞানতা ধ্বংসন। **মোহচরিত**--মূর্খস্বভাবের। **মোহতম**--অজ্ঞানান্ধকার। **মোহনীয, মোহনেয্য**—বুদ্ধিভ্রষ্ট-করানোর পরিচালক; মোহাচ্ছন্নকারক।

**মোহন**—মূঢ় বা মূর্খকারক; প্রলোভন; সম্মোহন। **মোহনক**—হতবুদ্ধি বা বিভ্রান্ত করে এমন; বিপথে পরিচালিত করে এমন।

**মোহেতি**—(মুহ্+এ) কৌশলে ভুলপথে চালিত করা; প্রতারণা করা; প্রবঞ্চনা করা; বোকা বানানো; ঠকানো; ভ্রান্তপথে চালিত করা। *aor* **মোহেসি**। *pp* **মোহিত**। *abs* **মোহেত্বা**।

**মোলি**—চুলের শির-চূড়া গিঁট বা গ্রন্থি; শিরোভূষণ; মস্তকের রাজমুকুট।

# য

**য**—(সম্বন্ধ সূচক সর্বনাম) যেটি; যে; যাকে; যা।

**যকন**—যকৃৎ।

**যক্খ**—যক্ষ; অপদেবতা; মঙ্গলকর উপদেবতা; পিশাচ; দৈত্য। **যক্খগণ**—যক্ষজনতা। **যক্খ-গ্গাহ**—যক্ষের অধিকার বা দখল। **যক্খত্ত**—যক্ষের অবস্থা। **যক্খভূত**—যক্ষ-জন্মলাভ। **যক্খ-সমাগম**--যক্ষগণের সভা। **যক্খ-অধিপ**--যক্ষগণের অধিপতি।

**যক্খিনী, যক্খী**—যক্ষিণী।

**যগ্ঘে**—উর্ধ্বস্থ ব্যক্তিকে সম্বোধন করার সময়ে ব্যবহৃত উপদেশমূলক অব্যয়।

**যজতি**—(য+অ) বলি দেওয়া; ভিক্ষা দেওয়া; দান দেওয়া। *aor* **যজি**। *pp* **যিট্ঠ, যজিত**। *abs* **যজিত্বা**। *prp* **যজমান**।

**যজন**—বলিদান; ভিক্ষাদান।

**যঞ্ঞ**—'যাগ' দেখুন; যজ্ঞ। **যঞ্ঞসামী**—বলির মালিক। **যঞ্ঞ-আবাট**—যূপ; বলির জন্য যজ্ঞপশু বন্ধনের কাষ্ঠদণ্ডবিশেষ; হাড়িকাঠ; জয়স্তম্ভ। **যঞ্ঞ-উপনীত**—বলির উদ্দেশ্যে আনীত।

**যট্ঠি**—যষ্টি; লাঠি; ছড়ি; দণ্ড; আলম্ব; মেরু; স্থিরবিন্দু; সাত হাত দৈর্ঘ্য। **যট্ঠি-কোটি**—যষ্টির শেষপ্রান্ত। **যট্ঠিমধুকা**—যষ্টিমধু।

**যত**—('যমেতি'র *pp*) সংযত; নিবৃত্ত; নিয়ন্ত্রিত।

**যততি**—(যত্+অ) (ক্ষমতাদি) জাহির করা বা প্রয়োগ করা; নিজের ক্ষমতাদি কাজে লাগানো বা জাহির করা; সচেষ্ট হওয়া; কঠোরভাবে বা সাগ্রহে চেষ্টা করা। *aor* **যতি**।

**যতন**—যত্ন; প্রচেষ্টা।

**যতি**—ভিক্ষু; সন্ন্যাসী; মুনি; তপস্বী; যতী।

**যতো**—কোথাও হতে; যেখান বা সেখান হতে; যা বা তা হতে; কোথা হতে; কি হতে; তদনন্তর; অদ্যাবধি; অতঃপর; পরে; আগে; যেহেতু; কেননা; সে কারণ; দরুন; জন্য।

**যত্তক**—যে-কোনো পরিমাণে; তৎসত্ত্বেও; যাই হোক না কেন; যা হোক।

**যত্থ, যত্র**—যেথায়; যত্র; কোথায়; যেখানে; যে বিষয়ে; যে পরিমাণে; যেমন।

**যথত্ত**—যথার্থ; প্রকৃত; খাঁটি; সত্য।

**যথরিব**—(যথা+ইব) যথানুরূপ।

**যথা**—যেমন; যেরূপ; সম্পর্কে; বিষয়ে; মতে; মতানুসারে; অনুসারে; ধরনে; যা কিছু উপায়; যে কোনো বা সব কয়টি উপায়; যথানুরূপ। **যথাকম্মং**—(কারও) কর্মানুসারে। **যথাকামং**—(কারও) ইচ্ছানুসারে এলোমেলোভাবে; এলোতাথাড়িভাবে। **যথাকামকারী**--নিজের ইচ্ছানুযায়ী কাজ করে এমন। **যথাকারী**—সে যেরূপ করে। **যথাকাল**—উপযুক্ত সময়। **যথাকালং**—

উপযুক্ত সময়ে। **যথাক্কমং**--সুবিন্যস্তভাবে; যথাযথভাবে; পরম্পরানুসারে। **যথাঠিত**—যেরূপ বা যেমন ছিল; সে যেমন দাঁড়িয়ে ছিল তেমনভাবে। **যথাতথ**—সত্য; প্রকৃত। **যথাতথং**--সত্যতা অনুসারে। **যথাধম্মং**—যথাধর্ম; ধর্মানুসারে। **যথাধোত**—যথাধৌত। **যথানুসিট্ঠং**—উপদেশের সহিত ঐক্য সামঞ্জস্য বা মিল বজায় রেখে। **যথানুভাবং**--(কারও) সামর্থ্য অনুসারে। **যথাপসাদং**—(কারও) প্রসাদ বা বাসনা অনুসারে। **যথাপূরিত**—যথাসম্ভব পূর্ণমাত্রায়। **যথাফাসুক**—আরামদায়ক। **যথাবলং**—যথাশক্তি; (কারও) শক্তি অনুযায়ী। **যথাভতং**—যেরূপ বাহিত হয়েছিল সেরূপ। **যথাভিরন্তং**—(কারও) যত দীর্ঘ ইচ্ছা হয় তত দীর্ঘ। **যথাভুচ্চ, যথাভূত**—প্রকৃতই বিদ্যমান; বাস্তব; স্পষ্টত প্রতীয়মান সত্যতা অনুসারে। **যথাভূতং**—সত্যের মধ্যে; বাস্তবতায়; সত্যসারে। **যথারহং**—যথোচিত বা যথোপযুক্ত। **যথারুচিং**—যথারুচি; পছন্দমতো। **যথারতো**—ইহার প্রকৃত সারের মধ্যে। **যথাবিধিং**--যথাযথভাবে; উপযুক্তরূপে; যথাসময়ে; যথোচিতভাবে। **যথাবিহিত**--বিধানানুরূপ। **যথাবুড্ঢং**--বয়োজ্যেষ্ঠতা অনুসারে। **যথাবুত্ত**—যথাব্যক্ত; পূর্বোক্ত। **যথাবুত্তং**—পূর্ব-স্থাপিত; পূর্বচালিত। **যথাসক**—(কারও) মালিকানা অনুসারে বা স্বত্বাধিকার বলে। **যথাসকং**—প্রত্যেকে তার নিজের। **যথাসত্তিং**—যথাশক্তি শক্তি অনুসারে। **যথাসদ্ধং**—যথাসাধ্য; প্রগাঢ় প্রচেষ্টা অনুসারে। **যথাসুখং**—আরামদায়কভাবে।

**যথিচ্ছিতং**—যথা-ইচ্ছিত; যথা-ঈপ্সিত; অভিলষিত অনুসারে; বাঞ্ছিত অনুযায়ী; আকাঙ্ক্ষিত অনুযায়ী।

**যদা**—যখনই; যখন।

**যদি**—কার্যকারণ সম্পর্ক; হেতু; যে কোনো ধরনে; যে কোনো পরিমাণে; তৎসত্ত্বেও; যাই হোক না কেন; যা হোক। **যদিদং**—যা এই; অর্থাৎ; যথা।

**যন্ত**—যন্ত্র। **যন্তনালি**—যন্ত্রনালি; যন্ত্রচালিত নল। **যন্তমুত্ত**—যন্ত্রমুক্ত; যন্ত্র দ্বারা নিক্ষিপ্ত। **যন্তযুত্ত**—যন্ত্রযুক্ত; যন্ত্রের সহিত সংযুক্ত।

**যন্তিক**—যন্ত্রী যন্ত্রচালক; বাদ্যযন্ত্রবাদক।

**যম**—মৃতের রাজ্য শাসক; মৃত্যুরাজ। **যমদূত**—মৃত্যু সংবাদবহ। **যমপুরিস**—যমপুরুষ; নরকে শাস্তিরূপে অসহ্য যন্ত্রণাদাতা। **যমরাজা**—যমরাজ, মৃত্যুরাজ। **যমলোক**—মৃতের জগৎ; মৃতের আলয়।

**যমক**—দ্বিগুণ; যুগ্ম; জোড়া; যুগল; যমজ। **যমক সাল**—যমজশাল বৃক্ষ।

**যব**—যবধান। **যবসূক**—যবশূক।

**যবস**—এক জাতীয় ঘাস।

**যস**—যশ; মহিমা; গৌরব; সাফল্য; অনুচরবৃন্দ। **যসদায়ক**--সম্পদ বা সুনাম দাতা। **যসমহত্ত**—যশঃমহত্ত্ব; সুখ্যাতি অথবা সম্পদের মাহাত্ম্য; উচ্চ-আসন। **যসলাভ**--সুনাম অথবা ধনসম্পদ অর্জন।

**যসোধর**—যশস্বী; বিখ্যাত; প্রসিদ্ধ।

**যসোলদ্ধ**—যশঃলব্ধ; সুখ্যাতির দ্বারা প্রাপ্ত।

**যহং, যহিং**—কোথায়; যে কোথাও; যে কোনোখানে; সবখানে।

**যং**—('য'-এর একবচন) কোনটি; যেটি; যে; কে; কাকে; যা; যা কিছু; যে কোনোটি; সব কয়টি; যে-কোনো বস্তু; যে-হেতু।

**যা**—('য'-এর একবচন) যা-কিছু; যে-কোনোটি; সব কয়টি (মেয়েলোক)।

**যাগ**—বলি; বলিদান; ভিক্ষাদান।

**যাগু**—চাউলের মণ্ড; জাউ।

**যাচক**—ভিখারি; ভিখিরি; সনির্বন্ধ অনুরোধকারী।

**যাচিকা**—ভিখারিনী।

**যাচতি**—(যাচ্+অ) ভিক্ষা করা; যাচ্ঞা করা; সনির্বন্ধ অনুরোধ করা। *aor* **যাচি**। *pp* **যাচিত**। *prp* **যাচন্ত, যাচমান**। *abs* **যাচিত্বা**। *inf* **যাচিতুং**।

**যাচন**—যাচ্ঞা; সনির্বন্ধ অনুরোধ। **যাচনক**—যাচ্ঞাকারী।

**যাচযোগ**—ভিক্ষার জন্য সমীপে গম্য বা অভিগম্য; অন্যের অনুরোধ রক্ষা করতে প্রস্তুত।

**যাচিত**—('যাচতি'র *pp*) জিজ্ঞাসিত; প্রার্থিত।

**যাচিতক**—ঋণ হিসাবে লব্ধ বস্তু।

**যাজক**—যে বলিদান করায়।

**যাত**—('যাতি'র *pp*) গত; যাত্রী।

**যাতি**—(যা+অ) গমন করা; যাওয়া; যাত্রা করা। *abs* **যাত্বা**।

**যাত্রা**—ভ্রমণ; পর্যটন; জীবনযাত্রা; জীবনাবলম্বন।

**যাথাব**—যথাযথ; ঠিক ঠিক; সঠিক; একেবারে নির্ভুল; দ্ব্যর্থহীন। **যাথাবতো**—যথাযথভাবে; সঠিকভাবে।

**যাদিস, যাদিসক**—যে কেহ; যে কোনো; যে কিছু; যা কিছু।

**যান**—বাহন; যাতে চড়ে যাওয়া যায়; গাড়ি; শকট; চলন। **যানক**—ক্ষুদ্র শকট। **যানগত**—গাড়িতে চড়েছে এমন। **যানভূমি**—যানবাহনের অধিগম্য রাস্তা।

**যানী**—যানচালক। **যানীকত**—অভ্যাসগত; আয়ত্ত।

**যাপন**—পুষ্টিসাধন; পুষ্টিসাধকতা; জীবিকানির্বাহ; পুষ্টিবিধান; লালন-পালন; পুষ্টিকর পদার্থ খাদ্য প্রভৃতি; খাদ্য জুগিয়ে বাঁচিয়ে রাখা। **যাপনীয়**—জীবনের যথেষ্ট অবলম্বন।

**যাপেতি**—(যা+আপে) খাওয়ানো; খাদ্য জুগিয়ে বাঁচিয়ে রাখা; ভরণপোষণ করা; পুষ্টিসাধন করা; স্বীয় শক্তি বা তেজ বজায় রাখা; স্বীয় জীবনকে প্রতিপালন করা। *aor* **যাপেসি**। *pp* **যাপিত**। *prp* **যাপেন্ত**। *abs* **যাপেত্বা**।

**যাম**—রাত্রির ঘটিকা; রাত্রির এক তৃতীয়াংশ। **যামকালিক**—যেসব বস্তু বৌদ্ধভিক্ষু দ্বিপ্রহরের পর এবং রাত্রিতে গ্রহণ করতে পারেন সেসব।

**যাযী**—গমনকারী; গমন করে বা যায় এমন। যেমন : **সীঘযাযী**।

**যাব**—যাবৎ; যে পর্যন্ত; তত দূর—যত দূর; ঐ পর্যন্ত। **যাবকালিক**—অস্থায়ী। **যাবজীব**—যাবজ্জীবন। **যাবজীবন**—যতদিন জীবন থাকে। **যাবজীবিক**—যতদিন প্রাণ থাকে ততোদিন অস্তিমান থাকা। **যাবতক**—ততটা যতটা; ততটুকু ... যতটুকু; ততদূর... যতদূর। **যাবততিযং**—তৃতীয়বার পর্যন্ত। **যাবদত্থং**—যতটুকু চায় ততটুকু; যতদূর প্রয়োজন হয়।

**যাবতা**—যতদূর ততদূর; তুলনা করলে। **যাবতাযুকং**—প্রাণ যতদিন বেঁচে থাকে। **যাবতাবতিহং**—ততদিন .. যতদিন।

**যিট্‌ঠ**—('যজতি'র *pp*) প্রদত্ত; নিবাসিত; স্থাপিত; রক্ষিত; বিসর্জিত।

**যুগ**—জোয়াল; জোড়া; দম্পতি; যুগল; কাল; পুরুষ। **যুগগ্গাহ**—স্বেচ্ছাচারিতা; প্রতিদ্বন্দ্বিতা; প্রতিযোগিতা। **যুগগ্গাহী**—প্রতিদ্বন্দ্বী; প্রতিযোগী। **যুগচ্ছিদ্দ**—জোয়ালের ছিদ্র। **যুগনদ্ধ, যুগনন্ধ**—উপযোগী; মানানসই; সঙ্গতিপূর্ণ; সমন্বয়পূর্ণ; জোয়াল-সম্পর্কিত বা সম্বন্ধীভূত। **যুগমত্ত**—জোয়ালের ব্যবধান।

**যুগল, যুগলক**—জোড়া; দম্পতি।

**যুজ্‌ঝতি**—(যুধ্‌+য) যুদ্ধ করা; লড়াই করা; সংগ্রাম করা। *aor* **যুজ্‌ঝি**। *pp* **যুজ্‌ঝিত**। *prp* **যুজ্‌ঝন্ত, যুজ্‌ঝমান**। *abs* **যুজ্‌ঝিত্বা, যুজ্‌ঝিয**। *inf* **যুজ্‌ঝিতুং**।

**যুজ্‌ঝন**—যুদ্ধ।

**যুঞ্জতি**—(যুজ্‌+ং-অ) সংযুক্ত করা বা হওয়া; মিলিত বা একত্র করানো অথবা হওয়া; যোগ দেওয়া; মেলামেশা করা; নিযুক্ত করা; যথাসাধ্য বা প্রবলভাবে চেষ্টা করা। *aor* **যুঞ্জি**। *pp* **যুত্ত**। *prp* **যুঞ্জন্ত, যুঞ্জমান**। *abs* **যুঞ্জিত্বা**। *ptp* **যুঞ্জিতব্ব**।

**যুঞ্জন**—(কিছুতে) আকর্ষক; চিত্তাকর্ষক; মনোরম; (কিছুর সহিত) মিলন।

**যুত্ত**—('যুঞ্জতি'র *pp*) যুক্ত; সংযোজিত; একত্রিত; একতাবদ্ধ; সাজ পরিহিত; বর্মভূষিত; সম্পর্কিত; প্রদত্ত; নিযুক্ত; উপযুক্ত। **যুত্তক**—উপযুক্ত; মানানসই। **যুত্তকারী**—সঠিকভাবে বা যথাযথভাবে কর্মরত।

**যুত্তি**—যুক্তি; ন্যায়; যোগ্যতা; দিকে; অভিমুখে; ন্যায় অনুসারে।

**যুদ্ধ**—সংগ্রাম; সমর; রণ; আহব; লড়াই। **যুদ্ধভূমি, যুদ্ধমণ্ডল**—রণক্ষেত্র।

**যুব**—যৌবন (কর্তায় একবচন যুবা)।

**যুবতী**—তরুণ বয়স্কা মহিলা।

**যূথ**—পশুপক্ষীর দল বা পাল। **যূথজেট্‌ঠ, যূথপ**—দলপতি; পশুদলের সর্দার।

**যূপ**—যূপকাষ্ঠ; বলিসংক্রান্ত খুঁটি।

**যূস**—যূষ; ক্বাথ; ঝোল।

**যেন**—দরুন; জন্য; যেখানে; যেথায়।

**যেভুয্য**—বহুসংখ্যক; প্রচুরপরিমাণ; অনেক; বহু; সর্বাধিক মাত্রায়; সবচেয়ে বেশি; প্রায়; প্রচুর। **যেভুয্যেন**—প্রায় সকলে; অধিকাংশ ক্ষেত্রে; প্রায়শ।

**যেব**—তবু; তথাপি; বাস্তবিকই; প্রায়; যথাযথভাবে; ঠিকভাবে; এবং; ও; আরও; অধিকন্তু।

**যো**—('য'র কর্তায় একবচন) যে কোনো ব্যক্তি; যে কেউ।

**যোগ**—সম্বন্ধ; সম্পর্ক; বন্ধনী; প্রচেষ্টা; মিলন; সংযোগ; আসঞ্জন; সংযোজন; আসক্তি; অনুরাগ; মিশ্রণ। **যোগক্খেম**—যোগক্ষেম; আসক্তি হতে মুক্তি। **যোগযুত্ত**—যোগযুক্ত; আসক্তি-পরিবেষ্টিত। **যোগাবচর**—যিনি পরমার্থ বা আধ্যাত্মিক অনুশীলন অভ্যাস করেন এমন। **যোগাতিগ**—যিনি পুনর্জন্মের বন্ধনী জয় করেছেন এমন।

**যোগী**—'যোগাবচর' দেখুন।

**যোগ্গ**—১ যোগ্য; উপযুক্ত; মানানসই; যথাযোগ্য; পর্যাপ্ত; সঙ্গত। ২ যান; গাড়ি; শকট; ফন্দি; কৌশল।

**যোজক**—সংযোগকারী; সম্বন্ধ স্থাপনকারী; সংযোজনকারী; সুরকার।

**যোজন**—সংযোজন; নিয়োগ; উপযোজন; দৈর্ঘ্যের

একটি পরিমাপ যা প্রায় সাত মাইল।

**যোজনা**—নির্মাণ; গঠন; সম্মোহিত ব্যক্তির মনে ধারণা সঞ্চার বা সঞ্চারিত ধারণা; অভিভাব; অভিভাবন; প্রস্তাব; ব্যাখ্যা।

**যোজনিক**—বিস্তারে এক যোজন।

**যোজাপেতি**—('যোজেতি'র *caus*)।

**যোজিত**—('যোজেতি'র *pp*) সংযুক্ত; মিলিত; মেশানো; সংযোজিত; প্রস্তুত; মিশ্রিত।

**যোজেতি**—(যুজ্+এ) সংযোগ করা; সাজ পরানো; বর্মভূষিত করা; মিলানো; মেশানো; মিশ্রিত করা; একত্রিত করা; প্রয়োগ করা; প্রস্তুত করা; চালনা করা; প্ররোচিত বা উদ্দীপ্ত করা। *aor* **যোজেসি**। *prp* **যোজেন্ত**। *abs* **যোজেত্বা**, **যোজিয**।

**যোত্ত**—যোক্ত্র; যোত্র; লাঙ্গলাদির জোয়াল বাঁধার দড়ি বা জোত; পাকানো সুতা; কুণ্ডলী।

**যোধ**—যোদ্ধা; সৈনিক। **যোধ-আজীব**—যোদ্ধা; যুদ্ধকারী।

**যোধেতি**—(যুধ্+এ) যুদ্ধ করা; সংগ্রাম করা; লড়াই করা। *aor* **যোধেসি**। *pp* **যোধিত**। *abs* **যোধেত্বা**।

**যোনি**—উৎস; উৎপত্তি; উদ্ভব; আদিকারণ; অস্তিত্বের এলাকা; স্ত্রী-ইন্দ্রিয়; জ্ঞান; অবগতি; জ্ঞাত বা জ্ঞেয় বিষয়; প্রজাতি। **যোনিসো**—জ্ঞাত হয়ে জ্ঞানসম্পন্ন হয়ে; জেনে জেনে; বিচক্ষণতার সাথে; সম্পূর্ণভাবে; যৎপরোনাস্তিভাবে; সুবিচারপূর্ণ হয়ে। **যোনিসোমনসিকার**—সঠিক বা যথাযথ চিন্তা বা বিবেচনা।

**যোব্বন, যোব্বঞঞ**—যৌবন। **যোব্বনমদ**—যৌবনমদ; যৌবনের অহঙ্কার।

---

# র

---

**রক্খক**—রক্ষক; রক্ষাকর্তা; প্রহরী; তত্ত্বাবধায়ক; ত্রাণকর্তা।

**রক্খতি**—(রক্খ্+অ) প্রতিরক্ষা করা; পাহারা দেওয়া; তত্ত্বাবধান করা; সংরক্ষণ করা। *aor* **রক্খি**। *pp* **রক্খিত**। *prp* **রক্খন্ত**। *abs* **রক্খিত্বা**। *ptp* **রক্খিতব্ব**।

**রক্খন**—রক্ষণ প্রতিরক্ষা; তত্ত্বাবধান। **রক্খনক**—তত্ত্বাবধানকারী; প্রহরারত।

**রক্খস**—রাক্ষস; অপদেবতা; (প্রধানত নষ্টামি-ভরা ও কদাকার) ভূত; দৈত্য; পিশাচ।

**রক্খা**—রক্ষা; প্রতিরক্ষা; নিরাপদ; আশ্রয়।

**রক্খিত**—('রক্খতি'র *pp*) রক্ষিত; সংরক্ষিত; সুরক্ষিত; পর্যবেক্ষিত।

**রক্খিয**—রক্ষা করণীয়।

**রঙ্গ**—১ রং; বর্ণ; রঞ্জক পদার্থ। ২ মঞ্চ; অভিনয় মঞ্চ; রঙ্গমঞ্চ; প্রেক্ষাগৃহ; নাট্যশালা; অভিনয়গৃহ; অভিনয়। **রঙ্গকার**—বস্ত্রাদি রঞ্জনকরী; অভিনেতা। **রঙ্গজাত**—বিভিন্ন প্রকার রং। **রঙ্গরত্ত**—রঙ্গরক্ত; রঞ্জিত। **রঙ্গ-আজীব**—(রঙিন) চিত্রকর; যে ব্যক্তি অট্টালিকাদিতে রং করে; বস্ত্রাদি রঞ্জনকারী।

**রচযতি**—(রচ্+অয) সুবিন্যস্ত করা; সাজানো; রচনা করা; প্রস্তুত করা। *aor* **রচযি**। *pp* **রচিত**। *abs* **রচিত্বা**।

**রচনা**—সুবিন্যাস; রচন; নির্মাণ; গঠন; গ্রন্থন।

**রচ্ছা**—শান-বাঁধানো রাস্তা।

**রজ**—ধুলা; ময়লা; পরাগ; পুষ্পরেণু; কলুষতা; অপবিত্রতা। **রজক্খ**—কলুষতাধারী। **রজক্খন্ধ**—ধুলা-মেঘ।

**রজক**—রংকারক; ধোপা।

**রজত**—রৌপ্য। **রজতপট্ট**—রৌপ্য নির্মিত পট্টিকা; রূপার তৈরি চাকতি বা ফলক।

**রজতি**—(রজ্+অ) রঞ্জন করা; রং করা। *aor* **রজি**। *abs* **রজিত্বা**। *ptp* **রজিতব্ব**।

**রজন**—রঞ্জন; রংকরণ; রঙের ছাপ; রঞ্জন কার্য। **রজনকম্ম**—রঞ্জনকর্ম।

**রজনী**—রাত্রি; রাত।

**রজনীয**—বিপথে চালক; প্রলোভনকারী; উত্তেজনা জাগ্রত করণে স্বাভাবিক প্রবণতাসম্পন্ন।

**রজোজল্ল**—কাদাটে নোংরা পদার্থ।

**রজোহরণ**—ধুলা বা নোংরা অপসারক; ধুলা ঝাড়ার জন্য ন্যাকড়া বা বুরুশ।

**রজ্জ**—রাজ্য; রাজত্ব। **রজ্জসিরি**—রাজ্যশ্রী; শ্রেষ্ঠত্ব; সার্বভৌম ক্ষমতা; সার্বভৌম রাষ্ট্র। **রজ্জসীমা**—রাজ্যের সীমা বা কিনারা।

**রজ্জতি**—(রজ্+য) কাম-লালসার চরিতার্থতাসাধনে পরিতৃপ্তি; আসক্ত হওয়া। *aor* **রজ্জি**। *pp* **রত্ত**। *prp* **রজ্জন্ত**। *abs* **রজ্জিত্বা**।

**রজ্জন**—নোংরামি; মলিনতা; কলুষ।

**রজ্জু**—দড়ি; রশি। **রজ্জুগাহক**—জরিপকারী।

**রঞ্জতি**—(রঞ্ঞ্+অ) পরমানন্দ দেখতে পাওয়া। *aor* **রঞ্জি**। *pp* **রঞ্জিত; রত্ত**। *prp* **রঞ্জন্ত, রঞ্জমান**। *abs* **রঞ্জিত্বা**।

**রঞ্জেতি**—(রঞ্জ্+এ) আনন্দ দান করা; রং করা; রঞ্জন করা। *aor* **রঞ্জেসি**। *pp* **রঞ্জিত**। *prp* **রঞ্জেন্ত**। *abs* **রঞ্জেত্বা**।

**রট্ঠ**—রাষ্ট্র; রাজ্য। **রট্ঠপিণ্ড**—জনসাধারণ হতে প্রাপ্ত আহার। **রট্ঠবাসী, রট্ঠবাসিক**—রাষ্ট্রবাসী; রাজ্যবাসী।

**রণ**—যুদ্ধ; সংগ্রাম; সমর; লড়াই; পাপ; ত্রুটি।

**রত**—('রমতি'র *pp*) অতিশয় আনন্দ বোধ; উৎসর্গিত।

**রতন**—১ রত্ন; দামি বা সুন্দর বা প্রশংসনীয় বস্তু অথবা ব্যক্তি। ২ হাত। **রতনত্তয়**—তিরতন বা ত্রিরত্ন, যথা বুদ্ধ (রত্ন), (বুদ্ধের) ধর্ম (রত্ন), (বুদ্ধের) সঙ্ঘ (রত্ন)। **রতনবর**—রত্নের মধ্যে শ্রেষ্ঠতম।

**রতনিক**—দৈর্ঘ্যে অথবা প্রস্থে এত হাত যার আছে এমন।

**রতি**—আসক্তি; অনুরাগ; ভালোবাসা; অনুরক্তি। **রতিকীলা**—রতিক্রীড়া; যৌনমিলন; মারকন্যা বিশেষ।

**রত্ত**—রক্তবর্ণ; রক্ত; রঞ্জিত; রঙিন; কামান্ধ; কাম-লালসায় মোহাচ্ছ। **রত্তকম্বল**—রক্তচক্ষু। **রত্ত-চন্দন**—রক্তচন্দন; লাল চন্দন। **রত্তফলা**—যে লতার রক্তবর্ণের ডিম্বাকৃতি ফল হয়। **রত্তপদুম**—রক্তপদ্ম; লালপদ্ম। **রত্তমণি**—রক্ত মণি; লাল মণি। **রত্ত-অতিসার**—রক্তাতিসার।

**রত্তঞ্ঞূ**—দীর্ঘ-স্থায়ী।

**রত্তন্ধকার**—রাত্রির অন্ধকার।

**রত্তপা**—রক্তপায়ী; জোঁক।

**রত্তি**—রাত্রি। **রত্তিকখয়**—রাত্রি-নিশান। **রত্তি-খিত্ত**—রাত্রিতে নিক্ষিপ্ত। **রত্তিভাগ**—রাত্রির ভাগ; রাত্রিবেলা। **রত্তিভোজন**—রাত্রির ভোজন।

**রত্তূপরত**—রাত্রির ভোজনে বিরত।

**রথ**—বাহন; শকট। **রথকার**—রথ-নির্মাতা; ছুতার মিস্ত্রি। **রথঙ্গ**—গাড়ির বা বাহনের অংশসমূহ। **রথগুত্তি**—সংঘর্ষ এড়ানোর জন্য রথের বা যানের পার্শ্বদেশে রক্ষিত দড়ি প্রভৃতির গুচ্ছ। **রথচক্ক**—রথচক্র; যানের বা গাড়ির চাকা। **রথপঞ্জর**—রথের অঙ্গ। **রথযুগ**—রথের জোয়াল। **রথরেণু**—ধূলি-কণা। **রথ-আচরিয়**—রথ-সারথি; গাড়িচালক। **রথণিক**—যুদ্ধরথের দল। **রথআরোহ**—রথের ভিতরের যোদ্ধা।

**রথিক**—যে রথের ভিতরে যুদ্ধ করে।

**রথিকা**—রাজপথ।

**রদ**—হস্তিদন্ত; দ্বিরদ বা হাতির মধ্যে প্রাপ্ত।

**রন্ধ**—রন্ধ্র; ছিদ্র; মুখ; বিচ্ছিন্ন; দুর্বল দাগ; ত্রুটি। **রন্ধগবেসি**—ছিদ্রান্বেষী; পরের দোষ বা দুর্বলতা তালাস করে এমন।

**রন্ধক**—রাঁধুনি; পাচক।

**রন্ধন**—পাকানো; পাক করা; রাঁধন।

**রন্ধেতি**—(রন্ধ্+এ) সিদ্ধ করা; ফুটানো; পাক করা; রাঁধন; রন্ধন করা। *aor* **রন্ধেসি**। *pp* **রন্ধিত**। *abs* **রন্ধিত্বা**।

**রমণী**—স্ত্রীলোক।

**রমণীয়**—রমণীয়; মনোরম; আনন্দদায়ক।

**রমতি**—(রম্+অ) অতিশয় আনন্দিত করানো বা আনন্দিত হওয়া; নিজে নিজে উপভোগ করা। *aor* **রমি**। *pp* **রত**। *prp* **রমন্ত**। *abs* **রমিত্বা**। *inf* **রমিতুং**।

**রমন**—উপভোগ।

**রম্ভা**—কলাগাছ।

**রম্ম**—রম্য; রমণীয়; মনোরম; সুন্দর।

**রম্মক**—মাসের নাম বিশেষ [এপ্রিল]।

**রব**—শব্দ; গর্জন; চিৎকার। **রবন**—গর্জনপূর্ণ; আর্তনাদপূর্ণ; চরম; ডাহা।

**রবতি**—(রু+অ) গোলমাল করা; আর্তনাদ করা; চিৎকার করা। *aor* **রবি**। *prp* **রবন্ত, রবমান**। *abs* **রবিত্বা**। *pp* **রবিত, রুত**।

**রবি**—সূর্য। **রবিহংস**—এক জাতীয় পাখি।

**রস**—স্বাদ; জুস; ঝোল; খাদ্যাদির রুচিকর সুগন্ধ;পারদ; পারা। **রসগ্গ**—সর্বোৎকৃষ্ট রকমের আস্বাদ। **রসঞ্জন**—এক প্রকার সুরমা বা অঞ্জন বা কাজল। **রসতণ্হা**—রসতৃষ্ণা; স্বাদের তৃষ্ণা। **রসবতী**—রন্ধনশালা; রান্নাঘর। **রসহরণী**—স্বাদ-নিয়ন্ত্রক।

**রসক**—পাচক।

**রসনা**—স্ত্রীলোকের কোমরবন্ধ। **'মেখলা'** দেখুন।

**রস্মি**—দড়ি; লাগাম; বলগা; আলোক-রশ্মি।

**রস্স**—হ্রস্ব; ঈষৎ বেঁটে; বাড়তে বা লম্বা হতে পারেনি এমন। **রস্সত্ত**—হ্রস্বত্ব; হ্রস্বতা।

**রহদ**—হ্রদ।

**রহস্স**—রহস্য; গোপনীয়।

**রহাভাব**—গোপনীয় না হবার মতো; রহস্যাভাব।

**রহিত**—বর্জিত; বিরহিত; বিহীন।

**রহো**—গোপনভাবে; গোপনীয়তার মধ্যে; নির্জন স্থান। **রহোগত**—নির্জন স্থানে গত।

**রংসি**—আলোক; রশ্মি। **রংসিমন্ত**—১ সূর্য। ২ রশ্মিবিকিরণকর; দীপ্তিশীল।

**রাগ**—রং; বর্ণ; রঞ্জন; চেহারা; কামলালসা; কাম; যৌনসঙ্গমকামনা; আকুল আকাঙ্ক্ষা; আসক্তি। **রাগক্খয**--রাগক্ষয়; কামলালসার বিনাশ। **রাগগ্গি**--রাগাগ্নি; কামলালসার আগুন। **রাগচরিত**--কামলালসাপূর্ণ আচরণ অথবা স্বভাব। **রাগরত্ত**—কাম-মোহাচ্ছন্ন; কাম-লালসায় বুদ্ধিভ্রষ্ট।

**রাগী**—কামলালসাপূর্ণ; কামভরা; যৌনসঙ্গমকামী।

**রাজ**—রাজা। **রাজককুধভণ্ড**—রাজপদের প্রতীক-চিহ্ন; রাজকীয় অধিকার ও ক্ষমতাসমূহ। **রাজকথা**—রাজা সম্বন্ধে আলাপ। **রাজকম্মিক**—রাজকর্মী; সরকার; আমলাতান্ত্রিক। **রাজকুমার**—যুবরাজ। **রাজকুমারী, রাজকঞ্ঞা**—রাজার মেয়ে; রাজকন্যা। **রাজকুল**—রাজপরিবার; রাজপ্রাসাদ। **রাজগেহ, রাজভবন, রাজমন্দির**—রাজবাড়ি; রাজপ্রাসাদ। **রাজাঙ্গণ**—রাজপ্রাসাদের উঠান। **রাজদণ্ড**—রাজার আদেশে শাস্তি। **রাজদায**—রাজকীয় দান। **রাজদূত**--রাজার সংবাদবহ বা সন্দেশবহ; কূটনীতিক মন্ত্রী। **রাজদেবী**—রাজার সঙ্গিনী। **রাজধম্ম**—রাজধর্ম; রাজার কর্তব্য। **রাজধানী**—রাজকীয় শহর। **রাজধীতু, রাজপুত্তী**—রাজকন্যা। **রাজনিবেসন**—রাজার আবাস বা অবস্থান। **রাজ-অন্তেপুর**--রাজ-অন্তঃপুর; প্রাসাদতল। **রাজপরিসা**--রাজ অনুচরবৃন্দ; রাজ-পরিষদ। **রাজপুত্ত**—রাজপুত্র; রাজকুমার; যুবরাজ। **রাজপুরিস**—রাজপুরুষ রাজকর্মচারী। **রাজপোরিস**—সরকারি চাকরি। **রাজবলি**—রাজার নিকট দেয় কর। **রাজভট**—সৈনিক। **রাজভয**—রাজভয়; রাজা হতে আগত ভয়। **রাজভোগ্গ**—রাজভোগ্য; রাজার ব্যবহারের যোগ্য। **রাজ-মহামত্ত**—রাজমহামাত্য; রাজার প্রধান মন্ত্রী। **রাজমহেসী**—রাজমহিষী; রানী। **রাজমুদ্দা**—রাজমুদ্রা; রাজার সিলমোহর। **রাজরথ**—রাজার বাহন। **রাজবর**—সদাশয় রাজা। **রাজবল্লভ**—রাজার অন্তরঙ্গ বা সুপরিচিত; রাজার প্রিয়পাত্র। **রাজসম্পত্তি**—রাজার সমারোহ বা জাঁকজমক।

**রাজঞঞ**—ক্ষত্রিয় বংশীয় লোক।

**রাজতি**—(রাজ্+অ) প্রধান বা বিশিষ্ট বলে প্রতিভাত হওয়া। *aor* **রাজি**। *pp* **রাজিত**। *prp* **রাজমান**।

**রাজত্ত**--রাজত্ব; রাজার অধিকার শাসন বা আমল।

**রাজহংস**—রাজহাঁস (যার চঞ্চু এবং পা লাল রঙের)।

**রাজাণা**—রাজার আদেশ।

**রাজানুভাব**—রাজার ধুমধাম বা ঘটা বা জাঁক-জমক।

**রাজামচ্চ**—রাজ-অমাত্য; রাজার মন্ত্রী।

**রাজাযতন**—রাজায়তন বৃক্ষ; *Buchanania latifolia* বৃক্ষ।

**রাজি**—সারি; শ্রেণী; রেখা; শ্রেণীবিন্যস্ত বস্তু; মতদ্বৈধ; বিরোধ।

**রাজিত**—উজ্জ্বলভাবে দীপ্তিশীল; জাঁকালোরকম উজ্জ্বল বা চমৎকার আলোকোজ্জ্বল।

**রাজিদ্ধি**—রাজকীয় ক্ষমতা।

**রাজিনী**—রাজ্ঞী; রানী।

**রাজিসি**—রাজকীয় দ্রষ্টা বা দর্শক।

**রাজুপট্ঠান**—রাজপরিচারক।

**রাজুয্যান**—রাজোদ্যান।

**রাজোরোধ**—রাজার হারেম; রাজকীয় উপপত্নী।

**রামণেয্যক**—রমণীয়; মনোরম; আনন্দদায়ক; শোভন; প্রণয়োদ্দীপক।

**রাব**—আর্তনাদ; চিৎকার; গর্জন; হৈচৈ; গোলমাল।

**রাসি**—রাশি; স্তূপ; পরিমাণ। **রাসি-বড্ঢক**—রাশিবর্ধক; রাজস্ব-নিয়ন্ত্রক।

**রাহসেয্যক**—স্বতন্ত্র; নিঃসঙ্গ; নির্জন; নিরালা; গুপ্ত; অপ্রকাশিত; একান্ত; লুক্কায়িত।

**রাহু**—অসুর-রাজের একটি নামবিশেষ; গ্রহণ। **রাহুমুখ**—রাহুর মুখ; কোনো শাস্তি বিশেষ।

**রিঞ্চতি**—(রিচ্+ং-অ) অবহেলা করা; ছেড়ে দেওয়া; পরিত্যাগ করা; ক্ষান্তি দেওয়া; খালি করা। *aor* **রিঞ্চি**। *pp* **রিত্ত**। *abs* **রিঞ্চিত্বা**। *prp* **রিঞ্চমান**।

**রিত্ত**—('রিঞ্চতি'র *pp*) রিক্ত; বিহীন; বর্জিত; খালি; শূন্য; ভারমুক্ত; দায়মুক্ত; উদ্ধারপ্রাপ্ত। **রিত্তমুট্ঠি**—রিক্তমুষ্টি; খালি-মুষ্টি; খালি হাত। **রিত্তহত্থ**—রিক্তহস্ত; খালি হাত।

**রুক্খ**—বৃক্ষ; গাছ; তরু; মহীরুহ। **রুক্খ-গহন**—গাছের ঘন ঝোপ। **রুক্খদেবতা**—বৃক্ষদেবতা। **রুক্খমূল**—বৃক্ষমূল; গাছের গোড়া। **রুক্খ-মূলিক**—বৃক্ষমূলিক; বৃক্ষমূলে বাস করে এমন। **রুক্খ-সুসির**—বৃক্ষকোটর; গাছের গর্ত।

**রুচি**—পছন্দ; বাছাই; মনোনয়ন; ঝোঁক; অনুরাগ। **রুচিক**—যার ঝোঁক বা আনতি বা নতি আছে এমন। **রুচিরুক্খ**—কি বুঝা কঠিন।

**রুচির**—শোভন; সুন্দর; মনোরম; উজ্জ্বল।

**রুচ্চতি**—(রুচ্+অ) পরমানন্দের সাক্ষাৎ পাওয়া;

পছন্দ করা। *aor* **রুচ্চি**। *pp* **রুচ্চিত**। *abs* **রুচ্চিত্বা**।

**রুচ্চন**—পছন্দ; রুচি; আসক্তি; বাছাই; মনোনয়ন। **রুচ্চনক**—আনন্দদায়ক; মনোরম; পরিতোষক; পরিতৃপ্তিকারক; সন্তুষ্টিকারক।

**রুজতি**—(রুজ্+অ) বেদনা অনুভব করা; দীর্ঘস্থায়ী বা অবিরাম বেদনা ভোগ করা। *aor* **রুজি**। *abs* **রুজিত্বা**।

**রুজন, রুজা**—বেদনা; নিদারুণ যন্ত্রণা; উৎপীড়ন; দুর্দশা। **রুজনক**—দীর্ঘস্থায়ী বা অবিরাম বেদনা।

**রুজ্ঝতি**—(রুধ্+য) পথরুদ্ধ হওয়া; বাধাপ্রাপ্ত হওয়া; প্রতিরুদ্ধ হওয়া। *aor* **রুজ্ঝি**। *pp* **রুদ্ধ**।

**রুট্‌ঠ**—('রুস্‌সতি'র *pp*) রুষ্ট; হয়রান; বিক্ষুব্ধ; ক্ষিপ্ত; ক্রুদ্ধ।

**রুণ্ণ**—('রুদতি'র *pp*) আর্তনাদ; ক্রন্দন; শোক; বিলাপ।

**রুত**—জন্তুর আর্তনাদ।

**রুদতি**—(রুদ্+অ) আর্তনাদ করা; শোক করা; বিলাপ করা। *aor* **রুদি**। *pp* **রুদিত, রুত**। *prp* **রুদন্ত**, রুদমান। *abs* **রুদিত্বা**।

**রুদম্মুখ**—অশ্রুপূর্ণ মুখ; রোদনোন্মুখ; ক্রন্দনোন্মুখ।

**রুদ্ধ**—'রুজ্‌ঝতি'র অন্তর্গত দেখুন।

**রুধির**—রক্ত।

**রুন্ধতি**—(রুধ্+ং-অ) সাফল্যের সাথে বাধা দেওয়া; ব্যাহত করা; ঘটতে না দেওয়া; প্রতিরোধ করা; পথরোধ করা; প্রতিবন্ধক হওয়া; অবরোধ করা; ঘেরাও করা; কারারুদ্ধ করা। *aor* **রুন্ধি**। *pp* **রুন্ধিত**, **রুদ্ধ**। *abs* **রুন্ধিত্বা**।

**রুন্ধন**—প্রতিরোধ; কারাবরোধ।

**রুপ্পতি**—(রুপ্+য) বিক্ষুব্ধ হওয়া; পরিবর্তিত হওয়া। *aor* **রুপ্পি**। *prp* **রুপ্পমান**।

**রুপ্পন**—অবিরাম পরিবর্তন।

**রুরু**—একজাতীয় মৃগ বা হরিণ।

**রুহ**—বৃদ্ধিশীল; বাড়ন্ত; আরোহণ; আরোহণরত।

**রুহির**—রুধির; রক্ত।

**রূপ**—আকার; আকৃতি; মূর্তি; ছাঁচ; নমুনা; রকম; প্রকার; আচরণ। **রূপক**—ক্ষুদ্র আকার; ছোট গঠন; উপমা। **রূপতণ্হা**—রূপতৃষ্ণা; রূপের প্রতি মিনতি বা আকুল কামনা। **রূপদস্‌সন**—ইন্দ্রিয় গোচর পদার্থ বা বস্তু দর্শন। **রূপভব**—রূপব্রহ্মলোক। **রূপরাগ**—সত্ত্বলোকে জন্মলাভ করার কামনা। **রূপবন্ত**—রূপবান; সুন্দর; সুদর্শন। **রূপসম্পত্তি**—সৌন্দর্য। **রূপসিরি**--রূপশ্রী; ব্যক্তিগত সমারোহ বা জাঁকজমক। **রূপ আরম্মণ**—দৃশ্যমান বস্তু। **রূপ অবচর**--রূপজগৎ; আকৃতিবিশিষ্ট জগতের অন্তর্ভুক্ত।

**রূপিয**—রৌপ্য; রৌপ্যমুদ্রা। **রূপময**—রূপময়; রৌপ্যে প্রস্তুত।

**রূপিনী**—রূপবতী স্ত্রীলোক; সুন্দরী স্ত্রীলোক।

**রূপী**—আধিভৌতিক গুণান্বিত।

**রূপূপজীবিণী**—বেশ্যা।

**রূল্‌হ**—('রূহতি'র *pp*)।

**রূহতি**—(রুহ্+অ) বড় হওয়া; বৃদ্ধি পাওয়া; পরিণতির দিকে অগ্রসর হওয়া; বাড়া; উদিত হওয়া; আরোগ্য হওয়া। *aor* **রূহি**।

**রূহন**—বৃদ্ধি; বাড়তি; উদয়।

**রেচন**—নিক্ষেপ; নির্গতকরণ।

**রেণু**—ধুলা; ধূলিকণা; গুঁড়া; চূর্ণ; কণা।

**রোগ**—ব্যাধি; অসুস্থতা। **রোগনিদ্ধ, রোগনীল**—ব্যাধির আসন; রোগ নীড়। **রোগহারী**—চিকিৎসক। **রোগ-আতুর**—অসুস্থ বা ব্যাধিগ্রস্ত ব্যক্তি। **রোগী**—(চিকিৎসাধীন) রোগগ্রস্ত ব্যক্তি।

**রোচতি**—(রুচ্+অ) আলো বিকীর্ণ করা; প্রধান বলে বা বিশিষ্ট বলে প্রতিভাত হওয়া। *aor* **রোচি**।

**রোচন**—পছন্দ; রুচি; আসক্তি; বাছাই; মনোনয়ন।

**রোচেতি**—(রুচ্+এ) (কারও) সম্মতি দেওয়া; পছন্দ করা। *aor* **রোচেসি**। *pp* **রোচিত**। *abs* **রোচেত্বা**।

**রোদতি**—(রুদ্+অ) আর্তনাদ করা; চিৎকার করা; (কিছুর জন্য) শোক করা; বিলাপ করা। *aor* **রোদি**। *pp* **রোদিত**। *prp* **রোদন্ত, রোদমান**। *abs* **রোদিত্বা**। *inf* **রোদিতুং**।

**রোদন**—আর্তনাদ; আর্তনাদ কর্ম।

**রোধ, রোধন**—পথরোধ; প্রতিবন্ধক; প্রতিরোধ।

**রোপ, রোপক**—রোপণকারী; কৃষক; চাষি।

**রোপিত**—('রোপেতি'র *pp*)।

**রোপেতি**—(রুপ্+এ) রোপণ করা; লাগানো; চাষ করা; কর্ষণ করা। *aor* **রোপেসি**। *prp* **রোপেন্ত**, **রোপয়মান**। *abs* **রোপেত্বা, রোপিয**।

**রোম**—শরীরের লোম। **রোমহংস**—রোমাঞ্চ; গায়ের লোম খাড়া হয়ে ওঠার অবস্থা; ক্রোধ-প্রকাশক বা অন্তরায়-কণ্টকিত লোম-অবস্থা।

**রোমক**—রোমন।

**রোমন্থতি**—গিলিত বস্তু উদ্‌গার করে পুনরায় চর্বণ করা; চর্বিত চর্বণ করা; জাবর কাটা। *aor* **রোমন্থি**। *abs* **রোমন্থযিত্বা**।

**রোমন্থন**—গিলিত বস্তু উদ্‌গার করে পুনরায় চর্বণ; চর্বিত চর্বণ; জাবরকাটন।

**রোরুব**—নরকের নামবিশেষ।

**রোস**—রোষ; ক্রোধ। **রোসক**—রাগান্বিত করা।

**রোসনা**—রোষ; ক্রোধ; কোপ; প্রচণ্ডতা।

**রোসেতি**—(রুস্+এ) রাগান্বিত করা; উত্তেজিত করা; রাগানো; খেপানো; জ্বালাতন করা। *aor* **রোসেসি**। *pp* **রোসিত**। *abs* **রোসেত্বা**।

**রোহতি**—'রুহতি' দেখুন।

**রোহন, রুহন**—বৃদ্ধি; বাড়তি; উদয়।

**রোহিত**—লোহিত; লাল; এক জাতীয় মৃগ; এক জাতীয় মৎস্য। **রোহিতমচ্ছ**—রোহিত মৎস্য; রুই মাছ।

# ল

**লকার**—নৌকা জাহাজ বায়ুচালিত যন্ত্র প্রভৃতির পাল।

**লকুণ্টক**—বামন।

**লকখ**—লক্ষ্য; চিহ্ন; প্রতীক; নিশানা; অবস্থানসূচক বা পথনির্দেশক বস্তু; জুয়া বা জুয়াখেলার পণ অথবা বাজি; হিসাব (গণনা) করার কাজে ব্যবহৃত চিহ্ন; লক্ষ সংখ্যা (একশত হাজার)।

**লকখণ**—চিহ্ন; দাগ; অবস্থা; বৈশিষ্ট্য; ধর্ম; গুণ; ভবিষ্যদ্বাণীতে বা পূর্বাভাসে বা পূর্বলক্ষণে পূর্ণ চিহ্ন; ভবিষ্যদ্বাণীকর চিহ্ন; পূর্বাভাসদায়ক চিহ্ন; পূর্বলক্ষণপ্রকাশক চিহ্ন; স্বভাব; প্রকৃতি। **লকখণপাঠক**—লক্ষণ ব্যাখ্যা করণে অভিজ্ঞ বা দক্ষ। **লকখণ সম্পত্তি**—লক্ষণসম্পত্তি; (লক্ষণে) পরম কৃতিত্ব; পরমোৎকর্ষ; মহত্ব; মহামহিম। **লকখণসম্পন্ন**—শুভলক্ষণ-সমৃদ্ধ।

**লকখিক**—লক্ষিক; ভাগ্যবান।

**লকখিত**—('লকখেতি'র *pp*)।

**লকখী**—লক্ষ্মী; সৌভাগ্য; সাফল্য; উন্নতি; ধনসম্পদ ও সৌভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী।

**লকখেতি**—(লকখ+এ) লক্ষ করা; চিহ্নিত করা; চরিত্র বর্ণনা করা; বৈশিষ্ট্য প্রদান করা। *aor* **লকখেসি**। *pp* **লকখিত**। *abs* **লকখেত্বা**।

**লগুল**—লগুড়; মুগুর; মোটা লাঠি।

**লগ্‌গ**—লগ্ন; সংলগ্ন; সংযুক্ত।

**লগ্‌গতি**—(লগ্+অ) আটকানো; সংযোগ করা; সংযুক্ত করা; সংলগ্ন করা; এঁটে লেগে থাকা; আসক্তিত হওয়া; অনুগত থাকা; আসন্ন হওয়া; নির্ভর করা। *aor* **লগ্‌গি**। *pp* **লগ্‌গিত**।

**লগ্‌গন**—গাঁথন; স্থাপন; আটকানো; সংযোজন; আসঞ্জন; নির্ভর।

**লগ্‌গেতি**—(লুগ্+এ) টাঙানো; ফাঁসি দেওয়া; গোল্লায় পাঠানো; আটকানো; সংযোগ করা; সংলগ্ন করা। *aor* **লগ্‌গেসি**। *pp* **লগ্‌গিত**। *abs* **লগ্‌গেত্বা**।

**লঙ্গী**—খিল; হুড়কা; বল্টু।

**লঙ্গুল**—লাঙ্গুল; লেজ।

**লঙ্‌ঘক**—(প্রধানত উলে বোনা) জামাবিশেষ; দড়বাজিকর; ব্যায়ামবিদ; মল্ল; ঘন ঘন দল বা মত পরিবর্তনকারী।

**লঙ্ঘতি**—(লঘ্+ং-অ) (কারও বা কিছুর) উপরে ঝাঁপিয়ে পড়া; তীব্র তিরস্কার করা; একপায়ে লাফানো; পাখির ন্যায় লাফিয়ে লাফিয়ে চলা। *aor* **লঙ্ঘি**। *abs* **লঙ্ঘিত্বা**।

**লঙ্ঘন**—ঝাঁপিয়ে পতন; তীব্র তিরস্কার; লাফ; লাফিয়ে চলন।

**লঙ্‌ঘাপেতি**—('লঙ্‌ঘতি'র *caus*)।

**লঙ্ঘি**—(উলে বোনা) জামাবিশেষ; বাড়ির দরজার চৌকাটের নিম্নাংশ; গোবরাট; প্রবেশস্থল; আরম্ভ; সূত্রপাত।

**লঙ্ঘেতি**—(লঘ্+এ) (কারও বা কিছুর) উপরে ঝাঁপিয়ে পড়া; তীব্র তিরস্কার করা; মুক্ত করা; ভারমুক্ত করা; বরখাস্ত বা খারিজ করা; আইন শর্ত শাস্ত্রীয় নির্দেশ লঙ্ঘন করা বা ভঙ্গ করা। *aor* **লঙ্ঘেসি**। *pp* **লঙ্ঘিত**। *abs* **লঙ্‌ঘেত্বা**।

**লজ্জতি**—লজ্জিত হওয়া; লজ্জাপ্রাপ্ত হওয়া; অপ্রতিভ হওয়া; কুণ্ঠিত হওয়া; বিহ্বল হওয়া। *aor* **লজ্জি**। *pp* **লজ্জিত**। *prp* **লজ্জন্ত, লজ্জমান**। *abs* **লজ্জিত্বা**।

**লজ্জন**—লজ্জাকর বা কলঙ্ককর হওন।

**লজ্জা**—শরম; অপমান; কলঙ্ক; লাজুকতা; কিংকর্তব্যবিমূঢ়তা; অপ্রতিভ অবস্থা।

**লজ্জাপন**—লজ্জায় ঠেলন বা ফেলন।

**লজ্জাপেতি**—('লজ্জতি'র *caus*) লজ্জিত করা; লজ্জা দেওয়া; অপ্রতিভ করা; কুণ্ঠিত করা; বিহ্বল করা। *aor* **লজ্জাপেসি**। *pp* **লজ্জাপিত**।

**লজ্জিতব্বক**—লজ্জিত হওয়ার যোগ্য; লজ্জাপ্রাপ্ত হবার যোগ্য; লজ্জা পাওয়া উচিত।

**লজ্জী**—লজ্জিত; লজ্জাযুক্ত; লজ্জা-অনুভবকারী;

লাজুক; বিনয়ী; নম্র; বিবেকী; বিবেকবুদ্ধিপূর্ণ।

**লচ্চতি**—লভিস্সতি ('লভতি'র future)।

**লঞ্চ**—ঘুস; উৎকোচ। **লঞ্চ-খাদক**—উৎকোচ গ্রহণ; উৎকোচ-গ্রাহক। **লঞ্চদান**—উৎকোচ প্রদান বা গ্রহণ।

**লঞ্ছ, লঞ্ছন**—চিহ্ন; প্রতীক; নিদর্শন; ছাপ; প্রভাব।

**লঞ্ছক**—ছাপ দেয় বা সূচিত করে এমন; সিলমোহর করে দেয় এমন; উপর হতে চাপ দিয়ে বা ছাপ দিয়ে মুদ্রণকারী।

**লঞ্ছতি**—(লঞ্ছ্+অ) লঞ্ছেতি (লঞ্ছ্+এ); ছাপ দেওয়া; সূচিত করা; উপর হতে চাপ দিয়ে ছাপ দেওয়া; সিলমোহর করা। *aor* **লঞ্ছি, লঞ্ছেসি**। *abs* **লঞ্ছিত্বা, লঞ্ছেত্বা**।

**লঞ্ছিত**—('লঞ্ছতি'র *pp*) ছাপ প্রদত্ত; সূচিত; সিলমোহরকৃত।

**লটুকিকা**—তিতির জাতীয় পক্ষিবিশেষ।

**লট্‌ঠি, লট্‌ঠিকা**—লাঠি; যষ্টি; ছড়ি; তরুণ বৃক্ষ।

**লণ্ড, লণ্ডিক**—পশুর বিষ্ঠা।

**লতা**—যে উদ্ভিদ অবলম্বনের জন্য অপর কিছুকে জড়িয়ে বাড়ে। **লতাকম্ম**—লতাকর্ম; লতার কাজ।

**লদ্ধ**—('লভতি'র *pp*) লব্ধ; গৃহীত। **লদ্ধক**—লব্ধক; অতীব মনোহর বা সুন্দর; মনোরম। **লদ্ধব্ব**—লব্ধব্য; যা লাভ করা কর্তব্য। **লদ্ধভাব**—লব্ধভাব; লাভ করার বা অর্জনের প্রকৃত অবস্থা। **লদ্ধ-অস্সাদ**—সতেজপ্রাপ্ত হওন; দুঃখদুর্দশা মুক্ত।

**লদ্ধা, লদ্ধান**—('লভতি' হতে *abs*) লাভ করে; গ্রহণ করে; পেয়ে; অর্জন করে।

**লদ্ধি**—অভিমত; তত্ত্ব; সিদ্ধান্ত। **লদ্ধিক**—যার স্থির সিদ্ধান্ত বা অভিমত আছে এমন।

**লদ্ধুং (লভিতুং)**—লাভ করতে; গ্রহণ করতে; লব্ধেচ্ছু।

**লপতি**—(লপ্+অ) আলাপ করা; কথা বলা; অনর্থক অত্যধিক কথা বলা; শিশুর মতো আবোল-তাবোল বলা। *aor* **লপি**। *pp* **লপিত**। *abs* **লপিত্বা**।

**লপন**—মুখ; ভাষণ; ভাষা; উক্তি; বক্তৃতা; কথাবার্তা। **লপনজ**—দন্ত; দাঁত।

**লপনা**—অনর্থক বকবকানি; আত্মতৃপ্তিকর।

**লবুজ**—Breadfruit tree, পাউরুটি ফলের গাছ।

**লব্‌ভতি**—(লভ্+অ) লাভ করা; পাওয়া; অর্জন করা। *aor* **লব্‌ভি**। *pp* **লদ্ধ**। *prp* **লভন্ত**। *abs* **লভিত্বা, লদ্ধা**। *inf* **লভিতুং, লদ্ধুং**।

**লম্ব**—লম্বাভাবে ঝুলন্ত এমন; আলগাভাবে বা স্বচ্ছন্দভাবে দোলনরত; ঝুঁকে পড়ছে বা উপরে ঝুঁকে পড়ছে এমন। **লম্বক**—নিচের দিকে ঝুলে আছে এমন; দোলক।

**লম্বতি**—(লব্+ং-অ) (কিছুর নিচে) ঝোলা বা ঝোঁকা; ঝোলানো; পড়তে না দেওয়া। *aor* **লম্বি**। *prp* **লম্বন্ত, লম্বমান**। *abs* **লম্বিত্বা**।

**লম্বেতি**—('লম্বতি'র *caus*) কিছুর নিচে ঝোলানো বা ঝোঁকানো; পড়তে না দেওয়া। *aor* **লম্বেসি**। *pp* **লম্বিত**। *abs* **লম্বেত্বা**।

**লয**—সংক্ষিপ্ত সময়; নৃত্য-গীত-বাদ্যের তালসাম্য বা তালের নির্দিষ্টকাল পরিমাণ; বিলীন হওন; বিনাশ; প্রলয়।

**ললনা**—মেয়েলোক; স্ত্রীলোক।

**ললিত**—চেহারায় বা আচরণে স্বাভাবিক মাধুর্য বা সৌষ্ঠব; আকর্ষণশক্তি; মনোহারিত্ব; সৌন্দর্য।

**লব**—বিন্দু; ফোঁটা; অতি অল্প; লেশ।

**লবঙ্গ**—মসলা বা মুখশুদ্ধির উপকরণ।

**লবন**—নুন; ক্ষারসংযুক্ত পদার্থবিশেষ।

**লবন**—ছেদন; কর্তন।

**লসতি**—(লস্+অ) আলো বিকীর্ণ করা; প্রধান বা বিশিষ্ট বলে প্রতিভাত হওয়া; খেলা করা। *aor* **লসি**।

**লসিকা**—Synovic fluid (গ্রন্থি-তৈল) শরীরস্থ রস।

**লসী**—মস্তিষ্ক।

**লসুণ**—রসুন।

**লহু**—লঘু; পাতলা; ত্বরিত; হ্রস্ব স্বরবর্ণ। **লহুক**—হালকা; তুচ্ছ; প্লবমান। **লহুকং**—দ্রুতবেগে; ত্বরিতে। **লহুতা**—লঘুতা; হালকা অবস্থা; প্লবতা; জলে ভেসে থাকার ক্ষমতা। **লহুপরিবত্ত**—লঘুপরিবর্ত; দ্রুত পরিবর্তনশীল।

**লহুং, লহুসো**—দ্রুত; দ্রুতবেগে; ত্বরিতে।

**লাখা**—লাক্ষা; সিলমোহরে ব্যবহৃত মোমবিশেষ; গালা। **লাখারস**—লাক্ষাজাত তরল রং; আলতা।

**লাজ**—তপ্ত ও অত্যন্ত শুষ্ক শস্য; রৌদ্রদগ্ধ শস্য। **লাজপঞ্চমুখ**—পঞ্চমের ন্যায় তপ্ত ও অত্যন্ত শুষ্ক শস্য ধারণকারী।

**লাপ**—তিতির জাতীয় পক্ষিবিশেষ।

**লাপু, লাবু**—লাউ। **লাপু কটাহ**—পাত্র হিসাবে ব্যবহৃত লাউয়ের বাইরের খোল।

**লাভ**—অর্জিত বস্তু; মুনাফা; জয়; অর্জন; স্বোপার্জন। **লাভকম্যতা**—মুনাফার বা লাভের আকাঙ্ক্ষা। **লাভগ্গ**—অগ্রলাভ; শ্রেষ্ঠতম লাভ। **লাভমচ্ছরিয**—লাভ-মাৎসর্য; লাভে স্বার্থপরতা। **লাভসক্কার**—

লাভ-সৎকার; লাভ ও সম্মান।
**লাভা**—এটি লাভজনক; এটি লাভ বা মুনাফা।
**লাভী**—বেশি লাভ করে বা প্রাপ্ত হয় এমন।
**লামক**—নিম্নতর; হীনতর; অধীন; নীচ; পাপপূর্ণ।
**লাযক**—শস্য-কর্তক; ফসল কাটার যন্ত্র; ছেদনকারী ব্যক্তি বা যন্ত্র; ছেদক।
**লাযতি**—(লা+য) শস্য-কর্তন করা; ফসল কাটা। *aor* **লাযি**। *pp* **লাযিত**। *abs* **লাযিত্বা**।
**লালন**—পরস্পর আদর বা আলিঙ্গন; শান্ত বা স্থির অবস্থা অথবা ঐ অবস্থাপূর্ণ কাল; যা শান্ত বা স্থির করে এমন; সযত্নে পালন।
**লালপতি**—(লপ্+অ) অতিরিক্ত কথা বলা; (কিছুর জন্য) শোক করা বা আর্তনাদ করা; বিলাপ করা। *aor* **লালপি**। *pp* **লালপিত**।
**লালেতি**—(লাল্+এ) শান্ত বা স্থির করা; ঘুম পাড়ানো; প্রশমিত করা বা হওয়া; নেভানো; মিষ্ট কথায় ভোলানো; সান্ত্বনা বা প্রবোধ দেওয়া। *aor* **লালেসি**। *pp* **লালিত**। *abs* **লালেত্বা**।
**লাস, লাসন**—নাচন, নাচ; আমোদ-প্রমোদ; খেলাধুলা; ক্রীড়া-প্রতিযোগিতা।
**লিকুচ**—Bread-fruit tree (রুটিফল গাছ)।
**লিক্খা**—উকুন; এঁটেল পোকা প্রভৃতির ডিম; এ নামে একটি পরিমাপ বিশেষ।
**লিখতি**—(লিখ্+অ) লিখন; খোদাই করা; খচিত করা; লিখা; দাগ কাটা; আঁচড়ানো। *aor* **লিখি**। *pp* **লিখিত**। *prp* **লিখন্ত**। *abs* **লিখিত্বা**। *inf* **লিখিতুং**।
**লিখন**—লেখা; অক্ষরবিন্যাস; লিপিবদ্ধ করণ; চিত্রণ; অঙ্কন।
**লিখাপেতি**—('লিখতি'র *caus*) (কারও দ্বারা) লেখানো। *aor* **লিখাপেসি**। *abs* **লিখাপেত্বা**।
**লিখিতক**—নির্দিষ্ট নিয়মাদি প্রদত্ত ব্যক্তি; (কিছু) ব্যবহার করতে উপদিষ্ট ব্যক্তি; আইনের বা সরকারের রক্ষণাবেক্ষণ হতে বঞ্চিত ব্যক্তি; স্বীয় সমাজ বা গৃহ হতে বহিষ্কৃত ব্যক্তি।
**লিঙ্গ**—প্রতীক; নিদর্শন; চিহ্ন; আরোপিত অঙ্গ গুণ ধর্ম অংশ ক্রিয়া লক্ষণ প্রভৃতি; বৈশিষ্ট্য; জননেন্দ্রিয়; লিঙ্গ (পুং অথবা স্ত্রী)। **লিঙ্গ-বিপল্লাস, লিঙ্গ-পরিবত্তন**—লিঙ্গ অর্থাৎ পুরুষত্ব বা স্ত্রীত্ব পরিবর্তন।
**লিঙ্গিক**—কোনো লিঙ্গে বা জননেন্দ্রিয়ে অধিকারভুক্ত হওন।
**লিত্ত**—('লিম্পতি'র *pp*) লিপ্ত।
**লিপি**—লেখা; চিঠি। **লিপিকার**—লিখক; লেখক; কেরানি; করণিক।
**লিম্পতি**—(লিপ্+ং-অ) আঠালো বা তৈলাক্ত পদার্থের প্রলেপ দেওয়া অথবা উক্ত পদার্থ মর্দন করা; লেপন করা; বিবর্ণ করা; কলঙ্কিত করা। *aor* **লিম্পি**। *pp* **লিত্ত**। *abs* **লিম্পিত্বা**।
**লিম্পন**—প্রলেপন; মর্দন; লেপন।
**লিম্পেতি**—(লিপ্+এ) লেপন করা; প্রলেপ দেওয়া; মর্দন করা; প্রলিপ্ত করা। *aor* **লিম্পেসি**। *pp* **লিম্পিত**। *prp* **লিম্পেন্ত**। *abs* **লিম্পেত্বা**। *caus* **লিম্পাপেতি**।
**লিহতি**—(লিহ্+অ) চাটা; লেহন করা; চেটে খাওয়া; লেপন করা। *aor* **লিহি**। *abs* **লিহিত্বা**। *prp* **লিহমান**।
**লীন**—(লীযতি'র *pp*) সঙ্কুচিত; অপসৃত; লাজুক; ভীরু; গম্ভীর। **লীনতা, লীনত্ত**—কুঁড়েমি; আলস্য-পরায়ণতা; লাজুকতা; ভীরুতা।
**লীযতি**—(লি+য) সঙ্কুচিত করা বা হওয়া; বিবর্ণ হওয়া বা শুকিয়ে যাওয়া; এঁটে ধরা বা ধরে থাকা; দৃঢ়ভাবে আসক্ত থাকা। *aor* **লীযি**। *pp* **লীন**। *prp* **লীযমান**। *abs* **লীযিত্বা**।
**লীযন**—সঙ্কোচন; বিবর্ণ হওন।
**লীলা**—চেহারায় বা আচরণে স্বাভাবিক মাধুর্য বা সৌষ্ঠব; অলঙ্কার বা সদ্‌গুণ; প্রশংসনীয় গুণ; অনুগ্রহ; দয়া; কৃপা; ক্ষমা; করুণা; আকর্ষণ শক্তি।
**লুজ্জতি**—(লুজ্+য) ভেঙে খুলে ফেলা; অবসান করা; চূর্ণ-বিচূর্ণ করা; দল ভেঙে দেওয়া; খনন করা; বিচ্ছিন্ন করে ফেলা। *aor* **লুজ্জি**। *pp* **লুগ্গ**। *abs* **লুজ্জিত্বা**।
**লুজ্জন**—টুকরা-টুকরা বা চূর্ণ-বিচূর্ণ করণ বা হওন; বিগঠন; সংগঠনাদি ভেঙ্গে দেওন; শিথিলকরণ বা শিথিলীভবন; বিচ্ছেদ; মৃত্যু।
**লুঞ্চতি**—(লুঞ্চ্+অ) বিচ্ছিন্ন করে লওয়া; মূলোৎ-পাটন করা; শিকড়সমেত টেনে তুলে ফেলা। *aor* **লুঞ্চি**। *pp* **লুঞ্চিত**। *abs* **লুঞ্চিত্বা**।
**লুত**—('লুনাতি'র *pp*) ছেদিত।
**লুত্ত**—('লোপেতি'র *pp*) লুপ্ত; লোপপ্রাপ্ত; বিলীন; ধ্বংসপ্রাপ্ত; বিনষ্ট; অপহৃত; আচ্ছন্ন।
**লুদ্দ**—হিংস্র; প্রচণ্ড; নির্দয়; শিকারি; ব্যাধ। **লুদ্দক**—শিকারি; ব্যাধ।
**লুদ্ধ**—('লব্ভতি'র *pp*) লুব্ধ; লোভী; লোলুপ;

অর্থলোলুপ।

**লুনাতি**—(লু+না) বিচ্ছিন্ন করা; ধ্বংস করা; কেটে বাদ দেওয়া; ছেদন করা; কর্তন করা। *aor* **লুনি**।

**লুব্ভতি**—(লুভ্+য) লুব্ধ হওয়া; লোভী হওয়া; অন্যায় লালসা করা। *aor* **লুব্ভি**। *pp* **লুদ্ধ**।

**লুব্ভন**--আকুল আকাঙ্ক্ষা; অর্থগৃধ্নুতা; অর্থলোলুপতা; অর্থলোভ; অর্থ লালসা।

**লুম্পতি**—(লুপ্+ং-অ) লুণ্ঠন করা; অপহরণ করা; গ্রাস করা; ভোজন করা। *aor* **লুম্পি**। *pp* **লুম্পিত**। *abs* **লুম্পিত্বা**।

**লুম্পন**—লুণ্ঠন; অপহরণ; ভোজন।

**লুলিত**—নাড়িত; আলোড়িত; বিক্ষুব্ধ।

**লূখ**--রূঢ়; কর্কশ; কঠোর; রুক্ষ; দুর্দশাগ্রস্ত; দুঃখদায়ক; অবজ্ঞেয়। **লূখচীবর**—মোটা চীবর পরিহিত। **লূখতা**—রুক্ষতা। **লূখপ্পসন্ন**—চেহারায় বা আচরণে ইতর, লোচ্চা, এমন লোকের অনুরক্ত; হীন বা নিকৃষ্ট লোকের একান্তভাবে নিয়োজিত। **লূখ-আজীবী**--যৎপরোনাস্তি দুঃখী জীবন যাপনকারী।

**লূণ, লূন**—(লুনাতি'র *pp*) কর্তিত; ছেদিত।

**লেখক**—ধর্মগুরু; কেরানি; করণিক; লেখক। **লেখিকা**—মহিলা কেরানি।

**লেখন, লেখা**—লিখন; লেখা; পত্র; চিঠি; লিপি; রসিদ।

**লেখনী**—কলম। **লেখনীমুখ**—নিব।

**লেখা**—রেখা; দাগ; লিখন-বিদ্যা; লেখন-কৌশল।

**লেড্ডু**—মাটির গোলাকার বড় ডেলা। **লেড্ডু-পাট**—প্রস্তরের নিক্ষেপণ বা নিক্ষেপ।

**লেণ**—নিরাপত্তা; বিপন্মুক্তি; গুহা; শিলার ক্ষুদ্র গহ্বর।

**লেপ**—প্রলেপ; পোঁচ; লেপে জুড়বার জিনিস; লেপন; পোঁচন।

**লেপন**—প্রলেপন; পোঁচন; প্রলেপ বা পোঁচ দেওন।

**লেপেতি**—(লিপ্+এ) লেপা; তরল পদার্থের পোঁচ দেওয়া; লেপন করা; নিকানো। *aor* **লেপেসি**। *pp* **লেপিত, লিত**। *prp* **লেপেন্ত**। *abs* **লেপেত্বা**।

**লেয্য**—লেহ্য; লেহন করার যোগ্য; (পেয়ালাদি হতে) একটু একটু করে চুমুক দিয়ে পান করার উপযুক্ত; আঠালো-পদার্থের খাদ্য।

**লেস**—লেশ; তুচ্ছ; প্রায় মূল্যহীন বস্তু; কিঞ্চিন্মাত্র পরিমাণ; মিথ্যা ওজর; ছুতা; প্রতারণাপূর্ণ কল বা কৌশল; চাতুর্যপূর্ণ বা বিস্ময়কর কৌশলপূর্ণ কাজ।

**লোক**—জগৎ; জনসংখ্যা। **লোকগ্গ**—লোকগ্র; জগৎপ্রধান। **লোকনায়ক, লোকনাথ**—লোক-নায়ক; জগৎ-পরিচালক; জগতের প্রভু। **লোকন্ত**--জগতের শেষসীমা; জগৎ-প্রান্ত। **লোকন্তগূ**—জাগতিক বস্তুসমূহের শেষ সীমায় পৌঁছেছেন এমন। **লোকন্তর**—ভিন্ন জগৎ; অন্য বা অপর জগৎ; জগৎসমূহের মধ্যবর্তী স্থান। **লোকন্তরিক**--জগৎসমূহের মধ্যবর্তী স্থানে অবস্থিত। **লোকনিরোধ**—অস্তিত্বের বিনাশ-সাধন। **লোকপাল**—জগৎপাল; জগতের অভিভাবক। **লোকবজ্জ**—সর্বজনীন পাপ। **লোকবিবরণ**—আনুষ্ঠানিকভাবে বিশ্ব সৃষ্টির আবরণ উন্মোচনপূর্বক জনসাধারণের দৃষ্টিগোচর করানো; নিখিল সৃষ্টি প্রকটিত বা ব্যক্ত করণ। **লোক-বোহার**—কথা বলার সাধারণ রীতি। **লোকাধিপচ্চ**—লোকাধিপত্য; জগতের কর্তৃত্ব বা সার্বভৌম শাসন। **লোক-অনুকম্পা**—মনুষ্য জগতের প্রতি সহানুভূতি বা করুণা। **লোকায়তিক**—প্রকৃতি-মতবাদ সম্বন্ধে অভিমত পোষণ করেন এমন; সব কিছুতেই অবিশ্বাস মতবাদী; জারের আমলে রাশিয়ায় সর্বাত্মক ধ্বংসকামী এবং পুনর্গঠন প্রয়াসী বিদ্রোহীদের মতবাদী।

**লোকিক, লোকিয**--লৌকিক; জাগতিক; পার্থিব।

**লোকুত্তর**—লোকোত্তর; জাগতিকের বা পার্থিবের ঊর্ধ্বে; সর্বোৎকৃষ্ট; সকলকে ছাপিয়ে উঠেছে এমন; সীমাতিক্রান্ত; পরমার্থ।

**লোচক**—বিচ্ছিন্ন করে নেয় এমন; মূলোৎপাটন করে এমন।

**লোকেস**—লোকেশ; ব্রহ্মা; সৃষ্টিকর্তা।

**লোচন**—চক্ষু।

**লোণ**—লবণ; নুন; লবণাক্ত। **লোণকার**—লবণ-প্রস্তুতকারক। **লোণ-ধূপন**—রুচিকর সুগন্ধপূর্ণ করনোর জন্য খাদ্যাদিতে লবণ মিশানো। **লোণফল, লোণসক্খর**—লবণের স্ফটিক।

**লোণিক**—ক্ষারযুক্ত; ক্ষারধর্মী; ক্ষারীয়।

**লোণী**—চেটালো পাত্র; (প্রধানত সমুদ্র বা নদীর সহিত সংযুক্ত) অগভীর হ্রদবিশেষ; উপহ্রদ।

**লোপ**—শব্দের কোনো স্বরবর্ণ বা অংশ অনুচ্চারণ; কেটে বাদ দেওন; বিচ্ছিন্ন করণ।

**লোভ**—লিপ্সা; পাবার জন্য বা লাভ করার

জন্য প্রবল বাসনা; লোলুপতা; অর্থলোলুপতা। **লোভনীয**—লোভনীয়; ব্যগ্রভাবে কাম্য হওয়া; অন্যায়ভাবে লালায়িত হওয়া; আকুল আকাঙ্ক্ষী। **লোভমূলক**—মূল হিসাবে লিপ্সা থাকা।

**লোম**—শরীরে কেশসমূহ। **লোমকূপ**—চামড়ার অতি ক্ষুদ্র রন্ধ্র। **লোমহট্‌ঠ**—শেষ প্রান্তে চুল অবস্থিত আছে এমন। **লোমহংস, লোমহংসন**—রোমাঞ্চ বা গায়ের লোম খাড়া হয়ে ওঠার অবস্থা।

**লোমস**—লোমশ; লোমে আবৃত। **লামসপানক**—শুঁয়াপোকা।

**লোল**—লোলুপ; অদৃঢ়; টলায়মান। **লোলতা**—লোলুপতা; আকুল আকাঙ্ক্ষা; অর্থগৃধ্নুতা।

**লোলুপ**—লোভাতুর; অত্যন্ত লুব্ধ বা লোভী।

**লোলুপ্প**—অর্থগৃধ্নুতা।

**লোলেতি**—(লুল্+এ) নাড়ানো বা নড়া; চালানো বা চলা; আন্দোলিত হওয়া বা করানো; প্রচণ্ডভাবে আলোড়িত করা; উত্তেজিত বা বিক্ষুব্ধ করা।

**লোহ**—লৌহ; ধাতুবিশেষ; তাম্র; তামা। **লোহ-কটাহ**—তামার পাত্র; লোহার পাত্র। **লোহকার**—তামার মিস্ত্রি; কর্মকার; ধাতুর মিস্ত্রি। **লোহ-কুম্ভী**—তামার তৈরি পাত্র। **লোহ-গুল, লোহ-পিণ্ড**—ধাতুপিণ্ড। **লোহজাল**—পিতলের জাল। **লোহ-থালক**--পিতলের থালা বা কলসি। **লোহপাসাদ** অনুরাধাপুরে প্রাসাদোপম ধারার গৃহের নাম, যা তামার টালি দ্বারা আবৃত। **লোহভণ্ড**—তামার পণ্যদ্রব্যসমূহ। **লোহময**—তামায় প্রস্তুত। **লোহমাসক**—তাম্রমুদ্রা। **লোহসলাকা**—পিতলের তার বা পিন।

**লোহিত**—রক্ত, রক্তবর্ণ, লালবর্ণ; লাল। **লোহিতক**—লালবর্ণ। **লোহিতক্‌খ**—লোহিত অক্ষি আছে; রক্তচক্ষু যার। **লোহিত চন্দন**—রক্ত চন্দন; লাল চন্দন। **লোহিতপক্‌খন্দিকা**--রক্তামাশয়। **লোহিতভক্‌খ**—রক্তখাদক। **লোহিতুপ্পাদক**—যে (বুদ্ধের) রক্তপাত ঘটায় এমন; লোহিতোৎপাদক।

**লোহিতঙ্ক**—চুনি; পদ্মরাগমণি; রক্তিমতা; লাল রং।

---

# ৱ

---

**ৱ**—'ইৱ'র বা 'এৱ'র হ্রস্ব রূপ।

**ৱক**—নেকড়ে।

**ৱকুল**—*Mimusops elengi* বৃক্ষ।

**ৱক্ক**—বৃক্ক; বস্তিমধ্যস্থ আম্রফলাকার দুইটি মূত্রযন্ত্র।

**ৱক্কল**—বাকলের তৈরি জামা; ঐ উদ্দেশ্যে গৃহীত সরু ও লম্বা টুকরা বা ফালি। **ৱক্কলী**—বাকলের জামা পরিধানকারী।

**ৱক্‌খতি**—('ৱদতি'র fut) সে বলবে; তিনি বলবেন।

**ৱগ্গ**—১ বর্গ; দল; গ্রন্থের অধ্যায় বা পরিচ্ছেদ। ২ সমাজ বা সঙ্ঘচ্যুত; ভিন্নমত পোষণকারী। **ৱগ্গবন্ধন**—বর্গবন্ধন; দল-গঠন; দল; সঙ্ঘ; সমিতি।

**ৱগ্গিয**—বর্গীয়; দলভুক্ত; দলের বা বর্গের অন্তর্ভুক্ত।

**ৱগ্গু**—প্রণয়োদ্দীপক; ভালোবাসা প্রীতি বা অনুরাগ জাগায় এমন; ভালোবাসার যোগ্য; আনন্দদায়ক। **ৱগ্গুৱদ**—প্রণয়োদ্দীপক বাক্য।

**ৱগ্গুলি**—বাদুড়।

**ৱঙ্ক**--বাঁকা; বক্র; অসাধু; প্রতারণাপূর্ণ; আন্তরিকতাহীন; বড়শি; মাছের বড়শি। **ৱঙ্কঘস্ত**—বঁড়শি গিলিত অবস্থায়। **ৱঙ্কতা**—বক্রতা।

**ৱঙ্গ**—বঙ্গ; বাংলাদেশ।

**ৱচ**—বচন; বাক্য; কথা।

**ৱচন**—উক্তি; বাক্য; শব্দ; কথা; পদ; প্রকাশ; অভিব্যক্তি। **ৱচনকার**—অনুগত। **ৱচনক্খম**—বচনক্ষম; অন্যেরা যা দিতে চায় তা করতে ইচ্ছুক এমন। **ৱচনত্থ**—বচনার্থ; কথার অর্থ। **ৱচনীয**—বচনীয়; বিশেষ করে উপদেশ দেবার বা সতর্ক করার যোগ্য। **ৱচনপথ**—বলার ভঙ্গি।

**ৱচা**—মিষ্ট-পতাকা বা মিষ্ট-নিশান গাছ? (The sweet flag plant) orris পুষ্প বৃক্ষবিশেষ। গন্ধদ্রব্য প্রস্তুতের জন্য ব্যবহৃত উক্ত বৃক্ষের শুষ্ক মূল।

**ৱচী**—উক্তি; বক্তৃতা; আলাপ; কথাবার্তা; শব্দ; বাণী; আলাপ-আলোচনা। **ৱচীকম্ম**--বাক কর্ম। **ৱচীগুত্ত**—বাক্য-নিয়ন্ত্রিত। **ৱচী দুচ্চরিত**—বাক-দুশ্চরিত্র। **ৱচীপরম**—যে বাক্য দ্বারা শ্রেষ্ঠতর বা উৎকৃষ্টতর হয় কিন্তু কার্যে নয় এমন। **ৱচীভেদ**—বাচনভঙ্গি; উচ্চারণভঙ্গি। **ৱচীবিঞ্ঞত্তি**—বাক-বিজ্ঞপ্তি; কথায় জ্ঞাপন; বাক্য দ্বারা ইঙ্গিত। **ৱচীসঙ্খার**—বাক-সংস্কার; বাক্যের হেতু। **ৱচী-সমাচার**—ভালো কথা বলার স্বভাব। **ৱচী-সুচরিত**—সৎবাক্যের ক্রিয়া।

**ৱচ্চ**—গাঁদ; শিটা; পশুবিষ্ঠা; মল; বিষ্ঠা; গোবর। **ৱচ্চ-কুটি**—পায়খানা বা প্রস্রাবাগার; শৌচাগার। **ৱচ্চকূপ**—বিষ্ঠার স্তূপ। **ৱচ্চমগ্গ**—গুহ্য; পায়ু;

মলদ্বার; পোঁদ। **ৱচ্চ-সোধক**—যে পায়খানা বা প্রস্রাবাগার পরিষ্কার করে; যার দ্বারা শৌচাগার পরিষ্কার করা হয়।

**ৱচ্ছ**—বৎস; বাছুর; শাবক; পশুর শাবক বা বাচ্চা। **ৱচ্ছক**—ছোট বাচ্চা। **ৱচ্ছ-গিদ্ধিনী**—বাচ্চার জন্য আকুল আকাঙ্ক্ষী গাভী। **ৱচ্ছতর**—বড় বাচ্চা।

**ৱচ্ছর**—বৎসর; বছর।

**ৱচ্ছল**—বৎসল; স্নেহপরায়ণ।

**ৱজ**—গরুর খোঁয়াড়; গবাদি পশুর খোঁয়াড়।

**ৱজতি**—(ৱজ্+অ) গমন করা; অগ্রসর হওয়া। *aor* **ৱজি**। *prp* **ৱজমান**।

**ৱজির**—হীরক; হীরা; বজ্র। **ৱজিরপাণি, ৱজির-হত্থ**—বজ্রপাণি বা বজ্রহস্ত; হীরক দণ্ডধারী; শত্রু।

**ৱজ্জ**—বদ্য; দূষণীয়; নিন্দনীয়; বাদ্য; বাদ দেওয়া উচিত এমন; বলা উচিত এমন। **ৱজ্জনীয**—বর্জনীয়; এড়িয়ে চলনযোগ্য।

**ৱজ্জন**—বর্জন; এড়িয়ে চলন।

**ৱজ্জিত**—('ৱজ্জেতি'র *pp*) বর্জিত।

**ৱজ্জিয**—বর্জিত অবস্থা; পরিত্যক্ত অবস্থা।

**ৱজ্জী**—বর্জি বংশীয়।

**ৱজ্জেতি**—(ৱজ্+এ) বর্জন করা; এড়িয়ে চলা; পরিহার করা; পরিত্যাগ করা। *aor* **ৱজ্জেসি**। *ptp* **ৱজ্জেতব্ব**। *abs* **ৱজ্জেত্বা**। *inf* **ৱজ্জেতুং**।

**ৱজ্ঝ**—বধ্য; বধের উপযুক্ত; বধার্হ; দণ্ডার্হ। **ৱজ্ঝপ্পত্ত**--বধ্য-প্রাপ্ত; প্রাণদণ্ডে দণ্ডিত। **ৱজ্ঝভেরি**—বধ্যভেরি; আইন বলে প্রাণবধ ঘোষণার ভেরি।

**ৱঞ্চক**—প্রতারক; ঠক। **ৱঞ্চন, ৱঞ্চনা**—প্রতারণা; শঠতা। **ৱঞ্চিক**—প্রতারণাকারী; বঞ্চনাকারী।

**ৱঞ্চেতি**—(ৱঞ্চ্+এ) প্রতারণা করা; ঠকানো। *aor* **ৱঞ্চেসি**। *pp* **ৱঞ্চিত**। *prp* **ৱঞ্চেন্ত**। *abs* **ৱঞ্চেত্বা**।

**ৱঞ্ঝ**—বাঁঝা; বন্ধ্যা; অনুর্বর; উষর; অনুৎপাদী; নিষ্ফলা। **ৱঞ্ঝা**—বন্ধ্যা স্ত্রীলোক; বাঁঝা মেয়ে।

**ৱট (ৱটরুক্খ)**—বটবৃক্ষ; বটগাছ।

**ৱটংসক**—ফুলের তৈরি শিরোমাল্য বা শিরপেচ।

**ৱটুম**—রাস্তা; পথ।

**ৱট্ট**—আবর্তন; বৃত্তাকার; বৃত্তবৎ; চক্রবৎ; গোল; বৃত্ত; জন্মচক্র; ভবচক্র; ব্যয়; দান-ব্যবস্থা।

**ৱট্টকা**—তিতির জাতীয় পক্ষিবিশেষ।

**ৱট্টতি**—(ৱট্ট্+অ) আচরণ করা; ভদ্র আচরণ করা; কাজ করা; সঠিক হওয়া; উপযুক্ত হওয়া; মানানসই হওয়া; যথাযথ হওয়া; আবর্তন করা; প্রত্যাবৃত্ত হওয়া বা করানো।

**ৱট্টন**—প্রত্যাবর্তন।

**ৱট্টি, ৱট্টিকা**—বাতির পলিতা বা সলিতা; আবর্তন; জলের প্রবল বা প্রচুর নিঃস্রাব; কিনারা; প্রান্ত; কানা; বেড়।

**ৱট্টুল**—বর্তুল; গোলাকার; বর্তুলাকার।

**ৱট্টেতি**—(ৱট্ট্+এ) প্রত্যাবৃত্ত হওয়া বা করা; আবর্তিত হওয়া বা করা, ঘোরা বা ঘোরানো; পাক খাওয়া; পাক দেওয়া; নড়ানো; উত্ত্যক্ত করা; পাক খাওয়ানো; চক্রাকার করানো। *aor* **ৱট্টেসি**। *pp* **ৱট্টিত**। *abs* **ৱট্টেত্বা**।

**ৱট্ঠ**—বৃষ্টির জলে সিক্ত।

**ৱঠর**—বিশাল; ভারী; নাদুস-নুদুস; মোটা; স্থূল।

**ৱড্ঢ, ৱড্ঢক**—বর্ধক; বৃদ্ধিশীল; বাড়ন্ত। **ৱড্ঢন**—বর্ধন; বৃদ্ধিপ্রাপ্তি; বিস্তৃতি; প্রসারণ; বৃদ্ধি। **ৱড্ঢনক**—বর্ধনশীল; পর্যাপ্ত।

**ৱড্ঢকী**—সূত্রধর; ছুতার।

**ৱড্ঢতি**—(ৱড্ঢ+অ) বৃদ্ধিপ্রাপ্ত হওয়া; বাড়া; উন্নতি লাভ করা। *aor* **ৱড্ঢি**। *pp* **ৱড্ঢিত**। *prp* **ৱড্ঢন্ত, ৱড্ঢমান**। *abs* **ৱড্ঢিত্বা**।

**ৱড্ঢি**—বৃদ্ধি; ক্রমবৃদ্ধি; উন্নতি; ক্রমোন্নতি; লাভ; কল্যাণ; অর্থের সুদ।

**ৱড্ঢেতি**—(ৱড্ঢ+এ) বৃদ্ধি পাওয়া বা করা; কর্ষণ করা; উন্নতিসাধন করা; (কিছু আয়ত্ত করতে) মনোনিবেশ করা; অনুশীলন করা; গড়ে তোলা; লালন পালন করা; শিক্ষাদান করা; (খাদ্য) প্রস্তুত করা; পরিচর্যা বা সেবা করা; চালু রাখা। *aor* **ৱড্ঢেসি**। *pp* **ৱড্ঢিত**। *prp* **ৱড্ঢেন্ত**। *abs* **ৱড্ঢেত্বা**।

**ৱণ**—ক্ষত; ঘা; মর্মাঘাত; ফোড়া; দুঃখ; মর্মযন্ত্রণা; ব্রণ। **ৱণচোলক**—ক্ষতাদি পরিষ্কার করে নেকড়ার পটি দিয়ে বাঁধা। **ৱণপটিকম্ম**—ক্ষতাদি উপশম করণ। **ৱণবন্ধন**—ব্রণবন্ধন; ক্ষতাদির পটি।

**ৱণিজ্জা**—বাণিজ্য; ব্যবসায়-বাণিজ্য; ক্রয়-বিক্রয়।

**ৱণিত**—আহত।

**ৱণিপ্পথ**—ব্যবসায়-বাণিজ্য চলছে এমন।

**ৱণিব্বক**—ভিক্ষোপজীবী বা নিঃস্ব বা কপর্দকশূন্য ব্যক্তি।

**ৱণ্ট, ৱণ্টক**—বৃন্ত; বোঁটা। **ৱণ্টিক**—বৃন্তিক; বৃন্ত আছে এমন।

**ৱণ্ণ**—বর্ণ; রং; চেহারা; চামড়ার রং; শ্রেণী; রকম; প্রকার; বর্গ; জাত; অক্ষর। **ৱণ্ণক**—রং; বর্ণ; রঙের ছাপ; ছোপ; রঙের আভা; তরল রঞ্জক পদার্থ। **ৱণ্ণকসিন**—বর্ণ-কৃৎস্ন; ধ্যান অনুশীলনের জন্য বর্ণ-চক্র। **ৱণ্ণদ, ৱণ্ণদদ**--রং-দাতা; বর্ণ দাতা; সৌন্দর্য-

দায়ক। ৱণ্ণদাসী—গণিকা। ৱণ্ণধাতু—বর্ণধাতু; চেহারার অবস্থা; রং। ৱণ্ণপোক্খরতা—স্বাভাবিক গাত্রবর্ণের সৌন্দর্য। ৱণ্ণৱন্তু—রঙিন; সুশোভন; স্পষ্ট; আনন্দময়। ৱণ্ণৱাদী—(কারও) গুণাবলির বর্ণনাকারী। ৱণ্ণসম্পন্ন—সৌন্দর্য বা রঙের দ্বারা সমৃদ্ধ।

ৱণ্ণদাসী—সভাসুন্দরী; রাজনর্তকী; বেশ্যা; রাজসভায় যে বারাঙ্গনা থাকে।

ৱণ্ণনা—বর্ণনা; ব্যাখ্যা; টীকা; মন্তব্য; প্রশংসোকারী।

ৱণ্ণনীয—বর্ণনীয়; টীকা বা মন্তব্যের যোগ্য; প্রশংসনীয়।

ৱণ্ণিত—('বণ্ণেতি'র *pp*) বর্ণিত।

ৱণ্ণী—রূপবান।

ৱণ্ণু—বালুকা; বালি। ৱণ্ণুপথ—মরু অঞ্চল বা মরুভূমি।

ৱণ্ণেতি—(ৱণ্ণ+এ) বর্ণনা করা; ব্যাখ্যা করা; মন্তব্য করা; প্রশংসা করা; উচ্চপ্রশংসা করা। *aor* ৱণ্ণেসি। *pp* ৱণ্ণিত। *prp* ৱণ্ণেন্ত। *ptp* ৱণ্ণেতব্ব। *abs* ৱণ্ণেত্বা।

ৱত—১ নিশ্চিতভাবে; নির্ভুলভাবে; অবশ্যম্ভাবীরূপে; নিঃসন্দেহে। ২ সন্দেহাতীতভাবে; বাস্তবিকপক্ষে; প্রকৃতপক্ষে; সত্যই; হায়; হায়রে।

ৱত—ব্রত; ধর্মকার্য; ধর্মীয় অনুষ্ঠান উদ্‌যাপন। ৱতপদ—সদানুশীলনসমূহের একটি দফাবিশেষ। ৱতৱন্তু—ধর্মীয় অনুষ্ঠান উদ্‌যাপনকারী। ৱতসমাদান—ধর্মীয় শপথ গ্রহণ।

ৱতি, ৱতিকা—বেড়া; প্রতিরক্ষা।

ৱতিকা—অভ্যাস আছে এমন; অনুরূপ কর্মরত।

ৱত্ত—ব্রত; কর্তব্য কর্ম; চাকরি; অনুষ্ঠান। ৱত্তপটিৱত্ত—সব রকমের কর্তব্যকর্ম। ৱত্তসম্পন্ন—কর্তব্যপরায়ণ।

ৱত্তক, ৱত্তেতু—অনুশীলনকারী; চালিয়ে যাচ্ছে এমন; সম্পাদনরত।

ৱত্ততি—(ৱত্+অ) অস্তিমান থাকা; ঘটতে থাকা; সংঘটিত হওয়া; চলতে থাকা; চালু থাকা। *aor* ৱত্তি। *abs* ৱত্তিত্বা। *prp* ৱত্তন্ত, ৱত্তমান। *inf* ৱত্তিতুং। *ptp* ৱত্তিতব্ব।

ৱত্তন, ৱত্তনা—পথনির্দেশ; বহন; সঞ্চারণ; আচরণ; পরিচালনা।

ৱত্তনী—রাস্তা; পথ।

ৱত্তব্ব—(ৱদিতব্ব) বলার যোগ্য।

ৱত্তমান—বর্তমান; অস্তিমান; বর্তমান সময়। ৱত্তমানা—বর্তমানকাল। ৱত্তমানক—বর্তমান; অস্তিমান; চলমান।

ৱত্তিকা—বর্তিকা; ফিতা বা ফালি; পলিতা বা সলিতা।

ৱত্তিতব্ব—দীর্ঘতর বা প্রসারিত করণীয়; অনুশীলনীয়; মাননীয়।

ৱত্তি—বর্তী; যে (স্বীয় শক্তি বা তেজ) রাখে; ভালো অবস্থা বজায় রাখে, অনুশীলন করে অথবা চলন ঘটায় এরূপ।

ৱত্তু—বক্তা; যে কথা বলে; যে বক্তৃতা করে; কথক।

ৱত্তুং—('ৱদতি'র *inf*) কথা বলা।

ৱত্তেতি—চালিয়ে যাওয়া; করতে থাকা; কর্মাদিতে বহাল রাখা; গমনে রত রাখা। *aor* ৱত্তেসি। *pp* ৱত্তিত। *prp* ৱত্তেন্ত। *abs* ৱত্তেত্বা। *ptp* ৱত্তেতব্ব। *inf* ৱত্তেতুং।

ৱত্থ—বস্ত্র; কাপড়; জামা; জামাকাপড়; পোশাক। ৱত্থগুয্হ—বস্ত্রগুহ্য; যা জামাকাপড়ে গোপন থাকে এমন অর্থাৎ জননেন্দ্রিয় (Pudenda or Pudendum)। ৱত্থন্তর—বস্ত্রের শ্রেণী বা প্রকার। ৱত্থযুগ—এককেতা বা একপ্রস্ত পোশাক বা জামাকাপড় একজোড়া।

ৱত্থি—বস্তি; মূত্রাশয়; Clyster; যে খাপ বা কোষ পুরুষের জননেন্দ্রিয়মোড়ক। ৱত্থিকম্ম—Clyster ব্যবহারকরণ।

ৱত্থু—বাস্তু; যে জায়গা জুড়ে কোনো বাড়ি নগর প্রভৃতি থাকে বা ঐ সমস্ত নির্মাণার্থ নির্বাচিত জমি, মাঠ, ভূমি; বস্তু, পদার্থ; সারাংশ; মর্ম; কাহিনী। ৱত্থুক—সঙ্গত কারণ আছে এমন; প্রতিষ্ঠিত এরূপ। ৱত্থুকত—বাস্তুকৃত; ভিত্তি বা বুনিয়াদ প্রস্তুত এমন; পুঙ্খানুপুঙ্খরূপে অভ্যাসকৃত। ৱত্থুগাথা—ভূমিকাস্বরূপ বা পরিচায়ক গাথা। ৱত্থুদেৱতা—(কোনো স্থানে) বারংবার যাতায়াতকারী দেবী। ৱত্থুৱিজ্জা—বাস্তুবিদ্যা; বাসস্থান সম্বন্ধীয় বিজ্ঞান। ৱত্থুৱিসদকিরিযা—বাস্তুবিশোধনকর্ম।

ৱত্বা—('ৱদতি'র *abs*) বলে; বলার পর।

ৱদঞ্ঞূ—বদান্য; দানশীল; উদার; সদাশয়; অতি দানশীল; সনির্বন্ধ আবেদনে কর্ণপাতকারী। ৱদঞ্ঞুতা—বদান্যতা; সদাশয়তা; দানশীলতা।

ৱদতি—(ৱদ্+অ) কথা বলা; ব্যক্ত করা; উচ্চারণ করা; বলা; বর্ণনা করা। *aor* ৱদি। *pp* ৱুত্ত। *prp* ৱদন্ত, ৱদমান। *ptp* ৱদিতব্ব। *abs* ৱত্বা, ৱদিত্বা।

ৱদন—মুখমণ্ডল; উক্তি; ভাষা; কথন; উচ্চারণ; ধ্বনিত-করণ।

**ৱদাপন**—বলানো; উক্তি করানো; কথা বলানো।
**ৱদাপেতি**—('ৱদতি'র *caus*) (কোনো ব্যক্তিকে) কথা বলানো, কিছু বলানো। *aor* **ৱদাপেসি**। *pp* **ৱদাপিত**। *abs* **ৱদাপেত্বা**।
**ৱদেতি**—(ৱদ্+এ) বলা; কথা বলা।
**ৱদ্দলিকা**—বৃষ্টি-মেঘ বা বাদল-মেঘ জমানো।
**ৱদ্ধ**—'বুদ্ধ' দেখুন।
**ৱদ্ধন**—'বড্ঢন' দেখুন।
**ৱদ্ধাপচায়ন**—বয়োজ্যেষ্ঠগণের প্রতি শ্রদ্ধা বা সম্মান প্রদর্শন।
**ৱধ**—প্রাণবধ; প্রাণনাশ; হত্যা। **ৱধক**—বধী; হত্যাকারী; সরকারি ঘাতক বা জল্লাদ।
**ৱধিত**—('ৱধেতি'র *pp*)।
**ৱধুকা**—যুবতী স্ত্রী; তরুণী ভার্যা; মেয়ের জামাতা।
**ৱধূ**—পত্নী।
**ৱধেতি**—(ৱধ্+এ) বধ করা; হত্যা করা; মেরে ফেলা; বেদনা বা যন্ত্রণা দেওয়া। *aor* **ৱধেসি**। *prp* **ৱধেন্ত**। *abs* **ৱধিত্বা**।
**ৱন**—বৃক্ষরাজি; অটবী; অরণ্য; কানন; গহন; জঙ্গল; বিপিন। **ৱনকম্মিক**—অরণ্যে কাজ করে এমন। **ৱনগহন**—ঘন ঝোপ; **ৱনগুম্ব**—গাছের ঝাড়। **ৱনচর, ৱনচরক, ৱনচারী**—বনপাল; বনকর্মী। **ৱনদেৱতা**—বনদেব বা বনদেবী। **ৱনপ্পতি, ৱনস্পতি**—যে বৃহৎ বৃক্ষ পুষ্প ব্যতীত ফলবান হয়; বট, অশ্বত্থ ইত্যাদি। **ৱনপত্থ**—জঙ্গলের মধ্যে অনেক দূরবর্তী স্থান। **ৱনৱাসী**—যে বা যারা বনে বাস করে। **ৱনসণ্ড**—জঙ্গলের ঘন ঝোপ।
**ৱনথ**—সনির্বন্ধ প্রার্থনা; মিনতি; আকুল কামনা।
**ৱনিকা**—বনের অন্তর্ভুক্ত; বনের অন্তর্গত।
**ৱন্ত**—('ৱমতি'র *pp*) বমিত; উদ্গীরিত; দাবি-পরিত্যক্ত। **ৱন্তকসাৱ**—যেসমস্ত ভুল ত্রুটি বা ত্রুটি-বিচ্যুতি পিছনে ফেলে দিয়েছে এমন। **ৱন্তমল**—নিষ্কলঙ্ক; দাগশূন্য; বেদাগ।
**ৱন্দক**—আনত; প্রণত; শ্রদ্ধাবনত।
**ৱন্দতি**—(ৱন্দ্+অ) নমস্কার দ্বারা সম্ভাষণ করা; আনুগত্য স্বীকার করা; সম্মান করা; শ্রদ্ধা করা; উন্নীত বা মহিমান্বিত করা; ভক্তি করা; পূজা করা। *aor* **ৱন্দি**। *pp* **ৱন্দিত**। *prp* **ৱন্দন্ত, ৱন্দমান**। *ptp* **ৱন্দিতব্ব**। *abs* **ৱন্দিত্বা, ৱন্দিয**।
**ৱন্দন, ৱন্দনা**—নমস্কার; প্রণাম; আনুগত্য।
**ৱন্দাপন**—নমস্কার দ্বারা সম্ভাষণ করানো; আনুগত্য স্বীকার করানো; সম্মান করানো।
**ৱন্দাপেতি**—('ৱন্দতি'র *caus*) *aor* **ৱন্দাপেসি**। *pp* **ৱন্দাপিত**। *abs* **ৱন্দাপেত্বা**।
**ৱপতি**—(ৱপ্+অ) বপন করা; মুণ্ডন করা; কামানো; চেঁছে ফেলা। *aor* **ৱপি**। *pp* **ৱপিত, ৱুত্ত**। *prp* **ৱপেন্ত**। *abs* **ৱপিত্বা**।
**ৱপন**—বপন; বোনা; বয়ন।
**ৱপু**—দেহ।
**ৱপ্প**—বপন; মাসের নামবিশেষ (অক্টোবর-নভেম্বর)। **ৱপ্পকাল**—বপনকাল; বোনার সময়। **ৱপ্পমঙ্গল**—হলকর্ষণ উৎসব।
**ৱমতি**—(ৱম্+অ) বমি করা; বের করে দেওয়া; উৎসাদিত করা; উচ্ছেদ করা; বিতাড়িত করা। *aor* **ৱমি**। *pp* **ৱমিত, ৱন্ত**। *abs* **ৱমিত্বা**।
**ৱমথু, ৱমন**—বমি; উৎসাদন; বমিত খাদ্য।
**ৱম্ভন, ৱম্ভনা**—ঘৃণা; অবজ্ঞা; প্রচণ্ড বিদ্বেষ।
**ৱম্ভী**—অবজ্ঞার সহিত আচরণ করে এমন।
**ৱম্ভেতি**—(ৱম্ভ্+এ) অবজ্ঞা করা; ঘৃণা করা; ঘৃণার চক্ষে দেখা; অবজ্ঞার সহিত আচরণ করা। *aor* **ৱম্ভেসি**। *pp* **ৱম্ভিত**। *prp* **ৱম্ভেন্ত**। *abs* **ৱম্ভেত্বা**।
**ৱম্ম**—বর্ম; সাঁজোয়া; অস্ত্রাঘাত নিবারণের নিমিত্ত অঙ্গাবরণ। **ৱম্মী**—বর্ম-পরিহিত।
**ৱম্মিক**—বল্মীক; উঁইঢিপি।
**ৱম্মিত**—('ৱম্মেতি'র *pp*)।
**ৱম্মেতি**—(ৱম্+এ) বর্ম পরিধান করা। *aor* **ৱম্মেসি**। *abs* **ৱম্মেত্বা**।
**ৱয**—বয়স; ক্ষতি; পতন; অধঃপতন; ব্যয়। **ৱয-করণ**—ব্যয়করণ; ব্যয়; খরচ। **ৱযকল্যাণ**—যৌবন মায়া। **ৱযট্‌ঠ**—বয়স্থ; সাবালকে পরিণত। **ৱযপ্পত্ত**—বয়ঃপ্রাপ্ত; সাবালক; বিবাহের যোগ্য।
**ৱযস্স**—বয়স্য; বন্ধু।
**ৱযোবুদ্ধ**—বয়োবৃদ্ধ।
**ৱযোহর**—চট করে প্রাণ কেড়ে লওন।
**ৱয্হ**—বাহন; ডুলি; পালকি; খাটুলিবিশেষ; স্ট্রেচার।
**ৱর**—পরমোৎকৃষ্ট; অভিজাত বা সম্ভ্রান্ত বংশের লোক; উচ্চপদস্থ বা উচ্চ খেতাবধারী ব্যক্তি; দানশীল; অনুগ্রহ; আশীর্বাদ; অনুরোধ; প্রার্থনা; শুভেচ্ছা; অনুগ্রহ। **ৱরঙ্গনা**—সম্ভ্রান্ত বংশের মহিলা। **ৱরদ**—সর্বোৎকৃষ্ট-বস্তু-দাতা। **ৱরদান**—আশীর্বাদ প্রদান; সুযোগ দান। **ৱরপঞ্‌ঞা**—বরপ্রজ্ঞা; পরমোৎকৃষ্ট জ্ঞানী। **ৱরলকখণ**—বরলক্ষণ; (দেহে) পরমোৎকৃষ্ট চিহ্ন।
**ৱরক**—একজাতীয় শস্য; শস্যকণা বিশেষ।
**ৱরণ**—*Cartaeva roxburghii* বৃক্ষ।
**ৱরত্তা**—চামড়ার ফিতা বা ফালি; চাবুক।
**ৱরাক**—চরম দুর্দশাগ্রস্ত; হতভাগ্য; নগণ্য; তুচ্ছ; হতভাগ্য ব্যক্তি।

**বরারোহা**—সুন্দরী স্ত্রীলোক; রূপবতী মহিলা।

**বরাহ**—খাসিকরা শূকর; শূকরছানা; ইতর-নোংরো বা লোভী লোক। **বরাহী**—শূকরী।

**বলঞ্জ**—পথ; চলাচলের ফলে সৃষ্ট পথ; যে চিহ্ন রেখে যাওয়া হয়েছে; গমনপথ; পদচিহ্ন; সামান্য প্রামাণিক সাক্ষ্য; প্রয়োগ; ব্যবহার; কার্যকরতা; যা লুক্কায়িত রাখা হয়েছে এমন। **বলঞ্জন**—অবলম্বন করণ; প্রায়ই গমন; কার্যকরণ; শরীরের স্বস্তিবিধানকরণ। **বলঞ্জনক**—ব্যবহৃত বা ব্যয়িত হবার যোগ্য।

**বলঞ্জিয়মান**—ব্যবহৃত হচ্ছে এমন।

**বলঞ্জেতি**—(বলজ্+এ) (কারও) গমনপথ অনুসরণ করা; পথানুসরণপূর্বক খুঁজে বের করা; পথচিহ্ন বা পদচিহ্ন অনুসরণ করা; পায়ে পায়ে অনুসরণ করা; খুঁজে বের করা; ব্যবহার করা; ব্যয় করা; অবলম্বন করা; প্রায়ই যাওয়া। *aor* **বলঞ্জেসি**। *pp* **বলঞ্জিত**। *prp* **বলঞ্জেন্ত**। *abs* **বলঞ্জেত্বা**। *ptp* **বলঞ্জেতব্ব**।

**বলয**—বালা; কব্জির অলঙ্কারবিশেষ; দড়ি শিকল প্রভৃতির ফাঁস। **বলযাকার**—বলয়াকার; বৃত্তাকার; গোলাকৃতি।

**বলাহক**—বৃষ্টির মেঘ।

**বলি**—গবাদি পশুর খোঁয়াড়; মেষপাল; নিরাপদ আশ্রয়; ক্ষুদ্র কুঞ্চন ভাঁজ বা বলি। **বলিক**—ভাঁজপূর্ণ এমন।

**বলিত**—কুঞ্চিত; ভাঁজ-ফেলানো বা পড়ানো; বলিচিহ্নিত; এবড়ো-খেবড়ো।

**বলিত্তচ**—কুঞ্চিত চর্ম যার।

**বলির**—তির্যক-চক্ষুবিশিষ্ট; টেরা-চোখওয়ালা।

**বলীমুখ**—বানর; কুঞ্চিত-মুখমণ্ডলযুক্ত।

**বল্লকী**—বীণাজাতীয় তারের বাদ্যযন্ত্রবিশেষ।

**বল্লভ**—প্রিয়; আনুকূল্যপ্রাপ্ত; প্রশ্রয়প্রাপ্ত; পক্ষপাত-মূলক সুবিধাভোগী। **বল্লভত্ত**—প্রিয় হবার অবস্থা।

**বল্লরী**—গুচ্ছ; থোকা; তোড়া; স্তবক; থোলো।

**বল্লি**—লতা। **বল্লিহারক**—লতা সংগ্রাহক; লতা সংগ্রহকারী।

**বল্লিভ**—কুমড়াগাছ বা কুমড়া।

**বল্লূর**—শুকনা পশুপক্ষি মাংস বা শুষ্ক-মাংস।

**ববত্থপেতি**—(বি+অব+ঠা+আপে) স্থায়ী বা অটল করা অথবা হওয়া; স্থির করা বা সিদ্ধান্তে উপনীত হওয়া; স্থায়ীভাবে বসবাস করানো বা করা; নাম বা আখ্যা দেওয়া; কার্যাদিতে নিযুক্ত করা; কার্যাদির জন্য মনোনীত করা। *aor* **ববত্থপেসি**। *pp* **ববত্থাপিত**। *abs* **ববত্থপেত্বা**।

**ববত্থাপন**—যথাযথ বর্ণনা; সঠিক অর্থ বা সংজ্ঞা; দৃঢ় সঙ্কল্প; দৃঢ়-চরিত্র।

**ববত্থেতি**—(বি+অব+ঠা+এ) বিশ্লেষণ করা; যথাযথভাবে স্থির করা বা নির্ধারণ করা; সঠিকভাবে বর্ণনা করা। *aor* **ববত্থেসি**। *pp* **ববত্থিত**। *abs* **ববত্থেত্বা**।

**বস**—বশ; সংযম; দমন; কর্তৃত্ব; শাসন; নিয়ন্ত্রণ; প্রভাব; ইচ্ছানুবর্তিতা। **বসগ, বসঙ্গত**—আজ্ঞাধীন; বশীভূত। **বসবত্তক, বসবত্তী**—বশবর্তী; অধীন; বশতাপন্ন; অনুগত। **বসবত্তন**—নিয়ন্ত্রণ; বশবর্তন; প্রভাব; কর্তৃত্ব। **বসানুগ, বসানুবত্তি**—অনুগত।

**বসতি**—(বস্+অ) বাস করা; প্রতীক্ষা করা; সম্মুখীন হওয়া; সহ্য করা; মেনে চলা; বসবাস করা; (সঙ্গে) থাকা। *aor* **বসি**। *pp* **বুত্থ, বসমান**। *abs* **বসিত্বা**। *ptp* **বসিতব্ব**।

**বসন**—বসন; বসবাসকরণ; বাসকরণ; কাপড়। **বসনক**—বসবাসকারী। **বসনট্‌ঠান**—বাসস্থান; নিবাস।

**বসন্ত**—(বসন্তকাল) শীতকাল ও গ্রীষ্মকালের মধ্যবর্তী সময়।

**বসল**—বৃষল; স্বীয় সমাজ বা গৃহ থেকে বহিষ্কৃত; নীচকুলে জন্ম এমন।

**বসা**—চর্বি; জান্তব চর্বি; তৈলজ বা চর্বিতুল্য পদার্থ।

**বসাপেতি**—('বসতি'র *caus*) বাস করানো; বসবাস করানো; আটকিয়ে রাখা। *aor* **বসাপেসি**। *pp* **বসাপিত**। *abs* **বসাপেত্বা**।

**বসিতা**—কর্তৃত্ব; আয়ত্তন; নিয়ন্ত্রণক্ষমতা; পরম দক্ষতা বা পাণ্ডিত্য; ওস্তাদি; দক্ষতা।

**বসিতুং**—বাস করতে; বসবাস করতে বা করবার জন্য।

**বসিপ্পত্ত**—উত্তমরূপে ওস্তাদি করেছে এমন।

**বসী**—কর্তা; পরিচালক; আয়ত্তকারী; অধিষ্ঠাত্রী। **বসীকত**—বশীভূত; দমিত; আয়ত্তাধীন। **বসীভাব**—কর্তৃত্ব; ওস্তাদি; দক্ষতা। **বসীভূত**—বশীভূত; আয়ত্তাধীন; দমিত; নিয়ন্ত্রিত।

**বসু**—সমৃদ্ধি; ধনদৌলত; প্রাচুর্য। **বসুধা, বসুন্ধরা, বসুমতী**—পৃথিবী; ধরণী; ধরিত্রী।

**বস্স**—১ বর্ষ; বৎসর; বছর। ২ বর্ষা। **বস্সকাল**—বর্ষাকাল। **বস্সগ্গ**—ভিক্ষুগণের বয়োজ্যেষ্ঠতা।

**বস্সতি**—(বস্+অ) বৃষ্টি পড়া; (কোনো পশুর) গর্জন বা ডাক ধ্বনিত করা। *aor* **বস্সি**। *pp* **বস্সিত**, (বৃষ্টিপাতের বেলায়) **বুট্‌ঠ**। *prp* **বস্সন্ত**। *abs* **বস্সিত্বা**।

**ৱস্সন**—বর্ষণ; বৃষ্টিপাত; পশুর গর্জন বা ডাক।

**ৱস্সান**—বর্ষা ঋতু।

**ৱস্সাপনক**—বৃষ্টিপাত বা বর্ষণ করানো।

**ৱস্সাপেতি**—(ৱস্সতি'র *caus*) বর্ষণ করানো; বৃষ্টিপাত করানো। *aor* **ৱস্সাপেসি**। *pp* **ৱস্সাপিত**। *abs* **ৱস্সাপেত্বা**।

**ৱস্সিক**—বর্ষিক; বর্ষাঋতু সম্বন্ধীয়; এত বছর বয়স্ক। **ৱস্সিকসাটিকা**—বর্ষাঋতুতে বৌদ্ধ ভিক্ষুর ব্যবহৃত বর্ষা চীবর (বর্ষার কাপড়)।

**ৱস্সিকা**—অতিশয় পুষ্পিত জুঁই জাতীয় ফুলের গাছ।

**ৱস্সিত**—(ৱস্সতি'র *pp*) সিক্ত; পশুর ডাক বা গর্জন।

**ৱহতি**—(ৱহ্+অ) সহ্য করা; বহন করা; (কারও) কাজের ভার বহন করা বা কাজ চালিয়ে যাওয়া; প্রবাহিত হওয়া; বয়ে যাওয়া। *aor* **ৱহি**। *pp* **ৱহিত**। *prp* **ৱহন্ত**। *abs* **ৱহিত্বা**। *ptp* **ৱহিতব্ব**।

**ৱহন**—বয়ে নিয়ে গমন; সহন; সহ্যকরণ; প্রবাহিত হওন বা প্রবহন। **ৱহনক**—বাহক; শীঘ্র আনয়নকারী; বাহন।

**ৱহিতু**—বাহক; বাহন।

**ৱলৱা**—ঘোটকী; অশ্বা।

**ৱলৱামুখ**—ডুবোজাহাজের আগুন।

**ৱংস**—বংশ। ১ একই পূর্বপুরুষদের বংশধরগণ; সগোত্র ব্যক্তিগণ; বংশ; কুল; জাতি। ২ বাঁশ উদ্ভিদ। ৩ বাঁশের তৈরি বাঁশি। **ৱংস-কলীর**—বাঁশের কোঁড়া বা কোঁড়; বাঁশের অঙ্কুর; উদ্ভিদের মতো অঙ্কুর। **ৱংসজ**—বংশজ; কোনো বিশেষ কুলে, জাতিতে বা বংশে জন্মলাভ। **ৱংসৱণ্ণ**—সুন্দর নীলবর্ণ প্রস্তরবিশেষ; নীলা; নীলকান্তমণি। **ৱংসাগত**—বংশাগত; পিতা হতে পুত্রে আগত। **ৱংসানু-পালক**—বংশধরগণের ধারাবাহিকতা বা অনুক্রম; বংশপরম্পরা।

**ৱংসিক**—কোনো বিশেষ বংশের বা গোত্রের অর্থাৎ বংশীয় বা গোত্রীয়।

**ৱা**—(বিয়োজক অব্যয়) অথবা; হয় ... নয়।

**ৱাক**—(জামা প্রস্তুতের জন্য ব্যবহৃত) বাকলের সরু ও লম্বা টুকরা বা ফালি। **ৱাকচির**—বল্কল-জামা। **ৱাকময়**—বল্কলের সরু ও লম্বা ফালি দিয়ে প্রস্তুত।

**ৱাকরা, ৱাগুরা**—হরিণ ধরার জাল।

**ৱাক্করণ**—অন্তরঙ্গভাবে কথোপকথন; আলাপ-আলোচনা।

**ৱাক্য**—কথা; বচন; পরস্পরের অন্বয়বোধক পদসমষ্টি।

**ৱাগুরিক**—পশু ধরার জন্য জাল ব্যবহার করে এমন।

**ৱাচক**—যিনি শিক্ষাদান করেন বা আবৃত্তি করেন।

**ৱাচন**—আবৃত্তি; পঠন।

**ৱাচনক**—বাহ্যিক সমারোহ; অনুষ্ঠান; আবৃত্তির স্থান।

**ৱচনামগ্গ**—আবৃত্তির অথবা (পুরুষানুক্রমিক) ঐতিহ্যের ধারা।

**ৱাচসিক**—বাক্যের সহিত সম্পর্কিত।

**ৱাচা**—বাক্য; বচন; কথা; উক্তি। **ৱাচানুরক্খী**—বাকসংযমী; কথাবার্তায় সংযত।

**ৱাচাল**—ক্রমাগত কথা বলার স্বভাববিশিষ্ট; বাক্যবাগীশ।

**ৱাচুগ্গত**—কণ্ঠস্থ; মুখস্থ।

**ৱাচেতি**—(ৱচ+এ) পাঠ করা; শিক্ষাদান করা; শিখানো; আবৃত্তি করা। *aor* **ৱাচেসি**। *pp* **ৱাচিত**। *prp* **ৱাচেন্ত**। *ptp* **ৱাচেতব্ব**। *abs* **ৱাচেত্বা**।

**ৱাচেতু**—যিনি পাঠ করেন অথবা শিক্ষাদান করেন।

**ৱাজ**—তীরের পালক; একপ্রকার পানীয়। **ৱাজ-পেয্য**—বাজপেয়; একরকম যজ্ঞ।

**ৱাজী**—অশ্ব; ঘোড়া।

**ৱাট, ৱাটক**—আটক; অবরোধ; ঘেরাও; পরিবেষ্টন।

**ৱাণিজ, ৱাণিজক**—বণিক; সদাগর; ব্যবসায়ী।

**ৱাণিজ্জ**—বাণিজ্য; ক্রয়-বিক্রয়।

**ৱাণী**—উক্তি; ভাষণ; বক্তৃতা।

**ৱাত**—বাতাস; বায়ু; হাওয়া; অনিল, বাষ্প। **ৱাত-ঘাতক**—*Cassia fistula* বৃক্ষ। **ৱাতজৱ**—বায়ুর ন্যায় গতি এমন। **ৱাতপান**—বাতায়ন, জানালা। **ৱাতমণ্ডলিকা**—ঘূর্ণিঝড়। **ৱাতরোগ, ৱাত-আবাধ**—বাতাসের অবস্থানুযায়ী সৃষ্ট অসুস্থতা বা ব্যাধি; বাতব্যাধি। **ৱাতবুট্ঠি**—বায়ু ও বৃষ্টি। **ৱাতৱেগ**—বায়ুর বেগ; বাতাসের জোর।

**ৱাতাতপ**—বায়ু ও তাপ।

**ৱাতাভিহত**—বাতাসের দ্বারা আন্দোলিত।

**ৱাতায়ন**—জানালা।

**ৱাতাহট**—বাতাহৃত; বাতাসের দ্বারা আনীত।

**ৱাতি**—(ৱা+অ) বাতাস সৃষ্টি করা; প্রবাহিত হওয়া; ফু দেওয়া; কোনো গন্ধ নিক্ষেপ করা।

**ৱাতিক**—বাতাসের খেয়ালজনিত।

**ৱাতিঙ্গণ**—বেগুন।

**ৱাতেরিত**—বায়ুচালিত।

**ৱাদ**—ধারণা; মত; তত্ত্ব; সিদ্ধান্ত; ধর্মমত; ধর্মবিশ্বাস; বিতর্ক; বিরোধ; মতবিরোধ। **ৱাদকাম**—বিতর্কের

বা বাদানুবাদের বা বিতর্কানুশীলনের আকাঙ্ক্ষী। **ৱাদপথ**—বিতর্কের বা বাদানুবাদের বিতর্কানুশীলনের পথ।

**ৱাদক**—বাদ্যযন্ত্র-বাদনকারী।

**ৱাদন**—বাদ্যযন্ত্র বাজানো; বাদ্যবাদন।

**ৱাদিত**—বাদ্য-বাজনা; বাজানো হয়েছে এমন।

**ৱাদী**—১ যুক্তি দেখায় এমন; তর্ক করে এমন; সত্যতা বা যথার্থতা প্রমাণের জন্য আহ্বান করে এমন। ২ যে কোন মতবাদ প্রচার করে; কথক। **ৱাদীৱর**—সর্বশ্রেষ্ঠ মতবাদী।

**ৱাদেতি**—((ৱদ্+এ) বাদ্য বাজিয়ে শব্দ করা; বাজনার শব্দ করা।

**ৱান**—সনির্বন্ধ প্রার্থনা; মিনতি; আকুল কামনা; বিছানার জাল-বয়ন।

**ৱানর**—বাঁদর; কপি; শাখামৃগ। **ৱানরী**—স্ত্রী-বাঁদর। **ৱানরিন্দ**—বানরেন্দ্র; বানর-রাজ।

**ৱাপি**—পুকুর; দিঘি; জলাধার।

**ৱাপিত**—বপিত; বুনিত; বোনা হয়েছে এমন।

**ৱাম**—বামপার্শ্ব; বাঁ; অমায়িক; উপযোগী; শোভন; সম্মত; স্বীকার্য। **ৱামপস্স**—বামপার্শ্ব।

**ৱামন, ৱামনক**—১ অত্যন্ত খর্ব লোক। ২ ঈষৎ বেঁটে।

**ৱায**—বায়ু; বাতাস। 'বাযো' দেখুন।

**ৱাযতি**—(ৱা+য) ১ বাতাস সৃষ্টি করা; প্রবাহিত হওয়া; ফু দেওয়া; গন্ধ বা স্বাদুগন্ধ নির্গত করা। ২ বয়ন করা; বোনা। *aor* **ৱাযি**। *prp* **ৱাযন্ত, ৱাযমান**। *abs* **ৱাযিত্বা**।

**ৱাযন**—প্রবহন; গন্ধ বিস্তার।

**ৱাযমতি**—(ৱি+আ+য+অ) সংগ্রাম করা; কঠোরভাবে বা সাগ্রহে চেষ্টা করা; যথাসাধ্য বা প্রবলভাবে চেষ্টা করা। *aor* **ৱাযমি**। *prp* **ৱাযমন্ত**। *abs* **ৱাযমিত্বা**।

**ৱাযস**—বায়স; কাক।

**ৱাযসারি**—পেচক।

**ৱাযাম**—প্রচেষ্টা; প্রয়াস; ব্যায়াম; প্রবল প্রচেষ্টা।

**ৱাযিত**—('ৱাযতি'র *pp*) বুনিত; বিনুনি করা; প্রবাহিত।

**ৱাযিম**—বুনিত; বিনুনি করা।

**ৱাযেতি**—(ৱা+এ) বুনান; বয়ন করানো।

**ৱাযু**—বায়ু; বাতাস; সচল বা গতিময় মূল-উপাদান।

**ৱাযো**—বায়ু দ্বারা পরিগৃহীত রূপ। **ৱাযো-কসিণ**—বায়ু-কৃৎস্ন; ধ্যানের আলম্বন হিসাবে গৃহীত বায়ু। **ৱাযো-ধাতু**—সচল বা গতিশীল মৌলিক উপাদান।

**ৱার**—পালা; কার্যাদির উপযুক্ত সময় বা সুযোগ।

**ৱারক**—বড় মুখওয়ালা বোতলবিশেষ; বয়ম।

**ৱারণ**—হস্তী; একজাতীয় ঈগলপাখি; নিষেধ; মানা; নিবারণ; রোধ; অপসারণ।

**ৱারি**—জল। **ৱারিগোচর**—জলচর। **ৱারিজ**—জলজ; জলে জন্ম যার; মৎস্য; পদ্ম। **ৱারিদ, ৱারিধর, ৱারিৱাহ**—বৃষ্টির মেঘ; বাদল মেঘ। **ৱরিমগ্গ**—নর্দমা; তরলপদার্থ নিষ্কাশনের জন্য নালা বা নল।

**ৱারিত**—('ৱারেতি'র *pp*)।

**ৱারিত্ত**—পরিত্যাগ; পরিহার; যে কাজ সম্পাদন অযোগ্য।

**ৱারিযমান**—ব্যাহত হয়ে; বাধাপ্রাপ্ত হয়ে; পথরুদ্ধ হয়ে।

**ৱারুণী**—পাতন করা সুরা পরিপূর্ণ উগ্র আরক; চোলাই করা যথেষ্ট কোহল পরিপূর্ণ সুরা।

**ৱারেতি**—(ৱর্+এ) প্রতিরোধ করা; বাধা দেওয়া; ব্যাহত করা। *aor* **ৱারেসি**। *prp* **ৱারেন্ত, ৱারযমান**। *ptp* **ৱারেতব্ব**। *abs* **ৱারেত্বা**।

**ৱাল**—১ লেজের বা লাঙ্গুলের লোম বা কেশ। ২ হিংস্র; প্রচণ্ড; বিদ্বেষপরায়ণ। **ৱালকম্বল**—ঘোড়ার কেশে প্রস্তুত কম্বল। **ৱালগ্গ**—বালগ্র; কেশের আগা। **ৱালণ্ডুপক**—ঘোড়ার লেজে প্রস্তুত বুরুশ বা তুলি বা কুঁচি। **ৱালৱিজনী**—তিব্বত দেশীয় চমরী ষণ্ডের লেজে প্রস্তুত পাখা। **ৱালমিগ**—শিকারি পশু। **ৱালৱেধ**—যে তীরন্দাজ লোমকে বিদ্ধ করতে পারে; যে ধানুকী বা ধনুর্ধর কেশকে তীরবিদ্ধ করতে পারে।

**ৱালধি**—লেজ; লাঙ্গুল।

**ৱালিকা, ৱালুকা**—বালি। **ৱালিকা-কন্তার**—অকর্ষিত নিষ্ফলা বা বিধ্বস্ত বালুকা অঞ্চল। **ৱালিকাপুঞ্জ**—বালুকাস্তূপ। **ৱালুকা-পুলিন**—বালুচ্চ।

**ৱাস**—১ জীবনযাত্রা; সাময়িক আবাস; বাসস্থান; বাসা। ২ পোশাক। ৩ মধুর গন্ধ; সৌরভ; সুগন্ধি। **ৱাসচুন্ন**—বাসচূর্ণ; সুগন্ধি-গুঁড়া। **ৱাসট্ঠান**—বাসস্থান; বসবাস করার স্থান।

**ৱাসন**—সুগন্ধিকরণ; অধিকার করতে অভ্যাস-করণ।

**ৱাসনা**—পূর্বেকার গভীর অনুভূতি বা আবেগ; অতীত কিছুর সম্বন্ধে অস্পষ্ট ধারণা বা স্মৃতি।

**ৱাসর**—দিবস; বার।

**ৱাসৱ**—দেবরাজ; দেবতাগণের রাজা।

**ৱাসি**—বাটালি; বাইস; ক্ষুদ্র কুঠারবিশেষ; ধারাল

ছুরি। **ৱাসিজাত**—কুঠারের হাতল। **ৱাসিফল**—ছুরি অথবা কুঠারের ফলা।

**ৱাসিক, ৱাসী**—বসবাসকারী; অধিবাসী। *f* **ৱাসিনী**।

**ৱাসিতক**—সুগন্ধি-চূর্ণ।

**ৱাসুদেৱ**—বিষ্ণুদেবতা।

**ৱাসেতি**—(ৱস্+এ) প্রতিষ্ঠা করা; স্থাপন করা; বসবাস করানো; সুরভিত করা। *aor* **ৱাসেসি**। *pp* **ৱাসিত**। *abs* **ৱাসেত্বা**।

**ৱাহ**—১ বাহক; যে বহন করে; সারথি। ২ পরিচালক। ৩ বাহন; গাড়ি; রথ। ৪ একগাড়ি মাল অর্থাৎ ৩৮০ দ্রোণ। ৫ ভারবাহী পশু। ৬ তীব্র স্রোত; খরস্রোত; প্রবল বৃষ্টিপাত; গালাগালির তীব্র স্রোত। **ৱাহক**—যে বহন করে নিয়ে যায়; যে নিয়ে যায় এমন; পথ-প্রদর্শন; ধারণ।

**ৱাহন**—যান; গাড়ি; শকট।

**ৱাহসা**—কারণে; দরুন; ফলস্বরূপ; বলে; সাহায্যে; দ্বারা; জন্য।

**ৱাহিনী**—১ সেনাবাহিনী। ২ স্রোতস্বিনী; নদী।

**ৱাহী**—বহনকারী; বাহক।

**ৱাহেতি**—(ৱহ্+এ) বহন করা; বোঝা চাপানো; বোঝাই করা।

**ৱিকচ**—বিকশিত; প্রস্ফুটিত।

**ৱিকট**—রূপান্তরিত; পরিবর্তিত; নোংরা বস্তু; ময়লা; যা দেহ বা মনকে পঙ্কিল করে।

**ৱিকতি**—শ্রেণী; রকম; প্রকার; বর্গ; গঠনে, আকারে, ধরনে, ছাঁচে প্রস্তুত। **ৱিকতিক**—বহু শ্রেণীর বা রকমের বা বর্গের বা আকারের বা ধরনের বা ছাঁচের।

**ৱিকত্থতি**—(ৱি+কথ্+অ) দম্ভ করা; সদম্ভে বলা; সদম্ভে দেখান; জাহির করা। *aor* **ৱিকত্থি**। *pp* **ৱিকত্থিত**। *abs* **ৱিকত্থিত্বা**।

**ৱিকত্থন**—দম্ভকরণ; সদম্ভে কথন।

**ৱিকত্থক, ৱিকত্থী**—দম্ভ করে এমন; সদম্ভে বলে বা দেখায় এমন।

**ৱিকন্ততি**—(ৱি+কন্ত্+অ) কেটে খোলা। *aor* **ৱিকন্তি**। *pp* **ৱিকন্তিত**। *abs* **ৱিকন্তিত্বা**।

**ৱিকন্তন**—বিচ্ছিন্নকরণ; ধ্বংস করণ; কাটার ছুরি।

**ৱিকপ্প**—বিকল্প; বিভিন্ন কল্পনা; বিবেচনা; ইতস্তত ভাব; দ্বিধা। পরিবর্তনসাধক। **ৱিকপ্পন**—অনিশ্চিততা; অংশে বিভাজন করে দেওন; কর্মাদির দায়িত্ব অর্পণ; হস্তান্তরের দলিল। বিকল্পন।

**ৱিকপ্পেতি**—(ৱি+কপ্প্+এ) (কিছুর) নকশা অঙ্কন; পরিকল্পনা করা; (কোনো) অভিলাষ বা অভিসন্ধি করা; নিয়তি বা পরিণতিরূপে পূর্বনির্দিষ্ট করা; মনস্থ করা; অংশে নির্দেশ করে দেওয়া; সুবিন্যস্ত করা; পরিবর্তিত করা বা হওয়া; নির্দিষ্ট আকার দেওয়া; গঠন করা। *aor* **ৱিকপ্পেসি**। *pp* **ৱিকপ্পিত**। *prp* **ৱিকপ্পেন্ত, ৱিকপ্পেত্বা**।

**ৱিকম্পেতি**—(ৱি+কম্প্+অ) কাঁপা বা কাঁপানো; অস্থিরীকৃত; অব্যস্থিত; অমীমাংসিত বা পরিবর্তনশীল হওয়া। *aor* **ৱিকম্পি**। *pp* **ৱিকম্পিত**। *abs* **ৱিকম্পিত্বা**। *prp* **ৱিকম্পমান**।

**ৱিকম্পন**—কম্পন বা কম্পান্বিত অবস্থা।

**ৱিকরোতি**—(ৱি+কর্+ও) (কারও) কৃতকর্ম বা কীর্তি নষ্ট করে দেওয়া; পূর্বাবস্থায় ফিরিয়ে আনা; বাতিল করা; নাশ করা; পণ্ড করা; আলগা করা; বন্ধন-মুক্ত করা; বন্ধনমোচন করা; পাক খোলা। *aor* **ৱিকরি**। *pp* **ৱিকত**।

**ৱিকল**—অপূর্ণ; অভাবপূর্ণ; ত্রুটিপূর্ণ; দোষযুক্ত; অভাবগ্রস্ত; অংশহীন; অসম্পূর্ণ; অচল; ব্যাকুল; বিহ্বল। **ৱিকলক**—অভাবপূর্ণ; ন্যূন; উন; অপ্রচুর; বিচ্যুতিপূর্ণ; ত্রুটিপূর্ণ।

**ৱিকসতি**—(ৱি+কস্+অ) অধিকতর উন্মুক্ত করা বা হওয়া; আরও খোলা; বিস্তৃত করা বা হওয়া; প্রকাশ করা; বিকাশ করা; প্রস্ফুটিত হওয়া। *aor* **ৱিকসি**। *pp* **ৱিকসিত**। **ৱিকসিত্বা**।

**ৱিকার**—স্বাভাবিক অবস্থার পরিবর্তন; ভাবান্তর; পশ্চাদ্দিকে প্রেরণ বা গমন; পূর্বানুবৃত্তি; বিশৃঙ্খলা; গোলমাল; অশান্তি; বিকলাঙ্গতা; গুণ বা স্বভাব; প্রকৃতি।

**ৱিকাল**—অসময়; অপরাহ্ণ; বৈকাল; অপরাহ্ণ ও রাত্রিকাল। **ৱিকালভোজন**—অপরাহ্ণে ও রাত্রিকালে খাদ্যগ্রহণ।

**ৱিকাস**—বিকাশ; প্রকাশ; উন্মুক্তকরণ; বিস্তৃতকরণ; প্রস্ফুটন।

**ৱিকাসতি**—(ৱি+কস্+এ) বিকাশ করা; আলোকিত করা; উন্মুক্ত করা; বিকৃত করা; প্রস্ফুটিত করা। *aor* **ৱিকাসেসি**। *pp* **ৱিকাসিত**। *abs* **ৱিকাসেত্বা**।

**ৱিকিণ্ণ**—('ৱিকিরতি'র *pp*) বিকীর্ণ; নিক্ষিপ্ত; বিক্ষিপ্ত; ছড়ানো। **ৱিকিণ্ণকেস**—বিকীর্ণ-কেশ; অবিন্যস্ত বা আলুথালু-চুল।

**ৱিকিরণ**—বিক্ষেপণ; ছড়ানো; বিচ্ছুরণ।

**ৱিকিরতি**—(ৱি+কির্+অ) নিক্ষিপ্ত করা বা হওয়া; ছড়ানো বা ছড়িয়ে পড়া; ইতস্তত নিক্ষেপ করা; প্রসারিত করা বা হওয়া; বিস্তৃত করা বা হওয়া;

বিকীর্ণ করা বা হওয়া; ছিটিয়ে দেওয়া বা পড়া। *aor* ৱিকিরি। *prp* ৱিকিরন্ত, ৱিকিরমান। *abs* ৱিকিরিত্বা।

**ৱিকিরিযতি**—('ৱিকিরতি'র *pass*) খণ্ড-বিখণ্ড হয়ে পড়া।

**ৱিকুণিত**—মুচড়িয়ে বা বাঁকিয়ে সরিয়ে আনীত; বিকৃত কৃত; মিথ্যা বর্ণিত; আকৃতি-বিকৃত।

**ৱিকুব্বতি**—(ৱি+কর্+ও; 'করো' পরিবর্তিত হয়ে কুব্ব) রূপান্তর করা; অলৌকিক ঘটনা সম্পাদনা করা; বিস্ময়কর ব্যাপার কার্যে পরিণত করা বা কার্যকর করা। *aor* **ৱিকুব্বি**। *pp* **ৱিকুব্বিত**।

**ৱিকুব্বন**—অলৌকিক রূপান্তর; অতি বিস্ময়কর পরিবর্তন।

**ৱিকূজতি**—(ৱি+কূজ্+অ) কিচিরমিচির করা; কিচিরমিচির করে কিছু বলা; কম্পিত কণ্ঠে বা মধুর স্বরে গান গাওয়া; পাখির ন্যায় মধুর সুরে গাওয়া; ঘুঘুধ্বনি করা; গান করা; গান গাওয়া। *aor* **ৱিকূজি**। *pp* **ৱিকূজিত**।

**ৱিকূজন**—ঘুঘুধ্বনি।

**ৱিকূল**—নিম্ন-ক্রমাবনত।

**ৱিকোপন**—উল্টিয়ে ফেলন; উল্টিয়ে পড়ন; অন্যায়-করণ; ক্ষতিসাধন; আঘাত হানন।

**ৱিকোপেতি**—(ৱি+কুপ্+এ) উল্টিয়ে ফেলা; উল্টিয়ে পড়া; অন্যায় করা; ক্ষতি করা; আঘাত করা; বিনাশ করা। *aor* **ৱিকোপেসি**। *pp* **ৱিকোপিত**। *abs* ৱিকোপেত্বা। *prp* **ৱিকোপেন্ত**।

**ৱিক্কন্ত**—বীরত্ব; সাহস; শৌর্য।

**ৱিক্কন্দতি**—(ৱি+কন্দ্+অ) ক্রন্দন করা; উচ্চৈঃস্বরে বিলাপ করা বা কাঁদা; আর্তনাদ করা; চিৎকার করা; চেঁচিয়ে বলা; বিকট শব্দ করা।

**ৱিক্কম**—বিক্রম; শক্তি; বীরত্ব; সাহস; শৌর্য; পরাক্রম; পদক্ষেপণপূর্বক সম্পাদন।

**ৱিক্কমতি**—(ৱি+কম্+অ) নিজের ক্ষমতাদি কাজে লাগানো; নিজের ক্ষমতাদি জাহির করা; পদক্ষেপ সহকারে সম্মুখে যাওয়া; পদক্ষেপ সহকারে অবরোহণ করা। *aor* **ৱিকমি**।

**ৱিক্কমন**—প্রচেষ্টা; প্রয়াস; বিক্রমণ; পদক্ষেপণ।

**ৱিক্কয**—বিক্রয়; বিক্রি; বেচা।

**ৱিক্কযিক, ৱিক্কেতু**—বিক্রয়কারী; বিক্রেতা।

**ৱিক্কাযিক**—যা বিক্রি করণীয়; বিক্রয় করা হবে এমন। **ৱিক্কাযিকভণ্ড**—পণ্যদ্রব্য; ব্যবসায়।

**ৱিক্কিণাতি**—(ৱি+কি+ণা) বিক্রি করা। *aor* **ৱিক্কিণি**। *pp* **ৱিক্কিণিত, ৱিক্কীত**। *prp* **ৱিক্কিণন্ত**। *abs* **ৱিক্কিণিত্বা**। *inf* ৱিক্কিণিতুং।

**ৱিক্খম্ভ**—ব্যাস; ব্যাসরেখা।

**ৱিক্খম্ভন**—গতিরোধ; বাধা; গ্রেপ্তার; দূরকরণ; বাদ দেওন; নিষ্কাশন; প্রত্যাখ্যান; দমন।

**ৱিক্খম্ভেতি**—(ৱি+খম্ভ্+এ) দমন করা; প্রত্যাখ্যান করা; বিজড়িত অবস্থা হতে মুক্ত করা। *aor* ৱিক্খম্ভেসি। *pp* **ৱিক্খম্ভিত**। *prp* **ৱিক্খম্ভেন্ত**। *abs* **ৱিক্খম্ভেত্বা**।

**ৱিক্খালেতি**—(ৱি+খাল্+এ) ধৌত করা বা প্রক্ষালন করা বা কাচা; জল দিয়ে আলতোভাবে মুখ ধোয়া।

**ৱিক্খিত্ত**—('ৱিক্খিপতি'র *pp*) বিক্ষিপ্ত; বিপর্যস্ত; বিহ্বল; জটিল; বিকীর্ণ; ছড়ানো। **ৱিক্খিত্ত চিত্ত**—বিক্ষিপ্ত বা বিহ্বল মন; হতবুদ্ধি মন।

**ৱিক্খিত্তক**—চতুর্দিকে ছড়ানো; শবদেহের ন্যায় বিক্ষিপ্ত।

**ৱিক্খিপতি**—(ৱি+খিপ্+অ) বিশৃঙ্খল করা; নষ্ট করা; বাধা দেওয়া; বিভ্রান্ত করা। *aor* **ৱিক্খিপি**। *prp* **ৱিক্খিপন্ত**। *abs* **ৱিক্খিপিত্বা**।

**ৱিক্খিপন, ৱিক্খেপ**—বিশৃঙ্খলা; বাধাদান; বিভ্রান্তি; মস্তিষ্ক বিকৃতি; উন্মত্ততা।

**ৱিক্খেপক**—বিশৃঙ্খলাকারী; বিভ্রান্তিকারী।

**ৱিক্খোভন**—আলোড়ন; চাঞ্চল্য; অস্থিরতা।

**ৱিক্খোভেতি**—(ৱি+খুভ্+এ) আন্দোলিত হওয়া বা করানো; নড়া বা নড়ানো; সম্পূর্ণ বিশৃঙ্খল করা; পুরাদস্তুর বিভ্রান্ত করা। *aor* **ৱিক্খোভেসি**। *pp* **ৱিক্খোভিত**। *abs* **ৱিক্খোভেত্বা**।

**ৱিগচ্ছতি**—(ৱি+গম্+অ) প্রস্থান করা; রওনা হওয়া; যাত্রা শুরু করা; অদৃশ্য হওয়া। *aor* **ৱিগচ্ছি**। *prp* **ৱিগচ্ছন্ত, ৱিগচ্ছমান**।

**ৱিগত**—('ৱিগচ্ছতি'র *pp*) প্রস্থিত; নিবৃত্ত; ক্ষান্ত; বিরহিত; বঞ্চিত; বিয়োগব্যথা পীড়িত; অবিদ্যমান হয়ে। **ৱিগতখিল**—চর্মের কাঠিন্য; কড়া। **ৱিগত রজ**—মলিনতাহীন; অবিকৃত; নোংরাশূন্য; অদূষিত। **ৱিগত-আস**--বিগত-আশ; আকাঙ্ক্ষামুক্ত। **ৱিগত-আসৱ**—আসবমুক্ত; নৈতিক বিচ্যুতি মুক্ত; পবিত্র ব্যক্তি; সাধু; সাধুসন্ত।

**ৱিগম, ৱিগমন**—প্রস্থান; মৃত্যু; অন্তর্ধান।

**ৱিগয্হ**—('ৱিগাহতি হতে' *abs*) প্রবেশ ক'রে; ঝাঁপ দিয়ে।

**ৱিগরহতি**—(ৱি+গরহ্+অ) প্রচণ্ডভাবে তিরস্কার

করা; চরমভাবে ভর্ৎসনা করা; অপব্যবহার করা; গালাগালি দেওয়া। *aor* **ৱিগরহি**। *abs* **ৱিগরহিত্বা**।
**ৱিগলিত**—('ৱিগলতি'র *pp*) অসন্তুষ্ট; স্খলিত; ক্ষরিত; গলে গিয়েছে এমন।
**ৱিগাহতি**—(ৱি+গাহ্+অ) প্রবেশ করা; ঝাঁপ দেওয়া। *aor* **ৱিগাহি**। *pp* **ৱিগাল্হ**। *prp* **ৱিগাহমান**। *abs* **ৱিগাহিত্বা, ৱিগাহেত্বা**। *inf* **ৱিগাহিতুং**।
**ৱিগাহন**—ঝাঁপ দেওন; প্রবেশ করণ; ডুব দেওন।
**ৱিগ্গয্হ**—('ৱিগ্গংহাতি' হতে *abs*) কলহ ক'রে; বিশ্লেষণ ক'রে।
**ৱিগ্গহ**—বিগ্রহ; বিতর্ক; বাদানুবাদ; কলহ; ঝগড়া; দেহ; যে বাক্যের দ্বারা সমাসবদ্ধ পদকে বিশ্লেষণ করা হয়—ব্যাসবাক্য।
**ৱিগ্গাহিককথা**—ঝগড়াটে বাক্য।
**ৱিঘট্টন**—ধাক্কা দিয়ে শব্দকরণ; কড়া নেড়ে শব্দকরণ।
**ৱিঘাটন**—ফাঁক; ফাটল; ছিদ্র; ফাঁকা জায়গা; আরম্ভ; সূত্রপাত; বন্ধন-মোচন।
**ৱিঘাটেতি**—(ৱি+ঘট্+এ) বন্ধন মোচন করা; বন্ধন খোলা; ভেঙে খুলে ফেলা; চূর্ণ-বিচূর্ণ করা; দল ভেঙে দেওয়া; খোলা। *aor* **ৱিঘাটেসি**। *pp* **ৱিঘাটিত**। *prp* **ৱিঘাটেন্ত**। *abs* **ৱিঘাটেত্বা**।
**ৱিঘাত**—ধ্বংস; বিনাশ; বিলয়; দুঃখ; দুর্দশা; গোলমাল; হয়রানি; জ্বালাতনকর বিষয় বা বস্তু; বিরক্তি; উৎপাত।
**ৱিঘাতেতি**—(ৱি+হন্+এ) হত্যা করা; বধ করা; নাশ করা; ক্ষতি করা। *aor* **ৱিঘাতেসি**। *pp* **ৱিঘাতিত**। *abs* **ৱিঘাতেত্বা**।
**ৱিঘাস**—খাদ্যাবশেষ; খাদ্যের অবশিষ্ট অংশ বা পরিমাণ; পাতে ফেলে যাওয়া খাদ্যকণা। **ৱিঘাসাদ**—খাদ্যাবশেষ বা ভুক্তাবশিষ্ট ভোজন করে এমন; উচ্ছিষ্টভোজী।
**ৱিচক্খণ**—বিচক্ষণ; দক্ষ; জ্ঞানী; জ্ঞানী ব্যক্তি।
**ৱিচয**—বিচার; তদন্ত; অনুসন্ধান।
**ৱিচরণ**—ভ্রমণ; গমণ; ইতস্তত ভ্রমণ।
**ৱিচরতি**—(ৱি+চর্+অ) ইতস্তত ভ্রমণ করা; বিচরণ করা; উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো। *aor* **ৱিচরি**। *pp* **ৱিচরিত**। *prp* **ৱিচরন্ত, ৱিচরমান**। *abs* **ৱিচরিত্বা**। *inf* **ৱিচরিতুং**।
**ৱিচার, ৱিচারণ, ৱিচরণা**—অনুসন্ধান; তদন্ত; কার্যনির্বাহ; পরিকল্পনাকরণ।
**ৱিচারক**—যিনি তদন্ত করেন; যিনি অনুসন্ধান করেন; যিনি কার্যনির্বাহ করেন; ব্যবস্থাপক।
**ৱিচারণ, ৱিচারণা**—১ তদন্ত; অনুসন্ধান। ২ ব্যবস্থাপনা।
**ৱিচারেতি**—(ৱি+চর্+এ) অবকাশমতো পুনরায় ভেবে দেখা; কার্যনির্বাহ করা; পরিকল্পনা করা; পূর্বাহ্ণে বন্দোবস্ত করা; শাসন করা। *aor* **ৱিচারেসি**। *pp* **ৱিচারিত**। *prp* **ৱিচারেন্ত**। *abs* **ৱিচারেত্বা**।
**ৱিচিকচ্ছতি**—(ৱি+কিত্+ছ; প্রথম 'কি' পরিবর্তিত হয়ে 'চি'তে পরিণত হয়) সন্দেহ করা; ইতস্তত করা; কিংকর্তব্যবিমূঢ় করা। *aor* **ৱিচিকিচ্ছি**। *pp* **ৱিচিকিচ্ছিত**।
**ৱিচিকিচ্ছা**—সন্দেহ; অনিশ্চিয়তা।
**ৱিচিণ্ন**—('বিচিনাতি'র *pp*)।
**ৱিচিত**—('ৱিচিনাতি'র *pp*)।
**ৱিচিত্ত**—বিচিত্র; বিভিন্ন রঙের ছোপ দেওয়া হয়েছে এমন; কর্বুরিত; কর্বুর; অলঙ্কৃত; সজ্জিত।
**ৱিচিনন**—পার্থক্যবিচার; নির্বাচন; মনোনয়ন।
**ৱিচিনাতি**—(ৱি+চি+না) বিবেচনা করা; পার্থক্য বিচার করা; বাছাই করা; নির্বাচন বা মনোনয়ন করা; সংগ্রহ করা। *aor* **ৱিচিনি**। *pp* **ৱিচিত**। *prp* **ৱিচিনন্ত**। *abs* **ৱিচিনিত্বা**।
**ৱিচিন্তিয**—('ৱিচিন্তেতি'র *abs*) বিবেচনা ক'রে; পার্থক্য বিচার ক'রে।
**ৱিচিন্তেতি**—(ৱি+চিত্+এ) অবকাশমতো পুনরায় ভেবে দেখা বা বিবেচনা করা; মনোযোগের সহিত ভাবা। *aor* **ৱিচিনেসি**। *pp* **ৱিচিন্তিত**। *prp* **ৱিচিন্তেত**। *abs* **ৱিচিন্তেত্বা**।
**ৱিচুণ্ণ**—বিচূর্ণ; চাপের ফলে ভগ্ন বা লাট; চূর্ণীকৃত; ভেঙে টুকরো টুকরো।
**ৱিচুণ্ণেতি**—(ৱি+চুণ্ণ্+এ) বিচূর্ণ করা; চাপের ফলে ভগ্ন বা লাট করা; চূর্ণ করা; ভেঙে টুকরো টুকরো করা। *aor* **ৱিচুণ্ণেসি**। *pp* **ৱিচুণ্ণিত**। *abs* **ৱিচুণ্ণেত্বা**।
**ৱিচ্ছিক**—বৃশ্চিক; বিছা।
**ৱিচ্ছিদ্দক**—বিচ্ছিদ্রক; ছিদ্রপূর্ণ; সবত্র-বিদ্ধ; সর্বাঙ্গে-ছিদ্র।
**ৱিচ্ছিন্দতি**—(ৱি+ছিদ্+ং-অ) বিচ্ছিন্ন করা; সংযোগ ছিন্ন করা; ছিন্ন বা বিভক্ত করা; ঘটতে না দেওয়া। *aor* **ৱিচ্ছিন্দি**। *prp* **ৱিচ্ছিদন্ত, ৱিচ্ছিদমান**। *abs* **ৱিচ্ছিন্দিত্বা**।
**ৱিচ্ছিন্ন**—('ৱিচ্ছিন্দতি'র *pp*) সংযোগ-ছিন্ন; ছিন্ন বা বিভক্ত।
**ৱিচ্ছেদ**—মধ্যপথে বাধাদান; ধারাবাহিকতা ভাঙ্গন; সংযোগ কর্তন।
**ৱিজটং**—বিজড়িত অবস্থা বা বিশৃঙ্খলা হতে মুক্তকরণ; পাক বা জট খোলা।
**ৱিজটেতি**—(ৱি+জট্+এ) পাক খোলা; স্পষ্ট করা;

সমাধান করা; তন্ন তন্ন করে খুঁজে পাকড়ানো বা বাদ দেওয়া; বিজড়িত অবস্থা বা বিশৃঙ্খলা হতে মুক্ত করা; পাক বা জট খোলা। *aor* **ৱিজটেসি**। *pp* **ৱিজটিত**। *abs* **ৱিজটেত্বা**।

**ৱিজন**—জনহীন। **ৱিজন-ৱাত**—জনহীন পরিবেশ লাভ।

**ৱিজম্ভতি**—(ৱি+জম্ভ্+অ) বিক্ষুব্ধ বা চঞ্চল হওয়া; সক্রিয়ভাবে প্রদর্শন করা বা জাহির করা; হাই তোলা; হাই তুলে বলা; জৃম্ভণ। *aor* **ৱিজম্ভি**। *abs* **ৱিজম্ভিত্বা**।

**ৱিজম্ভনা**—জাগরিত করণ; জাগানো; সক্রিয়তা; কর্মতৎপরতা; ক্রিয়াকলাপ।

**ৱিজম্ভিকা**—হাই তোলা; জৃম্ভণ; তন্দ্রাচ্ছন্নভাব; জড়তা।

**ৱিজয**—বিজয়; জয়; বিজয়োল্লাস; জয়োৎসব।

**ৱিজযতি**—(ৱি+জি+অ) জয় করা; সাড়ম্বরে বিজয়োৎসব করা; সাফল্য অর্জন করা। *aor* **ৱিজযি**।

**ৱিজহতি**—(ৱি+হা+অ; 'হা' দ্বিত্ব হয় এবং প্রথম 'হা' পরিবর্তিত হয়ে 'জ' হয়) ছেড়ে দেওয়া; ক্ষান্তি দেওয়া; পরিত্যাগ করে যাওয়া; সমর্পণ করা; ফেলে যাওয়া। *aor* **ৱিজহি**। *prp* **ৱিজহন্ত**। *abs* **ৱিজহিত্বা**; **ৱিহায**। *ptp* **ৱিজহিতব্ব**।

**ৱিজহন**—সমর্পণ; পরিত্যাগ করে গমন; ছেড়ে দেওন।

**ৱিজহিত**—('ৱিজহতি'র *pp*) পরিত্যক্ত; সমর্পিত।

**ৱিজাত**—('ৱিজাযতি'র *pp*)।

**ৱিজাতা**—যে স্ত্রীলোক শিশুর জন্ম দিয়েছে।

**ৱিজাতিক**—ভিন্ন জাতির; বহিরাগত; বিদেশীয়।

**ৱিজানন**—জ্ঞান; শিক্ষা; বিদ্যা; অভিজ্ঞতা; স্মারক; নিদর্শন।

**ৱিজানাতি**—(ৱি+ঞা+না; 'ঞা' পরিবর্তিত হয়ে 'জা' হয়) বুঝতে পারা; অনুধাবন করা; চিনতে পারা। *aor* **ৱিজানি**। *pp* **ৱিঞ্ঞাত**। *prp* **ৱিজানন্ত**। *ptp* **ৱিজানিতব্ব**। *abs* **ৱিজানিত্বা**, **ৱিজানিয**। *inf* **ৱিজানিতুং**।

**ৱিজাযতি**—(ৱি+জান্+য) প্রসব করা; উৎপাদন করা; জন্ম দেওয়া। *aor* **ৱিজাযি**। *abs* **ৱিজাযিত্বা**।

**ৱিজাযন**—প্রসব; উৎপাদন; জন্মদান।

**ৱিজাযন্তী**, **ৱিজাযমানা**—যে স্ত্রীলোক শিশু প্রসব করেছে।

**ৱিজাযিনী**—শিশু গর্ভে ধারণ করতে সমর্থ এমন।

**ৱিজিত**—('ৱিজিনাতি'র *pp*) জয় করা হয়েছে এমন; অধিকৃত হয়েছে এরূপ; রাজ্য। **ৱিজিত-সঙ্গাম**—বিজিত-সংগ্রাম; জয়ী; বিজয়ী; যার দ্বারা যুদ্ধ জয় করা হয়েছে এরূপ।

**ৱিজিনাতি**—'জিনাতি' দেখুন।

**ৱিজিতাৱী**—জয়ী; বিজয়ী।

**ৱিজ্জতি**—(ৱিদ্+য) বিদ্যমান থাকা; অস্তিমান থাকা; দৃশ্যমান থাকা। *prp* **ৱিজ্জন্ত**, **ৱিজ্জমান**।

**ৱিজ্জন্তরিকা**—বিদ্যুতের অন্তর বা বিদ্যুতের মধ্যবর্তী সময়।

**ৱিজ্জা**—বিদ্যা; উচ্চতর জ্ঞান; বিজ্ঞান। **ৱিজ্জাচরণ**—বিশিষ্ট জ্ঞান ও গুণ বা আচরণ। **ৱিজ্জাট্ঠান**—অধ্যয়নের বা শিক্ষার বিষয় : কলা ও বিজ্ঞান। **ৱিজ্জাধর**—বিদ্যাধর; জাদু, মায়া ইত্যাদি বিষয়ে জ্ঞানী; মায়াবী; জাদুকর। **ৱিজ্জা-ৱিমুত্তি**—বিদ্যাবিমুক্তি; জ্ঞানের বলে বন্ধন-মুক্তি।

**ৱিজ্জু**, **ৱিজ্জুতা**, **ৱিজ্জুল্লতা**—বিদ্যুৎ; বিদ্যুল্লতা; বিদ্যুৎরেখা।

**ৱিজ্জোততি**—(ৱি+জুত্+অ) আলো দেওয়া; আলো বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া। *aor* **ৱিজ্জোতি**। *pp* **ৱিজ্জোতিত**। *prp* **ৱিজ্জোতমান**।

**ৱিজ্ঝতি**—(ৱিধ্+য) বিদ্ধ করা; অস্ত্রাদি ছোড়া; অস্ত্রাদি ছুড়ে নিহত করা; বন্দুক দিয়ে শিকার করা; ছিদ্র করা। *aor* **ৱিজ্ঝি**। *pp* **ৱিদ্ধ**। *prp* **ৱিজ্ঝন্ত**, **ৱিজ্ঝমান**। *abs* **ৱিজ্ঝিত্বা**, **ৱিজ্ঝিয**।

**ৱিজ্ঝন**—বিঁধন; বিদ্ধকরণ; অস্ত্রাদি ছোড়ন; অস্ত্রাদি ছুড়ে নিহত করণ; বন্দুক দিয়ে শিকার করণ; ছিদ্রকরণ।

**ৱিজ্ঝাযতি**—(ৱি+ঝে+অ) নিভে যাওয়া; প্রশমিত হওয়া; লুপ্ত হওয়া। *aor* **ৱিজ্ঝাযি**।

**ৱিজ্ঝাপেতি**—(ৱি+ঝে+আপে) আগুন নিভিয়ে ফেলা। *pp* **ৱিজ্ঝাপিত**।

**ৱিঞ্ঞত্ত**, **ৱিঞ্ঞাপিত**—বিজ্ঞপ্ত; জানানো হয়েছে এমন; নির্দেশিত হয়েছে এমন।

**ৱিঞ্ঞত্তি**—বিজ্ঞপ্তি; নির্দেশ; আদেশ।

**ৱিঞ্ঞাণ**—বিজ্ঞান; প্রাণসঞ্চার; সঞ্জীবন; উদ্দীপনা; সচেতনতা। **ৱিঞ্ঞাণক**—প্রাণধারণের নীতি-সমৃদ্ধ। **ৱিঞ্ঞাণক্খন্ধ**—বিজ্ঞানস্কন্ধ; জীবনের বা প্রাণের কর্মশক্তি রাশি। **ৱিঞ্ঞাণট্ঠিতি**—বিজ্ঞানস্থিতি; সচেতন প্রাণীর নাট্যাকর্মস্থল; অকুস্থল; সোপান দৃশ্যস্থল। **ৱিঞ্ঞাণ-ধাতু**—মন বা চিত্ত উপাদান।

**ৱিঞ্ঞাত**—('ৱিজানাতি'র *pp*) বিজ্ঞান; যা অবগত; মনে মনে উপলব্ধ; জ্ঞাত।

**ৱিঞ্ঞাতব্ব**—('ৱিজানাতি'র *ptp*) বিজ্ঞাতব্য; যা জ্ঞাত হওয়া উচিত।

**ৱিঞ্‌ঞাতু**—বিজ্ঞ; উপলব্ধিকারী; বোঝে এমন।
**ৱিঞ্‌ঞাপক**—বিজ্ঞাপক; শিক্ষাদানে দক্ষ।
**ৱিঞ্‌ঞাপন**—বিজ্ঞাপন; তথ্য; সংবাদ; ভূমিকা; উপস্থাপন।
**ৱিঞ্‌ঞাপয**—শিক্ষাদান-অভিগম্য।
**ৱিঞ্‌ঞাপেতি**—(ৱি+ঞা+আপে) জ্ঞাপন করা; বলা; শেখানো; জানানো; আভাস দেওয়া; ঘোষণা করা। *aor* ৱিঞ্‌ঞাপেসি। *pp* ৱিঞ্‌ঞাপিত। *abs* ৱিঞ্‌ঞাপেত্বা। *prp* ৱিঞ্‌ঞাপেন্ত।
**ৱিঞ্‌ঞাপেতু**—শিক্ষক; যে জ্ঞাপন করে বা জানায় বা আভাস দেয় বা ঘোষণা করে।
**ৱিঞ্‌ঞায**—('ৱিজানাতি'র *abs*) জানতে পেরে; অবগত হয়ে; বুঝে।
**ৱিঞ্‌ঞাযতি**—('ৱিজানাতি'র *pass*) জ্ঞাত হওয়া; অবগত হওয়া। *aor* ৱিঞ্‌ঞাযি।
**ৱিঞ্‌ঞূ**—বিজ্ঞ; জ্ঞানী; জ্ঞানীলোক। **ৱিঞ্‌ঞুতা**—বিচারবুদ্ধিসম্পন্নতা; বিচক্ষণতা; সতর্কতা; স্বেচ্ছামতো কাজ করার স্বাধীনতা; বয়ঃসন্ধি; যৌবনারম্ভ। **ৱিঞ্‌ঞূ-উপসত্থ**—জ্ঞানীদের উচ্চ-প্রশংসিত।
**ৱিঞ্‌ঞেয্য**—ইন্দ্রিয় দ্বারা প্রত্যক্ষ করণীয়; উপলব্ধি করণীয়; বোধ্য; দর্শনীয়।
**ৱিটঙ্ক**—ঘুঘুর বাসা; পায়রার খোপ; কড়িকাঠের শেষপ্রান্ত উদ্ভাবন করার প্রণালি।
**ৱিটপ**—শাখা; ডাল; বৃক্ষের কাঁটা; শাখা হতে নিচের দিকে নেমে আসা শিকড়; বৃক্ষাদির ঝুরি বা জটা।
**ৱিটপী**—বৃক্ষ।
**ৱিতক্ক**—বিতর্ক; মানসিক চেতনা; গভীর চিন্তাপ্রসূত ফল; নিন্দা বা তিরস্কার; চিন্তা। **ৱিতক্কন**—গভীর চিন্তা বা ধ্যান।
**ৱিতক্কেতি**—(ৱি+তক্+এ) প্রতিফলিত করা; মনোযোগের সহিত ভাবা; বিবেচনা করা। *aor* ৱিতক্কেসি। *pp* ৱিতক্কিত। *prp* ৱিতক্কেন্ত। *abs* ৱিতক্কেত্বা।
**ৱিতচ্ছিকা**—চুলকানি; খোস।
**ৱিতচ্ছেতি**—(ৱি+তচ্ছ্+এ) খোসা; ছাল বা আবরণ ছাড়ানো; মসৃণ বা সমতল করা অথবা হওয়া; ইস্ত্রি করা বা হওয়া। *aor* ৱিতচ্ছেসি। *pp* ৱিতচ্ছিত।
**ৱিতণ্ডবাদ**—কুতর্ক। **ৱিতণ্ডবাদী**—কুতর্কী।
**ৱিতত**—('ৱিতনোতি'র *pp*) বিস্তৃত; প্রসারিত; বাড়ানো; পরিব্যাপ্ত; বিকীর্ণ।
**ৱিতথ**—মিথ্যা; অসত্য; অসত্যতা।
**ৱিতনোতি**—(ৱি+তন্+ও) বিস্তৃত করা; প্রসারিত করা; বাড়ানো। *aor* ৱিতনি।
**ৱিতরণ**—বিভাজন; বণ্টন; পরিবেশন; অতিক্রমণ; সমাপন; সম্পাদন।
**ৱিতরতি**—(ৱি+তর্+অ) সম্পাদন করা; বিতরণ করা; বিভাজন করা; বণ্টন করা; অপসারণ করা। *aor* ৱিতরি। *pp* ৱিতরিত; ৱিতিণ্ণ।
**ৱিতান**—চন্দ্রাতপ; চাঁদোয়া; শামিয়ানা।
**ৱিতিণ্ণ**—'ৱিতরতি'র অন্তর্গত' দেখুন।
**ৱিতুদতি**—(ৱি+তুদ্+অ) কনুই দ্বারা গুঁতা দেওয়া; খোঁচা দেওয়া; সুচালো কিছু দিয়ে ঈষৎ বিদ্ধ করা। *aor* ৱিতুদি। *abs* ৱিতুদিত্বা।
**ৱিতুদন**—খোঁচা; সুচালো কিছু দিয়ে ঈষৎ বিদ্ধকরণ।
**ৱিতুন্ন**—('ৱিতুদতি'র *pp*)।
**ৱিত্ত**—সম্পত্তি; ধন।
**ৱিত্তি**—পরমানন্দ; উল্লাস; তৃপ্তি; সুখ।
**ৱিত্থ**—স্পিরিট পান করার বৃহৎ পানপাত্র।
**ৱিত্থত**—('ৱিত্থরতি'র *pp*) প্রসারিত; বিস্তৃত; বাড়ানো; বিস্তীর্ণ; চওড়া; ছড়ানো।
**ৱিত্থম্ভন**—বিস্তারণ; বিস্তার; সম্প্রসারণ; স্ফীত হওন বা করণ; ছেয়ে ফেলন।
**ৱিত্থম্ভেতি**—(ৱি+থম্ভ্+এ) বিস্তার করা; সম্প্রসারণ করা; ছেয়ে ফেলা; বাতাস বা বাষ্প ঢুকিয়ে স্ফীত করা; ফোলানো; গর্বিত করা।
**ৱিত্থার**—বিস্তার; পুঙ্খানুপুঙ্খ বর্ণনা; প্রস্থ; প্রসার। **ৱিত্থারকথা**—টীকা; মন্তব্য। **ৱিত্থারতো**—বিস্তারিতভাবে; পুঙ্খানুপুঙ্খরূপে। **ৱিত্থারিক**—বহু বিস্তৃত।
**ৱিত্থারেতি**—(ৱি+থর্+এ) অধিকতর ব্যাপকভাবে প্রসারিত করা বা হওয়া; বিস্তৃত করা বা হওয়া; সবদিকে ছড়িয়ে দেওয়া বা ছড়িয়ে পড়া; বিকীর্ণ করা। *aor* ৱিত্থারেসি। *pp* ৱিত্থারিত। *prp* ৱিত্থারেন্ত। *abs* ৱিত্থারেত্বা। *pass* ৱিত্থারীযতি।
**ৱিত্থিণ্ণ**—'ৱিত্থত' দেখুন।
**ৱিদত্থি**—বিঘত; $^1/_2$ হাত; ৯ ইঞ্চি।
**ৱিদহতি**—(ৱি+ধা+অ) সুবিন্যস্ত করা; সাজানো; স্থির করা; নির্দিষ্ট করা; পরিচালনা করা; নিয়ন্ত্রণ করা; সক্রিয় করা; সক্রিয় করানো; খাটানো। *aor* ৱিদহি। *pp* ৱিহিত, ৱিদহিত। *abs* ৱিদহিত্বা।
**ৱিদারণ**—বিদীর্ণ করণ; ভেদন; ছিঁড়ে ফেলন; ফেঁড়ে ফেলন; চিরে ফেলন; টুকরা টুকরা করে ভেঙে ফেলন; বিভক্ত করণ।
**ৱিদারেতি**—(ৱি+দর্+এ) টুকরা টুকরা করে ভেঙে ফেলা; বিদীর্ণ করা; ফেঁড়ে ফেলা; চিরে ফেলা। *aor* ৱিদারেসি। *pp* ৱিদারিত। *prp* ৱিদারেন্ত। *abs*

দিৱারেত্বা।

**ৱিদালন**—ফালিকরণ; বিস্ফোরণ।

**ৱিদালিত**—('ৱিদালেতি'র *pp*) বিদীর্ণ; বিস্ফারিত; বিভক্ত।

**ৱিদালেতি**—'বিদারেতি' দেখুন।

**ৱিদিত**—('ৱিদ্' ধাতু হতে *pp*) জ্ঞাত; জানা গিয়েছে এমন; জেনেছে এমন। **ৱিদিতত্ত**—জ্ঞাত হবার তথ্য।

**ৱিদিসা**—বিদিশা; দিগ্‌দর্শন যন্ত্রের মধ্য বিন্দু বা মাধ্যমিক বিন্দু।

**ৱিদুগ্‌গ**—দুর্গম্য; দুরতিক্রম্য; যে নগরদুর্গে অভিগমন বা প্রবেশ শক্ত।

**ৱিদূ**—পণ্ডিত; বিজ্ঞ; জ্ঞানগর্ভ; অভিজ্ঞ; বিচক্ষণ; জ্ঞানী; সুদক্ষ; জ্ঞানবান ব্যক্তি।

**ৱিদূর**—বহু দূরবর্তী; যথেষ্ট ব্যবধানবিশিষ্ট; অতি পরোক্ষ; ব্যবধানবিশিষ্ট; সম্পর্কহীন।

**ৱিদূসিত**—('ৱিদূসেতি'র *pp*) দূষিত; বিকৃত; পচা; কলুষিত; নৈতিক চরিত্র কলুষিত।

**ৱিদূসেতি**—'দূসেতি' দেখুন।

**ৱিদেস**—বিদেশ; ভিন্নরাজ্য। **ৱিদেসিক, ৱিদেসী**—বিদেশি; বিদেশি লোক।

**ৱিদ্দসু**—জ্ঞানী ব্যক্তি; বিদ্বজ্জন; বিদ্বান।

**ৱিদ্দেস**—বিদ্বেষ; শত্রুতা।

**ৱিদ্ধ**—('ৱিজ্ঝতি'র *pp*) বেঁধা; ছিদ্রিত; উৎকীর্ণ।

**ৱিদ্ধংসক**—বিধ্বংসকারী; বিধ্বংসী; ধ্বংস-আনয়নকারী। **ৱিদ্ধংসেন**—বিনাশ; বিলোপ; ধ্বংস; বিধ্বংস।

**ৱিদ্ধংসেতি**—(ৱি+ধংস্+এ) বিধ্বংস করা; ধ্বংস করা; বিনাশ করা; বিলোপ করা। *aor* **ৱিদ্ধংসেসি**। *pp* **ৱিদ্ধংসিত, ৱিদ্ধংসত**। *abs* **ৱিদ্ধংসেত্বা**। *prp* **ৱিদ্ধংসেন্ত**।

**ৱিধ**—প্রকার; রকম; ছিদ্র। **নানাৱিধ**—নানাপ্রকার; নানারকম; বিভিন্ন; বিবিধ।

**ৱিধমক**—যে সর্বনাশ করে; যে বিনাস করে; বিনাশক; বিনাশকারী।

**ৱিধমতি**—(ৱি+ধম্+এ) সর্বনাশ করা; বিনাশ করা; ধ্বংস করা; (গোলাগুলি তীর প্রভৃতি) নিক্ষেপ করা। *aor* **ৱিধমি**। *pp* **ৱিধমিত**। *abs* **ৱিধমিত্বা**।

**ৱিধমন**—সর্বনাশ; ধ্বংস; বিনাশ; বিলয়; ধ্বংসের কারণ।

**ৱিধমেতি**—(ৱি+ধম্+এ) 'বিধমতি'র ন্যায়।

**ৱিধৱা**—পতিহীনা।

**ৱিধা**—অতিশয় আত্মগর্ব; উদ্ভট ধারণা; বুদ্ধি; আত্মাভিমান; অহঙ্কার; গর্ব।

**ৱিধাতু**—সৃষ্টিকর্তা।

**ৱিধান**—সুবিন্যাস; সজ্জা; হুকুম; কর্তৃত্ব; নিয়ন্ত্রণ; শাসন; সম্পাদন; অনুষ্ঠান; প্রক্রিয়া; প্রণালি।

**ৱিধাযক**—যে সুবিন্যস্ত করে; যে সাজায়; যে নিয়ন্ত্রণ করে; যে কার্যনির্বাহ করে; যে পরিচালনা করে।

**ৱিধাৱতি**—(ৱি+ধাৱ্+অ) ইতস্তত ছোটাছুটি করা; বিভিন্ন দিকে ছোটা; উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো অথবা পরিক্রমণ করা। *aor* **ৱিধাৱি**। *abs* **ৱিধাৱেত্বা**।

**ৱিধাৱন**—ইতস্তত ছোটাছুটি; বিভিন্ন দিকে ছোটন।

**ৱিধি**—বিধান; নিয়ম; উপায়; অদৃষ্ট; নিয়তি; ভাগ্য; আকৃতি; গঠন। **ৱিধিনা**—যথোচিত প্রণালি বা ধরন।

**ৱিধুনাতি**—(ৱি+ধু+না) উপরে নিচে বা এদিকে ওদিকে দ্রুত ঝাঁকানি দেওয়া; আন্দোলিত হওয়া বা করানো; নড়া বা নড়ানো; অপসারণ করা; স্থানচ্যুত করা। *aor* **ৱিধুনি**। *pp* **ৱিধূত, ৱিধুনিত**। *abs* **ৱিধুনিত্বা**।

**ৱিধূত**—('ৱিধুনাতি'র *pp*)।

**ৱিধূপন**—কুলা; পাখা; পাখার বাতাস করণ; খাদ্যাদির রুচিকর সুগন্ধ করণ; রুচিকর সুগন্ধ দান করণ; ধোঁয়া বা বাষ্প দেওন।

**ৱিধূপেতি**—(ৱি+ধূপ্+এ) খাদ্যাদির রুচিকর সুগন্ধ করা; রুচিকর সুগন্ধ দান করা; ধোঁয়া বা বাষ্প দেওয়া; পাখার বাতাস করা; ইতস্তত গোলাগুলি তীর প্রভৃতি নিক্ষেপ করা। *aor* **ৱিধূপেসি**। *pp* **ৱিধূপিত**। *prp* **ৱিধূপেন্ত**। *abs* **ৱিধূপেত্বা**।

**ৱিধূম**—ধোঁয়াহীন; নির্ধূম; আবেগশূন্য; নিরাবেগ।

**ৱিধেয্য**—বিধিসম্মত; উচিত; যুক্তিসঙ্গত; কর্তব্য; বাধ্য; অজ্ঞানুবর্তী।

**ৱিনট্‌ঠ**—('ৱনস্‌সতি'র *pp*) বিনষ্ট; বিনাশপ্রাপ্ত; লুপ্ত।

**ৱিনত**—('ৱিনমতি'র *pp*) অবনত; নম্র; প্রণত।

**ৱিনতা**—কশ্যপ পত্নী; অরুণ ও গরুড়ের জননী।

**ৱিনদ্ধ**—('ৱিনন্ধতি'র *pp*)।

**ৱিনন্ধতি**—(ৱি+নন্ধ্+অ) (বৃত্তাকারে) পরিবেষ্টন করা; চতুর্দিকে পাক দেওয়া বা পাক খাওয়া; ঘূর্ণিত বা আবর্তিত হওয়া; একত্র পাকানো; একত্র পাকিয়ে যাওয়া। *aor* **ৱিনন্ধি**। *abs* **ৱিনন্ধিত্বা**।

**ৱিনন্ধন**—ঘূর্ণন; আবর্তন; আলিঙ্গন; বিজড়ন।

**ৱিনয**—বিনয়; শৃঙ্খলা; নিয়মানুবর্তিতা; সন্ন্যাসীদের মঠ সম্বন্ধীয় শৃঙ্খলা বা নিয়মানুবর্তিতার সংহিতা; অপসারণ; কর্মস্থান-পরিবর্তন। **ৱিনযন**—স্থানচ্যুতি; স্থানান্তরণ; স্থান-পরিবর্তন; কর্মচ্যুতি। **ৱিনযধর**—

বিনয়ের নীতি সম্বন্ধে অভিজ্ঞ। **ৱিনযপিটক**—বৌদ্ধ ভিক্ষুদের নিয়মানুবর্তিতার সংহিতা। **ৱিনযৱাদী**—যিনি স্বভাব-চরিত্রের নিয়মাবলি সম্বন্ধে কথা বলেন; বিনয়বাদী।

**ৱিনলীকত**—ভেঙে ফেলানো; চূর্ণীকৃত; বিনষ্ট; খতম; ব্যবহারের অযোগ্য বলে বর্ণিত।

**ৱিনস্সতি**—(ৱি+নস্+য) সর্বনাশপ্রাপ্ত হওয়া; ক্ষয় পাওয়া; ভেঙে ফেলা; বিনাশ করা। *aor* **ৱিনস্সি**। *pp* **ৱিনট্ঠ**। *prp* **ৱিনস্সন্ত, ৱিনস্সমান**। *abs* **ৱিনস্সিত্বা**।

**ৱিনস্সন**—ক্ষয়প্রাপ্তি।

**ৱিনা**—ব্যতীত; ব্যতিরেকে। **ৱিনাভাৱ**—বিচ্ছিন্নতা।

**ৱিনাতি**—(ৱি+না) বয়ন করা; বোনা। *aor* **ৱিনি**। *pp* **ৱিত**।

**ৱিনাম, ৱিনামন**—দেহ অথবা দেহের অঙ্গ-প্রত্যঙ্গ আনমন।

**ৱিনামেতি**—(ৱি+নম্+এ) আনমিত করা। *aor* **ৱিনামেসি**। *pp* **ৱিনামিত**। *abs* **ৱিনামেত্বা**।

**ৱিনাযক**—মহানায়ক; মহান নেতা; বুদ্ধ।

**ৱিনাস**—বিনাশ; নাশ; ধ্বংস; লোপ; উচ্ছেদ। **ৱিনাসক**—বিনাশক; বিনাশকারী; হন্তা; বিনাশ সাধনকারী। **ৱিনাসন**—বিনাশন; বিনাশ সাধন; বধ।

**ৱিনাসেতি**—(ৱি+নাস্+এ) বিনাশ করা; বধ করা; ধ্বংস করা; বিনষ্ট করা। *aor* **ৱিনাসেসি**। *pp* **ৱিনাসিত**। *prp* **ৱিনাসেন্ত**। *abs* **ৱিনাসেত্বা**।

**ৱিনিগ্গত**—('ৱিনিগ্গচ্ছতি'র *pp*) বিনির্গত; অপগত; নিঃসৃত।

**ৱিনিচ্ছয**—নির্ধারণ; বিচার; মীমাংসা; নিষ্পত্তি; রায়; স্থিরবুদ্ধি। **ৱিনিচ্ছয কথা**—বৈশ্লেষিক আলোচনা বা বিতর্ক। **ৱিনিচ্ছযট্ঠান**—বিচারালয়। **ৱিনিচ্ছয-সালা**—রায়দান কক্ষ।

**ৱিনিচ্ছিত**—('ৱিনিচ্ছেতি'র *pp*) সিদ্ধান্ত গৃহীত; বিবেচিত; বিচারপূর্বক মীমাংসিত; নির্ণীত।

**ৱিনিচ্ছিনন**—রায়; সিদ্ধান্ত।

**ৱিনিচ্ছিনাতি**—(বি+নি+ছি+না) সযত্নে পরীক্ষা বা অনুসন্ধান করা; তদন্ত করা; বিচার করা; সিদ্ধান্ত নেওয়া। *aor* **ৱিনিচ্ছিনি**। *pp* **ৱিনিচ্ছিত**। *abs* **ৱিনিচ্ছিনিত্বা**।

**ৱিনিচ্ছেতি**—(ৱি+নি+ছি+এ) সযত্নে পরীক্ষা বা অনুসন্ধান করা; তদন্ত করা; বিবেচনা করা। *aor* **ৱিনিচ্ছেসি**। *pp* **ৱিনিচ্ছিত**। *abs* **ৱিনিচ্ছেত্বা**। *prp* **ৱিনিচ্ছেন্ত**।

**ৱিনিধায**—('ৱিনিদহতি' হতে *abs*) ভুলস্থানে বা অস্থানে রক্ষিত পেয়ে; ভুল বস্তুর উপরে বা অপাত্রে স্থাপিত পেয়ে।

**ৱিনিপাত**—শাস্তি বা যন্ত্রণা ভোগের স্থান; মন্দ-পতন। **ৱিনিপাতিক**—প্রায়শ্চিত্তমূলক শাস্তি বা যন্ত্রণাভোগ নির্ধারিত।

**ৱিনিপাতেতি**—(ৱি+নি+পত্+এ) ধ্বংস বা সর্বনাশ করার জন্য আনয়ন করা; বিধ্বস্ত বা ধ্বংস করা।

**ৱিনিবদ্ধ**—('ৱিনিবন্ধতি'র *pp*) নিবদ্ধ, বদ্ধ, সংশ্লিষ্ট।

**ৱিনিবন্ধ**—দাসত্ববন্ধন; সংযোজন; আসক্তি; অনুরাগ; আসঞ্জন।

**ৱিনিব্ভুজতি**—(ৱি+নি+ভুজ্+অ) বিচ্ছিন্ন বা পৃথক করা অথবা হওয়া; পার্থক্য লক্ষ করা বা বিচার করা। *aor* **ৱিনিব্ভুজি**। *abs* **ৱিনিব্ভুজিত্বা**।

**ৱিনিব্ভোগ**—বিচ্ছিন্নতা; পার্থক্য; পার্থক্য লক্ষ্য করণ বা বিচার করণ।

**ৱিনিময**—বিনিময়; বদল; পারস্পরিক সম্বন্ধ।

**ৱিনিমোচেতি**—(ৱি+নি+মুচ্+এ) নিজকে মুক্ত করা; (ভার বা দায়িত্ব হতে) নিষ্কৃতি বা অব্যাহতি পাওয়া। *aor* **ৱিমোচেসি**। *pp* **ৱিমোচিত, ৱিমোচেত্বা**।

**ৱিনিম্মুত্ত**—('ৱিনিমুচ্চতি'র *pp*) (কিছু হতে) মুক্ত; বন্ধনমুক্ত।

**ৱিনিৱট্টেতি**—(ৱি+নি+বত্+এ) আবর্তিত হওয়া বা করা; ঘোরা বা ঘোরানো; পাক খাওয়া বা পাক দেওয়া; গড়িয়ে যাওয়া বা দেওয়া; অবলীলাক্রমে হড়কে চলা। *aor* **ৱিনিৱট্টেসি**। *pp* **ৱিনিৱট্টিত**। *abs* **ৱিনিৱট্টেত্বা**।

**ৱিনিৱিজ্ঝ**—('ৱিনিবিজ্ঝতি'র *abs*)।

**ৱিনিৱিজ্ঝতি**—(ৱি+নি+বিধ্+য) বর্শার অথবা সুচের মতো বিদ্ধ করানো বা করা কিংবা ভেদ করানো বা করা; ঢোকানো বা ঢোকা। *aor* **ৱিনিৱিজ্ঝি**। *pp* **ৱিনিৱিদ্ধ**। *abs* **ৱিনিৱিজ্ঝিত্বা**।

**ৱিনিৱিজ্ঝন**—বর্শার অথবা সুচের মতো বিদ্ধকরণ কিংবা ভেদকরণ।

**ৱিনিৱিদ্ধ**—('ৱিনিবিজ্ঝতি'র *pp*)।

**ৱিনিৱেঠেতি**—(ৱি+নি+বেঠ্+এ) বিজড়িত অবস্থা বা বিশৃঙ্খলা হতে মুক্ত করা; পাক বা জটা খোলা; বিজড়িত; নিজকে মুক্ত করা। *aor* **ৱিনিৱেঠেসি**। *pp* **ৱিনিৱেঠিত**। *abs* **ৱিনিৱেঠেত্বা**।

**ৱিনিৱেঠন**—বিজড়িত বা বিশৃঙ্খলা হতে মুক্ত করণ।

**ৱিনীত**—('ৱিনেতি'র *pp*) প্রশিক্ষণপ্রাপ্ত; শিক্ষিত।

**ৱিনীৱরণ**—মনের উন্নতি সাধনে বাধাবিঘ্ন-মুক্ত।

**ৱিণেতি**—(ৱি+নি+এ) পরিচালনা করা; প্রশিক্ষণ দেওয়া; শিক্ষা দেওয়া; অপনোদন করা। *aor* **ৱিনেসি**। *prp* **ৱিনেন্ত**। *ptp* **ৱিনেতব্ব**। *abs* **ৱিনেত্বা**।

**ৱিনেতু**—প্রশিক্ষণদাতা; শিক্ষক; অপনোদনকারী।

**ৱিণেয্যজন**—যারা বুদ্ধের দ্বারা প্রশিক্ষণ লাভ করে সেই জনসাধারণ।

**ৱিনেয্য**—('ৱিনেতি'র *abs*) অপনোদিত লাভের; প্রশিক্ষণ লাভের যোগ্য।

**ৱিনোদ**—উল্লাস; আনন্দোৎসব; আমোদ।

**ৱিনোদন**—তুষ্টিসাধন; অপনোদন; প্রসাদন।

**ৱিনোদেতি**—(ৱি+নুদ্+এ) দূরীভূত করা; অপনোদন করা; বিতাড়িত করা। *aor* **ৱিনোদেসি**। *pp* **ৱিনোদিত**। *abs* **ৱিনোদেত্বা**।

**ৱিনোদেতু**—বিতাড়নকারী।

**ৱিন্দক**—যে উপভোগ করে অথবা দুঃখভোগ করে।

**ৱিন্দতি**—(ৱিদ্+ং-অ) উপভোগ করা; সহ্য করা; অভিজ্ঞতা লাভ করা; জানা; লাভ করা। *aor* **ৱিন্দি**। *pp* **ৱিন্দিত**। *prp* **ৱিন্দিন্ত, ৱিন্দমান**। *abs* **ৱিন্দিত্বা**। *ptp* **ৱিন্দিতব্ব**।

**ৱিন্দিয**—যে বিষয়ে অভিজ্ঞতা লাভ করা প্রয়োজন।

**ৱিন্দিযমান**—*prp* সহ্য করা হচ্ছে অথবা দুঃখভোগ করা হচ্ছে এমন।

**ৱিপক্খ**—বিপক্ষ; শত্রুপক্ষীয়; প্রতিকূল। **ৱিপক্খিক, ৱিপক্খসেৱক**—শত্রুপক্ষীয়; শত্রুপক্ষসেবক; শত্রুপক্ষগ্রহণকারী।

**ৱিপচ্চতি**—(ৱি+পচ্+য) পাকানো বা পাকা; ফলবান হওয়া। *aor* **ৱিপচ্চি**। *pp* **ৱিপক্ক**। *prp* **ৱিপচ্চমান**।

**ৱিপজ্জতি**—(ৱি+পদ্+য) ব্যর্থ হওয়া; ভুলপথে যাওয়া; ক্ষয় পাওয়া। *aor* **ৱিপজ্জি**। *pp* **ৱিপন্ন**।

**ৱিপজ্জন**—ব্যর্থ হওন; ক্ষয়প্রাপ্তি।

**ৱিপত্তি**—ব্যর্থতা; অকৃতকার্যতা; দুর্ভাগ্য; দুঃখ দুর্দশা; দুঃসময়; দুঃখভোগ।

**ৱিপন্ন**—('ৱিপজ্জতি'র *pp*)। **ৱিপন্নদিট্ঠি**—যার মিথ্যাদৃষ্টি বা মিথ্যা অভিমত আছে; মিথ্যাদৃষ্টি-সম্পন্ন। **ৱিপন্নসীল**—নীতিভ্রষ্ট; যার নীতি নষ্ট হয়েছে।

**ৱিপরিণত**—('ৱিপরিণমতি'র *pp*) বিপথগামী; বিকৃত; সত্যপথভ্রষ্ট; ধর্মপথভ্রষ্ট; ন্যায়পথভ্রষ্ট; কামলালসাসম্পন্ন; যৌনসঙ্গকামী; কামুক; যৌন।

**ৱিপরিণাম**—পরিবর্তন; অবস্থান্তর; রূপান্তর।

**ৱিপরিণামেতি**—(ৱি+পরি+নম্+এ) পরিবর্তন হওয়া; অবস্থান্তর হওয়া; রূপান্তর হওয়া; পরিবর্তিত করা বা হওয়া। *aor* **ৱিপরিণামেসি**। *pp* **ৱিপরিণামিত**।

**ৱিপরিযায, ৱিপরিযেস**—বৈপরীত্যভাব; বিরোধ-ভাব; অসঙ্গতিভাব; ভুল অবস্থা; উল্টিয়ে দেওয়া বা যাওয়া।

**ৱিপরিৱত্ততি**—(ৱি+পরি+বত্+অ) ঘোরা বা ঘোরানো; ফেরা বা ফেরানো; উল্টিয়ে ফেলা; উল্টিয়ে পড়া; ছলকে ফেলা বা পড়া। *aor* **ৱিপরিৱত্তি**। *pp* **ৱিপরিৱত্তিত**।

**ৱিপরিৱত্তন**—পরিবর্তন; অবস্থান্তর; রূপান্তর; উল্টা পিঠ; বিপরীত বা বিরুদ্ধ বিষয় অথবা বস্তু অথবা দিক।

**ৱিপরীত**—উল্টিয়ে দেওয়া বা যাওয়া; পশ্চাদ্দিকে প্রেরণ বা গমন; পরিবর্তিত; অবস্থান্তরিত; রূপান্তরিত; অন্যায়। **ৱিপরীততা**—বৈষম্যমূলক বৈশিষ্ট্য; বিষম-বৈশিষ্ট্য।

**ৱিপল্লত্থ**—বিশৃঙ্খল; বিকৃতমস্তিষ্ক; উন্মাদগ্রস্ত; সত্যপথভ্রষ্ট বা ধর্মপথভ্রষ্ট; বা ন্যায়পথভ্রষ্ট; উল্টানো; ছলকানো।

**ৱিপল্লাস**—বিশৃঙ্খলা, মস্তিষ্ক বিকৃতি; উন্মত্ততা; বিকৃতি; অবিশুদ্ধতা; কলুষ; দোষ; পাপ; বিপথগমন; উচ্ছৃঙ্খলতা; ন্যায়ভ্রষ্টতা; সত্যপথচ্যুতি; দুর্বৃত্তি; কামবিকৃতি; স্বেচ্ছাচারিতা।

**ৱিপস্সক**—প্রভূত স্বাভাবিক অন্তর্দর্শন-গুণসম্পন্ন; প্রভূত সহজাত অন্তর্দৃষ্টি গুণসম্পন্ন।

**ৱিপস্সতি**—(ৱি+দিস্+অ) পরিষ্কারভাবে দর্শন; স্পষ্টভাবে দেখা; স্বতঃলব্ধজ্ঞান লাভ করা; সজ্ঞো লাভ করা; স্বজ্ঞাত হবার শক্তি লাভ করা। *aor* **ৱিপস্সি**। *abs* **ৱিপস্সিত্বা**।

**ৱিপস্সনা**—বিদর্শন; অন্তর্দৃষ্টি; সূক্ষ্মদৃষ্টি। **ৱিপস্সনা ঞাণ**—অন্তর্দৃষ্টি অর্জনের সামর্থ বা মানসিক শক্তি। **ৱিপস্সনা ধুর**—অন্তর্দর্শনের বা অন্তর্দৃষ্টির নৈতিক বাধ্যবাধকতা অথবা বশ্যতা।

**ৱিপস্সী**—প্রভূত স্বাভাবিক অন্তর্দর্শন গুণসম্পন্ন; প্রভূত সহজাত অন্তর্দৃষ্টি গুণসম্পন্ন।

**ৱিপাক**—পরিণাম; ফল; ফললাভ; আশাসিদ্ধি; উপভোগ; কারও কৃতকর্মের পরিণতি।

**ৱিপিট্ঠিকত্বা**—(কারও) বিরোধী বা শত্রু হয়ে উঠে; (কারও) সমুচিত উত্তর দিয়ে; (কারও) পশ্চাতে নিক্ষেপ করে; একান্তে বা একপাশে ফেলে গিয়ে।

**ৱিপিন**—বন; জঙ্গল; অরণ্য।
**ৱিপুল**—প্রশস্ত; মহৎ; বৃহৎ। **ৱিপুলতা, ৱিপুলত্ত**—প্রয়োজনাধিক; পরম প্রাচুর্য; আধিক; অতিরিক্ত; বিস্তৃতি; ব্যাপ্তি; বিস্তার।
**ৱিপ্প**—বিপ্র; ব্রাহ্মণ। **ৱিপ্পকুল**—ব্রাহ্মণ জাতি।
**ৱিপ্পকত**—অসম্পন্ন অবস্থায় রক্ষিত; অসম্পন্ন রাখা হয়েছে এমন।
**ৱিপ্পকার**—পরিবর্তন; বিনিময়; অবস্থান্তর; রূপান্তর; পরিবর্তন সাধন।
**ৱিপ্পকিণ্ন**—('ৱিপ্পকিরতি'র *pp*)।
**ৱিপ্পকিরতি**—(ৱি+প+কির্+অ) আলগাভাবে বা ঝুরাভাবে সর্বত্র ছড়ানো অথবা ছড়িয়ে দেওয়া; তালগোল পাকিয়ে ফেলা; বিভ্রান্ত বা কিংকর্তব্যবিমূঢ় করা; বিস্মিত করা; বিনাশ করা; সর্বনাশ করা; ভেঙে ফেলা। *aor* **ৱিপ্পকিরি**। *abs* **ৱিপ্পকিরিত্বা**।
**ৱিপ্পজহতি**—(ৱি+প+হা+অ) পরিত্যাগ করা; ছেড়ে দেওয়া; ক্ষান্তি দেওয়া; সমর্পণ করা। *aor* **ৱিপ্পজহি**।
**ৱিপ্পটিপজ্জতি**—(ৱি+পটি+পদ্+য) ভুল করা; পাপ করা; ব্যর্থ হওয়া; বিচ্যুত হওয়া; পাপকর্ম করা। *aor* **ৱিপ্পটিপজ্জি**।
**ৱিপ্পটিপত্তি**—দুষ্কর্ম; পাপকর্ম; পাপ; আইন শর্ত শাস্ত্রীয় নির্দেশ ভাঙ্গন অথবা লঙ্ঘন।
**ৱিপ্পটিপন্ন**—('ৱিপ্পটিপজ্জতি'র *pp*) দুষ্কর্মকারী; পাপকর্মী; পাপী; আইন শর্ত; শাস্ত্রীয় নির্দেশ ভঙ্গকারী।
**ৱিপ্পটিসার**—তীব্র অনুতাপ; অনুশোচনা; মনস্তাপ; বিবেক-দংশন। **ৱিপ্পটিসারী**—তীব্র অনুতপ্ত; অনুশোচনাপ্রাপ্ত; মনস্তাপদগ্ধ।
**ৱিপ্পমুত্ত**--বন্ধনমুক্ত; মুক্তিপ্রাপ্ত; বন্ধনহীন; উদ্ধারপ্রাপ্ত; মোক্ষপ্রাপ্ত।
**ৱিপ্পযুত্ত**—বিপ্রযুক্ত; বিচ্ছিন্ন; সংযোগচ্যুত।
**ৱিপ্পযোগ**—বিপ্রয়োগ; বিচ্ছিন্নতা; সংযোগ-চ্যুতি।
**ৱিপ্পলপতি**—(ৱি+প+লপ্+অ) (কিছুর জন্য) শ্রুতিগোচরভাবে বিলাপ করা বা দুঃখপ্রকাশ করা; (কিছুর জন্য) শোক করা বা আর্তনাদ করা বা বিলাপ করা। *aor* **ৱিপ্পলপি**।
**ৱিপ্পলাপ**—বিশৃঙ্খল আলাপ; আর্তনাদ।
**ৱিপ্পলুজ্জতি**—(ৱি+প+লুজ্+অ) চূর্ণবিচূর্ণ হয়ে ভেঙে পড়া; বিনাশপ্রাপ্ত হওয়া; সর্বনাশ হওয়া।
**ৱিপ্পৱসতি**—(ৱি+প+বস্+অ) অনুপস্থিত হওয়া; বাড়ি থেকে দূরে থাকা। *aor* **ৱিপ্পৱসি**।
**ৱিপ্পৱাস**—অনুপস্থিতি; বিদেশে বা গৃহের বাইরে অবস্থানকারী।
**ৱিপ্পৱুত্থ**—('ৱিপ্পৱসতি'র *pp*) অনুপস্থিত; বিদেশে বা গৃহের বাইরে অবস্থানরত।
**ৱিপ্পসন্ন**—('ৱিপ্পসীদতি'র *pp*) বিপ্রসন্ন; অত্যন্ত নির্মল; স্বচ্ছ; বিশুদ্ধ; সন্তুষ্ট; শান্ত ও প্রফুল্ল; অনুকূল।
**ৱিপ্পসীদতি**—(বি+প+সদ্+অ) নির্মল বা উজ্জ্বল হওয়া; শান্ত ও প্রফুল্ল হওয়া। *aor* **ৱিপ্পসীদি**।
**ৱিপ্পহীন**—অসচ্চরিত্র; হতচ্ছাড়া; গোল্লায় গিয়েছে এমন; পরিত্যক্ত; স্থানচ্যুত।
**ৱিপ্ফন্দতি**—(ৱি+ফন্দ্+অ) শ্রমসহকারে সংগ্রাম করা; প্রতিদ্বন্দ্বিতা করা; প্রতিকূল অবস্থার মধ্যে কঠোরভাবে চেষ্টা করা; মোচড় খাওয়া; স্বীয় অঙ্গ মোচড়ানো। *aor* **ৱিপ্ফন্দি**। *pp* **ৱিপ্ফন্দিত**। *abs* **ৱিপ্ফন্দিত্বা**।
**ৱিপ্ফন্দন**—মোচড় খেয়ে সংগ্রাম; স্বীয় অঙ্গ মুচড়িয়ে প্রতিকূল অবস্থার সঙ্গে কঠিন লড়াই।
**ৱিপ্ফার**—বিভাজন; পরিব্যাপন; বিস্ফার; বিস্ফারণ; প্রসারণ। **ৱিপ্ফারিক**—প্রসারণ। **ৱিপ্ফারিত**—বিস্ফারিত; প্রসারিত; বিস্তারিত; বিস্তৃত।
**ৱিপ্ফুরণ**—পরিব্যাপন।
**ৱিপ্ফুরতি**—(ৱি+ফুর্+অ) কাঁপা বা কাঁপানো; স্পন্দিত হওয়া বা করা; দোলা বা দোলানো; চারিদিকব্যাপী বর্ষণ করা; ছড়িয়ে বা ছিটিয়ে দেওয়া; বিকীর্ণ বা পরিব্যাপ্ত করা। *aor* **ৱিপ্ফুরি**। *pp* **ৱিপ্ফুরিত**। *prp* **ৱিপ্ফুরিন্ত**।
**ৱিপ্ফুলিঙ্গ**—স্ফুলিঙ্গ; আগুন আলো প্রভৃতির ঝলক।
**ৱিফল**—ফলহীন; অলাভজনক।
**ৱিবন্ধ**—বন্ধক; প্রতিবন্ধক; পায়ের বেড়ি।
**ৱিবাধক**—প্রতিরোধক; অনিষ্টকারক; অনিষ্টকারী।
**ৱিবাধতি**—(ৱি+বধ+অ) ব্যাহত করা; বাধা দেওয়া; আচ্ছন্ন করা; দুর্দশাগ্রস্ত করা; দুঃখ দেওয়া; অভিভূত করা; চাপ দেওয়া।
**ৱিবাধন**—বাধাদান; প্রতিরোধ।
**ৱিব্ভন্ত**—('ৱিব্ভমতি'র *pp*)। **ৱিব্ভন্তক**—বিভ্রান্ত; ভ্রমান্বিত; সংশয়হেতু; বিমূঢ়; ব্যতিব্যস্ত; স্বধর্ম বা স্বমত বা স্বদল ত্যাগ করেছে এমন; শাসন বা স্বধর্ম পরিত্যাগ করেছে এমন।
**ৱিব্ভমতি**—(ৱি+ভম্+অ) হতচ্ছাড়া হওয়া; গোল্লায় যাওয়া; স্বধর্ম বা স্বমত বা স্বদল ত্যাগ করা। *aor* **ৱিব্ভমি**। *abs* **ৱিব্ভমিত্বা**।
**ৱিভঙ্গ**—বিভাজন; বণ্টন; বিভাগ; শ্রেণীবিভাগ।
**ৱিভজতি**—(ৱি+ভজ্+অ) বিভাগ করা; ভাগ করা; খণ্ডিত করা; কেটে বিচ্ছিন্ন করা; বিশ্লেষণপূর্বক পরীক্ষা করা; শ্রেণীবিভাগ করা। *aor* **ৱিভজি**।

*pp* **ৱিভজ্জিত, ৱিভত্ত**। *prp* **ৱিভজন্ত**। *abs* **ৱিভজ্জিত্বা**।

**ৱিভজ্জ**—('ৱিভজতি'র *abs*) বিভাজ্য বা বিশ্লেষিত করে। **ৱিভজ্জৱাদ**—বিভাজ্যবাদ; যুক্তিবাদ। **ৱিভজ্জৱাদী**—যিনি 'থেরবাদ' ধর্ম গ্রহণ করেন।

**ৱিভত্ত**—('ৱিভজ্জতি'র *pp*) বিভক্ত।

**ৱিভত্তি**—বিভক্তি, বিভাগ; শ্রেণীবিভাজন; (ব্যাকরণে) ধাতু বা প্রাতিপদিকে যে প্রত্যয় যোগ হলে পুরুষ কারক বচন কাল ইত্যাদি সূচিত হয়। **ৱিভত্তি-কারক**—বিভাগ আছে এমন।

**ৱিভৱ**—বৈভব; ধন; সম্পত্তি; মহত্ত্ব।

**ৱিভাগ, ৱিভজন**—বণ্টন; পরিবেশন; শ্রেণীবিভাজন।

**ৱিভাত**—('ৱিভাতি'র *pp*)।

**ৱিভাতি**—(ৱি+ভা+অ) উজ্জ্বল হওয়া; বরাবর দীপ্তি পাওয়া।

**ৱিভাৱন, ৱিভাৱনা**—ব্যাখ্যা; অবাধ; সহজ; সাবলীল ও স্পষ্ট করণ।

**ৱিভাৱী**—বুদ্ধিমান; পণ্ডিত বা জ্ঞানী ব্যক্তি।

**ৱিভাৱেতি**—(ৱি+ভূ+অ) সহজ বা স্পষ্ট করা; ব্যাখ্যা করা। *aor* **ৱিভাৱেসি**। *pp* **ৱিভাৱিত**। *prp* **ৱিভাৱেন্ত**। *abs* **ৱিভাৱেত্বা**।

**ৱিভিন্ন**—পৃথকভূত; অন্যপ্রকার; নানাপ্রকার।

**ৱিভীতক, ৱিভীতকী**—*Beleric myrobalan*।

**ৱিভূত**—স্পষ্ট; সহজ; নির্মল।

**ৱিভূতি**—উজ্জ্বল-দীপ্তি; অত্যুৎকর্ষ; সমারোহ; জাঁকজমক; যশ; মহিমা; বিজয়-গৌরব।

**ৱিভূসন, ৱিভূসা**—বিভূষণ; বিভূষা; অলঙ্কার; সাজসজ্জা।

**ৱিভূসিত**—('ৱিভূসেতি'র *pp*) সজ্জিত।

**ৱিভূসেতি**—(ৱি+ভূস্+এ) সাজানো; ভূষিত বা অলঙ্কৃত করা; সুন্দর ও সৌষ্ঠবপূর্ণ করা; সৌন্দর্যসাধন করা; শ্রীমণ্ডিত করা। *aor* **ৱিভূসেসি**। *abs* **ৱিভূসেত্বা**।

**ৱিমতি**—সন্দেহ; বিহ্বলতা। **ৱিমতিচ্ছেদক**—বিহ্বলতা-অপসারিক।

**ৱিমন**—অসন্তুষ্ট; বিক্ষিপ্তচিত্ত; বিহ্বল; কিংকর্তব্যবিমূঢ়।

**ৱিমল**—নির্মল; বিশুদ্ধ; পবিত্র; নিষ্পাপ; পরিষ্কার; নিষ্কলঙ্ক; অবিবর্ণ।

**ৱিমান**—বৃহৎ বাসভবন; সম্ভ্রান্ত ব্যক্তির বাসভবন; স্বর্গীয় প্রাসাদ। **ৱিমানপেত**—অর্ধ-দণ্ডের এবং অর্ধ-উপভোগের অধীন প্রেতগত বা ভৌতিক জীব। **ৱিমানৱত্থু**—বিমানগণের কাহিনী সংবলিত গ্রন্থ।

**ৱিমানন**—অসম্মান; অশ্রদ্ধা।

**ৱিমানেতি**—(ৱি+মান্+এ) অসম্মান করা; অশ্রদ্ধা করা; ঘৃণ্য আচরণ করা; অবজ্ঞার সহিত আচরণ করা। *aor* **ৱিমানেসি**। *prp* **ৱিমানিত**। *abs* **ৱিমানেত্বা**।

**ৱিমুখ**—প্রতিকূল; বাম; বিরত; স্পৃহাহীন।

**ৱিমুচ্চতি**—(বি+মুচ্+য) বন্ধনমুক্ত হওয়া; মুক্ত হওয়া; অব্যাহতি লাভ করা; শাসনমুক্ত হওয়া। *aor* **ৱিমুচ্চি**। *pp* **ৱিমুত্ত**। *abs* **ৱিমুচ্চিত্বা**।

**ৱিমুচ্চন**—বন্ধনমোচন; মোচন।

**ৱিমুঞ্চতি**—(বি+মুচ+ং-অ) বন্ধনমুক্ত করা বা হওয়া; মুক্ত হওয়া। *aor* **ৱিমুঞ্চি**। *pp* **ৱিমুঞ্চিত**। *prp* **ৱিমুঞ্চন্ত**। *abs* **ৱিমুঞ্চিত্বা**।

**ৱিমুত্ত**—('বিমুচ্চতি'র *pp*) বিমুক্ত; মুক্ত; বন্ধনমুক্ত; শাসনমুক্ত।

**ৱিমুত্তি**—বিমুক্তি; মুক্তি; বন্ধনমুক্তি; মোক্ষপ্রাপ্তি; উদ্ধার; রক্ষা; শৃঙ্খল-মোচন। **ৱিমুত্তিরস**—বিমুক্তিরস; শৃঙ্খল-মোচনের সারাংশ। **ৱিমুত্তি-সুখ**—শাসন বা বন্ধন মুক্তির আনন্দ।

**ৱিমোক্খ**—বিমোক্ষ; মুক্তি; উদ্ধার; রক্ষা; বিমুক্তি; বন্ধনমুক্তি; মোক্ষপ্রাপ্তি; শৃঙ্খল-মোচন।

**ৱিমোচক**—যে বন্ধনমুক্ত করে।

**ৱিমোচন**—(কিছু হতে) মুক্তি; খালাস; ভারমুক্তি; বন্ধনহীনকরণ।

**ৱিমোচেতি**—(ৱি+মুচ্+এ) মুক্ত করা; বন্ধনমুক্ত করা; শৃঙ্খলমুক্ত করা; স্বাধীন করা। *aor* **ৱিমোচেসি**। *pp* **ৱিমোচিত**। *prp* **ৱিমোচেন্ত**। *abs* **ৱিমোচেত্বা**।

**ৱিমোহেতি**—(ৱি+মুহ্+এ) প্রবঞ্চিত করা; প্রতারিত করা; ভ্রান্তপথে চালিত করা; হতভম্ব করা; হতবুদ্ধি করা; বিভ্রান্ত করা; ছলনা করা; (ভুলাবার জন্য) বিষয়ান্তরে মনোযোগ আকর্ষণ করা। *aor* **ৱিমোহেসি**। *pp* **ৱিমোহিত**। *abs* **ৱিমোহেত্বা**।

**ৱিম্হয**—বিস্ময়; বিস্ময়বিহ্বল; অতর্কিতে আকর্ষণ; চমকপ্রদ ঘটনা বস্তু প্রভৃতি।

**ৱিম্হাপক**—বিস্ময়াভিভূত করে এমন; বিস্ময়ে বিহ্বল করে এমন; বিস্মিত করায় এরূপ; বিহ্বল বা হতচকিত করায় এরূপ। **ৱিম্হাপন**—বিস্ময়কর; আশ্চর্যজনক।

**ৱিম্হাপেতি**—(ৱি+স্মি+আপে) সহসা বিস্ময়-বিহ্বল করা; তাক লাগানো; চমৎকৃত বা ভয়-বিহ্বল করা; বিহ্বল বা হতচকিত করা; বিস্মিত

করানো। *aor* **ৱিম্হাপেসি**। *pp* **ৱিম্হাপিত**। *abs* **ৱিম্হাপেত্বা**।

**ৱিম্হিত**—বিস্মিত।

**ৱিয**—১ (তুলনাবোধক অব্যয়) সদৃশ; সমান; সম; প্রায় সমান; অনুরূপ; একরূপ; উপযুক্ত; মানানসই। ২ একইভাবে; সমভাবে; মতো; ন্যায়; সম্ভবত; যত; তত; যতখানি; ততখানি; যেভাবে; সেভাবে; যতদূর; ততদূর; যেমন; তেমন; যাহোক; যেহেতু; কারণ।

**ৱিযত্ত**—পাণ্ডিত্যপূর্ণ; শিক্ষিত; পণ্ডিত; বিদ্বান; বিশেষজ্ঞ; দক্ষ; সাংস্কৃতিক গুণসম্পন্ন; মার্জিত-রুচি।

**ৱিযূহতি**—(ৱি+উহ্+অ) সরিয়ে রাখা বা নেওয়া; স্থানান্তরিত করা; অপসারিত করা; স্থানচ্যুত করা; ছড়ানো; ছিটানো। *aor* **ৱিযূহি**। *pp* **ৱিযূল্হ, ৱিযূহিত**। *abs* **ৱিযূহিত্বা**।

**ৱিযূহন**—নিক্ষেপণ; সরানো; স্থানান্তরণ; অপসারণ; ছড়ানো; ছিটানো।

**ৱিযূল্হ, ব্যূল্হ**—('ৱিযূহতি'র *pp*) একত্র; জড়িত; সম্মিলিত।

**ৱিযোগ**—বিয়োগ; বিচ্ছিন্নতা; সংযোগচ্যুতি।

**ৱিরচিত**—('ৱিরচযতি'র *pp*)।

**ৱিরচযতি**—(ৱি+রচ্+য) রচনা করা; মিশ্র-সার প্রয়োগ করা; মিশ্র সারে পরিণত করা; বিভিন্ন অংশ একত্র করে বা জোড়া দিয়ে তৈরি করা; সংহত করা; একত্র করা। *aor* **ৱিরচি, ৱিরচযি**।

**ৱিরজ**—দাগহীন; বেদাগ; নিষ্কলঙ্ক; নির্দোষ; নিষ্কলুষ; নির্মল।

**ৱিরজ্জতি**—(ৱি+রদ্+য) স্বয়ং বিচ্ছিন্ন করা; নিজে নিজে বাঁধন খুলে পৃথক করা; স্বয়ং সরিয়ে আনা; নিজে নিজে অপসৃত করা; আগ্রহের অভাব প্রদর্শন করা। *aor* **ৱিরজ্জি**। *pp* **ৱিরত্ত**। *abs* **ৱিরজ্জিত্বা**। *prp* **ৱিরজ্জমান**।

**ৱিরজ্জন**—অগ্রাহ্য; প্রত্যাখ্যান; আমোদ-প্রমোদ বাদ দেওন; আমোদ-প্রমোদ বিরতি।

**ৱিরজ্ঝতি**—(ৱি+রাধ্+য) অযোগ্য বা অক্ষম বলে প্রমাণিত হওয়া; ব্যর্থ হওয়া; বাদ দিয়ে যাওয়া; লক্ষ্যভ্রষ্ট হওয়া; ধরতে না পারা; খোয়ানো। *aor* **ৱিরজ্ঝি**। *pp* **ৱিরদ্ধ**। *abs* **ৱিরজ্ঝিত্বা**।

**ৱিরত**—('ৱিরমতি'র *pp*) পরিহার করে চলিত অবস্থা; পরিত্যক্ত।

**ৱিরতি**—পরিহার করে চলন।

**ৱিরত্ত**—('ৱিরজ্জতি'র *pp*) অসন্তুষ্ট; অক্রুদ্ধ; অনাসক্ত; দুঃখহীন।

**ৱিরদ্ধ**—('ৱিরজ্ঝতি'র *pp*) অযোগ্য; অক্ষম; ব্যর্থ; লক্ষ্যভ্রষ্ট।

**ৱিরমন**—বিরতি; পরিহার করে চলন, বিরত হয়ে অবস্থান; মিতাচারিতা।

**ৱিরমতি**—(ৱি+রম্+অ) বিরত হওয়া; পরিহার করে চলন; মিতাচারী হওয়া; মিতাহার করা; সংযত করা; ছেড়ে দেওয়া; বিরত হওয়া; নিবৃত্ত হওয়া; ক্ষান্ত হওয়া; থামা; শেষ বা সমাপ্ত হওয়া। *aor* **ৱিরমি**। *prp* **ৱিরমন্ত**। *abs* **ৱিরমিত্বা**।

**ৱিরল**—অগভীর; ঘন ঘন নহে এমন; পাতলা; ফাঁক-ফাঁক; অসাধারণ পাতলাভাবে বা অল্পপরিমাণে বিক্ষিপ্ত; অল্প; অনিবিড়।

**ৱিরৱ, ৱিরাৱ**—নিনাদ; চিৎকার; আর্তনাদ; ডাক; ক্রন্দন; বিলাপ; হৈচৈ; (বজ্র কামান প্রভৃতির) ধ্বনি বা গর্জন; নির্ঘোষ; সিংহনাদ; ফেরিওয়ালার হাঁক।

**ৱিরৱতি**—(ৱি+রৱ্+অ) আর্তনাদ করা; উচ্চৈঃস্বরে বিলাপ করা; কাঁদা; চিৎকার করা; চেঁচিয়ে বলা। *aor* **ৱিরৱি**। *prp* **ৱিরৱন্ত**। *abs* **ৱিরৱিত্বা**।

**ৱিরৱন**—'বিরব' দেখুন।

**ৱিরহ**—প্রিয়জন হতে বিচ্ছেদ; অভাব; শূন্যতা।

**ৱিরহিত**—খালি; শূন্যগর্ভ; শূন্য; নিষ্কৃতি; অব্যাহতি; রেহাই; ব্যতীত; ব্যতিরেকে; বিনা।

**ৱিরাগ**—অননুরাগ; ঔদাসীন্য; বিরক্তি; উত্তেজনা-হীনতা; নিরাবেগতা; শান্তি; পক্ষপাতশূন্যতা; আকাঙ্ক্ষাহীনতা; আসক্তিহীনতা। **ৱিরাগতা**—কামলালসাহীনতা। **ৱিরাগী**—যন্ত্রণাভোগ ও মৃত্যুহীনতা; উদাসীন; বন্ধনমুক্ত।

**ৱিরাজতি**—(ৱি+রজ্+অ) দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া; আলো দেওয়া; আলো বিকীর্ণ করা; স্পষ্ট হওয়া; গৌরবময় হওয়া। *aor* **ৱিরাজি**। *pp* **ৱিরাজিত**। *prp* **ৱিরাজমান**।

**ৱিরাজেতি**—(ৱি+রাজ্+এ) অপ্রয়োজনীয় বা নিয়মবিরুদ্ধ বলে ফেলে দেওয়া; অগ্রাহ্য করা বা প্রত্যাখ্যান করা; সরিয়ে রাখা বা লওয়া; স্থানান্তরিত করা; অপসারিত করা; বিনাশ করা। *aor* **ৱিরাজেসি**। *abs* **ৱিরাজেত্বা**।

**ৱিরাধনা**—ব্যর্থতা; অসাফল্য।

**ৱিরাধেতি**—(ৱি+রধ্+এ) অক্ষম হওয়া; বাদ দিয়ে যাওয়া; ব্যর্থ হওয়া। *aor* **ৱিরাধেসি**। *pp* **ৱিরাধিত**। *abs* **ৱিরাধেত্বা**।

**ৱিরিচ্চতি**—('ৱিরেচেতি'র *pass*) অবাঞ্ছিত পদার্থ বা ব্যক্তিবর্গ হতে বিমুক্ত থাকা; অভিযোগমুক্ত

থাকা; (কোষ্ঠ) পরিষ্কার করানো; রেচন করানো।

**ৰিরিচ্চমান**—('ৰিরিচ্চতি'র *prp*) কোষ্ঠ পরিষ্কার থাকা।

**ৰিরিত্ত**—('ৰিরিচ্চতি'র *pp*) কোষ্ঠ-পরিষ্কৃত।

**ৰিরিয**—বীর্য; সক্রিয় শক্তি; তেজ; প্রাণশক্তি; জীবনীশক্তি; বলিষ্ঠতা; কর্মশক্তি; কঠোর প্রচেষ্টা। **ৰিরিযবল**—কর্মশক্তির তেজ; বীর্যবল। **ৰিরিযৰন্ত**—বীর্যবন্ত; বীর্যবান; প্রবলভাবে সক্রিয়; কর্মচঞ্চল; তেজোময়; কর্মশক্তিপূর্ণ। **ৰিরিয-সমতা**—বীর্যসমতা; কর্মশক্তির মধ্যপন্থী অবস্থা। **ৰিরিয-আরম্ভ**--বীর্যারম্ভ; প্রচেষ্টা বা প্রয়াস প্রয়োগ; উপযোজন; রত করানো। **ৰিরিযিন্দ্রিয**—বীর্য-ইন্দ্রিয়; বীর্যের কর্মক্ষমতা বা দক্ষতা।

**ৰিরুজ্ঝতি**—(ৰি+রুধ্+য) বিরোধিতা বা প্রতিদ্বন্দ্বিতা বা প্রতিবাদ করা; প্রতিকূল বা বিরোধী হওয়া; শত্রুপক্ষীয় বা শত্রুতাপূর্ণ হওয়া। *aor* **ৰিরুজ্ঝি**। *pp* **ৰিরুদ্ধ**। *prp* **ৰিরুজ্ঝন্ত**। *abs* **ৰিরুজ্ঝিত্বা**।

**ৰিরুদ্ধ**—('ৰিরুজ্ঝতি'র *pp*) প্রতিকূল; পরিপন্থী; বিপরীত; শত্রুপক্ষীয়; শত্রুতাপূর্ণ। **ৰিরুদ্ধতা**—শত্রুতা; প্রতিকূলতা; বিরোধিতা; যুদ্ধবিগ্রহ; লড়াই; প্রতিদ্বন্দ্বিতা; প্রতিবাদ।

**ৰিরূপ**—বিকৃত অঙ্গযুক্ত; কুগঠিত; কুৎসিত। **ৰিরূপতা**—কুরূপতা; কুৎসিত অবয়ব।

**ৰিরূপক্খ**—বিরূপাক্ষ; নাগরাজের নামবিশেষ।

**ৰিরূল্হ**—('ৰিরূহতি'র *pp*) বৃদ্ধিপ্রাপ্ত; জন্মানো।

**ৰিরূল্হি**—বৃদ্ধি।

**ৰিরূহতি**—(ৰি+রুহ্+অ) জন্মানো; বড় হওয়া; বৃদ্ধি পাওয়া; পরিণতির দিকে অগ্রসর হওয়া; উন্নতি লাভ করা; গজানো। *aor* **ৰিরূহি**। *prp* **ৰিরূহন্ত**। *abs* **ৰিরূহিত্বা**।

**ৰিরূহন, ৰিরূহনা**—বর্ধন; বৃদ্ধি।

**ৰিরেচক, ৰিরেচন**—বিশোধন; রেচন; বিশোধক; বিরেচক; বিশোধক পদার্থ; রেচক ঔষধ।

**ৰিরেচেতি**—(ৰি+রেচ্+এ) বিশোধিত করা; অবাঞ্ছিত পদার্থ বা ব্যক্তিবর্গ হতে বিমুক্ত করা; অভিযোগমুক্ত করা; (কোষ্ঠ) পরিষ্কার করানো; রেচন করানো। *aor* **ৰিরেচেসি**। *pp* **ৰিরেচিত**। *abs* **ৰিরেচেত্বা**।

**ৰিরোচতি**—(ৰি+রুচ্+অ) দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া; আলো দেওয়া; আলো বিকীর্ণ করা; অতিশয় উজ্জ্বল বা দীপ্তিমান হওয়া। *aor* **ৰিরোচি**। *prp* **ৰিরোচমান**। *abs* **ৰিরোচিত্বা**।

**ৰিরোচন**—আলোকন; উজ্জ্বলন; আলো-বিকিরণ।

**ৰিরোচেতি**—('ৰিরোচতি'র *caus*) আলোকিত করানো; জ্বালানো; উদাহরণ দ্বারা বা সম্বন্ধযুক্ত চিত্র দ্বারা ব্যাখ্যা করা; সাজানো। *aor* **ৰিরোচেসি**। *pp* **ৰিরোচিত**। *abs* **ৰিরোচেত্বা**।

**ৰিরোধ, ৰিরোধন**—প্রতিবাদ; প্রতিদ্বন্দ্বিতা; বাধাদান; অস্বীকার; পথরোধ।

**ৰিরোধেতি**—(ৰি+রুধ্+এ) শত্রুতা দেখানো; বিরোধিতা করা; বাধা প্রদান করা; প্রতিকূল কাজ করা। *aor* **ৰিরোধেসি**। *pp* **ৰিরোধিত**। *abs* **ৰিরোধেত্বা**।

**ৰিলগ্গ**—বিলগ্ন; গ্রথিত; বিদ্ধ করে আটকানো; আসঞ্জিত; সংশ্লিষ্ট আসক্ত; আবদ্ধ।

**ৰিলঙ্ঘতি**—(ৰি+লঘ্+ং-অ) লাফিয়ে বা ডিঙিয়ে পার হওয়া; ডিগবাজি খাওয়া।

**ৰিলঙ্ঘেতি**—(ৰি+লঘ্+ং-এ) (কারও বা কিছুর) উপরে ঝাঁপিয়ে পড়া; তীব্র তিরস্কার করা; বলাৎকার করা; অত্যাচার করা; যথাযথভাবে পালন না করা বা মেনে না চলা; অপব্যবহার বা অবমাননা করা; লঙ্ঘন করা; অমান্য করা। *pp* **ৰিলঙ্ঘিত**।

**ৰিলপতি**—(ৰি+লপ্+অ) (কিছুর জন্য) শোক করা বা আর্তনাদ করা; বিলাপ করা বা দুঃখ প্রকাশ করা; অনর্থক কিছু বলা। *aor* **ৰিলাপি**। *prp* **ৰিলাপন্ত; ৰিলাপমান**। *abs* **ৰিলাপিত্বা**।

**ৰিলম্বতি**—(ৰি+লম্ব+অ) দেরি করতে করতে চলা; ইতস্তত ঘোরাফেরা করা; দীর্ঘসূত্র হওয়া; বিলম্ব করা। *aor* **ৰিলম্বি**। *pp* **ৰিলম্বিত**। *abs* **ৰিলম্বিত্বা**।

**ৰিলম্বন**—দেরি করতে করতে চলন; ইতস্তত ঘোরাফেরা করণ; বিলম্ব করণ; ঝুলন।

**ৰিলম্বেতি**—(ৰি+লম্ব্+এ) বিদ্রূপ করা; উপহাস করা; ঠাট্টা করা; ভান করা। *pp* **ৰিলম্বিত**।

**ৰিলয**—বিলয়; বিগঠন; সংগঠনাদি ভেঙ্গে দেওন; শিথিলীকরণ; শিথিলীভবন; বিচ্ছেদ; মৃত্যু।

**ৰিলসতি**—(ৰি+লস্+অ) বরাবর দীপ্তি পাওয়া বা উজ্জ্বল হওয়া বা আলো দেওয়া বা আলো বিকীর্ণ করা; পরস্পর আদর বা সোহাগ করা; খেলা করা; খেলাধুলা করা; কৌতুক করা; আনন্দোৎসব করা। *aor* **ৰিলসি**।

**ৰিলসিত**—('ৰিলসতি'র *pp*) প্রাণচঞ্চল; চপল; উজ্জ্বল; হাসিখুশি; প্রফুল্ল; দীপ্তিমান; আলোকময়; জমকালো।

**ৰিলাপ**--দুঃখপ্রকাশ; আর্তনাদ; খেদোক্তি; শোকপ্রকাশ; আক্ষেপ।

**ৰিলাস**—শোভা; সৌন্দর্য; চেহারায় বা আচরণে

স্বাভাবিক মাধুর্য বা সৌষ্ঠব; চেহারা; বাহ্য অবস্থা বা রূপ; ছিনালি। **ৱিলাসিতা**—ছিনালি।

**ৱিলাসিনী**—সৌন্দর্যপ্রিয় মহিলা।

**ৱিলাসী**—সৌন্দর্যপ্রিয় পুরুষ।

**ৱিলিখতি**—(ৱি+লিখ্+অ) তাড়াতাড়ি লেখা; টেনে লেখা; ঘষে তুলে ফেলা; ঘষে মসৃণ করা বা পালিশ করা বা পরিষ্কার করা। *pp* **ৱিলিখিত।**

**ৱিলিত্ত**—('ৱিলিম্পতি'র *pp*) বিলিপ্ত; লেপন করা হয়েছে এমন।

**ৱিলিম্পতি**—(ৱি+লিপ্+ং-অ) আঠালো বা তৈলাক্ত পদার্থের প্রলেপ দেওয়া অথবা উক্ত পদার্থ মর্দন করা; লেপন করা।

**ৱিলিম্পেতি**—(ৱি+লিম্প্+এ) আঠালো বা তৈলাক্ত পদার্থের প্রলেপ দেওয়া অথবা উক্ত পদার্থ মর্দন করা; লেপন করা। *aor* **ৱিলিম্পেসি।** *prp* **ৱিলিম্পেন্ত।** *abs* **ৱিলিম্পেত্বা।**

**ৱিলীন**—('ৱিলীযতি'র *pp*) মিশ্রিত।

**ৱিলীযতি**—(ৱি+লী+য) দ্রবীভূত হওয়া বা করা; গাদা বা গলানো; একত্র মেশা বা মেশানো; দ্রবীভূত বা মিশ্রিত হওয়া; অদৃশ্য হওয়া বা করানো। *aor* **ৱিলীযি।** *prp* **ৱিলযমান।**

**ৱিলীযন**—দ্রবীভূত করানো; গলানো; একত্রে মেশানো; দ্রাবণ।

**ৱিলীৱ**—বাঁশের টুকরা বা ফালি; নল বা খাগড়ার টুকরা বা ফালি। **ৱিলীৱকার**—ঝুরি নির্মাতা।

**ৱিলুগ্গ**—('ৱিলুজ্জতি'র *pp*) ভগ্ন; ভাঙ্গা; চূর্ণ-বিচূর্ণকরণ বা হওন।

**ৱিলুত্ত**—('ৱিলুম্পতি'র *pp*) বিলুণ্ঠিত; লুণ্ঠিত; অপহৃত।

**ৱিলূন**—কর্তিত; বিচ্ছিন্ন।

**ৱিলেখ**—বিহ্বলতা; আঁচড়; সামান্য ক্ষত।

**ৱিলেপন**—মলম; সৌন্দর্যবর্ধক; কান্তিবর্ধক; অঙ্গরাগ; প্রসাধনকার্যে ব্যবহৃত সুগন্ধি বা সুগন্ধদ্রব্য।

**ৱিলেপিত**—('ৱিলেপেতি'র *pp*)।

**ৱিলেপেতি**—(ৱি+লিপ্+এ) (আনুষ্ঠানিকভাবে) তৈলাদি লেপন। *aor* ৱিলেপেসি। *abs* ৱিলেপেত্বা।

**ৱিলোকন**—দর্শন; অবলোকন; অনুসন্ধান; তদন্ত।

**ৱিলোকেতি**—(ৱি+লোক্+এ) দর্শন করা; তাকানো; অবলোকন করা; তদন্ত করা; অনুসন্ধান করা; তদন্ত করা। *aor* ৱিলোকেসি। *pp* ৱিলোকিত। *prp* ৱিলোকেন্ত, ৱিলোকযমান। *abs* ৱিলোকেত্বা।

**ৱিলোচন**—চক্ষু; চোখ।

**ৱিলোপ, ৱিলোপন**—লুটতরাজ; লুটের মাল; লুটপাট; ধ্বংস; বিনাশ। **ৱিলোপক**—লুটতরাজ বা লুটপাট করে এমন; ধ্বংস করে এমন।

**ৱিলোম**—বাধাদান; বিরোধিতাকরণ; প্রতিদ্বন্দ্বিতা-করণ; প্রতিবাদকরণ; বিবাদকরণ; বিরোধী হওন। **ৱিলোমতা**—বৈসাদৃশ্য; অমিল; মতভেদ; বিবাদ; অনৈক্য; অসামঞ্জস্য।

**ৱিলোমেতি**—('ৱিলোম' হতে *deno*) বিসদৃশ হওয়া; বেসুরো বা বেতালা হওয়া; ভিন্নমত বা অসম্মত হওয়া; বিরোধী হওয়া; বিবাদ করা; যুক্তি দেখানো; তর্ক করা; সত্যতা বা যথার্থতা প্রমাণের জন্য আহ্বান করা। *aor* **ৱিলোমেসি।** *abs* **ৱিলোমেত্বা।**

**ৱিলোলন**—আলোড়ন বা চঞ্চলকরণ; সক্রিয় বা উত্তেজিত করণ; নাড়ানো; চালানো।

**ৱিলোলেতি**—(ৱি+লুল+এ) আলোড়িত বা চঞ্চল করা বা হওয়া; সক্রিয় বা উত্তেজিত করা বা হওয়া; নাড়ানো বা নড়া; চালানো বা চলা; উপরে-নিচে বা এদিকে-ওদিকে দ্রুত ঝাঁকানি খাওয়া অথবা ঝাঁকানি দেওয়া; আন্দোলিত হওয়া বা করা; নড়া বা নড়ানো।

**ৱিৱজ্জন**—বিবর্জন; বর্জন; ত্যাগ; পরিত্যাগ; ক্ষান্তি; সমর্পণ; বিরতি; পরিহার।

**ৱিৱজ্জেতি**—(ৱি+বজ্জ্+এ) পরিহার করে চলা; এড়ানো; পরিত্যাগ করে যাওয়া; ছেড়ে দেওয়া; ক্ষান্তি দেওয়া; সমর্পণ করা; ফেলে যাওয়া। *aor* **ৱিৱজ্জেসি।** *pp* **ৱিৱজ্জিত।** *prp* **ৱিৱজ্জেন্ত।** *abs* **ৱিৱজ্জেত্বা, ৱিৱজ্জিয।**

**ৱিৱট**—('ৱিবরতি'র *pp*) খোলা; উন্মুক্ত; মুক্ত; প্রকট; অনাবৃত; অনাচ্ছাদিত।

**ৱিৱট্ট**—বিবর্ত; ঘূর্ণন; বিশেষরূপে স্থিতি; পরিবর্ত; পরিবর্তিত রূপ; পুনর্জন্মের ক্ষমতা-হস্তান্তর। **ৱিৱট্টকপ্প**—বিবর্তকল্প; উদীয়মান যুগ; ঊর্ধ্বগ মহাকালের শক্তি।

**ৱিৱট্টতি**—(ৱি+বট্+অ) পেছন ফেরা; আবর্তিত করা বা হওয়া; চক্রাকারে ঘোরানো বা ঘোরা; পুনরারম্ভ করা। *aor* **ৱিৱট্টি।** *pp* **ৱিৱট্টিত।** *abs* **ৱিৱট্টিত্বা।**

**ৱিৱট্টন**—বিবর্তন; ঘূর্ণন; প্রত্যাবর্তন; পরিবর্তন।

**ৱিৱট্টেতি**—(ৱি+বট্+এ) পেছন ফেরা; আবর্তিত করা; চক্রাকারে ঘোরা; সরানো বা ভিন্নমুখ করা; অন্যদিকে চালিত করা; ধ্বংস করা। *aor* ৱিৱট্টেসি। *pp* ৱিৱট্টিত। *abs* ৱিৱট্টেত্বা।

**ৱিৱণ্ণ**—বিবর্ণ; বর্ণ বিকৃত হয়েছে এমন; মলিন।

**ৱিৱণ্ণেতি**—(ৱি+বণ্ণ্+এ) মর্যাদাহানি করা; অসম্মান করা; নিন্দা করা; মানহানি করা; কুৎসা করা। *aor*

ৰিৰণ্ণেসি। *pp* ৰিৰণ্ণিত। *abs* ৰিৰণ্ণেত্বা।

**ৰিৰদতি**—(ৰি+বদ্+অ) যুক্তি দেখানো; তর্ক করা; সত্যতা বা যথার্থতা প্রমাণের জন্য আহ্বান করা; খুঁতখুঁত করা; ঝগড়া করা; বিবাদে মগ্ন হওয়া; ভিন্নমত প্রকাশ করা। *aor* ৰিৰদি। *prp* ৰিৰদন্ত, ৰিৰদমান। *abs* ৰিৰদিত্বা।

**ৰিৰদন**—বিতর্ক; বাদানুবাদ; বিতর্কানুশীলন।

**ৰিৰর**—ছিদ্র; গর্ত; গহ্বর; ফাট; চিড়; ফাটল; ত্রুটি; খুঁত।

**ৰিৰরণ**—ফাঁক; ফাটল; ছিদ্র; উন্মোচন; প্রকটন; রহস্যোদ্‌ঘাটন; ব্যক্তকরণ; প্রকাশকরণ; ফাঁসকরণ; প্রকটিতকরণ।

**ৰিৰরতি**—(ৰি+বর্+অ) খোলা; উন্মুক্ত করা; উন্মোচন করা; অনাবৃত করা; প্রকট করা; প্রকটিত করা; ব্যক্ত করা; বিশ্লেষণ করা। *aor* ৰিৰরি। *pp* ৰিৰট। *prp* ৰিৰরন্ত, ৰিৰরমান। *abs* ৰিৰরিত্বা। *inf* ৰিৰরিতুং।

**ৰিৰাদ**—বিতর্ক; বাদানুবাদ; কলহ; ঝগড়া; তর্ক; যুক্তি; বিরোধ; মতবিরোধ। **ৰিৰাদক**—যে বিবাদ করে বা বাদানুবাদ করে বা কলহ করে।

**ৰিৰাহ**—পরিণয়; পাণিগ্রহণ; বিয়ে। **ৰিৰাহমঙ্গল**—বিবাহ অনুষ্ঠান।

**ৰিৰিচ্চ**—দূরে বা দূরবর্তী; একান্তে বা একান্তে স্থিত; পৃথকভাবে বা পৃথক।

**ৰিৰিত্ত**—বিবিক্ত; নির্জন; একাকী; অসম্পৃক্ত; শুদ্ধ; নির্দোষ। **ৰিৰিত্ততা**—বিবিক্ততা; স্বাতন্ত্র্য; নিঃসঙ্গতা; নির্জনতা।

**ৰিৰিধ**—নানাপ্রকার; নানা; বিভিন্ন; কতিপয়; একাধিক।

**ৰিৰেক**—বন্ধনমুক্তি; বিচ্ছিন্নতা; আসঞ্জন; স্বাতন্ত্র্য; নিঃসঙ্গতা; নির্জনতা; বিচার; সদসদ্‌জ্ঞান; ধর্মাধর্মবোধ।

**ৰিৰেচন**—পার্থক্য লক্ষ্যকরণ; পার্থক্য বিচারকরণ; সমালোচনা।

**ৰিৰেচেতি**—(ৰি+ৰিচ্+এ) পৃথক করা; পার্থক্য লক্ষ করা; পার্থক্য বিচার করা; বিবেচনা করা; প্রভেদ করা; বেছে নেওয়া; সমালোচনা করা। *aor* ৰিৰেচেসি। *pp* ৰিৰেচিত। *abs* ৰিৰেচেত্বা।

**ৰিস**—বিষ; সর্পবিষ; গরল; বিদ্বেষ; বিদ্বেষপূর্ণ বাক্য। **ৰিসকন্টক**—বিষকণ্টক; ১ বিষ-কাঁটা। ২ একজাতীয় চিনি। **ৰিস-পীত**—বিষে চোবানো। **ৰিস-রুক্খ**—বিষবৃক্ষ। **ৰিস-ৰেজ্জ**—বিষ-বৈদ্য; যে চিকিৎসক বিষ উপশম করে। **ৰিস-সল্ল**—বিষাক্ত বাণ।

**ৰিসঞ্ঞ, ৰিসঞ্ঞী**—সংজ্ঞাহীন; অচৈতন্য।

**ৰিসট, ৰিসত**—('ৰিসরতি'র *pp*) প্রসারিত; বিস্তৃত; বিকীর্ণ; বিকশিত; পরিব্যাপ্ত; ছড়ানো।

**ৰিসতি**—'পৰিসতি' দেখুন।

**ৰিসত্ত**—বিশ্বস্ত; কঠোরভাবে আসক্ত; সংশ্লিষ্ট।

**ৰিসত্তিকা**—বিশ্বস্ততা; আসক্তি; সনির্বন্ধ প্রার্থনা; মিনতি; আকুল কামনা।

**ৰিসদ**—বিশদ; পরিষ্কার; নির্দোষ; স্পষ্ট। **ৰিসদ-কিরিযা**—স্বচ্ছকরণ। **ৰিসদতা, ৰিসদভাৰ**—বিশুদ্ধতা; স্বচ্ছতা; সাবলীলতা।

**ৰিসপ্পন**—প্রতিদ্বন্দ্বিতা; প্রতিযোগিতা; সংগ্রাম।

**ৰিসভাগ**—বিসদৃশ; পৃথক; ভিন্নরূপ; নানা; বিপরীত; বিরুদ্ধ; অসঙ্গত; অসাধারণ।

**ৰিসম**—বিষম; অসম; অসমান; অসমকক্ষ; ঐক্যহীন; অসঙ্গতিপূর্ণ; বিরোধী; বেসুরো; বেতালা।

**ৰিসয**—বিষয়; স্থান; অঞ্চল; অবস্থান; ধর্ম; সমাজের অংশ; অধিকার; এলাকা; কর্মক্ষেত্র; পারিপার্শ্বিক অবস্থা; লক্ষ্য; উদ্দেশ্য; অভিপ্রায়; লক্ষ্যবস্তু; সামগ্রী; সুযোগ; ইন্দ্রিয়গত আনন্দ; প্রতিষ্ঠা; অবস্থা; অবস্থান।

**ৰিসয্হ**—বহনীয়; ধারণীয়; সহনীয়; সম্ভব; সম্ভাব্য; সাধ্য; সাধ্যগত।

**ৰিসল্ল**—বিশল্য; শল্যহীন; ব্যথাশূন্য; শল্য-অপসারিত।

**ৰিসহতি**—(ৰি+সহ্+অ) সমর্থ হওয়া; সাহসী হওয়া; সাহস করা; ঝুঁকি নেওয়া। *aor* ৰিসহি। *prp* ৰিসহমান।

**ৰিসংযুত্ত**—বিসংযুক্ত; বিযুক্ত; যোয়ালমুক্ত; (কিছু হতে) বিচ্ছিন্ন বা অপসারিত।

**ৰিসংযোগ**—অসংযোগ; সুসম্বদ্ধতাহীনতা; (কিছু হতে) বিচ্ছিন্নতা।

**ৰিসংৰাদ**—প্রতারণাকরণ; প্রবঞ্চনাকরণ; ইচ্ছাকৃত মিথ্যাভাষণ। **ৰিসংৰাদক**—অবিশ্বস্ত; আস্থা স্থাপনের অযোগ্য; অবিশ্বাসী; অনির্ভরযোগ্য। **ৰিসংৰাদন**—মিথ্যাবাদিতা।

**ৰিসংৰাদেতি**—(ৰি+সং+বদ্+এ) প্রতারণা করা; প্রবঞ্চনা করা; ইচ্ছাপূর্বক মিথ্যা বলা; (কারও) কথা ভঙ্গ করা। *aor* ৰিসংৰাদেত্বা।

**ৰিসংসট্ঠ**—অসংশ্লিষ্ট; অসম্বন্ধযুক্ত।

**ৰিসঙ্কিত**—শঙ্কিত; সন্দিগ্ধ; সন্দেহজনক; শঙ্কাপ্রাপ্ত।

**ৰিসঙ্খার**—বিসংস্কার; সকল আধিভৌতিক পদার্থ বা বস্তু পরিত্যাগকরণ।

**ৰিসঙ্খত**—(ৰিসঙ্খরোতি'র *pp*) বিসংস্কৃত; বিনাশপ্রাপ্ত; ধ্বংসপ্রাপ্ত।

**ৱিসাখা**—বিশাখা; বৃহৎ চান্দ্র-বাসভবনের নাম বিশেষ; বুদ্ধের একান্ত শ্রদ্ধাবতী উপাসিকা বিশেষ।

**ৱিসাণ**—বিষাণ; শিং। **ৱিসাণময**—শৃঙ্গে প্রস্তুত; শিঙের তৈরি।

**ৱিসাদ**—বিষাদ; নিরানন্দ; মনমরা ভাব; নিরুৎসাহ।

**ৱিসারদ**—বিশারদ; আত্ম-অধিকারী; দৃঢ়বিশ্বাসী; পূর্ণ আস্থাবান; দক্ষ।

**ৱিসাল**—বিশাল; বড়; বৃহৎ; চওড়া; বিস্তৃত; ব্যাপক; স্তূপাকার; ভারী। **ৱিসালক্খী**—যে মহিলার চক্ষু বড়। **ৱিসালতা, ৱিসালত্ত**—বিশালতা; বিশালত্ব; ব্যাপকতা।

**ৱিসিখা**—শান-বাঁধানো রাস্তা।

**ৱিসিট্ঠ**—বিশিষ্ট; স্বতন্ত্র; সম্মানিত; মহান; অস্বাভাবিক। **ৱিসিট্ঠতর**—অধিকতর বিশিষ্ট বা নামজাদা।

**ৱিসিব্বেতি**—(ৱি+সিব্+এ) অসীবন করা; অ-সেলাই করা; নিজে নিজে কৌতূহলী করা বা উত্তেজিত করা বা উদ্দীপ্ত করা বা প্রাণবন্ত করা। *aor* **ৱিসিব্বেসি**। *abs* **ৱিসিব্বেত্বা**।

**ৱিসীদতি**—(ৱি+সদ্+অ); নিচু হওয়া বা করানো; পদাবনত হওয়া বা করানো; অবনতিপ্রাপ্ত হওয়া বা অবনতি ঘটানো; নিরানন্দ হওয়া; মনমরা হওয়া। *aor* **ৱিসীদি**।

**ৱিসীদন**—নিচু হওন; পদাবনত হওন; অবনতিপ্রাপ্ত হওন; নিরানন্দ হওন; মনমরা হওন।

**ৱিসীৱন**—নিজে নিজে কৌতূহলী করণ বা উত্তেজিত করণ বা উদ্দীপিত করণ বা প্রাণবন্ত করণ।

**ৱিসীৱেতি**—(ৱি+সিব্+এ) নিজে নিজেকে উদ্দীপিত করা। *aor* **ৱিসীৱেসি**। *prp* **ৱিসীৱেন্ত**। *abs* **ৱিসীৱেত্বা**।

**ৱিসুজ্ঝতি**—(ৱি+সুধ্+য) নির্মল বা বিশুদ্ধ বা পবিত্র হওয়া। *aor* **ৱিসুজ্ঝি**। *prp* **ৱিসুজ্ঝমান**। *abs* **ৱিসুজ্ঝিত্বা**।

**ৱিসুদ্ধ**—('ৱিসুজ্ঝতি'র *pp*) নির্মল; বিশুদ্ধ; পবিত্র; উজ্জ্বল; দাগশূন্য; বেদাগ; নিষ্কলঙ্ক; পবিত্রীকৃত। **ৱিসুদ্ধতা, ৱিসুদ্ধত্ত**—বিশুদ্ধতা; বিশুদ্ধত্ব; পবিত্রতা; নির্মলতা।

**ৱিসুদ্ধি**—বিশুদ্ধি; পূতি; পবিত্রতা; উজ্জ্বল দীপ্তি; অত্যুৎকর্ষ; পরমোৎকর্ষ; মহত্ত্ব। **ৱিসুদ্ধিদেৱ**—পবিত্রপুরুষ; পবিত্র ব্যক্তি; মহৎ ব্যক্তি। **ৱিসুদ্ধিমগ্গ**—বিশুদ্ধিমার্গ; পবিত্রতা অর্জন করার পথ।

**ৱিসুং**—পৃথকভাবে; আলাদাভাবে; স্বতন্ত্ররূপে; এককভাবে; ব্যক্তিগতভাবে; স্বগত। **ৱিসুংকরণ**—বিচ্ছিন্নতা; সংযোগচ্যুতি। **ৱিসুংকত্বা**—বিচ্ছিন্ন অবস্থাপ্রাপ্ত হয়ে।

**ৱিসূক**—মোচড়; নিঙড়ানি; প্রদর্শন; প্রদর্শনী; দৃশ্য; চিত্তবিনোদনার্থ আমোদ-প্রমোদ। **ৱিসূকদস্সন**—আমোদা-প্রমোদ দেখতে আগমন বা গমন।

**ৱিসূচিকা**—কলেরা; ওলাওঠা রোগ।

**ৱিসেস**—১ বিশেষ; বৈশিষ্ট্য; বৈশিষ্ট্যসূচক চিহ্ন বা আচরণ; পার্থক্য; স্বাতন্ত্র্য। ২ সাফল্য; সিদ্ধি; অর্জিত গুণ বা বিদ্যা; অধিগত বিদ্যা; **ৱিসেসক**—বিশেষক; বৈশিষ্ট্য জ্ঞাপক। **ৱিসেসগামী**—বিশেষগামী; বৈশিষ্ট্যে গমনকারী। **ৱিসেসভাগিয**—বিশেষ ভাগিয়; সাফল্যে পরিচালক। **ৱিসেসাধিগম**—বৈশিষ্ট্যদায়ক বা স্বাতন্ত্র্যদায়ক অধিগত গুণ।

**ৱিসেসতা**—বিশেষত্ব; বৈশিষ্ট্য।

**ৱিসেসতো**—বিশেষত; স্বাতন্ত্র্যসূচকরূপে; পার্থক্যসূচকভাবে; বৈশিষ্ট্যসূচকভাবে; সর্বেতোভাবে; সম্পূর্ণভাবে।

**ৱিসেসন**—বিশেষণ; বৈশিষ্ট্য; আরোপিত অঙ্গ গুণ ধর্ম অংশ ক্রিয়া লক্ষণ প্রভৃতি; বিশেষণ পদ।

**ৱিসেসিয, ৱিসেসিতব্ব**—গুণসম্পন্ন যোগ্য যোগ্যতাসম্পন্ন অথবা যথাযথভাবে নির্ধারিত হওয়া।

**ৱিসেসী**—বৈশিষ্ট্যধারী; যে গুণসম্পন্ন যোগ্যতাসম্পন্ন হয়।

**ৱিসেসেতি**—(ৱি+সিস্+এ) গুণসম্পন্ন হওয়া; যোগ্যতাসম্পন্ন হওয়া; যথাযথভাবে স্থির করা বা নির্ধারণ করা; বৈশিষ্ট্য প্রদান করা। *aor* **ৱিসেসেসি**। *pp* **ৱিসেসিত**। *abs* **ৱিসেসেত্বা**।

**ৱিসোক**—দুঃখ বা দুর্দশা বা তীব্র শোক বা মর্মযন্ত্রণা হতে মুক্ত।

**ৱিসোধন**—সাফকরণ; পরিষ্কারকরণ; বিশোধন; বিশুদ্ধকরণ; পবিত্রকরণ।

**ৱিসোধেতি**—(ৱি+সুধ্+এ) পরিষ্কার করা; বিশুদ্ধ করা; পবিত্র করা। ৱিসোধেসি। *pp* **ৱিসোধিত**। *prp* **ৱিসোধেন্ত**। *abs* ৱিসোধেত্বা, ৱিসোধিয।

**ৱিসোসেতি**—(ৱি+সুস্+এ) সম্পূর্ণ শুষ্ক করা বা শুষ্ক হওয়া; সম্পূর্ণ শুকানো; বিবর্ণ করা বা শুকিয়ে যাওয়ানো। *aor* ৱিসোসেসি। *pp* **ৱিসোসিত**। *prp* **ৱিসোসেন্ত**। *abs* **ৱিসোসেত্বা**।

**ৱিস্সগন্ধ**—কাঁচা মাংসের গন্ধের ন্যায় যে গন্ধ।

**ৱিস্সগ্গ**—বিসর্গ; বিসর্জন; উৎসর্গ; দান; বণ্টন।

**ৱিস্সজ্জক**—বিতরণকারী; বণ্টনকারী; প্রশ্নোত্তর-দানকারী; পরিবেশক।

**ৱিস্‌সজ্জন**—বিসর্জন; প্রদান; নিবাসন; স্থাপন; যাত্রাস্থলে গিয়ে বিদায় সম্ভাষণ জ্ঞাপন; ভারমুক্তকরণ; উত্তর; ব্যয়। **ৱিস্‌সজ্জনক**—উত্তরদান; প্রদান; ব্যয়করণ।

**ৱিস্‌সজ্জনীয, ৱিস্‌সজ্জিতব্ব, ৱিস্‌সজ্জিয**—বিসর্জনীয়; বিতরণীয়; সাড়া-দাতব্য।

**ৱিস্‌সজ্জেতি**—(ৱি+সজ্জ্‌+এ) সাড়া দেওয়া; বিতরণ করা; বণ্টন করা; যাত্রাস্থলে গিয়ে বিদায় সম্ভাষণ জানানো; ব্যয় করা; খরচ করা; ফুরিয়ে ফেলা; (ভার বা দায়িত্ব হতে) নিষ্কৃতি বা অব্যাহতি পাওয়া; নিক্ষেপ করা; নির্গত করা; মুক্ত করা; বন্ধনহীন করা। *prp* **ৱিস্‌সজ্জেন্ত**।

**ৱিস্‌সট্‌ঠ**—('ৱিস্‌সজ্জেতি'র *pp*) বিদায় সম্ভাষণ-জ্ঞাত; প্রেরিত; সাড়া দেওয়া হয়েছে এমন।

**ৱিস্‌সট্‌ঠি**—প্রেরণ; নিক্ষেপ; নির্গত করণ; কথন; নিক্ষিপ্ত বা নির্গত বস্তু; উক্তি; মুক্তি।

**ৱিস্‌সত্থ**—('ৱিস্‌সসতি'র *pp*) বিশ্বস্ত; দৃঢ়বিশ্বাসী; পূর্ণ আস্থাবান; নিশ্চিত; ঘনিষ্ঠ; অন্তরঙ্গ; বন্ধুতুল্য; বন্ধুত্বপূর্ণ; প্রীতিপূর্ণ।

**ৱিস্‌সন্দ, ৱিস্‌সন্দন**—কিছুর উপর দিয়ে প্রবহন বা প্রবাহিত বস্তু; অতি প্রাচুর্য; মৃদু প্রবাহ; ধীরে ধীরে বা ফোঁটায় ফোঁটায় ঝরন বা ক্ষরণ।

**ৱিসন্দতি**—(ৱি+সন্দ্‌+অ) বয়ে চলা; (কিছুর) উপর দিয়ে প্রবাহিত হওয়া; অধিপ্রবাহিত হওয়া; প্লাবিত করা। *aor* **ৱিস্‌সন্দি**। *pp* **ৱিস্‌সন্দিত**। *prp* **ৱিস্‌সন্দমান**। *abs* **ৱিস্‌সন্দিত্বা**।

**ৱিস্‌সমতি**—(ৱি+সম্‌+অ) বিশ্রাম করা; বিশ্রামার্থ স্থাপন করা বা দেওয়া; বিশ্রাম দেওয়া; মানসিক বা শারীরিক শ্রান্তি বা পরিশ্রম বা অবসাদ হতে উদ্ধার করা অথবা মুক্ত করা। *aor* **ৱিস্‌সমি**। *prp* **ৱিস্‌সমন্ত**। *abs* **ৱিস্‌সমিত্বা**।

**ৱিস্‌সন্ত**—('ৱিস্‌সমতি'র *pp*) শ্রান্ত; বিশ্রামপ্রাপ্ত; জলযোগ-গৃহীত।

**ৱিস্‌সর**—নিদারুণ বেদনা বা যন্ত্রণায় উচ্চৈঃস্বর বা চিৎকার।

**ৱিস্‌সরতি**—(ৱি+সর্‌+অ) বিস্মরণ হওয়া; বিস্মৃতি হওয়া; ভুলে যাওয়া। *aor* **ৱিস্‌সরি**। *pp* **ৱিস্‌সরিত**। *abs* **সিৱ্‌সরিত্বা**।

**ৱিস্‌সসতি**—(ৱি+সস্‌+অ) বিশ্বাস করা; আস্থা রাখা; বন্ধুত্ব স্থাপন করা। *aor* **ৱিস্‌সসসি**। *pp* **ৱিস্‌সত্থ**। *prp* **ৱিস্‌সসন্ত**। *abs* **ৱিস্‌সসিত্বা**।

**ৱিস্‌সাস**—বিশ্বাস; প্রত্যয়; সত্য বলে জ্ঞান; আস্থা; নির্ভর। **ৱিস্‌সাসক, ৱিস্‌সাসিক, ৱিস্‌সাসী**—অন্তরতম; অন্তরঙ্গ; গুপ্ত; বিশ্বাসী ও গুপ্ত; বিশ্বস্ত; আস্থা স্থাপনের যোগ্য; নির্ভরযোগ্য।

**ৱিস্‌সাসনীয**—বিশ্বাসী; বিশ্বস্ত; আস্থা স্থাপনের যোগ্য; নির্ভরযোগ্য; গুপ্ত; বিশ্বাসী ও গুপ্ত।

**ৱিস্‌সুত**—বিশ্রুত; প্রখ্যাত; প্রসিদ্ধ; যশস্বী; খ্যাতিমান; খ্যাত।

**ৱিহগ, ৱিহঙ্গম**—পক্ষী; পাখি।

**ৱিহঞ্ঞতি**—(ৱি+হন্‌+য) জ্বালাতনপ্রাপ্ত হওয়া; বিক্ষুব্ধ হওয়া; দুঃখপ্রাপ্ত হওয়া; শোকপ্রাপ্ত হওয়া; কষ্টভোগ করা। *aor* **ৱিহঞ্ঞি**। *prp* **ৱিহঞ্ঞমান**।

**ৱিহত**—('ৱিহনতি'র *pp*)। ১ হত; নিহত; বিনষ্ট। ২ চিরুনি দিয়ে আঁচড়ানো।

**ৱিহনতি**—(ৱি+হন্‌+অ) হনন করা; হত্যা করা; নিহত করা; বিনাশ করা; খতম করা। *aor* **ৱিহনি**। *abs* **ৱিহন্ত্বা, ৱিহনিত্বা**।

**ৱিহরতি**—(ৱি+হর্‌+অ) বিহার করা; বাস করা; বসবাস করা; থাকা; অবস্থান করা; কিছুকালের জন্য বাস করা। *aor* **ৱিহার**। *prp* **ৱিহরন্ত, ৱিহরমান**। *abs* **ৱিহরিত্বা**।

**ৱিহায**—('ৱিজহতি'র *abs*) পরিত্যক্ত হয়ে; ছলিত হয়ে; প্রতারিত হয়ে।

**ৱিহার**—বাস; আবাস; বাসস্থান; অবস্থান; জীবনপ্রণালি বা ধরন বা পন্থা; সময় ক্ষেপণ।

**ৱিহারিক, ৱিহারী**—অবস্থানকারী বা অস্থায়ী বসবাসকারী; আবাসিক বা অস্থায়ী বসবাসকারী হয়ে।

**ৱিহিংসতি**—(ৱি+হিংস্‌+অ) বেদনা বা যন্ত্রণা দেওয়া; আহত বা ক্ষত করা; ক্ষতিসাধন করা; আঘাত করা; (কারও প্রতি) অন্যায় করা; জ্বালাতন করা; বিরক্ত করা। *aor* **ৱিহিংসি**। *prp* **ৱিহিংসন্ত**। *abs* **ৱিহিংসিত্বা**।

**ৱিহিংসনা, ৱিহিংসা**—নিষ্ঠুরতা; নৃশংসতা; নির্মমতা; নির্দয়তা; অন্যায়সাধন; ক্ষতি; আঘাত; ক্ষতি-সাধন। **ৱিহিংসাৱিতক্ক**—ক্ষতিকর চিন্তা; অপকারী ভাবনা।

**ৱিহিত**—('ৱিদহতি'র *pp*) বিধিসম্মত; উচিত; অনুষ্ঠিত; যথোচিত ব্যবস্থা।

**ৱিহীন**—('ৱিহাযতি'র *pp*) বর্জিত; ত্যক্ত; হ্রাসপ্রাপ্ত।

**ৱিহেঠক**—হয়রানকারী; নাকালকারক; অভিভূত-কারক; উৎপীড়ক; বিরক্তিকর। **ৱিহেঠক-জাতিক**—হয়রান বা নাকাল করণে অভ্যস্ত।

**ৱিহেঠন**—পীড়ন; উৎপীড়ন। **ৱিহেঠনক**—অনিষ্টকারী বা অনিষ্টকারক।

**ৱিহেঠিযমান**—পীড়িত বা উৎপীড়িত হয়ে অথবা হয়রান বা নাকাল হয়ে।

**ৱিহেঠেতি**—(ৱি+হেঠ্‌+এ) হয়রান করা; জ্বালাতন করা; বিক্ষুব্ধ করা; খেপানো; মুশকিল করা; অসুবিধায় ফেলা। *aor* **ৱিহেঠেসি**। *pp* **ৱিহেঠিত**। *prp* **ৱিহেঠেন্ত**। *abs* **ৱিহেঠেত্বা**।

**ৱিহেসক**—জ্বালাতনকর; বিক্ষুব্ধকারক; হয়রানকারী; নাকালকারী।

**ৱিহেসা**—গোলমাল; হয়রানি; বিক্ষোভ; জ্বালাতন; বিরক্তি; বিরক্তির কারণ; উৎপাত; আঘাত; অন্যায়।

**ৱিহেসিযমান**—('ৱিহেঠিযমান' দেখুন)।

**ৱিহেসেতি**—(ৱি+হিস্‌+এ) 'বিহেঠেতি' দেখুন।

**ৱীচি**—তরঙ্গ; ঢেউ; মধ্যবর্তী সময় বা স্থান; বিরামকাল; অন্তর।

**ৱীজতি**—(ৱীজ্‌+অ) পাখার বাতাস দিয়ে ঠাণ্ডা করা বা জ্বালানো; পাখা দিয়ে বাতাস করা। *aor* **ৱীজি**। *pp* **ৱীজিত**। *abs* **ৱীজেত্বা**। *prp* **ৱীজযমান**।

**ৱীজন**—পাখা দিয়ে বাতাসকরণ।

**ৱীজনী**—পাখা।

**ৱীজিযমান**—পাখার বাতাস করা হচ্ছে এমন।

**ৱীজেতি**—(ৱিজ্‌+এ) পাখার বাতাস করা। *aor* **ৱীজেসি**। *prp* **ৱীজেন্ত**। *abs* **ৱীজেত্বা**।

**ৱীণা**—তন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্র। **ৱীণাদণ্ডক**—বীণাযন্ত্রের গলা। **ৱীণাদোনি**—বীণার শব্দ-উৎপাদক কাষ্ঠ-ফলক; বীণাদ্রোণি। **ৱীণা ৱাযন**—বীণা বাদন; বীণা বাজানো।

**ৱীত**—(বিগত); অতীত; অপগত; নিবৃত্ত। **ৱীতকাম**—যার কামনা দূর হয়েছে। **ৱীত ৱাযিত**—বুনিত। **ৱীতচ্চিক**—শিখাহীন; প্রখর দীপ্তিপূর্ণ; প্রদীপ্ত; উজ্জ্বল। **ৱীতগেধ**, **ৱীত-তণ্হ**—আকুল আকাঙ্ক্ষা বা অর্থগৃধ্নুতাবিহীন অথবা মিনতি বা আকুল কামনাবিহীন। **ৱীতমল**—নিষ্কলঙ্ক। **ৱীতমোহ**—অজ্ঞানতা বা অবিদ্যাহীন। **ৱীতরাগ**—আবেগশূন্য; নিরাবেগ; সাধু; সাধুসন্ত।

**ৱীতিক্কম**—পাপকর্ম; পাপ; আইন শর্ত শাস্ত্রীয় নির্দেশ লঙ্ঘন।

**ৱীতিক্কমতি**—(ৱি+অতি+কম্‌+অ) (আইন শর্ত শাস্ত্রীয় নির্দেশ প্রভৃতি) ভঙ্গ করা; লঙ্ঘন করা; অতিক্রম করে বা ছেয়ে যাওয়া। *aor* **ৱীতিক্কমি**। *pp* **ৱীতিক্কন্ত**। *prp* **ৱীতিক্কমন্ত**। *abs* **ৱীতিক্কমিত্বা**।

**ৱীতিনামেতি**—(ৱি+অতি+নম্‌+এ) কাল হরণ করা; সময় কাটানো; প্রতীক্ষা করা; অপেক্ষা করা। *aor* **ৱীতিনামেসি**। *pp* **ৱীতিনামিত**। *abs* **ৱীতিনামেত্বা**।

**ৱীতিৱত্ত**—('ৱীতিৱত্ততি'র *pp*) অগ্রসর হয়ে; অতিবাহিত করে; জয় করে; পরাস্ত করে।

**ৱীতিৱত্তেতি**—(ৱি+অতি+বত্‌+এ) জয় করা; পরাস্ত করা; দমন করা; সময় অতিবাহিত করা। *aor* **ৱীতিৱত্তেসি**। *pp* **ৱীতিৱত্তিত**। *abs* **ৱীতিৱত্তেত্বা**।

**ৱীতিহরণ**, **ৱীতিহার**—পদক্ষেপ-বিনিময়; হটন ধাবন বা নর্তনের সময়ের পদবিন্যাস বিনিময়; দীর্ঘ পদক্ষেপ; দুইয়ের মধ্যে বা ফাঁকে ফাঁকে বহন।

**ৱীতিহরতি**—(ৱি+অতি+হর্‌+অ) হাঁটা; দীর্ঘ পদক্ষেপে চলা। *aor* **ৱীতিহরি**। *abs* **ৱীতিহরিত্বা**।

**ৱীথি**—শান বাঁধানো রাস্তা; চলাচলের ফলে সৃষ্ট পথ। **ৱীথিচিত্ত**—পূর্ণজ্ঞানে অগ্রগমনের পথ বা প্রণালি।

**ৱীমংসক**—যিনি সযত্নে পরীক্ষা বা অনুসন্ধান করেন বা তদন্ত করেন।

**ৱীমংসন**, **ৱীমংসা**—গবেষণা; অনুসন্ধান; তদন্ত।

**ৱীমংসতি**—(মান্‌+স; 'মা' দ্বিত্ব হয়েছে এবং প্রথম 'মা' 'বী'তে পরিণত হয়েছে; দ্বিতীয় 'মা' হ্রস্ব হয়েছে) অনুসন্ধান করা; তদন্ত করা; পরীক্ষা করা; মনোযোগের সহিত ভাবা। *aor* **ৱীমংসি**। *pp* **ৱীমংসিত**। *prp* **ৱীমংসন্ত**। *abs* **ৱীমংসিত্বা**, **ৱীমংসিয**।

**ৱীমংসী**—অনুসন্ধানকারী; তদন্তকারী; পরীক্ষক।

**ৱীর**—সাহসী; দুঃসাহসী; নির্ভীক; বীরসুলভ; বীরোচিত; বীরত্বপূর্ণ; বীরপুরুষ।

**ৱীযতি**—(ৱা+ঈ+য) বুনিত হওয়া।

**ৱীসতি**—বিশ; কুড়ি। **ৱীসতিম**—বিংশতম ('ৱীসতি' কখন কখন 'বীসং' রূপ ধারণ করে, যেমন **ৱীংসরস্‌সসতিকা**)।

**ৱীহি**—ব্রীহি; ধান্য।

**ৱুচ্চতি**—(ৱচ্‌+য) কথিত হওয়া; বলা হওয়া। *prp* **ৱুচ্চমান**।

**ৱুট্‌ঠ**—('বস্‌সতি'র *pp*) বৃষ্টির দরুন সিক্ত বা ভিজা।

**ৱুট্‌ঠহতি**, **ৱট্‌ঠাতি**—(উ+ঠা+অ) উঠে দাঁড়ানো; উদ্ভূত বা উৎসারিত হওয়া; উত্থান করা; ওঠা; জাগ্রত হওয়া; উত্থিত হওয়া; নির্গত হওয়া; উৎপাদিত হওয়া। *aor* **ৱুট্‌ঠহি**, **ৱুট্‌ঠাসি**। *pp* **ৱুট্‌ঠিত**। *prp* **ৱুট্‌ঠন্ত**। *abs* **ৱুট্‌ঠহিত্বা**, **ৱুট্‌ঠায**।

**ৱুট্‌ঠান**—উত্থান; ওঠন।

**ৱুট্‌ঠাপেতি**—('ৱুট্‌ঠহতি'র *caus*) জাগানো; সক্রিয় করা; চঞ্চল করা; অন্যপথে সরা বা প্রস্থান করা; অন্যদিকে তাকানো; মুখ ফেরানো; বিন্যস্ত করা;

সাজিয়ে রাখা; প্রতিষ্ঠিত করা। *aor* বুট্‌ঠাপেসি। *pp* বুট্‌ঠাপিত। *abs* বুট্‌ঠাপেত্বা।

**বুট্‌ঠি**—বৃষ্টি। **বুট্‌ঠিক**—বৃষ্টি পেয়ে; বৃষ্টিলাভ করে।

**বুড্‌ঢ**—বৃদ্ধ; শ্রদ্ধেয়; প্রাচীন; প্রবীণ। **বুড্‌ঢতর**—বৃদ্ধতর; অধিকতর বৃদ্ধ, প্রবীণতর।

**বুড্‌ঢি**—বৃদ্ধি; ক্রমবৃদ্ধি; উন্নতি; ক্রমোন্নতি; সাফল্য; সৌভাগ্য।

**বুত্ত**—('বদতি'র *pp*) ব্যক্ত, কথিত; ('বপতি' হতে); বপিত অথবা ব্যক্ত বা কথিত। **বুত্তপ্পকার**—উপরোক্ত প্রকার প্রাপ্ত হয়ে। **বুত্তপ্পকারেন**—উল্লিখিত ব্যাখ্যা অনুসারে। **বুত্তবাদী**—কথিত অনুসারে কথা বলে এমন। **বুত্তসির**—মুণ্ডিত শিরে।

**বুত্তি**—বৃত্তি; প্রবৃত্তি; স্বভাব; আচরণ; মনের ধর্ম; জীবিকা। **বুত্তিক, বুত্তী**—অভ্যাস; রীতি বা প্রথা যার আছে এমন। **বুত্তিতা**—অবস্থা; শর্ত।

**বুত্থ**—('বসতি'র *pp*) বসবাস করত; সময় কাটিয়ে। **বুত্থবস্স**—বর্ষাঋতু অতিবাহিত করে।

**বুদ্ধ**—'বুড্‌ঢ' দেখুন।

**বুদ্ধি**—'বুড্‌ঢি' দেখুন। **বুদ্ধিপ্পত্ত**—বৃদ্ধিপ্রাপ্ত; বিবাহ করার বা পরিণয়সূত্রে আবদ্ধ হবার যোগ্য; পরিণত বয়স।

**বুয্‌হতি**—(বহ্‌+য) বাহিত হওয়া; ভেসে যাওয়া। *aor* বুয্‌হি। *pp* বুল্‌হ। *prp* বুয্‌হমান।

**বুয্‌হন**—ভাসন্ত; পরিবর্তনশীল সংখ্যাবিশিষ্ট।

**বুসিত**—('বসতি'র *pp*) বসবাস করেছিল এমন; সম্পাদিত; সংসাধিত; পূর্ণাঙ্গরূপে আগত। **বুসিতত্ত, বুসিতভাব**—বসবাস করা হয়ে থাকার প্রকৃত আবস্থা।

**বুস্‌সতি**—'বসতি'র *pass*।

**বূপকট্‌ঠ**—স্বতন্ত্র; নিঃসঙ্গ; নির্জন; নিরালা।

**বূপসন্ত**—(বূপসম্মতি'র *pp*) উপশান্ত; দমিত; শান্ত।

**বূপসম, বূপসমন**—উপশম; নিবৃত্তি; শান্তি; প্রশান্তি; ক্ষান্তি; বিরতি; সমাপ্তি।

**বূপসমেতি**—(বি+উপ+সম্‌+এ) শান্ত করা; তৃপ্ত করা; প্রশমিত করা; দমন করা; উপশম করা; হ্রাস করা; কমানো; ত্রাণ করা; মুক্ত করা; অব্যাহতি দেওয়া। *aor* বূপসমেসি। *pp* বূপসমিত। *prp* বূপসমেন্ত। *abs* বূপসমেত্বা।

**বূপসম্মতি**—(বি+উপ+সম্‌+য) শান্ত হওয়া; উপশমিত হওয়া; প্রশমিত হওয়া; নিরুপদ্রব হওয়া; নির্ঝঞ্ঝাট হওয়া; নিঃশেষিত হওয়া; লুপ্ত হওয়া।

**বূল্‌হ**—'বুয্‌হতি'র *pp*।

**বে**—(হাঁ সূচক অব্যয়) বাস্তবিকপক্ষে, প্রকৃতপক্ষে, সত্যই; খাঁটিভাবে; যথারূপে; আসলে; যথাযথভাবে; নির্ভুলভাবে; নিশ্চিতরূপে।

**বেকল্ল, বেকল্লতা**—অঙ্গবিকৃতি; বিকলাঙ্গতা; অসম্পূর্ণতা; অভাব; ত্রুটি; খুঁত।

**বেগ**—শক্তি; ক্ষমতা; জোর; কর্মশক্তি; বলবত্তা; দ্রুততা; দ্রুতি; বেগমাত্রা; আকস্মিক শক্তি; আবেগ; প্রেরণা।

**বেজয়ন্ত**—বৈজয়ন্ত; ইন্দ্রের প্রাসাদের নামবিশেষ।

**বেজ্জ**—বৈদ্য; চিকিৎসক, ডাক্তার। **বেজ্জকম্ম**—ডাক্তারি-চিকিৎসা।

**বেঠক**—(কিছুর মধ্যে) মুড়ে ফেলন বা জড়ানো।

**বেঠন**—যে মোড়ে বা জড়ায়; যা দিয়ে মোড়া বা জড়ানো হয়; কাগজের খাপ; শাল; আলোয়ান; পাগড়ি বা মস্তকের পোশাক।

**বেঠিযমান**—মোড়ানো বা জড়ানো হয়ে; পাক-দেওয়ানো বা পাক-খাওয়ানো হয়ে।

**বেঠেতি**—(বেহ্‌+এ) মুড়ে ফেলা; জড়ানো; পাক-খাওয়ানো; পাক-দেওয়ানো; মোড়া। *aor* বেঠেসি। *pp* বেঠিত। *prp* বেঠেন্ত। *abs* বেঠেত্বা।

**বেণ**—ঝুরি-নির্মাতা।

**বেণিক**—বীণাবাদক।

**বেণী**—বেণী; বিনুনি; বিনানো চুল। **বেণীকত**—বিনুনি করা; আঁটির একত্রে বন্ধ করা; আঁটি নির্মাণ।

**বেণু**—বাঁশ; বংশ। **বেণুগুম্ব**—বাঁশঝাড়। **বেণুবলি**—বাঁশের ভিতর দেয় কর। **বেণুবন**—বাঁশবন; বেণুবীথিকা।

**বেতন**—মাহিনা; মজুরি; কর্মের মূল্য; ভৃতি।

**বেতনিক**—মজুরির জন্য কাজ করে এমন; বেতন বিনিময়ে (সাময়িকভাবে) নিযুক্ত ভৃত্য; ভাড়াটে কর্মী বা সৈনিক; বেশ্যা।

**বেতরণী**—বৈতরণী; নদীর নামবিশেষ।

**বেতস**—বেতগাছ; নমনীয় শাখাযুক্ত বৃক্ষ।

**বেতালিক**—যার তাল ঠিক নয়; অপ্রাসঙ্গিক; বেখাপ; অনুপযুক্ত।

**বেতি**—(বি+ই+এ) (প্রধানত চাঁদ-সম্বন্ধে—ক্রমশ) ক্ষীণকায় বা ক্ষীণজ্যোতি হওয়া; (ক্ষমতা সমৃদ্ধি প্রগাঢ়তা ঔজ্জ্বল্য প্রভৃতি) হ্রাস পাওয়া; সমাপ্ত হয়ে বা শেষ হয়ে আসা; অদৃশ্য হওয়া।

**বেত্ত**—বেত্র; বেত; ক্ষুদ্র ডাল; পল্লব; ফেঁকড়ি। **বেত্তগ্গ**—বেতের কচি শাখা। **বেত্তলতা**—বেত্রলতা; বেতের লতা।

**বেদ**—ধর্মীয় আবেগ; অনুভূতি; সংবেদন; জ্ঞান; অনুমোদিত ধর্মীয় শিক্ষার ব্রাহ্মণ্য শাসন। **বেদগূ**—

সর্বোত্তম জ্ঞান অর্জন করেছেন এমন। **বেদজাত**—আনন্দে পরিপূর্ণ। **বেদন্তগূ, বেদপারগূ**—বেদজ্ঞানে যিনি শ্রেষ্ঠতর বা উৎকৃষ্টতর হন বা কৃতিত্ব অর্জন করেন।

**বেদক**—যে অনুভব করে বা উপলব্ধি করে; যে (শাস্তি বা যন্ত্রণা) ভোগ করে।

**বেদনট্ট**—যন্ত্রণাপ্রাপ্ত; উৎপীড়িত; দুর্দশাগ্রস্ত।

**বেদনা**—মানসিক বা শারীরিক যন্ত্রণা; মর্মযন্ত্রণা বা দৈহিক বেদনা; ইন্দ্রিয়ের মাধ্যমে চেতনা বা জ্ঞানলাভ; বেদন; সংবেদন। **বেদনাক্খন্ধ**—ইন্দ্রিয়ের মাধ্যমে চেতনার রাশি।

**বেদযিত**—অনুভূতি; উপলব্ধি; অভিজ্ঞতা।

**বেদি**—('বিদতি'র *aor*) জানা; জ্ঞান হওয়া; বুঝতে পারা।

**বেদিকা, বেদী**—বেদি; উচ্চভূমি; স্তূপাকৃতি ভিত্তি; মঞ্চ; পীঠ।

**বেদিত**—('বেদেতি'র *pp*)।

**বেদিযতি**—(বিদ্+ই+য) অনুভূত বা উপলব্ধ হওয়া; অভিজ্ঞতালব্ধ হওয়া। *prp* **বেদিযমান**।

**বেদেতি**—(বিদ+এ) অনুভব করা; উপলব্ধি করা; সম্যক অবধারণা করা; আন্দাজ করা; অনুমান করা; জ্ঞাত হওয়া; জানা। *aor* **বেদেসি**। *prp* **বেদেন্ত**। *abs* **বেদেত্বা**।

**বেদেহ**—বৈদেহ; বিদেহ রাজ্যের অধিবাসী।

**বেদেহীপুত্ত**—বিদেহ রাজকন্যার পুত্র।

**বেধ, বেধন**—বিদারণ; ভেদন; ভিতরে প্রবেশ করে এমন; বিদারক; ভেদক; তীক্ষ্ণ; তীব্র; বেদনাদায়ক; খোঁচাদায়ক; নিক্ষেপকারী; বেধক; ব্যাধি।

**বেধতি**—(বিধ্+অ) (ভয় শীত দুর্বলতা বাতাস ভূমিকম্প প্রভৃতিতে) কাঁপা বা কাঁপানো। *aor* **বেধি**। *pp* **বেধিত**।

**বেধী**—ক্ষেপণাস্ত্র গুলি গোলা বা অন্য অস্ত্রাদি যে ছোড়ে অথবা উহা তা ছুড়ে যে নিহত বা আহত করে; বন্দুক দিয়ে যে শিকার করে; যে আঘাত করে।

**বেনযিক**—১ সব কিছুতেই অবিশ্বাসী (তুলনীয় : রাশিয়ায় সর্বাত্মক ধ্বংসকামী এবং পুনর্গঠন-প্রয়াসী বিদ্রোহীদের মতবাদে বিশ্বাসী); বিনয়-বিশারদ।

**বেনেয্য**—শিক্ষা উপলব্ধি করণীয় বা অধিগত করণীয়; সহজে টানা যায় বা পরিচালনা করা যায় বা শেখানো যায় এমন; বাধ্য।

**বেপুল্ল, বেপুল্লতা**—পূর্ণ বৃদ্ধি; পূর্ণ উদ্ভিদ; পূর্ণ উন্নয়ন; প্রয়োজনাধিক পরিমাণ; পরম প্রাচুর্য; আধিক্য।

**বেভঙ্গিয**—বিভাজিত বা বণ্টিত হওয়ার যোগ্য।

**বেম**—কাপড় বোনার মাকু।

**বেমজ্ঝ**—মধ্য; মধ্যস্থল; কেন্দ্র।

**বেমতিক**—সন্দেহজনক।

**বেমত্ত, বেমত্ততা**—বৈসাদৃশ্য; পার্থক্য; মতভেদ; বিবাদ; স্বাতন্ত্র্য; বৈশিষ্ট্য; ব্যক্তিত্ব।

**বেমাতিক**—বৈমাত্র; বৈমাত্রেয়; ভিন্ন মাতা এবং একই পিতা যার এমন।

**বেমানিক**—বৈমানিক; পরীরপ্রাসাদ যার আছে এমন। **বেমানিকপেত**—'বিমানপেত' দেখুন।

**বেযত্তিয্য**—স্বচ্ছতা; নির্মলতা; স্পষ্টতা; সম্পাদন; সংসোধন; সাংস্কৃতিক গুণাবলি; সাংস্কৃতিক গুণাবলি অর্জন।

**বেয্যাকরণ**—ব্যাখ্যা; বৈয়াকরণ; ব্যাকরণবিদ; যিনি ব্যাখ্যাকরণ প্রণালি জানেন।

**বেষ্যারাধিক**—অন্যায় সাধক; ক্ষতিকারী; আঘাতকারী; অত্যাচারী; পীড়াদায়ক।

**বেয্যাযিক**—ব্যয়; খরচ; মূল্য।

**বেয্যাবচ্চ**—কর্তব্য; উচিতকর্ম; চাকরি; সেবা; পদ বা বৃত্তি; কাজ; ক্ষমতা প্রদান; ক্ষমতা লাভ। **বেয্যাবচ্চকর, বয্যাবচ্চযাবতিক**—পরিচর্যাকারী; ভৃত্য; চাকর; যে হুকুমাদি তামিল করার জন্য সঙ্গে থাকা।

**বের**—বৈর; শত্রুতা; ঘৃণা; বিরাগ।

**বেরজ্জক**—বিভিন্ন বা কতিপয় রাজ্যের মালিক।

**বেরমণী**—বিরতি; বিরত হওন; পরিহার করে চলন।

**বেরম্ভবাত**—উচ্চস্থান দিয়ে প্রবাহমান বায়ু।

**বেরিক, বেরী**—শত্রুভাবাপন্ন; বিরোধী; প্রতিকূল; ক্ষতিকর; প্রতিহিংসাপরায়ণ; প্রতিহিংসাপূর্ণ; শত্রু।

**বেরচন**—সূর্য।

**বেলা**—সময়; সমুদ্রতীরের ভূমি; সৈকত; সীমা; চৌহদ্দি; সীমারেখা; সীমানা। **বেলাতিক্কম**—সীমা অতিক্রম করে গমন।

**বেল্লিত**—বক্র; বাঁকা; বাঁকানো; কুঞ্চিত; থোকা; থোকা। **বেল্লিতগ্গ**—কুঞ্চিতাগ্র যার; আগা কুঞ্চিত এমন।

**বেবচন**—গুণবাচক উক্তি; বিশেষণ; বর্ণনামূলক আখ্যা; সমার্থ শব্দ; প্রতিশব্দ।

**বেবণ্ণিয**—মূর্তি বা চেহারা বিকৃত করণ; সৌন্দর্য নষ্টকরণ; বিবর্ণ করণ; কলঙ্কিত করণ।

**বেস**—বেশ; চেহারা; পোশাক।

**বেসম্ম**—বৈষম্য; অসমতা; প্রভেদ; অনৈক্য; অমিল; অসঙ্গতি; বিরোধ; বেসুরো বা বেতালা অবস্থা।

**বেসাখ**—বৈশাখ মাস; এপ্রিল-মে মাসের নাম।

**ৰেসারজ্জ**—বৈশারদ্য; আত্মবিশ্বাস।

**ৰেসিয়া, ৰেসী**—বেশ্যা; হীন ভাড়াটে লোক।

**ৰেস্ম**—বাসস্থান।

**ৰেস্স**—বৈশ্য; তৃতীয় সামাজিক স্তরের সদস্য (লোক)।

**ৰেহাস**—আকাশ। **ৰেহাস-কুটি**—উপরতলার বায়ুপূর্ণ কক্ষ। **ৰেহাসগমন**—বাতাসের মধ্য দিয়ে গমন। **ৰেহাসটঠ**—আকাশে অবস্থিত।

**ৰেলু**—'রেণু' দেখুন। **বেলুরিয**—[Lapis lazuli] ? পাথর Lazuli ?

**ৰো**—(enclitic রূপ 'তুম্হ') তোমাতে; তোমার কাছে; তোমার; তোমার দ্বারা; আপনার নিকট; আপনার; আপনার দ্বারা।

**ৰোকার**—১ প্রাণীর মৌলিক উপাদান (?) অর্থাৎ স্কন্ধ। ২ অশান্তি; দুঃখ-দুর্দশা।

**ৰোকিণ**—আবৃত; পূর্ণ; পরিপূর্ণ; জড়িত; মিশ্রিত।

**ৰোক্কন্ত**—'ওক্কন্ত' দেখুন।

**ৰোক্কন্তি**—'ওক্কন্তি' দেখুন।

**ৰোক্কমতি**—(বি+উ+কম্+অ) এড়ানো; অন্যপথে সরানো বা সরা; মুখ ফেরানো; পথভ্রষ্ট হওয়া বা করা। *aor* **বোক্কমি**। *pp* **বোক্কন্ত**। *abs* **বোক্কম্ম, বোক্কমিত্বা**।

**ৰোচ্ছিজ্জতি**—(ৰি+উ+ছিদ্+য) বিচ্ছিন্ন হওয়া; পৃথক বা স্বতন্ত্র বা নিঃসঙ্গ হওয়া; নিরুদ্ধ হওয়া। *aor* **ৰেচ্ছিজ্জি**। *pp* ৰোচ্ছিন্ন। *abs* ৰোচ্ছিজ্জিত্বা।

**ৰোত্থপন**—সঠিক অর্থ বা সংজ্ঞা; যথাযথ বর্ণনা।

**ৰোদক**—জলমুক্ত; নির্জলা।

**ৰোদপন, বোদপনা**—সাফ করণ; পরিষ্কার করণ; বিশোধন; বিশুদ্ধকরণ; পবিত্রকরণ।

**ৰোদপেতি**—(ৰি+উ+দা+আপে) সাফ করা; পরিষ্কার করা; বিশোধন করা; বিশুদ্ধ করা; পবিত্র করা। *aor* **ৰোদপেসি**।

**ৰোদান**—পবিত্রতা; পবিত্রকরণ; পাপমুক্ত করণ।

**ৰোমিস্সক**—বিবিধ; মিশ্রিত।

**ৰোরোপন**—বিরহিত বা বঞ্চিত করণ; ভোগবঞ্চিত-করণ; বিয়োগব্যথাপীড়িতকরণ।

**ৰোরোপেতি**—(ৰি+অৰ+রুপ্+এ) বিরহিত বা বঞ্চিত করা; ভোগবঞ্চিত করা; বিয়োগব্যথাপীড়িত করা; সরিয়ে নিয়ে যাওয়া; ছাড়িয়ে নেওয়া। *aor* ৰোরোপেসি। *pp* ৰোরোপিত। *prp* ৰোরোপেন্ত। *abs* ৰোরোপেত্বা।

**ৰোলোকেতি**—(ৰি+অব+লোক্+এ) পরীক্ষা করা; পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা; গভীর সতর্কভাবে পরীক্ষা করা।

**ৰোসিত**—সাংস্কৃতিক গুণসম্পন্ন; মার্জিতরুচি; সম্পূর্ণ; পূর্ণাঙ্গ; সম্পূর্ণ শিক্ষিত; সম্পূর্ণ দক্ষ।

**ৰোস্সগ্গ, ৰোস্সজ্জন**—উৎসর্গ; বিসর্জন; অনুদান; (অভ্যাস পরিকল্পনা আশা বিশ্বাস অধিকার পদ প্রভৃতি) পরিত্যাগ; (নিজের আয়ত্ত বা কবল হতে) ছেড়ে দেওন; ত্যাগ।

**ৰোস্সজতি**—(ৰি+অব+সজ্+অ) পরিত্যাগ করা; দিয়ে ফেলা; ছেড়ে দেওয়া। *aor* **ৰোস্সজি**। *pp* ৰোস্সট্ঠ। *abs* **ৰোস্সজিত্বা, ৰোস্সজ্জ**।

**ৰোহরতি**—(ৰি+অৰ+হর্+অ) ব্যবহার করা; ব্যক্ত করা; প্রকাশ করা; আহ্বান করা; নিজেকে নিরত রাখা; নিজেকে নিযুক্ত রাখা; আদান-প্রদান বা যোগাযোগ রাখা; ব্যবসা-বাণিজ্য বা কারবার করা; লেনদেন করা; শাসন করা বা পরিচালনা করা। *aor* **ৰোহরি**। *pp* **ৰোহরিত**। *prp* **ৰোহরন্ত**। *abs* **ৰোহরিত্বা**।

**ৰোহরিযমান**—আহৃতমান।

**ৰোহার**—আহ্বান; প্রকাশন; ব্যবহার; বাণিজ্য; ব্যবহারশাস্ত্র; চলতি বা বর্তমানে চালু পদবি।

**ৰোহারিক**—ব্যবসায়ী; বিচারক। **ৰোহারকামচ্চ**—প্রধান বিচারপতি।

**ব্যগ্ঘ**—ব্যাঘ্র; বাঘ।

**ব্যঞ্জন**—তরকারি; বৈশিষ্ট্যসূচক চিহ্ন; ব্যঞ্জনবর্ণ; বর্ণ বা অক্ষরবিশেষ।

**ব্যঞ্জযতি**—(ৰি+অঞ্জ্+অ) নির্দেশিত করা; দেখানো; ইঙ্গিত দেওয়া; চরিত্র বর্ণনা করা; বৈশিষ্ট্য প্রদান করা; চিহ্নিত করে দেওয়া; বোঝানো। *aor* **ব্যঞ্জযি**। *pp* **ব্যঞ্জিত**।

**ব্যত্ত**—জ্ঞাত; সাংস্কৃতিক গুণসম্পন্ন; মার্জিতরুচি; স্পষ্টত প্রতীয়মান; স্পষ্ট। **ব্যত্ততর**—অধিকতর জ্ঞাত; অধিকতর দক্ষ। **ব্যত্ততা**—দক্ষতা; চাতুর্য; পাণ্ডিত্য; শিক্ষণীয় বিষয়; জ্ঞান।

**ব্যথতি**—(ব্যথ্+অ) চাপ দেওয়া; আচ্ছন্ন করা; অভিভূত করা; ক্রমাগত নিষ্ঠুরতা ভোগ করানো; দুর্দশাগ্রস্ত করা; দুঃখ দেওয়া; ভারাক্রান্ত করা; অত্যাচার করা; পীড়ন করা; পরাভূত করা; বশে আনা। *aor* **ব্যথি**। *pp* **ব্যথিত**।

**ব্যন্তিকরোতি**—(ৰি+অন্ত+ই+কর্+ও) লোপ করা; সরিয়ে রাখা বা নেওয়া; স্থানান্তরিত করা; পদচ্যুত বা কর্মচ্যুত করা; কর্ম থেকে অপসারিত করা; কর্মস্থান পরিবর্তন করানো; বদলি করা; স্থানচ্যুত করা; নিয়ে চলে যাওয়া; (ভার বা দায়িত্ব থেকে) নিষ্কৃতি বা অব্যাহতি পাওয়া। *aor* **ব্যন্তিকরি**। *pp* **ব্যন্তিকত**। *abs* **ব্যন্তিকরিত্বা, ব্যন্তিকত্বা**।

**ব্যন্তিভবতি**—(বি+অন্ত+ঈ+ভূ+অ) বিরত বা নিবৃত্ত হওয়া; ক্ষান্ত হওয়া; থামা; শেষ বা সমাপ্ত হওয়া। *aor* **ব্যন্তিভবি**। *pp* **ব্যন্তিভূত**।

**ব্যন্তিভাব**—বিলয়; পূর্ণধ্বংস; শক্তি-বিলয়ন; সর্বনাশ; ধ্বংস; বিনাশ; ধ্বংসের কারণ।

**ব্যপগচ্ছতি**—(বি+অপ+গম্+অ) প্রস্থান করা; মরা; রওনা হওয়া; যাত্রা শুরু করা। *aor* **ব্যপগমি**। *pp* **ব্যপগত**।

**ব্যম্হ**—দিব্যভবন; পবিত্রভবন।

**ব্যয**—'ব্যয' দেখুন।

**ব্যসন**—দুর্ভাগ্য; দুর্ঘটনা; নিদারুণ দুর্দশা; অধঃপতন; সর্বনাশ; ক্ষতি; হানি; ধ্বংস; বিনাশ।

**ব্যাকত**—'ব্যাকরোতি'র *pp*।

**ব্যাকরণ**—ব্যাখ্যা; উত্তর; ঘোষণা।

**ব্যাকরিযমান**—ব্যাখ্যান-রত; ঘোষণাকরণরত।

**ব্যাকরোতি**—(বি+আ+কর্+ও) ব্যাখ্যা করা; ঘোষণা করা; উত্তর করা। *aor* **ব্যাকরি**। *pp* **ব্যাকত**। *abs* **ব্যাকরিত্বা**।

**ব্যাখ্যাতি**—(বি+আ+খ্যা+অ) ঘোষণা করা; জ্ঞাপন করা; জনসাধারণের নিকট প্রচার করা; ব্যাখ্যা করা। *aor* **ব্যাখ্যাসি**। *pp* **ব্যাখ্যাত**।

**ব্যাকুল**—মুশকিল; জটিলতার দ্বারা বিহ্বল; কিংকর্তব্যবিমূঢ়; হতবুদ্ধি; জটিল; তালগোল পাকানো; বিশৃঙ্খল; বিভ্রান্ত; জট-পাকানো; ঝামেলায় জড়ানো।

**ব্যাধ**—শিকারি।

**ব্যাধি**—অসুস্থতা; পীড়া; অসুখ; রোগ। **ব্যাধিত**—রোগে আক্রান্ত।

**ব্যাপক**—ব্যাপ্তিশীল; ব্যাপী; বহুপ্রসারী; যা বহু বিষয় আশ্রয় করে।

**ব্যাপজ্জতি**—(বি+আ+পদ্+য) ব্যর্থ হওয়া; অচল হওয়া; অসুবিধায় পড়া; ঝামেলায় বা ঝঞ্ঝাটে পড়া; দুর্দশায় পতিত হওয়া; জ্বালাতন পাওয়া; বিক্ষুব্ধ হওয়া। *aor* **ব্যাপজ্জি**।

**ব্যাপজ্জনা**—দোষ; ত্রুটি; অভাব; দুর্বলতা; ব্যর্থতা; প্রতিকূলতা; শত্রুতা।

**ব্যাপন**—('ব্যাপজ্জতি'র *pp*) ভুলপথে গমন; অমঙ্গলকারী; পরশ্রীকাতর; হয়রান; জ্বালাতনপ্রাপ্ত; বিক্ষুব্ধ; ক্ষিপ্ত।

**ব্যাপাদ**—প্রতিকূলতা; শত্রুতা; অমঙ্গল-কামনা; পরশ্রীকাতরতা; পরের অনিষ্ট চিন্তা।

**ব্যাপাদেতি**—(বি+আ+পদ্+এ) ধ্বংস করা; (কিছু হতে) বঞ্চিত করা; বিকৃত বা ভ্রষ্ট করা; ক্ষতিসাধন করা; অকেজো করা; নষ্ট করা; হয়রান করা; জ্বালাতন করা; বিক্ষুব্ধ করা; খেপানো।

**ব্যাপার**—ঘটনা; কাণ্ড; অনুষ্ঠান; ক্রিয়া; ব্যবসায়; বাণিজ্য; নিয়োগ।

**ব্যাপারতি**—('ব্যাপাবেতি'র *pp*) প্ররোচিত; উত্তেজিত; অনুপ্রাণিত; উদ্দীপ্ত; অনুরুদ্ধ।

**ব্যাপিত**—('ব্যাপেতি'র *pp*) ব্যাপ্ত।

**ব্যাপেতি**—(বি+অপ্+এ) (কিছুকে) পরিব্যাপ্ত করা; পূর্ণ করা; পরিপূর্ণ করা; ছড়িয়ে বা ছিটিয়ে দেওয়া; বিকীর্ণ করা; প্রচার করা। *aor* **ব্যাপেসি**। *prp* **ব্যাপেন্ত**। *abs* **ব্যাপেত্বা**।

**ব্যাবাধেতি**—(বি+আ+বাধ্+এ) ক্ষতি করা; অনিষ্ট করা; পথরোধ করা; ব্যাহত করা; বাধা দেওয়া; প্রতিবন্ধক হওয়া। *aor* **ব্যাবাধেসি**। *pp* **ব্যাবাধিত**। *abs* **ব্যাবাধেত্বা**।

**ব্যাভঙ্গী**—গোলাকার দীর্ঘ বহন-দণ্ড বা খুঁটি।

**ব্যাম**—বাঁও; ব্যাম; দুই বাহু দুইদিকে প্রসারিত করলে যে বিস্তার হয় তার মাপ (মোটামুটি ছয়ফুট)।

**ব্যাবট**—ব্যস্ত; কর্মব্যস্ত; নিরত; রত।

**ব্যাসত্ত**—ব্যাসক্ত; অত্যাসক্ত; সংলগ্ন।

**ব্যাসেচন**—ক্ষুদ্র ক্ষুদ্র ফোঁটায় বা কণিকায় ছড়িয়ে দেওন অথবা ছড়িয়ে পড়ন; ছিটিয়ে দেওন বা পড়ন; সিঞ্চন; ইতস্তত ছিটা; ছিটাফোটা।

**ব্যাহরতি**—(বি+আ+হর্+অ) বলা; উচ্চারণ করা; ধ্বনিত করা। *aor* **ব্যাহরি**। *pp* **ব্যাহন্ট**। *abs* **ব্যাহরিত্বা**।

**ব্যূহ**—বিন্যাস; পোশাক; যুদ্ধে সৈন্যবিন্যাস; ব্যূহিত; ব্যূঢ়।

---

# স

---

**স**—১ (সংস্কৃতে স্ব) নিজের; নিজ। (সেহি কম্মেহি) কারও নিজের কর্ম অনুসারে। ২ যৌগিক শব্দে 'সহ'-র হ্রস্বরূপ; যেমন : সদেবক।

**স**—(সো); পুংলিঙ্গে 'ত'র কর্তার একবচনে এইরূপ দৃষ্ট হয়; যথা : স বে কাসাবম্ অরহতি।

**স-উপাদান**—আসক্তি-প্রদর্শক।

**স-উপাদিসেস**—জীবন-বিদ্যমানের অন্তঃস্বর বা অধঃস্তর বা ভিত্তি ধারণকারী চিত্তের তৃষ্ণাক্ষয়ের অবস্থায় জীবন বিদ্যমান।

**সক**—আপনার; নিজ; সম্পর্ক; সম্বন্ধ; জ্ঞাতিত্ব; কুটুম্বিতা; নিজের নিজ সম্পত্তি। **সকমান**—

আনন্দপূর্ণ; সানন্দ; আনন্দদায়ক।

**সকঙ্খ**—সন্দেহজনক।

**সকট**—শকট; যান; গাড়ি; মালগাড়ি। **সকটভার, সকটবাহ**—একগাড়ি মাল। **সকটব্যূহ**—চতুশ্চক্র শকট বিন্যাস।

**সকণ্টক**—কণ্টকপূর্ণ।

**সকদাগামী**—সকৃদাগামী; যিনি পথের দ্বিতীয় স্তর অর্জন করেছেন এবং একবারমাত্র পুনর্জন্ম গ্রহণ করবেন।

**সকবল**—(সক+বল) কারও নিজের বল; স্ব-বল। (স+কবল); মুখে খাদ্য আছে এমন।

**সকম্ম**—স্বকর্ম; (কারও) নিজের কর্ম বা কর্তব্য। **সকম্মক**—সকর্মক (ক্রিয়া)।

**সকরণী**—এখনও কিছু করার আছে এমন।

**সকল**—গোটা পুরা সমগ্র বা সম্পূর্ণ বস্তু; মোট বা পুরা পরিমাণ; সম্পূর্ণ; পুরা; অখণ্ড।

**সকলিকা**—মাকড়শা; উর্ণনাভ।

**সকাস**—সকাশ; সমীপ; সন্নিধান।

**সকিচ্চ**—স্বকৃত্য; নিজের কাজ।

**সকিঞ্চন**—জাগতিক সম্বন্ধ আসঞ্জন সংযোজন আসক্তি অনুরাগ আছে এমন।

**সকিং**—একবার।

**সকীয়**—স্বকীয়; নিজের।

**সকুণ**—পক্ষী; পাখি। **সকুণগ্ঘী**—শ্যেন; বাজ। **সকুণী**—পক্ষিণী।

**সকুন্ত**—পাখি; পক্ষী।

**সক্ক**—সক্ষম; সমর্থ; সম্ভব।

**সক্ক**—১ শাক্য। ২ শাক্যবংশীয় ব্যক্তি। ৩ শত্রু; দেবরাজ।

**সক্কচ্চ**—সকৃত্য; ভালোরূপে প্রস্তুত হয়ে; সম্মানিত; শ্রদ্ধেয়। **সক্কচ্চকারী**—সাবধানে কাজ করে বা কর্ম সম্পাদন করে এমন। **সক্কচ্চ**—সাবধানে; পুঙ্খানুপুঙ্খরূপে; পুরাদস্তুরমতো।

**সক্কত**—('সক্করোতি'র *pp*) সম্মানিত; সংকারকৃত।

**সক্কত্ত**—শক্রত্ব; দেবগণের শাসনকর্তারূপে যে স্থান।

**সক্কত্বা**—'সক্করোতি'র *abs*; সক্ষম হয়ে।

**সক্করীযতি**—('সক্করোতি'র *pass*) সম্মানিত হওয়া; সংকারকৃত হওয়া। *prp* **সক্করিযমান**।

**সক্করোতি**—(সং+কর্+ও) সম্মান করা; শ্রদ্ধার সহিত আচরণ করা; অতিথি সেবাপরায়ণরূপে গ্রহণ করা। *aor* **সক্করি**। *pp* **সক্কত**। *prp* **সক্করোন্ত**। *ptp* **সক্করিতব্ব, সক্কাতব্ব**। *abs* **সক্কত্বা, সক্করিত্বা**। inf **সক্করিতুং, সক্কাতুং**।

**সক্কা**—সম্ভব।

**সক্কায**—বর্তমান দেহ; এ দেহ। **সক্কাযদিট্‌ঠি**—সৎকায়দৃষ্টি; ব্যক্তিস্বাতন্ত্র্যে বিশ্বাসী; ব্যক্তিগত বৈশিষ্ট্যে বিশ্বাসী; আত্মবাদী বা আত্মায় বিশ্বাসী।

**সক্কার**—সৎকার; সম্মান; অতিথিপরায়ণতা।

**সক্কুণাতি**—(সক্+উণা) সক্ষম হওয়া; সমর্থ হওয়া। *aor* **সক্কুণি**। *prp* **সক্কুণন্ত, সক্কুণিত্বা**।

**সক্কুণেয্যত্ত**—সম্ভাবনা; সম্ভাব্য বস্তু বা বিষয়; সামর্থ্য; সক্ষমতা।

**সক্কোতি**—(সক্+ও) সমর্থ হওয়া; সক্ষম হওয়া। *aor* **অসকখি**। *prp* **সক্কোন্ত**।

**সক্খরা**—স্ফটিক; কেলাস; উজ্জ্বল ও স্বচ্ছ বস্তু; কাঁকড়; নুড়ি।

**সক্খলি, সক্খলিকা**—(কর্ণের) ক্ষুদ্র মুখাকার ফাঁক বা রন্ধ্র; পাতলা ও চওড়া টুকরা; ফালি; মাছের আঁশ বা শল্ক।

**সক্খি**—সাক্ষী; মুখোমুখি; সামনাসামনি; চক্ষুর গোচরে। **সক্খিক, সক্খী**—প্রত্যক্ষ সাক্ষী; সাক্ষী। **সক্খিদিট্‌ঠ**—মুখোমুখি বা সামনাসামনি দেখা (বা দৃষ্ট); **সক্খি-পুট্‌ঠ**—সাক্ষীরূপে জিজ্ঞাসিত হয়ে।

**সক্য**—শাক্য; শাক্যবংশীয়। **সক্যমুনি**—শাক্যগণের সদাশয় মহাজ্ঞানী বা পরম বিজ্ঞ।

**সখ, সখি**—বন্ধু। **সখিতা**—সখ্যতা; বন্ধুত্ব।

**সখিল**—বাক্যে সদাশয়।

**সখ্য**—বন্ধুত্ব।

**সগব্ভ**—সগর্ভ; অন্তঃসত্ত্বা; গর্ভবতী।

**সগাহ**—হিংস্রজন্তু পরিপূর্ণ।

**সগামেয্য**—একই গ্রামের আগন্তুক।

**সগারব**—সশ্রদ্ধ। **সগারবং**—সশ্রদ্ধভাবে; শ্রদ্ধার সহিত। **সগারবতা**—শ্রদ্ধা; ভক্তি।

**সগোত্ত**—সগোত্র; জ্ঞাতি; আত্মীয়।

**সগ্গ**—স্বর্গ; সুখ-স্থান; সুখময় স্থান; দেবলোক। **সগ্গকায**—স্বর্গকায়; স্বর্গীয় সমাগম সমাবেশ সভা পরিষদ। **সগ্গমগ্গ**—স্বর্গমার্গ; স্বর্গের পথ বা রাস্তা বা উপায়। **সগ্গলোক**—স্বর্গলোক; সুখের ভুবন। **সগ্গসংবত্তনিক**—স্বর্গবর্তনকারী; স্বর্গসংবর্তনকারী।

**সগ্গুণ**—সদ্‌গুণ; ভালো গুণ।

**সঙ্কতীর**—আবর্জনা স্তূপ।

**সঙ্কড্ঢতি**—(সং+কড্ঢ+অ) একত্র করা; সংগ্রহ করা; সংহত করা; জমানো; হেঁচড়িয়ে নিয়ে যাওয়া। *aor* **সঙ্কড্ঢি**। *abs* **সঙ্কড্ঢিত্বা**।

**সঙ্কতি**—(সক্+ং-অ) অনিশ্চিত বা সন্দিহান হওয়া;

দ্বিধাগ্রস্ত হওয়া; বিশ্বাস করতে বা মেনে নিতে ইতস্তত করা; অবিশ্বাস করা; সত্যতা সম্বন্ধে সংশয় প্রকাশ করা; সন্দেহ করা। *aor* **সঙ্কি**। *pp* **সঙ্কিত**। *prp* **সঙ্কমান**। *abs* **সঙ্কিত্বা**।

**সঙ্কন্তিক**—স্থান থেকে স্থানান্তরে পরিবর্তনশীল। **সঙ্কন্তিক রোগ**—সংক্রামক রোগ; সংক্রামক ব্যাধি।

**সঙ্কপ্প**—সঙ্কল্প; উদ্দেশ্য; লক্ষ্য; অভিপ্রায়; পরিকল্পনা।

**সঙ্কপ্পেতি**—(সং+কপ্প্+এ) পরীক্ষা করে দেখা; বিচার বা বিবেচনা করে দেখা; মনে করা; ভাবা; কল্পনা বা ধারণা করা; অনুমান করা। *aor* **সঙ্কপ্পেসি**। *pp* **সঙ্কপ্পিত**। *abs* **সঙ্কপ্পেত্বা**।

**সঙ্কমতি**—(সং+কম্+অ) উপেক্ষা করা; স্থান পরিবর্তন করা; আকার বা চরিত্র বা বেশ পরিবর্তন করা; এক বাসস্থান ত্যাগ করে ভিন্ন স্থানে গিয়ে বসবাস করা; দেশান্তরিত হওয়া; দেহান্তরিত হওয়া। *aor* **সঙ্কমি**। *pp* **সঙ্কন্ত**। *abs* **সঙ্কমিত্বা, সঙ্কম্ম**।

**সঙ্কমন**—গমন; প্রস্থান; অতিক্রমণ; উত্তরণ; অতিবাহন; সেতু; পুনরায় অধ্যয়ন করণ বা অনুশীলন করণ; স্থান থেকে স্থানান্তরে গমন।

**সঙ্কম্পতি**—(সং+কম্প্+অ) (ভয় শীত দুর্বলতা বাতাস প্রভৃতিতে) কাঁপা বা কাঁপানো; ঝাঁকানি খাওয়া অথবা ঝাঁকানি দেওয়া; আন্দোলিত হওয়া বা করানো; নড়া বা নড়ানো; দ্বিধাগ্রস্ত হওয়া অথবা করান; উত্তেজিত বা বিক্ষুব্ধ হওয়া বা করা। *aor* **সঙ্কম্পি**। *pp* **সঙ্কম্পিত**। *abs* **সঙ্কম্পিত্বা**।

**সঙ্কর**—পরম সুখী; স্বর্গসুখভোগী; একত্রে মিশ্রণ; মিলন।

**সঙ্কলন**—সংযোজন; একত্রীকরণ; সংকলন; যোগ; একত্রীভবন; সংগ্রহ; সমাবেশ।

**সঙ্কা, সঙ্কায়না**—শঙ্কা; সংশয়; অনিশ্চয়তা।

**সঙ্কাযতি**—('সঙ্কা'র *deno*) সন্দেহজনক হওয়া; অনিশ্চিত হওয়া। *aor* **সঙ্কাযি**। *pp* **সঙ্কাযিত**।

**সঙ্কার**—আবর্জনা; বাজে বস্তু। **সঙ্কারকূট**—আবর্জনা স্তূপ। **সঙ্কার চোল**—আবর্জনার স্তূপ থেকে কুড়ানো নেকড়া বা তেনা। **সঙ্কারট্‌ঠান**—গৃহস্থালির জঞ্জাল ফেলার পাত্র; ডাস্টবিন।

**সঙ্কাস**—এক; অনুরূপ; সদৃশ; সমাকৃতি।

**সঙ্কাসনা**—ব্যাখ্যা; কৈফিয়ত।

**সঙ্কিণ্ণ**—('সঙ্কিরতি'র *pp*) সমাকীর্ণ; পরিপূর্ণ; পূর্ণ; মিশ্রিত; ভেজাল।

**সঙ্কিত**—('সঙ্কতি'র *pp*) শঙ্কিত।

**সঙ্কিত্তন**—সংকীর্তন; জ্ঞাতকরণ; গুণ বা মহিমা বর্ণন; উদ্‌ঘোষণা।

**সঙ্কিলিট্‌ঠ**—('সঙ্কিলিস্‌সতি'র *pp*)।

**সঙ্কিলিস্‌সতি**—(সং+কিলিস্+য) মৃত্তিকা-যুক্ত বা মৃত্তিকালিপ্ত বা ময়লা হওয়া; ভেজাল বা অপবিত্র হওয়া। *aor* **সঙ্কিলিস্‌সি**। *abs* **সঙ্কিলিস্‌সিত্বা**।

**সঙ্কিলিস্‌সন, সঙ্কিলেস**—সংক্লেশ; অপবিত্রতা; মলিনতা; নোংরা; কলুষতা।

**সঙ্কিলেসিক**—ধ্বংসকর; সর্বনাশা; বিষাক্ত; বিকৃতকর; পচনকর; কলুষকর।

**সঙ্কী**—শঙ্কী; শঙ্কাজনক; সন্দেহজনক।

**সঙ্কীযতি**—('সঙ্কতি'র *pass*) সন্দেহজনক বা সন্দেহভাজন হওয়া।

**সঙ্কু**—পণ; বাজি; (প্রতিদ্বন্দ্বিতাদিতে বিজয়ের) পুরস্কার; বড় পেরেক; গজাল; সূচিমুখ শক্ত কীলক বা খোঁটা। **সঙ্কুপথ**—লাঠির সাহায্যে চলার রাস্তা।

**সঙ্কুচতি**—(সং+কুচ্+অ) সঙ্কুচিত হওয়া; হ্রস্ব হওয়া; দৃঢ়মুষ্টিতে আঁকড়ে ধরা; দৃঢ়ভাবে মোড়া। *aor* **সঙ্কুচি**। *pp* **সঙ্কুচিত**। *abs* **সঙ্কুচিত্বা**।

**সঙ্কুচন**—সঙ্কোচন; সঙ্কোচনের পরিমাণ; জড়স্বভাব; হ্রস্বীকরণ; সংক্ষেপ।

**সঙ্কুটিত**—সঙ্কুচিত; হ্রস্বীভূত; কুঞ্চিত; শুষ্ক; বিবর্ণ।

**সঙ্কুপিত**—('সঙ্কুপ্পতি'র *pp*) ক্রুদ্ধ; প্রচণ্ড।

**সঙ্কুল**—পরিপূর্ণ; পূর্ণ; জনাকীর্ণ।

**সঙ্কেত**—চিহ্ন; ইঙ্গিত; ইশারা; নির্দিষ্ট স্থান বা মিলন ব্যবস্থা। **সঙ্কেতকম্ম**—পূর্বাহ্নে স্থিরীকৃত সাক্ষাতাদির ব্যবস্থা।

**সঙ্কোচ**—সঙ্কোচন; মুখাবিকৃতি; ভেংচি; বিকৃতমূর্তি; মুচড়িয়ে বা বাঁকিয়ে সরিয়ে আনয়ন।

**সঙ্কোচেতি**—(সং+কুচ্+এ) সঙ্কুচিত করা; হ্রস্ব করা; মুচড়িয়ে বা বাঁকিয়ে সরিয়ে আনা; বিকৃতমূর্তি করা; বিকৃত করা। *aor* **সঙ্কোচেসি**। *pp* **সঙ্কোচিত**।

**সঙ্কোপ**—বিশৃঙ্খলা; উত্তেজনা; বিক্ষোভ; অশান্তি; গোলমাল; বাধা।

**সঙ্খ**—শঙ্খ; শাঁখ; শাঁখের খোলস। **সঙ্খকুট্‌ঠী**—যে শ্বেতকুষ্ঠরোগে আক্রান্ত। **সঙ্খথাল**—শঙ্খের খোলস দিয়ে প্রস্তুত চ্যাপটা পাত্র। **সঙ্খধম**—শঙ্খবাদক।

**সঙ্খমুণ্ডিক**—একপ্রকার অসহ্য যন্ত্রণাদান; অসহ্য খোলক-যন্ত্রণা দান।

**সঙ্খত**—('সঙ্খরোতি'র *pp*) অবস্থাবিশেষে পতিত; শর্তাবদ্ধ; আপেক্ষিক অর্থাৎ অন্য কিছুর ওপরে নির্ভরশীল; জীর্ণ-সংস্কৃত; মেরামতকৃত; সংশোধিত; পুনরুদ্ধৃত।

**সঙ্খয**—ব্যবহার করে ফুরিয়ে ফেলা বা ফেলন; যা ব্যবহার করে ফুরিয়ে ফেলা হয়েছে এমন; দেহের ক্ষয়; ক্ষয়রোগ; ক্ষতি; ধ্বংস; বিনাশ।

**সঙ্খরণ**—পুনরানয়ন; পুনঃস্থাপন; পুনঃপ্রতিষ্ঠা; পুনরধিষ্ঠান; ক্ষতিপূরণ প্রস্তুতি।

**সঙ্খরোতি**—(সং+কর্+ও) মেরামত করা; পুনরুদ্ধার করা: পুনরানয়ন করা; পুনঃস্থাপন করা; প্রত্যর্পণ করা; ক্ষতিপূরণ করা; পুনরধিষ্ঠিত করা; ক্ষতিপূরণ করা; প্রস্তুত করা; একত্র করা; সংহত করা। *aor* **সঙ্খরি**। *pp* **সঙ্খত**। *prp* **সঙ্খরোন্ত**। *abs* **সঙ্খরিত্বা**।

**সঙ্খলিকা**—পায়ের বেড়ি; বন্ধক; প্রতিবন্ধক।

**সঙ্খা, সঙ্খ্যা**—গণনা; পরপর উল্লেখ; মোটামুটি অবধারণা; হিসাব; বিচার-বিবেচনা; সংখ্যা; রাশি; নির্ধারণ।

**সঙ্খাত**—একমত; সম্মত; রাজি; মানানো; গণনা করা হয়েছে বা হিসাব করা হয়েছে এমন; মূল্য বিচার করা হয়েছে বা বিচার করা হয়েছে এমন; তথাকথিত।

**সঙ্খাদতি**—(সং+খাদ্+অ) চর্বণ করা। *aor* **সঙ্খাদি**। *pp* **সঙ্খাদিত**। *abs* **সঙ্খাদিত্বা**।

**সঙ্খান**—হিসাব; বিচার-বিবেচনা; গণনা।

**সঙ্খায**—('সঙ্খাতি'র *abs*) বিবেচনা করে; পার্থক্য লক্ষ্য করে; বিচার করে।

**সঙ্খার**—সংস্কার; সারমূলক বা অপরিহার্য অবস্থা; শোধন; পরিষ্কার বা নির্মল করণ (দেহ সংস্কার); উৎকর্ষসাধন; উন্নতিসাধন; ভ্রমাদি সংশোধন (শিক্ষাসংস্কার); মেরামত (জীর্ণসংস্কার); ধারণা; বিশ্বাস (কুসংস্কার); জন্মগত জ্ঞান প্রবৃত্তি বা অনুভূতি (পূর্বজন্মের সংস্কার); প্রবৃত্তি; ঝোঁক (সংস্কারবশত, সংস্কারবদ্ধ)। **সঙ্খারকখন্ধ**—সংস্কারস্কন্ধ; একই কার্যের একাধিক সংঘটক বা নিমিত্ত বা সহনিমিত্ত। **সঙ্খার-দুক্খ**—আধিভৌতিক জীবনের ক্ষতিকর অশুভ। **সঙ্খার লোক**—সংস্কার লোক; বিশ্ব-সৃষ্টি।

**সঙ্খিত্ত**—('সঙ্খিপতি'র *pp*) সংক্ষিপ্ত।

**সঙ্খিপতি**—(সং+খিপ্+অ) সংক্ষেপ করা; হ্রস্ব করা; ভাঁজ করা। *aor* **সঙ্খিপি**। *prp* **সঙ্খিপন্ত**, **সঙ্খিপমান**। *ptp* **সঙ্খিপিতব্ব**। *abs* **সঙ্খিপিত্বা**। *inf* **সঙ্খিপিতুং**।

**সঙ্খুভতি**—(সং+খুভ্+অ) বিক্ষুব্ধ হওয়া; আলোড়ন করা; আন্দোলন করা। *aor* **সঙ্খুভি**। *pp* **সঙ্খুভিত**। *abs* **সঙ্খুভিত্বা**।

**সঙ্খুভন**—আলোড়ন; আন্দোলন; বিক্ষোভ।

**সঙ্খেপ**—সংক্ষেপ; সংক্ষেপণ; সংক্ষিপ্ত সার; সারাংশ; ঘন করানো বা সংক্ষিপ্ত হিসাব; রাশিকরণ।

**সঙ্খেয্য**—গণনা করণীয়; হিসাব করণীয়; নির্ভর করণীয়; বিচার-বিবেচনা করণীয়।

**সঙ্খোভ**—প্রচণ্ড আন্দোলন বা গতি; উত্তেজনা; বিক্ষোভ; হইচই; বিশৃঙ্খলা; উত্তেজনা; অশান্তি; গোলমাল; বাধা।

**সঙ্খোভেতি**—(সং+খুভ্+এ) বিশৃঙ্খল করা; উত্তেজিত হওয়া; অশান্ত হওয়া; গোলমাল করা; বাধা দেওয়া; আলোড়ন বা আন্দোলন করা; বিপর্যয় ঘটানো। *aor* **সঙ্খোভেসি**। *pp* **সঙ্খোভিত**। *prp* **সঙ্খোভেন্ত**। *abs* **সঙ্খেভেত্বা**।

**সঙ্গ**—মিলন; সংসর্গ; আসক্তি; অনুরাগ।

**সঙ্গচ্ছতি**—(সং+গম্+অ) মিলিত হওয়া; যুগপৎ আসা। *aor* **সঙ্গচ্ছি**। *pp* **সঙ্গত**। *abs* **সঙ্গন্ত্বা**।

**সঙ্গণিকা**—সমাজ। **সঙ্গণিকারাম, সঙ্গণিকারত**—অতিশয় সমাজ অনুরাগী বা আসক্ত; সামাজিক আনন্দোপভোগী। **সঙ্গণিকারামতা**—সামাজিক সঙ্গানন্দ।

**সঙ্গণ্হাতি**—(সং+গহ্+ণ্হা) সদাশয় আচরণ করা; অন্যান্য গ্রন্থ থেকে সংকলন করা; সংগ্রহ করা; রচনা করা। *aor* **সঙ্গণ্হি**। *prp* **সঙ্গণ্হন্ত**। *abs* **সঙ্গহেত্বা, সঙ্গণ্হিত্বা, সঙ্গয্হ**।

**সঙ্গহ**—১ ব্যবস্থা; আচরণ; চিকিৎসাপ্রণালি। ২ অন্যান্য গ্রন্থ থেকে সংকলন; সংগ্রহ; রচনা।

**সঙ্গতি**—মিলন; মিল; সামঞ্জস্য; সংস্থান।

**সঙ্গহিত**—('সঙ্গণ্হাতি'র *pp*)।

**সঙ্গাম**—সংগ্রাম; যুদ্ধ; রণ। **সঙ্গামাবচর**—বারংবার যুদ্ধক্ষেত্রে আগমন; ঘন ঘন যুদ্ধ সংঘটন।

**সঙ্গামেতি**—('সঙ্গাম'র *deno*) যুদ্ধ করা; প্রচণ্ড সংঘর্ষে আগমন করা বা লিপ্ত হওয়া। *aor* **সঙ্গামেসি**। *pp* **সঙ্গামিত**। *abs* **সঙ্গামেত্বা**।

**সঙ্গাযতি**—(সং+গা+য) গান গাওয়া; কীর্তন করা; সুর করে আবৃত্তি করা; উচ্চকণ্ঠে পুনরাবৃত্তি করা বা বলা বা পড়া। *aor* **সঙ্গাযি**। *pp* **সঙ্গীত**। *abs* **সঙ্গাযিত্বা**।

**সঙ্গাহ**—সংগ্রহ। **সঙ্গাহক**—যিনি সংগ্রহ করেন,

অন্যান্য গ্রন্থ থেকে সংকলন করেন, রচনা করেন; সদয় ব্যবহার করেন অথবা একত্রে থাকেন বা একত্রে রাখেন; যিনি সংহত থাকেন বা সংহত রাখেন এমন; সারথি।

**সঙ্গীত**—('সঙ্গায়তি'র *pp*) গীত; কীর্তিত; আবৃত্ত; ভাষিত।

**সঙ্গীতি**—উচ্চকণ্ঠে পুনরাবৃত্তি, কথন বা পাঠ; মতবাদ বা উপদেশাবলি বা শিক্ষা সম্বন্ধীয় প্রশ্নাবলির মীমাংসার উদ্দেশ্যে বৌদ্ধ যাজকমণ্ডলী সমবেত হবার জন্য আহ্বান (বৌদ্ধভিক্ষুদের সমাবর্তন)। **সঙ্গীতিকারক**—যাঁরা সঙ্গীতি পরিচালনা করেছিলেন সেই প্রবীণ বা অগ্রমহাপণ্ডিত ভিক্ষুগণ।

**সঙ্গোপেতি**—(সং+গুপ্+এ) ভালোরূপে প্রতিরক্ষা করা বা নিরাপদ করা। *pp* **সঙ্গোপিত**।

**সঙ্ঘ**—বহুজন; বহুসংখ্যা; সমাবেশ; একত্রীকরণ বা একত্রীভবন; সমূহ; (পরি) সংঘাত; বৌদ্ধযাজক। **সঙ্ঘকম্ম**—বৌদ্ধভিক্ষুর সম্পাদিত বিষয় বিশেষ। **সঙ্ঘগত**—প্রবিষ্ট বা সতর্কভাবে পরীক্ষিত অথবা সঙ্ঘে নিবেদিত। **সঙ্ঘত্থের**—সমাবেশে প্রবীণ ভিক্ষু। **সঙ্ঘভত্ত**—সঙ্ঘে প্রদত্ত খাদ্যভোজ্য। **সঙ্ঘভেদ**—বুদ্ধশাসনে মতদ্বৈধ। **সঙ্ঘভেদক**—যে ভিক্ষুসমাজের মতদ্বৈধ ঘটায় এমন। **সঙ্ঘমামক**—ভিক্ষু সমাজে আত্মনিবেদিত।

**সঙ্ঘটেতি**—(সং+ঘট্+এ) একত্রে মেলামেশা করা; মিলেমিশে একত্র হওয়া। *aor* **সঙ্ঘটেসি**। *pp* **সঙ্ঘটিত**। *abs* **সঙ্ঘটেত্বা**।

**সঙ্ঘট্টন**—নিকট সম্পর্ক; অপ্রত্যাশিত সাক্ষাৎ; হঠাৎ সাক্ষাৎলাভ।

**সঙ্ঘট্টেতি**—(সং+ঘট্ট+এ) অপ্রত্যাশিতভাবে সাক্ষাৎ করা; হঠাৎ সাক্ষাৎ করা; অবজ্ঞাভরে উপহাস বা ব্যঙ্গ করে ঘটানো বা জ্বালাতন করা। *aor* **সঙ্ঘট্টেসি**। *pp* **সঙ্ঘট্টিত**। *abs* **সঙ্ঘট্টেত্বা**।

**সঙ্ঘাট**—সঙ্গম; সংযোগস্থল।

**সঙ্ঘাটি**—বৌদ্ধ ভিক্ষুদের উপরের চীবর।

**সঙ্ঘাত**—পরস্পর আঘাত; আঙ্গুলের কটফট শব্দকরণ; পুঞ্জীভবন।

**সঙ্ঘিক**—সংঘের মালিকানা।

**সঙ্ঘী**—অনুসারীগণের জনসমাগম লাভে।

**সঙ্ঘুট্ঠ**—('সঙ্ঘোসেতি'র *pp*) প্রতিশব্দে; ঘোষিত।

**সচিত্ত**—স্বচিত্ত; নিজের চিত্ত; আপন চিত্ত বা মন। **সচিত্তক**—মনোসমৃদ্ধ।

**সচে**—যদি।

**সচেতন**—চেতনাযুক্ত; জীবন্ত; সজ্ঞান; সজাগ; সতর্ক।

**সচ্চ**—সত্যতা; সত্য; প্রকৃত। **সচ্চকিরিযা**—সত্যক্রিয়া; শপথ করে ঘোষণা। **সচ্চ পটিবেধ, সচ্চ-অভিসময**—বাস্তবতা উপলব্ধির ক্ষমতা; বাস্তবতা-উপলব্ধি। **সচ্চ-বাচা**—সত্যবাক্য; সত্য কথা। **সচ্চবাদী**—সত্যকথা বলে এমন। **সচ্চসন্ধ**—বিশ্বাসযোগ্য।

**সচ্চকার**—সত্যকার; জামানত; বন্ধক; তমসুক; খত; বন্ধকিদ্রব্য; বায়না; দাদন; প্রতিশ্রুতি; অঙ্গীকার।

**সচ্চাপেতি**—('সচ্চ'র *deno*) প্রতিজ্ঞাবদ্ধ করানো; ইন্দ্রজালিক প্রভাব বিস্তার করা। *aor* **সচ্চাপেসি**। *pp* **সচ্চাপিত**।

**সচ্ছিকরণ**—গভীরভাবে অনুভব করণ; সম্যগভাবে বা স্পষ্টভাবে উপলব্ধিকরণ; অভিজ্ঞতা লাভকরণ। **সচ্ছিকরণীয**—গভীরভাবে অনুভবকরণযোগ্য; সম্যগভাবে বা স্পষ্টভাবে উপলব্ধিকরণীয়।

**সচ্ছিকত**—('সচ্ছিকরোতি'র *pp*)।

**সচ্ছিকরোতি**—(সচ্ছি+কর্+ও) গভীরভাবে অনুভব করা; সম্যকভাবে বা স্পষ্টভাবে উপলব্ধি করা; অভিজ্ঞতা লাভ করা। *aor* **সচ্ছিকরি**। *prp* **সচ্ছিকরোন্ত**। *ptp* **সচ্ছিকাতব্ব**। *abs* **সচ্ছিকত্বা, সচ্ছিকরিত্বা**। *inf* **সচ্ছিকাতুং, সচ্ছিকরিতুং**।

**সচ্ছিকিরিযা**—('সচ্ছিকরণ' দেখুন) সত্যক্রিয়া।

**সজতি**—(সজ্+অ) আলিঙ্গন করা; সাগ্রহে বা স্বেচ্ছায় গ্রহণ করা। *aor* **সজি**। *prp* **সজমান**। *abs* **সজিত্বা**।

**সজন**—'পরিসজন' দেখুন।

**স-জন**—স্বজন; জ্ঞাতি; আত্মীয়; আপনজন।

**সজাতিক**—একই পূর্বপুরুষের বংশধরগণ; সগোত্র ব্যক্তিগণ; একই জাতি; একই রাষ্ট্রের প্রজাপুঞ্জ।

**সজীব**—প্রাণের গুণাদি দ্বারা সমৃদ্ধ।

**সজোতিভূত**—জ্বলন্ত; বহ্নিমান; চকচকে; উত্তেজিত; প্রদীপ্তভাবে; প্রদীপ্ত।

**সজ্জতি**—(সজ্+য) এঁটে ধরা; জড়িয়ে ধরে থাকা; দৃঢ়ভাবে আসক্ত থাকা বা অনুরক্ত থাকা। *aor* **সজ্জি**। *pp* **সট্ঠ**। *prp* **সজ্জমান**। *abs* **সজ্জিত্বা**।

**সজ্জন**—আসঞ্জন; সংযোজন; আসক্তি; অনুরাগ; সজ্জিতকরণ; প্রস্তুতি।

**সজ্-জন**—নৈতিক উৎকর্ষসম্পন্ন বা সদ্‌গুণসম্পন্ন; সুনীতিসম্পন্ন; নির্দোষ; নিষ্পাপ; ধার্মিক; বিশুদ্ধতাসম্পন্ন।

**সজ্জিত**—'সজ্জেতি'র *pp*।

**সজ্জু**—তাৎক্ষণিকভাবে; অবিলম্বে; জরুরিভাবে; বিশেষভাবে; মুহূর্তমধ্যে। **সজ্জুকং**—তাড়াতাড়ি।

**সজ্জুলস**—রজন; জতু।

**সজ্জেতি**—(সজ্+এ) প্রস্তুত করা; সজ্জিত করা; উপযোগী করা; যন্ত্রাদির বিভিন্ন অংশ সরবরাহ করা; সাজানো বা সৌন্দর্যবৃদ্ধি করা। *aor* **সজ্জেসি**। *prp* **সজ্জেন্ত**। *abs* **সজ্জেত্বা, সজ্জিয**।

**সজ্ঝায**—অধ্যয়ন; ধ্যান; বিদ্যা; কথন ও পাঠ।

**সজ্ঝাযতি**—(সং+ঝা+য) উচ্চকণ্ঠে পুনরাবৃত্তি করা বা বলা বা পড়া; আবৃত্তি করা; বক্তৃতা করা; বর্ণনা করা; অধ্যয়ন করা। *aor* **সজ্ঝাযি**। *pp* **সজ্ঝাযিত**। *abs* **সজ্ঝাযিত্বা**। *prp* **সজ্ঝাযমান**।

**সজ্ঝাযনা**—আবৃত্তি; অধ্যয়ন।

**সজ্ঝু**—রৌপ্য; রুপা। **সজ্ঝুময**—রৌপ্যে প্রস্তুত।

**সঞ্চয**—পুঞ্জীভবন; পুঞ্জিতরাশি; পরিমাণ।

**সঞ্চরণ**—বিচরণ; দীর্ঘপর্যটন; চলন; কম্পন।

**সঞ্চরতি**—(সং+চর্+অ) বিচরণ করা; দীর্ঘ পর্যটন করা; সঞ্চরণ করা; চলা; ঘন ঘন যাওয়া। *aor* **সঞ্চরি**। *pp* **সঞ্চরিত**। *prp* **সঞ্চরন্ত**। *abs* **সঞ্চরিত্বা**।

**সঞ্চরিত্ত**—সংবাদ বহন।

**সঞ্চার**—গমন; প্রস্থান; অতিক্রমণ; উত্তরণ; অতিবাহন; পারণ; দেশান্তরণ; ভ্রমণ।

**সঞ্চারণ**—সংক্রমণ; একস্থান থেকে স্থানান্তরে গমন; গতি; ব্যাপ্তি; আবির্ভাব; উত্তেজন; উদ্রেক; সঞ্চালন।

**সঞ্চারেতি**—('সঞ্চরতি'র *caus*) একস্থান থেকে স্থানান্তরে গমন করানো। *aor* **সঞ্চারেসি**। *pp* **সঞ্চারিত**। *abs* **সঞ্চারেত্বা**।

**সঞ্চলতি**—(সং+চল্+অ) অদৃঢ় বা টলায়মান হওয়া; বিক্ষুব্ধ; উত্তেজিত; আন্দোলিত হওয়া। *aor* **সঞ্চলি**। *pp* **সঞ্চলিত**।

**সঞ্চলন**—আলোড়ন; উত্তেজনা; বিক্ষোভ; আন্দোলন।

**সঞ্চিচ্চ**—উদ্দেশ্য বা অভিপ্রায় সহকারে; পরিকল্পনা গ্রহণ করে; ইচ্ছাপূর্বক; মতলব এঁটে; পার্থক্য লক্ষ্য করে বা বিচার করে।

**সঞ্চিণ্ণ**—('সঞ্চিনাতি'র *pp*) পুঞ্জীভূত; স্তূপীকৃত; অত্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত; অনুশীলিত।

**সঞ্চুণ্ণেতি**—(সং+চুণ্ণ্+এ) চাপের ফলে ভগ্ন বা চূর্ণ বা লাট করা অথবা হওয়া; গুঁড়া করা বা হওয়া। *aor* **সঞ্চুণ্ণেসি**। *pp* **সঞ্চুণ্ণীত**। *abs* **সঞ্চুণ্ণেত্বা**।

**সঞ্চিত**—'সঞ্চিনাতি'র *pp*।

**সঞ্চিনন**—পুঞ্জীভবন; পুঞ্জিত রাশি।

**সঞ্চিনাতি**—(সং+চি+না) স্তূপাকার বা পুঞ্জিত করা অথবা হওয়া; অত্যন্ত বৃদ্ধি পাওয়া। *aor* **সঞ্চিনি**। *prp* **সঞ্চিনন্ত**। *abs* **সঞ্চিনিত্বা**।

**সঞ্চেতনা**—জ্ঞান; অবধারণ; বোধ; পূর্বজ্ঞান; বোধশক্তি; ধারণাশক্তি; অবধারণা; উদ্দেশ্য; লক্ষ্য; অভিপ্রায়; পরিকল্পনা। **সঞ্চেতনিক**—পরিকল্পিত; উদ্দেশ্যমূলক।

**সঞ্চেতেতি**—(সং+চিত্+এ) চিন্তা করা; ভাবা; বোধ করা; উপায় উদ্ভাবন করা। *aor* **সঞ্চেতেসি**। *abs* **সঞ্চেতেত্বা**।

**সঞ্চোদিত**—('সঞ্চোদেতি'র *pp*) প্ররোচিত বা উত্তেজিত; আবেগকম্পিত।

**সঞ্চোপন**—অপসারণ; স্থান-পরিবর্তন; স্থানচ্যুতি; স্থানান্তরণ।

**সঞ্ছন্ন**—('সঞ্ছাদেতি'র *pp*) আবৃত; আচ্ছাদিত করা; অভিভূত করা; পরিপূর্ণ।

**সঞ্ছাদেতি**—(সং+ছদ্+এ) আবৃত করা; আচ্ছাদিত করা; অভিভূত করা; পরিপূর্ণ করা; ছাওয়া। *aor* **সঞ্ছাদেসি**। *pp* **সঞ্ছাদিত**। *abs* **সঞ্ছিদেত্বা**।

**সঞ্ছিন্দতি**—(সং+ছিদ্+ং-অ) ছেদন করা; কাটা; কর্তন করা; ভেঙে ফেলা; চূর্ণ করা; বিনাশ করা। *aor* **সঞ্ছিন্দি**। *pp* **সঞ্ছিন্ন**। *abs* **সঞ্ছিন্দিত্বা**।

**সঞ্জগ্ঘতি**—(সং+জগ্ঘ+অ) উচ্চহাস্য করা; সশব্দে হাসা; উপহাস করা; ঠাট্টা বা রসিকতা করা। *aor* **সঞ্জগ্ঘি**। *abs* **সঞ্জগ্ঘিত্বা**। *ger* **সঞ্জগ্ঘন**।

**সঞ্জনন**—সংজনন; জন্মদান; উৎপাদন; সৃষ্টি; সম্মুখে আনয়ন; বের করে আনা; প্রকাশ করণ।

**সঞ্জনেতি**—(সং+জন্+এ) সম্মুখে আনা; বের করে আনা; প্রকশ করা; বাড়িয়ে দেওয়া; জন্মদান করা; সৃষ্টি করা; উৎপাদন করা; ঘটানো। *aor* **সঞ্জনেসি**। *pp* **সঞ্জনিত**। *abs* **সঞ্জনেত্বা**।

**সঞ্জাত**—('সঞ্জাযতি'র *pp*) উৎপন্ন; জন্মলাভ; উত্থিত।

**সঞ্জাতি**—জন্ম; পরিণতি; ফলাফল; উদ্ভূত বস্তু বা বিষয় বা ব্যক্তি; উৎপত্তি; উদ্ভব; উৎস; আরম্ভ; ব্যুৎপত্তি।

**সঞ্জানন**—প্রত্যভিজ্ঞা; নিদর্শন; চিহ্ন; স্মারক; প্রত্যক্ষকরণ; উপলব্ধি; প্রত্যক্ষ রূপ; কল্পমূর্তি।

**সঞ্জানাতি**—(সং+ঞা+না) চিনতে পারা; পূর্বপরিচিত বলে সনাক্ত করা বা স্বীকার করা; মেনে নেওয়া; অবগত বা সচেতন হওয়া; জানা। *aor* **সঞ্জানি**। *abs* **সঞ্জানিত্বা**। *prp* **সঞ্জানন্ত**।

**সঞ্জানিত**—('সঞ্জানাতি'র *pp*) পূর্বপরিচিত বলে শনাক্ত বা স্বীকৃত।

**সঞ্জাযতি**—(সং+জন্+য) জন্মগ্রহণ করা; উৎপন্ন হওয়া। *aor* **সঞ্জাযি**। *pp* **সঞ্জাত**। *prp* **সঞ্জাযমান**। *abs* **সঞ্জাযিত্বা**।

**সঞ্জীবন**—জীবন-সঞ্চার; জীবন্তকরণ; প্রাণধারণ।

**সঞ্ঝা**—সন্ধ্যা; সায়ংকাল। **সঞ্ঝাঘন**—সন্ধ্যার মেঘ। **সঞ্ঝাতপ**—সান্ধ্যকালীন সূর্য।

**সঞ্ঞত্ত**—(সঞ্ঞাপিত *pp*) পরামর্শাদি দিয়ে রাজি করানো; প্ররোচিত; বলে-কয়ে বা বুঝিয়ে-সুঝিয়ে রাজি করানো অথবা প্রত্যয় জন্মানো।

**সঞ্ঞত্তি**—প্রেরণা; তথ্য; সংবাদ; সান্ত্বনা; শান্তিদান।

**সঞ্ঞা**—সংজ্ঞা; চেতনা বা বোধ; ইন্দ্রিয়; জ্ঞানেন্দ্রিয়; অনুভূতি; বোধশক্তি; প্রত্যক্ষকরণ; প্রত্যক্ষরূপ; কল্পমূর্তি; চিহ্ন; নাম; নিদর্শন; স্মারক; অঙ্গভঙ্গি; ইশারা। **সঞ্ঞাক্খন্ধ**—সংজ্ঞাস্কন্ধ; প্রত্যকরণ বা প্রত্যক্ষরূপরাশি। **সঞ্ঞাপক**--সংজ্ঞাপক; জানানো কাজ সম্পাদন করে এমন। **সঞ্ঞাপন**—সংজ্ঞাপন; দৃঢ়প্রত্যয়-উৎপাদক; সন্দেহনাশক; (কোন কিছু) জ্ঞাপক।

**সঞ্ঞাণ**—সংজ্ঞান; চিহ্ন; দাগ; স্মারক।

**সঞ্ঞাপেতি**—(সং+ঞা+আপে) জ্ঞাত করানো; দৃঢ়প্রত্যয় উৎপাদন; সন্দেহ নাশ করা। *aor* **সঞ্ঞাপেসি**। *pp* **সঞ্ঞাপিত**। *abs* **সঞ্ঞাপেত্বা**।

**সঞ্ঞিত**—তথাকথিত; যথার্থ্য বা সম্ভাব্যতা সন্দেহজনক; নামে।

**সঞ্ঞী**—জ্ঞাত; সজ্ঞান বা সচেতন; উপলব্ধি আছে এমন; অবগত।

**সট্ঠুং**—('সজতি'র *inf*) পরিত্যাগ করা; বাদ দেওয়া; বরখাস্ত করা।

**সঠ**—শঠ; কৌশলী; দক্ষ; শিল্পনিপুণ; প্রতারক; জুয়াচোর; প্রবঞ্চক। **সঠতা**—শঠতা।

**সণতি**—(সণ্+এ) হৈচৈ করা; গোলমাল করা।

**সণ্ঠপন**—বিন্যাস; নিয়ন্ত্রণ; প্রতিষ্ঠা; সংস্থাপন।

**সণ্ঠপেতি**—(সং+ঠা+আপে) স্থির করা; সিদ্ধান্তে উপনীত হওয়া; বিন্যস্ত করা; নিয়ন্ত্রণ করা; প্রতিষ্ঠা করা; স্থাপন করা। *aor* **সণ্ঠপেসি**। *abs* **সণ্ঠপেত্বা**।

**সণ্ঠহন**—পুনরায় সৃজন বা সৃষ্টি; অস্তিত্বে আগমন।

**সণ্ঠাতি**—(সং+ঠা+অ) চালু থাকা বা বিদ্যমান থাকা; স্থিত থাকা; প্রতিষ্ঠিত থাকা। *aor* **সণ্ঠাসি**। *abs* **সণ্ঠহিত্বা**। *prp* **সণ্ঠহন্ত**।

**সণ্ঠান**—গঠন; আকার; মূর্তি; বেশ; ধরন; নকশা; ছাঁচ; অবস্থা; অবস্থান।

**সণ্ঠিত**—('সণ্ঠাতি'র *pp*) স্থিত; প্রতিষ্ঠিত।

**সণ্ঠিতি**--দৃঢ়ভাবে বা অটলভাবে অবস্থিতি; সুস্থিতি; দৃঢ় প্রতিষ্ঠা; সপ্রতিষ্ঠা; দৃঢ়তা; স্থিরতা; নির্দিষ্টতা।

**সণ্ড**—কুঞ্জবন; তরুবীথিকা; ঝাড়; স্তবক; থোলো; গুচ্ছ; বহু সংখ্যা; ভিড়।

**সণ্ডাস**—সাঁড়াশি; চুল লোম প্রভৃতি তোলার জন্য সন্না।

**সণ্হ**—মসৃণ; সমতল; সুষম; কোমল; নরম; সূক্ষ্ম; নিখুঁত চমৎকারিত্বপূর্ণ। **সণ্হকরণী**--গোল শানপাথরবিশেষ; মসৃণ করার হাতিয়ার বিশেষ।

**সণ্হেতি**—(সণ্হ্+এ) ধার দেওয়া; মসৃণ করা; চূর্ণ করা; গুঁড়া করা; ঝাড়ু দেওয়া; তুলি বুলানো; তাড়াতাড়ি দূর করে দেওয়া। *aor* **সণ্হেসি**। *pp* **সণ্হিত**। *abs* **সণ্হেত্বা**।

**সত**—মনোযোগী; স্মৃতিশক্তিবিশিষ্ট; সজ্ঞান বা সচেতন।

**সত**—শত; একশ। **সতক**—এক শতের বর্গ। **সতক্ককু**—শত অভিক্ষেপ বিশিষ্ট বা শত অভিক্ষিপ্ত অঙ্গবিশিষ্ট। **সতক্খত্তুং**—শতবার। **সতধা**—শতধা; শত-উপায়। **সতপাক**--শতবার ঔষধপূর্ণ বা ঔষধমিশ্রিত। **সতপঞ্ঞালক্খণ**--অসংখ্য প্রশংসনীয় উৎকর্ষ বা গুণবিশিষ্ট। **সতপোরিস**—শতলোকের উচ্চতার। **সতসহস্স**—শত সহস্র।

**সতত**—স্থির; অপরিবর্তনীয়; অবিরাম; বারবার। **সততং**—স্থিরভাবে; অপরিবর্তনীয়রূপে; অবিরাম-ভাবে; অনবরত; সর্বদা।

**সতপত্ত**—পদ্ম; কাঠঠোকরা পাখি।

**সতপদী**—বৃশ্চিক কেন্নো প্রভৃতি বহুপদ সরীসৃপ।

**সতমূলী**—শতমূলী; Asparagus গাছ।

**সতরংসী**—সূর্য।

**সতি**—স্মৃতি; স্মরণশক্তি; মনোযোগ। **সতিন্দ্রিয**—স্মৃতিন্দ্রিয়; মনোযোগের কর্মক্ষমতা বা কর্মদক্ষতা (মৌলিক মানসিক শক্তি)। **সতিপট্ঠান**—মনোযোগ প্রস্থাপন। **সতিমন্ত**—চিন্তাশীল; চিন্তারত; (প্রধানত উচ্চ) চিন্তাপূর্ণ; সদ্বিবেচক; সাবধান। **সতিসম্পজঞ্ঞ**—স্মৃতি ও সম্পজ্ঞা; মনোযোগ ও জ্ঞান। **সতিসম্বোজ্ঝঙ্গ**—স্মৃতিসম্বোধ্যঙ্গ পরমার্থ জ্ঞান লাভের মৌলিক উপাদান। **সতিসম্মোস, সতিসম্মোহ**—স্মৃতিহারা; বিস্মৃতি; অমনোযোগিতা।

**সতী**—সাধ্বী; পতিব্রতা নারী।

**সতেকিচ্ছ**—আরোগ্যসাধ্য; ক্ষমার যোগ্য; মার্জনীয়।

**সত্ত**—সত্ত্ব; সত্তা; জীব; প্রাণী; জীবন্ত প্রাণী।

**সত্ত**—('সজ্জতি'র *pp*) আসক্ত; অনুরক্ত।

**সত্ত**—(সংখ্যা) সপ্ত; সাত। **সত্তক**—সপ্তক; সাতের

গুচ্ছ। **সত্তক্খত্তুং**—সপ্তকার; সাতবার। **সত্তগুণ, সপ্তগুণ**—সাতগুণ। **সত্ততন্তি**—সপ্ততন্ত্রী; সাতটি তার আছে এমন। **সত্ত তালমত্ত**—সপ্ততাল-মাত্র; প্রায় সাতটি তালগাছের উচ্চতাবিশিষ্ট। **সত্ততিংসা**—সপ্তত্রিংশ; সাঁইত্রিশ। **সত্তপন্নী**—সপ্তপর্ণী; *Alstonia scholaris* বৃক্ষ। **সত্তভূমক**—সপ্ততলবিশিষ্ট; সাত-তলা বিশিষ্ট। **সত্তরতন**—সপ্তরত্ন; সাতপ্রকার; বহুমূল্য-বস্তু; যথা স্বর্ণ; রৌপ্য; মুক্তা; চুণি (পদ্মরাগমণি); নীলকান্তমণি (নীলবর্ণের পাথর বিশেষ); প্রবাল ও হীরক (হীরা)। **সত্তরত্ত**—সপ্তরাত্র; সপ্তাহ। **সত্তরস, সত্তদস**—সপ্তদশ; সতর। **সত্তবস্সিকা**—সপ্তবর্ষীয়; সাত বছর বয়স্ক। **সত্তবীসতি**—সপ্তবিংশ; সাতাশ। **সত্তসট্ঠি**—ছেষট্টি। **সত্তসত্ততি**—সাতাত্তর।

**সত্ততি**—সত্তর।

**সত্তম**—সপ্তম। **সত্তমী**—সপ্তমী; সপ্তম দিবস; সপ্তমী বিভক্তি; অধিকরণ কারক; শর্তাধীন ক্রিয়াভাব।

**সত্তাহ**—সপ্তাহ।

**সত্তি**—১ শক্তি; সামর্থ্য; ক্ষমতা; বল। ২ বল্লম; বর্শা; ভল্ল; ছোরা। **সত্তিসূল**—শক্তিশূল; বল্লমের শূল বা দণ্ড।

**সত্তু**—শক্ত; রৌদ্রদগ্ধ ময়দা। **সত্তুভস্তা**—রৌদ্রদগ্ধ বা ঈষৎ ভর্জিত ময়দা বা আটায় পরিপূর্ণ চামড়ার থলে।

**সত্থ**—১ বিজ্ঞান; কলা বা শিল্প; শিক্ষণীয় বিষয় বা বিদ্যা বা মতবাদ; শাস্ত্র। ২ ছুরি; বল্লম বা বর্শা বা ভল্ল। ৩ নিরাপত্তার জন্য একত্রে ভ্রমণকারী মরুযাত্রীদল। **সত্থক**—পাখির পালক কেটে কলম বানানোর জন্য ছুরি; ক্ষুদ্র পকেট ছুরি। **সত্থকম্ম**—শল্যচিকিৎসামূলক অস্ত্রোপচার। **সত্তকবাত**—কর্তন বেদনা। **সত্থ-গমনীয**—নিরাপত্তার জন্য একত্রে ভ্রমণকারী মরুযাত্রীদলের সঙ্গে অতিক্রমণীয় পথ। **সত্থবাহ**—নিরাপত্তার জন্য একত্রে ভ্রমণকারী মরুযাত্রীদলের নেতা।

**সত্থি**—উরু; জানুর উপরিভাগ।

**সত্থু**—শিক্ষক; গুরু; মনিব; বুদ্ধ।

**সদত্থ**—সদর্থ; নিজের মঙ্গল।

**সদন**—গৃহ; আলয়; সকাশ; সমীপ।

**সদর**—বিরক্তিকর।

**সদস**—ঝালরসহ।

**সদস্স**—ভালো ঘোড়া।

**সদা**—চিরকাল; সব সময়ে; সর্বদা। **সদাতন**—সনাতন; চিরন্তন; অনন্ত; চিরস্থায়ী; শাশ্বত; অমর; অপরিবর্তনীয়; অবিরাম।

**সদিস**—সদৃশ; সমান; অনুরূপ; তুল্য। **সদিসত্ত**—সমকক্ষতা; সাদৃশ্য; আনুরূপ্য; একরূপতা; তুল্যতা।

**সদেবক**—দেবগণসহ; দেবতাগণের সহিত।

**সদ্দ**—শব্দ; হৈচৈ; গোলমাল; উক্তি; বাণী। **সদ্দত্থ**—শব্দার্থ। **সদ্দবিদূ**—যে বিভিন্ন শব্দের অর্থ অবগত এমন। **সদ্দবেধী**—যে শব্দ লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র গুলি গোলা ছোড়ে। **সদ্দসত্থ**—শব্দশাস্ত্র; ব্যাকরণ; শব্দবিজ্ঞান।

**সদ্দহতি**—(সং+ধা+অ) বিশ্বাস করা; আস্থা থাকা। *aor* **সদ্দহি**। *pp* **সদ্দহিত**। *prp* **সদ্দহন্ত**। *abs* **সদ্দহিত্বা**। *ptp* **সদ্দহিতব্ব**।

**সদ্দহন, সদ্দহনা**—বিশ্বাসকরণ; আস্থাস্থাপন; ভরসা।

**সদ্দহান**—বিশ্বাসী; বিশ্বাসকারী; আস্থাবান; বিশ্বাস করে এমন।

**সদ্দাযতি**—('সদ্দ'র *deno*) হৈ চৈ বা গোলমাল করা; চিৎকার করা; চিৎকার করে বলা। *aor* **সদ্দাযি**। *abs* **সদ্দাযিত্বা**। *prp* **সদ্দাযমান**।

**সদ্দূল**—শার্দূল; চিতাবাঘ।

**সদ্ধ**—শ্রদ্ধালু; শ্রদ্ধাযুক্ত; বিশ্বাসী; উৎসর্গিত।

**সদ্ধম্ম**—সদ্ধর্ম; সত্যধর্ম; সৎ-উপদেশাবলী; সত্য-মতবাদ।

**সদ্ধা**—শ্রদ্ধা; আস্থা; বিশ্বাস; উৎসর্জন; ভক্তি। **সদ্ধাতব্ব**—শ্রদ্ধাতব্য; শ্রদ্ধাভাজন। **সদ্ধাদেয্য**—বিশ্বাসে উৎসর্গ বা দান। **সদ্ধাধন**—উৎসর্গ-সম্পদ। **সদ্ধাযিক**—বিশ্বস্ত; আস্থা স্থাপনের যোগ্য; বিশ্বাসী; নির্ভরযোগ্য। **সদ্ধালূ**—একান্তভাবে নিয়োজিত বা অনুরক্ত।

**সদ্ধিবিহারিক, সদ্ধিবিহারী**—সহবিহারী; সহ-আবাসিক; সহবসবাসকারী; সেবক ভিক্ষু।

**সদ্ধিং**—সঙ্গে; মধ্যে; পাশে; একত্র। **সদ্ধিং-চর**—সঙ্গী; সহচর; সহযোগী; অংশীদার; অনুগামী।

**সধন**—ধনী; ধনবান; সম্পদশালী।

**সনতি**—(সং+অ) উচ্চ আওয়াজ-যুক্ত শব্দ করা; কোলাহলপূর্ণ শব্দ করা; প্রবল বা অমার্জিত শব্দ করা।

**সনন্তন**—প্রাচীন; পুরাতন; বৃদ্ধ; সেকেলে; প্রাক্তন; অপ্রচলিত; চিরন্তন; শাশ্বত; অনন্ত; অমর।

**সনাভিক**—নাভি আছে এমন; নাভিসহ।

**সন্ত**—('সম্মতি'র *pp*) ১ শান্ত; শান্তিপূর্ণ। ২ ক্লান্ত; পরিশ্রান্ত; শ্রান্ত; অস্তিমান; বিদ্যমান; বর্তমান; ধার্মিক ব্যক্তি। **সন্তকায**—শান্তকায়; শান্ত-দেহী। **সন্ততর**—অধিকতর শান্ত। **সন্তমানস**—শান্ত বা স্থির বা শান্তি-পূর্ণ মনের। **সন্তভাব**—শান্তভাব; প্রশান্তভাব।

**সন্তক**—(স+অন্তক) নিজের নিজ; বৈশিষ্ট্য; গুণ বা ধর্ম; সম্পত্তি।
**সন্তজ্জেতি**—(সং+তজ্+এ) হঠাৎ ভয় পাওয়ানো; আতঙ্কিত করা; ভয়তাড়িত করা; ভীতি-প্রদর্শন করা। *aor* **সন্তজ্জেসি**। *pp* **সন্তজ্জিত**। *prp* **সন্তজ্জেন্ত, সন্তজ্জযমান**। *abs* **সন্তজ্জেত্বা**।
**সন্তনং**—'সততং' দেখুন।
**সন্ততি**—অবিচ্ছিন্নতা; অবিচ্ছেদ্যতা; স্থায়িত্ব; বংশ; কুল।
**সন্তত্ত**—('সন্তপ্পতি'র *pp*)।
**সন্তপ্পতি**—(সং+তপ্+য) সন্তপ্ত বা উত্তপ্ত হওয়া; দুঃখ দেওয়া বা পাওয়া; শোক করা; দুঃখ করা। *aor* **সন্তপ্পি**। *prp* **সন্তপ্পমান**।
**সন্তপ্পিত**—'সন্তপ্পেতি'র *pp*।
**সন্তপ্পেতি**—(সং+তপ্+এ) পরিতৃপ্ত বা পরিতুষ্ট করা; সন্তুষ্ট করা; আনন্দ দান করা; খুশি করা। *aor* **সন্তপ্পেসি**। *prp* **সন্তপ্পেন্ত**। *abs* **সন্তপ্পেত্বা; সন্তপ্পিয**।
**সন্তর-বাহির**—অন্তঃস্থ-বহিঃস্থ; অন্তর-বাহ্যিক; অন্ত্য-বাহ্য। **সন্তর-বাহিরং**—অভ্যন্তরে বাইরে।
**সন্তরতি**—(সং+তর্+অ) ত্বরান্বিত হওয়া; দ্রুত গমন করা। *aor* **সন্তরি**। *prp* **সন্তরমান**।
**সন্তসতি**—(সং+তস্+অ) সন্ত্রস্ত হওয়া; ভয় করা; ভীত হওয়া; বাধাপ্রাপ্ত হওয়া। *aor* **সন্তসি**। *pp* **সন্তসিত**। *prp* **সন্তসন্ত**। *abs* **সন্তসিত্বা**।
**সন্তসন**—সন্ত্রাস; ভীতি; ভয়।
**সন্তান**—১ অবিচ্ছেদক; অবিচ্ছেদ্য ধারা; উত্তর পুরুষ। ২ বংশধরগণ; সন্তানগণ; কাচ্চাবাচ্চা; শিশু বা শিশুগণ। ৩ মাকড়শার জাল; ঊর্ণা।
**সন্তানেতি**—(সং+তন্+এ) উত্তরাধিকারসূত্রে চালিয়ে যাওয়া।
**সন্তাপ**—উত্তাপ; পীড়ন; যন্ত্রণা; দুঃখ; দুর্দশা।
**সন্তাপেতি**—(সং+তপ্+এ) উত্তপ্ত করা বা হওয়া; দগ্ধ করা; পোড়ানো; দহন করা; পীড়ন করা; নিদারুণ যন্ত্রণা দেওয়া। *aor* **সন্তাপেসি**। *pp* **সন্তাপিত**। *abs* **সন্তাপেত্বা**।
**সন্তাস**—সন্ত্রাস; আশঙ্কা; আতঙ্ক; ভয়; উদ্বেগ; প্রচণ্ড ধাক্কা বা সংঘর্ষ; অভিঘাত। **সন্তাসী**—সন্ত্রাসকারী; আশঙ্কাজনক; ভয়ানক।
**সন্তি**—শান্তি; প্রশান্তি; শান্ত পরিবেশ। **সন্তিকম্ম**—শান্তিকর্ম; শান্তকরণ; তৃপ্ত করণ। **সন্তিপদ**—শান্তিপদ; শান্তিপূর্ণ অবস্থা।
**সন্তিক**—নিকটে; কাছাকাছি; প্রায়; নৈকট্য; সান্নিধ্য; উপস্থিতি। **সন্তিকা**—হতে। **সন্তিকাবচর**—নিকটে রেখে বা নিকটে থেকে; অন্তরঙ্গ।
**সন্তিট্‌ঠতি**—(সং+ঠা+অ) পূর্ণ নিবৃত্তি করা; গতিরোধ করা; নিশ্চল হওয়া; অপরিবর্তিত থাকা; অটল বা নিশ্চল থাকা; স্থিত থাকা।
**সন্তীরণ**—সযত্নে পরীক্ষা করণ; সযত্নে অনুসন্ধান করণ; তদন্ত করণ।
**সন্তুট্‌ঠ**—('সন্তুস্সতি'র *pp*) সন্তুষ্ট; আনন্দিত; খুশি।
**সন্তুট্‌ঠতা**—সন্তুষ্টি; তৃপ্তি; সন্তোষ।
**সন্তুট্‌ঠি**—সন্তুষ্টি; সন্তোষ; আনন্দ।
**সন্তুসিত**—'সন্তুট্‌ঠ' দেখুন।
**সন্তুস্সক**—পরিতৃপ্ত; খুশি। **সন্তুস্সন**—সন্তোষ; আনন্দ।
**সন্তুস্সতি**—(সং+তুস্+য) সন্তুষ্ট হওয়া; আনন্দিত হওয়া; খুশি হওয়া। *aor* **সন্তুস্সি**। *prp* **সন্তুস্সমান**।
**সন্তোষ**—সন্তোষ; আনন্দ; খুশি।
**সন্থত**—('সন্থবতি'র *pp*) ছাদিত; আচ্ছাদিত; আচ্ছন্ন; ছড়ানো; কম্বল; মাদুর।
**সন্থম্ভেতি**—(সং+থম্ভ্+এ) অনমনীয় করা; কঠিন বা শক্ত করা; অসাড় বা অনড় করা। *aor* **সন্থম্ভেসি**। *pp* **সন্থম্ভিত**। *abs* **সন্থম্ভেত্বা**।
**সন্থম্ভনা**—শক্তকরণ; অনমনীয়তা; অদমনীয়তা; কঠোরতা।
**সন্থর**—মাদুর; আবরণ; বিছানার চাদর। **সন্থরণ**—প্রসারণ; বিস্তারণ; পরিব্যাপ্তিকরণ; ব্যাপককরণ; আবরণ।
**সন্থরতি**—(সং+থর্+অ) প্রসারিত করা; বিস্তৃত করা; সবদিকে ছড়িয়ে দেওয়া; ছড়িয়ে পড়া; আলতোভাবে ছড়ানো; ছেয়ে ফেলানো; ঢেকে ফেলানো। *aor* **সন্থরি**। *abs* **সন্থরিত্বা**। *caus* **সন্থরাপেতি**।
**সন্থব**—অন্তরঙ্গতা; ঘনিষ্ঠ পরিচয়; অবগতি; অবৈধ যৌন-সম্পর্ক।
**সন্থাগার**—পরিষৎ-ভবন।
**সন্থার**—আবরণ; মেঝে নির্মাণ।
**সন্থুত**—('সন্থবেতি'র *pp*) পরিচিত; অবগত; ঘনিষ্ঠ; অন্তরঙ্গ।
**সন্দ**—গভীর; গহন; নিবিড়; ঘন; প্রবহণ; জোয়ার। **সন্দচ্ছায**—গভীর ছায়া দান।
**সন্দতি**—(সন্দ্+অ) প্রবাহিত হওয়া; বয়ে চলা। *aor* **সন্দি**। *pp* **সন্দিত**। *abs* **সন্দিত্বা**। *prp* **সন্দমান**।
**সন্দন**—স্বচ্ছন্দ-গতি; সাবলীল; রথ।
**সন্দস্সক**—প্রদর্শন করায় এমন; যে জ্ঞাপন করে; সন্দর্শক; প্রদর্শক। **সন্দস্সন**—সন্দর্শন; জ্ঞাপন; প্রদর্শনী; প্রদর্শন। **সন্দস্সিযমান**—জ্ঞাত বা

প্রদর্শিত হয়ে।

**সন্দস্সেতি**—(সং+দিস্+এ) নির্দেশ করা; ব্যাখ্যা বা বর্ণনা করা। *aor* **সন্দস্সেসি**। *pp* **সন্দস্সিত**। *abs* **সন্দস্সেত্বা**।

**সন্দহতি**—(সং+ধা+অ) সংযুক্ত করা; একতাবদ্ধ করা; খাপ খাওয়ানো। *aor* **সন্দহি**। *pp* **সন্দহিত**। *abs* **সন্দহিত্বা**।

**সন্দহন**—উপযুক্ত বা যোগ্য বা মানানসই করণ; সংহত করণ।

**সন্দান**—(প্রধানত গবাদি) পশুকে বেঁধে নির্দিষ্ট সীমানার মধ্যে আটক রাখার জন্য দড়ি বা শিকল; সীমানা; চৌহদ্দি।

**সন্দালেতি**—(সং+দাল্+এ) বিযুক্ত বিচ্ছিন্ন বিদীর্ণ ভঙ্গ বা চূর্ণ করা অথবা হওয়া; ভাঙা বা ভেঙে যাওয়া; চূর্ণবিচূর্ণ করা বা হওয়া; ধ্বংস করা বা হওয়া। *aor* **সন্দালেসি**। *pp* **সন্দালিত**। *abs* **সন্দালেত্বা**।

**সন্দিট্ঠ**—(সন্দিস্সতি'র *pp*) একই স্থানে বা একই সময়ে বা যুগপৎ দৃষ্ট; একত্র দৃষ্ট; বন্ধু; সন্দৃষ্ট; দেখা মাত্রেই যার সাথে বন্ধুত্ব জন্মে।

**সন্দিট্ঠিক**—সন্দৃষ্টিক; দর্শনসাধ্য; দৃশ্যমান; লক্ষ্যীভূত; সুস্পষ্টভাবে প্রতীয়মান এ জীবনের মালিক বা অধিকারী।

**সন্দিত**—('সন্দতি'র *pp*) ১ প্রবাহিত। ২ শৃঙ্খলিত।

**সন্দিদ্ধ**—১ সন্দিগ্ধ; সন্দেহযুক্ত; সংশয়িত। ২ বিষে প্রলিপ্ত বা মর্দিত।

**সন্দিস্সতি**—(সং+দিস্+য) দৃষ্ট হওয়া; দৃশ্যমান হওয়া; উপস্থিত হওয়া; সম্মত হওয়া। *prp* **সমান**।

**সন্দীপন, সন্দীপনা**—আগুন জ্বালবার উপকরণ; ইন্ধন; পরিষ্কার করণ।

**সন্দীপেতি**—(সং+দিপ্+এ) প্রজ্বলিত করা বা প্রজ্বলিত হওয়া; উজ্জ্বল করা; স্বচ্ছ করা। *aor* **সন্দীপেসি**। *pp* **সন্দীপিত**। *abs* **সন্দীপেত্বা**।

**সন্দেস**—সংবাদ; সন্দেশ; পত্র; লিখিত দলিল; খবর। **সন্দেসহর**--সংবাদবাহক। **সন্দেস-সাগর**--ডাকঘর।

**সন্দেহ**—সংশয়; সত্যতা বা সঠিকতা সম্বন্ধে অনিশ্চয়তা।

**সন্দোহ**—স্তূপ; পুঞ্জ; পাঁজা; বহুজন; বহুসংখ্যা; ভিড়; জনতা।

**সন্ধন**—(কারও) নিজের সম্পত্তি।

**সন্ধমতি**—(সং+ধম্+অ) বাতাস সৃষ্ট করা; প্রবাহিত হওয়া; ফুঁ দেওয়া; নাক ঝাড়া; হাঁচি দেওয়া; পাখা দিয়ে বাতাস করা। *aor* **সন্ধমি**। *abs* **সন্ধমিত্বা**।

**সন্ধাতু**—যে শুভেচ্ছা অর্জন করে; যে মন পায়; যে (মিষ্ট কথা, যুক্তি প্রভৃতির সাহায্যে) রাজি করায় বা বশীভূত করে; যে বিরোধ দূর করে।

**সন্ধান**—একত্রীকরণ; শুভেচ্ছা অর্জন; বশীভূত করণ।

**সন্ধায**—('সন্দহতি'র *abs*) একতাবদ্ধ করে; সম্পর্কে; বিষয়ে; প্রসঙ্গে।

**সন্ধারক**—বহন; ধারণ; সহন; আচরণ; পিছনে পড়ন; পরিত্যক্ত হওন; বিদ্যমান; অবশেষ। **সন্ধারণ**—নিবৃত্তি; সংযম; নিয়ন্ত্রণ; বহন; ধারণ; সহন; আচরণ।

**সন্ধারেতি**—(সং+ধর্+এ) বহন করা; ধারণ করা; সহ্য; আচরণ করা; নিবৃত্ত করা; থামানো; আটকানো; রোধ করা; সংযত করা; তিরস্কার করা; সমর্থন করা। *aor* **সন্ধারেসি**। *pp* **সন্ধারিত**। *abs* **সন্ধারেত্বা**। *prp* **সন্ধারেন্ত**।

**সন্ধাবতি**—(সং+ধাব্+অ) ফুরিয়ে ফেলা; বিদ্ধ করা; তাড়াতাড়ি কিন্তু সম্পূর্ণরূপে সংশোধন বা সম্পাদন করা; তাড়াতাড়ি চোখ বুলিয়ে সম্পূর্ণ পড়ে ফেলা; এক বাসস্থান ত্যাগ করে ভিন্ন বাসস্থানে গিয়ে বসবাস করা; দেশান্তরিত হওয়া; ভিন্ন দেহে প্রবিষ্ট হওয়া; দেহান্তরিত হওয়া। *aor* **সন্ধাবি**। *pp* **সন্ধাবিত**। *abs* **সন্ধাবিত্বা**। *prp* **সন্ধাবন্ত**, **সন্ধাবমান**।

**সন্ধি**—একতা; সংযোগ স্থল; সঙ্গম; চুক্তি; সংবিদা; মিল; অন্বয়; মধুর ধ্বনিপূর্ণ মিলন; সুরলা-সংযুক্তি। **সন্ধিচ্ছেদক**—বাড়িতে যে বিচ্ছেদ বর্জন করতে পারে এমন; **সন্ধিমুখ**—বাড়ির ফাটলের মুখ।

**সন্ধিযতি**—('সন্ধাতি'র *pass*) সম্পর্কিত হওয়া; সংযুক্ত হওয়া; সম্বন্ধযুক্ত হওয়া; একত্রে রক্ষিত হওয়া। *aor* **সন্ধীযি**।

**সন্ধূপাযতি**—(সং+ধূপ্+আয) ধোঁয়া নির্গত করা। *aor* **সন্ধূপাযি**। *abs* **সন্ধূপাযিত্ব**।

**সন্ধূপেতি**—(সং+ধূপ্+এ) ধোঁয়া বা বাষ্প দেওয়া। *aor* **সন্ধূপেসি**। *pp* **সন্ধূপিত**। *abs* **সন্ধূপেত্বা**।

**সন্ধোবতি**—'ধোবতি' দেখুন।

**সন্নদ্ধ**—'সন্নয্হতি'র *pp*।

**সন্নয্হতি**—(সং+নহ্+য) দৃঢ়ভাবে আবদ্ধ করা বা হওয়া; দৃঢ় করা বা হওয়া; সংলগ্ন করা বা হওয়া; অস্ত্রশস্ত্র ও বর্মাদি দ্বারা নিজকে ভূষিত করা; সুবিন্যস্ত করা; সুশৃঙ্খলভাবে স্থাপন করা; অলঙ্কৃত করা। *aor* **সন্নয্হি**। *abs* **সন্নয্হিত্বা**, **সন্নয্হ**।

**সন্নাহ**—বর্ম; (বীরগণের) কুলগৌরব-চিহ্ন; দৃঢ়ভাবে একত্রে আবদ্ধ করণ বা হওন।
**সন্নিকট্‌ঠ**—সন্নিকস্থ; প্রতিবেশিত্ব; প্রতিবেশীগণ; সন্নিহিত পার্শ্ববর্তী বা নিকটবর্তী অঞ্চল; নৈকট্য; সান্নিধ্য।
**সন্নিকাস**—সদৃশ; অনুরূপ সদৃশ হওন; কিছুর মতো বলে প্রতিভাত হওন।
**সন্নিচয**—পুঞ্জীভবন; পুঞ্জিত রাশি; নির্মাণের বা মেরামতের সময়ে অথবা বিজ্ঞাপনাদি মারার জন্য অট্টালিকাকে ঘিরে স্থাপিত তক্তা ভারা।
**সন্নিচিত**—পুঞ্জীভূত; স্তূপীকৃত; মজুদকৃত।
**সন্নিট্‌ঠান**--উপসংহার; সিদ্ধান্ত; সমাপ্তি; নিশ্চিতকরণ; অবধারণ; নির্ধারণ; প্রতিপাদন।
**সন্নিধান**—সন্নিধি; নৈকট্য; সামীপ্য; সমাগম; আবির্ভাব; স্থিতি।
**সন্নিধি**—মজুদকরণ; সঞ্চিতকরণ; জমিয়ে রক্ষণ; গুপ্ত-ভাণ্ডার; নির্মাণের বা মেরামতের সময়ে অথবা বিজ্ঞাপনাদি মারার জন্য অট্টালিকাকে ঘিরে স্থাপিত তক্তা ভারা। **সান্নধিকারক**—যে তহবিল জমিয়ে রাখে বা সঞ্চিত রাখে। **সন্নিধিকত**—মজুদকৃত; সঞ্চিত; জমাকৃত বা জমানো।
**সন্নিপততি**—(সং+নি+পত্‌+অ) একত্র করা বা একত্র হওয়া; জড় হওয়া বা জড় করা; মেলামেশায় আসা। *aor* **সন্নিপতি**। *pp* **সন্নিপতিত**। *abs* **সন্নিপতিত্বা**। *prp* **সন্নিপতন্ত**।
**সন্নিপতন**—সমাবেশ; একত্রীকরণ বা একত্রীভবন; সমূহ; পরিসংঘাত; সাক্ষাৎ; সাক্ষাৎকার; সভা।
**সন্নিপাত**—সাক্ষাৎ; সাক্ষাৎকার; সমাবেশ; সভা; দেহের রক্ত, কফ, পিত্ত ও বাত প্রভৃতি নিঃসৃত রসের একতা বা একত্রীভবন। **সন্নিপাতিক**—জীবদেহ নিঃসৃত রসের একত্রীভবনের বা সমাবেশের ফলাফল বা অবস্থা। **সন্নিপাতন**—একত্র হবার আহ্বান; সমবেত হবার ডাক।
**সন্নিপাতেতি**—(সং+নি+পাত্‌+এ) সমবেত হবার জন্য ডাকা; একত্র হবার বা সমাবেশ আহ্বান করা। *aor* **সন্নিপাতেসি**। *pp* **সন্নিপাতিত**। *abs* **সন্নিপাতেত্বা**।
**সন্নিভ**—সদৃশ।
**সন্নিয্যাতন**—হাত লাগানো বা সাহায্য করণ (প্রতিরক্ষা ইত্যাদির নিমিত্ত)।
**সন্নিরুম্ভন**—টেনে বা ধরে বা আটকিয়ে রাখা; নিয়ন্ত্রণ; সংযতকরণ; দমন; প্রতিরোধ।
**সন্নিরুম্ভেতি**—(সং+নি+রুম্ভ্‌+এ) টেনে বা ধরে বা আটকিয়ে রাখা; নিয়ন্ত্রিত বা সংযত করা; দমন করা; ঘেরাও করা বা আটক করা; বাধা দেওয়া; প্রতিরোধ করা; ব্যাহত করা। *aor* **সন্নিরুম্ভেসি**। *pp* **সন্নিরুম্ভিত**। *abs* **সন্নিরুম্ভেত্বা**।
**সন্নিবাস**—মিলন; সম্বন্ধ বা যোগ; সঙ্ঘ; সভা; একত্র-বসবাস।
**সন্নিবেস**—সন্নিবেশ; সংস্থাপন; স্থিতি; বিন্যাস; সংযোগ।
**সন্নিসিন্ন**—(সন্নিসীদতি'র *pp*)।
**সন্নিসীদতি**—(সং+নি+সদ্‌+অ) স্থায়ী বা অটল করা; স্থির করা বা সিদ্ধান্তে উপনীত হওয়া; নির্দিষ্ট করা; ধার্য করা; বন্দোবস্ত করা; উপনিবেশ স্থাপন করা; শান্ত হয়ে যাওয়া; প্রশমিত হওয়া; শান্ত হওয়া। *aor* **সন্নিসীদি**। *abs* **সন্নিসীদিত্বা**।
**সন্নিস্‌সিত**—সন্নিশ্রিত; একত্র আবদ্ধ; সংযুক্ত; সম্বদ্ধ; সম্পর্কযুক্ত; সংশ্লিষ্ট; ভিত্তির উপরে স্থাপিত।
**সন্নিহিত**—নিকটবর্তী; সান্নিধ্যে অবস্থিত; সম্যক স্থাপিত।
**সন্নেতি**—(সং+নি+এ) একত্রে মেশানো বা মেশা; পিষে বা ঠেসে তাল পাকানো; দলাই-মলাই করা; অঙ্গ সংবাহন করা। *aor* **সন্নেসি**। *pp* **সন্নিত**। *abs* **সন্নেত্বা**।
**সপজাপতিক**—নিজের স্ত্রীসহ; সস্ত্রীক।
**সপতি**—(সপ+অ) শপথ করা; দিব্যি দেওয়া; অভিশাপ দেওয়া; তীব্র কটূক্তি করা। *aor* **সপি**। *pp* **সপিত**। *abs* **সপিত্বা**।
**সপত্ত**—প্রতিদ্বন্দ্বী ব্যক্তি বা বস্তু; শত্রু; শত্রুপক্ষীয়; শত্রুতাপূর্ণ; প্রতিকূল; বিরোধী।
**সপত্তভার**—(কারও) নিজের ডানা তার সম্পূর্ণ বোঝাস্বরূপ।
**সপত্তী**—সপত্নী।
**সপথ**—শপথ; প্রতিজ্ঞা; দিব্যি।
**সপদান**—পরম্পরাগত; ধারাবাহিক। **সপদানং**—মধ্যপথে বাধাদান; ছিন্ন বা বিভক্তকরণ; ধারাবাহিকতা ভঙ্গকরণ। **সপদাচারিকা**—পিণ্ডাচরণের সময় কোনো গৃহ বাদ না দিয়ে ভিক্ষাকরণ।
**সপদি**—মুহূর্তমধ্যে; সঙ্গে সঙ্গে; অবিলম্বে।
**সপরিগ্‌গহ**—সপরিগ্রহ; অধিকারে বস্তু বা বিষয়সহ; সপরিবারে।
**সপাক, সোপাক**—জাতিভ্রষ্ট; কুত্তার মাংস-ভোজী।
**সপ্প**—সর্প; সাপ। **সপ্প-পোতক**—সাপের বাচ্চা।
**সপ্পচ্চয**—সপ্রত্যয়; হেতু সম্বলিত; অবস্থাবিশেষে পতিত; শর্তাবদ্ধ; আপেক্ষিক অর্থাৎ অন্য কিছুর উপরে নির্ভরশীল।

**সপ্পঞ্ঞ**—সপ্রজ্ঞা; প্রাজ্ঞ; জ্ঞানী।

**সপ্পটিঘ**—সপ্রতিঘ; সম্পর্ক বা সংযোগ স্থাপন-করণীয়।

**সপ্পটিভয**—ভয়ানক; অনিষ্টকর; ক্ষতিকর।

**সপ্পতি**—(সপ্প+অ) বুকে ভর দিয়ে চলা; হামাগুড়ি দেওয়া; পেটে ভর দিয়ে চলা; ধীরে ধীরে চুপিসারে চলা; লতিয়ে ওঠা। *aor* **সপ্পি**।

**সপ্পন**—বুকে ভর দিয়ে চলন; হামাগুড়ি দেওন।

**সপ্পাণক**—সজীব প্রাণীবিশিষ্ট জীব পরিপূর্ণ; সচেতন-প্রাণীপূর্ণ।

**সপ্পায**—সুবিধাজনক; লাভপ্রদ; উন্নতিসাধক; উপযুক্ত; মানানসই; যথাযোগ্য পর্যাপ্ত। **সপ্পাযতা**—উন্নতিসাধন।

**সপ্পি**—সর্পিঃ; ঘৃত; হবিঃ; পরিশোধিত মাখন।

**সপ্পিনী**—সর্পিণী; স্ত্রী-সর্প।

**সপ্পীতিক**—সপ্রীতিক; পরমানন্দের সহিত।

**সপ্পুরিস**—ন্যায়পরায়ণ লোক; নিরপেক্ষ ব্যক্তি।

**সফরী**—পুঁটিমাছ। (অগভীর জলে সফরী ফরফরায়তে—অল্প জলে পুঁটিমাছ ফরফর করে বেড়ায়, সামান্য বিদ্যার অধিকারীরাই বিদ্যা জাহির করে বেশি)।

**সফল**—সিদ্ধিযুক্ত; সিদ্ধ; ফলবান।

**সবল**—বলশালী; ভূষিত; কর্বুরিত; কর্বুর।

**সব্ব**—সর্ব; সব; সকল; প্রত্যেক; গোটা পুরা সমগ্র বা সম্পূর্ণ বস্তু; সম্পূর্ণ। **সব্ব-কণিট্ঠ**—সর্ব কনিষ্ঠ; সকলের ছোট। **সব-কম্মিক**—সর্বকর্মী; যে (মন্ত্রী) সকল রকম কর্তব্য সম্পাদন করে। **সব্বঞ্ঞু**, **সব্ববিদূ**—সর্বজ্ঞ; সর্ববিদ; সব বিষয়ে যে জ্ঞানী; সর্বজ্ঞ (বুদ্ধ)। **সব্বঞ্ঞুতা**—সর্বজ্ঞতা। **সব্বট্ঠক**—প্রত্যেকটির আটটি করে; প্রত্যেক রকমের আটটি। **সব্বত্থক**—সমস্ত বিষয়ের সহিত সংশ্লিষ্ট; সব কাজে লিপ্ত। **সব্বপঠম**—সর্বপ্রথম; সর্বাগ্রবর্তী। **সব্বপঠমং**—সকলের পূর্বে; অতিশয় পূর্বে বা আগে। **সব্বসত**—প্রত্যেকটির একশত করে। **সব্বসোবণ্ণ**—সম্পূর্ণ স্বর্ণেপ্রস্তুত। **সব্বস্স**—সর্বস্ব; সমস্ত বিষয় সম্পত্তি। **সব্বস্সহরণ**—সর্বস্বহরণ; সমস্ত সম্পত্তি বাজেয়াপ্ত করণ।

**সব্বতো**—সকলপ্রকারে; সকল দিকে; সকল বিষয়ে; সম্পূর্ণরূপে।

**সব্বত্থ, সব্বত্র**—সকল স্থানে কালে দিকে বা বিষয়ে; সর্বত্র।

**সব্বথা**—সর্বথা; সর্বপ্রকারে।

**সব্বদা**—সর্বদা; সকল সময়ে।

**সব্বধি**—সর্বত্র; যেখানে সেখানে।

**সব্বসো**—সর্বতোভাবে; সম্পূর্ণভাবে; সকল বিষয়ে।

**সব্ভি**—(সং সদ্ভিঃ পণ্ডিতের সাথে। কিন্তু পালিতে ইহা কখন কখন ইহা বিশেষরূপে ব্যবহৃত হয়) ধার্মিক; নিষ্পাপ; নৈতিক উৎকর্ষসম্পন্ন; সদগুণ-সম্পন্ন।

**সব্রহ্মক**—ব্রহ্মালোককে অন্তর্ভুক্ত করে।

**সব্রহ্মচারী**—ভিক্ষুবন্ধু।

**সভগ্গত**—পরিষদে আগত; সভায় আগত।

**সভা**—পরিষদ; পরিষদভবন; সভাগৃহ; সভাকক্ষ।

**সভাগ**—সাধারণ; একই বিভাগের হয়ে। **সভাগট্ঠান**—সভাগস্থান; উপযোগী বা সুবিধাজনক স্থান। **সভাগবুত্তি**—পারস্পরিক শিষ্টাচারে অবস্থান।

**সভাব**—স্বভাব; প্রকৃতি; স্বরূপ; স্বাভাবিক অবস্থা; স্বাভাবিক প্রবণতা; বাস্তব বস্তু। **সভাবধম্ম**—স্বভাবধর্ম; প্রকৃতির মূল উৎস।

**সভোজন**—(স+ভোজন) ভোজনসহ; (স+উভো+জন) যেখানে দম্পতি রয়েছে এমন; স্বামী-স্ত্রী। (দ্বিতীয় অংশে বিনয়ে দৃষ্ট হয়।)

**সম**—সমান; তুল্য; অনুরূপ; অভিন্ন; একই; সমতল; মসৃণ; সদৃশ; সমাকৃতি; শম; শান্তি; নিবৃত্তি; উপশম; চিত্তের স্থিরতা। **সমক**—সমান; অনুরূপ; একই। **সম্মং**—সঠিকভাবে; যথাযথরূপে; সমানভাবে। **সম্মেন**—নিরপেক্ষভাবে।

**সমগ্গ**—সমগ্র; একতাবদ্ধ অবস্থায়। **সমগ্গ-করণ**—শান্তি স্থাপন; বিবাদের আপোস-মীমাংসা সাধন। **সমগ্গত্ত**—মতের মিল; বনিবনাও; মিল; চুক্তি; সংবিদা; সম্মতি সন্ধি। **সমগ্গরত, সমগ্গ-আরাম**—শান্তিতে আনন্দোৎসব পালন।

**সমঙ্গিতা**—কোনো দান বা গুণাদির দ্বারা সমৃদ্ধ হবার প্রকৃত অবস্থা।

**সমঙ্গী, সমঙ্গীভূত**—সমৃদ্ধ; অধিকারী।

**সমচরিযা**—পারলৌকিক বা আধ্যাত্মিক শান্তিতে অবস্থান।

**সমচিত্ত**—মনের বা মেজাজের সমতা অথবা ধীরতার অধিকারী। **সমচিত্ততা**—মনের বা চিত্তের সমতা।

**সমজাতিক**—একই জাতির; সমজাতীয়।

**সমজ্জ**—পর্বদিন সংক্রান্ত সমাবেশ; হাসিখুশি বা উল্লসিত জনসমাবেশ; নাট্যাভিনয় প্রদর্শন; নাটুকে প্রদর্শন। **সমজ্জট্ঠান**—মল্লভূমি; রণক্ষেত্র; কর্মক্ষেত্র। **সমজ্জ-অভিচরণ**—মেলা বা উৎসব

দর্শন।

**সমঞ্ঞা**—নাম আখ্যা খেতাব পেশা পদ প্রভৃতি সূচক আখ্যা। **সমঞ্ঞাত**—আখ্যাত।

**সমণ**—অবরুদ্ধ মঠ কক্ষ প্রভৃতিতে নিঃসঙ্গভাবে বসবাসকারী ধর্মোপাসক বা সন্ন্যাসী। নির্জনবাসী ব্যক্তি। **সমণ কুত্তিক**—মিথ্যা বা বাজে ভিক্ষু। **সমণী**—মঠবাসিনী; সন্ন্যাসিনী। **সমণুদ্দেস**—শিক্ষানবিস; সভ্য; ব্রতী; নবদীক্ষিত ব্যক্তি; নবশিক্ষার্থী। **সমণধম্ম**—ভিক্ষু-কর্তব্য। **সমণ-সারুপ্প**—ভিক্ষুর জন্য বিধিসঙ্গত বা বৈধ বা ন্যায্য।

**সমতা**—সমকক্ষতা; সঠিকতা; সাম্য; সাধারণ অবস্থা।

**সমতিক্কন্ত**—'সমতিক্কমতি'র *pp*।

**সমতিক্কম, সমতিক্কমন**—সমতিক্রম; সমতিক্রমণ; নাগালের বাইরে অতিক্রম; বিজয়।

**সমতিক্কমতি**—(সম্+অতি+কম্+অ) অতিক্রম করা; অতিক্রান্ত হওয়া; উত্তীর্ণ হয়ে যাওয়া; উতরে বা পার হয়ে যাওয়া; অতিবাহিত করা; অতিবাহিত হওয়া; যাপন করা; যাপিত হওয়া; ছাপিয়ে যাওয়া; সীমা ছাড়িয়ে যাওয়া বা অবস্থান করা; স্থানান্তরিত করা; অপসারিত করা। *aor* **সমতিক্কমি**। *abs* **সমতিক্কমিত্বা**।

**সমতিত্তিক**—কানায় কানায় পূর্ণ।

**সমতিব্বত্ততি**—(সং+অতি+বত্+অ) আবৃত করা; পরাস্ত করা; জয় করা; দমন করা; বশে আনা; অতিক্রম করা; ছাপিয়ে যাওয়া; ছাড়িয়ে যাওয়া; অবস্থান করা। *aor* **সমতিব্বত্তি**। *pp* **সমতিব্বত্ত, সমতিব্বত্তিত**।

**সমত্ত**—সমস্ত; পরিপূর্ণ; সম্পূর্ণ; পূরা; অখণ্ড।

**সমত্ত**—'সমতা' দেখুন।

**সমত্থ**—সমর্থ; দক্ষ। **সমত্থতা**—সমর্থতা; সামর্থ্য; দক্ষতা; কুশলতা।

**সমথ**—শমথ; প্রশান্তি; নিবাত অবস্থা; বায়ুপ্রবাহের ধীরতা; "অনাসক্ত ও প্রশান্ত মনে ধ্যানের দ্বারাই পৃথিবীতে আধ্যাত্মিক পূর্ণতা লাভ করা যায়"—অন্তরের এই মতবাদ; বিধিসম্মত প্রশ্নের সমাধান। **সমথভাবনা**—শমথ ভাবনা; মনের একাগ্রতা-অবস্থা লাভ করার নাম শমথ ভাবনা।

**সমধিগচ্ছতি**—(সং+অধি+গম্+অ) অর্জন করা; অভীষ্ট লাভ করা; পরিষ্কারভাবে বুঝতে পারা বা উপলব্ধি করা। *aor* **সমধিগচ্ছি**। *pp* **সমধিগত**। *abs* **সমধিগন্ত্বা**।

**সমনন্তর**—অব্যবহিত; অবিলম্ব; প্রত্যক্ষ; নিকটতম। **সমনন্তরতরা**—ঠিক পরে।

**সমণুগাহতি**—(সং+অণু+গহ্+অ) সঙ্গত কারণে জিজ্ঞাসা করা। *aor* **সমনুগাহি**। *abs* **সমনুগাহিত্বা**।

**সমণুঞ্ঞ**—সমনোজ্ঞ; প্রতিপাদক; সমর্থক; অনুমোদক। **সমনুঞ্ঞা**—প্রমাণ; প্রতিপাদন; অনুমোদন; উৎকৃষ্ট বলে বিবেচিত; অনুকূল ধারণা। **সমনুঞ্ঞাত**—প্রমাণিত; প্রতিপাদিত; অনুমোদিত; উৎকৃষ্ট বলে বিবেচিত।

**সমণুপস্সতি**—(সং+অনু+দিস্+অ) দেখা; ইন্দ্রিয় দ্বারা প্রত্যক্ষ করা; মনে মনে উপলব্ধি করা; বোঝা; উপলব্ধি করা। *aor* **সমণুপস্সি**। *prp* **সমণুপস্সমান**। *abs* **সমণুপস্সিত্বা**।

**সমণুভাসতি**—(সং+অণু+ভাস্+অ) অন্তরঙ্গভাবে কথোপকথন করা; আলাপ-আলোচনা করা। *aor* **সমণুভাসি**।

**সমণুভাসনা**—অন্তরঙ্গভাবে কথোপকথন; আলাপ-আলোচনা; কথন বা পাঠ।

**সমণুযুঞ্জতি**—(সং+অন+যুজ্+ং-অ) প্রশ্ন তোলা; আপত্তি তোলা। *aor* **সমনুযুঞ্জি, সমনুযুঞ্জিত্বা**।

**সমণুস্সরতি**—স্মরণ করা; অনুস্মরণ করা; মনে ডাকা। *aor* **সমনুস্সরি**। *prp* **সমনুস্সরন্ত**। *abs* **সমনুস্সরিত্বা**।

**সমন্ত**—সমস্ত; সকল; পুরা; সম্পূর্ণ। **সমন্তচক্খু**—সর্বদর্শী; সর্বদর্শক; সর্বজ্ঞ। **সমন্তপাসাদিক**—পূর্ণানন্দদায়ক; সম্পূর্ণ মনোরম। **সমন্ত ভদ্দক**—সম্পূর্ণ মঙ্গলজনক বা শুভলক্ষণযুক্ত।

**সমন্তা, সমন্ততো**—চতুর্দিকের সমস্ত; সর্বত্র।

**সমন্নাগত**—সমৃদ্ধ; অধিকারী।

**সমন্নাহরতি**—(সং+অনু+আ+হর্+অ) একত্র করা; একত্রে সংগ্রহ করা; একই স্থানে বা একই সময়ে জমানো; যুগপৎ সংহত করা। *aor* **সমন্নাহরি**। *pp* **সমন্নাহট**। *abs* **সমন্নাহরিত্বা**।

**সমপেক্খতি**—(সং+অপ+ইক্খ+অ) ভালোরূপে মনোযোগের সহিত ভাবা বা বিবেচনা করা। *aor* **সমপেক্খি**।

**সমপ্পেতি**—(সং+অপ্+এ) সমর্পণ করা; প্রদান করা; সকল স্বত্ব ত্যাগপূর্বক দান করা; উৎসর্গ করা; হস্তান্তরিত করা; ন্যস্ত করা; প্রয়োগ করা। *aor* **সমপ্পেসি**। *pp* **সমপ্পিত**। *abs* **সমপ্পেত্ব, সমপ্পিয**।

**সময**—সময়; কাল; সমাবেশ; উপাসকমণ্ডলী; ঋতু; কার্যাদির উপযুক্ত সময়; সুযোগ; ধর্ম। **সময়ন্তর**—সময়ন্তর; ভিন্ন ধর্ম।

**সমর**—যুদ্ধ; রণ; লড়াই।
**সমল**—অপবিত্র; অবিশুদ্ধ; স্পর্শাদি দ্বারা দূষিত বা সংক্রামিত।
**সমলঙ্কত**—'সমলঙ্করোতি'র *pp*।
**সমলঙ্করোতি**—(সং+অলং+কর্+ও) সাজানো বা সৌন্দর্যবৃদ্ধি করা; ভূষিত বা অলঙ্কৃত করা। *aor* **সমলঙ্করি**। *abs* **সমলঙ্করিত্বা**।
**সমবায়**—সমবায়; মিলন; নিত্য সম্বন্ধ; সমবেত বা যৌথ কর্মপ্রচেষ্টা।
**সমবেক্খতি**—(সং+অব+ইক্খ+অ) মনোযোগের সহিত ভাবা; বিবেচনা করা; পরীক্ষা করা। *aor* **সমবেক্খি**।
**সমবেপাকিনী**—ভালো হজমশক্তিবর্ধক।
**সমস্সাস**—(কারও) বোঝা অসুবিধা অমঙ্গলপ্রভৃতি; নতুন তেজশক্তি প্রদায়ক বস্তু।
**সমস্সাসেতি**—(সং+আ+সস্+এ) (কারও) বোঝা অসুবিধা অমঙ্গল প্রভৃতি মোচন করা; উপশম করা; অব্যাহতি দেওয়া; নতুন তেজ শক্তি জীবন বেগ ঔজ্জ্বল্য তরুণ্য প্রভৃতি দেওয়া বা পাওয়া। *aor* **সমস্সাসেসি**। *abs* **সমস্সাসেত্বা**।
**সমা**—বৎসর; বর্ষ; বছর।
**সমাকড্ঢতি**—(সং+আ+কড্ঢ্+অ) টেনে লওয়া; আকর্ষণ করা; নিষ্কাশিত করা; পৃথক করা; টেনে তোলা; টেনে তুলে ফেলা। *aor* **সমকড্ঢি**। *abs* **সমকড্ঢিত্বা**।
**সমাকড্ঢন**—টান; আকর্ষণ; টানাটানির প্রতিযোগিতা; হেঁচড়ানো; পৃথককরণ; টেনে তোলন।
**সমাকিণ্ণ**—সমাকল; সমাকীর্ণ; পরিব্যাপ্ত; সঙ্কুল; অত্যন্ত আকুল বা কাতর; পরিপূর্ণ; সংশয়যুক্ত।
**সমাগচ্ছতি**—(সং+আ+গম্+অ) একত্রে মিলিত হওয়া; সম্মিলিত হওয়া; সমাবেশ হওয়া। *aor* **সমাগচ্ছি**। *abs* **সমাগন্ত্বা, সমাগম্ম**।
**সমাগত**—('সমাগচ্ছতি'র *pp*) একত্রে মিলিত; সম্মিলিত।
**সমাগম**—উপস্থিতি; আগমন; সম্মিলন।
**সমাচরতি**—(সং+আ+চর্+অ) আচরণ করা; প্রভাবিত করা; কার্যে প্রয়োগ করা; কার্যকর করা; চালু করা; অনুশীলন করান; চর্চা করানো; অভ্যাস করানো; অনুশীলন করা; চর্চা করা; অভ্যাস করা। *aor* **সমাচরি**। *prp* **সমাচরন্ত**। *abs* **সমাচরিত্বা**।
**সমাচরণ, সমাচর**—আচরণ; পরিচালনা; স্বভাব।
**সমাদপক, সমাদপেতু**—প্ররোচক। **সমাদপন**—প্ররোচনা।
**সমাদপেতি**—(সং+আ+দা+আপে) প্ররোচিত বা উত্তেজিত করা। *aor* **সমাদপেসি**। *pp* **সমাদপিত**। *abs* **সমাদপেত্বা**।
**সমাদহতি**—(সং+আ+ধা+অ) সংহত করা; একত্র করা; একই কেন্দ্রীভূত করানো বা হওয়া; পূর্ণ মনোযোগ দেওয়া; উদ্দীপ্ত বা উত্তেজিত করা অথবা হওয়া। *aor* **সমাদহি**। *prp* **সমাদহন্ত**। *abs* **সমাদহিত্বা**।
**সমাদাতি**—(সং+আ+দা+অ) নেওয়া; গ্রহণ করা; মেনে নেওয়া; হৃদয়ঙ্গম করা।
**সমাদান**—গ্রহণ; মানন; হৃদয়ঙ্গম করণ; আইন নিয়ম পর্ব রীতিনীতি প্রভৃতি পালন; উদ্‌যাপন।
**সমাদায়**—গৃহীত পেয়ে।
**সমাদিয়তি**—('সমাদাতি'র *pass*) ধারণ গ্রহণ পরিধান বা অবলম্বন করা; বিনা যুক্তিতেই স্বীকার বা অনুমান করে নেওয়া; দায়িত্ব বা ভার গ্রহণ করা; ভান করা। *aor* **সমাদিয়ি**। *pp* **সমাদিন্ন**। *abs* **সমাদিত্বা**। *prp* **সমাদিয়ন্ত**।
**সমাদিসতি**—(সং+আ+দিস্+অ) নির্দেশিত করা; দেখানো; ইঙ্গিত দেওয়া; আদেশ করা; সক্রিয় করা; খাটানো। *aor* **সমাদিসি**। *pp* **সমাদিট্ঠ**। *abs* **সমাদিসিত্বা**।
**সমাধান**—সংহত করণ; একত্র করণ; সমাপন; নিষ্পত্তি; মীমাংসা; প্রতিকার।
**সমাধি**—বাহ্যজ্ঞানহীন ধ্যান; গভীর তন্ময়তা; চিত্তের একনিষ্ঠতা। **সমাধিজ**—মনের একই কেন্দ্রীভূত করণে উদ্ভূত বা উৎপন্ন। **সমাধিবল**—একই কেন্দ্রীভূত করণের ক্ষমতা বা বল। **সমাধি ভাবনা**—একই কেন্দ্রীভূত-করণ-কর্ষণ বা অনুশীলন। **সমাধিসংবত্তনিক**—একই কেন্দ্রীভূত-করণ-সংঘটনের সহায়ক বা উপকারি। **সমাধি-সম্বোজ্ঝঙ্গ**—সমাধি সম্বোধ্যঙ্গ; সর্বজ্ঞতা লাভের অপরিহার্য বা মৌলিক বা উপাদানমূলক অংশ হিসাবে একই কেন্দ্রীভূতকরণ।
**সমাধিয়তি**—(সং+আ+ধা+ই+য) শান্ত বা একই কেন্দ্রীভূত করা বা হওয়া। *aor* **সমাধিয়ি**।
**সমান**—সমকক্ষ; অনুরূপ; সদৃশ; অভিন্ন; এক; সমাকৃতি। **সমানগতিক**—একরূপ; অভিন্ন। **সমানত্ত, সমানতা, সমানভাব**—একরূপতা; অভিন্নতা; সমকক্ষতা; অনুরূপতা। **সমানত্ততা**—নিরপেক্ষতা; পক্ষপাতশূন্যতা; সমাজপ্রীতি; সঙ্গপ্রীতি; সামাজিক মেলামেশার পক্ষে অনুকূলতা। **সমানরসিক**—প্রবীণতার দিক দিয়ে সমকক্ষ;

সমবয়স্ক। **সমানসংবাসক**—একই প্রার্থনাসভার অন্তর্ভুক্ত; একই প্রার্থনাসভায় যোগদানকারী ব্যক্তিবর্গের অন্তর্ভুক্ত।

**সমানীত**—'সমানেতি'র *pp*।

**সমানেতি**—(সং+আ+নী+অ) একত্রে আনয়ন করা; যুগপৎ আনা; সাদৃশ্য বা বৈসাদৃশ্য অবধারণার্থ তুলনা করা; সাদৃশ্য নির্ণয় করা; বিচার–বিবেচনা করা। *aor* **সমানেসি**। *abs* **সমানেত্বা**।

**সমাপজ্জতি**—(সং+আ+পদ্+য) আরম্ভ করা; নিযুক্ত হওয়া; রত করানো। *aor* **সমাপজ্জি**। *prp* **সমাপজ্জন্ত, সমাপজ্জমান**। *abs* **সমাপজ্জিত্বা, সমাপজ্জ**।

**সমাপজ্জন**—আরম্ভকরণ; নিযুক্ত হওন; ভোগকরণ; সহ্য করণ।

**সমাপত্তি**—সাফল্য; সিদ্ধি; অর্জিত গুণ বা বিদ্যা; অধিগত বিদ্যা; ধ্যানের আনন্দোপভোগ অবস্থা।

**সমাপন্ন**—'সমাপজ্জতি'র *pp*।

**সমাপেতি**—(সং+অপ্+এ) উপসংহার করা বা হওয়া; শেষ বা সমাপ্ত করা অথবা হওয়া; সিদ্ধান্ত করা; সম্পূর্ণ করা; সম্পাদন করা। *aor* **সমাপেসি**। *pp* **সমাপিত**। *abs* **সমাপেত্বা**।

**সমাযাতি**—(সং+আ+যা+অ) একত্রে আসা; একতাবদ্ধ হওয়া। *pp* **সমাযাত**।

**সমাযুত**—সংযুক্ত; মিলিত; আবিষ্ট।

**সমাযোগ**—সংযোগ; মিলন; সংযোগমূলক অব্যয়।

**সমারক**—দেবমারসহ।

**সমারদ্ধ**—('সমারভতি'র *pp*) আবদ্ধ।

**সমারভতি**—(সং+আ+রভ্+অ) আরম্ভ করা; পরিগ্রহ করা; দায়িত্ব বা ভার গ্রহণ করা; নিরত হওয়া; হাতে লওয়া; হত্যা করা; ব্যর্থ করা; অক্রিয় বা করা। *aor* **সমারভি**। *abs* **সমারভিত্বা**।

**সমারম্ভ**—পরিগ্রহণ; দায়িত্ব গ্রহণ; ভার গ্রহণ; সক্রিয়তা; কর্মতৎপরতা; অন্যায়সাধন; ক্ষতি; আঘাত; পশুবধ; ব্যাপক হত্যা।

**সমারুহতি**—(সং+আ+রু+অ) আরোহণ করা; উপরে ওঠা; চড়া। *aor* **সমারুহি**। *pp* **সমারূল্হ**। *abs* **সমারুহিত্বা, সমারুয্হ**।

**সমারুহন**—আরোহণ; উত্থান; চড়ন।

**সমারূল্হ**—('সমারুহতি'র *pp*) সমারূঢ়।

**সমারোপন**—উচ্চতর ও বৃহত্তরকরণ; মহত্তরকরণ; মহীয়ানকরণ; উঁচু করণ; জাগরণ; আরোপণ; সংযোজন; ওপরে এঁটে দেওন।

**সমারোপেতি**—(সং+আ+রুপ্+এ) আরোহণ করানো; ওপরে ওঠানো; অধিষ্ঠিত হওয়ানো; উদিত হওয়ানো; জাগানো; আরোপণ করানো; সংযোগ করানো; বিশ্বাসভরে অর্পণ করা; বিশ্বাসভরে গুপ্ত কথা বলা বা গুপ্ত কাজের ভার দেওয়া। *aor* **সমারোপেসি**। *pp* **সমারোপিত**। *abs* **সমারোপেত্বা**।

**সমাব্রহতি**—(সং+আ+ব্রহ্+অ) ঘটানো। *aor* **সমাবহি**। *prp* **সমাবহন্ত**।

**সমাস**—যৌগিক শব্দ; মিশ্র পদার্থ; বিভিন্ন পদার্থ মিশিয়ে প্রস্তুত ঔষধাদি সংক্ষেপ; সংগ্রহ; মিলন; একাধিক পদের একপদীকরণ।

**সমাসেতি**—(সং+আস্+এ) মিলিত বা একত্র করা অথবা হওয়া; মেশা বা মেশানো; সংক্ষেপ করা; সংগ্রহ করা। *aor* **সমাসেসি**। *pp* **সমাসিত**। *abs* **সমাসেত্বা**।

**সমাহত**—('সমাহনতি'র *pp*) আঘাতপ্রাপ্ত; তাড়িত; মর্দিত; গুণিত; জ্ঞাত; বাদিত; ধ্বনিত।

**সমাহনতি**—(সং+আ+হন্+অ) আঘাত করা; বাদ্যযন্ত্রে ধ্বনিত করা।

**সমাহিত**—সম্পাদিত; মীমাংসিত; অবহিত; অভিনিবিষ্ট; ধ্যানমগ্ন।

**সমিজ্ঝতি**—(সং+ইধ্+য) অনুসরণ করা; পশ্চাতে আসা; যথাক্রমে আসা; পরম্পরাক্রমে আসা; উত্তরাধিকারী হওয়া; শ্রীবৃদ্ধি লাভ করা বা করানো; উন্নতিলাভ করা বা করানো; বলবৎ করা; চালু করা। *aor* **সমিজ্ঝি**। *pp* **সমিদ্ধ**। *abs* **সমিজ্ঝিত্বা**।

**সমিজ্ঝন**—সাফল্য; সিদ্ধি।

**সমিত**—('সমেতি'র *pp*) শান্তিপ্রাপ্ত; তৃপ্ত; প্রশান্ত। **সমিত্ত**—শান্তিপ্রাপ্ত অবস্থা; তৃপ্ত অবস্থা; প্রশান্ত ভাব। **সমিতাবী**—যে নিজকে তৃপ্ত বা প্রশান্ত করেছে এমন।

**সমিতং**—সর্বদা; চিরকাল; অনবরত।

**সমিতি**—পরিষৎ; সঙ্ঘ।

**সমিদ্ধ**—('সমিজ্ঝতি'র *pp*) সমৃদ্ধ; কৃতকার্য; সম্যক বৃদ্ধিপ্রাপ্ত; সম্পদশালী।

**সমিদ্ধি**—সমৃদ্ধি; কৃতকার্যতা; সম্যক বৃদ্ধি; উন্নতি; সম্পদ; ঐশ্বর্য।

**সমীপ**—নিকট; সন্নিধি; নিকটবর্তী; নিকটস্থ। **সমীপচারী**—নিকটবর্তী। **সমীপট্‌ঠ**—সমীপস্থ; নিকটস্থ; দূরে নয়। **সমীট্‌ঠান**—সমীপস্থান; নিকটস্থ স্থান; কাছের জায়গা।

**সমীরণ**—সমীর; বায়ু।

**সমীরতি**—(সং+ঈর্+অ) প্রবাহিত হওয়া; চলা। *pp*

সমীরিত।

**সমীরেতি**—(সং+ঈর্+এ) বলা; উচ্চারণ করা; ধ্বনিত করা; কথা বলা; আলোচনা করা; আলাপ করা। *aor* **সমীরেসি**। *pp* **সমীরিত**। *abs* **সমীরেত্বা**।

**সমুক্‌কংসেতি**—(সং+উ+কস্+এ) উচ্চ প্রশংসা করা; মহিমাকীর্তন করা। *aor* **সমুক্কংসেসি**। *pp* **সমুক্কংসিত**। *abs* **সমুক্কংসেত্বা**।

**সমুগ্‌গ**—ক্ষুদ্র বাক্স; কৌটা; সম্পুট।

**সমুগ্‌গচ্ছতি**—(সং+উ+গম্+অ) উত্থান করা; ওঠা; জাগ্রত হওয়া; উদ্ভূত হওয়া; উদিত হওয়া; অস্তিত্বে আসা। *aor* **সমুগ্গচ্ছি**। *abs* **সমুগ্গন্ত্বা**।

**সমুগ্‌গত**—'সমুগ্‌গচ্ছতি'র *pp*।

**সমুগ্‌গণ্হাতি**—(সং+উ+গহ্+ণ্হা) ভালোরূপে জ্ঞান বা দক্ষতা অর্জন করা; শেখা বা জানা। *aor* **সমুগ্গণ্হি**। *pp* **সমুগ্গহিত**। *abs* **সমুগ্গহেত্বা**।

**সমুগ্‌গম**—সমুদ্গম; উত্থান; জাগরণ; উদ্ভব; উৎসারণ; উৎস; উৎপত্তি; ব্যুৎপত্তি; আরম্ভ।

**সমুগ্‌গিরতি**—(সং+উ+গির্+অ) উদ্‌গিরণ করা; নির্গত করা; বাহির করা; ছুড়ে ফেলা; বর্জন করা; বের করে দেওয়া। *aor* **সমুগ্গিরি**।

**সমুগ্‌গিরণ**—উদ্‌গিরণ; নির্গতকরণ; বহিষ্করণ।

**সমুগ্‌ঘাত**—সমুদ্ঘাত; ধাক্কা; কনুইয়ের গুঁতা; অপ্রত্যাশিতভাবে বা হঠাৎ সাক্ষাৎ লাভ; মূলোৎপাটন; অপসারণ। **সমুগ্ঘাতক**—অপসারক; বিলোপক; সমুদ্‌ঘাতক।

**সমুগ্‌ঘাতেতি**—(সং+উ+ঘাত্+এ) লোপ করা; মূলোৎপাটন করা; অপসারণ করা। *aor* **সমুগ্ঘাতেসি**। *pp* **সমুগ্ঘাতিত**, **সমুগ্‌ঘাতেত্বা**।

**সমুচিত**—সম্পূর্ণ উচিত বা উপযুক্ত; ন্যায্য।

**সমুচ্চয**—সমূহ; সমাহার; সংগ্রহ।

**সমুচ্ছিন্দতি**—(সং=উ+ছিদ্+ং-অ) উন্মূলিত করা; সম্পূর্ণ ধ্বংস করা; বিনাশ করা। *aor* **সমুচ্ছিন্দি**। *abs* **সমচ্ছিন্দিয**, **সমুচ্ছিন্দিত্বা**।

**সমুচ্ছিন্ন**—('সমুচ্ছিন্দতি'র *pp*)।

**সমুচ্ছিন্দন**, **সমুচ্ছেদ**—উন্মূলিতকরণ; উন্মূলন; সম্পূর্ণ ধ্বংসকরন; বিনাশন।

**সমুজ্জল**—সমুজ্জ্বল; উজ্জ্বলভাবে দীপ্তিশীল; জাঁকালোরকম উজ্জ্বল বা চমৎকার; দীপ্তিকারক।

**সমুজ্‌ঝিত**—বর্জিত;প্রত্যাখ্যাত; নিক্ষিপ্ত।

**সমুট্‌ঠহতি**, **সমুট্‌ঠাতি**—(সং+উ+ঠা+অ) উত্থান করা; ওঠা; জাগ্রত হওয়া; উৎপন্ন হওয়া বা করা; আরম্ভ হওয়া বা করা। *aor* **সমুট্‌ঠহি**। *pp* **সমুট্‌ঠিত**। *abs* **সমুট্‌ঠিত্বা**।

**সমুট্‌ঠান**—সমুত্থান; উৎপত্তি; উৎপাদন; উদ্ভাবন; উৎপাদক; সঙ্ঘটক। **সমুট্‌ঠানিক**—সমুত্থানকারী; উৎপাদক; উদ্ভাবক।

**সমুট্‌ঠাপক**—সমুত্থাপক; ঘটক; প্রযোজক।

**সমুট্‌ঠাপেতি**—(সং+উ+ঠা+আপে) উত্থাপন করা; উৎপাদন করা; উদ্ভাবন করা; সঙ্ঘটন করা; প্রয়োজন করা। *aor* **সমুট্‌ঠাপেসি**। *pp* **সমুট্‌ঠাপিত**। *abs* **সমুট্‌ঠাপেত্বা**।

**সমুট্‌ঠিত**—('সমুট্‌ঠাতি'র *pp*)।

**সমুত্তরতি**—(সং+উ+তর্+অ) উপেক্ষা করা। *aor* **সমুত্তরি**। *pp* **সমুত্তিণ্ন**। *abs* **সমুত্তরিত্বা**। *ger* **সমুত্তরণ**।

**সমুত্তেজক**—উত্তেজক; প্ররোচক; উদ্দীপক। **সমুত্তেজকজন**—উত্তেজনাদান।

**সমুত্তেজেতি**—(সং+উ+তিজ্+এ) ধার দেওয়া; ধারালো হওয়া; উত্তেজিত করা; প্ররোচিত করা। *aor* **সমুত্তেজেসি**। *pp* **সমুত্তেজিত**। *abs* **সমুত্তেজেত্বা**।

**সমুদয**—সমুদয়; উত্থান; জাগরণ; উৎপত্তি; উদ্ভব; আরম্ভ; উৎপাদিত বা উপজাত বস্তু; উৎপন্ন আয়; ফসল। **সমুদযসচ্চ**—সমুদয় সত্য; উৎপত্তির সত্যতা।

**সমুদাগত**—উত্থিত; জাগরিত; উৎপাদিত বা উপজাত; উৎপন্ন; পর্যবসিত; ফলস্বরূপ উদ্ভূত; পরিণত। **সমুদাগম**—উত্থান; জাগরণ; উৎপাদন; উৎপন্ন দ্রব্য।

**সমুদাচরতি**—(সং+উ+চর্+অ) সহায়করূপে বা সাহায্যকল্পে আচরণ করা অথবা কাজ করা অথবা ভদ্র আচরণ করা; মনে উদিত হওয়া; ঘন ঘন যাওয়া; মেলামেশা করা। *aor* **সমুদাচরি**। *pp* **সমুদাচরিত**। *abs* **সমুদাচরিত্বা**।

**সমুদাচরণ**, **সমুদাচর**—আচরণ; ভদ্র আচরণ; স্বভাব; কাজের ধারা; অভ্যাস; রীতি; প্রথা; অনুশীলন; ঘনিষ্ঠতা; মেলামেশা।

**সমুদাচিণ্ন**—('সমুদাচরতি'র *pp*) অভ্যস্ত; অনুশীলিত; আচরিত; ইচ্ছাপূরিত।

**সমুদায**—বহুজন; বহুসংখ্যা; ভিড়; জনতা।

**সমুদাহরতি**—(সং+উ+আ+হর+অ) কথা বলা; আলোচনা করা; আলাপ করা; বক্তৃতা দেওয়া; বলা। *aor* **সমুদাহরি**। *pp* **সমুদাহট**। *abs* **সমুদাহরিত্বা**।

**সমুদাহরণ, সমুদাহার**—অন্তরঙ্গভাবে কথোপকথন; আলাপ-আলোচনা; কথন; উচ্চারণ; উক্তি; ধ্বনিতকরণ; বাচনভঙ্গি; উচ্চারণভঙ্গি।

**সমুদিত**—'সমুদেতি'র *pp*।

**সমুদীরণ**—কথন; উচ্চারণ; উক্তি; ধ্বনিতকরণ; বাচনভঙ্গি; উচ্চারণভঙ্গি; আন্দোলন; বিচলন; চলন।

**সমুদীরেতি**—(সং+উ+ইর্+এ) বলা; ধ্বনিত করা; উচ্চারণ করা; আন্দোলিত করা; নড়ানো; চালানো; প্রস্তাব করা। *aor* **সমুদীরেসি**। *pp* **সমুদীরিত**। *abs* **সমুদীরেত্বা**।

**সমুদেতি**—(সং+উ+ই+অ) উত্থান করা; ওঠা; জাগ্রত হওয়া; উদ্ভূত হওয়া; উদিত হওয়া। *aor* **সমুদেসি**।

**সমুদ্দ**—সমুদ্র; সাগর। **সমুদ্দট্ঠক**—সমুদ্রস্থিত; মহাসমুদ্রে স্থিত।

**সমুদ্ধট**—'সমুদ্ধরতি'র *pp*।

**সমুদ্ধরণ**—বিচ্ছিন্ন করে নেওয়া; রক্ষা; মোক্ষ; মুক্তি; উদ্ধার।

**সমুদ্ধরতি**—(সং+উ+হর্+অ) উর্ধ্বে তোলা; উঁচু করা; উর্ধ্বে টাঙানো; উত্তোলন করা; উঠিয়ে নেওয়া; তুলে ধরা; ভিতর হতে অপসৃত করা; উদ্ধার করা; রক্ষা করা। *aor* **সমুদ্ধরি**। *abs* **সমুদ্ধরিত্বা**।

**সমুপগচ্ছতি**—(সং+উপ+গম্+অ) সমীপবর্তী হওয়া; অভিগমন করা; সদৃশ বা সমকক্ষ হওয়া। *aor* **সমুপগচ্ছি**। *pp* **সমুপগত**। *abs* **সমুপগন্ত্বা**।

**সমুপগমন**—অভিগমন; সান্নিধ্য; নিকটবর্তিতা; প্রবেশ পথ; পথ; দ্বার।

**সমুপগম্ম**—সমুপগম্য; অভিগমন করত; সমীপবর্তী হয়ে; সমকক্ষ বা সদৃশ হয়ে।

**সমুপব্বূল্হ**—কোনো ক্রিয়ার মধ্যবর্তী অবস্থায়; পুরাদমে চালু অবস্থায়; জনাকীর্ণ; ঘনসন্নিবিষ্ট; ভিড়ে পূর্ণ।

**সমুপসোভিত**—সজ্জিত; ভূষিত; অলঙ্কৃত; সমৃদ্ধ।

**সমুপাগত**—সমীপে আগত; সদৃশ বা সমকক্ষ; অধিগত।

**সমুপেত**—সমৃদ্ধ।

**সমুপ্পজ্জতি**—(সং+উ+পদ্+য) উত্থান করা; ওঠা; জাগ্রত হওয়া; উদ্ভূত হওয়া; উদিত হওয়া; সম্মুখে আনীত হওয়া; প্রকাশিত হওয়া। *aor* **সমুপ্পজ্জি**। *abs* **সমুপ্পজ্জিত্বা**।

**সমুপ্পন্ন**—'সমুপ্পজ্জতি'র *pp*।

**সমুব্বহতি**—(সং+উ+বহ্+অ) সহ্য করা; বহন করা। *aor* **সমুব্বহি**। *prp* **সমুব্বহন্ত**। *abs* **সমুব্বহিত্বা**। *ger* **সমুব্বহন**।

**সমুব্ভবতি**—(সং+উ+ভূ+অ) উত্থান করা; ওঠা; জাগ্রত হওয়া; উদ্ভূত হওয়া; উদিত হওয়া; সম্মুখে আনীত হওয়া; প্রকাশিত হওয়া। *aor* **সমুব্ভবি**। *pp* **সমুব্ভূত**। *abs* **সমুব্ভবিত্বা**।

**সমুল্লপতি**—(সং+উ+লপ্+অ) অন্তরঙ্গভাবে কথোপকথন করা; আলাপ-আলোচনা করা। *aor* **সমুল্লপি**। *pp* **সমুল্লপতি**। *abs* **সমুল্লপিত্বা**।

**সমুল্লপন, সমুল্লাপ**—অন্তরঙ্গভাবে কথোপকথন; আলাপ-আলোচনা।

**সমুস্সয**—দেহ; শরীর; কায়া; পুঞ্জীভবন; পুঞ্জিত রাশি।

**সমুস্সাপেতি**—(সং+উস্+আপে) উত্তোলন করা; উচ্চতর ও বৃহত্তর বা মহত্তর করা; মহীয়ান করা; উঁচু করা; দড়িদড়া বেঁধে উত্তোলন করা। *aor* **সমুস্সাপেসি**। *pp* **সমুস্সাপিত**। *abs* **সমুস্সাপেত্বা**।

**সমুস্সাহেতি**—(সং+উ+সহ্+এ) উত্তেজিত করা; প্ররোচিত করা; উৎসাহিত করা। *aor* **সমুস্সাহেসি**। *pp* **সমুস্সাহিত**। *abs* **সমুস্সাহেত্বা**।

**সমুস্সিত**—উন্নীত; উত্তোলিত; ওঠানো; উদ্ভূত; অযথা গর্বিত; উদ্ধত।

**সমূলক**—সমূলে; মূলসহ।

**সমূহ**—বহুজন; বহু সংখ্যা; ভিড়; জনতা; দল; পুঞ্জ; স্তূপ; সমষ্টি।

**সমূহত**—('সমূহনতি'র *pp*)।

**সমূহনতি**—(সং+উ+হন্+অ) মূলোৎপাটন করা; শিকড় সমেত টেনে তুলে ফেলা; লোপ করা; সরিয়ে রাখা; সরিয়ে নেওয়া; স্থানান্তরিত করা; অপসারিত করা।

**সমেক্খতি**—(সং+ইক্খ্+অ) সন্ধান করা; প্রত্যাশা করা; মনোযোগের সঙ্গে ভাবা; বিবেচনা করা; মনোযোগ দেওয়া। *aor* **সমেক্খি**। *pp* **সমেক্খিত**। *abs* **সমেক্খিত্বা, সমেক্খিয**।

**সমেক্খন**—দৃষ্টি নিক্ষেপণ; দৃষ্টিপাতকরণ।

**সমেত**—(সমেতি'র *pp*) সমৃদ্ধ; সংশ্লিষ্ট; সংযুক্ত; মিলিত।

**সমেতি**—(সং+ই+এ) একত্রে আগমন করা; একই স্থানে বা একই সময়ে আসা; মিলিত হওয়া; সম্মিলিত হওয়া; একমত হওয়া; সম্মত বা রাজি হওয়া; তুলনা করা; সমান করা; শান্ত করা; তৃপ্ত করা; প্রশমিত

করা। *aor* **সমেসি**। *abs* **সমেত্বা**।

**সমেরিত**—চালিত; আন্দোলিত।

**সমোকিণ্ণ**—'সমোকিরতি'র *pp*।

**সমোকিরতি**—(সং+অৱ+কির্‌+অ) ক্ষুদ্র ক্ষুদ্র ফোঁটায় বা কণিকায় ছড়িয়ে দেওয়া অথবা ছড়িয়ে পড়া; ছিটিয়ে দেওয়া বা পড়া; আলতোভাবে বা ঝুরাভাবে (বালি ফুল শস্যবীজ প্রভৃতি) ছড়ানো; (কিছুর ওপরে) ছড়িয়ে দেওয়া। *aor* **সমোকিরি**। *abs* **সমোকিরিত্বা**।

**সমোকিরণ**—ছড়িয়ে দেওন অথবা ছড়িয়ে পড়ন; ছিটিয়ে দেওন বা পড়ন; আলতোভাবে বা ঝুরাভাবে ছড়ানো।

**সমোতত**—সর্বত্র ছড়ানো; প্রসারিত; বিস্তৃত।

**সমোতরতি**—(সং+অৱ+তর্‌+অ) (জলে) অবতরণ করা। *aor* **সমোতরি**। *pp* **সমোতিণ্ণ**। *abs* **সমোতরিত্বা**।

**সমোদহতি**—(সং+অৱ+দহ্‌+অ) বিভিন্ন অংশ একত্র করে বা জোড়া দিয়ে তৈরি করা; সংহত করা; একত্র করা; ধরে আটকিয়ে বা লুকিয়ে রাখা; সংযত করা; দমিয়ে বা চেপে রাখা। *aor* **সমোদহি**। *pp* **সমোদহিত**। *abs* **সমোদহিত্বা**।

**সমোদহন**—পালাতে বা এড়াতে না দেওন; ধরে আটকিয়ে বা লুকিয়ে রাখন; দমিয়ে বা চেপে রাখন; সংযতকরণ; স্থাপন; নিবসন; বাসা করে দেওন; অর্পণ।

**সমোধান**—একত্র স্থাপন; বিন্যাস; সন্নিবেশ; সংযোজন; মিলন; উপাদানাদিরূপে অন্তর্ভুক্ত থাকা।

**সমোধানেতি**—('সমোধান'র *deno*) সংযুক্ত করা; সম্বদ্ধ করা; উপযুক্ত বা যোগ্য বা মানানসই করা; সমন্বয়সাধন করা; যথামত জোড়া দেওয়া বা খাপ খাওয়ানো। *aor* **সমোধানেসি**। *abs* **সমোধানেত্বা**।

**সমোসরণ**—একত্র আগমন; মিলন; সম্মিলন।

**সমোসরতি**—(সং+অৱ+সর্‌+অ) একত্র আসা; মিলিত হওয়া; সম্মিলিত হওয়া। *aor* **সমোসরি**। *pp* **সমোসট**। *abs* **সমোসরিত্বা**।

**সমোহ**—বুদ্ধিভ্রষ্ট; মোহাচ্ছন্ন।

**সমোহিত**—('সমোদহতি'র *pp*) পরিবেষ্টিত; অন্তর্ভুক্ত; আবৃত; একত্র রক্ষিত।

**সম্পকম্পতি**—(সং+প+কম্প্‌+অ) (ভয় শীত দুর্বলতা বাতাস প্রভৃতিতে) কাঁপা বা কাঁপানো; আন্দোলিত হওয়া; কম্পিত হওয়া; স্খলিতপদ হওয়া; নড়বড়ে বা দ্বিধাগ্রস্ত হওয়া। *aor* **সম্পকম্পি**। *pp* **সম্পকম্পিত**।

**সম্পজঞঞ**—পার্থক্য লক্ষ্যকরণ বা বিচারকরণ; প্রভেদকরণ; উপলব্ধির ক্ষমতা; উপলব্ধি।

**সম্পজান**—চিন্তাশীল; চিন্তারত; (প্রধানত উচ্চ) চিন্তাপূর্ণ; মনোযোগী; সদ্বিবেচক।

**সম্পজ্জতি**—(সং+পদ্‌+য) অনুসরণ করা; যথাক্রমে বা পরম্পরাক্রমে আসা; উত্তরাধিকারী হওয়া; সমৃদ্ধ হওয়া; উন্নতি লাভ করা; সিদ্ধিলাভ করা; সফল হওয়া; ঘটা; উপযুক্ত বা শোভন হওয়া; মানানো। *aor* **সম্পজ্জি**। *pp* **সম্পন্ন**। *prp* **সম্পজ্জমান**। *abs* **সম্পজ্জিত্বা**।

**সম্পজ্জন**—সমৃদ্ধি; উন্নতি; সিদ্ধি; সাফল্য; উন্নতি; সৌভাগ্য; শোভন।

**সম্পজ্জলিত**—('সম্পজ্জলতি'র *pp*) বহ্নিমান; জ্বলন্ত; চকচকে; উত্তেজিত।

**সম্পটিচ্ছতি**—(সং+পটি+ইস্‌+অ) নেওয়া; পাওয়া; অভ্যর্থনা করা; গ্রহণ করা; (সত্য বলে) মেনে নেওয়া; স্বীকার করা; সমর্থন করা। *aor* **সম্পটিচ্ছি**। *pp* **সম্পটিচ্ছিত**। *abs* **সম্পটিচ্ছিত্বা**।

**সম্পটিচ্ছন্ন**—গ্রহণ; সমর্থন; মেনে চলন; পালন; স্বীকৃতি; স্বীকার; মতের মিল; বনিবনা; চুক্তি; সংবিদা; সন্ধি।

**সম্পতি**—সম্প্রতি; ঠিক এই সময়ে।

**সম্পাতি**—('সম্পততি'র *pp*) পতিত; ঘটিত।

**সম্পত্ত**—('সম্পাপুণাতি'র *pp*) সম্প্রাপ্ত; প্রসারিত; উপনীত।

**সম্পত্তি, সম্পদা**—ভাগ্য; বরাত; দৈব; নিয়তি; সৌভাগ্য; প্রচুর ধন; তৃপ্তি; সুখ; সিদ্ধি; সাফল্য; সম্পদ ও প্রতিষ্ঠা লাভ; অর্জিত গুণ বা বিদ্যা; অধিগত বিদ্যা।

**সম্পদান**—সম্প্রদান; সম্পূর্ণরূপে প্রদান বা অর্পণ; (কর্মাদি হতে) নিবৃত্ত হওন; অর্পণ; সম্প্রদান কারক।

**সম্পদালন**—মত্ত; ভয়ঙ্কর; প্রচণ্ড; বেগে ধাবমান; ফেড়ে ফেলন।

**সম্পদালেতি**—(সং+প+দল্‌+এ) ছিন্ন করা; ছিড়ে বা ফেঁড়ে ফেলা; বিদীর্ণ করা; ফেঁড়ে ফেলা; ফালি করা; ভেঙে খুলে ফেলা। *aor* **সম্পদালেসি**। *pp* **সম্পদালিত**। *abs* **সম্পদালেত্বা**।

**সম্পদুস্‌সতি**—(সং+প+দুস্‌+য) বিকৃত হওয়া; কলুষিত হওয়া; দূষিত হওয়া। *aor* **সম্পদুস্‌সি**। *pp* **সম্পদুট্‌ঠ**। *abs* **সম্পদুস্‌সিত্বা**।

**সম্পদুস্‌সন**—অবিশুদ্ধতা; দোষ; পাপ; কলুষ।

**সম্পদোস**—সম্প্রদোষ; দুর্নীতিপরায়ণতা; দুর্বৃত্তি; বদমেজাজ; ক্ষতিসাধন।

**সম্পন্ন**—('সম্পজ্জতি'র *pp*) সিদ্ধ; কৃতকার্য; নিষ্পন্ন; সম্পাদিত; সম্পূর্ণ।

**সম্পযাত**—সম্প্রযাত; আদেশাদি বহির্গত; আদেশাদি প্রচারিত; আরব্ধ বা পুনরারব্ধ।

**সম্পযুত্ত**—সম্প্রযুক্ত; যুক্ত; সংশ্লিষ্ট; সংযুক্ত একত্রিত; মিলিত।

**সম্পযোগ**—সম্প্রয়োগ; সংযোগ; ঐক্য; সঙ্ঘ; সম্পর্ক; সমিতি।

**সম্পযোজেতি**—(সং+প+যুজ্+এ) সংযুক্ত করা বা হওয়া; মিলিত বা একত্র করানো বা হওয়া; সম্বন্ধ বা সংশ্লিষ্ট বা যুক্ত করা অথবা হওয়া; মকদ্দমা করা; মামলা করা। *aor* **সম্পযোজেসি**। *pp* **সম্পযোজিত**। *abs* **সম্পযোজেত্বা**।

**সম্পরায**--ভবিষ্যৎ অবস্থা বা হালচাল বা পারিপার্শ্বিক অবস্থা বা দশা; পরবর্তী জগৎ; পরকাল। **সম্পরাযিক**—পরকাল বা পরজন্মের সঙ্গে সংশ্লিষ্ট।

**সম্পরিকড্ঢতি**—(সং+পরি+কড্ঢ+অ) হেঁচড়িয়ে এদিক সেদিক নিয়ে যাওয়া; হেঁচড়িয়ে এদিক সেদিক বের হওয়া।

**সম্পরিবজ্জেতি**—(সং+পরি+বজ্+এ) পরিহার করে চলা; এড়ানো; পরিত্যাগ করে যাওয়া; পরিহার করা; এড়িয়ে চলা। *aor* **সম্পরিবত্তি**। *abs* **সম্পরিবত্তিত্বা**। *caus* **সম্পরিবত্তেতি**।

**সম্পরিবারেতি**--(সং+পরি+বর্+এ) চতুর্দিক পরিবেষ্টন করে যাওয়া বা ব্যাপ্ত হওয়া; সঙ্গে সঙ্গে যাওয়া বা থাকা; সঙ্গে সঙ্গে থেকে পরিচর্যা করা; সংশ্লিষ্ট থাকা বা পরিণতি হওয়া; দায়িত্ব বা কর্তব্য পালন করা; অবহিত বা যত্নবান হওয়া; সঙ্গী বা অনুষঙ্গী হওয়া; হাজির থাকা; উপস্থিত থাকা; মনোযোগ দেওয়া; মনোনিবেশ করা। *aor* **সম্পরিবারেসি**। *pp* **সম্পরিবারিত**। *abs* **সম্পরিবারেত্বা**।

**সম্পবত্তেতি**—(সং+প+বত্+এ) প্রবর্তন করা; নূতন সংস্থাপন বা প্রতিষ্ঠা করা; প্রবৃত্তি দান করা; প্রেরণা জোগানো; নিয়োজিত করা; উত্তেজিত করা; আরম্ভ করা। *aor* **সম্পবত্তেসি**। *pp* **সম্পবত্তিত**।

**সম্পবাযতি**—(সং+প+বা+য) প্রবাহিত হওয়া; নির্গত করা।

**সম্পবেধতি**--(সং+প+বিধ্+অ) প্রচণ্ডভাবে আন্দোলিত হওয়া বা করানো; অনুভূতিতে অত্যন্ত আঘাতপ্রাপ্ত হওয়া। *aor* **সম্পবেধি**। *pp* **সম্পবেধিত**। *caus* **সম্পবেধেতি**।

**সম্পসাদ**—সম্প্রসাদ; পুলক; আনন্দ; সুখানুভব; ইন্দ্রিয়ের বা মনের পরিতোষ; কামনাতৃপ্তি; শান্ত অবস্থা; মেঘশূন্যতা; নির্মেঘ অবস্থা; অচঞ্চলতা। **সম্পসাদনিয**—শান্ত অবস্থায় আনয়ন; মেঘশূন্যতা করানো; অচঞ্চল হওয়া বা করানো; প্রেরণাদায়ক; বিশ্বাস; আস্থা।

**সম্পসাদেতি**—(সং+প+সদ্+এ) খুশি বা আনন্দিত করা; উজ্জ্বল বা মনোরম করা; বিশুদ্ধ করা; পবিত্র করা; শোধন করা। *aor* **সম্পসাদেসি**। *pp* **সম্পসাদিত**। *abs* **সম্পসাদেত্বা**।

**সম্পসারেতি**—(সং+প+সর্+এ) প্রসারিত করা; বিস্তারিত করা; ব্যাপিত করা; বিস্তৃত করা। *aor* **সম্পসারেসি**। *pp* **সম্পসারিত**। *abs* **সম্পসারেত্বা**।

**সম্পসীদতি**—(সং+প+সদ্+অ) খুশি হওয়া; পরিষ্কার হওয়া; নির্মল হওয়া; স্নায়ুর উত্তেজনা শান্ত করা; নিদ্রা আকর্ষণ করা। *aor* **সম্পসীদি**। *abs* **সম্পসীদিত্বা**।

**সম্পসীদন**—পরমানন্দ; উল্লাস; তৃপ্তি; সুখ; বিশুদ্ধ হওন।

**সম্পস্সতি**—(সং+দিস্+অ) দেখা; দেখতে পাওয়া; দৃষ্টিপাত করা; তাকানো; চিন্তা করা; বিবেচনা করা। *aor* **সম্পস্সি**। *prp* **সম্পস্সন্ত, সম্পস্সমান, সম্পস্সিত্বা**।

**সম্পহট্ঠ**—('সম্পহংসতি'র *pp*) খুশি; আনন্দিত; উজ্জ্বল; মনোরম; আনন্দপূর্ণ; সানন্দ; আনন্দদায়ক; বাদিত; বাজানো; পরিমার্জিত; গঠিত; কারুকার্যকৃত।

**সম্পহংসক**--আনন্দজনক; মনোরমকারী। **সম্পহংসেন**—আনন্দজনক; খোশ; প্রীতিকর; আনন্দ; পুলক; সুখানুভব; পরিতোষ।

**সম্পহংসতি**—(সং+প+হস্+অ) খুশি হওয়া; পুলকিত হওয়া। *aor* **সম্পহংসি**। *caus* **সম্পহংসেতি**। *aor* **সম্পহংসেসি**। *pp* **সম্পহংসিত**। *abs* **সম্পহংসেত্বা**।

**সম্পহংসন**—খুশি বা আনন্দজনক; উজ্জ্বল বা মনোরমকারক।

**সম্পহার**—বিবাদ; শত্রুতা; বৈপরীত্য; সংগ্রাম; যুদ্ধ; লড়াই; জয়; সাফল্য; আকর্ষণীয়; লক্ষণীয়।

**সম্পাত**—পতন; একত্র বা এককালে সংঘটন; একস্থানে মিলন; ঐক্যমত্য; একত্র কাজ; প্রবল

ধাক্কা; সংঘর্ষ; বিরোধ।

**সম্পাদক**—নির্বাহক; নিষ্পাদক। **সম্পাদন**—সম্পাদনা; নিষ্পাদন; নির্বাহ; সমাপন; গ্রন্থাদির সঙ্কলন।

**সম্পাদিযতি**—('সম্পাদেতি'র *pass*) অনুপূরিত হওয়া।

**সম্পাদেতি**—(সং+পদ্+এ) সম্পূর্ণ করতে বা সম্পাদন করতে চেষ্টা করা; অনুপূরিত করা; সরবরাহ করা; প্রস্তুত করা। *aor* **সম্পাদেসি**। *pp* **সম্পাদিত**। *abs* **সম্পাদেত্বা**।

**সম্পাপক**—সম্প্রাপক; নেতৃত্বকর; পথপ্রদর্শক; পরিচালক; অগ্রগামী; মুখ্য; পূর্ববর্তী; প্রধান; আনয়নকারী। **সম্পাপন**—সম্প্রাপন; নেতৃত্বকরণ; পথপ্রদর্শন; পরিচালন।

**সম্পাপুণাতি**—(সং+প+অপ্+উনা) নাগাল পাওয়া; পৌছানো; লক্ষ্যাদিতে উপনীত হওয়া; অর্জন করা; অভীষ্ট লাভ করা; সিদ্ধিলাভ করা; সম্পাদন করা। *aor* **সম্পাপুণি**। *pp* **সম্পত্ত**। *prp* **সম্পাপণন্ত**। *abs* **সম্পাপিত্বা**।

**সম্পিণ্ডণ**—সংযোজন; মিলন; সম্পর্ক; সম্বন্ধ; সংযোগ; যোগ।

**সম্পিণ্ডেতি**—(সং+পিণ্ড্+এ) একতাবদ্ধ করা; একত্র করা; সংযুক্ত করা; মিলিত করা; সম্বন্ধ করা; যুক্ত করা; পিণ্ডীভূত করে বা হয়ে বাধার সৃষ্টি করা; সংক্ষেপ করা। *aor* **সপিণ্ডেসি**। *pp* **সপিণ্ডিত**। *abs* **সপিণ্ডেত্বা**।

**সম্পিযাযতি**—('সম্পিয'র *deno*) সদাশয় আচরণ করা; অনুরক্ত হওয়া; আসক্তিত হওয়া; উৎসর্গীকৃত বা একান্তভাবে নিয়োজিত হওয়া; অতিশয় আসক্ত হওয়া। *aor* **সম্পিযাযি**। *pp* **সম্পিযাযিত**। *prp* **সম্পিযাযন্ত, সম্পিযাযমান**। *abs* **সম্পিযাযিত্বা**।

**সম্পিযাযনা**—স্নেহপরায়ণতা; স্নেহান্ধতা; কোমলহৃদয়তা; অনুরাগ; আসক্তি।

**সম্পীণেতি**—(সং+পী+ণা+এ) পরিতুষ্ট করা; সন্তুষ্ট করা; পরিতৃপ্ত করা; খুশি বা আনন্দিত করা; আনন্দ দান করা। *aor* **সম্পীণেসি**। *pp* **সম্পীণিত**। *abs* **সম্পীণেত্বা**।

**সম্পীলেতি**—(সং+পীল্+এ) চাপ দেওয়া; আচ্ছন্ন করা; অভিভূত করা; ক্রমাগত নিষ্ঠুরতা ভোগ করান; দুর্দশাগ্রস্ত করা; দুঃখ দেওয়া; ভারাক্রান্ত করা; অত্যাচার করা; পীড়ন করা; উৎপীড়ন করা; জ্বালাতন করা; ঝঞ্ঝাটে ফেলা; চাপের ফলে ভগ্ন বা চূর্ণ বা লাট করা। *aor* **সম্পীলেসি**। *pp* **সম্পীলিত**। *abs* **সম্পীলেত্বা**।

**সম্পুচ্ছতি**—(সং+পুচ্ছ্+অ) খোঁজ করা; সন্ধান নেওয়া; জিজ্ঞাসা করা; অনুরোধ করা; আদেশ করা; প্রার্থনা করা; যাচ্ঞা করা; অনুমতি লওয়া। *aor* **সম্পুচ্ছি**। *pp* **সম্পুট্ঠ**।

**সম্পুণ্ণ**—('সম্পূরতি'র *pp*) পরিপূর্ণ; পূর্ণ; সম্পূর্ণ; সমগ্র; পুরা; গোটা; ভরাট; পরিতৃপ্ত।

**সম্পুপ্ফিত**—সম্পুষ্পিত; পূর্ণ ফুল ধরা অবস্থায়; পূর্ণ প্রস্ফুটিত অবস্থায়।

**সম্পূজেতি**—(সং+পূজ্+এ) সম্মান করা; শ্রদ্ধা করা; উন্নীত বা মহিমান্বিত করা; সম্মানিত করা; গ্রাহ্য করা; অমান্য না করা। *aor* **সম্পূজেসি**। *pp* **সম্পূজিত**। *prp* **সম্পূজেন্ত**। *abs* **সম্পূজেত্বা**।

**সম্পূরেতি**—(সং+পূর্+এ) পরিপূর্ণ করা; শূন্যস্থান পূর্ণ করা; ভরাট করা; তৃপ্ত করা; সম্পূর্ণ করা; সম্পাদন করা; (ব্রতাদি) সিদ্ধ করা। *aor* **সম্পূরেসি**। *pp* **সম্পূরিত**। *abs* **সম্পূরেত্বা**।

**সম্ফ**—তুচ্ছ বা অসার বস্তু অথবা বিষয়; মূর্খতা; চাপল্য; ছেবলামি; ছেলেমানুষি; অকেজো কথাবার্তা; ব্যর্থ আলাপ-আলোচনা; নিষ্ফল ক্ষুদ্র ভাষণ বা বক্তৃতা। **সম্ফপ্পলাপ**—অর্থহীন আলাপ; অসম্ভব বিষয় কথা প্রভৃতি বলা; তুচ্ছ বা বাজে বস্তুর আলাপ; বোকামি আলাপ-আলোচনা।

**সম্ফস্স**—সংস্পর্শ; স্পর্শন; স্পর্শ; ছোঁয়াচ; সাক্ষাৎ; সংসর্গ; সম্পর্ক।

**সম্ফুট্ঠ**—'সম্ফুসতি'র *pp*।

**সম্ফুল্ল**—পূর্ণ প্রবাহিত।

**সম্ফুসতি**—(সং+ফুস্+অ) স্পর্শ করা বা করানো; ছোঁয়া বা ছোঁয়ানো; সংস্পর্শে বা সংসর্গে আসা। *aor* **সম্ফুসি**। *abs* **সম্ফুসিত্বা**।

**সম্ফুসনা**—স্পর্শন; স্পর্শ; সংস্পর্শ; স্পর্শেন্দ্রিয়; ছোঁয়াচ; সংসর্গ; সম্পর্ক।

**সম্ফুসিত**—সংস্পর্শিত; সংসর্গিত; সম্পর্কিত; ভালোরূপে খাপ-খাওয়ানো।

**সম্বদ্ধ**—'সম্বন্ধতি'র *pp*।

**সম্বন্ধ**—সম্পর্ক; সংস্রব; যোগাযোগ; আত্মীয়তা।

**সম্বন্ধতি**—(সং+বন্ধ্+অ) একত্র বন্ধন করা; একতাবদ্ধ করা। *aor* **সম্বন্ধি**। *abs* **সম্বন্ধিত্বা**।

**সম্বন্ধন**—একত্র-বন্ধন; সম্পর্ক; সংস্রব।

**সম্বল**—পাথেয়; পুঁজি; সংস্থান; অবলম্বন।

**সম্বহুল**—বহুসংখ্যক; বহু; অনেক।

**সম্বাধ**—চাপ; গুরুত্ব; প্রবল দাবি; ঝাঁক-বাঁধন; অসুবিধা; ঝামেলা। **সম্বাধন**—পথরোধ করণ; ব্যাহতকরণ; বাধাদান।

**সম্বাধেতি**—(সং+বাধ্+এ) ভিড়ে পূর্ণ হওয়া; জনাকীর্ণ হওয়া; ঘন সন্নিবিষ্ট হওয়া; পথরোধ করা;ব্যাহত করা; বাধা দেওয়া। *aor* **সম্বাধেসি**। *abs* **সম্বাধেত্বা**।

**সম্বাহতি**—(সং+ৱাহ্+অ) অঙ্গসংবাহন করা; ঘষা; ঘর্ষণ দ্বারা পালিশ করা; মাজা; সংবাহন করা; (প্রধানত মাথার চুল) ধুয়ে মালিশ করা; শ্যাম্পু করা। *aor* **সম্বাহি**। *abs* **সম্বাহিত্বা**।

**সম্বাহন**—অঙ্গসংবাহন; ঘর্ষণ; ঘর্ষণ দ্বারা পালিশ করণ; মাজন।

**সম্বুক**—শম্বুক; শামুক; ঝিনুক; শুক্তি; খোলক।

**সম্বুজ্ঝতি**—(সং+বুধ্+য) পরিষ্কারভাবে বুঝতে পারা বা উপলব্ধি করা; সম্যকরূপে জানা বা জ্ঞাত হওয়া। *aor* **সম্বজ্ঝি**। *pp* **সম্বুদ্ধ**। *abs* **সম্বজ্ঝিত্বা**।

**সম্বুদ্ধ**—সর্বজ্ঞ যিনি।

**সম্বোজ্ঝঙ্গ**—পরমার্থ জ্ঞানের মৌলিক অংশবিশেষ; সম্বোধ্যঙ্গ।

**সম্বোধন**—১ জাগ্রত-করণ; সক্রিয়-করণ। ২ সম্বোধনাত্মক কারক।

**সম্বোধি**—আলোকসম্পাত; আলোকপ্রাপ্ত অবস্থা; উচ্চতম জ্ঞান; পরমার্থ জ্ঞান।

**সম্বোধেতি**—(সং+বুধ্+এ) শেখানো; অধ্যাপনা করা; উপদেশ দেওয়া; আপত্তিকর আচরণাদি থেকে বিরত করার উদ্দেশ্যে শাসান; বুঝানো; উপলব্ধি করানো। *aor* **সম্বোধেসি**।

**সম্ভগ্গ**—'সম্ভঞ্জতি'র *pp*।

**সম্ভঞ্জতি**—(সং+ভঞ্জ্+অ) বিযুক্ত বিচ্ছিন্ন বিদীর্ণ ভঙ্গ বা চূর্ণ করা অথবা হওয়া; ভাঙা বা ভেঙে যাওয়া; ভঙ্গ করা বা লঙ্ঘন করা; বিভক্ত করা বা হওয়া; ফেঁড়ে ফেলা। *aor* **সম্ভঞ্জি**। *abs* **সম্ভঞ্জিত্বা**।

**সম্ভত**—একত্র-আহরিত বা আনীত; সঞ্চিত; মজুত; জমানো।

**সম্ভত্ত**—মিত্র; বন্ধু; সখা; হিতৈষী; একান্ত অনুরক্ত ব্যক্তি; একান্ত হিতকামী।

**সম্ভম**—উত্তেজনা; বিভ্রান্তি।

**সম্ভমতি**—(সং+ভম্+অ) চক্রাকারে ঘোরানো বা ঘোরা; আবর্তিত করা বা হওয়া। *aor* **সম্ভমি**। *abs* **সম্ভমিত্বা**।

**সম্ভব**—উৎপত্তি; উদ্ভব; আরম্ভ; উৎস; আদিকারণ; জন্ম; উৎপাদন; বীর্য; পুরুষোচিত তেজ; পৌরুষ; পুরুষত্ব।

**সম্ভবতি**—(সং+ভূ+অ) উত্থান করা; ওঠা; জাগ্রত হওয়া; উদ্ভূত হওয়া; উদিত হওয়া; উৎপাদিত হওয়া; সম্মুখে আনীত হওয়া; উপস্থিত হওয়া; প্রকাশিত হওয়া; অস্তিমান বা বিদ্যমান থাকা; একত্র বা যুগপৎ থাকা। *aor* **সম্ভবি**। *pp* **সম্ভূত**।

**সম্ভবন**—অস্তিত্বে আগমন।

**সম্ভবেসী**—জন্মধারণে বা জন্মলাভে ইচ্ছুক এমন।

**সম্ভার**—দ্রব্যজাত; দ্রব্যের ভার; উপকরণ; আয়োজন; প্রয়োজনীয় বস্তু; আবশ্যক বিষয়; মিশ্রবস্তু উপাদান; পুঞ্জিত রাশি; স্তূপ।

**সম্ভাবনা**—শ্রদ্ধা; উচ্চ সম্মান; পবিত্র মহিমা; উচ্চ মূল্যাবধারণ বা উচ্চমূল্য। **সম্ভাবনীয**—শ্রদ্ধেয়।

**সম্ভাবেতি**—(সং+ভূ+এ) উচ্চমূল্য দেওয়া; উচ্চমূল্য সম্পন্ন বলে জ্ঞান করা; শ্রদ্ধা করা; গণ্য করা; সম্মান করা; একত্রে মেশানো বা মেশা।*aor* **সম্ভাবেসি**।*pp* **সম্ভাবিত**। *abs* **সম্ভাবেত্বা**।

**সম্ভিজ্জতি**—(সং+ভিদ্+ং-অ) ১ একত্র করা বা হওয়া। ২ বিদীর্ণ বা ভঙ্গ করা। *pp* **সম্ভিন্ন**।

**সম্ভীত**—ভীত; ত্রস্ত; শঙ্কিত।

**সম্ভুঞ্জতি**—(সং+ভুজ্+ং-অ) একত্র আহার বা ভোজন করা। *aor* **সম্ভুঞ্জি**। *abs* **সম্ভুঞ্জিত্বা**।

**সম্ভূত**—('সম্ভবতি'র *pp*) (কিছু হতে) উত্থিত বা উদিত বা উদ্ভূত।

**সম্ভেদ**—জড়িয়ে পড়ন; বিশৃঙ্খলা; গোলমাল; বিভ্রান্তি।

**সম্ভোগ**—উপভোগ; ভোজন; একত্র বসবাস।

**সম্ভোতি**—'সম্ভবতি' দেখুন।

**সম্ম**—(সুপরিচিত সম্বোধনের শব্দ বিশেষ; কেবলমাত্র) সৌম্য; প্রিয় আমার।

**সম্ম**—ঝাঁঝ করতাল প্রভৃতি।

**সম্মক্খন**—কোন আঠালো বা তেলা পদার্থের প্রলেপ।

**সম্মক্খেতি**—(সং+মক্খ+এ) আঠালো বা তৈলাক্ত পদার্থের প্রলেপ দেওয়া অথবা উক্ত পদার্থ মর্দন করা। *aor* **সম্মক্খেসি**। *pp* **সম্মক্খিত**। *abs* **সম্মক্খেত্বা**।

**সম্মগ্গত**—সম্যকগত; যিনি সত্যপথে বা শুদ্ধপথে এসেছেন এমন।

**সম্মজ্ঝতি**—(সং+মজ্জ্+অ) সম্মার্জন করা; ঘসে-মেজে উজ্জ্বল ও মসৃণ করা; পালিশ করা। *aor* **সম্মজ্জি**। *pp* **সম্মজ্জিত**, **সম্মট্ঠ**।

*prp* **সম্মজ্জন্ত**। *abs* **সম্মজ্জিত্বা**। *ptp* **সম্মজ্জিতব্ব**।

**সম্মজ্জনী**—সম্মার্জনী; লম্বা হাতলওয়ালা ঝাড়ু-বিশেষ।

**সম্মট্‌ঠ**—('সম্মজ্জতি'র *pp*) সম্মার্জিত; সম্মার্জন করা হয়েছে এমন।

**সম্মত**—রাজি; স্বীকৃত; অনুমত; অনুমোদিত।

**সম্মতাল**—ঝাঁঝ করতাল প্রভৃতি।

**সম্মতি**—(সম্+অ) শান্ত হওয়া; তৃপ্ত হওয়া; প্রশমিত হওয়া; বিশ্রাম করা; স্থির মনোযোগ দেওয়া; পরিশ্রান্ত হওয়া; ক্লান্ত হওয়া।

**সম্মত্ত**—(সং+মত্ত) প্রমত্ত; মাতাল; উদ্বেলিত; উত্তেজিত; উৎসাহিত ('সম্মা'র *abstr*); শুদ্ধি; ন্যায়পরায়ণতা; নিরপেক্ষতা।

**সম্মদ**—ভোজনের শেষে তন্দ্রাচ্ছন্নভাব বা জড়তা।

**সম্মদক্‌খাত**—সুন্দরভাবে ধর্মোপদিষ্ট।

**সম্মদঞ্‌ঞা, সম্মদঞ্‌ঞায**—সম্যকরূপে উপলব্ধি করে।

**সম্মদে'ৱ**—সম্পূর্ণভাবে; সমগ্রভাবে; যৎপরোনাস্তিভাবে; সম্পূর্ণরূপে।

**সম্মদ্দ**—ভিড় কারক; গাদা কারক; ঝাঁক-বন্ধক বা ঝাঁক-বাঁধনকারী।

**সম্মদ্দতি**—(সং+মদ্দ+অ) রূঢ়ভাবে বা অবজ্ঞাভরে পদদলিত করা; সবলে দ্রুত মাড়িয়ে যাওয়া; চাপের ফলে ভগ্ন বা চূর্ণ বা লাট করা; দমন করা। *aor* **সম্মদ্দি**। *pp* **সম্মদ্দিত**। *abs* **সম্মদ্দিত্বা**।

**সম্মদ্দন**—পদদলিত করণ; সবলে দ্রুত মাড়িয়ে যাওন; ভগ্ন বা চূর্ণ বা লাটকরণ; দমন।

**সম্মদ্দস**—সত্য-দর্শক; সত্যদৃষ্টিসম্পন্ন।

**সম্মন্তেতি**—(সং+মন্ত+এ) একত্র পরামর্শ করা। *aor* **সমন্তেসি**। *pp* **সমন্তিত**। *abs* **সমন্তেত্বা**।

**সম্মন্নতি**—(সং+মন্+অ) অধিকার বা ক্ষমতা বা অনুমতিপ্রদান করা; ক্ষমতা প্রদানপূর্বক ভার দেওয়া বা প্রেরণ করা; প্রাধিকার দেওয়া; নির্ভরযোগ্য বা প্রামাণ্য বলে ঘোষণা করা; মেনে নেওয়া; রাজি হওয়া; হাঁ বলা; বেছে নেওয়া; নির্বাচন করা। *aor* **সম্মন্নি**। *pp* **সম্মন্নিত, সম্মত**। *abs* **সম্মন্নিত্বা**।

**সম্মপ্পঞ্‌ঞা**—সম্যক প্রজ্ঞা; সত্য জ্ঞান।

**সম্মপ্পধান**—সম্যক প্রধান; সম্যক প্রচেষ্টা; সম্যক প্রয়াস।

**সম্মসতি**—(সং+মস্+অ) সম্যক স্মৃতি; আঁকড়ে ধরা; উপলব্ধি করা; আঁকড়ে ধরতে চেষ্টা করা; স্পর্শ করা; ছোঁয়া; মর্মস্পর্শ করা; পরীক্ষা করা; ছুঁয়ে থাকা; পুঙ্খানুপুঙ্খরূপে জানা; ধ্যান করা; গভীরভাবে বিবেচনা করা। *aor* **সম্মসি**। *pp* **সম্মসিত**। *abs* **সম্মসিত্বা**।

**সম্মা**—সম্যকভাবে; সম্পূর্ণভাবে; সমগ্রভাবে; যৎপরোনাস্তিভাবে; যথাযথভাবে; মানানসইভবে; সঠিকভাবে; সুন্দররূপে; পুরাদস্তুরমত। **সম্মা-আজীৱ**—সম্যক জীবিকা; সম্যক পেশা; সম্যক জীবিকা-বৃত্তি। **সম্মা-কম্মন্ত**—সম্যক কর্মান্ত; সম্যক কর্ম; সম্যক আচরণ; শুদ্ধ আচরণ। **সম্মা-দিট্‌ঠি**—সম্যক দৃষ্টি; যথাযথ ধারণা; সত্য দৃষ্টি। **সম্মা-দিট্‌ঠিক**—সম্যক দ্রষ্টা; সত্য দ্রষ্টা।

**সম্মাপটিপত্তি**—সম্যক মানসিক বিন্যাস বা ব্যবস্থা।

**সম্মাপটিপন্ন**—সম্যকপ্রতিপন্ন; সুচারুভাবে বিন্যস্ত বা স্থাপিত। **সম্মাৱত্তনা**—সম্যক বা সমুচিত আচরণ। **সম্মৱাচা**—সম্যক বাক্য; শোভনীয় বা সুন্দর আলাপ। **সম্মাৱাযাম**—সম্যক ব্যায়াম; সম্যক প্রচেষ্টা। **সম্মা-ৱিমুত্তি**—সম্যক বিমুক্তি; সম্যক বন্ধন-মুক্তি; সত্যিকারের বা পরিশুদ্ধ শৃঙ্খল-মোচন। **সম্মাসঙ্কপ্প**—সম্যক সংকল্প; সৎ উদ্দেশ্য বা অভিপ্রায় বা লক্ষ্য। **সম্মাসতি**—সম্যক স্মৃতি; নির্ভুল স্মৃতি। **সম্মাসমাধি**—সম্যক সমাধি; সঠিক একই কেন্দ্রীভূতকরণ। **সম্মাসম্বুদ্ধ**—সম্যক সম্বুদ্ধ; সম্যকভাবে সর্বজ্ঞ। **সম্মাসম্বোধি**—সম্যক সম্বোধি; সম্যকভাবে সর্বজ্ঞতা বা আলোকসম্পাত বা আলোকসম্পাত অবস্থা।

**সম্মান, সম্মাননা**—সম্মান; শ্রদ্ধা; ভক্তি।

**সম্মিঞ্জতি**—(সং+ইনজ্+অ) সঙ্কুচিত করা; ভাঁজ করা। *aor* **সম্মিঞ্জি**। *pp* **সম্মিঞ্জিত**। *prp* **সম্মিঞ্জন্ত**। *abs* **সম্মিঞ্জিত্বা**।

**সম্মিস্‌স**—সংমিশ্রিত। **সম্মিস্‌সতা**—সংমিশ্রিত হবার অবস্থা।

**সম্মিস্‌সেতি**—(সং+মিস্+এ) মিশ্রিত করা বা হওয়া; বিশৃঙ্খল করা; বিভ্রান্ত করা; কিংকর্তব্যবিমূঢ় করা। *aor* **সম্মিস্‌সেসি**। *pp* **সম্মিস্‌সিত**। *abs* **সম্মিস্‌সেত্বা**।

**সম্মুখ**—মুখোমুখি; সামনাসামনি; উপস্থিতিতে।

**সম্মুখা**—সম্মুখে; মুখে মুখে।

**সম্মুচ্ছতি**—(সম্+মুস্+য) বুদ্ধিভ্রষ্ট করানো; মোহাচ্ছন্ন করানো। *aor* **সমুচ্ছি**। *pp* **সম্মুচ্ছিত**।। *abs* **সম্মুচ্ছিত্বা**।

**সম্মুঞ্জনী**—সম্মার্জনী; পরিষ্করণ; ঝাঁটা।

**সম্মুট্‌ঠ**—('সম্মুস্‌তি'র *pp*)।

**সম্মুতি**—সর্বজনীন অভিমত; ঐক্যমত্য; সম্মতি;

অনুমতি; নির্বাচন; মনোনয়ন।

**সম্মুদিত**—আনন্দদায়ক।

**সম্মুয্হতি**—(সং+মুহ্+য) বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া; হতভম্ভ হওয়া; হতবুদ্ধি হওয়া; বুদ্ধিভ্রষ্ট হওয়া; মোহাচ্ছন্ন হওয়া। *aor* **সম্মুয্হি**। *pp* **সম্মূলহ**। *abs* **সম্মুয্হিত্বা, সম্মুয্হ**।

**সম্মুয্হন**—বিস্মরণ; বুদ্ধিভ্রম; মোহচ্ছন্নতা।

**সম্মুস্সতি**—(সং+মুস্+য) বিস্মৃত হওয়া; ভুলে যায়া। *aor* **সম্মুস্সি**। *pp* **সম্মুট্‌ঠ**। *abs* **সম্মুস্সিত্বা**।

**সম্মূল্হ**—('সম্মুয্হতি'র *pp*) বিস্মৃত; বুদ্ধিভ্রষ্ট; মোহাচ্ছন্ন।

**সম্মোদক**—বন্ধুত্বপূর্ণ আলাপ করে বা কথা বলে এমন।

**সম্মোদতি**—(সং+মুদ্+অ) আনন্দ করা; আনন্দিত হওয়া; বন্ধুত্বপূর্ণ শুভেচ্ছা জ্ঞাপন বা প্রীতি সম্ভাষণ বিনিময় করা। *aor* **সম্মোদি**। *abs* **সম্মোদিত্বা**।

**সম্মোদনা**—আনন্দ; প্রীতিপূর্ণ কথা; প্রশংসা; তোষণ; মিশ্রণ। **সম্মোদনীয**--আনন্দিত হওয়া; আনন্দদায়ক; মনোরম।

**সম্মোস, সম্মোহ**—তালগোল-পাকানো অবস্থা; বিশৃঙ্খলা; গোলমাল; বিভ্রান্তি; কিংকর্তব্যবিমূঢ়তা; প্রবঞ্চনা; প্রতারণা; ভ্রান্তি; মোহ।

**সযঞ্জাত**—স্বয়ং জাত; স্বাধীন ইচ্ছামূলক জাত; স্বতোজাত; অজীবজনি।

**সযতি**—(সি+অ) ঘুমানো; শোয়া; শয়ন করা। *aor* **সযি**। *prp* **সযন্ত, সযমান**। *abs* **সযিত্বা**।

**সযন**—বিছানা; ঘুম; নিদ্রা। **সযনিঘর**—শয়নকক্ষ; শয়ন কামরা।

**সযম্ভু**—স্বয়ম্ভূ; সৃষ্টিকর্তা।

**সযং**—স্বয়ং; নিজে নিজে। **সযংকত**—স্বয়ং-কৃত; নিজে-কৃত; আপনা-আপনি বা নিজে নিজে প্রস্তুত। **সযংবর**—স্বয়ম্বর; নিজের পছন্দ।

**সযান**—শয়ান; শায়িত; শুয়ে আছে এমন; নিদ্রিত।

**সযাপিত**—('সযাপেতি'র *pp*) শায়িত।

**সযাপেতি**—('সযতি'র *caus*) নিদ্রিত করানো; নিদ্রাভিভূত করান; শয়ন করানো।

**সয্হ**—সহনীয়; সহ্য করতে সমর্থ।

**সর**—১ শর; বাণ। ২ স্বর; শব্দ; আওয়াজ। ৩ স্বরবর্ণ। ৪ সরোবর; বড় পুকুর; দিঘি; হ্রদ। ৫ শর; নল-খাগড়া; বেণু-বাঁশ। **সরতুণ্ড**—তীর-বিন্দু। **সরতীর**—হ্রদের বা সরোবরের তীর। **সরভঙ্গ**—স্বরভঙ্গ; কণ্ঠস্বরের বিকৃতিরূপ রোগ; তীর বা বাণ ভাঙ্গন। **সরভঞ্ঞ**—বিশিষ্ট স্বরভঙ্গিতে বা টানের সহিত কথন; সুর করে পঠন; কণ্ঠস্বরের উত্থান-পতন; স্বরভঙ্গি। **সরভাণক**—পবিত্র গ্রন্থাদির মূলপাঠ আবৃত্তিকারী।

**সরক**—পানপাত্র।

**সরজ**—ধূলিপূর্ণ; ধূলি-মলিন; অপবিত্র; অবিশুদ্ধ।

**সরণ**—শরণ; আশ্রয়; সহায়; বিপৎকালের অবলম্বন; রক্ষক; আশ্রয়দাতা। **সরণাগমন**—শরণাগমন; আশ্রয়গ্রহণ।

**সরণীয**—স্মরণীয়; স্মরণযোগ্য।

**সরতি**—(সর+অ); স্মরণ করা; সামনে আগান; অগ্রসর হওয়া। *aor* **সরি**। *abs* **সরিত্বা**। *prp* **সরন্ত**।

**সরদ**—শরৎ ঋতু; বৎসর। **সরদসময**—বর্ষার পরের ঋতু।

**সরবূ**—টিকটিকি।

**সরভ**—এক জাতীয় মৃগ; হরিণ বিশেষ।

**সরস**—রুচিকর; সুস্বাদু।

**সরসী**—হ্রদ। **সরসী-রুহ**—পদ্ম।

**সরাগ**—কামলালসাসম্পন্ন; যৌনসঙ্গকামী; কামুক; যৌন।

**সরাজিক**—রাজাকে অন্তর্ভুক্ত করে।

**সরিতব্ব**—স্মরণীয়; স্মরণযোগ্য।

**সরিতা**—নদী।

**সরিতু**—স্মরণকারী; স্মরণ করে এমন।

**সরীর**—শরীর; দেহ; কায়া; কলেবর। **সরীরকিচ্চ**—শরীরকৃত্য; দেহের স্বাচ্ছন্দ্য; দৈহিক বা শারীরী কর্তব্য; অন্ত্যেষ্টিক্রিয়া। **সরীরট্‌ঠ**—শরীরস্থ; দেহস্থ; শরীরে গচ্ছিত। **সরীরধাতু**—বুদ্ধের শারীরিক ধাতু বা দেহ-ধাতু। **সরীরনিস্সন্দ**—দেহের মল-নিঃসারণ বা নিঃসৃত মল। **সরীরপ্পভা**—দেহের ঔজ্জ্বল্য বা দীপ্তি বা দ্যুতি। **সরীরমংস**—দেহের মাংস। **সরীর বণ্ণ**—শরীরের চেহারা। **সরীর বলঞ্জ**—দেহ হতে মুক্তি বা ভারমুক্তি। **সরীর বলঞ্জট্‌ঠান**—যে স্থানে লোকেরা তাঁদের দেহের স্বস্তি বিধান করেন এমন। **সরীরসণ্ঠান**—দৈহিক গঠন বা অবয়ব; আকৃতি বা চেহারা।

**সরূপা**--একই আকৃতির; আকৃতি-বিশিষ্ট। **সরূপতা**—অনুরূপতা; সাদৃশ্য।

**সরোজ, সরোরুহ**—পদ্ম।

**সলক্খণ**—অধিকন্তু বৈশিষ্ট্যমূলক; তৎসহ বৈশিষ্ট্য-সূচক; আপন বৈশিষ্ট্য; ধর্ম; গুণ।

**সলভ**—কাপড়-কাটা পোকা; প্রজাপতিবৎ রাত্রিচর

পতঙ্গবিশেষ; দেয়ালি পোকা; আলো পতঙ্গ; ফড়িং।

**সলাকা**—তৃণফলা; রৌদ্রের তাপ এড়ানোর জন্য ক্ষুদ্র ছাতার অথবা আতপত্রের পাঁজর; শল্য-চিকিৎসামূলক যন্ত্রপাতি; কাঠের ফালির টিকেট; লটারি। **সলাকাবুত্ত**—খাদ্য শলাকার বা খাদ্য-টিকেটের ওপর নির্ভর করে জীবনধারণ। **সলাকাগ্‌গ**—টিকেট (শলাকা) বিতরণ-কক্ষ। **সলাকাগাহ**—টিকেট বা ভোট (মত দান) গ্রহণ। **সলাকাগাহাপক**—মতদানের শলাকা (ভোটের টিকেট) বিতরণকারী। **সলাকাভত্ত**—শলাকার (টিকেটের) সাহায্যে যে খাদ্য বিতরিত হয়ে থাকে।

**সলাটু, সলাটুক**—অপক্ব; অপরিণত; পাকা নয় বা পাকেনি এমন।

**সলাভ**—স্বলাভ; নিজের লাভ বা সুবিধা।

**সলিল**—জল। **সলিলধারা**—জলধারা; (বৃষ্টি শিলা প্রভৃতির) অল্পকালব্যাপী বর্ষণ; একপশলা বর্ষণ।

**সল্ল**—তীর বাণ বর্শা বল্লম ভল্ল প্রভৃতি ক্ষেপণাস্ত্র; সূচিমুখ শক্ত কীলক বা খোঁটা; বড় পেরেক; গজাল; শূল; গোঁজ; খুঁটি; শজারুর কাঁটা; শল্যচিকিৎসামূলক যন্ত্রপাতি। **সল্লক**—শজারু। **সল্লবিদ্ধ**—তীরবিদ্ধ; বাণবিদ্ধ; বর্শাবিদ্ধ।

**সল্লকত্ত**—অস্ত্রচিকিৎসক; শল্যচিকিৎসক। **সল্লকত্তিয**—শল্যচিকিৎসা।

**সল্লক্‌খণ, সল্লক্‌খণা**—চক্ষু দ্বারা বা বোধশক্তি দ্বারা নির্ণয় বা উপলব্ধি; চিন্তা; বিবেচনা।

**সল্লক্‌খেতি**—(সং+লক্‌খ+এ) নিয়মিতভাবে পর্যবেক্ষণ করা; নজরে রাখা; লক্ষ্য করা; মনোযোগ দেওয়া; বিবেচনা করা। *aor* **সল্লক্‌খেসি**। *pp* **সল্লক্‌খিত**। *abs* **সল্লক্‌খেত্বা**। *prp* **সল্লক্‌খেন্ত**।

**সল্লপতি**—(সং+লপ্‌+অ) অন্তরঙ্গভাবে কথোপকথন করা বা আলাপ-আলোচনা করা; কথাবার্তা বলা। *aor* **সল্লপি**। *prp* **সল্লপন্ত**। *abs* **সল্লপিত্বা**।

**সল্লপন**—কথা বলন; বকবক করণ; কথাবার্তা বলন; আলাপ-আলোচনা করণ।

**সল্লহুক**—লঘুভার; হালকা; মিতব্যয়ী; অল্প অল্প করে ব্যবহার করে বা জোগায় এমন।

**সল্লাপ**—বন্ধুত্বপূর্ণ আলাপ।

**সল্লিখতি**—(সং+লিখ্‌+অ) পাতলা ও চওড়া টুকরা করা; ফালি ফালি করে কাটা। *aor* **সল্লিখি**। *pp* **সল্লিখিত**। *abs* **সল্লিখিত্বা**।

**সল্লীন**—('সল্লীযতি'র *pp*)।

**সল্লীযতি**—(সং+লী+য) স্বতন্ত্র বা নিঃসঙ্গ বা নির্জন বা নিরালা হওয়া। *aor* **সল্লীযি**। *abs* **সল্লীযিত্বা**।

**সল্লীযনা**—কঠিনত্ব; ঘনত্ব; স্বাতন্ত্র্য; নিঃসঙ্গতা; নির্জনতা।

**সল্লেখ**—কঠোরতা; উগ্রতা; কঠোর আত্মসংযম; একান্ত অনাড়ম্বরতা; কৃত পাপের অনুতাপপ্রকাশের জন্যে যে শাস্তি স্বেচ্ছায় ভোগ করা হয় বা পুরোহিত কর্তৃক আরোপিত হয়; প্রায়শ্চিত্ত।

**সবঙ্ক**—বক্রতাবিশিষ্ট।

**সবণ**—শ্রবণ; কর্ণ; কান।

**সবণীয**—শ্রবণীয়; শ্রবণে-আনন্দদায়ক; শুনতে মনোরম।

**সবতি**—(সু+অ) প্রবাহিত হওয়া; বয়ে চলা; জোয়ারে ফুলে ওঠা। *aor* **সবি**। *prp* **সবন্ত**। *abs* **সবিত্বা**।

**সবন**—প্রবহমান; স্বচ্ছন্দগতি; সাবলীল; ভাঁজে ভাঁজে বা ঢেউ খেলানোভাবে ঝুলে বা ছড়িয়ে পড়ে এমন।

**সবন্তী**—নদী; স্রোতস্বিনী।

**সবিঘাত**—জ্বালাতনকর বিষয় বা বস্তু আনয়নকারী; গোলমাল বা হয়রানি আনয়নকারী।

**সবিঞ্ঞাণক**—সজীব; প্রাণবিশিষ্ট; চেতন; সজ্ঞান; সচেতন।

**সবিতক্ক**—সবিতর্ক; বিচার বা যুক্তিসহ।

**সবিভত্তিক**—সবিভক্তিক; শ্রেণীবিভাগ দ্বারা গঠিত।

**সবের**—শত্রুতা-সংশ্লিষ্ট।

**সব্যঞ্জন**—গুঁড়া-মসলা আচার চাটনি কাসুন্দি প্রভৃতি সহ অথবা ঘোষণাকারক চিঠিপত্রসহ।

**সস**—শশক; খরগোশ। **সসলক্‌খণ, সসলোচন**—চন্দ্রে শশকচিহ্ন। **সসবিসান**—শশকবিষাণ; খরগোশের শৃঙ্গ (অসম্ভব বিষয়)।

**সসক্কং**—নিশ্চিতরূপে; সন্দেহাতীতভাবে; নিঃসন্দেহে।

**সসঙ্ক**—শশাঙ্ক; চন্দ্র।

**সসতি**—শ্বাস নেওয়া বা ফেলা; বেঁচে থাকা।

**সসত্থ**—সশস্ত্র; শস্ত্রসহ।

**সসম্ভার**—উপাদানসমূহ সহ; অপরিহার্য বা মৌলিক বা উপাদানমূলক অংশসহ।

**সসী**—শশী; চন্দ্র; চাঁদ।

**সসীসং**—সশীর্ষ; শিরসহ; মস্তক পর্যন্ত।

**সসুর**—শ্বশুর; পতির বা পত্নীর পিতা অথবা তত্তুল্য

ব্যক্তি।

**সসেন**—সেনাসহ; সৈন্যসহ।

**সস্স**—শস্য; শস্যকণা; বীজ; ফসল। **সস্সকম্ম**—কৃষিকর্ম; চাষবাস। **সস্সকাল**—ফসল কাটার ও গোলাজাত করার সময়।

**সস্সত**—শাশ্বত; অবিনশ্বর; চিরস্থায়ী। **সস্সতদিট্ঠি, সস্সতবাদ**—শাশ্বতদৃষ্টি; শাশ্বতবাদ; অবিনশ্বরতা; চিরস্থায়িত্ব।

**সস্সতি**—চিরস্থায়িত্ব; অমরত্ব; অবিনশ্বর যশ; অনন্তকাল; চিরসত্য; মরণোত্তর জীবন বা কাল। **সস্সতিক**—শাশ্বতিক; শাশ্বতী; শাশ্বতিকী।

**সস্সমণ-ব্রাহ্মণ**—সশ্রমণ-ব্রাহ্মণ; ধর্মীয় গুরু ও ব্রাহ্মণসহ।

**সস্সামিক**—স্বামী বা মালিক আছে এমন।

**সস্সিরীক**—মহৎ; উজ্জ্বল; মহিমান্বিত; চমৎকার; উজ্জ্বলভাবে দীপ্তিশীল; জাঁকালোরকম।

**সস্সু**—শাশুড়ি; পতি বা পত্নীর জননী বা তৎস্থানীয়া; শ্বশ্রূ।

**সহ**—সহিত; সঙ্গে; সঙ্গে গিয়ে বা সঙ্গে থেকে; সংসর্গে থেকে; সংসর্গী হয়ে। **সহগত**—সংযুক্ত; সংশ্লিষ্ট; সম্পর্কযুক্ত; গুণান্বিত; গুণসমৃদ্ধ; সহজ; সহজাত; একসময়ে জাত; এক গর্ভোৎপন্ন; জন্মের সঙ্গে সঙ্গে উৎপন্ন। **সহজীবী**—একত্রে বাস বা জীবনযাপনকারী। **সহনন্দী**—একত্রে আনন্দোৎসব পালনকারী। **সহধম্মিক**—একই ধর্মাবলম্বী। **সহভূ**—সহজাগরণকারী; সহজাগরণ; সহ-উত্থান; সহ-উত্থানকারী। **সহযোগ**—সংযোগ; মিলন; সাহায্য; সহায়তা। **সহবাস**—একত্রে বাস; পতি-পত্নীরূপে বাস। **সহসেয্য**—সহশয়ন; একই শয়নকক্ষের অংশীদার। **সহসোকী**—সহশোকী; অপরের শোকে শোকপ্রাপ্ত।

**সহ**—স্থায়ী; টেকসই।

**সহকার**—একজাতীয় সুগন্ধ আমবিশেষ।

**সহতি**—(সহ্+অ) বহন করা; সহ্য করা; সমর্থ হওয়া; জয় করা; দমন করা; পরাস্ত করা; বশে আনা; অতিক্রম করা। *aor* **সহি**। *prp* **সহন্ত, সহমান**। *abs* **সহিত্বা**।

**সহত্থ**—স্বহস্ত; নিজের হাত।

**সহন**—সহ্যকরণ; ধৈর্যধারণ; প্রতীক্ষা।

**সহব্য, সহব্যতা**—সাহচর্য; সঙ্গিত্ব।

**সহসা**—হঠাৎ; অকস্মাৎ।

**সহস্স**—সহস্র। **সহস্সক্খ**—সহস্র অক্ষি যার এমন; শক্র; দেবরাজ। **সহস্সক্খত্তুং**—সহস্র বার। **সহস্সগ্ঘণক**—সহস্র মূল্য। **সহস্সত্থবিকা**, **সহস্সভণ্ডিকা**—সহস্র স্বর্ণমুদ্রায় ভর্তি বা সহস্র স্বর্ণমুদ্রা রক্ষিত থলে। **সহস্সধা**—সহস্র প্রকার উপায়ে। **সহস্সনেত্ত**—'সহস্সক্খ' দেখুন। **সহস্সরংসী**—সূর্য। **সহস্স-আর**—চাকার সহস্র পাখি বা অর যার আছে এমন।

**সহস্সিক**—যার সহস্র আছে এমন। **সহস্সকসীলোকধাতু**—সহস্র-ভাঁজ-জগৎ।

**সহায, সহাযক**—বন্ধু; সহায়; সহায়ক; সাহায্যকারী; মিত্র। **সহাযতা**—বন্ধুত্ব; মিত্রতা।

**সহিত**—সঙ্গে; সংসর্গে; একতাবদ্ধ; একত্র রেখে; মিলবিশিষ্ট; সঙ্গতিপূর্ণ; সাহিত্য; ধর্মশাস্ত্র; ঘর্ষণের দ্বারা অগ্নি-উৎপাদনের জন্য কাষ্ঠখণ্ড।

**সহিতব্ব**—সহিতব্য; সহনীয়; সহ্যকরণযোগ্য।

**সহিতু**—যে সহ্য করে এমন।

**সহেতুক**—হেতুসহ; নিমিত্ত বা কারণ আছে এমন।

**সহোঢ**—চোরাই মালসহ।

**সলাযতন**—ষড়ায়তন; ছয় আয়তন; ষড়েন্দ্রিয়; চক্ষু; শ্রোত্র; ঘ্রাণ; জিহ্বা; কায়; মন।

**সংযত**—নিয়ন্ত্রিত; আত্ম-দমিত; নিবৃত্ত; প্রতিহত। **সংয-অত্ত**—যার নিজের চিত্ত নিয়ন্ত্রিত এমন। **সংযতচারী**—আত্মদমনের ভিতর যিনি রয়েছেন এমন।

**সংযম, সংযমন**—নিয়ন্ত্রণ; নিয়মন; নিগ্রহ; দম (ইন্দ্রিয় সংযম); রোধ; নিরোধ। **সংযমী**—সংযম-পরায়ণ; জিতেন্দ্রিয়; অবরুদ্ধ মঠ কক্ষ প্রভৃতিতে নিঃসঙ্গভাবে বসবাসকারী।

**সংযমেতি**—(সং+যম্+এ) নিয়ন্ত্রিত করা; সংযত করা; আত্মদমন করা। *aor* **সংযমেসি**। *pp* **সংযমিত**। *prp* **সংযমেন্ত**। *abs* **সংযমেত্বা**।

**সংযুজ্জতি**—(সং+যিজ্+য) সংযুক্ত বা মিলিত হওয়া; মেশা; সংশ্লিষ্ট হওয়া। *aor* **সংযুজ্জি**।

**সংযুত, সংযুত্ত**—('সংযুজ্জতি'র *pp*) সংযুক্ত; সংশ্লিষ্ট; মিলিত; মিশ্রিত; একত্রে আবদ্ধ।

**সংযূহতি**—(সং+উহ্+অ) দল গঠন করা। *aor* **সংযূহি**। *pp* **সংযূলহ**।

**সংযোগ**—বন্ধনী; পটি; সম্পর্ক; প্রতিশ্রুতি; মিলন; ঐক্য; সঙ্ঘ; প্রতিবন্ধক; পায়ের বেড়ি; মধুরধ্বনির মিলন।

**সংযোজন**—সম্পর্ক; পায়ের বেড়ি পরানো। **সংযোজনিয**—সংযোগসমূহের অনুকূল বা সহায়ক।

**সংযোজেতি**—(সং+যুজ্+এ) মিলিত বা একত্র

করানো বা হওয়া; সংযুক্ত করা বা হওয়া; মেশা বা মেশানো; বন্ধন করা; একত্র বন্ধন করা। *aor* **সংযোজসি**। *pp* **সংযোজিত**। *prp* **সংযোজেন্ত**। *abs* **সংযোজেত্বা**।

**সংরক্‌খতি**—(সং+রক্‌খ+অ) পাহারা দেওয়া; তত্ত্বাবধান করা; রক্ষা করা; বাধা দেওয়া; ঠেকিয়ে রাখা; প্রতিহত করা। *aor* **সংরক্‌খি**। *pp* **সংরক্‌খিত**। *abs* **সংরক্‌খিত্বা**।

**সংরক্‌খণা**—পাহারা দেওন; তত্ত্বাবধান করণ; রক্ষাকরণ; বাধাদান; প্রতিহতকরণ।

**সংৱচ্ছর**—সংবৎসর; বছর।

**সংৱট্টকপ্প**—সংবর্তকল্প; মহাপ্রলয়কাল; পৃথিবীর ধ্বংসকাল।

**সংৱট্টতি**—ধ্বংসপ্রাপ্ত হওয়া; মহাপ্রলয় হওয়া। *aor* **সংবট্টি**।

**সংৱট্টন**—সংবর্তন; প্রলয়কালীন মেঘবিশেষ; আবর্তন; বিগঠন; সংগঠনাদি ভেঙে দেওয়া।

**সংৱড্‌ঢ**—('সংবড্‌ঢতি'র *pp*) সাবালক; সাবালিকা; বয়ঃপ্রাপ্ত; লালিতপালিত; শিক্ষাপ্রাপ্ত; সংবর্ধিত; বৃদ্ধিপ্রাপ্ত।

**সংৱড্‌ঢতি**—(সং+বড্‌ঢ+অ) বড় হওয়া; বৃদ্ধিপ্রাপ্ত হওয়া; পরিণতির দিকে অগ্রসর হওয়া; বয়সে বাড়া; আয়তনে বা সংখ্যায় বৃদ্ধি পাওয়া অথবা বৃদ্ধি করা। *aor* **সংবড্‌ঢি**। *prp* **সংবড্‌ঢমান**। *abs* **সংবড্‌ঢিত্বা**।

**সংৱড্‌ঢিত**—('সংবড্‌ঢতি'র *pp*) সংবর্ধিত; আয়তনে বা সংখ্যায় বৃদ্ধিপ্রাপ্ত; বয়ঃপ্রাপ্ত।

**সংৱড্‌ঢেতি**—('সংৱড্‌ঢতি'র *caus*) বড় করা; বৃদ্ধিপ্রাপ্ত করানো; লালন-পালন করা; ভরণপোষণ করা; শিক্ষিত করা। *aor* **সংৱড্‌ঢেসি**। *pp* **সংৱড্‌ঢিত**। *abs* **সংৱড্‌ঢেত্বা**।

**সংৱণ্ণনা**—সংবর্ণনা; প্রকটন; অনাবরণ; পরিত্যজন; অর্থপ্রকাশ; ব্যাখ্যা; কৈফিয়ত; প্রশংসা; মহিমা-কীর্তন।

**সংৱণ্ণেতি**—(সং+ৱণ্ণ+এ) ব্যাখ্যা করা; মন্তব্য করা; সমালোচনা করা; মতামতপ্রকাশ করা; প্রশংসা করা; মহিমাকীর্তন করা। *aor* **সংৱণ্ণেসি**। *pp* **সংৱণ্ণিত**। *ptp* **সংৱণ্ণেতব্ব**। *abs* **সংৱণ্ণেত্বা**।

**সংৱত্ততি**—(সং+বত্ত+অ) অস্তিমান থাকা; বিদ্যমান থাকা; উপস্থিত করানো। *aor* **সংৱত্তি**। *pp* **সংৱত্তিত**।

**সংৱত্তনিক**—সম্ভঘটনে সহায়ক; উপকারী; বিজড়নকারী; জটিলকারক।

**সংৱত্তেতি**—('সংৱত্ততি'র *caus*) চালু রাখা; রত রাখা। *aor* **সংৱত্তেসি**। *pp* **সংৱত্তিত**। *abs* **সংৱত্তেত্বা**।

**সংৱদ্ধ**—'সংৱড্‌ঢ' দেখুন। **সংৱদ্ধন**—সংবর্ধন; ক্রমবৃদ্ধি; উন্নতি; ক্রমোন্নতি; অনভিপ্রেত অঙ্গবৃদ্ধি; লালন-পালন; উৎপাদন।

**সংৱর**—টেনে বা ধরে বা আটকিয়ে রাখা; নিয়ন্ত্রণ; সংযমন; দমন। **সংৱরণ**—সীমাবদ্ধ করণ; অনতিক্রম্য গণ্ডি; বাধা; রুদ্ধ বা বদ্ধ করণ।

**সংৱরতি**—(সং+ৱর্+অ) টেনে বা ধরে বা আটকিয়ে রাখা; নিয়ন্ত্রিত বা সংযত করা; বন্ধ করা; প্রবেশে বাধা দেওয়া; আবৃত করা; ঢাকনা বন্ধ করা। *aor* **সংৱরি**। *pp* **সংৱুত**। *abs* **সংৱরিত্বা**।

**সংৱরী**—শর্বরী; রাত্রি; রজনী।

**সংৱসতি**—(সং+ৱস্+অ) মিলিত বা একত্র করা অথবা হওয়া; সম্বন্ধ বা সংশ্লিষ্ট বা যুক্ত করা অথবা হওয়া; একত্র বাস করা; স্বামী-স্ত্রীরূপে সহবাস করা। *aor* **সংৱসি**। *pp* **সংৱসিত**। *abs* **সংৱসিত্বা**।

**সংৱাস**—১ সহ-বাসস্থান। ২ অন্তরঙ্গতা; হৃদ্যতা; ঘনিষ্ঠ পরিচয়; অবৈধ যৌন-সম্পর্ক। ৩ যৌনসহবাস। **সংৱাসক**—সহবাসকারী; একত্র বসবাসকারী; সহঃ বাসস্থান।

**সংৱিগ্গ**—('সংৱিজ্জতি'র *pp*) বিক্ষুব্ধ; উত্তেজিত; আন্দোলিত; ভয়ে আন্দোলিত।

**সংৱিজ্জতি**—(সং+ৱিদ্+য) সাক্ষাৎপ্রাপ্ত হওয়া; অস্তিমান থাকা; বিদ্যমান থাকা; উত্তেজিত হওয়া; আন্দোলিত হওয়া। *aor* **সংৱিজ্জি**। *prp* **সংৱিজ্জমান**।

**সংৱিদহতি**—(সং+ৱি+ধা+অ) সুবিন্যস্ত করা; সাজানো; স্থির করা; নির্দিষ্ট করা; আদেশ প্রদান করা; প্রস্তুত করা; উপযোগী করা। *aor* **সংৱিদহি**। *pp* **সংৱিহিত**। *abs* **সংৱিদহিত্বা**। *prp* **সংৱিদহমান**। *ptp* **সংৱিদহিতব্ব**।

**সংৱিদহন**—সুবিন্যস্তকরণ; সাজানো; আদেশপ্রদান।

**সংৱিধান**—'সংৱিদহন' দেখুন।

**সংৱিধায**—('সংৱিদহতি'র *abs*) সুবিন্যস্ত করে; সাজিয়ে; স্থির ক'রে; নির্দিষ্ট ক'রে। **সংৱিধাযক**—সুবিন্যাসকারী; সাজায় বা স্থির করে বা ব্যবস্থাপনা করে এমন; ব্যবস্থাপক।

**সংৱিধাতুং**—('সংৱিদহতি'র *inf*) সুবিন্যস্ত করা; সাজানো; স্থির করা; নির্দিষ্ট করা; আদেশ প্রদান করা।

**সংৱিভজতি**—(সং+ৱি+ভজ্+অ) বিভক্ত করা;

বিভাগ করা; অংশে অংশে ভাগ করা। *aor* **সংৱিভজি**। *pp* **সংৱিভজিত, সংৱিভত্ত**। *abs* **সংৱিভজ্জ, সংৱিভজিত্বা**।

**সংৱিভজন, সংৱিভাগ**—ভাগ; বণ্টন; বিভাগ।

**সংৱিভত্ত**—সুবিভক্ত; সুবিন্যস্ত; সুসজ্জিত; সুনির্দিষ্ট।

**সংৱিভাগী**—মহৎ; উদার; বদান্য; মুক্তহস্ত।

**সংৱিহিত**—'সংৱিদহতি'র *pp*।

**সংবুত**—('সংৱরতি'র *pp*)। **সংবুতিন্দ্রিয**—সংযতেন্দ্রিয়; ইন্দ্রিয় বশীভূত এমন।

**সংৱেগ**—উদ্বেগ; উত্তেজনা; বিক্ষোভ; ধর্মীয় আবেগ বা অনুভূতি।

**সংৱেজন**—সংবেদন; আবেগ বা অনুভূতি বা উত্তেজনা উৎপাদক।

**সংৱেজেতি**—(সং+ৱিজ্+এ) আবেগ; অনুভূতি; উত্তেজনা; উদ্বেগ উৎপাদক করা। *aor* **সংৱেজেসি**। *pp* **সংৱেজিত**। *abs* **সংৱেজেত্বা**।

**সংসগ্গ**—সংসর্গ; সঙ্গ; মেলামেশা।

**সংসট্ঠ**—সংসৃষ্ট; সংস্রবযুক্ত; সম্পর্কিত; সংসর্গিত; মিশ্রিত।

**সংসত্ত**—আসক্তিত; অনুগামীজন; অনুগতজন।

**সংসন্দতি**—(সং+সন্দ্+অ) খাপ খাওয়ানো; মানানো; শোভন হওয়া; একত্র মেশা বা মেশানো। *aor* **সংসন্দি**। *pp* **সংসন্দিত**। *abs* **সংসন্দিত্বা**।

**সংসন্দেতি**—('সংসন্দতি'র *caus*) খাপ খাওয়ানো; মানানসই করানো; সাদৃশ্য নির্ণয় করা। *aor* **সংসন্দেসি**। *abs* **সংসন্দেত্বা**।

**সংসপ্পতি**—(সং+সপ্+অ) পেটে বা বুকে ভর দিয়ে চলা; হামাগুড়ি দেওয়া; গুটিসুটি মেরে বা ধীরে ধীরে বা চুপিসারে চলা; লতিয়ে ওঠা। **সংসপ্পি**। *abs* **সংসপ্পিত্বা**।

**সংসপ্পন**—মোচড় বা পাক দেওন; অঙ্গ মোচড়ানো; কষ্টসহকারে বা টলতে টলতে চলন বা গমন।

**সংসয**—সংশয়; সন্দেহ।

**সংসরতি**—(সং+সর্+অ) সংসরণ করা; ইতস্তত অনবরত নড়াচড়া করা; এক বাসস্থান ত্যাগ করে ভিন্ন স্থানে গিয়ে বাস করা; দেশান্তরিত হওয়া; ভিন্ন দেহে প্রবিষ্ট হওয়া; দেহান্তরিত হওয়া। *aor* **সংসরি**। *pp* **সংসরিত**। *abs* **সংসরিত্বা**।

**সংসরণ**—ইতস্তত অনবরত নড়ন; দেশান্তরণ; দেহান্তরণ।

**সংসাদেতি**—(সং+সদ্+এ) সরে থাকা; সরিয়ে রাখা; মুলতবি রাখা; বিলম্বিত করানো।

**সংসার**—ভ্রমণ করণ; চালিয়ে যাওন; অগ্রসর হওন; অবস্থাপ্রাপ্ত হওন; ঘটন; হওন; আহার লাভ করণ; এক বাসস্থান ত্যাগ করে ভিন্ন স্থানে গিয়ে বসবাসকরণ; দেশান্তরিত হওন; ভিন্ন দেহে প্রবিষ্ট হওন; দেহান্তরিত হওন। **সংসারচক্ক**—সংসারচক্র; পুনর্জন্মের চাকা। **সংসারদুক্খ**—দেহান্তরিত হবার অমঙ্গল বা অশুভ। **সংসারসাগর**—পুনর্জন্মের সমুদ্র।

**সংসিজ্ঝতি**—(সং+সিধ্+য) পরিপূরণ হওয়া; সিদ্ধিলাভ করা; সফল হওয়া। *aor* **সংসিজ্ঝি**। *pp* **সংসিদ্ধ**।

**সংসিত**—('সংসেতি'র *pp*) প্রত্যাশিত; আশ্বস্ত।

**সংসিদ্ধি**—সিদ্ধি; সাফল্য।

**সংসিব্বিত**—('সংসিব্বতি'র *pp*) সেলাই বা সীবন করা হয়েছে এমন; পাকানো; জড়ানো; বয়ন করা হয়েছে এমন।

**সংসীদতি**—(সং+সদ্+অ) ডোবা বা ডোবানো; পদাবনত হওয়া বা করানো; নিরুৎসাহ হওয়া; মনের জোর হারানো; অনুত্তীর্ণ হওয়া; বিচ্যুত হওয়া। *aor* **সংসীদি**। *prp* **সংসীদমান**। *abs* **সংসীদিত্বা**।

**সংসীদন**—ডোবন।

**সংসীন**—ক্ষয়প্রাপ্ত; ধ্বংসপ্রাপ্ত।

**সংসুদ্ধ**—শুদ্ধ; বিশুদ্ধ। **সংসুদ্ধগহণিক**—শুদ্ধ সুললিত সুর; বিশুদ্ধ গান।

**সংসূচক**—সূচক; নির্দেশক; প্রদর্শক; ইঙ্গিত।

**সংসেদজ**—সংস্বেদজ; স্বেদ হতে উৎপন্ন; ঈষৎ সিক্ত বস্তু হতে উৎপন্ন।

**সংসেৱ, সংসেৱনা**—সঙ্গী বা অনুষঙ্গী করণ বা হওন।

**সংসেৱতি**—(সং+সেৱ্+অ) মিলিত বা একত্র করা অথবা হওয়া; সংশ্লিষ্ট বা সম্বন্ধ বা যুক্ত করা অথবা হওয়া; সঙ্গী বা অনুষঙ্গী করা অথবা হওয়া; মনোনিবেশ করা; অবহিত হওয়া; উপস্থিত থাকা। *aor* **সংসেৱি**। *pp* **সংসেৱিত**। *prp* **সংসেৱমান**। *abs* **সংসেৱিত্বা**।

**সংসেৱী**—যে মিলিত বা একত্র করে অথবা হয় এমন; যে সঙ্গী বা অনুষঙ্গী করে অথবা হয় এমন।

**সংহট**—'সংহরতি'র *pp*।

**সংহত**—স্থির; দৃঢ়; অটল; ঘন; অদম্য; নিবিড়।

**সংহরণ**—সংগ্রহ; সমাবেশ; ভিড়; জনসমাবেশ; ভাঁজ; পাট।

**সংহরতি**—(সং+হর্+অ) সংগ্রহ করা; একত্র আকর্ষণ করা; সমাবেশ করা; ভাঁজ করা। *aor* **সংহরি**। *pp* **সংহট, সংহরিত**। *prp* **সংহরন্ত**। *abs* **সংহরিত্বা**।

**সংহার**—সংক্ষেপণ; সংক্ষেপকরণ; সঙ্কলন; সংগ্রহ;

রচনা। **সংহারক**—সঙ্কলক; সংগ্রাহক।

**সংহারিম**—অস্থাবর; অপরিবর্তনশীল; অস্থির।

**সংহিত**—প্রয়োজনীয় সমস্ত কিছু দ্বারা সুসজ্জিত; অধিকারী; অবগত; আবিষ্ট; আচ্ছন্ন। **সংহিতা**—সম্পর্ক; সম্বন্ধ; সঙ্কলন; সংগৃহীত রচনাসমূহ।

**সা**—কুকুর; কুত্তা।

**সা**—(কর্তায় ত্ত) সে (স্ত্রী)।

**সাক**—সবজি; খাদ্যাদি সুগন্ধ করণার্থ লতাপাতা (যেমন ধনেপাতা)। **সাকপণ্ন**—সবজির পাতা।

**সাকচ্ছা**—অন্তরঙ্গভাবে কথোপকথন; আলাপ-আলোচনা; বিতর্ক; আলোচনা।

**সাকটিক**—পশুবাহিত গাড়ির গাড়োয়ান।

**সাকল্য**—গোটা বস্তু; মোট পরিমাণ।

**সাকিয**—শাক্যজাতির বংশধর। **সাকিযাণী**—শাক্যবংশীয় রমণী।

**সাকুণিক, সাকুন্তিক**—পক্ষিশিকারি; পাখি শিকার ধরে এমন।

**সাখা**—শাখা; ডাল। **সাখানগর**—শহরতলি; উপপুর। **সাখাপলাস**—ডাল এবং পত্রসমূহ। **সাখাভঙ্গ**—ভাঙ্গা ডাল। **সাখামিগ**—শাখামৃগ; বানর।

**সাখী**—বৃক্ষ।

**সাগতং**—দূর হতে আহ্বান; প্রীতি সম্ভাষণ; সাদর অভ্যর্থনা।

**সাগর**—সমুদ্র; মহাসাগর; মহাসমুদ্র।

**সাগার**—গৃহবাসী; গৃহী; গৃহস্থ।

**সাচরিযক**—সাচার্য; আচার্যসহ; নিজের শিক্ষক-সহ।

**সাটক, সাটিকা**—পোশাক; ঢিলা কোটবিশেষ; আলখাল্লা; আবরণ; ছদ্মবেশ; ভান; বস্ত্রখণ্ড।

**সাঠেয্য**—শঠতা; চাতুর্য; ছলনা; কৌশল।

**সাণ**—শণ; শণে তৈরি কাপড়।

**সানি**—পরদা বা মশারি। **সানিপসিব্বক**—বস্তা; ছোলা। **সানি পাকার**—পরদা-দেয়াল (শণবস্ত্রের তৈরি)।

**সাত**—পুলক; আনন্দ; সুখানুভব; পরিতোষ; কামনাতৃপ্তি; আরাম; সান্ত্বনা; আনন্দদায়ক; মনোরম; শোভন; উপযোগী; সম্মত; মঙ্গল।

**সাতকুম্ভ**—স্বর্ণ; সোনা।

**সাতচ্চ**—ঢালু-অবস্থা; অবিচ্ছিন্নতা; চালিত-অবস্থা; ঘটমান; অবিরাম-অবস্থা; অধ্যবসায়। **সাতচ্চকারী**—অবিচ্ছিন্নভাবে কর্মরত; একটানাভাবে কর্মরত; অবিচ্ছেদ্যভাবে সম্পাদনকারী। **সাতচ্চকিরিযা**—অধ্যবসায়।

**সাততিক**—অবিচ্ছিন্ন বা অবিচ্ছেদ্য বা একটানা কর্মরত।

**সাতিরেক**—প্রয়োজন অতিরিক্ত কিছু আছে এমন।

**সাথ, সাথক**—সার্থক; কাজে লাগে এমন; কার্যকর; কেজো; উপযোগী; সুবিধাজনক; লাভজনক; অর্থসহ।

**সাথলিক**—জড়িমাসংক্রান্ত; জড়িমাগ্রস্ত; শ্লথ অভ্যাস; অসংযত অভ্যাস; অসতর্ক প্রকৃতি।

**সাদর**—সস্নেহ; স্নেহপরায়ণ; শ্রদ্ধা বা উচ্চ সম্মান প্রদর্শন; সহানুভূতি দেখানো; যত্ন-প্রদর্শন। **সাদরং**—সস্নেহভরে; স্নেহপরায়ণ হয়ে।

**সাদিযতি**—(সদ+ই+য) গ্রহণ করা; সত্য বলে স্বীকার করা; মেনে নেওয়া; ভোগ করা; উপভোগ করা; কিছুতে আনন্দ পাওয়া; একমত হওয়া; সম্মত বা রাজি হওয়া; অনুমতি দেওয়া। *aor* **সাদিযি**। *pp* **সাদিত**। *prp* **সাদিযন্ত, সাদিযমান**। *abs* **সাদিযিত্বা**।

**সাদিযন, সাদিযনা**—গ্রহণ; সমর্থন; মেনে চলন; পালন; স্বীকৃতি; স্বীকার; অধিকার করণ; নিজের ভোগে লাগানো; বিশেষ কাজে লাগানো।

**সাদিস**—সাদৃশ; অনুরূপ; তুল্য; একরূপ; সদৃশ; এক।

**সাদু**—মিষ্ট; মধুরস্বাদ; মধুর; তৃপ্তিদায়ক; মনোরম; প্রিয়। **সাদুতর**—অধিকতর মিষ্ট বা মধুর অথবা তৃপ্তিদায়ক। **সাদুরস**—সুস্বাদু; মধুর আস্বাদ।

**সাধক**—সাধনকর্তা; সম্পাদক; সিদ্ধিকারক; সহায়ক; প্রমাণ।

**সাধন**—১ প্রমাণকর; করণ। ২ নিষ্পাদন। ৩ সম্পাদন। ৪ ঋণ শোধন।

**সাধারণ**—গতানুগতিক; সর্বজনীন; সর্বত্র বা সর্বজনের মধ্যে বর্তমান।

**সাধক**—(কোনো কিছু) প্রয়োজনতিরিক্ত থাকা।

**সাধিত**—('সাধেতি'র *pp*) সাংস্কৃতিক গুণসম্পন্ন; মার্জিতরুচি।

**সাধিয**—সাধনীয়; সাধ্য; সাধনযোগ্য; করতে পারা যায় এমন; ক্ষমতার বা পারগতার আয়ত্ত।

**সাধু**—শিষ্ট; ভদ্র; উত্তম; মার্জিত; ধার্মিক; সুষ্ঠু; উচিত; উপযুক্ত; সন্ন্যাসী; যোগী। **সাধুকং**—উত্তম; ভালো; মার্জিত; পুরাদস্তুরমতো। **সাধুকম্যতা**—দক্ষতা বা কুশলতা পেতে আকাঙ্ক্ষা বা কামনা। **সাধুকার**—মনোরঞ্জন; সকলরব সমর্থন বা প্রশংসা। "উত্তম"—কথন; অনুমোদন। **সাধুকীলন**—সামাজিক পূত উৎসব অথবা সামাজিক পবিত্র আমোদ-প্রমোদ;

পবিত্র হাসিখুশি ভাব। **সাধুরূপ**—সুবিন্যাস; সুব্যবস্থা। **সাধুসম্মত**—মহামহিমান্বিত; উচ্চ সম্মানিত; সদগুণ সম্পন্ন কর্তৃক গৃহীত; ধার্মিক বা বিশুদ্ধতাসম্পন্ন কর্তৃক স্বীকৃত।

**সাধু**—হাঁ; স্বীকার বা সম্মতিসূচক শব্দ।

**সাধেতি**—(সাধ্+এ) সম্পূর্ণ করা; সম্পাদন করা; সিদ্ধ করা; অর্জন করা; উৎপাদন করা; কাজের ফলাফলস্বরূপ উৎপাদন করা; ঘটানো; প্রস্তুত করা; শেখানো বা তৈরি করা; সজ্জিত করা; উপযোগী করে তোলা; প্রস্তুত করা; ঋণ শোধ করা। *aor* **সাধেসি**। *abs* **সাধেত্বা**। *prp* **সাধেন্ত**।

**সানু**—পর্বতের উপরে সমতল স্থান; অধিত্যকা (সানুদেশ) ; চূড়া।

**সানুচর**—অনুচরসহ; অনুসরণকারীসহ; অনুগামীসহ; অনুকরণকারীসহ শিষ্যসহ।

**সানুবজ্জ**—নিন্দনীয়; দূষণীয়; ত্রুটিপূর্ণ।

**সাপ**—শাপ; অভিসম্পাত; অভিশাপ; মস্ত অমঙ্গল।

**সাপতেয্য**—সম্পত্তি; ধনদৌলত।

**সাপত্তিক**—যে বিনয়বিধান লঙ্ঘন করেছে এমন; বিনয়-লঙ্ঘনকারী।

**সাপদেস**—যুক্তির সহিত।

**সাপেক্খ, সাপেখ**—আশাপূর্ণ; আশাপ্রদ; আশান্বিত; প্রত্যাশিত; আকুল আকাঙ্ক্ষী; আকুল আকাঙ্ক্ষাপূর্ণ।

**সাম**—শ্যাম; কাল; অন্ধকার। ১ শান্তি। ২ বেদের অংশ বিশেষ।

**সামং**—স্বয়ং; নিজে নিজে; নিজের দ্বারা।

**সামগ্‌গি, সামগ্‌গিয**—সমমনপ্রাণ অবস্থা; মিল; সমন্বয়; নানাসুরের মধুর মিলন; একতা।

**সামচ্চ**—অমাত্যসহ; মন্ত্রীগণসহ; বন্ধুবান্ধবসহ।

**সামঞ্ঞ**—অনুরূপতা; বশ্যতা; প্রসঙ্গ নিয়ম প্রভৃতির অনুযায়িতা; স্বাভাবিকতা; জনসাধারণ; সর্বজনীনতা নিত্যনৈমিত্তিকতা; শ্রামণ্য; শ্রমণের অবস্থা। **সামঞ্ঞতা**—মিল; ঐক্য; সঙ্গতি; উপযুক্ততা; মানানসই ভাব; ধর্মীয় ভিক্ষুকের বা ভিখারির বা ভিক্ষারতের প্রতি শ্রদ্ধা। **সামঞ্ঞফল**—গুহাবাসীর বা নির্জনবাসীর বা সন্ন্যাসজীবনের ফল।

**সামণক**—শ্রামণক; ভিক্ষুর জন্য মূল্যবান বা প্রয়োজনীয়।

**সামণের**—শ্রামণ; ভিক্ষুর শিক্ষানবিশ বা নবশিক্ষার্থী জীবন। **সামণেরী**—শ্রামণেরী; ভিক্ষুণীর শিক্ষানবিশ জীবন বা শিক্ষার্থিনী জীবন।

**সামত্থিয**—সামর্থ্য; ক্ষমতা; পারগতা; শক্তি; বল।

**সামন্ত**—প্রতিবেশী; পার্শ্ববর্তী অঞ্চল; নৈকট্য; সান্নিধ্য; সীমান্তবর্তী; নিকটবর্তী; সন্নিহিত; সংলগ্ন।

**সাময়িক**—১ ধর্মীয়। ২ স্থায়ী।

**সামা**—এক জাতীয় ভেষজ চিকিৎসামূলক উদ্ভিদ; শ্যামা কালোবর্ণের মহিলা; যে মেয়েলোকের চেহারা বা রূপ কাল।

**সামাজিক**—(পরিষদ) সদস্য।

**সামিক**—স্বামী; পতি; মালিক।

**স্বামিণী**—অধিকারিণী; মালিকা।

**সামিবচন**—সম্বন্ধপদীয় কার কারকবিশেষ।

**সামিস**—সমাংস; মৎস্যমাংসসহ; ভোগ্যবস্তুসহ; লোভনীয় বস্তুসহ; রূপাদিবিষয়সহ; সুন্দর বস্তুসহ।

**সামী**—স্বামী; মালিক; মনিব; প্রভু; অধিপতি; পতি; ভর্তা।

**সামীচি**—সমীচীন; সঙ্গত; উপযুক্ত; উচিত; যথার্থ। **সমীচিকম্ম**—উপযুক্ত কর্ম; যথার্থ কাজ; আনুগত্য স্বীকার। **সমীচিপটিপন্ন**—যে পথ অনুসরণে সমীচীন বা পূজাসৎকারের যোগ্য হয় সে পথ প্রতিপন্ন।

**সামুদ্দিক**—সামুদ্রিক; সমুদ্রে ভ্রমণ; সমুদ্রে ভ্রমণরত; সমুদ্র সম্বন্ধীয়।

**সাযক**—আস্বাদনকারী; চোখে দেখে এমন; উপভোগকারী।

**সাযণ্হ**—সায়াহ্ন; সায়ংকাল; সন্ধ্যাবেলা; দিনাবসানকাল। **সাযণ্হ সময, সাযণ্হ কাল**—অপরাহ্ণের শেষাংশ।

**সাযতি**—(সা+য) আস্বাদন করা; চোখে দেখা; উপভোগ করা। *aor* **সাযি**। *pp* **সাযিত**। *prp* **সাযন্ত**। *abs* **সাযিত্বা**।

**সাযন**—আস্বাদন; আস্বাদ উপভোগ করণ। **সাযনীক**—আস্বাদন করার উপযুক্ত; চোখে দেখার যোগ্য। (চোখে)।

**সার**—শ্রেষ্ঠ বা উৎকৃষ্ট অংশ; বৃক্ষাদির শক্ত মজ্জা; সর্বোৎকৃষ্ট অংশ; অপরিহার্য; পরমোৎকৃষ্ট; বলিষ্ঠ। **সারগন্ধ**—বৃক্ষমজ্জার স্বাদুগন্ধ। **সারগবেসী**—সারাংশ বা মূল্য ও অপরিহার্য বৈশিষ্ট্য অনুসন্ধানকারী। **সারময**—শক্ত কাষ্ঠে প্রস্তুত। **সারসূচি**—শক্ত কাঠের তৈরি সুচ। **সারবন্ত**—মূল্যবান; শাঁস অথবা মজ্জা (তরুমজ্জা) আছে এমন।

**সারক্খ**—সুরক্ষিত; সতর্ক; সতর্কভাবে উক্ত।

**সারজ্জতি**—(সং+রাজ্+য) অনুরক্ত বা আসঞ্জিত বা সংযুক্ত হওয়া। *aor* **সারজ্জি**। *pp* **সারত্ত**। *abs* **সারজ্জিত্বা**।

**সারজ্জনা**—অনুরাগ; আসঞ্জন; সংযোজন।

**সারত্ত**—('সারজ্জতি'র *pp*) আবেগান্বিত; আবেগপূর্ণ; প্রেমমুগ্ধ।

**সারথি, সারথী**—রথচালক; গাড়ির চালক; চালক।

**সারদ, সারদিক**—শারদ; শারদীয়; শরৎকালীন।

**সারদ্ধ**--আবেগচালিত; প্রবল আবেগপূর্ণ; আবেগপ্রবণ; প্রাণবন্ত; সস্নেহ।

**সারমেয়**—সারমেয়; কুকুর; কুত্তা।

**সারম্ভ**—প্রচণ্ডবেগে ধাবমানতা; দ্রুতবেগে ধাবমানতা; ক্রোধ; রোষ; রাগ; বিজড়ন; জীবিত প্রাণীর বিপদ।

**সারস**—বকজাতীয় জলচর বৃহৎ পক্ষীবিশেষ।

**সারণীয়**—স্মরণীয়; যা স্মরণ রাখা বা মনে রাখা প্রয়োজন।

**সারিবা**—Sarsaparilla বৃক্ষ।

**সারী**—দীর্ঘ পর্যটন; (পরি) অটন; অনুগামীবৃন্দ; সমর্থকবৃন্দ; অনুগামী; পরবর্তী।

**সারীরিক**—শারীরিক; শরীর সম্বন্ধীয়; দেহজ।

**সারুপ্প**—উপযুক্ত; যোগ্য; মানানসই; যথাযোগ্য; পর্যাপ্ত; যথাযথ; উপযোগী; শোভন।

**সারেতি**—(সর্+এ) স্মরণ করিয়ে দেওয়া; প্রথমে অগ্রসর হয়ে পথ দেখানো; পথ প্রদর্শন করানো; পথ দেখিয়ে নিয়ে যাওয়া; সামনে এগিয়ে নেওয়া। *aor* **সারেসি**। *pp* **সারিত**। *ptp* **সারেতব্ব**। *abs* **সারেত্বা**।

**সাল**—শ্যালক; শালগাছ (*Shorea robusta* বৃক্ষ)। **সালরুক্খ**—শালবৃক্ষ। **সালটঠি**—ছোট শালগাছ।

**সালয**—সালয়; সালয়সহ; সংযোজন বা আসক্তি বা অনুরাগ বা আসঞ্জন আছে এমন।

**সালা**—শালা; কক্ষ; বড়ঘর; গুদাম।

**সালাকিয**—চক্ষুরোগের চিকিৎসা।

**সালি**—শালি; ভালো জাতীয় চাউল। **সালিক্খেত্ত**—ধানের জমি। **সালিগব্ভ**—কচি ধান পূর্ণবর্ধিতকরণ। **সালিভত্ত**—শালিধানের ভাত।

**সালিকা**—শালিক; ময়না পাখি।

**সালিত্তক-সিপ্প**—গুলতি দিয়ে প্রস্তর নিক্ষেপকরণ শিল্প; উৎপলখণ্ড; লোষ্ট্র।

**সালুক**—শালুক; পদ্মাদির মূল; কুমুদ-নাল।

**সাৱক**—শ্রাবক; শ্রবণকারী; শিষ্য। **সাৱকত্ত**—শ্রাবকত্ব; শিষ্যত্ব। **সাৱকসঙ্ঘ**—শ্রাবক সঙ্ঘ; শিষ্য মণ্ডলীর সমাবেশ। **সাৱিকা**—শ্রাবিকা; শিষ্যা।

**সাৱজ্জ**--দোষী; নিন্দনীয়; দায়ী; ত্রুটিপূর্ণ; ভ্রমাত্মক; নিন্দার্হ। **সাৱজ্জতা**—দোষ; অপরাধ; পাপ; ত্রুটি।

**সাৱট্ট**—সাবর্ত; জলঘূর্ণি বা ঘূর্ণিস্রোত ধারণকারী।

**সাৱণ**—শ্রাবণ; ঘোষণা; উদ্‌ঘোষণা; মাসের নাম বিশেষ (জুলাই-আগস্ট)।

**সাৱত্থী**—শ্রাবস্তী; কোশলরাজ্যের রাজধানীর নাম।

**সাৱসেস**—সাবশেষ; অসম্পূর্ণ; অসমাপ্ত; অবশিষ্ট আছে এমন।

**সাৱেতি**—(সু+এ) শোনানো; ঘোষণা করা; প্রচার করা। *aor* **সাৱেসি**। *pp* **সাৱিত**। *prp* **সাৱেন্ত, সাৱযমান**। *ptp* **সাৱেতব্ব**। *abs* **সাৱেত্বা**।

**সাৱেতু**—ঘোষক; ঘোষণাকারী।

**সাসঙ্ক**—সন্দেহপূর্ণ; সন্দেহসূচক; সন্দেহপ্রবণ; সন্দিগ্ধ; সন্দেহজনক; সন্দেহভাজন।

**সাসতি**—(সাস্+অ) শিক্ষা দেওয়া; শেখানো; উপদেশ বা পরামর্শ দেওয়া; অভ্যাস করানো; আদেশ দেওয়া; নির্দেশ দেওয়া; শাসন করা। *aor* **সাসি**। *pp* **সাসিত**।

**সাসন**—শিক্ষাদান; অধ্যাপনা; উপদেশ; শিক্ষা; আদেশ; জ্ঞানীর প্রদত্ত শিক্ষা; জ্ঞানদান; উপদেশাবলি; মতবাদ; বিদ্যা; পাণ্ডিত্য ধর্ম। **সাসনকর, সাসনকারী, সাসনকারক**—(কারও) উপদেশাবলি বা শিক্ষা মানন। **সাসন অন্তরধান**—বুদ্ধের শিক্ষার অন্তর্ধান; বুদ্ধের উপদেশাবলির তিরোধান। **সাসনহর**—জ্ঞানী কর্তৃক জগদ্বাসীকে প্রদত্ত শিক্ষা। **সাসন-অৱচর**—ধর্মীয় নিয়মাবলি পালনকারী।

**সাসনিক**—শাসনিক; বৌদ্ধধর্ম-সংশ্লিষ্ট।

**সাস্প**—সর্ষপ; সরিষা।

**সাসৱ**—নৈতিক-বিচ্যুতি-সংশ্লিষ্ট।

**সাহত্থিক**—স্বহস্তে কৃত এমন; নিজ হাতে করা হয়েছে এমন।

**সাহস**—যৎপরোনাস্তি প্রবলতা তীব্রতা বা উগ্রতা; প্রচণ্ডতা; বিধিবহির্ভূত কাজ; ভয়শূন্যতা; নির্ভীকতা; বিপজ্জনক কাজে উদ্যম; স্পর্ধা। **সাহসিক**—সাহসযুক্ত; সাহসের প্রয়োজন হয় এমন; প্রচণ্ড; হিংস্র; অসভ্য; বর্বর।

**সাহু**—উত্তম; মঙ্গল; শুভ।

**সালভ**—না রেঁধে খাবার যোগ্য লতাপাতামূল প্রভৃতি; স্যালাড়।

**সিকতা**—বালি।

**সিক্কা**—শিকা, শিকে; দ্রব্যাদি রাখার জন্য দড়ি বা তারে নির্মিত ঝুলন্ত আধারবিশেষ।

**সিক্খতি**—(সিক্খ্+অ) জ্ঞান বা দক্ষতা অর্জন করা; শেখা; জানা; শিক্ষা উপদেশ অনুশীলন ব্যায়াম

খাদ্যনিয়ন্ত্রণ প্রভৃতির দ্বারা নিজকে কার্যাদি সম্পাদনের উপযুক্ত করানো বা হওয়া। *aor* **সিক্খি**। *pp* **সিক্খিত**। *prp* **সিক্খন্ত, সিক্খমান**। *abs* **সিক্খিত্বা**। *ptp* **সিক্খিতব্ব**।

**সিক্খন**—শিক্ষণ; জ্ঞান বা দক্ষতা অর্জন; নিজকে কার্যাদি সম্পাদনের উপযুক্তকরণ।

**সিক্খমান**—মেয়ে শিক্ষানবিস; যিনি পরীক্ষাধীন শিক্ষাগ্রহণে নিযুক্ত।

**সিক্খা**—শিক্ষা; অধ্যয়ন করা; উপদেশ; নিয়মানুগ অভ্যাস; শৃঙ্খলা। **সিক্খাকাম**—ধর্মীয় নিয়মাবলি পালনে ব্যগ্র। **সিক্খাপক, সিক্খাপনক**—শিক্ষক; শিক্ষাদাতা। **সিক্খাপদ**—ধর্মানুশাসন; ধর্মীয় নিয়মাবলি। **সিক্খাপন**—শিক্ষাদান; অধ্যাপনা; উপদেশ; জ্ঞাপন; শিক্ষা; নির্দেশ; আদেশ। **সিক্খাসমাদান**—নিজের জীবনে ধর্মানুশাসন প্রতিফলিতকরণ।

**সিক্খিত**—('সিক্খতি'র *pp*)।

**সিখণ্ড**—ময়ূরের মাথার ঝুঁটি বা শিখা। **সিখণ্ডী**—ময়ূর।

**সিখর**—চূড়া; শীর্ষ; পর্বতের শৃঙ্গ বা সরু চূড়া বা উপরিভাগ। **সিখরী**—পর্বত।

**সিখা**—পাখির মাথার ঝুঁটি; চূড়া; শীর্ষ; মাথার উপরে চূড়া করে বাঁধা চুল বা পালকগুচ্ছ বা অনুরূপ বস্তু; আগুনের ঝলক; শিখা।

**সিখী**—শিখী; আগুন; ময়ূর।

**সিগাল**—শৃগাল; শিয়াল। **সিগালক**—শৃগালের চিৎকার।

**সিগ্গু**—ঘোড়া; মূলা গাছ।

**সিঙ্গ**—শৃঙ্গ; শিং।

**সিঙ্গার**—শৃঙ্গার; যৌন কামানুভূতি; যৌন-প্রেমরস; যৌন-ভাবপ্রবণতা।

**সিঙ্গিবের**—আদা।

**সিঙ্গী**—শৃঙ্গী; যার শিং আছে এমন; স্বর্ণ। **সিঙ্গীনদ, সিঙ্গীবণ্ণ**—স্বর্ণ; সোনা।

**সিঙ্ঘতি**—(সিঙ্ঘ্+অ) সশব্দে শ্বাসের সহিত বাতাস টেনে লওয়া বা শ্বাস লওয়া; শোঁকা; গন্ধ শুঁকে বুঝতে বা ধরতে বা দেখতে পাওয়া। *aor* **সিঙ্ঘি**। *abs* **সিঙ্ঘিত্বা**।

**সিঙ্ঘাটক**—আড়াআড়ি আকৃতির কোনো কিছু; যে স্থানে বিভিন্ন দিক থেকে রাস্তা এসে মিশেছে এমন।

**সিঙ্ঘাণিকা**—শিখনি; নাকের শ্লেষ্মা; কফ; পোঁটা।

**সিজ্ঝতি**—(সিধ্+য) ঘটা; সিদ্ধিলাভ করা; সফল হওয়া; কার্যে সাহায্য করা বা সহায়ক হওয়া। *aor* **সিজ্ঝি**। *pp* **সিদ্ধ**।

**সিজ্ঝন**—ঘটন; সিদ্ধি; সাফল্য।

**সিঞ্চক**—যে জলাদি তরল পদার্থ ছিটায়ে দেয় এমন; সিঞ্চনকারী; সেচনকারী। **সিঞ্চন**—সেচন; জলাদি তরল পদার্থ ছিটায়ে দেওন।

**সিঞ্চতি**—(সিচ্+ং+অ) ঢেলে পড়া; ঢালা; বর্ষণ করা; সেচন করা। *aor* **সিঞ্চি**। *pp* **সিত্ত; সিঞ্চিত**। *prp* **সিঞ্চমান**। *abs* **সিঞ্চিত্বা**। *caus* **সিঞ্চাপেতি**।

**সিত**—১। সাদা। ২। নির্ভরশীল; মুখাপেক্ষী; সংলগ্ন; অনুরক্ত; মৃদু হাসি।

**সিত্ত**—('সিঞ্চতি'র *pp*) সিক্ত।

**সিত্থ**—মোম; ভাতের কণা। **সিত্থ-অবকারকং**—সর্বত্র ভাত ছড়ানো।

**সিত্থক**—মৌমাছির মোম।

**সিথিল**—শিথিল; ঢিলা; শ্লথ; লোল; আলগা; আলুথালু। **সিথিলত্ত, সিথিলভাব**—শৈথিল্য; শিথিলতা।

**সিদ্ধ**—('সিজ্ঝতি'র *pp*) সমাপ্ত; সম্পাদিত; ঘটিত। **সিদ্ধত্থ**—যিনি তাঁর করণীয় কর্ম সম্পাদন করেছেন, সমাপ্ত করেছেন; সিদ্ধার্থ; সর্ষপ; রাই-সরিষা।

**সিদ্ধ**—অর্ধব-ডুবন্ত প্রাণী; জাদুকর।

**সিদ্ধত্থক**—সরিষার বীজ।

**সিদ্ধি**—সম্পাদন; সাফল্য; অভ্যাসাদির দ্বারা পারদর্শিতা লাভ বা জ্ঞান লাভ।

**সিনান**—স্নান; অবগাহন; নাওয়া; সর্বাঙ্গ; প্রক্ষালন বা ধৌতকরণ।

**সিনিদ্ধ**—স্নিগ্ধ; মসৃণ; চকচকে; কোমল; মধুর; সুখস্পর্শ; আরামদায়ক; শীতলতাকারক।

**সিনেহ, স্নেহ**—বাৎসল্য; ভালোবাসা; প্রীতি; প্রেম; তৈল; ঘৃত এবং ঐ জাতীয় পদার্থ। **সিনেহন**—স্নেহন; স্নেহপ্রদর্শন। **সিনেহবিন্দু**—তৈলাদি পদার্থের বিন্দু।

**সিনেহেতি**—('সিনেহ'র *deno*) ভালোবাসা; স্নেহভরে আলিঙ্গন; স্নেহযুক্ত আশীর্বাদ দান।

**সিন্দী**—খেজুর গাছ।

**সিন্দুর**—রক্তবর্ণ চূর্ণবিশেষ; রক্তবর্ণ সেঁকোবিষ।

**সিন্ধব**—সিন্ধুর অধিবাসী; সৈন্ধব লবণ; পাথুরে লবণ। **সৈন্ধব**—সিন্ধু দেশের অশ্ব।

**সিন্ধু**—সমুদ্র; নদীর নাম বিশেষ। **সিন্ধুরট্ঠ**—সিন্ধুরাজ্য। **সিন্ধুসঙ্গম**—নদীর মুখ বা নদীসঙ্গম।

**সিপাটিকা**—ফলত্বক; ক্ষুদ্র আবরণ।

**সিপ্প**—শিল্প; চারুকলা; কারুকর্ম; কারিগরি; বিবিধ দ্রব্য নির্মাণের কাজ। **সিপ্পট্ঠান, সিপ্প-আয়তন**—

শিল্পস্থান; শিল্পায়তন; শিল্পগৃহ; জ্ঞানের শাখাবিশেষ; কারিগরি। **সিপ্পসালা**—কারিগরি বিদ্যালয়।

**সিপ্পিকা, সিপ্পী**—শিল্পিকা; শিল্পী; কারুশিল্পী; কারিগর।

**সিপ্পিকা**—ঝিনুক; শুক্তি।

**সিব্বতি**—(সিব্+য) সেলাই করে জোড়া দেওয়া কারুকার্য করা বা খোড়া; সেলাই করা। *aor* **সিব্বি**। *pp* **সিব্বিত**। *abs* **সিব্বিত্বা**।

**সিব্বন**—সেলাই কর্ম।

**সিব্বনী**—সীবনকারিনী; স্ত্রী দরজি; সনির্বন্ধ প্রার্থনা; মিনতি; আকুল কামনা। **সীব্বণীমগ্গ**—সীবন; সেলাই।

**সিব্বাপেতি**—('সিব্বতি'র *caus*)।

**সিব্বেতি**—(সিব্+এ) সেলাই করা। *aor* **সিব্বেসি**। *pp* **সিব্বিত**। *abs* **সিব্বেত্বা**। *prp* **সিব্বেন্ত**।

**সিম্বলী**—রেশম-সুতার গাছ।

**সির**—শির; মস্তক; মাথা।

**সিরা**—শিরা; যে শিরাগুচ্ছ দ্বারা হাড় বা অন্য অঙ্গের সহিত মাংসপেশি আবদ্ধ থাকে; কণ্ডরা; হৃৎপিণ্ডে রক্তবাহী শিরা বা ধমনি; রক্তবাহিকা নাড়ি; ধমনি।

**সিরি, সিরী**—শ্রী; সৌভাগ্য; ভাগ্য; অদৃষ্ট; যশ; মহিমা বা বিজয়-গৌরব; সমৃদ্ধি; ধনদৌলত; উজ্জ্বল-দীপ্তি; অত্যুৎকর্ষ; ভাগ্যলক্ষ্মী। **সিরিগব্ভ**—মহাপুরুষের শয়নকক্ষ; রাজকীয় শয়নকক্ষ। **সিরিমন্ত**—যশস্বী। **সিরিবিলাস**—শোভাযাত্রা; উজ্জ্বল-দীপ্তি। **সিরিসযন**—রাজকীয় শয়নাসন; রাজ-শয়ন বা উচ্চ-শয়ন। **সিরিধর**—যশস্বী; মহিমান্বিত।

**সিরিবাস**—তারপিন; তারপিন তৈল।

**সিরীস**—শিরীষ গাছ; *Acacia sirissa* বৃক্ষ।

**সিরো**—('সির' দ্বারা গৃহীত রূপ) **সিরজাল**—মস্তকের আবরণ। **সিরোমণি**—শিরোমণি মুকুট উষ্ণীষপ্রভৃতি; মণি-মাণিক্য খচিত মাথার ঝুঁটি বা শিরস্ত্রাণ। **সিরোরুহ**—শিরোরুহ; চুল; মস্তকের কেশ। **সিরোবেঠন**—শিরবেষ্টন; পাগড়ি।

**সিলা**—শিলা; প্রস্তর। **সিলাগুল**—প্রস্তরগোলক। **সিলাথম্ভ**—শিলাস্তম্ভ; প্রস্তরস্তম্ভ; পাথরের থাম। **সিলাপট্ট**—প্রস্তরফলক। **সিলাপাকার**—শিলা প্রাকার; পাথরের দেওয়াল। **সিলাময়**—শিলাময়; প্রস্তর-নির্মিত; পাথরের তৈরি।

**সিলাঘতি**—(সিলাঘ্+অ) উচ্চ প্রশংসা করা; দম্ভ করা; সদম্ভে বলা। *aor* **সিলাঘি**।

**সিলাঘা**—প্রশংসা; মহিমা কীর্তন।

**সিলিট্ঠ**—মসৃণ। **সিলিট্ঠতা**—মসৃণতা; স্বচ্ছন্দতা।

**সিলুচ্চয**—পাহাড়; প্রস্তরখণ্ড; নুড়ি; শিলা।

**সিলুত্ত**—ইঁদুরে-সর্প (Rat-Snake)।

**সিলেস**—১ শ্লেষ; প্রচ্ছন্নবিদ্রূপ; ধাঁধা; হেঁয়ালি; প্রহেলিকা। ২ আঠালো পদার্থ।

**সিলেসুম**—কাশির সহিত নির্গত শ্লেষ্মা; গয়ের।

**সিলোক**—১ যশ; খ্যাতি; জনরব। ২ শ্লোক; কবিতার চরণ; কবিতার স্তবক।

**সিব**—নিরাপদ আশ্রয়; বিপদমুক্ত; শিব দেবতা; নিরাপদ স্থান; নির্বাণ।

**সিবিকা**—শিবিকা; পালকি; ডুলি; জীবজন্তুর শয্যারূপে ব্যবহৃত তৃণাদির গাদা।

**সিসির**—শিশির; হিম; শীত; নীহার; শীতকাল; ঠাণ্ডা।

**সিস্স**—শিষ্য; ছাত্র।

**সীঘ**—শীঘ্র; তাড়াতাড়ি; দ্রুত; ক্ষিপ্র; চটপটে; বেগবান। **সীঘগামী**—দ্রুতগামী; শীঘ্রগামী; বেগবান; চটপটে গমনকারী। **সীঘতরং**—অত্যন্ত শীঘ্র; অতি সত্বর; অধিকতর তাড়াতাড়ি; ত্বরিতে। **সীঘসোত**—খরস্রোতা। **সীঘং**—দ্রুতগতিতে; বেগে।

**সীত**—শীত; শীতল; ঠাণ্ডা; শীতলতা; শৈত্য। **সীতভীরুক**—শৈত্যের ধারণে সমর্থ বা সক্ষম।

**সীতল**—শীতল; ঠাণ্ডা; শীলতা।

**সীতা**—লাঙ্গল চালনার ফলে জমিতে যে রেখা পড়ে।

**সীতিভাব**—শীতলতা; শান্ত।

**সীতিভূত**—শান্ত অবস্থাপ্রাপ্ত; শান্ত স্থিরভাবপ্রাপ্ত।

**সীতোদক**—শীতল জল; ঠাণ্ডা জল।

**সীদতি**—(সদ্+অ) প্রশমিত হওয়া বা করা; ভিতরে ঢোকা বা ঢোকানো; শান্ত হয়ে যাওয়া; ডুবে যাওয়া; অর্পণ করা; সমর্পণ করা; ত্যাগ করা। *aor* **সীদি**। *pp* **সীন**। *abs* **সীদিত্বা**। *prp* **সীদমান**।

**সীদন**—প্রশমন; অর্পণ; সমর্পণ।

**সীন**—'সীদতি'র *pp*।

**সীপদ**—শ্লীপদ; গোদ পায়ের শোথরোগ (Elephantiasis)।

**সীমট্ঠ**—সীমাস্থ; সীমার ভিতরে বা সীমায় অবস্থিত।

**সীমন্তিনী**—স্ত্রীলোক।

**সীমা**—প্রান্ত; ধার; অবধি; শেষ; সীমানা; বৌদ্ধ ভিক্ষুদের অধ্যায় গৃহ। **সীমাকত**—সীমাকৃত; সীমিত; সসীম; নিয়ন্ত্রিত। **সীমাতিগ**—সীমা অতিক্রান্ত। **সীমাসমুগ্ঘাত**—পূর্বসীমা লোপকরণ। **সীমাসম্মুতি**—নূতন সীমা নির্ধারণ; অধ্যায়-গৃহ সম্মেলন।

**সীল**—স্বাভাবিক অবস্থা; স্বভাব; অভ্যাস; প্রভৃতি; নৈতিক চরিত্রের অভ্যস্ত কর্ম; সচ্চরিত্র-অভ্যাস; সদাচার; নৈতিক অনুশীলন; ন্যায়পরায়ণতা নৈতিকতা ধার্মিকতা সততা জিতেন্দ্রিয়তা কর্তব্যপালন নীতিশাস্ত্র নীতির বিধিবিধানের সঙ্কলন গ্রন্থ বা সারসংগ্রহ বা সংহিতা বা নিয়মাবলি। **সীলকথা**—নৈতিক চরিত্রের কর্তব্য-প্রকটন। **সীলক্খন্ধ, শীলস্কন্ধ**—নৈতিক অনুশীলনের সব কয়টি। **সীলগন্ধ**—সৎকর্মের সুগন্ধ (সুখ্যাতি)। **সীলব্বত, সীলব্রত**—নিয়ম পর্ব রীতিনীতির অনুষ্ঠানাদি পালন উদ্‌যাপন। **সীলভেদ**—শীলভঙ্গ; নৈতিক চরিত্র ভঙ্গ। **সীলময**—নৈতিক চরিত্র সংশ্লিষ্ট। **সীলবন্তু**--**শীলবন্ত**; গুণী; সচ্চরিত্র অনুশীলনে অভ্যস্ত। **সীলবিপত্তি**—নৈতিক চরিত্র লঙ্ঘন। **সীলবিপন্ন**—যে অন্যায়ভাবে নৈতিক উপদেশাবলির সীমা বা গণ্ডি লঙ্ঘন করেছে এমন। **সীলসম্পত্তি**—নৈতিক-চরিত্রের বা জিতেন্দ্রিয়তার গুণাবলি অর্জন। **সীলসম্পন্ন**—নৈতিক চরিত্রের কর্মবিধি বা ধর্মানুশাসন পালনকারী।

**সীলন**—শীলন; অনুশীলন; চর্চা; আলোচনা; অভ্যাস।

**সীলিক, সীলী**—প্রকৃতির; স্বভাবের।

**সীবথিকা**—মৃতদেহকে পচে যাওয়ার বা ক্ষয় পাওয়ার জন্য যেখানে ফেলে দেওয়া হয় (নিক্ষেপ করা হয়)।

**সীস**—শীর্ষ; শির; মস্তক; মাথা; সর্বোচ্চ বিন্দু; শস্যের শীষ; প্রবন্ধের শিরোনাম; সিসা; **সীসক**। **সীসকপাল, সীসকটাহ**—মাথার খুলি। **সীসচ্ছবি**—মস্তকের চামড়া। **সীসচ্ছেজ্জ**—শিরশ্ছেদ্য; শিরশ্ছেদকারক। **সীসচ্ছেদন**—শিরশ্ছেদন। **সীসপ্পচালন**—মস্তক-আন্দোলন। **সীসপরম্পরা**—বোঝা বহনে একের মস্তক হতে অন্যের মস্তকে পরিবর্তন। **সীসবেঠন**—শীর্ষ বেষ্টন; পাগড়ি; মস্তকের আবরণ। **সীস-আবাধ**—শিরঃপীড়; শিররোগ।

**সীহ**—সিংহ। **সীহচম্ম**—সিংহচর্ম। **সীহনাদ**—সিংহনাদ; সিংহের গর্জন; নির্ভীক ভাষণ। **সীহনাদিক**--যে সিংহ-গর্জনে কথা বলে এমন। **সীহপঞ্জর**—সিংহের খাঁচা বা পিঞ্জর; একপ্রকার জানালা। **সীহপোতক**—সিংহশাবক। **সীহবিক্কীলিত**--সিংহক্রীড়া। **সীহসেয্যা**--সিংহশয্যা; দক্ষিণ পার্শ্বে শয়ন। **সীহস্সর**—সিংহস্বর; সিংহের ন্যায় কণ্ঠস্বর বিশিষ্ট। **সীহহনু**—সিংহহনু; যার হনু বা চোয়াল সিংহের ন্যায় এমন।

**সীহল**—সিংহলের অধিবাসী; সিংহলি। **সীহল-দীপ**--সিংহল দ্বীপ। **সীহল-ভাসা**—সিংহলি ভাষা।

**সু**—ধারণাবোধক অব্যয় : আরে, ভালো রে; আচ্ছা; বটে; আচ্ছা তাই হোক; বেশ; তারপর; শোন এবার; যথার্থ; মধ্য দিয়ে।

**সুক**—শুক; টিয়াপাখি।

**সুকট, সুকত**—সুকৃত; ভালোরূপে সম্পন্ন করা হয়েছে এমন; প্রশংসনীয় বা গুণসম্পন্ন বা পুরস্কারযোগ্য কাজ।

**সুকর**—সহজ; সহজে করা যায় এমন।

**সুকুমার**—ভদ্র; কোমল। **সুকুমারতা**—ভদ্রতা; কোমলতা।

**সুকুসল**—সুদক্ষ; অত্যন্ত পটু।

**সুক্ক**—শুক্ল; সাদা; পবিত্র; উত্তম; উজ্জ্বল; উৎকর্ষ। **সুক্কপক্খ**—শুক্ল পক্ষ; উজ্জ্বল মাসার্ধ।

**সুক্খ**—শুষ্ক; শুকনা।

**সুক্খতি**—(সুক্খ্+অ) শুষ্ক হওয়া; শুকিয়ে যাওয়া। *aor* **সুক্খি**। *prp* **সুক্খমান**। *abs* **সুক্খিত্বা**।

**সুক্খন**—শুষ্ক হওন।

**সুক্খাপন**—শুষ্ক করা; শুকানো।

**সুক্খাপেতি**—('সুক্খতি'র *caus*) শুষ্ক করানো। *aor* **সুক্খাপেসি**। *pp* **সুক্খাপিত**। *abs* **সুক্খাপেত্বা**।

**সুখ**—স্বাচ্ছন্দ্য; আরাম; তৃপ্তি; আনন্দ; হর্ষ। **সুখ-কাম**—সুখের আকুল আকাঙ্ক্ষী। **সুখত্থিকা, সুখত্থী**—সুখের জন্য আকুল আকাঙ্ক্ষী। **সুখদা**—সুখ উৎপাদক। **সুখ নিসিন্ন**—আরামে উপবিষ্ট। **সুখপটিসংবেদী**—সুখের অভিজ্ঞতালাভকারী। **সুখপ্পত্ত**--সুখপ্রাপ্ত। **সুখভাগিয**--সুখের অংশগ্রহণকারী। **সুখ-যানক**—আরামদায়ক যান বা গাড়ি। **সুখবিপাক**—তৃপ্তি বা সুখফলদায়ক। **সুখবিহারণ**--সুখে অবস্থান। **সুখসংবাস**—আনন্দদায়ক বা সুখদায়ক মিলন। **সুখসম্ফস্স**—সুখসংস্পর্শ; আনন্দদায়ক স্পর্শন। **সুখসম্মত**—সুখবিবেচিত; আনন্দ বলে গণ্য।

**সুখং**—সহজে; আরামে।

**সুখাযতি**—('সুখে'র *deno*) আরামদায়ক বা সুখী হওয়া।

**সুখাবহ**—আনন্দ আনয়নকারী; তৃপ্তিবহনকারী।

**সুখিত**—('সুখেতি'র *pp*) সুখী; পবিত্রীকৃত; আশীর্বাদপ্রাপ্ত; স্বর্গসুখে সুখী; মহিমান্বিত; খুশি।

**সুখী**—ওপরে দেখুন।

**সুখুম**—সূক্ষ্ম; কৃশ; যৎপরোনাস্তি ক্ষুদ্র; মিহি; অতিসরু। **সুখুমতর**—সূক্ষ্মতর; অত্যন্ত সরু

বা কৃশ। **সুখুমত্ত-সুখুমতা**—সূক্ষ্মত্ব; সূক্ষ্মতা; কৃশতা।

**সুখুমাল**—সুকোমল; নরম; সূক্ষ্ম; একটুতে ব্যথা পায় এমন; আবেগপ্রবণ; অভিমানী; নারীসুলভ কমনীয়; ভদ্র; পরিমার্জিত। **সুখমালতা**—সুকোমলতা; নারীসুলভ কমনীয় গঠন।

**সুখেতি**—(সু+খন্+এ) সুখী করা। *aor* **সুখেসি**। *pp* **সুখিত**।

**সুখেধিত**—ভদ্র-স্বভাবের; নারীসুলভ কমনীয় স্বভাবের।

**সুখেসী**—সুখ-প্রত্যাশী; আনন্দ অন্বেষী।

**সুগত**—সুপরিভ্রমণকারী; সুপর্যটনকারী; শুভপর্যটক; শুভভ্রমণকারী; আনন্দিত; বুদ্ধ। **সুগতালয**—বুদ্ধের আবাস; বুদ্ধের অনুকরণ বা অনুকৃতি।

**সুগতি**—সুখী অবস্থা।

**সুগ্ (ক) অতি**—ন্যায়পরায়ণ; নিরপেক্ষ।

**সুগন্ধ**—সুন্দর গন্ধ; সুরভি; সৌরভ; মনোরম; গন্ধ; সুরভিত। **সুগন্ধী, সুগন্ধিক**—সুরভিত।

**সুগহন**—মানসিক বা বুদ্ধিগত উত্তম ধারণা; ভালো বোধশক্তি।

**সুগুত্ত, সুগোপিত**—সুরক্ষিত; সতর্ক; সংরক্ষিত; নিরাপদ।

**সুগ্গহিত**—১ আঁটসাঁটভাবে আঁকড়ে ধৃত। ২ ভালোরূপে জ্ঞাত; মনোযোগী।

**সুঙ্ক**—প্রদেয় কর; তোলা; উপশুল্ক; কর; খাজনা। **সুঙ্কঘাত**--বাণিজ্য-শুল্ক এড়ানোর চেষ্টা। **সুঙ্কট্ঠান**—শুল্ক স্থান; কর আরোপ করার জায়গা; বাণিজ্য-শুল্ক গৃহ।

**সুঙ্কিক**—কর আদায়কারী।

**সুচরিত**—সুচরিত্র; উত্তম চরিত্র; সৎ স্বভাব; সচ্চরিত্র।

**সুচি**—শুচি; পবিত্র; শুদ্ধ; নির্মল; পরিষ্কার; নির্দোষ; পবিত্র বস্তু। **সুচিকম্ম**--যার কাজ পবিত্র। **সুচিগন্ধ**—যার সুগন্ধ আছে এমন। **সুচিজাতিক**—শুচি বায়ু; শুচিবাই; শুচিতা সম্বন্ধে অতিরিক্ত মনোযোগরূপ বাতিক বা রোগ। **সুচিবসন**—শুচি বসন; পরিষ্কার পোশাক আছে এমন।

**সুচিত্ত, সুচিত্তিত**—সুচিত্র; সুচিত্রিত; অতিশয় কর্বুরিত; অত্যন্ত কর্বুর; সুরঞ্জিত।

**সুচ্ছন্ন**—সু-আচ্ছাদিত; ছাওয়া হয়েছে এমন।

**সুজন**—সদগুণসম্পন্ন ব্যক্তি; ধার্মিক লোক।

**সুজা**—১ বলিসংক্রান্ত হাতা। ২ শক্রের স্ত্রীর নাম।

**সুজাত**—যে ভালোভাবে জন্মেছেন এমন; ভালো জন্মধারণ করেছে এমন।

**সুজ্ঝতি**—(সুধ্+য) পরিষ্কার হওয়া; পবিত্র হওয়া; শোধিত হওয়া। *aor* **সুজ্ঝি**। *prp* **সুজ্ঝমান**। *pp* **সুদ্ধ**। *abs* **সুজ্ঝিত্বা**।

**সুঞ্ঞ**—শূন্য; খালি; শূন্যগর্ভ। **সুঞ্ঞগাম**—শূন্যগ্রাম; জনশূন্য গ্রাম। **সুঞ্ঞতা**—শূন্যতা; শূন্যগর্ভতা। **সুঞ্ঞ-অগার**—শূন্যস্থান; খালি-স্থান।

**সুট্ঠু**—সুষ্ঠু; অতি সুন্দর; নিখুঁত। **সুট্ঠুতা**—সুষ্ঠুতা; পরমোৎকর্ষ; পরম কৃতিত্ব; মহত্ত্ব।

**সুণ**—কুত্তা; কুকুর।

**সুণাতি**—(সু+ণা) শ্রবণ করা; শোনা। *aor* **সুণি**। *pp* **সুত**। *prp* **সুণন্ত, সুণমান**। *ptp* **সোতব্ব; সুণিত্বা**। *inf* **সোতুং, সুণিতং**।

**সুণিসা, সণ্হা**—পুত্রবধূ।

**সুত**—পুত্র।

**সুত**—('সুণাতি'র *pp*) শ্রুত; শ্রবণ করা হয়েছে এমন; পবিত্র মতবাদ; বিদ্যা; শিক্ষণীয় বিষয়; পাণ্ডিত্য; যা শোনা যায় এমন। **সুতধর**—শ্রুতধর; শিক্ষাগ্রহণ এবং শ্রবণমাত্র স্মৃতিতে ধরে রাখতে সক্ষম এরূপ। **সুতবন্তু**—শ্রুতবন্ত; পণ্ডিত; বিদ্বান।

**সুতত্ত**—সুতপ্ত; অত্যন্ত তাপিত।

**সুতনু**—সুন্দর দেহবিশিষ্ট; পাতলা বা সরু কটিবিশিষ্ট।

**সুতপ্পয**—সহজে সন্তুষ্ট।

**সুতি**—শ্রুতি; শ্রবণ; ঐতিহ্য; উড়ো খবর; গুজব; জনশ্রুতি; বেদ। **সুতিহীন**—শ্রুতিহীন; বধির; কালা।

**সুত্ত**--('সুপতি'র *pp*) সুপ্ত; ঘুমন্ত; এখনও অচেতন।

**সুত্ত**—সূত্র; সুতা; তার; উপদেশ; সংক্ষিপ্ত ব্যাখ্যা। **সুত্তকন্তন**—সুতা কেটে তৈরি করণ। **সুত্তকার**—সূত্রকার; ব্যাকরণগত সংক্ষিপ্ত ব্যাখ্যা রচয়িতা। **সুত্তগুল**—সুতার গোলা; তারের গোলা। **সুত্ত-পিটক**--বৌদ্ধদর্শনে বুদ্ধের উপদেশ ভাগ। **সুত্তময**—সূত্রময়; সুতায় প্রস্তুত।

**সুত্তন্ত**—উপদেশ। **সুত্তন্তিকা**—যিনি সূত্রপিটক সম্পূর্ণ বা এর অংশবিশেষ শিক্ষা করেছেন।

**সুত্তি**—শুক্তি; মুক্তা-ঝিনুক।

**সুদন্ত**—সুদান্ত; ভালোরূপে দমিত।

**সুদস্স**—সহজে দৃষ্ট এমন। **সুদস্সন**—সুদর্শন; চেহারা সুন্দর এমন।

**সুদং**—[Pleonestic particle অর্থ প্রকাশের পক্ষে প্রয়োজনাতিরিক্ত শব্দ ব্যবহার]।

**সুদিট্ঠ**—সুদৃষ্ট; ভালোরূপে দেখা হয়েছে এমন।

**সুদিন্ন**—ভালোরূপে বা সুন্দরভাবে দেওয়া হয়েছে এমন।

**সুদুত্তর**—সুদুস্তর; রক্ষা পাওয়া বড়ই কঠিন এমন।

**সুদুক্কর**—সুদুষ্কর; সম্পাদন করা বড়ই কঠিন এমন।

**সুদুদ্দস**—সুদুর্দর্শ; দর্শন করা বড়ই কঠিন এমন।

**সুদুব্বল**—সুদুর্বল; অত্যন্ত দুর্বল; অত্যন্ত শক্তিহীন।

**সুদুল্লভ**—সুদুর্লভ; লাভ করা বড়ই কঠিন এমন।

**সুদেসিত**—সুদেশিত; ভালোরূপে দেশনা করা হয়েছে এমন; ভালোভাবে উপদেশ দেওয়া হয়েছে এমন।

**সুদ্দ**—শূদ্র; শূদ্র জাতীয় লোক।

**সুদ্ধ**—শুদ্ধ; নির্মল; পরিষ্কার; পরিচ্ছন্ন; পবিত্র; অমলিন; সরল। **সুদ্ধতা, সুদ্ধত্ত**—শুদ্ধতা; শুদ্ধত্ব; পবিত্রতা। **সুদ্ধ-আজীব**—শুদ্ধ জীবিকা; পবিত্র জীবনযাপন। **সুদ্ধ-আবাস**—শুদ্ধাবাস [ব্রহ্মলোকে] **সুদ্ধ-আবাসিক**—শুদ্ধাবাসিক; শুদ্ধাবাস ব্রহ্মালোকবাসী।

**সুদ্ধি**—শুদ্ধি; পবিত্রতা; পবিত্রকরণ; বিশুদ্ধকরণ। **সুদ্ধিমগ্গ**—বিশুদ্ধ বা পবিত্রকরণের পথ বা মার্গ বা উপায়।

**সুদ্ধন্ত**—ভালোরূপে পুষ্পিত বা মুকুলিত অথবা বিশুদ্ধ।

**সুধম্মতা**—উত্তম স্বভাব বা প্রকৃতি।

**সুধা**—Embrosia; চুন; কলিচুন; Chunnam। **সুধাকম্মা**—চুনকাম; সিমেন্ট অথবা আস্তর দ্বারা আবরণ। **সুধাকর**—চন্দ্র।

**সুধী**—বিজ্ঞ ব্যক্তি।

**সুধোত**—সুধৌত; ভালোরূপে ধোওয়া হয়েছে এমন; সম্পূর্ণ নির্মল।

**সুনখ**—কুত্তা। **সুনখী**—স্ত্রীজাতীয় কুকুর; কুক্কুরী।

**সুনহাত**—সুস্নাত; ভালোরূপে স্নান করা হয়েছে এমন।

**সুনিসিত**—ভালোরূপে শান দেওয়া হয়েছে এমন; সুশানিত; ভালোভাবে ধারালো করা হয়েছে বা ধার দেওয়া হয়েছে এমন।

**সুন্দর**—ভালো; উপযুক্ত; প্রেয়; সৎ; মনোরম; রূপবান; শোভাময়; চমৎকার। **সুন্দরতর**—অধিকতর ভালো; অধিকতর রূপবান বা শোভাময় বা চমৎকার।

**সুপক্ক**—উত্তমরূপে সিদ্ধ বা পাকা।

**সুপটিপন্ন**—সুপ্রতিপন্ন; ভালোরূপে অবধারিত; সুনিশ্চিত; ভালোভাবে প্রমাণসিদ্ধ; সুযুক্তিসমূহ দ্বারা ভালোরূপে সমর্থিত; সত্যপথে প্রবিষ্ট।

**সুপণ্ণ**—সুপর্ণ; সুন্দর পর্ণ বা পাখাযুক্ত; গরুড়; কুক্কুট। দেবলোকের পক্ষীবিশেষ।

**সুপতি**—(সুপ্+অ) নিদ্রা যাওয়া; ঘুমানো। *aor* **সুপি**। *pp* **সুত্ত**। *prp* **সুপন্ত**। *abs* **সুপিত্বা**।

**সুপরিকম্মকত**—ভালোভাবে প্রস্তুত অথবা উজ্জ্বল বা মসৃণ বা পালিশ করা।

**সুপরিহীন**—পুরাদস্তুর বিচ্ছিন্ন; সম্পূর্ণভাবে বঞ্চিত; অতিশয় ক্ষয়প্রাপ্ত।

**সুপিন, সুপিনক, সুপিনন্ত**—স্বপন; স্বপ্ন। **সুপিন-পাঠক**—স্বপ্ন-কথক।

**সুপুপ্ফিত**—সুপুষ্পিত; পুষ্প দ্বারা আবৃত; সম্পূর্ণ প্রস্ফুটিত।

**সুপোঠিত, সুপোথিত**—ভালোরূপে প্রহৃত; উত্তমরূপে পিটানো।

**সুপ্প**—শস্যাদি ঝাড়ার জন্য ঝুরি।

**সুপ্পটিবিদ্ধ**—পুঙ্খানুপুঙ্খরূপে জ্ঞাত।

**সুপ্পতিট্ঠিত**—সুপ্রতিষ্ঠিত; ভালোরূপে প্রতিষ্ঠিত বা স্থাপিত।

**সুপ্পতীত**—সুপ্রতীত; উত্তমরূপে জ্ঞাত; অত্যন্ত সন্তুষ্ট

**সুপ্পধংসিয**—সহজে আক্রান্ত; অনায়াসে আহত; সহজে অভিভূত।

**সুপ্পভাত**—সুদিনের আবির্ভাব; শুভ দিনের আগমন; সুপ্রভাত।

**সুপ্পবেদিত**—সুপ্রচারিত; ভালোরূপে ধর্মোপদিষ্ট; সুন্দরভাবে ধর্মপ্রচারিত।

**সুপ্পসন্ন**—সুপ্রসন্ন; অতি প্রসন্ন; অতীব অনুকূল; অত্যন্ত স্বচ্ছ; অতি সন্তুষ্ট; পূর্ণ-বিশ্বাসী।

**সুফস্সিত**—সমন্বয় সাধিত; যথামত খাপ খাওয়ানো।

**সুবহু**—অত্যন্ত অনেক; অনেক অনেক।

**সুব্বচ**—সুবাধ্য; বাধ্য; আজ্ঞানুবর্তী; নম্র ও ভদ্র;

পরের ইচ্ছাপূরক বা পরের ইচ্ছাপূরণে সম্মত; একমত।

**সুব্বত**—ভালো আচরণ যার এমন।

**সুব্বুট্‌ঠি**—সুবৃষ্টি; প্রচুর বৃষ্টিপাত।

**সুভ**—শুভ; ভাগ্যবান; জোরকপালে; সৌভাগ্যপূর্ণ; সৌভাগ্যদায়ক; সৌভাগ্যসূচক; মঙ্গলজনক; অনুকূল; সুপ্রসন্ন; মনোরম; মঙ্গল; কল্যাণ; সৌন্দর্য। **সুভকিণ্ণ**—দ্যুতিময় দেবতা। **সুভনিমিত্ত**—শুভ-নিমিত্ত; শুভলক্ষণ; মঙ্গলজনক লক্ষণ; মনোরম লক্ষণ।

**সুভগ**—শুভ; ভাগ্যবান; জোরকপালে; অনুকূল; সৌভাগ্যশালী; সুখদায়ক।

**সুভর**—সুসমর্থিত; সহজে সন্তুষ্ট এমন।

**সুভিক্‌খ**—প্রচুর আহার্য বর্তমান এমন।

**সুমতি**—জ্ঞানী ব্যক্তি; জ্ঞানবান।

**সুমন**—খুশি; সন্তুষ্ট। **সুমন-পুপ্‌ফ**—জুঁইজাতীয় পুষ্পবিশেষ। **সুমন-মকুল**—জুঁই মুকুল। **সুমন-মালা**—জুঁইয়ের মালা।

**সুমনা**—জুঁই; খুশি মহিলা।

**সুমনোহর**—অতীব মনোহর; অতীব সুন্দর।

**সুমানস**—অতীব আনন্দপূর্ণ বা আনন্দদায়ক; সানন্দ।

**সুমপিত**—সুনির্মিত; সুস্থাপিত।

**সুমুত্ত**—সুমুক্ত; ত্রাণপ্রাপ্ত; নিষ্কৃতিপ্রাপ্ত।

**সুমেধ, সুমেধস**—জ্ঞানী; পণ্ডিত; বিজ্ঞ।

**সুযিট্‌ঠ**—সুবিসর্জিত; ভালোরূপে ত্যাগ করা হয়েছে এমন।

**সুযুত্ত**—সুযুক্ত; সুবিন্যস্ত; সুসজ্জিত; সুস্থিত; সুনির্দিষ্ট; সুশোভন।

**সুর**—দেবতা; দেব বা দেবী। **সুরনদী**—স্বর্গীয় বা স্বর্গস্থ বা দিব্য নদী; আকাশ সংক্রান্ত বা গাগনিক নদী। **সুরনাথ**—দেবরাজ। **সুরপথ**—আকাশ; গগন। **সুররিপু**—দেবগণের শত্রু অর্থাৎ অসুর।

**সুরত**—অতি স্নেহশীল বা প্রীতিপূর্ণ বা অনুরাগী; অতীব প্রণয়পূর্ণ বা সদয় বা সাদর; খুব ভালোবাসে এমন।

**সুরত্ত**—সুরক্ত; সুরঞ্জিত; অত্যন্ত রক্তবর্ণ বা লাল।

**সুরভি**—সুগন্ধযুক্ত সুরভিত। **সুরভিগন্ধ**—সুন্দর গন্ধ; সুরভি; সৌরভ।

**সুরা**—প্রমত্ততাদায়ক তরল বস্তু বা তরল স্রাব বা রস; মদ্য। **সুরাঘট**—মদের কলসি। **সুরাচন**—পানোৎসব। **সুরাধুত্ত**—মদ্যপ; মদ্যপায়ী। **সুরা-পান**—কড়া মদ্যপান; কড়া পানীয়। **সুরা-পাযিকা**—মদ্যপায়ী মহিলা। **সুরাপীত**—যে মদ্যপান করেছে এমন। **সুরামদ**—ঈষৎ মদ্যপানোন্মত্ততা। **সুরা-মেরেয**—ইক্ষুরস হতে প্রস্তুত মদ্যবিশেষ এবং চোলাই করা তরল দ্রব্য, কোহল, স্পিরিট; সুরা-মদ্য। **সুরাসোণ্ড, সুরাসোণ্ডক**—সুরা-পানাসক্ত; মদ্যপায়ী।

**সুরিয**—সূর্য; রবি। **সুরিযগ্‌গাহ**—সূর্যগ্রহণ। **সুরিযমণ্ডল**—সূর্যমণ্ডল। **সুরিযত্থঙ্গম**—সূর্যাস্ত; সূর্যের অস্তগমন। **সুরিযরংসি, সুরিযরস্‌মি**—সূর্যরশ্মি; সূর্যের আলো। **সুরিয-উগ্‌গমন**—সূর্য-উদ্‌গমন; সূর্যোদয়।

**সুরুসুরুকারকং**—আহার করার সময় (সাপের ন্যায়) হিসহিস ধ্বনি করণ; ভোজনকালে সুরুসুরু শব্দকরণ।

**সুরুঙ্গা**—কারাগার।

**সুরূপ, সুরূপী**—সুন্দর। (স্ত্রী) সুরূপিণী।

**সুলদ্ধ**—সুলব্ধ; সু-অর্জিত।

**সুলভ**—সহজে মেলে এমন; সস্তা।

**সুব**—শুকজাতীয় পক্ষীবিশেষ; তোতাপাখি।

**সুবচ**—'সুব্বচ' দেখুন।

**সুবণ্ণ**—সুবর্ণ; সোনা; উত্তম বর্ণের; সুন্দর। **সুবণ্ণ-কার**—স্বর্ণকার। **সুবণ্ণগব্ভ**—সুবর্ণগর্ভ; স্বর্ণের জন্য নিরাপদ কক্ষ। **সুবণ্ণগুহা**—সুবর্ণ গুহা; স্বর্ণগুহা। **সুবণ্ণতা**—চেহারার সৌন্দর্য। **সুবণ্ণপট্ট**—সুবর্ণ পট্ট বা পাট্টা বা ঢাল বা কোষ। **সুবণ্ণপীঠক**—সোনার কেদারা। **সুবণ্ণময**—সোনায় তৈরি বা প্রস্তুত। **সুবণ্ণভিঙ্কার**—সুবর্ণভৃঙ্গার; সোনার জলপাত্র। **সুবণ্ণবণ্ণ**—সুবর্ণ বর্ণ; সোনার রং-এর। **সুবণ্ণহংস**—সুবর্ণহংস; সোনার হাঁস।

**সুবত্থি**—(সু+অত্থি) স্বস্তি !; দূর হতে আহ্বান; প্রীতি সম্ভাষণ।

**সুবম্মিত**—সুবর্মিত; ভালোরূপে বর্মভূষিত; ভালোভাবে অস্ত্রসজ্জিত।

**সুববত্থাপিত**—সুব্যবস্থাপিত; সুনিশ্চিত; সুনির্ধারিত; সুপ্রতিপাদিত; সুব্যবস্থিত।

**সুবাণ**—কুকুর; কুত্তা। **সুবাণ-দোণি**—সুবাণ-দ্রোণী; কুকুরে পানীয়ও খাদ্যের পাত্র।

**সুবিজান**—সুজ্ঞাত; সহজে জ্ঞাত।

**সুবিঞ্ঞাপয**—সুবিজ্ঞপ্য; জানানো সহজ।

**সুৰিভত্ত**—সুবিভক্ত; সুবিন্যস্ত; সুনির্দিষ্ট।

**সুৰিলিত্ত**—সুরভিত।

**সুৰিম্হিত**—অত্যন্ত বিস্ময়বিহ্বলিত; অত্যন্ত বিস্মিত।

**সুৰিসদ**—সুবিশদ; সুস্পষ্ট।

**সুবুট্‌ঠিক**—সুবৃষ্টি; প্রচুর বৃষ্টিপাত হয়েছে এমন।

**সুৰে**—আগামীকল্য; আগামীকাল।

**সুসংখত**—সুসংস্কৃত; ভালোরূপে প্রস্তুত।

**সুসঞ্‌ঞত**—সুসংযত; সুনিয়ন্ত্রিত; সুদমিত।

**সুসণ্ঠান**—অভিলাষ বা অভিসন্ধি অথবা পরিকল্পনা বর্তমান আছে এমন; অতীব লক্ষণীয়ভাবে উপস্থাপিত এমন।

**সুসমারদ্ধ**—সু-আরব্ধ; ভালোরূপে আরম্ভ করা হয়েছে এমন।

**সুসমাহিত**—সুস্থাপিত; সুসম্পাদিত; সুমীমাংসিত; ভালোরূপে অবহিত; অভিনিবিষ্ট; ধ্যানমগ্ন।

**সুসমুচ্ছিন্ন**—সম্পূর্ণ-উন্মূলিত; সম্পূর্ণভাবে সমূলে উৎপাটিত; সম্পূর্ণ-বিতাড়িত।

**সুসান**—শ্মশান; কারখানা। **সুসান-গোপক**—শ্মশানরক্ষক।

**সুসিক্‌খিত**—সুশিক্ষিত; ভালোরূপে শিক্ষাপ্রাপ্ত; পূর্ণ-শিক্ষাপ্রাপ্ত।

**সুসির**—গর্ত; কোটর; গুহা; সচ্ছিদ্র; গর্ত বা ছিদ্র আছে এমন।

**সুসীল**—সুশীল; সৎস্বভাববিশিষ্ট; সচ্চরিত্র; ভদ্র।

**সুসু**—শিশু; ক্ষুদ্র সন্তান; বালক বা বালিকা; বাচ্চা।

**সুসুকা**—শুশুক মাছ।

**সুসুক্ক**—সুশুক্ল; অত্যন্ত সাদা।

**সুসুদ্ধ**—সুশুদ্ধ; অত্যন্ত পরিষ্কার।

**সুস্‌সতি**—(সুস্+য) বিবর্ণ হওয়া; শুকিয়ে যাওয়া; বিবর্ণ করা; শুষ্ক হওয়া। *aor* **সুস্‌সি**। *pp* **সুক্‌খ**। *prp* **সুস্‌সমান**। *abs* **সুস্‌সিত্বা**।

**সুস্‌সরতা**—সুকণ্ঠস্বরতা বা মধুর কণ্ঠস্বরতা লাভ; সুকণ্ঠ হওয়া; মধুর-কণ্ঠ হওয়া; মধুর-কণ্ঠস্বর-বিশিষ্টতা।

**সুস্‌সূসতি**—(সু+স; 'সু' দ্বিত্ব এবং শেষের বা দ্বিতীয় 'সু' দীর্ঘ আকারপ্রাপ্ত) শ্রবণ করা; শোনা। *aor* **সুস্‌সূসি**।

**সুস্‌সূসা**—শ্রবণের ইচ্ছা; বাধ্যতা।

**সুহজ্জ**—সুহৃদ্য; বন্ধুত্ব; বন্ধুতা।

**সুহদ**—সুহৃদ; বন্ধু; মিত্র।

**সুহিত**—সন্তুষ্ট; খুশি; তৃপ্ত।

**সূক**—শস্যশূক।

**সূকর**—শূকর; বরাহ। **সূকরপোতক**—শূকর ছানা। **সূকরমংস**—শূকরের মাংস।

**সূকরিক**—শূকর-ব্যবসায়ী; শূকরের মাংস-ব্যবসায়ী।

**সূচক**—সূচনাকারী; বোধক; প্রকাশক; জ্ঞাপক।

**সূচন**—জ্ঞাপন; কথন; সঙ্কেত বা চিহ্নাদি দ্বারা জ্ঞাপন বা জানানো।

**সূচি**—সুচ; চুলের কাঁটা; দরজার ছোট খিল বা হুড়কো। **সূচিকা**—খিল বা হুড়কা; পুস্তকাদি সূচির টেবিল। **সূচিকার**—সুচ প্রস্তুতকারক বা নির্মাতা। **সূচিঘটিকা**—খিল বা হুড়কা ধারণকারী। **সূচিঘর**—সুচ রাখার আধার। **সূচিমুখ**—মশক। **সূচিলোম**—সুচের ন্যায় লোমবিশিষ্ট এমন। **সূচিৰিজ্‌ঝন**—সূচিবিধন; (মুচিদের) সুচবিশেষ।

**সূজু**—সু-ঋজু; সৎ; সাধু; ন্যায়পরায়ণ।

**সূনা**—কসাইয়ের ফাঁসিকাঠ। **সূনাঘর**—কসাইখানা।

**সূত**—সারথি; রথারোহী; রথী।

**সূতিঘর**—সূতিগৃহ; সূতিকাগৃহ; সূতিকাগার; আঁতুড়ঘর।

**সূদ, সূদক**—পাচক।

**সূন**—প্রসারিত; বৃদ্ধিপ্রাপ্ত; স্ফীত।

**সূনু**—পুত্র।

**সূপ**—ঝোল।

**সূপতিত্থ**—(সু+উপ+তিত্থ) নদ্যাদির যে সুন্দর অগভীর স্থান হেঁটে পার হওয়া যায় তা সহ।

**সূপধারিত**—সুন্দরভাবে বিবেচিত; ভালোভাবে উপধারিত।

**সূপিক**—পাচক।

**সূপেয্য**—ঝোলের জন্য উপযোগী। **সূপেয্যপণ্ণ**—ঝোলপাত্র।

**সূযতি**—('সুণাতি'র *pass*) শোনানো হওয়া। *prp* **সূযমান**।

**সূর**—সাহসী; শৌর্যপূর্ণ; বীরত্বপূর্ণ; তেজি; বীরপুরুষ। **সূরতা, সূরভাৰ**—নির্ভীকতা; সাহস; শৌর্য।

**সূর, সূরিয**—সূর্য; রবি; দিনমণি।

**সূল**—শূল; বর্শা। **সূল-আরোপণ**—শূল-আরোপণ; শূলে চড়িয়ে প্রাণবধকরণ।

**সেক**—সিঞ্চন; (ইতস্তত) ছিটা; ছিটাফোঁটা।
**সেখ, সেক্খ**—শৈক্ষ্য; শিক্ষার্থী; যিনি সম্পূর্ণ দক্ষ বা শিক্ষাপ্রাপ্ত হবার জন্য ব্যাপৃত রয়েছেন এমন।
**সেখর**—কিরীট; শিরোমালা; চূড়া।
**সেখিয**—শিক্ষ্য; প্রশিক্ষণরত।
**সেচন**—'সেক' দেখুন।
**সেট্‌ঠ**—শ্রেষ্ঠ; সর্বপ্রধান; উৎকৃষ্ট; উত্তম। **সেট্‌ঠতর**—অধিকতর উৎকৃষ্ট। **সেট্‌ঠসম্মত**—সর্বোত্তম বিবেচিত।
**সেট্‌ঠি, সেট্‌ঠী**—শ্রেষ্ঠী; মহাধনী। **সেট্‌ঠিট্‌ঠান**—শ্রেষ্ঠীস্থান; শ্রেষ্ঠীর সম্মান। **সেট্‌ঠিজাযা, সেট্‌ঠিভরিযা**—শ্রেষ্ঠীজায়া শ্রেষ্ঠীভার্যা; শ্রেষ্ঠী-পত্নী।
**সেণি**—সমবায় সঙ্ঘ; পৌরসভা। **সেণিয**—সমবায় সঙ্ঘের বা পৌরসভার প্রধান।
**সেত**—শ্বেত; সাদা; পবিত্র; সাদা রং। **সেতকুট্‌ঠ**—শ্বেতকুষ্ঠ। **সেতচ্ছত্ত**—রৌদ্রের তাপ এড়ানোর জন্য ক্ষুদ্র সাদা ছাতাবিশেষ, যা রাজকীয় প্রতীক; শ্বেত আতপত্র। **সেতপচ্ছাদ**—শ্বেতআবরণযুক্ত।
**সেতট্‌ঠিকা**—গাছপালা কাগজ চামড়া প্রভৃতির গায়ে যে ক্ষয়কর ছাতা ধরে।
**সেতি**—(সি+অ) ঘুমানো; নিদ্রিত হওয়া। *aor* **সযি**। *prp* **সেন্ত, সেমান**।
**সেতু**—সাঁকো; পুল।
**সেদ**—স্বেদ; ঘর্ম; ঘাম; ঘামা বা ঘামানো; ঘর্মাক্ত হওন বা করানো। **সেদক**—স্বেদক; বাষ্পাকারে নির্গতকরণ বা হওন। **সেদন**—বাষ্পের দ্বারা সিদ্ধকরণ। **সেদ-অৱকখিত্ত**—ঘর্মাবৃত।
**সেদেতি**—(সিদ্+এ) বাষ্পাকারে নির্গত করানো; বাষ্প হয়ে ওঠা; উবে যাওয়া; সিদ্ধ করা; সিদ্ধ হওয়া। *aor* **সেদেসি**। *pp* **সেদিত**। *abs* **সেদেত্বা**।
**সেন, সেনক**—শ্যেন; বাজপাখি।
**সেনা**—সৈনিক। **সেনানাযক, সেনাপতি, সেনানী**—প্রধান সেনাপতির খেতাব। **সেনাপচ্চ**—প্রধান সেনাপতির কার্যালয়। **সেনাব্যূহ**—সৈন্য-দল।
**সেনাসন**—অস্থায়ী বাস; নিদ্রার স্থান। **সেনাসন গাহাপক**—যিনি অস্থায়ী বাসস্থান আবণ্টন করেন এমন। **সেনাসনচারিক**—এক শয়নাসন থেকে (অস্থায়ী বাসস্থান হতে) অপর শয়নাসনে (অপর অস্থায়ী বাসস্থানে) ভ্রমণকারী। **সেনাসন পঞ্ঞাপক**—শয়নাসন-প্রজ্ঞাপক; শয়নাসন নিয়ন্ত্রক বা নিয়ামক।
**সেফালিকা**—শেফালিকা; সুগন্ধ পুষ্প উৎপাদক বৃক্ষ।
**সেমানক**—শায়িত।
**সেম্হ**—কাশির সহিত নির্গত শ্লেষ্মা; গয়ের। **সেম্হিক**—শ্লৈষ্মিক; কৌতুক রসবোধকারী ব্যক্তি।
**সেয্য**—শ্রেয়; অধিকতর ভালো; উত্তম; উৎকৃষ্ট।
**সেয্যথাপী**—ঠিক ...ভাবে; যেমন। **সেয্যথীদং**—নিম্নোক্ত।
**সেয্যা**—বিছানা; বিছানাপত্র; ঘুম।
**সেয্যো**—শ্রেয়তর।
**সেরিচারী**—স্বৈরাচারী; স্বেচ্ছাচারী; উচ্ছৃঙ্খল।
**সেরিতা**—স্বৈরিতা; স্বেচ্ছাচারিতা; স্বাধীনতা।
**সেরিৱিহারী**—স্বৈরবিহারী; আপনার পছন্দানুযায়ী জীবনযাপনকারী।
**সেল**—শৈল; প্রস্তরখণ্ড; নুড়ি; শিলা; প্রস্তর। **সেলময**—শৈলময়; প্রস্তর-গঠিত।
**সেলেয্য**—gum benjamin?
**সেৱক**—চাকর; পরিচারক; সেবাকারী; সঙ্গ; অনুষঙ্গী।
**সেৱতি**—(সেৱ+অ) সেবা করা; মিলিত হওয়া; একত্র হওয়া; সংশ্লিষ্ট বা যুক্ত হওয়া; সহকর্মী হওয়া; সঙ্গী বা অনুষঙ্গী হওয়া; অনুশীলন করা। *aor* **সেৱি**। *pp* **সেৱিত**। *prp* **সেৱন্ত, সেৱমান**। *abs* **সেৱিত্বা**। *ptp* **সেৱিতব্ব**।
**সেৱন, সেৱনা**—১ মিলন; সম্বন্ধ বা যোগ; অনুষঙ্গ; সঙ্গ; সভা; সঙ্ঘ। ২ চাকরি। ৩ ব্যবহার।
**সেৱা**—শুশ্রূষা; পরিচর্যা।
**সেৱাল**—শৈবাল; শেওলা; পানা; জীবদেহ-নিঃসৃত আঠালো রস; জলজ উদ্ভিদ *Vallisnania octandra*।
**সেৱিত**—('সেৱতি'র *pp*) ১ ব্যবহৃত। ২ অনুশীলিত। ৩ মিলিত।
**সেৱী**—যিনি মিলিত হন বা অভ্যাস করেন এমন।
**সেস**—শেষ; অবশিষ্ট; বাকি; উদ্বৃত্ত।
**সেসেতি**—(সিস্+এ) পরে করা হবে বলে ফেলে রাখা। *aor* **সেসেসি**। *pp* **সেসিত**। *abs* **সেসেত্বা**।
**সো**—('ত'-র কর্তায় একবচন) সে; তিনি।
**সোক**—শোক; দুঃখ; দুর্দশা; দুঃখের হেতু। **সোকগ্গি**—শোকাগ্নি; দুঃখের আগুন। **সোকপরেত**—শোকাভিভূত। **সোকৱিনোদন**—শোক-বিদূরণ। **সোকসল্ল**—শোকশল্য; শোকের বা দুঃখের শলাকা বা শলা বা কাঁটা শেল বাণ বর্শা।
**সোকী**—দুঃখপূর্ণ; দুঃখদায়ক; দুঃখিত; শোকাভিভূত।

**সোখ্য**—স্বাস্থ্য; সুখ; তৃপ্তি।

**সোখুম্ম**—সূক্ষ্মতা।

**সোগন্ধিক**—সাদা জলপদ্ম; শ্বেত-কুমুদ।

**সোচতি**—(সুচ্+অ) শোক করা; শোচনা করা; অনুতাপ করা। *aor* **সোচি**। *pp* **সোচিত**। *prp* **সোচেন্ত, সোচমান**। *ptp* **সোচিতব্ব**। *abs* **সোচিত্বা**। *inf* **সোচিতুং**।

**সোচনা**—শোচনা; শোচন; শোককরণ; বিলাপ; অনুতাপ।

**সোচেয্য**—পবিত্রতা; বিশুদ্ধতা।

**সোণ**—কুকুর। **সোণী**—কুকুরী; স্ত্রীজাতীয় কুকুর নেকড়ে বা খেঁকশিয়াল।

**সোণিত**—শোণিত; রক্ত।

**সোণী**—কোমর; কটি।

**সোণ্ড, সোণ্ডক**—অত্যাসক্ত।

**সোণ্ডা**—শুণ্ডা; হাতির শুঁড়; পানাসক্তা নারী।

**সোণ্ডিক**—মদ-বিক্রেতা।

**সোণ্ডিকা, সোণ্ডী**—পাষাণে প্রাকৃতিক জলাশয়।

**সোণ্ণ**—স্বর্ণ; সোনা; সুবর্ণ। **সোণ্ণময**—স্বর্ণময়; স্বর্ণে নির্মিত।

**সোত**—শোত্র; কর্ণ; কান; স্রোতস্বিনী; তীব্র স্রোত; খরস্রোত; বন্যা। **সোতদ্বার**—শ্রোত্রদ্বার; শ্রবণেন্দ্রিয়ের মাধ্যমে চেতনা বা জ্ঞানলাভ; পরিবেদন সংবেদন। **সোতবিল**—কর্ণের ক্ষুদ্র মুখাকার ফাঁক বা রন্ধ্র। **সোতবন্ত**—যার কর্ণ আছে এমন। **সোতবিঞ্ঞাণ**—শ্রবণেন্দ্রিয় সংক্রান্ত পূর্ণজ্ঞান। **সোতবিঞ্ঞেয্য**—শ্রবণের দ্বারা বোধগম্য। **সোত-আযতন**—শ্রোত্র-আয়তন; শ্রবণের চেতনা।

**সোতব্ব**—শ্রোতব্য; শ্রবণ করার যোগ্য; শোনার উপযুক্ত।

**সোতাপত্তি**—স্রোতাপত্তি; সত্যমার্গে প্রবেশকর।

**সোতাপন্ন**—স্রোতাপন্ন; যিনি সত্যমার্গের স্রোতে প্রবেশ করেছেন এমন।

**সোতিন্দ্রিয**—শ্রোত্র-ইন্দ্রিয়; শ্রবণ ক্ষমতা।

**সোতু**—শ্রোতা; যে শ্রবণ করে এমন। **সোতকাম**—শ্রবণেচ্ছুক।

**সোতুং**—শ্রবণ করার; শোনার।

**সোত্থি**—স্বস্তি; নিরাপদ; শুভ; মঙ্গল; আশীর্বাদ। **সোত্থিভাব**—নিরাপদ। **সোত্থিসালা**—স্বস্তিশালা; চিকিৎসালয়; স্বাস্থ্যনিবাস; স্বাস্থ্যালয়; স্বাস্থ্যকর স্থান; স্বাস্থ্যভূমি।

**সোদক**—সিক্ত; ফোঁটায় ফোঁটায় পতন; ফোঁটায় ফোঁটায় ঝরন।

**সোদরিয**—সহোদর; একই মায়ের গর্ভজাত।

**সোধক**—শোধক; যে শোধন করে, শুদ্ধ করে, সংশোধন করে, বিশুদ্ধ করে।

**সোধন**—শোধন; বিশোধন; সংশোধন।

**সোধাপেতি**—('সোধেতি'র *caus*) শোধন করানো; শুদ্ধ করানো; সংশোধন করানো; বিশুদ্ধ করানো। *aor* **সোধাপেসি**। *pp* **সোধাপিত**। *abs* **সোধাপেত্বা**।

**সোধিত**—('সোধেতি'র *pp*) শোধিত।

**সোধেতি**—(সুধ্+এ) শোধন করা; পবিত্র করা; শুদ্ধ করা; ঋণ শোধ করা। *aor* **সোধেসি**। *prp* **সোধেন্ত, সোধযমান**। *ptp* **সোধেতব্ব**। *abs* **সোধেত্বা**।

**সোপাক**—নীচ জাতীয় ব্যক্তি।

**সোপান**—সোপানাবলি; সিঁড়ি। **সোপানপন্তি**—সোপানাদির শ্রেণী; সোপানশ্রেণী। **সোপানপাদ**—সিঁড়ির গোড়া। **সোপানফলক**—সোপানের ধাপ; সিঁড়ির ধাপ। **সোপান সীস**—সোপান শীর্ষ; সিঁড়ির চূড়া।

**সোপ্প**—নিদ্রা; ঘুম।

**সোব্ভ**—মৃত্তিকা-গহ্বর; মৃত্তিকা-গর্ত; খনির খাদ; খনি; জলের ডোবা; নদ্যাদির গভীর অংশ।

**সোভগ্গ**—উজ্জ্বল-দীপ্তি; অত্যুৎকর্ষ; সৌন্দর্য; সৌভাগ্য। **সোভগ্গপ্পত্ত**—সৌভাগ্যপ্রাপ্ত; সৌন্দর্যপ্রাপ্ত; সৌন্দর্য বা উজ্জ্বল-দীপ্তি দ্বারা সমৃদ্ধ।

**সোভণ, সোভন**—শোভন; শোভাযুক্ত; সুন্দর; মানায় বা ভালো দেখায় এমন।

**সোভতি**—(সুভ্+অ) আলো দেওয়া বা আলো বিকীর্ণ করা; দীপ্তি পাওয়া; উজ্জ্বল হওয়া; শোভাযুক্ত হওয়া; অত্যুৎকৃষ্ট হওয়া; সমৃদ্ধ হওয়া; জমকালো হওয়া; সুন্দর দেখায় এমন। *aor* **সোভি**। *pp* **সোভিত**। *prp* **সোভন্ত, সোভমান**। *abs* **সোভিত্বা**।

**সোভা**—শোভা; উজ্জ্বল-দীপ্তি; অত্যুৎকর্ষ; সমারোহ; জাঁকজমক; সৌন্দর্য।

**সোভিত**—('সোভেতি'র *pp*)।

**সোভেতি**—('সোভতি'র *caus*) উজ্জ্বলভাবে দীপ্তিশীল করান; জাঁকালোরকম উজ্জ্বল বা চমৎকার করানো; সাজানো; ভূষিত বা অলঙ্কৃত করা। *aor* **সোবেসি**। *prp* **সোভেন্ত**। *abs* **সোভেত্বা**।

**সোম**—চন্দ্র; চাঁদ।

**সোমনস্স**—সৌমনস্য; পরমানন্দ; উল্লাস; পরমানন্দদায়ক ব্যক্তি বা বস্তু বা বিষয়; সুখ; তৃপ্তি।

**সোম্ম**—সৌম্য; ভদ্র; নম্র; অমায়িক; মনোরম; শোভন; আনন্দদায়ক।
**সোরচ্চ**—ভদ্রতা; নম্রতা; অমায়িকতা।
**সোৱগ্গিক**—স্বর্গের পথপ্রদর্শক।
**সোৱচস্সতা**—ভদ্রতা; কোমলতা; নম্রতা; আজ্ঞানুবর্তিতা; বাধ্যতা।
**সোৱণ্ণ**—সুবর্ণ; স্বর্ণ; সোনা। **সোৱণ্ণয, সোৱণ্ণময**—সুবর্ণময়; স্বর্ণময়; সোনালি।
**সোৱত্থিক**—স্বস্তিক; গোখুরা সর্পের ফণায় 'S' চিহ্ন।
**সোৱিরক**—জইয়ের অম্ল মণ্ড; সির্কা; কাঞ্জিক।
**সোস**—শোষণ; শুষ্কীকরণ; ব্যবহার করে ফুরিয়ে ফেলা; খরচ; গিলন।
**সোসন**—শোষণ; শুষ্কীকরান।
**সোসানিক**—শ্মশানিক; যে শ্মসানে বাস করে এমন।
**সোসেতি**—(সুস্+এ) শোষণ করানো; শুষ্ক করানো; বিবর্ণ হওয়ানো; শুকায়ে যাওয়ানো। *aor* **সোসেসি**। *pp* **সোসিত**। *prp* **সোসেন্ত**। *abs* **সোসেত্বা**।
**সোস্সতি**—'সুণাতি'র future।
**সোহজ্জ**—সৌহার্দ; সৌহার্দ্য; সৌহৃদ; সৌহাদ্য; বন্ধুত্ব; প্রীতি; সৌজন্য।
**স্নেহ**—ভালোবাসা; তৈল।
**স্বাকার**—ভালো স্বভাবের বা ভালো মেজাজের হওন।
**স্বাক্খত**—ভালোরূপে উপদিষ্ট; সুন্দরভাবে দেশিত; ভালোরূপে প্রচারিত।
**স্বাগত**—সাদরে অভ্যর্থিত; আন্তরিকভাবে জ্ঞাত। **স্বাগতং**—আপনাকে সাদরে অভ্যর্থনা জানাই।
**স্বাতন**—পরদিনের সাথে সম্বন্ধযুক্ত। **স্বাতনায**—পরদিনের জন্য।
**স্বে**—আগামীকল্য।

# হ

**হঞ্ঞতি**—(হন্+য) হত হওয়া; বিনাশপ্রাপ্ত হওয়া। *aor* **হঞ্ঞিং**। *prp* **হঞ্ঞমান**।
**হঞ্ঞন**—অসহ্য যন্ত্রণাদান; নিদারুণ বেদনা বা যন্ত্রণা।
**হট**—'হরতি'র *pp*।
**হট্ঠ**—('হংসতি'র *pp*) হৃষ্ট; সানন্দ; সুখী; তৃপ্ত; পুলক; রোমাঞ্চ; লোমাঞ্চ; রোমহর্ষ; লোমহর্ষ। **হট্ঠতুট্ঠ**—আনন্দপূর্ণ; পূর্ণ উল্লসিত। **হট্ঠলোম**—লোমহর্ষ; রোমহর্ষ।
**হঠ**—যৎপরোনাস্তি প্রবলতা; তীব্রতা বা উগ্রতা; প্রচণ্ডতা; হিংস্রতা।
**হত**—('হনতি'র *pp*) প্রাণনষ্ট; আহত; বিনাশপ্রাপ্ত। **হতভাৱ**—বিনাশপ্রাপ্ত হবার ভাব বা অবস্থা। **হতন্তরায**—যে প্রতিবন্ধক বা বাধা অপসারিত করেছে। **হত অৱকাস**—যিনি ভালমন্দ প্রত্যেকটি উপলক্ষ ছিন্ন করেছেন।
**হত্থ**—হস্ত; হাতল; এক হাত দৈর্ঘ্য। **হত্থক**—হস্তের ন্যায় বস্তুবিশেষ; হস্ত আছে এমন। **হত্থকম্ম**—শারীরিক পরিশ্রম। **হত্থগত**—হস্তগত; অধিকারে প্রাপ্ত। **হত্থগহণ, হত্থগাহ**—হস্তে বাজেয়াপ্ত করণ। **হত্থচ্ছিন্ন**—হস্ত ছিন্ন এমন। **হত্থচ্ছেদ, হত্থচ্ছেদন**—হস্তচ্ছেদন। **হত্থতল**—হাতের তালু। **হত্থপসারণ**—হস্ত প্রসারণ বা বাড়ানো। **হত্থপাস**—হস্তের দৈর্ঘ্য। **হত্থৱট্টক**—হাতে-ঠেলা দুই চাকার গাড়ি। **হত্থৱিকার**—হস্তের গতি। **হত্থসার**—হস্তসার; সর্বোচ্চমূল্যের বস্তুবিশেষ। **হত্থ-অপলেখন**—খাদ্যগ্রহণের বা ভোজনের শেষে হস্ত লেহন। **হত্থ-আভরণ**—কব্জির অলঙ্কারবিশেষ; ব্রেসলেট।
**হত্থত্থর**—হস্তী-কম্বল।
**হত্থাচরিয**—হস্ত্যাচার্য; হস্তীর শিক্ষাদানকারী।
**হত্থারোহ**—হস্তীচালক; হাতির মাহুত।
**হত্থি**—'হস্তী'র হ্রস্বরূপ (হাতি)। **হত্থিকন্তবীণা**—হস্তীকে প্রলোভিত বা বিপথে চালিত করার জন্য বীণাজাতীয় তারের বাদ্যযন্ত্রবিশেষ। **হত্থিকলভ**—হস্তীশাবক। **হত্থিকুম্ভ**—হস্তীর ললাটের সামনা-সামনি গোলক। **হত্থিকুল**—হস্তীকুল; হস্তি প্রজাতি। **হত্থিকখন্ধ**—হস্তীস্কন্ধ; হস্তীপৃষ্ঠ। **হত্থিগোপক**—হস্তীরক্ষক; মাহুত। **হত্থিদন্ত**—হস্তীদন্ত। **হত্থিদমক**—হস্তীদমক; হস্তিদমনকারী। **হত্থিদম্ম**—হস্তীদম্য; প্রশিক্ষণরত হস্তি। **হত্থিপদ**—হস্তীপদ বা পদক্ষেপ। **হত্থিপাকার**—হস্তীপ্রাকার; বৈচিত্র্য-সৃষ্টিকর হস্তিচিত্র সংবলিত দেয়াল। **হত্থিপ্পভিন্ন**—ক্রোধোন্মত্ত বা প্রচণ্ড হস্তি। **হত্থিবন্ধ, হত্থিমেণ্ড**—হস্তীরক্ষক। **হত্থিমত্ত**—হস্তীর ন্যায় বৃহৎ। **হত্থিমারক**—হস্তী-শিকারি। **হত্থিযান**—হস্তীযান অথবা হস্তিতে চড়ন। **হত্থিযুদ্ধ**—হস্তী প্রতিদ্বন্দ্বিতা বা লড়াই। **হত্থিরূপক**—হস্তীর আকৃতি। **হত্থিলণ্ড**—হাতির লাদ বা

লাদা বা লাদি অথবা নাদ নাদা বা নাদি। **হত্থিলিঙ্গসকুণ**—হস্তির শুঁড়ের ন্যায় চঞ্চুবিশিষ্ট গৃধ্র বা শকুনি। **হত্থিসালা**—হস্তিশালা; হস্তীর আস্তাবল। **হত্থিসিপ্প**—হস্তী-প্রশিক্ষণ বিদ্যা। **হত্থিসোণ্ডা**—হস্তীশুণ্ড; হাতির শুঁড়।

**হত্থিনী**—হস্তিনী; স্ত্রী জাতীয় হস্তী।

**হত্থী**—হস্তী।

**হদয**—হৃদয়; অন্তঃকরণ। **হদযঙ্গম**—হৃদয়ঙ্গম; আনন্দদায়ক; মনোরম; খোশমেজাজি; অতীব মনোহর বা সুন্দর; শোভন; উপযোগী; সম্মত। **হদযমংস**—হৃদয়ের মাংস; হৃৎপিণ্ডের মাংস। **হদযবত্থু**--হৃদয়বস্তু; হৃদয়ের সার পদার্থ। **হদযসন্তাপ**—হৃদয় সন্তাপ; মর্মবেদনা। **হদযস্সিত, হদযনিস্সিত**--হৃদয়ের সহিত সম্পর্কিত সংশ্লিষ্ট।

**হনতি, হন্তি**—(হন্+অ) বধ করা; আঘাত হানা; আঘাত করা; আহত করা। *aor* **হনি**। *pp* **হত**। *prp* **হনন্ত, হনমান**। *abs* **হনেত্বা, হনিত্বা**। *inf* **হন্তুং, হনিতুং**। *ptp* **হন্তব্ব, হনিতব্ব**।

**হনন**—হত্যা; বধ; নাশন।

**হনু, হনুক**—চোয়াল; চোয়ালের হাড়।

**হন্তু**—হননকারী; হত্যাকারী; বধক; ঘাতক।

**হন্ত্বা**—'হনতি'র *abs*।

**হন্দ**—[ মিনতিপূর্ণ বা পরামর্শদায়ক জোরাল অব্যয় ] অতঃপর; এখন শুনুন।

**হম্ভো**—সমকক্ষদেরকে সম্বোধন করার প্রাক্কালে ব্যবহৃত অব্যয়।

**হম্মিয**—হর্ম্য; দীর্ঘ তলাবিশিষ্ট অট্টালিকা।

**হয**—হয়; অশ্ব; ঘোড়া। **হযপোতক**—অশ্বশাবক। **হযবাহী**—অশ্ববাহিত।

**হযানীক**—অশ্বারোহী সৈন্যবাহিনী।

**হর**—ঈশ্বর দেবতা।

**হরণ**—বহন। **হরণক**—বাহন; অস্থাবর।

**হরতি**—(হর্+অ) বহন করা; হরণ করা; নিয়ে যাওয়া; লুঠ করা; চুরি করা। *aor* **হরি**। *pp* **হট**। *prp* **হরন্ত, হরমান**। *abs* **হরিত্বা**। *inf* **হরিতুং**।

**হরাযতি**—('হিরি'র *deno*) লজ্জিত হওয়া; হীন হওয়া; হতোদ্যম হওয়া; বিক্ষুব্ধ হওয়া; হয়রান হওয়া; উৎপীড়িত হওয়া। *aor* **হরাযি**। *abs* **হরাযিত্বা**।

**হরাপেতি**—('হরতি'র *caus*) বহন করানো; হরণ করানো; নিয়ে যাওয়ানো; লুঠ করানো; চুরি করানো। *aor* **হরাপেসি**। *pp* **হরাপিত**। *abs* **হরাপেত্বা**।

**হরি**—বিষ্ণু দেবতা।

**হরিণ**—মৃগ।

**হরিত**—সবুজ; তামাটে; তাজা; টাটকা; উদ্ভিদ; শাকসবজি; সবুজ তরিতরকারি। **হরিতত্ত**—সবুজত্ব; টাটকাভাব।

**হরিতব্ব**—'হরতি'র *ptp*; বাহিত হওয়া; অপসারিত হওয়া।

**হরিতাল**—সেঁকো-গন্ধকযুক্ত পীতবর্ণ দ্রব্যবিশেষ; হত্তেল।

**হরিতু**—হরণকারী; বহনকারী।

**হরিত্তচ**—স্বর্ণ-বর্ণযুক্ত; সোনালি।

**হরিস্সবণ্ণ**—সোনার রং বা সোনার বর্ণবিশিষ্ট।

**হরীতক, হরীতকী**—পীতবর্ণ হত্তুকি।

**হরে**—নিম্নতরকে সম্বোধন করার জন্য ব্যবহৃত অব্যয়।

**হল**—লাঙ্গল।

**হলং**—যথেষ্ট; আর কেন?

**হলাহল**—মারাত্মক বিষ।

**হলিদ্দা**—হরিদ্রা; হলুদ।

**হলিদ্দী**—'হলিদ্দা'র ন্যায়।

**হবে**—সন্দেহাতীতভাবে; বাস্তবিকপক্ষে; প্রকৃতপক্ষে; সত্যই।

**হব্য**—উৎসর্গ; উৎসর্গীকৃত বস্তু; নৈবেদ্য।

**হসতি**—(হস্+অ) মৃদু হাস্য করা; উচ্চহাস্য করা; সশব্দে হাসা। *aor* **হসি**। *pp* **হসিত**। *prp* **হসন্ত, হসমান**। *ptp* **হসিতব্ব**। *abs* **হসিত্বা**।

**হসন, হসিত**—অট্টহাসি।

**হসিতুপ্পাদ**—সৌন্দর্যবোধবিশিষ্ট বা কান্তিবিদ্যা-সম্বন্ধীয় কর্মক্ষমতা বা দক্ষতা অথবা মৌলিক মানসিক শক্তি।

**হস্স**—হর্ষ; অট্টহাসি; রসিকতা; ঠাট্টা; মজা।

**হংস**—রাজহাঁস; মরাল। **হংসপোতক**—হংস শাবক; রাজহাঁসের ছানা।

**হংসতি**—(হংস্+অ) (প্রধানত শূকরের) ক্ষুদ্র শক্ত লোমের ন্যায় খাড়া হয়ে ওঠা; ক্রোধ প্রকাশ করা; অন্তরায় কণ্টকিত থাকা বা কণ্টকিত হওয়া; খুশি হওয়া; হাস্য করা। *aor* **হংসি**।

**হংসন**—ক্ষুদ্র শক্ত লোমের খাড়া হয়ে ওঠন; ক্রোধ প্রকাশকরণ; খুশি হওন; হাস্যকরণ।

**হংসী**—স্ত্রী-হংস।

**হংসেতি**—('হংসতি'র *caus*)।

**হা**—হায়!; হায়রে!

**হাটক**—এক জাতীয় স্বর্ণ।

**হাতব্ব**—('হাযতি'র *ptp*) পরিহার করে চলার বা এড়ানোর অথবা পরিত্যাগ করে যাওয়ার যোগ্য।

**হাতুং**—('হাযতি'র *inf*) সরিয়ে রাখা; সরিয়ে নেওয়া; স্থানান্তরিত করা; অপসারিত করা; পরিত্যাগ করা।

**হানভাগিয**—(অভ্যাস পরিকল্পনা আশা বিশ্বাস অধিকার পদ প্রভৃতি) পরিত্যাগ করণ; সংঘটনে সহায়ক; (নিজের আয়ত্ত বা কবল হতে) ছেড়ে দেওন উপকারী।

**হানি**—হ্রাস হওন বা করণ; হ্রাস; হারিয়ে যাওয়া অবস্থা; মৃত্যুজনিত ক্ষয় বা বিচ্ছেদ; ধ্বংস; বিনাশ; ক্ষতি; বঞ্চিত অবস্থা; লোকশান; ঝরন; পরাজয়।

**হাপক**—হানিকর; বিনাশক; ক্ষতিকর; ধ্বংসকারী; হ্রাসকারক।

**হাপন**—ক্ষুদ্রতর বা অপেক্ষাকৃত অল্পপরিমাণ বা অল্পসংখ্যক বা হীনতর বা গৌণকরণ অথবা হওন; লঘূকরণ।

**হাপেতি**—(হা+আপে) বাদ দেওয়া; সম্পাদন করতে অপারগ হওয়া; অবহেলা করা; উপেক্ষা করা; ভিন্ন আকারে বা অবস্থায় পরিণত করা অর্থাৎ রূপান্তরিত করা; বিলম্বিত করানো; মুলতবি করা বা স্থগিত রাখা; বিলম্ব করা। *aor* **হাপেসি**। *pp* **হাপিত**। *prp* **হাপেন্ত**। *abs* **হাপেত্বা**।

**হাযতি**—(হা+য) বিদায় দেওয়া; বাদ দেওয়া; হ্রাস পাওয়া; ক্রমে ক্রমে অপচিত হওয়া; ক্ষীণ বা অধঃপতিত হওয়া; শুকিয়ে যাওয়া; জীর্ণ হওয়া। *aor* **হাযি**। *pp* **হীন**। *prp* **হাযন্ত, হাযমান**। *abs* **হাযিত্বা**।

**হাযন**—হ্রাস; অবনতি; ক্ষয়; পতন; অধঃপতন; বৎসর।

**হাযী**—যে পরিত্যাগ করে বা ফেলে যায় এমন।

**হার**—(মুক্তাদির) হার; কণ্ঠহার। **হারক**—বাহক; অপসারক। (স্ত্রী) **হারিকা**।

**হারিয**—সহজে বহনীয়; সুবহ; বাহিত হবার যোগ্য।

**হাস**—অট্টহাসি; উচ্চ হাসি; উল্লাস; হাসিখুশি ভাব। **হাসকর**—আনন্দদায়ক।

**হাসেতি**—(হস্+এ) হাসানো; খুশি বা আনন্দিত করা। *aor* **হাসেসি**। *pp* **হাসিত**। *prp* **হাসেন্ত, হাসযমান**। *abs* **হাসেত্বা**।

**হি**—যেহেতু; কেননা; সে-কারণ; দরুন; জন্য; প্রকৃতপক্ষে; সত্যই।

**হিক্কা**—হিক্কা; হেঁচকি।

**হিঙ্গু**—হিঙ্গু বৃক্ষের ঝরন বা ক্ষরণ।

**হিঙ্গুলক, হিঙ্গুলি**—সিন্দুর।

**হিত**—উপকার; লাভ; সুবিধা; সুযোগ; আশীর্বাদ; দান; ভালো; উত্তম; মঙ্গল; মঙ্গলসাধন; হিতসাধন; দরকারি; সুবিধাজনক; লাভপ্রদ; বন্ধু। **হিতকর**—সুবিধাজনককারী; লাভপ্রদকারক। **হিতাবহ**—সুবিধাজনক; লাভপ্রদ।

**হিতেসী**—হিতৈষী; উপকারক; দাতা; পরের মঙ্গলাকাঙ্ক্ষী।

**হিন্তাল**—বিলুয়া খেজুরগাছ।

**হিম**—হিমানী; তুষার; বরফ। **হিমবন্ত**—হিম বা তুষার বা বরফ আছে এমন; হিমালয় পর্বত।

**হিয্যো**—গতকল্য; গতকাল।

**হিরঞ্ঞ**—হিরণ্য; অগঠিত স্বর্ণ।

**হিরি**—হ্রী; লজ্জা; লজ্জার বা শরমের চেতনা বা অনুভূতি। **হিরিকোপীন**—যা লজ্জাবোধ জাগায় এমন অর্থাৎ পুং বা স্ত্রী জননেন্দ্রিয়। **হিরিমন্ত**—বিনয়ী; নম্র; লাজুক; কিংকর্তব্যবিমূঢ়; অপ্রতিভ।

**হিরীযতি**—('হিরি'র *deno*) লজ্জায় লাল হওয়া; লাজুক বা ভীরু বা লজ্জিত বা লজ্জাপ্রাপ্ত হওয়া।

**হিরীযনা**—'হিরি' দেখুন।

**হিরোত্তপ্প**—পাপকর্মে লজ্জা ও ভয়।

**হিংসতি**—(হিংস্+অ) বেদনা বা যন্ত্রণা দেওয়া; আহত বা ক্ষত করা; ক্ষতিসাধন করা; অন্যায় করা; আঘাত করা; জ্বালাতন করা। *aor* **হিংসি**। *pp* **হিংসিত**। *prp* **হিংসন্ত, হিংসমান**। *abs* **হিংসিত্বা**।

**হিংসন, হিংসনা, হিংসা**—জ্বালাতন; উত্যক্ত; ক্ষেপানো; অন্যায়; ক্ষতি; আঘাত; ক্ষত; যন্ত্রণাদান; ক্ষতিসাধন।

**হিংসাপেতি**—('হিংসতি'র *caus*) বেদনা বা যন্ত্রণা দেওয়ানো; আহত বা ক্ষত করানো; ক্ষতিসাধন করানো; অন্যায় করানো। *aor* **হিংসাপেসি**। *pp* **হিংসাপিত**। *abs* **হিংসাপেত্বা**।

**হীন**—নীচ; অধম; অসৎ; নিকৃষ্ট; অপকৃষ্ট; ঘৃণ্য; জঘন্য। **হীনজচ্চ**—হীনজাত; নীচজাত। **হীনবিরিয**—হীনবীর্য; নিস্তেজ। **হীন অধিমুত্তিক**—হীন বা নিকৃষ্ট অনুরাগী।

**হীযতি**—('হাযতি'র *pass*) হ্রাসপ্রাপ্ত হওয়া; অপচিত হওয়া; ক্ষীণ বা অধঃপতিত হওয়া; ক্ষয়প্রাপ্ত হওয়া; পতন ঘটা বা পতিত হওয়া; পরিত্যক্ত হওয়া। *aor* **হীযি**। *prp* **হীযমান**।

**হীযো**—'হিয্যো' দেখুন।

**হীর, হীরক**--সূচের ন্যায় তীক্ষ্ণ প্রান্তযুক্ত কাষ্ঠাদির টুকরা; গোলাগুলি বোমা প্রভৃতির টুকরা; বেত্রাঘাত।

**হীলন, হীলনা**—ঘৃণা; অবজ্ঞা; তাচ্ছিল্য।

**হীলেতি**—(হীল্+এ)ঘৃণা করা বা ঘৃণাসহকারে প্রত্যাখ্যান করা; অবজ্ঞা করা; তাচ্ছিল্য করা; ঘৃণার চক্ষে দেখা। *aor* **হীলেসি**। *pp* **হীলিত**। *abs* **হীলেত্বা**। *prp* **হীলযমান**।

**হুত**—উৎসর্গীকৃত বস্তু; উৎসর্গ; নৈবেদ্য।

**হুতাসন**—অগ্নি; আগুন; হুতাশন।

**হুত্ত**—উৎসর্গ।

**হুত্বা**—('হোতি'র *abs*) হয়ে।

**হুরং**—অন্য লোকে; অপর জগতে; অপর অস্তিত্বে; অপর জন্মে।

**হুঙ্কার**—'হুং' শব্দ।

**হে**—(সম্বোধনসূচক অব্যয়) হে; হেয়; ওহে; এঃ; এখানে; প্রিয়!

**হেট্ঠতো**—নিম্নদিক থেকে।

**হেট্ঠা**—নিম্নদেশে; নিম্নাভিমুখে; নিম্নতলে; নিচে; নিচের তলায়; অধোদেশে। **হেট্ঠাভাগ**—নিম্নভাগ। **হেট্ঠামঞ্চে**—বিছানার নিচে।

**হেট্ঠিম**—নিম্নতর।

**হেট্ঠক**—যে হয়রান বা নাকাল করে; যে যন্ত্রণা দেয় বা অসুবিধায় ফেলে।

**হেট্ঠনা**—হয়রান বা নাকাল করণ।

**হেট্ঠেতি**—(হেঠ্+এ) হয়রান করা; নাকাল করা; উৎপীড়ন করা; জ্বালাতন করা; আঘাত করা; ক্ষতি করা। *aor* **হেট্ঠেসি**। *pp* **হেট্ঠিত**। *prp* **হেট্ঠেন্ত, হেট্ঠমান**। *abs* **হেট্ঠেত্বা**।

**হেতু**—কারণ; নিমিত্ত; ব্যাপার; সূত্র; যুক্তি; কার্যের বা বিশ্বাসের ভিত্তি; অবস্থা; হাল; ধরন; ভঙ্গি।

**হেতুক**—কারণ-সম্পর্কিত; অবস্থার সহিত সংশ্লিষ্ট।

**হেতুপ্পভব**—হেতু হতে উদ্ভবন। **হেতুবাদ**—হেতু-প্রত্যয়-তত্ত্ব।

**হেম**—স্বর্ণ; সোনা। **হেমজাল**—সুবর্ণ-জাল।

**হেমন্ত**—শীতকাল। **হেমন্তিক**—হৈমন্তী; হেমন্তের অন্তর্গত; বরফের শীত।

**হেমবণ্ণ**—হেমবর্ণ; সোনালি রং।

**হেমবতক**—হিমালয়ের অধিবাসী।

**হেরঞ্ঞিক**—স্বর্ণকার; অর্থ বিনিময়কারী।

**হেসা, হেসারব**—হ্রেস্বা; হ্রেস্বারব; অশ্বধ্বনি; ঘোটকের শব্দ; ঘোড়ার ডাক।

**হোতি**—(হূ+অ) হওয়া; অস্তিমান থাকা বা হওয়া। *aor* **অহোসি**। *prp* **হোন্ত**। Pt **হোতব্ব**। *inf* **হোতুং**।

**হোম**—উৎসর্গ; উৎসর্গীকৃত বস্তু; নৈবেদ্য।

**হোরা**—সময়; উপলক্ষ; কার্যকাল। **হোরাপাঠক**—জ্যোতিষী; গ্রহাচার্য। **হোরাযন্ত**—সময়-প্রদর্শক যে কোনো কৌশল; সময়জ্ঞাপক যন্ত্র; ঘড়ি।

**হোরালোচন**—পকেটে রাখার বা কব্জিতে বাঁধার ঘড়ি; ঘড়ি।